তখন চক্ষু চাহিয়া ভালো করিয়া দেখিলাম যে, ওয়েলিংটন নহে। একটি ক্ষুদ্র মার্জার; প্রসন্ন আমার জন্য যে দুগ্ধ রাখিয়া গিয়াছিল, তাহা নিঃশেষ করিয়া উদরসাৎ করিয়াছে, আমি তখন ওয়াটারলুর মাঠে ব্যূহ-রচনায় ব্যস্ত, অত দেখি নাই। এক্ষণে মার্জারসুন্দরী, নির্জল দুগ্ধপানে পরিতৃপ্ত হইয়া আপন মনের সুখে এ জগতে প্রকটিত করিবার অভিপ্রায়ে, অতি মধুর স্বরে বলিতেছেন "মেও!" বলিতে পারি না, বুঝি তাহার ভিতর একটু ব্যঙ্গ ছিল; বুঝি, মার্জার মনে মনে হাসিয়া আমার পানে চাহিয়া ভাবিতেছিল, "কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই।" বুঝি সে "মেও!" শব্দে একটু মন বুঝিবার অভিপ্রায় ছিল। বুঝি বিড়ালের মনের ভাব, "তোমার দুধ ত খাইয়া বসিয়া আছি– এখন বল কী?"

বলি কী? আমি তো ঠিক করিতে পারিলাম না। দুধ আমার বাপেরও নয়। দুধ মঙ্গলার, দুহিয়াছে প্রসন্ন। অতএব সে দুগ্ধে আমারও যে অধিকার, বিড়ালেরও তাই; সুতরাং রাগ করিতে পারি না। তবে চিরাগত একটি প্রথা আছে যে, বিড়ালে দুধ খাইয়া গেলে, তাহাকে তাড়াইয়া মারিতে যাইতে হয়। আমি যে সেই চিরাগত প্রথার অবমাননা করিয়া মনুষ্যকুলে কুলাঙ্গার স্বরূপ পরিচিত হইব, ইহা বাঞ্ছনীয় নহে। কী জানি, এই মার্জারী যদি স্বজাতিমণ্ডলে কমলাকান্তকে কাপুরুষ বলিয়া উপহাস করে? অতএব পুরুষের ন্যায় আচরণ করাই বিধেয়। ইহা স্থির করিয়া, সকাতরচিত্তে, হস্ত হইতে হুঁকা নামাইয়া, অনেক অনুসন্ধানে এক ভগ্ন যষ্টি আবিষ্কৃত করিয়া সগর্বে মার্জারীর প্রতি ধাবমান হইলাম।

মার্জারী কমলাকান্তকে চিনিত; সে যষ্টি দেখিয়া বিশেষ ভীত হওয়ার কোনো লক্ষণ প্রকাশ করিল না। কেবল আমার মুখপানে চাহিয়া হাই তুলিয়া, একটু সরিয়া বসিল। বলিল, "মেও!" প্রশ্ন বুঝিতে পারিয়া যষ্টি ত্যাগ করিয়া পুনরপি শয্যায় আসিয়া হুঁকা লইলাম। তখন দিব্যকর্ণ প্রাপ্ত হইয়া, মার্জারের বক্তব্যসকল বুঝিতে পারিলাম।

বুঝিলাম যে, বিড়াল বলিতেছে, "মারপিট কেন? স্থির হইয়া, হুঁকা হাতে করিয়া, একটু বিচার করিয়া দেখ দেখি? এ সংসারের ক্ষীর, সর, দুগ্ধ, দধি, মৎস্য, মাংস সকলই তোমরা খাইবে, আমরা কিছু পাইব না কেন? তোমরা মনুষ্য, আমরা বিড়াল, প্রভেদ কী? তোমাদের ক্ষুৎপিপাসা আছে– আমাদের কী নাই? তোমরা খাও, আমাদের আপত্তি নাই; কিন্তু আমরা খাইলেই তোমরা কোন শাস্ত্রানুসারে ঠেঙ্গা লাঠি লইয়া মারিতে আইস, তাহা আমি বহু অনুসন্ধানে পাইলাম না। তোমরা আমার কাছে কিছু উপদেশ গ্রহণ কর। বিজ্ঞ চতুষ্পদের কাছে শিক্ষালাভ ব্যতীত তোমাদের জ্ঞানোন্নতির উপায়ান্তর দেখি না। তোমাদের বিদ্যালয় সকল দেখিয়া আমার বোধ হয়, তোমরা এতদিনে এ কথাটি বুঝিতে পারিয়াছ।

দেখ শয্যাশায়ী মনুষ্য! ধর্ম কী? পরোপকারই পরম ধর্ম। এই দুগ্ধটুকু পান করিয়া আমার পরম উপকার হইয়াছে। তোমার আহরিত দুগ্ধে এই পরোপকার সিদ্ধ হইল– অতএব তুমি সেই পরম ধর্মের ফলভাগী– আমি চুরিই করি, আর যাই করি, আমি তোমার ধর্মসঞ্চয়ের মূলীভূত কারণ। অতএব আমাকে প্রহার না করিয়া, আমার প্রশংসা কর। আমি তোমার ধর্মের সহায়।

দেখ, আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি? খাইতে পাইলে কে চোর হয়? দেখ, যাঁহারা বড় বড় সাধু, চোরের নামে শিহরিয়া উঠেন, তাঁহারা অনেকে চোর অপেক্ষাও অধার্মিক। তাঁহাদের চুরি করিবার প্রয়োজন নাই বলিয়াই চুরি করেন না। কিন্তু তাঁহাদের প্রয়োজনাতীত ধন থাকিতেও চোরের প্রতি যে মুখ তুলিয়া চাহেন না, ইহাতেই চোরে চুরি করে। অধর্ম চোরের নহে– চোরে যে চুরি করে, সে অধর্ম কৃপণ ধনীর। চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শত গুণে দোষী। চোরের দণ্ড হয়; চুরির মূল যে কৃপণ, তাহার দণ্ড হয় না কেন?

দেখ, আমি প্রাচীরে প্রাচীরে মেও মেও করিয়া বেড়াই, কেহ আমাকে মাছের কাঁটাখানাও ফেলিয়া দেয় না। মাছের কাঁটা, পাতের ভাত, নর্দমায়, ফেলিয়া দেয়, জলে ফেলিয়া দেয়, তথাপি আমাকে ডাকিয়া দেয় না। তোমাদের পেট ভরা, আমার পেটের ক্ষুধা কি প্রকারে জানিবে! হায়! দরিদ্রের জন্য ব্যথিত হইলে তোমাদের কী কিছু অগৌরব আছে? আমার মতো দরিদ্রের ব্যথায় ব্যথিত হওয়া, লজ্জার কথা সন্দেহ নাই। যে কখনো অন্ধকে মুষ্টি-ভিক্ষা দেয় না, সেও একটা বড় রাজা ফাঁপরে পড়িলে রাত্রে ঘুমায় না– সকলেই পরের ব্যথায় ব্যথিত হইতে রাজি। তবে ছোট লোকের দুঃখে কাতর! ছি! কে হইবে?

দেখ, যদি অমুক শিরোমণি, কি অমুক ন্যায়ালংকার আসিয়া তোমার দুধটুকু খাইয়া যাইতেন, তবে তুমি কি তাঁহাকে ঠেঙ্গা লইয়া মারিতে আসিতে? বরং জোড়হাত করিয়া বলিতে, আর একটু কি আনিয়া দেব? তবে আমার বেলা লাঠি কেন? তুমি বলিবে, তাঁহারা অতি পণ্ডিত, বড় মান্য লোক। পণ্ডিত বা মান্য বলিয়া কি আমার অপেক্ষা তাঁহাদের ক্ষুধা বেশি? তা তো নয়– তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ– দরিদ্রের ক্ষুধা কেহ বুঝে না। যে খাইতে বলিলে বিরক্ত হয়, তাহার জন্য ভোজের আয়োজন কর– আর যে ক্ষুধার জ্বালায় বিনা আহ্বানেই তোমার অন্ন খাইয়া ফেলে, চোর বলিয়া তাহার দণ্ড কর– ছি! ছি!

"দেখ, আমাদিগের দশা দেখ, দেখ প্রাচীরে প্রাচীরে, প্রাঙ্গণে প্রাঙ্গণে প্রাসাদে প্রাসাদে মেও মেও করিয়া আমরা চারিদিক দৃষ্টি করিতেছি– কেহ আমাদিগকে মাছের কাঁটাখানা ফেলিয়া দেয় না। যদি কেহ তোমাদের সোহাগের বিড়াল হইতে পারিল– গৃহমার্জার হইয়া, বৃদ্ধের নিকট যুবতী ভার্যার সহোদর, বা মূর্খ ধনীর কাছে সতরঞ্চ খেলোয়াড়ের স্থানীয় হইয়া থাকিতে পারিল– তবেই তাহার পুষ্টি। তাহার লেজ ফুলে, গায়ে লোম হয় এবং তাহাদের রূপের ছটা দেখিয়া, অনেক মার্জার কবি হইয়া পড়ে।

"আর, আমাদিগের দশা দেখ– আহারাভাবে উদর কৃশ, অস্থি পরিদৃশ্যমান, লাঙ্গুল বিনত, দাঁত বাহির হইয়াছে– জিহ্বা ঝুলিয়া পড়িয়াছে– অবিরত আহারাভাবে ডাকিতেছি, "মেও! মেও! খাইতে পাই না!" আমাদের কালো চামড়া দেখিয়া ঘৃণা করিও না। এই পৃথিবীর মৎস্য মাংসে আমাদের কিছু অধিকার আছে। খাইতে দাও– নহিলে চুরি করিব। আমাদের কৃষ্ণ চর্ম, শুষ্ক মুখ, ক্ষীণ সকরুণ মেও মেও শুনিয়া তোমাদিগের কি দুঃখ হয় না? চোরের দণ্ড আছে, নির্দয়তার কি দণ্ড নাই? দরিদ্রের আহার সংগ্রহের দণ্ড আছে, ধনীর কার্পণ্যের দণ্ড নাই কেন? তুমি কমলাকান্ত, দূরদর্শী, কেন না আফিংখোর, তুমিও কি দেখিতে পাও না যে, ধনীর দোষেই দরিদ্র চোর হয়? পাঁচশত দরিদ্রকে বঞ্চিত করিয়া একজন পাঁচশত লোকের আহার্য সংগ্রহ করিবে কেন? যদি করিল, তবে সে তাহার খাইয়া যাহা বাহিয়া পড়ে, তাহা দরিদ্রকে দিবে না কেন? যদি না দেয়, তবে দরিদ্র অবশ্য তাহার নিকট হইতে চুরি করিবে; কেননা, অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই।"

আমি আর সহ্য করিতে না পারিয়া বলিলাম," থাম! থাম মার্জারপণ্ডিতে! তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক! সমাজবিশৃঙ্খলার মূল! যদি যাহার যত ক্ষমতা, সে তত ধনসঞ্চয় করিতে না পায়, অথবা সঞ্চয় করিয়া চোরের জ্বালায় নির্বিঘ্নে ভোগ করিতে না পায়, তবে কেহ আর ধনসঞ্চয়ে যত্ন করিবে না। তাহাতে সমাজের ধনবৃদ্ধি হইবে না।"

মার্জার বলিল, "না হইলে ত আমার কী? সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি। ধনীর ধন বৃদ্ধি না হইলে দরিদ্রের কী ক্ষতি?"

আমি বুঝাইয়া বলিলাম যে, "সামাজিক ধনবৃদ্ধি ব্যতীত সমাজের উন্নতি নাই।" বিড়াল রাগ করিয়া বলিল যে, "আমি যদি খাইতে না পাইলাম, তবে সমাজের উন্নতি লইয়া কী করিব?"

বিড়ালকে বুঝান দায় হইল। যে বিচারক বা নৈয়ায়িক, কস্মিনকালে কেহ তাহাকে কিছু বুঝাইতে পারে না। এ মার্জার সুবিচারক এবং সুতার্কিকও বটে, সুতরাং না বুঝিবার পক্ষে ইহার অধিকার আছে। অতএব ইহার ওপর রাগ না করিয়া বলিলাম, "সমাজের উন্নতিতে দরিদ্রের প্রয়োজন না থাকিলে না থাকিতে পারে, কিন্তু ধনীদিগের বিশেষ প্রয়োজন, অতএব চোরের দণ্ডবিধান কর্তব্য।"

মার্জারী মহাশয়া বলিলেন, "চোরকে ফাঁসি দাও, তাহাতেও আমার আপত্তি নাই, কিন্তু তাহার সঙ্গে আর একটি নিয়ম কর। যে বিচারক চোরকে সাজা দিবেন, তিনি আগে তিন দিবস উপবাস করিবেন। তাহাতে যদি তাঁহার চুরি করিয়া খাইতে ইচ্ছা না করে, তবে তিনি স্বচ্ছন্দে চোরকে ফাঁসি দিবেন। তুমি আমাকে মারিতে লাঠি তুলিয়াছিলে, তুমি অদ্য হইতে তিন দিবস উপবাস করিয়া দেখ। তুমি যদি ইতিমধ্যে নসীরাম বাবুর ভাণ্ডারঘরে ধরা না পড়, তবে আমাকে ঠেঙ্গাইয়া মারিও, আমি আপত্তি করিব না।"

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

বিজ্ঞ লোকের মত এই যে, যখন বিচারে পরাস্ত হইবে, তখন গম্ভীরভাবে উপদেশ প্রদান করিবে। আমি সেই প্রথানুসারে মার্জারকে বলিলাম যে, "এ সকল অতি নীতিবিরুদ্ধ কথা, ইহার আন্দোলনেও পাপ আছে। তুমি এ সকল দুশ্চিন্তা পরিত্যাগ করিয়া ধর্মাচরণে মন দাও। তুমি যদি চাহ, তবে পাঠার্থে তোমাকে আমি নিউমান ও পার্কারের গ্রন্থ দিতে পারি। আর কমলাকান্তের দপ্তর পড়িলেও কিছু উপকার হইতে পারে– আর কিছু হউক বা না হউক, আফিঙের অসীম মহিমা বুঝিতে পরিবে। এক্ষণে স্বস্থানে গমন কর, প্রসন্ন কাল কিছু ছানা দিবে বলিয়াছে, জলযোগের সময় আসিও, উভয়ে ভাগ করিয়া খাইব। অদ্য আর কাহারও হাঁড়ি খাইও না; বরং ক্ষুধায় যদি নিতান্ত অধীর হও তবে পুনর্বার আসিও, এক সরিষাভোর আফিং দিব।"

মার্জার বলিল, "আফিঙের বিশেষ প্রয়োজন নাই, তবে হাঁড়ি খাওয়ার কথা, ক্ষুধানুসারে বিবেচনা করা যাইবে।" মার্জার বিদায় হইল। একটি পতিত আত্মাকে অন্ধকার হইতে আলোকে আনিয়াছি, ভাবিয়া কমলাকান্তের বড় আনন্দ হইল!

শব্দার্থ ও টীকা

চারপায়	টুল বা চৌকি।
প্রেতবৎ	প্রেতের মতো।
নেপোলিয়ন	ফরাসি সম্রাট নেপোলিয়ন বোনাপার্ট (১৭৬৯-১৮২১) প্রায় সমগ্র ইউরোপে নিজের আধিপত্য প্রতিষ্ঠায় সক্ষম হয়েছিলেন। ১৮১৫ খ্রিস্টাব্দে ওয়াটারলু যুদ্ধে ওয়েলিংটনের ডিউকের হাতে পরাজিত হয়ে তিনি সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত হন এবং সেখানেই মারা যান।
ওয়েলিংটন	ঐতিহাসিক চরিত্র, একজন বীর যোদ্ধা। তিনি ডিউক অব ওয়েলিংটন নামে পরিচিত (১৭৬৯-১৮৫৪)। ওয়াটারলু যুদ্ধে তাঁর হাতে নেপোলিয়ন পরাজিত হন।
ডিউক	ইউরোপীয় সমাজের বনেদি বা অভিজাত ব্যক্তি।
মার্জার	বিড়াল।
ব্যূহ রচনা	প্রতিরোধ বেষ্টনী তৈরি করা। যুদ্ধের জন্য সৈন্য সাজানো।
প্রকটিত	তীব্রভাবে প্রকাশিত।
যষ্টি	লাঠি।
দিব্যকর্ণ	ঐশ্বরিকভাবে শ্রবণ করা।
ঠেঙ্গালাঠি	প্রহার করার লাঠি।
শিরোমণি	সমাজপতি। সমাজের প্রধান ব্যক্তি।
ন্যায়ালংকার	ন্যায়শাস্ত্রে পণ্ডিত।
ভার্যা	স্ত্রী। বউ।
সতরঞ্চ খেলা	মাটিতে বিছিয়ে যে খেলা খেলতে হয়; পাশা খেলা। দাবা খেলা।
লাঙ্গুল	লেজ। পুচ্ছ।
সোশিয়ালিস্টিক	সমাজতান্ত্রিক। সমাজের সবাই সমান এমন একটি রাজনৈতিক মতবাদ।
নৈয়ায়িক	ন্যায়শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি।
কস্মিনকালে	কোনো সময়ে।
জলযোগ	হালকা খাবার। টিফিন।
সরিষাভোর	ক্ষুদ্র অর্থে (উপমা)। স্বল্প পরিমাণ।
পতিত আত্মা	বিপদগ্রস্ত বা দুর্দশাগ্রস্ত আত্মা। এখানে বিড়ালকে বোঝানো হয়েছে।

লেখক পরিচিতি

লেখক	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
জন্ম পরিচয়	জন্ম : ২৬ জুন ১৮৩৮ খ্রিস্টাব্দ; বাংলা ১৩ আষাঢ় ১২৪৫। কাঁঠালপাড়া, চব্বিশ পরগনা, পশ্চিমবঙ্গ। পিতা : যাদবচন্দ্র চট্টোপাধ্যায় (ডেপুটি কালেক্টর) ।
শিক্ষাজীবন	এন্ট্রান্স (১৮৫৭) কলকাতা বিশ্ববিদ্যালয়। বি.এ. (১৮৫৮) কলকাতা বিশ্ববিদ্যালয়। বি.এল. (১৮৬৯) প্রেসিডেন্সি কলেজ।
কর্মজীবন/পেশা	• পদবি : ম্যাজিস্ট্রেট । • কর্মস্থল : যশোর, খুলনা, মুর্শিদাবাদ, হুগলি, মেদিনীপুর, বারাসাত, হাওড়া, আলীপুর প্রভৃতি।
পরিচিতি	• বাংলা ভাষায় প্রথম শিল্পসম্মত উপন্যাস রচনার কৃতিত্ব তাঁরই। • বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক। • আধুনিক বাংলা সাহিত্যের প্রথম প্রধান সৃষ্টিশীল লেখকদের একজন। • কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম স্নাতক (১৮৫৮)।
খেতাব ও সম্মাননা	'সাহিত্যসম্রাট'- সাহিত্যের রসবোদ্ধাদের কাছ থেকে প্রাপ্ত খেতাব। 'ঋষি' হিন্দু ধর্মানুরাগীদের কাছ থেকে প্রাপ্ত খেতাব। বাংলার 'ওয়াল্টার স্কট'।
সাহিত্য স্বীকৃতি	• বাংলা উপন্যাসের জনক • যুগন্ধর সাহিত্য স্রষ্টা
জীবনাবসান	কলকাতা ৮ এপ্রিল ১৮৯৪ খ্রিস্টাব্দ; ২৬ চৈত্র ১৩০০ বঙ্গাব্দ।

সাহিত্যকর্ম

উপন্যাস (মোট ১৪টি)	দুর্গেশনন্দিনী (প্রথম ১৮৬৫), কপালকুণ্ডলা (১৮৬৬), মৃণালিনী (১৮৬৯), বিষবৃক্ষ (১৮৭৩), কৃষ্ণকান্তের উইল (১৮৭৮), রজনী প্রভৃতি।
ত্রয়ী উপন্যাস	আনন্দমঠ, দেবী চৌধুরাণী, সীতারাম
অন্যান্য উপন্যাস	চন্দ্রশেখর, রাজসিংহ, ইন্দিরা, যুগলাঙ্গুরীয়, রাধারাণী।
প্রবন্ধ	লোকরহস্য (১৮৭৪), বিজ্ঞানরহস্য (১৮৭৫), কমলাকান্তের দপ্তর (১৮৭৫, তিন অংশে বিভক্ত), সাম্য (১৮৭৯), কৃষ্ণচরিত্র, ধর্মতত্ত্ব অনুশীলন, শ্রীমদ্ভগবদগীতা প্রভৃতি।

ছন্দে ছন্দে বঙ্কিমচন্দ্রের রচনাসমূহ

- **উপন্যাস :** দেবী চৌধুরাণীর স্বামী রাজসিংহের আদেশে দুর্গেশনন্দিনী-কপালকুণ্ডলার জন্য বিষবৃক্ষের নিচে রজনীতে আনন্দমঠ তৈরি করেন। সীতারামের স্ত্রী মৃণালিনী, ইন্দিরাকে এ কথা বললে রাধারাণীর স্বামী চন্দ্রশেখর যুগলাঙ্গুরীয়র পরিবর্তে কৃষ্ণকান্তের উইল ফিরিয়ে নেয়।
- **প্রবন্ধ :** বঙ্গদেশের কৃষকেরা, বিবিধ প্রবন্ধ; কৃষ্ণচরিত, লোকরহস্য, বিজ্ঞানরহস্যের সাম্য বুঝতে না পেরে কমলাকান্তের দপ্তরে হাজির হলো।

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ছিলেন মূলত– ঔপন্যাসিক ও বাঙালির নবজাগরণের অন্যতম অগ্রদূত।
- তাঁর রচিত প্রথম ইংরেজি উপন্যাস *Rajmohon's Wife* (1864) প্রথম প্রকাশিত হয়– ***Indian Field*** পত্রিকায়।
- *Rajmohon's Wife* কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়– ১৯৩৫ সালে।
- উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্র কার দ্বারা প্রভাবিত হয়েছিলেন– ইংরেজি ঔপন্যাসিক স্যার ওয়াল্টার স্কট কর্তৃক।
- তিনি যে সাহিত্য পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন– বঙ্গদর্শন (১৮৭২)।
- বঙ্কিমচন্দ্রের পরে কে বঙ্গদর্শন সম্পাদনা করেছিলেন– তাঁর অগ্রজ সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়।
- তাঁর রচিত বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস হিসেবে স্বীকৃত– দুর্গেশনন্দিনী (১৮৬৫)।
- তাঁর রচিত দ্বিতীয় উপন্যাস– কপালকুণ্ডলা (১৮৬৬)।
- তাঁর রচিত প্রথম কাব্যগ্রন্থ– ললিতা তথা মানস (১৮৫৬)।
- বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক সংলাপ– পথিক তুমি পথ হারাইয়াছ? (কপালকুণ্ডলা) নবকুমারকে উদ্দেশ্য করে।
- ১৮৫২ খ্রিস্টাব্দে কোন পত্রিকায় কবিতা প্রকাশের মাধ্যমে তাঁর সাহিত্যচর্চার শুরু হয়?– সংবাদ প্রভাকর।
- চাকরিসূত্রে খুলনার ম্যাজিস্ট্রেট হিসেবে যোগদান করে তিনি কাদের অত্যাচার দমন করেছিলেন– নীলকরদের।
- 'তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?' উক্তিটি যে গ্রন্থের– কপালকুণ্ডলা।
- তাঁর রচিত সামাজিক সমস্যার আলোকে উপন্যাসগুলো হলো– বিষবৃক্ষ (১৮৭৩), কৃষ্ণকান্তের উইল (১৮৭৮)।
- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের মনস্তত্ত্ব বিশ্লেষণমূলক উপন্যাস– রজনী (১৮৭৭)।
- বঙ্কিমচন্দ্রের রম্যব্যঙ্গ রচনা সংকলনের নাম – কমলাকান্তের দপ্তর।
- তাঁর উৎকৃষ্ট রচনার বিষয়গুলো হলো– ধর্ম, দর্শন, সাহিত্য, ভাষা, সমাজ ইত্যাদি।
- বঙ্কিমচন্দ্রের চারটি ইতিহাস আশ্রয়ী রোমান্সধর্মী উপন্যাসের নাম– দুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, চন্দ্রশেখর ও রাজসিংহ।
- বঙ্কিমচন্দ্রের খাঁটি ঐতিহাসিক উপন্যাস– রাজসিংহ।
- বঙ্কিমচন্দ্রের দুটি তত্ত্বমূলক উপন্যাস– আনন্দমঠ ও দেবী চৌধুরাণী।
- বঙ্কিমচন্দ্রের রজনী উপন্যাসটি যে ইংরেজি উপন্যাসের ছায়া অবলম্বনে রচিত– ইংরেজ ঔপন্যাসিক E.B Lytton রচিত *The last Days of Pompeii* অবলম্বনে রচিত।
- 'দুর্গেশনন্দিনী' উপন্যাসের বিরোধী- ইসমাইল হোসেন সিরাজী রচিত 'রায়নন্দিনী' উপন্যাস।
- বঙ্কিমচন্দ্র তাঁর 'সাম্য' গ্রন্থটি বাজার থেকে প্রত্যাহার করে নেন।
- বঙ্কিমচন্দ্রের গ্রন্থসংখ্যা– ৩৪ টি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

'বিড়াল' প্রবন্ধ সম্পর্কিত তথ্যাবলি

- **উৎস :** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রসাত্মক ও ব্যঙ্গধর্মী রচনার সংকলন 'কমলাকান্তের দপ্তর'। তিন অংশে বিভক্ত এ গ্রন্থটিতে যে কটি প্রবন্ধ আছে, তার মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য রচনা 'বিড়াল' ।
- **প্রথম লাইন–** আমি শয়নগৃহে, চারপায়ীর উপর বসিয়া, হুঁকা হাতে ঝিমাইতেছিলাম ।
- **শেষ লাইন–** একটি পতিত আত্মাকে অন্ধকার হইতে আলোকে আনিয়াছি, ভাবিয়া কমলাকান্তের বড় আনন্দ হইল!
- **ভাষারীতি :** সাধুরীতি ।

গুরুত্বপূর্ণ লাইন

আমি যদি নেপোলিয়ন হইতাম, তবে ওয়াটারলু জিতিতে পারিতাম কি না ।
ওয়েলিংটন হঠাৎ বিড়ালত্ব প্রাপ্ত হইয়া, আমার নিকট আফিং ভিক্ষা করিতে আসিয়াছে ।
আমি তখন ওয়াটারলুর মাঠে ব্যূহ-রচনায় ব্যস্ত, অত দেখি নাই ।
কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই ।
দুধ মঙ্গলার, দুহিয়াছে প্রসন্ন ।
মনুষ্যকুলে কুলাঙ্গার স্বরূপ পরিচিত হইব, ইহা বাঞ্ছনীয় নহে ।
অনেক অনুসন্ধানে এক ভগ্ন যষ্টি আবিষ্কৃত করিয়া সগর্বে মার্জারীর প্রতি ধাবমান হইলাম ।
এ সংসারের ক্ষীর, সর, দুগ্ধ, দধি, মৎস্য, মাংস সকলই তোমরা খাইবে, আমরা কিছু পাইব না কেন?
আমরা খাইলেই তোমরা কোন শাস্ত্রানুসারে ঠেঙ্গা লাঠি লইয়া মারিতে আইস, তাহা আমি বহু অনুসন্ধানে পাইলাম না ।
বিজ্ঞ চতুষ্পদের কাছে শিক্ষালাভ ব্যতীত তোমাদের জ্ঞানোন্নতির উপায়ান্তর দেখি না ।
পরোপকারই পরম ধর্ম ।
আমি তোমার ধর্মসঞ্চয়ের মূলীভূত কারণ ।
আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি?
অধর্ম চোরের নহে– চোরে যে চুরি করে, সে অধর্ম কৃপণ ধনীর ।
চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শত গুণে দোষী ।
তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ– দরিদ্রের ক্ষুধা কেহ বুঝে না ।
তাহার লেজ ফুলে, গায়ে লোম হয় এবং তাহাদের রূপের ছটা দেখিয়া, অনেক মার্জার কবি হইয়া পড়ে ।
আমাদের কালো চামড়া দেখিয়া ঘৃণা করিও না ।
এ পৃথিবীর মৎস্য মাংসে আমাদের কিছু অধিকার আছে ।
খাইতে দাও– নহিলে চুরি করিব ।
পাঁচশত দরিদ্রকে বঞ্চিত করিয়া একজনে পাঁচশত লোকের আহার্য সংগ্রহ করিবে কেন ?
'অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই ।'
তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক! সমাজবিশৃঙ্খলার মূল !
সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি ।
ধনীর ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কী ক্ষতি ?
সামাজিক ধনবৃদ্ধি ব্যতীত সমাজের উন্নতি নাই ।
আমি যদি খাইতে না পাইলাম, তবে সমাজের উন্নতি লইয়া কী করিব ?
এ মার্জার সুবিচারক এবং সুতার্কিকও বটে, সুতরাং না বুঝিবার পক্ষে ইহার অধিকার আছে ।
সমাজের উন্নতিতে দরিদ্রের প্রয়োজন না থাকিলে না থাকিতে পারে, কিন্তু ধনীদিগের বিশেষ প্রয়োজন, অতএব চোরের দণ্ডবিধান কর্তব্য ।
চোরকে ফাঁসি দাও, তাহাতেও আমার আপত্তি নাই, কিন্তু তাহার সঙ্গে আর একটি নিয়ম কর ।
তুমি যদি ইতিমধ্যে নসীরাম বাবুর ভাণ্ডারঘরে ধরা না পড়, তবে আমাকে ঠেঙ্গাইয়া মারিও, আমি আপত্তি করিব না ।
এ সকল অতি নীতিবিরুদ্ধ কথা, ইহার আন্দোলনেও পাপ আছে ।
তোমাকে আমি নিউমান ও পার্কারের গ্রন্থ দিতে পারি । আর কমলাকান্তের দপ্তর পড়িলেও কিছু উপকার হইতে পারে– আর কিছু হউক বা না হউক, আফিঙের অসীম মহিমা বুঝিতে পারিবে ।
অদ্য আর কাহারও হাঁড়ি খাইও না; বরং ক্ষুধায় যদি নিতান্ত অধীর হও, তবে পুনর্বার আসিও, এক সরিষাভোর আফিং দিব ।
আফিঙের বিশেষ প্রয়োজন নাই, তবে হাঁড়ি খাওয়ার কথা, ক্ষুধানুসারে বিবেচনা করা যাইবে ।
একটি পতিত আত্মাকে অন্ধকার হইতে আলোকে আনিয়াছি, ভাবিয়া কমলাকান্তের বড় আনন্দ হইল!

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : 'বিড়াল' রচনার প্রথম অংশ কেমন?– নিখাদ হাস্যরসাত্মক ।
প্র : 'বিড়াল' রচনার পরের অংশ কেমন?– গূঢ়ার্থে সন্নিহিত ।
প্র : ওয়েলিংটন কী নামে পরিচিত?– ডিউক অব ওয়েলিংটন ।
প্র : নেপোলিয়ান কত বছর নির্বাসিত হন?– ৬ বছর ।
প্র : একটু মিট্ মিট্ করে কেমন আলো জ্বলছিল?– ক্ষুদ্র ।
প্র : 'এমত সময়ে একটি ক্ষুদ্র শব্দ হইল ।' এ শব্দটি কী ধরনের?– মেও ।
প্র : মার্জারের প্রথম উক্তি কী ছিল?– 'কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই ।'
প্র : মার্জারের মতে কাদের নিকট শিক্ষালাভ ছাড়া মানুষের বিকল্প নেই?– বিজ্ঞ চতুষ্পদ।
প্র : 'ধর্ম কী' এর উত্তরে বিড়াল কী বলেছিল?– পরোপকারই পরম ধর্ম ।
প্র : কে কমলাকান্তের ধর্মসঞ্চয়ের মূলীভূত করেন?– মার্জার ।
প্র : চোরে যে চুরি করে, সে অধর্ম কার?– কৃপণ ধনীর ।
প্র : কমলাকান্তের দপ্তর পড়িলে কী উপকার হবে?– আফিঙের অসীম মহিমা বোঝা যাবে।
প্র : কমলাকান্ত কোথায় ঝিমাচ্ছিল?– শয়নগৃহে ।
প্র : কমলাকান্ত কোথায় বসে ঝিমাচ্ছিল?– চারপায়ীর উপর ।
প্র : কমলাকান্ত শয়নগৃহে ঝিমাচ্ছিল কেন?– আফিঙের ঘোরে ।
প্র : 'বিড়াল' রচনায় দেওয়ালের উপর ছায়া কিসের মতো নাচছিল?– প্রেতের মতো।
প্র : 'বিড়াল' রচনায় যে যুদ্ধের ইঙ্গিত আছে– ওয়াটারলু যুদ্ধের ।
প্র : ওয়েলিংটন বিড়ালত্ব প্রাপ্ত হয়ে কমলাকান্তের কাছে কী চাইতে এসেছিল?– আফিং।
প্র : কমলাকান্তের ভাবনাজগতে বিড়ালত্ব প্রাপ্ত হয়েছিল কে?– ওয়েলিংটন ।
প্র : আফিঙের ঘোরে কমলাকান্ত বিড়ালকে কী মনে করেছিল?– ডিউক ।
প্র : মাছের কাঁটা, পাতের ভাত বিড়ালকে না দিয়ে নর্দমা বা জলে ফেলে দেওয়ার কারণ
মানুষের মধ্যে বিড়াল কী দেখতে পায়?– সমবেদনার অভাব ।
প্র : কমলাকান্তের জন্য দুধ রেখেছিল কে?– প্রসন্ন ।
প্র : মার্জারে দুধ খেয়ে ফেললেও কমলাকান্ত দেখতে পায়নি । কারণ সে ব্যস্ত ছিল– ওয়াটারলু'র মাঠে ব্যূহ রচনায় ।
প্র : কমলাকান্তর জন্য রাখা দুধ কেমন ছিল?– নির্জল ।
প্র : 'বিড়াল' রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বাণী কীরূপ?– আত্মরক্ষামূলক, শ্লেষাত্মক।
প্র : নেপোলিয়ান বোনাপার্ট জাতিতে কী ছিলেন?– ফরাসি ।
প্র : নেপোলিয়ান কার হাতে পরাজিত হন?– ওয়েলিংটন ।
প্র : 'বিড়াল' রচনায় দুধের প্রকৃত মালিক হিসেবে ধরা যায়– মঙ্গলাকে ।
প্র : কমলাকান্ত মার্জারীকে মারতে গিয়ে অনেক অনুসন্ধানে কী পেল?– একটা যষ্টি ।
প্র : 'বিড়াল' রচনায় মাছের কাঁটা, পাতের ভাত মানুষ কোথায় ফেলে দেয়?– নর্দমায় ।
প্র : 'বিড়াল' রচনায় কোন ধরনের বিড়ালের শরীরে পুষ্টি বেশি?– যারা সোহাগের বিড়াল হতে পারে ।
প্র : সমাজের ধনবৃদ্ধির অর্থ কার ধন বৃদ্ধি?– ধনীদের ।
প্র : অনেক মার্জার কবি হয়ে যায় কেন?– গৃহমার্জারের রূপের ছটা দেখে ।
প্র : কমলাকান্ত মার্জারকে সকল দুশ্চিন্তা পরিহার করে কিসে মন দিতে বলে?– ধর্মাচরণে ।
প্র : কমলাকান্ত মার্জারকে কী করতে নিষেধ করেছে?– কারও হাঁড়ি খেতে ।
প্র : কার ক্ষুধা কেউ বুঝে না?– দরিদ্রের ।
প্র : 'খাইতে দাও নইলে চুরি করিব ।' উক্তিটির মর্মকথা কী?– অধিকার চেতনা ।
প্র : 'বিড়াল' রচনার সমাপ্তিতে রচনার লেখক হিসেবে যে নাম আছে?– কমলাকান্ত ।
প্র : নেপোলিয়ন বোনাপার্ট কত সালে জন্মগ্রহণ করেন?– ১৭৬৯ ।
প্র : নেপোলিয়ন কে ছিলেন?– ফরাসি সম্রাট ।
প্র : 'মার্জার' শব্দের বাংলা প্রতিশব্দ কী?– বিড়াল ।
প্র : 'মার্জারী মহাশয়া' শব্দের অর্থ কী?– স্ত্রী বিড়াল ।
প্র : 'ন্যায়ালংকার' শব্দের অর্থ হিসেবে সমর্থনযোগ্য?– ন্যায়শাস্ত্রে পণ্ডিত ।
প্র : বিড়াল রচনায় উল্লেখযোগ্য চরিত্র কী কী– নেপলিয়ান, ডিউক অব ওয়েলিংটন, নসীরাম বাবু, প্রসন্ন ।
প্র : 'ক্ষুৎপিপাসা' বলতে কী বোঝায়?– ক্ষুধা-তৃষ্ণা ।
প্র : কে কমলাকান্তের সহায়?– বিড়াল ।
প্র : আমি যদি খাইতে না পাইলাম, তবে সমাজের উন্নতি লইয়া কী করিব? উক্তিটি কার?– বিড়াল
প্র : 'পরোপকারই পরম ধর্ম'- সংলাপটি কে বলেছে?– বিড়ালের ।
প্র : কমলাকান্তের জন্য রাখা দুধ কে খেয়ে ফেলে?– বিড়াল ।
প্র : 'সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি' উক্তিটি কার?– মার্জার ।
প্র : 'বিড়াল' রচনায় বিড়ালের কথাগুলো কোন ধরনের?– সমাজতান্ত্রিক ।
প্র : 'বিড়াল' রচনায় কার কথা শুনে কমলাকান্ত বিস্মিত?– বিড়ালের ।

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'বিড়াল' প্রবন্ধ অনুসারে কোন কথাটি অসামঞ্জস্যপূর্ণ? [ক ১৭-১৮]
ক. খেতে পেলে কেউ চোর হয় না।
খ. ধনীরাই সবচেয়ে বড় চোর।
গ. অনেকের চুরি করার প্রয়োজন হয় না।
ঘ. ধনীগণ চোর অপেক্ষা অধার্মিক।

০২. বঙ্কিমচন্দ্রের বক্তব্য অনুসারে যুক্তিতে পরাস্ত হলে সমাজের তথাকথিত বিজ্ঞলোকেরা কী করে? [ঘ ১৭-১৮]
ক. ক্ষুব্ধ আচরণ করে — খ. অপমানিত বোধ করে
গ. উপদেশ প্রদান করে — ঘ. শঠতার আশ্রয় নেয়

০৩. বঙ্কিমচন্দ্র সম্পাদিত পত্রিকার নাম কী? [ঘ-১৩-১৪; বিবো খ ১৬-১৭; জবি E ১৭-১৮; জাবি C ১৭-১৮; জাককানইবি AL ১৭-১৮; বেরোবি B ১৭-১৮; মাবিপ্রবি D ১৬-১৭]
ক. সাধনা — খ. কালি ও কলম
গ. বঙ্গদর্শন — ঘ. বঙ্গভারতী

০৪. 'সরিষাভোর' শব্দটি কোন রচনায় পাওয়া যায়? [ক ১৬-১৭]
ক. বিড়াল — খ. চাষার দুক্ষু
গ. অপরিচিতা — ঘ. সেই অস্ত্র

০৫. আহার প্রস্তুত না হওয়ায় কমলাকান্ত হুঁকা হাতে কী ভাবছিলেন? [ঘ ১৬-১৭]
ক. তিনি যদি সক্রেটিস হতেন — খ. তিনি যদি এরিস্টটল হতেন
গ. তিনি যদি নেপোলিয়ন হতেন — ঘ. তিনি যদি বাল্মীকি হতেন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০৬. 'বিড়াল' রচনায় কোন যুদ্ধের ইঙ্গিত রয়েছে? [A ১৭-১৮]
ক. ওয়াটারলু যুদ্ধ — খ. মুক্তিযুদ্ধ
গ. ইরাক যুদ্ধ — ঘ. পাক-ভারত যুদ্ধ

০৭. 'বিড়াল' প্রবন্ধে 'নিমীলিত লোচনে' শব্দটির অর্থ কী? [B ১৭-১৮]
ক. নীরব অশ্রুতে — খ. খোলা চোখে
গ. চোখ বন্ধ করে — ঘ. অট্টহাসিতে

০৮. কমলাকান্ত মার্জারের বক্তব্যসকল কীভাবে বুঝলো? [E ১৭-১৮]
ক. মনোযোগ দেওয়ায় — খ. দিব্যকর্ণ প্রাপ্ত হয়ে
গ. সংকীর্ণতা দূর করে — ঘ. স্বার্থপরতা দূর করে

০৯. 'কাঁঠালপাড়া' গ্রামে জন্মগ্রহণ করেছেন কোন লেখক? [ক ১২-১৩]
ক. আহসান হাবীব — খ. সুকান্ত ভট্টাচার্য
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় — ঘ. ফররুখ আহমদ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

১০. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লিখিত 'বিড়াল' কী ধরনের রচনা? [A ১৭-১৮; বেরোবি B ১৭-১৮]
ক. উপন্যাস — খ. প্রবন্ধ — গ. গল্প — ঘ. কবিতা

১১. কোন উপন্যাসগুচ্ছ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের? [C ১৭-১৮]
ক. কালান্তর, সাম্য, বিবিধ প্রসঙ্গ — খ. বিজ্ঞান রহস্য, কৃষ্ণচরিত্র, লোক রহস্য
গ. ইন্দিরা, যুগলাঙ্গুরীয়, আরণ্যক — ঘ. কপালকুণ্ডলা, মৃণালিনী, সীতারাম

১২. কোন প্রবন্ধগুচ্ছ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের? [C ১৭-১৮]
ক. কালান্তর, সাম্য, বিবিধ প্রসঙ্গ — খ. বিজ্ঞান রহস্য, কৃষ্ণচরিত্র, লোক রহস্য
গ. ইন্দিরা, যুগলাঙ্গুরীয়, রজনী — ঘ. কপালকুণ্ডলা, মৃণালিনী, আরণ্যক

১৩. কোন উপন্যাসগুচ্ছ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের? [C ১৭-১৮]
ক. দুর্গেশনন্দিনী, চন্দ্রশেখর, যোগাযোগ — খ. বিষবৃক্ষ, কৃষ্ণকান্তের উইল, দেবী চৌধুরাণী
গ. আনন্দমঠ, চতুরঙ্গ, পথের দাবি — ঘ. কপালকুণ্ডলা, মৃণালিনী, চোখের বালি

১৪. পেশায় তিনি ছিলেন ডেপুটি ম্যাজিস্ট্রেট-এখানে 'তিনি' কে? [E ১৭-১৮; চবি B, B2, B3 ১৬-১৭; ইবি খ ১৬-১৭]
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় — খ. প্রমথ চৌধুরী
গ. জহির রায়হান — ঘ. সৈয়দ আলী আহসান

১৫. 'চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা–।' শূন্যস্থানে কোনটি বসবে? [।১৭-১৮]
ক. বহু গুণে দোষী — খ. শত গুণে দোষী
গ. হাজার গুণে দোষী — ঘ. শত গুণে নিকৃষ্ট

রাজশাহী বিশ্ববিদ্যালয়

১৬. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস কোনটি? [A ১৭-১৮; খুবি B ১৭-১৮]
ক. কপালকুণ্ডলা — খ. বিষবৃক্ষ
গ. দুর্গেশনন্দিনী — ঘ. আনন্দমঠ

১৭. বঙ্কিমচন্দ্র কত সালে চাকরি থেকে অবসর গ্রহণ করেন? [A ১৭-১৮]
ক. ১৮৯১ — খ. ১৮৯৪ — গ. ১৮৯২ — ঘ. ১৮৯৩

১৮. 'বিড়ালের প্রতি পুরুষের ন্যায় আচরণ করাই বিধেয়।' এ উক্তির মাধ্যমে কী বোঝানো হয়েছে? [C ১৭-১৮]
ক. সাহসী আচরণ করা — খ. অস্বাভাবিক আচরণ করা
গ. স্বাভাবিক আচরণ করা — ঘ. প্রথাগত আচরণ প্রদর্শন করা

১৯. 'বিড়াল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র কাদের অধিকারের কথা বলেছেন? [E ১৭-১৮]
ক. শোষক-শোষিতের — খ. ধনী-দরিদ্রের
গ. সাধু-চোরের — ঘ. সকলের

২০. 'আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি?' উক্তিটি কোন গদ্যের? [E ১৭-১৮]
ক. চেতনার অ্যালবাম — খ. কাসেমের যুদ্ধযাত্রা
গ. চাষার দুক্ষু — ঘ. বিড়াল

২১. 'Rajmohon's Wife' উপন্যাসটি কোন বাঙালি লেখকের রচনা? [K ১৭-১৮]
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর — খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর — ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

২২. বঙ্কিমচন্দ্রের উপন্যাস কোনটি? [A -১৩-১৪]
ক. রজনী — খ. আনন্দমঠ — গ. কৃষ্ণকান্তের উইল — ঘ. সবগুলো

২৩. 'বিড়াল' রচনায় অত্যন্ত কৃপণও কখন ঘুমায় না? [B ১৬-১৭]
ক. জনগণ বিদ্রোহী হলে — খ. খাদ্যের অভাব হলে
গ. রাজা ফাঁপরে পড়লে — ঘ. উদর পূর্তি না হলে

২৪. কোনটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস নয়? [E ১৬-১৭]
ক. চরিত্রহীন — খ. সীতারাম
গ. রাজসিংহ — ঘ. চন্দ্রশেখর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

২৫. 'কমলাকান্তের জবানবন্দি' প্রথম যে পত্রিকায় প্রকাশিত হয়, সেটির নাম- [গ ০৯-১০]
ক. সবুজপত্র — খ. সংবাদ প্রভাকর — গ. তত্ত্ববোধিনী
ঘ. বঙ্গদর্শন — ঙ. সমকাল

২৬. বাংলা উপন্যাসের জনক কে? [গ-১৫-১৬; ইবি গ ১৩-১৪]
ক. রবীন্দ্রনাথ — খ. শরৎচন্দ্র
গ. বঙ্কিমচন্দ্র — ঘ. বিভূতিভূষণ

২৭. 'মার্জার বিদায় হইল।' বাক্যটি কোন রচনার অন্তর্গত? [G ১৬-১৭]
ক. আমার পথ — খ. অপরিচিতা — গ. চাষার দুক্ষু — ঘ. বিড়াল

২৮. 'মার্জার' শব্দের অর্থ কী? [B, B2, B3 ১৬-১৭; ইবি H ১৬-১৭; ইবি C ১৭-১৮; বেরোবি B ১৭-১৮]
ক. মাছরাঙা — খ. বায়স — গ. মৌমাছি — ঘ. বিড়াল

২৯. 'বিড়াল' রচনায় বিড়ালের চারিত্রিক বৈশিষ্ট্য হিসেবে কোনটি প্রযোজ্য? [D3 ১৬-১৭]
ক. প্রতিবাদী — খ. পরিশ্রমী — গ. লোভী — ঘ. অলস

৩০. 'বিজ্ঞ লোকের মত এই যে, যখন বিচারে পরাস্ত হইবে, তখন গম্ভীরভাবে উপদেশ প্রদান করিবে।' পঙক্তিটি কোন রচনার অন্তর্গত? [B1 ১৬-১৭]
ক. চাষার দুক্ষু — খ. বিড়াল
গ. আমার পথ — ঘ. জীবন ও বৃক্ষ

৩১. বঙ্কিমচন্দ্রের সাহিত্যচর্চার শুরু কোন পত্রিকার মাধ্যমে? [F ১৬-১৭; বঙ্গবন্ধু ১৬-১৭]
ক. সংবাদ প্রভাকর — খ. তত্ত্ববোধিনী — গ. বঙ্গদর্শন
ঘ. সবুজপত্র — ঙ. ভারতী

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

৩২. কমলাকান্ত বিড়ালের উপর রাগ করতে না পারার কারণ বিড়ালের – ।[C ১৭-১৮]
ক. অধিকার — খ. দুর্দশা
গ. আনুগত্য — ঘ. পিপাসা

০১.খ	০২.গ	০৩.গ	০৪.ক	০৫.গ	০৬.ক	০৭.গ	০৮.খ
০৯.গ	১০.খ	১১.ঘ	১২.খ	১৩.খ	১৪.ক	১৫.খ	১৬.গ
১৭.ক	১৮.ঘ	১৯.ঘ	২০.ঘ	২১.খ	২২.ঘ	২৩.গ	২৪.ক
২৫.ঘ	২৬.গ	২৭.ঘ	২৮.ঘ	২৯.ক	৩০.খ	৩১.ক	৩২.ক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

৩৩. 'চন্দ্রশেখর' উপন্যাসের রচয়িতা কে? [D ১৭-১৮]
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. রাজা রামমোহন রায়
গ. ঈশ্বর গুপ্ত ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

৩৪. 'লোকরহস্য' বইটির লেখক কে? [ক-১৫-১৬]
ক. রবীন্দ্রনাথ খ. বঙ্কিমচন্দ্র গ. দ্বিজেন্দ্রনাথ ঘ. সত্যেন্দ্রনাথ

৩৫. সাহিত্যসম্রাট হলেন : [ক ১৬-১৭; চবি ঘ+খ ১১-১২; রাবি ক ১৫-১৬; ঢাবি ১৬-১৭; ইবি গ ১৩-১৪; মাবিপ্রবি D, সেট-১ : ১৪-১৫]
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কাজী নজরুল ইসলাম ঘ. মাইকেল মধুসূদন দত্ত

৩৬. 'বিড়াল' কোন ধরনের রচনা? [ঘ ১৬-১৭]
ক. হাস্যরসাত্মক খ. বিষাদমূলক গ. কৌতুকপূর্ণ ঘ. রসাত্মক ও ব্যঙ্গধর্মী

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

৩৭. কোন বিপ্লবের মাধ্যমে ফরাসি দেশ থেকে সামন্ততন্ত্র উৎখাত হয়? [A ১৭-১৮]
ক. রুশ বিপ্লব খ. শিল্প বিপ্লব গ. ফরাসি বিপ্লব ঘ. সিপাহী বিপ্লব

৩৮. 'কমলাকান্তের দপ্তর' রচনাটিতে গোয়ালিনী চরিত্রটির নাম কী? [A ১৭-১৮]
ক. মঙ্গলা খ. কপিলা গ. কমলা ঘ. প্রসন্ন

৩৯. আফিমের ঘোরে কমলাকান্ত বিড়ালকে কী মনে করেছিল? [A ১৭-১৮]
ক. ডিউক খ. নেপোলিয়ন গ. প্রসন্ন ঘ. মঙ্গলা

৪০. 'কমলাকান্তের দপ্তর' রচনায় মার্জারীর মতে অধর্ম কার নয়? [A ১৭-১৮]
ক. চোরের খ. কৃপণের গ. ধনীর ঘ. গৃহস্থের

৪১. 'বাংলার ওয়াল্টার স্কট' বলা হয় কাকে? [B ১৭-১৮]
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. প্রমথ চৌধুরী
গ. আবদুল করিম ঘ. নজিবর রহমান

৪২. 'বিড়াল' প্রবন্ধে মার্জার 'মেও' বলার মধ্যে কী ছিল? [C ১৭-১৮]
ক. ব্যঙ্গ খ. কৌতুক গ. অবজ্ঞা ঘ. গুরুত্বভাব

৪৩. 'বিড়াল' রচনায় বিড়ালের কথাগুলো কোন ধরনের? [C ১৬-১৭]
ক. ধনতান্ত্রিক খ. সমাজতান্ত্রিক গ. রাজতান্ত্রিক ঘ. পশুতান্ত্রিক

৪৪. বিড়াল রচনায় 'পতিত আত্মা' বলতে কাকে বুঝিয়েছে? [A ১৬-১৭]
ক. বঞ্চিত জনসমষ্টি খ. বিপথগামী মানুষ গ. বিড়াল ঘ. সাম্যবাদবিমুখ মানুষ

৪৫. 'বিড়াল' রচনায় বিড়াল কীসের কথা বলেছে? [B ১৬-১৭]
ক. কর্তব্য খ. দায়িত্ব গ. সমবেদনা ঘ. অধিকার

ইসলামী বিশ্ববিদ্যালয়

৪৬. 'চোরে যে চুরি করে সে অধর্ম কার' উক্তিটি কার সম্পর্কে করেছেন? [B ১৭-১৮]
ক. ছিচকে চোরের খ. কৃপণ ধনীর
গ. মূর্খ পণ্ডিতের ঘ. লোভী গৃহস্থের

৪৭. অতএব পুরুষের মত আচরণ করাই বিধেয়- কথাটিতে কী প্রকাশিত হয়েছে? [B ১৭-১৮]
ক. শ্লেষ খ. ঔচিত্যবোধ
গ. উদারতা ঘ. প্রতিশোধস্পৃহা

৪৮. 'সামাজিক ধনবৃদ্ধি ব্যতীত সমাজের উন্নতি নাই' উক্তিটি কোন প্রবন্ধের? [H ১৭-১৮]
ক. জীবন ও বৃক্ষ খ. আহ্বান গ. বিড়াল ঘ. আত্মচরিত

৪৯. বাংলা উপন্যাস ধারার প্রতিষ্ঠাতা পুরুষ হলেন- [H ১৭-১৮]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. কাজী নজরুল ইসলাম ঘ. প্যারীচাঁদ মিত্র

৫০. 'কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই"। উক্তিটি কোন প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? [B ১৭-১৮; ঢাবি ঘ ১৬-১৭; ঢাবি অধি. ৭টি কলেজ ১৭-১৮]
ক. বিড়াল খ. বর্ষা গ. বিবিধ প্রবন্ধ ঘ. সাম্য

৫১. 'বিড়াল' রচনায় তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির- [H ১৭-১৮]
ক. রোগ খ. দোষ গ. অভ্যাস ঘ. স্বভাব

৫২. 'সরিষাভোর' শব্দের অর্থ কী? [H ১৭-১৮]
ক. খুব সকাল খ. সরিষার তেল গ. স্বল্প পরিমাণ ঘ. কোনোটিই না

৫৩. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এর রচিত গ্রন্থ কোনটি? [১১-১২]
ক. চক্রবাক খ. প্রফুল্ল গ. কৃষ্ণকান্তের উইল ঘ. নীল লোহিত

৫৪. "আফিঙের বিশেষ প্রয়োজন নাই, তবু হাঁড়ি খাওয়ার কথা, ক্ষুধানুসারে বিবেচনা করা যাইবে" উক্তিটি কোন গল্পের অন্তর্গত? [C ১৬-১৭]
ক. বর্ষা খ. পণ্ডিত সাহেব
গ. বিড়াল ঘ. দেয়াল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

৫৫. 'যষ্টি' শব্দের অর্থ– [E ১৭-১৮]
ক. টুল বা চৌকি খ. লাঠি গ. হালকা খাবার ঘ. উপঢৌকন

৫৬. 'সাম্য' গদ্যগ্রন্থটির রচয়িতা কে? [F ১৭-১৮, E, সেট ৩ : ১৪-১৫; বেরোবি খ ১৬-১৭]
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
গ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঘ. মানিক বন্দ্যোপাধ্যায়

৫৭. 'বিবিধ প্রবন্ধ' বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কী ধরনের রচনা? [E ১৭-১৮]
ক. গদ্যগ্রন্থ খ. উপন্যাস গ. প্রবন্ধ ঘ. নাটক

৫৮. 'কমলাকান্তের জবানবন্দি' প্রথম কোন সংখ্যায় প্রকাশিত হয়? [F, সেট ৩ : ১৪-১৫]
ক. ফাল্গুন সংখ্যায় খ. ভাদ্র সংখ্যায়
গ. আশ্বিন সংখ্যা ঘ. জ্যৈষ্ঠ সংখ্যা

৫৯. কোনটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কর্তৃক রচিত উপন্যাস নয়? [G ১৬-১৭]
ক. দুর্গেশনন্দিনী খ. কমলাকান্তের দপ্তর
গ. বিষবৃক্ষ ঘ. কৃষ্ণকান্তের উইল

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

৬০. 'একটু মিট্ মিট্ করিয়া ক্ষুদ্র আলো জ্বলিতেছে- দেয়ালের উপর—ছায়া, প্রেতবৎ নাচিতেছে'। শূন্যস্থানে কী হবে? [D ১৬-১৭]
ক. আলোকময় খ. অন্ধকার
গ. চঞ্চল ঘ. সরলরৈখিক

গার্হস্থ্য অর্থনীতি ঢাকা বিশ্ববিদ্যালয়

৬১. বঙ্কিমচন্দ্র কর্তৃক প্রকাশিত 'বঙ্গদর্শন' প্রকাশিত হয় কত সালে? [১৭-১৮]
ক. ১৮৭২ খ. ১৮৮২ গ. ১৮৭৫ ঘ. ১৮৭৮

ঢাবি অধিভুক্ত ৭টি কলেজ

৬২. 'বিড়াল' রচনায় বিড়ালের চারিত্রিক বৈশিষ্ট্যের ক্ষেত্রে প্রাসঙ্গিক–
ক. প্রতিবাদী খ. পরিশ্রমী গ. লোভী ঘ. অলস

৩৩.ঘ	৩৪.খ	৩৫.ক	৩৬.ঘ	৩৭.গ	৩৮.ঘ	৩৯.ক	৪০.ক
৪১.ক	৪২.ক	৪৩.খ	৪৪.গ	৪৫.ঘ	৪৬.খ	৪৭.ক	৪৮.গ
৪৯.খ	৫০.ক	৫১.ক	৫২.গ	৫৩.গ	৫৪.গ	৫৫.খ	৫৬.ক
৫৭.গ	৫৮.ক	৫৯.খ	৬০.গ	৬১.ক	৬২.ক		

অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নাবলি

০১. 'বিড়াল' রচনায় বিড়াল কোনোকিছু খেলে কী অনুসারে মারতে যাওয়া হয়?
ক. ধর্মানুসারে খ. আইনানুসারে গ. শাস্ত্রানুসারে ঘ. নিয়ম অনুসারে

০২. বিজ্ঞ চুতুষ্পদের কাছে শিক্ষা লাভ ব্যতীত মানুষের জ্ঞানোন্নতির উপায়ান্তর কে দেখেন
ক. লেখক খ. বিড়াল গ. নেপোলিয়ন ঘ. প্রসন্ন

০৩. 'বিড়াল' রচনায় 'কমলাকান্ত মার্জারকে কাল জলযোগের সময় আসতে বলেছে' এখানে 'জলযোগ' যে সময়কে নির্দেশ করে-
ক. সকাল খ. বিকাল গ. সন্ধ্যা ঘ. রাত

০৪. 'বিড়াল' রচনায় চারপায়ী বলতে কী বুঝানো হয়েছে?
ক. বিড়াল জাতীয় প্রাণীকে খ. চার পা-বিশিষ্ট প্রাণীকে
গ. চারপাশের দুরবস্থাকে ঘ. টুল বা চৌকিকে

০৫. 'বিড়াল' রচনাটির শেষাংশ কিসের খোরাক জোগায়?
ক. গূঢ়ার্থে সন্নিহিত খ. গভীর ভাবনার
গ. গভীর অনুরাগের ঘ. গভীর সমবেদনার

০৬. 'কমলাকান্তের দপ্তর' পাঠে মার্জারী কী বুঝতে পারবে বলে লেখকের ধারণা?
ক. আফিঙের মহিমা খ. ধরনের গুরুত্ব গ. কৃপণের মহত্ত্ব ঘ. চুরির পরিণাম

০৭. চোর অপেক্ষা কৃপণ ধনী কতগুণ দোষী বলে উল্লেখ করা হয়েছে?
ক. দশগুণ খ. সত্তরগুণ গ. শতগুণ ঘ. আশিগুণ

০৮. দরিদ্রের ক্ষুধা কেউ বোঝে না, কারণ-
ক. তাদের সম্পদ নেই বলে খ. তারা চোর বলে
গ. সমাজে গুরুত্বহীন বলে ঘ. কৃপণ বলে

০১.গ	০২.খ	০৩.ক	০৪.ঘ	০৫.ক	০৬.ক	০৭.গ	০৮

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

০৯. চোরের ক্ষেত্রে কোন ধরনের শাস্তি হওয়া উচিৎ?
ক. প্রহার খ. দণ্ড বিধান
গ. কঠোর শাস্তি ঘ. সাধারণ শাস্তি

১০. মার্জার কখন চুরি করার পক্ষপাতী?
ক. প্রহার করলে খ. খেতে না দিলে
গ. ধনবৃদ্ধিতে বাধা দিলে ঘ. চুরির সুযোগ পেলে

১১. 'লাঙ্গুল' অর্থ কী?
ক. লাঙ্গল খ. লাঠি গ. লাঠিয়াল ঘ. লেজ

১২. 'বিড়াল' রচনায় শিরোমণি বলতে কী বোঝানো হয়েছে?
ক. পরিবারের বৃদ্ধ ব্যক্তিকে খ. সমাজের প্রধান ব্যক্তিকে
গ. পরিবারের নিম্ন আয়ের ব্যক্তিকে ঘ. সমাজের নিম্নশ্রেণির ব্যক্তিকে

১৩. 'বুঝি তাহার ভিতর একটু ব্যঙ্গ ছিল।' কিসে একটু ব্যঙ্গ ছিল?
ক. মেও স্বরে খ. দুধ চুরিতে
গ. অধার্মিকতায় ঘ. কৃপণতায়

১৪. ওয়াটারলু যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?
ক. ১৮১৩ খ. ১৮১৫ গ. ১৮১৭ ঘ. ১৮১৯

১৫. কাকে অনেকে মুষ্টি ভিক্ষা দেয় না?
ক. বিড়ালকে খ. অন্ধকে গ. দরিদ্রকে ঘ. চোরকে

১৬. কমলাকান্তের দপ্তর- গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?
ক. ১৮৫৬ খ. ১৮৫৪ গ. ১৮৭৫ ঘ. ১৮৭৪

১৭. নিচের কোনটি বঙ্কিমচন্দ্র রচিত প্রবন্ধগ্রন্থ?
ক. বঙ্কিমচরিত্র খ. আনন্দমঠ
গ. ধর্মতত্ত্ব অনুশীলন ঘ. বঙ্গদর্শন

১৮. 'আমার মতো দরিদ্রের ব্যথায় ব্যথিত হওয়া, — কথা সন্দেহ নাই।' শূন্যস্থানে কী বসবে?
ক. ঘৃণার খ. অধিকারের গ. আফসোসের ঘ. লজ্জার

১৯. কমলাকান্ত যখন ওয়াটারলু'র কথা ভাবছিল তখন হঠাৎ কে শব্দ করেছিল?
ক. প্রসন্ন খ. ওয়েলিংটন গ. মার্জার ঘ. মঙ্গলা

২০. মাছের কাঁটা, পাতের ভাত বিড়ালকে না দিয়ে নর্দমায় ফেলে দেওয়ার কারণে মানুষের মধ্যে বিড়াল কী দেখতে পায়?
ক. উদারতার অভাব খ. সমবেদনার অভাব
গ. সহমর্মিতার অভাব ঘ. সুবিবেচনার অভাব

২১. 'কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই।' এ কই খাওয়ার সঙ্গে 'বিড়াল' রচনার সম্পর্ক কার সঙ্গে?
ক. লেখক খ. মার্জার গ. কমলাকান্ত ঘ. প্রসন্ন

২২. দুধ খাওয়ার পরে 'মেও' শব্দের মধ্যে বিড়ালের যে অভিপ্রায় প্রকাশ পেয়েছে-
ক. পরিতৃপ্তি বোঝানোর অভিপ্রায় খ. হাসি চেপে রাখা অভিপ্রায়
গ. মন বোঝার অভিপ্রায় ঘ. প্রশ্ন জিজ্ঞাসা করার অভিপ্রায়

২৩. বিড়াল দুধ খেলে চিরায়ত প্রথা হিসেবে 'বিড়াল' রচনায় কোনটির উল্লেখ পাওয়া যায়-
ক. প্রহার করা খ. সাবধান হয়ে যাওয়া
গ. তেড়ে মারতে যাওয়া ঘ. প্রথমবার কিছু না বলা

২৪. স্বজাতিমণ্ডলে মার্জারী কমলাকান্তকে কী বলে উপহাস করতে পারে?
ক. কাপুরুষ খ. ভীতু গ. কুলাঙ্গার ঘ. হৃদয়নহীন

২৫. বিড়াল দুধ খেলে তার সঙ্গে কমলাকান্ত কিসের ন্যায় আচরণ করা বিধেয় মনে করে?
ক. সাহসী গৃহস্থের খ. পুরুষের গ. শাসকের ঘ. পুলিশের

২৬. কমলাকান্ত কেমন চিত্তে মার্জারীকে মারতে ধাবমান হলো?
ক. রুষ্টচিত্তে খ. ভীরুচিত্তে গ. সকাতরচিত্তে ঘ. প্রসন্নচিত্তে

২৭. 'মার্জারী কমলাকান্তকে চিনিত।' এখানে কমলাকান্তর প্রতি মার্জারীর কী ভাব প্রকাশিত হয়েছে -
ক. ভয় খ. দয়া গ. সহানুভূতি ঘ. ভয়হীনতা

২৮. 'দেখ, আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি?' 'বিড়াল' রচনায় মার্জারীর এই প্রশ্ন কোন বিষয়টিকে নির্দেশ করে?
ক. ধনীর ধনবৃদ্ধিতে সমাজে চুরি হচ্ছে খ. কৃপণ ধনীরাই ক্ষুধার্তকে চুরি করতে বাধ্য করে
গ. চোরের স্বাভাবিক কাজই চুরি করা ঘ. চুরির সময়ে মানুষের ধর্ম ঠিক থাকে না

২৯. 'তোমাদের ক্ষুৎপিপাসা আছে। আমাদের নাই?' মার্জারীর এই উক্তির মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে-
ক. মানবিকতা খ. অধিকার চেতনা গ. ধর্মীয় চেতনা ঘ. সাম্যবাদিতা

৩০. কমলাকান্তের প্রতি মার্জারীর প্রথম উপদেশ কী ছিল?
ক. চোরের দায়ে চোরকে দণ্ড দাও খ. পরোপকারই পরম ধর্ম
গ. চুরির দায়ে চোরকে দণ্ড দাও ঘ. চুরির দায়ে ধনীকে দণ্ড দাও

৩১. মার্জারীর পরম উপকার হয়েছিল কিসে?
ক. দুধের নাগাল পাওয়ায় খ. দুধ পান করায়
গ. কমলাকান্ত ঘুমিয়ে পড়ায় ঘ. যষ্টি খুঁজে না পাওয়ায়

৩২. মাছের কাঁটার জন্য মার্জারী কোথায় মেও মেও করে বেড়ায়?
ক. গৃহে-গৃহে খ. রাস্তায় রাস্তায় গ. প্রাচীরে প্রাচীরে ঘ. টেবিলের নিচে

৩৩. যে কখনো অন্ধকে মুষ্টি ভিক্ষা দেয় না, সেও কখন রাত্রে ঘুমায় না?
ক. জনগণ বিদ্রোহী হলে খ. খাদ্যের অভাব হলে
গ. বড় রাজারা ফাঁপরে পড়লে ঘ. উদরপূর্তি না হলে

৩৪. 'বিড়াল' প্রবন্ধের সঙ্গে তোমার পঠিত আর কোন প্রবন্ধের ভাবগত সাদৃশ্য রয়েছে?
ক. আমার পথ খ. চাষার দুক্ষু
গ. জীবন ও বৃক্ষ ঘ. অপরিচিতা

৩৫. কমলাকান্তের সামনে বসে থাকা মার্জারের গায়ের চামড়ার রং কেমন?
ক. ধূসর রঙের খ. হলুদ রঙের
গ. কালো রঙের ঘ. তামাটে রঙের

৩৬. কোনো বিচারক যদি তিন দিন না খেয়ে থাকে তাহলে 'বিড়াল' রচনা অনুসারে তার ক্ষেত্রে নিচের কোনটি ঘটবে?
ক. সারাদিন বসে বসে ঘুমাবে খ. চুরি করা অবস্থায় ধরা পড়বে
গ. অসুস্থ হয়ে পড়বে ঘ. বিচারকার্য ছেড়ে দেবে

৩৭. কমলাকান্ত মার্জারকে সকল দুশ্চিন্তা পরিহার করে কিসে মন দিতে বলেছে?
ক. ধর্মাচরণে খ. রাজনীতিতে গ. সমাজসেবায় ঘ. আফিঙে

৩৮. 'ব্যূহ রচনা' বলতে কোনটিকে বুঝায়?
ক. সীমান্ত পাহারা দেওয়ার প্রস্তুতি খ. প্রতিরোধ বেষ্টনী তৈরি করা
গ. সেনাদের অস্ত্র সজ্জিত করা ঘ. কুচকাওয়াজের জন্য সৈন্য সাজানো

৩৯. 'ঠেঙ্গালাঠি' বলতে নিচের কোনটিকে বোঝায়?
ক. পাহারা দেওয়ার লাঠি খ. প্রহার করার লাঠি
গ. এক ধরনের কাঠের লাঠি ঘ. এক ধরনের ধাতব অস্ত্র

৪০. 'অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আসে নাই।' আলোচ্য অংশটুকু কোন রচনার?
ক. জীবন ও বৃক্ষ খ. বিড়াল গ. চাষার দুক্ষু ঘ. আহ্বান

৪১. বিড়ালের কিসে অধিকার আছে?
ক. বোঝার পক্ষে খ. তর্ক করার পক্ষে গ. না বোঝার পক্ষে ঘ. মাছ খাওয়ার পক্ষে

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪২ নং এবং ৪৩ নং প্রশ্নের উত্তর দাও :
আমি শয়নগৃহে, চারপায়ীর উপর বসিয়া, হুঁকা হাতে ঝিমাইতেছিলাম। একটু মিট্ মিট্ করিয়া ক্ষুদ্র আলো জ্বলিতেছে– দেয়ালের উপর চঞ্চল ছায়া, প্রেতবৎ নাচিতেছে। আহার প্রস্তুত হয় নাই– এজন্য হুঁকা হাতে, নিমীলিতলোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ন হইতাম, তবে ওয়াটারলু জিতিতে পারিতাম কি না। এমত সময়ে একটি ক্ষুদ্র শব্দ হইল, "মেও!"

৪২. অনুচ্ছেদে কতবার কমা ও ড্যাশ চিহ্ন ব্যবহৃত হয়েছে?
ক. ৭ ও ২ খ. ৬ ও ৩ গ. ৮ ও ১ ঘ. ৫ ও ৩

৪৩. অনুচ্ছেদে নাসিক্য ধ্বনি ও বিস্ময় বোধক চিহ্ন কতবার ব্যবহৃত হয়েছে?
ক. ৩ ও ২ খ. ২ ও ১ গ. ২ ও ২ ঘ. ৩ ও ১

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪৪ নং এবং ৪৫ নং প্রশ্নের উত্তর দাও :
এক্ষণে মার্জারসুন্দরী, নির্জল দুগ্ধপানে পরিতৃপ্ত হইয়া আপন মনের সুখে এ জগতে প্রকটিত করিবার অভিপ্রায়ে, অতি মধুর সুরে বলিতেছেন "মেও!" বলিতে পারি না, বুঝি তাহার ভিতর একটু ব্যঙ্গ ছিল; বুঝি, মার্জার মনে মনে হাসিয়া আমার পানে চাহিয়া ভাবিতেছিলো, "কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই।" বুঝি সে "মেও!" শব্দে একটু মন বুঝিবার অভিপ্রায় ছিল। বুঝি বিড়ালের মনের ভাব, "তোমার দুধ ত খাইয়া বসিয়া আছি– এখন বল কী?"

৪৪. অনুচ্ছেদে উদ্ধৃতি চিহ্ন ও বিস্ময়ের চিহ্ন যথাক্রমে কতবার ব্যবহৃত হয়েছে?
ক. ৪ ও ২ খ. ৪ ও ১ গ. ৫ ও ২ ঘ. ৩ ও ২

৪৫. 'ণ-ত্ব' বিধানের সূত্রে কয়টি শব্দ আছে?
ক. ১ খ. ২ গ. ৩ ঘ. ৪

০৯.খ	১০.খ	১১.ঘ	১২.খ	১৩.ক	১৪.খ	১৫.খ	১৬.গ
১৭.গ	১৮.ঘ	১৯.গ	২০.খ	২১.খ	২২.গ	২৩.গ	২৪.ক
২৫.খ	২৬.গ	২৭.ঘ	২৮.খ	২৯.খ	৩০.খ	৩১.খ	৩২.গ
৩৩.গ	৩৪.খ	৩৫.গ	৩৬.খ	৩৭.ক	৩৮.খ	৩৯.খ	৪০.খ
৪১.গ	৪২.ক	৪৩.খ	৪৪.ক	৪৫.ক			

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

SELF TEST

০১. ভ্রমর, কুন্দনন্দিনী– চরিত্র দুটির স্রষ্টা কে?
ক. মানিক বন্দ্যোপাধ্যায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. মাইকেল মধুসূদন দত্ত

০২. দুধ খাওয়া বিড়ালকে মারার যে প্রথা তা অবমাননা করলে কমলাকান্ত কী হিসেবে পরিচিত হওয়ার সম্ভবনা আছে?
ক. ভীরু খ. কাপুরুষ গ. কুলাঙ্গার ঘ. নিষ্ঠুর

০৩. 'সে যষ্টি দেখিয়া বিশেষ ভীত হওয়ার কোনো লক্ষণ প্রকাশ করিল না।' এ যষ্টি কথাটির অর্থ হলো-
ক. পাটখড়ি খ. কঞ্চি গ: লাঠি ঘ. বেত

০৪. অনেক বড় বড় সাধুকে মার্জারী কী বলে অভিহিত করেছেন?
ক. চোর অপেক্ষা অধার্মিক খ. চোর অপেক্ষা দুর্জন দোষী
গ. চোর অপেক্ষা অপরাধী ঘ. চোর অপেক্ষা অসৎ

০৫. 'অপরিমিত লোভ ভালো নহে।' উক্তিটি কার?
ক. মার্জারের খ. কমলাকান্তের গ. প্রসন্নের ঘ. ডিউকের

০৬. 'এ সকল অতি নীতিবিরুদ্ধ কথা।' কমলাকান্ত কার কথা সম্পর্কে এ কথা বলেছেন?
ক. গোয়ালিনীর খ. নেপোলিয়নের গ. বিড়ালের ঘ. ডিউকের

০৭. 'বিড়াল' রচনায় কেমন করে আলো জ্বলছিল-
ক. জ্বল জ্বল করে খ. মিটমিট করে গ. প্রখর জ্যোতিতে ঘ. নিভু নিভু করে

০৮. মার্জারী তার উপদেশাত্মক বক্তব্যে কমলাকান্তকে কী নামে অভিহিত করেছে?
ক. নিমীলিতলোচন খ. ধ্যানী ও জ্ঞানী
গ. শয্যাশায়ী মনুষ্য ঘ. বিজ্ঞ মনুষ্য

০৯. বিচারককে তাঁর বিচারকার্যের আগে মার্জারী কয় দিন উপবাস করার কথা বলেছে?
ক. ২ দিন খ. ৩ দিন গ. ১ দিন ঘ. ৫ দিন

১০. নিম্নের কোন পত্রিকায় কবিতা প্রকাশের মাধ্যমে বঙ্কিমচন্দ্রের সাহিত্য জীবনের সূচনা ঘটে?
ক. বঙ্গদর্শন খ. সংবাদ প্রভাকর গ. দিগদর্শন ঘ. সংবাদ কৌমুদী

১১. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কত বছর বয়সে মারা যান?
ক. ৪০ খ. ৫৬ গ. ৬০ ঘ. ৫৮

১২. কমলাকান্ত লাঠি হাতে বিড়ালকে মারতে গেলে বিড়াল তাকে দেখে হাই তুলল। বিড়ালের এ আচরণে প্রকাশ পেয়েছে–
ক. ঔদ্ধত্য খ. অবজ্ঞা গ. অবহেলা ঘ. নির্বিকারত্ব

১৩. 'তোমার আহরিত দুগ্ধে এই পরোপকার সিদ্ধ হইল'– উক্তিটি কার।
ক. মার্জারের খ. কমলাকান্তের গ. নেপোলিয়নের ঘ. উকিলের

১৪. 'বুঝি তাহার ভিতর একটু ব্যঙ্গ ছিল।'-কিসে?
ক. কৃপণতায় খ. ভণ্ডামিতে গ. দুধ চুরিতে ঘ. মেও স্বরে

১৫. ওয়েলিংটনের জীবনকাল কোনটি?
ক. ১৭৬৭-১৮৫৩ খ. ১৭৬৮-১৮৫৪
গ. ১৭৬৯-১৮৫৪ ঘ. ১৭৭০-১৮৫৫

১৬. 'চোরের দণ্ড আছে, নির্দয়তার কি দণ্ড নাই?' 'বিড়াল' রচনায় উদ্ধৃত মন্তব্যটি কার?
ক. ন্যায়শাস্ত্র পণ্ডিতের খ. গোয়ালিনীর
গ. বিড়ালের ঘ. কমলাকান্তের

১৭. 'দিব্যকর্ণ' শব্দটির অর্থ কী?
ক. ঐশ্বরিকভাবে শ্রবণ করা খ. ঐশ্বরিকভাবে ভ্রমণ করা
গ. ঐশ্বরিকভাবে প্রত্যাদেশ লাভ ঘ. ঐশ্বরিকভাবে নেতা হওয়া

১৮. 'এ মার্জার সুবিচারক এবং সুতার্কিকও বটে।' কমলাকান্ত কার সম্পর্কে একথা বলেছেন?
ক. নেপোলিয়ন খ. বিচারক গ. গোয়ালিনী ঘ. বিড়াল

১৯. নিউম্যান ও পার্কার কে ছিলেন?
ক. নাট্যকার খ. চিত্রশিল্পী গ. অভিনেতা ঘ. ইংরেজ লেখক

২০. বিড়ালকে বলা যেতে পারে–
ক. পৃথিবীর সকল বঞ্চিতের প্রতীক খ. পৃথিবীর সকল নিষ্পেষিতের প্রতীক
গ. পৃথিবীর সকল দরিদ্রের প্রতীক ঘ. সবগুলো

২১. 'অদ্য আর কাহারও হাঁড়ি খাইও না।' উক্তিটি কার?
ক. উকিলের খ. মার্জারের গ. নসীরামের ঘ. কমলাকান্তের

২২. 'জীর্ণ বস্ত্র, শীর্ণ গাত্র, ক্ষুধায় কণ্ঠ ক্ষীণ।' 'বিড়াল' রচনার কার কণ্ঠের প্রতিধ্বনি?
ক. অনাহারী মার্জারের খ. বিচারকের
গ. সোহাগী বিড়ালের ঘ. সাধুর

২৩. ওয়েলিংটন কী ছিলেন?
ক. লেখক খ. অভিনেতা
গ. দার্শনিক ঘ. বীর যোদ্ধা

২৪. 'সোশিয়ালিস্টিক' শব্দের অর্থ কী?
ক. সমাজতান্ত্রিক খ. সমাজে বসবাসকারী
গ. সামাজিক মতবাদ ঘ. সমাজবিরোধী

২৫. 'বৃদ্ধের নিকট যুবতী ভার্যার সহোদর হইয়া থাকিতে পারিলে- তবেই তাহার পুষ্টি।' কী হয়ে থাকার কথা বলা হয়েছে
ক. কৃপণ খ. গৃহমার্জার গ. চোর ঘ. ধনী

২৬. 'ন্যায়ালংকার' শব্দের অর্থ কোনটি ?
ক. ন্যায়শাস্ত্রে পণ্ডিত খ. ব্যাকরণশাস্ত্রে পণ্ডিত
গ. ন্যায় বিচারক ঘ. নীতিশাস্ত্রে পণ্ডিত

২৭. বিড়াল রচনায় 'তখন চক্ষু চাহিয়া ভালো করিয়া দেখিলাম যে, ওয়েলিংটন নহে একটি ক্ষুদ্র মার্জার।' এখানে 'মার্জার' হলো-
ক. ইঁদুর খ. বিড়াল গ. টিকটিকি ঘ. পতঙ্গ বিশেষ

২৮. মার্জারের কথার কারণে কী হতে পারে লেখকের আশঙ্কা ?
ক. সামাজিক অশান্তি খ. সামাজিক উন্নতি
গ. সামাজিক বিশৃঙ্খলা ঘ. সামাজিক ভাঙন

২৯. 'পাষাণবৎ কঠিন' বলতে কী বোঝানো হয়েছে?
ক. সিদ্ধান্তে অটল খ. ইটের মতো শক্ত
গ. পাথরের মতো শক্ত ঘ. দৃঢ় মনোবল

৩০. কমলাকান্ত মার্জারীকে মারতে গিয়ে অনেক অনুসন্ধান করে কী পেল?
ক. একটা কাঠের চেলা খ. একটা যষ্টি
গ. একটা গাছের ডাল ঘ. একটা বড় লাঠি

৩১. মার্জারে দুধ খেয়ে ফেললেও কমলাকান্ত দেখতে না পাওয়ার কারণ কী?
ক. আফিমের সুখ অনুভবে খ. ডিউকের সাথে আলাপে
গ. ওয়াটারলু'র মাঠে ব্যূহ রচনায় ঘ. প্রসন্নের সাথে বচসায়

৩২. রোহিণী, গোবিন্দলাল– চরিত্র দুটির স্রষ্টা কে?
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. মানিক বন্দ্যোপাধ্যায়

৩৩. 'বিড়াল' প্রবন্ধের মূল বক্তব্য হলো-
ক. সমাজের দৈন্যদশা দূর করা খ. ধনী-দরিদ্রের বৈষম্য দূর করা
গ. ক্ষুদ্র প্রাণীদের মূল্যায়ন করা ঘ. পণ্ডিতবর্গকে যথাযথ মূল্যায়ন করা

৩৪. মার্জারী পশু হওয়া সত্ত্বেও কমলাকান্ত তার বক্তব্য শুনতে পেয়েছিল কী কারণে?
ক. দিব্যকর্ণ প্রাপ্তির কারণে খ. আধ্যাত্মিক ক্ষমতাবলে
গ. প্রখর শ্রবণশক্তির কারণে ঘ. এয়ারফোন কানে থাকার কারণে

৩৫. বহু অনুসন্ধানেও মার্জারী কিসের কারণ খুঁজে পেল না-
ক. তাকে লাঠি দিয়ে মারতে আসার কারণ খ. মাছের কাঁটা নর্দমায় ফেলে দেওয়ার কারণ
গ. ক্ষুধার্তকে খেতে না দেওয়ার কারণ ঘ. কমলাকান্তের গরম দুধ খাওয়ার কারণ

OMR

৩৫. ক খ গ ঘ	৩৪. ক খ গ ঘ	৩৩. ক খ গ ঘ	৩২. ক খ গ ঘ
৩১. ক খ গ ঘ	৩০. ক খ গ ঘ	২৯. ক খ গ ঘ	২৮. ক খ গ ঘ
২৭. ক খ গ ঘ	২৬. ক খ গ ঘ	২৫. ক খ গ ঘ	২৪. ক খ গ ঘ
২৩. ক খ গ ঘ	২২. ক খ গ ঘ	২১. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ
১৯. ক খ গ ঘ	১৮. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৬. ক খ গ ঘ
১৫. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ	১২. ক খ গ ঘ
১১. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ	০৯. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ
০৭. ক খ গ ঘ	০৬. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ
০৩. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০১. ক খ গ ঘ	

Correct Answer

৩৫.ক	৩৪.ক	৩৩.খ	৩২.গ	৩১.গ	৩০.খ	২৯.গ	২৮.গ
২৬.ক	২৫.খ	২৪.ক	২৩.ঘ	২২.ক	২১.ঘ	২০.ঘ	১৯.ঘ
১৭.ক	১৬.গ	১৫.গ	১৪.ঘ	১৩.ক	১২.ঘ	১১.খ	১০.খ
০৮.গ	০৭.খ	০৬.গ	০৫.খ	০৪.ক	০৩.গ	০২.গ	০১.গ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

অপরিচিতা

রবীন্দ্রনাথ ঠাকুর

১

আজ আমার বয়স সাতাশ মাত্র। এ জীবনটা না দৈর্ঘ্যের হিসাবে বড়, না গুণের হিসাবে। তবু ইহার একটু বিশেষ মূল্য আছে। ইহা সেই ফুলের মতো যাহার বুকের উপরে ভ্রমর আসিয়া বসিয়াছিল, এবং সেই পদক্ষেপের ইতিহাস তাহার জীবনের মাঝখানে ফলের মতো গুটি ধরিয়া উঠিয়াছে।

সেই ইতিহাসটুকু আকারে ছোটো, তাহাকে ছোটো করিয়াই লিখিব। ছোটোকে যাঁহারা সামান্য বলিয়া ভুল করেন না তাঁহারা ইহার রস বুঝিবেন।

কলেজে যতগুলো পরীক্ষা পাস করিবার সব আমি চুকাইয়াছি। ছেলেবেলায় আমার সুন্দর চেহারা লইয়া পণ্ডিতমশায় আমাকে শিমুল ফুল ও মাকাল ফলের সহিত তুলনা করিয়া, বিদ্রূপ করিবার সুযোগ পাইয়াছিলেন। ইহাতে তখন বড়ো লজ্জা পাইতাম; কিন্তু বয়স হইয়া এ কথা ভাবিয়াছি, যদি জন্মান্তর থাকে তবে আমার মুখে সুরূপ এবং পণ্ডিতমশায়দের মুখে বিদ্রূপ আবার যেন অমনি করিয়াই প্রকাশ পায়।

আমার পিতা এক কালে গরিব ছিলেন। ওকালতি করিয়া তিনি প্রচুর টাকা রোজগার করিয়াছেন, ভোগ করিবার সময় নিমেষমাত্রও পান নাই। মৃত্যুতে তিনি যে হাঁফ ছাড়িলেন সেই তাঁর প্রথম অবকাশ।

আমার তখন বয়স অল্প। মার হাতেই আমি মানুষ। মা গরিবের ঘরের মেয়ে; তাই, আমরা যে ধনী এ কথা তিনিও ভোলেন না, আমাকে ভুলিতে দেন না। শিশুকালে আমি কোলে কোলেই মানুষ–বোধ করি, সেইজন্য শেষ পর্যন্ত আমার পুরাপুরি বয়সই হইল না। আজও আমাকে দেখিলে মনে হইবে, আমি অন্নপূর্ণার কোলে গজাননের ছোটো ভাইটি।

আমার আসল অভিভাবক আমার মামা। তিনি আমার চেয়ে বড়োজোর বছর ছয়েক বড়। কিন্তু ফল্গুর বালির মতো তিনি আমাদের সমস্ত সংসারটাকে নিজের অন্তরের মধ্যে শুষিয়া লইয়াছেন। তাঁহাকে না খুঁড়িয়া এখানকার এক গণ্ডূষও রস পাইবার জো নাই। এই কারণে কোনো-কিছুর জন্যই আমাকে কোনো ভাবনা ভাবিতেই হয় না।

কন্যার পিতা মাত্রেই স্বীকার করিবেন, আমি সৎপাত্র। তামাকটুকু পর্যন্ত খাই না। ভালোমানুষ হওয়ার কোনো ঝঞ্ঝাট নাই, তাই আমি নিতান্ত ভালোমানুষ। মাতার আদেশ মানিয়া চলিবার ক্ষমতা আমার আছে– বস্তুত, না মানিবার ক্ষমতা আমার নাই। অন্তঃপুরের শাসনে চলিবার মতো করিয়াই আমি প্রস্তুত হইয়াছি, যদি কোনো কন্যা স্বয়ম্বরা হন তবে এই সুলক্ষণটি স্মরণ রাখিবেন।

অনেক বড়ো ঘর হইতে আমার সম্বন্ধ আসিয়াছিল। কিন্তু মামা, যিনি পৃথিবীতে আমার ভাগ্যদেবতার প্রধান এজেন্ট, বিবাহ সম্বন্ধে তাঁর একটা বিশেষ মত ছিল। ধনীর কন্যা তাঁর পছন্দ নয়। আমাদের ঘরে যে মেয়ে আসিবে সে মাথা হেঁট করিয়া আসিবে, এই তিনি চান। অথচ টাকার প্রতি আসক্তি তাঁর অস্থিমজ্জায় জড়িত। তিনি এমন বেহাই চান যাহার টাকা নাই অথচ যে টাকা দিতে কসুর করিবে না। যাহোক শোষণ করা চলিবে অথচ বাড়িতে আসিলে গুড়গুড়ির পরিবর্তে বাঁধা হুকায় তামাক দিলে যাহার নালিশ খাটিবে না।

আমার বন্ধু হরিশ কানপুরে কাজ করে। সে ছুটিতে কলিকাতায় আসিয়া আমার মন উতলা করিয়া দিল। সে বলিল, "ওহে, মেয়ে যদি বল একটি খাসা মেয়ে আছে।"

কিছুদিন পূর্বেই এমএ পাস করিয়াছি। সামনে যত দূর পর্যন্ত দৃষ্টি চলে ছুটি ধূ ধূ করিতেছে; পরীক্ষা নাই, উমেদরি নাই, চাকরি নাই; নিজের বিষয় দেখিবার চিন্তাও নাই, শিক্ষাও নাই, ইচ্ছাও নাই– থাকিবার মধ্যেও ভিতরে আছেন মা এবং বাহিরে আছেন মামা।

এই অবকাশের মরুভূমির মধ্যে আমার হৃদয় তখন বিশ্বব্যাপী নারীরূপের মরীচিকা দেখিতেছিল- আকাশে তাহার দৃষ্টি, বাতাসে তাহার নিঃশ্বাস, তরুমর্মরে তাহার গোপন কথা।

এমন সময় হরিশ আসিয়া বলিল, "মেয়ে যদি বল, তবে-"। আমার শরীর-মন বসন্তবাতাসে বকুলবনের নবপল্লবরাশির মতো কাঁপিতে কাঁপিতে আলোছায়া বুনিতে লাগিল। হরিশ মানুষটা ছিল রসিক, রস দিয়া বর্ণনা করিবার শক্তি তাহার ছিল, আর আমার মন ছিল তৃষার্ত।

আমি হরিশকে বলিলাম, "একবার মামার কাছে কথাটা পাড়িয়া দেখো"

হরিশ আসর জমাইতে অদ্বিতীয়। তাই সর্বত্রই তাহার খাতির। মামাও তাহাকে পাইলে ছাড়িতে চান না। কথাটা তাঁর বৈঠকে উঠিল। মেয়ের চেয়ে মেয়ের বাপের খবরটাই তাঁহার কাছে গুরুতর। বাপের অবস্থা তিনি যেমনটি চান তেমনি। এক কালের ইহাদের বংশে লক্ষ্মীর মঙ্গলঘট ভরা ছিল। এখন তাহা শূন্য বলিলেই হয়, অথচ তলায় সামান্য কিছু বাকি আছে। দেশে বংশমর্যাদা রাখিয়া চলা সহজ নয় বলিয়া ইনি পশ্চিমে গিয়া বাস করিতেছেন। সেখানে গরিব গৃহস্থের মতোই থাকেন। একটি মেয়ে ছাড়া তাঁর আর নাই। সুতরাং তাহারই পশ্চাতে লক্ষ্মীর ঘটটি একেবারে উপুড় করিয়া দিতে দ্বিধা হইবে না।

এসব ভালো কথা। কিন্তু, মেয়ের বয়স যে পনেরো, তাই শুনিয়া মামার মন ভার হইল। বংশে তো কোনো দোষ নাই? না, দোষ নাই– বাপ কোথাও তাঁর মেয়ের যোগ্য বর খুঁজিয়া পান না। একে তো বরের হাট মহার্ঘ, তাহার পরে ধনুক-ভাঙা পণ, কাজেই বাপ কেবলই সবুর করিতেছেন– কিন্তু মেয়ের বয়স সবুর করিতেছে না।

যাই হোক, হরিশের সরস রসনার গুণ আছে। মামার মন নরম হইল। বিবাহের ভূমিকা-অংশটা নির্বিঘ্নে সমাধা হইয়া গেল। কলিকাতার বাহিরে বাকি যে পৃথিবীটা আছে সমস্তটাকেই মামা আন্ডামান দ্বীপের অন্তর্গত বলিয়া জানেন। জীবনে একবার বিশেষ কাজে তিনি কোন্নগর পর্যন্ত গিয়েছিলেন। মামা যদি মনু হইতেন তবে তিনি হাবড়ার পুল পার হওয়াটাকে তাঁহার সংহিতায় একেবারে নিষেধ করিয়া দিতেন। মনের মধ্যে ইচ্ছা ছিল, নিজের চোখে মেয়ে দেখিয়া আসিব। সাহস করিয়া প্রস্তাব করিতে পারিলাম না।

কন্যাকে আশীর্বাদ করিবার জন্য যাহাকে পাঠানো হইল সে আমাদের বিনুদাদা, আমার পিসতুতো ভাই। তাহার মতো রুচি এবং দক্ষতার 'পরে আমি ষোলো-আনা নির্ভর করিতে পারি। বিনুদা ফিরিয়া আসিয়া বলিলেন, "মন্দ নয় হে! খাঁটি সোনা বটে!"

বিনুদাদার ভাষাটা অত্যন্ত আঁট। যেখানে আমরা বলি 'চমৎকার' সেখানে তিনি বলেন 'চলনসই'। অতএব বুঝিলাম, আমার ভাগ্যে প্রজাপতির সঙ্গে পঞ্চশরের কোনো বিরোধ নাই।

২

বলা বাহুল্য, বিবাহ-উপলক্ষে কন্যাপক্ষকেই কলিকাতায় আসিতে হইল। কন্যার পিতা শম্ভুনাথবাবু হরিশকে কত বিশ্বাস করেন তাহার প্রমাণ এই যে, বিবাহের তিন দিন পূর্বে তিনি আমাকে প্রথম চক্ষে দেখেন এবং আশীর্বাদ করিয়া যান। বয়স তাঁর চল্লিশের কিছু এপারে বা ওপারে। চুল কাঁচা, গোঁফে পাক ধরিতে আরম্ভ করিয়াছে মাত্র। সুপুরুষ বটে। ভিড়ের মধ্যে দেখিলে সকলের আগে তাঁর উপরে চোখ পড়িবার মতো চেহারা।

আশা করি আমাকে দেখিয়া তিনি খুশি হইয়াছিলেন। বোঝা শক্ত, কেননা তিনি বড়ই চুপচাপ। যে দুটি-একটি কথা বলেন যেন তাহাতে পুরা জোর দিয়া বলেন না। মামার মুখ তখন অনর্গল ছুটিতেছিল -ধনে মানে আমাদের স্থান যে শহরের কারও চেয়ে কম নয়, সেইটেকেই তিনি নানা প্রসঙ্গে প্রচার করিতেছিলেন। শম্ভুনাথবাবু এ কথায় একেবারে যোগই দিলেন না- কোনো ফাঁকে একটা হুঁ বা হ্যাঁ কিছুই শোনা গেল না। আমি হইলে দমিয়া যাইতাম, কিন্তু মামাকে দমানো শক্ত। তিনি শম্ভুনাথবাবুর চুপচাপ ভাব দেখিয়া ভাবিলেন, লোকটা নিতান্ত নির্জীব, একেবারে কোনো তেজ নাই। বেহাই-সম্প্রদায়ের আর যাই থাক, তেজ থাকাটা দোষের, অতএব মামা মনে মনে খুশি হইলেন। শম্ভুনাথবাবু যখন উঠিলেন তখন মামা সংক্ষেপে উপর হইতেই তাঁকে বিদায় করিলেন, গাড়িতে তুলিয়া দিতে গেলেন না।

পণ সম্বন্ধে দুই পক্ষে পাকাপাকি কথা ঠিক হইয়া গিয়াছিল। মামা নিজেকে অসামান্য চতুর বলিয়াই অভিমান করিয়া থাকেন। কথাবার্তায় কোথাও তিনি কিছু ফাঁক রাখেন নাই। টাকার অঙ্ক তো স্থির ছিলই, তারপরে গহনা কত ভরির এবং সোনা কত দরের হইবে সেও একেবারে বাঁধাবাঁধি হইয়া গিয়াছিল। আমি নিজে এসমস্ত কথার মধ্যে ছিলাম না; জানিতাম না দেনা-পাওনা কী স্থির হইল। মনে জানিতাম, এই স্থূল অংশটাও বিবাহের একটা প্রধান অংশ, এবং সে অংশের ভার যার উপরে তিনি এক কড়াও ঠকিবেন না। বস্তুত, আশ্চর্য পাকা লোক বলিয়া মামা আমাদের সমস্ত সংসারের প্রধান গর্বের সামগ্রী। যেখানে আমাদের কোনো সম্বন্ধ আছে সেখানে সর্বত্রই তিনি বুদ্ধির লড়াইয়ে জিতিবেন, এ একেবারে ধরা কথা, এই জন্য আমাদের অভাব না থাকিলেও এবং অন্য পক্ষের অভাব কঠিন হইলেও জিতিব, আমাদের সংসারের এই জেদ-ইহাতে যে বাঁচুক আর যে মরুক।

গায়ে-হলুদ অসম্ভব রকম ধুম করিয়া গেল। বাহক এত গেল যে তাহার আদম-শুমারি করিতে হইলে কেরানি রাখিতে হয়। তাহাদিগকে বিদায় করিতে অপর পক্ষকে যে নাকাল হইতে হইবে, সেই কথা স্মরণ করিয়া মামার সঙ্গে মা একযোগে বিস্তর হাসিলেন।

ব্যান্ড, বাঁশি, শখের কন্সর্ট প্রভৃতি যেখানে যতপ্রকার উচ্চ শব্দ আছে সমস্ত একসঙ্গে মিশাইয়া বর্বর কোলাহলের মত্ত হস্তী দ্বারা সংগীত সরস্বতীর পদ্মবন দলিত বিদলিত করিয়া আমি তো বিবাহ-বাড়িতে গিয়া উঠিলাম। আংটিতে হারেতে জরি-জহরতে আমার শরীর যেন গহনার দোকান নিলামে চড়িয়াছে বলিয়া বোধ হইল। তাঁহাদের ভাবী জামাইয়ের মূল্য কত সেটা যেন কতক পরিমাণে সর্বাঙ্গে স্পষ্ট করিয়া লিখিয়া ভাবী শ্বশুরের সঙ্গে মোকাবিলা করিতে চলিয়াছিলাম।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY
Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

মামা বিবাহ-বাড়িতে ঢুকিয়া খুশি হইলেন না। একে তো উঠানটাতে বরযাত্রীদের জায়গা সংকুলান হওয়াই শক্ত, তাহার পরে সমস্ত আয়োজন নিতান্ত মধ্যম রকমের। ইহার পরে শম্ভুনাথবাবুর ব্যবহারটাও নেহাত ঠাণ্ডা। তাঁর বিনয়টা অজস্র নয়। মুখে তো কথাই নাই কোমরে চাদর বাঁধা, গলা ভাঙা, টাক-পড়া, মিশ-কালো এবং বিপুল-শরীর তাঁর একটি উকিল-বন্ধু যদি নিয়ত হাত জোড় করিয়া মাথা হেলাইয়া, নম্রতার স্মিতহাস্যে ও গদগদ বচনে কন্সর্ট পার্টির করতাল-বাজিয়ে হইতে শুরু করিয়া বরকর্তাদের প্রত্যেককে বার বার প্রচুররূপে অভিষিক্ত করিয়া না দিতেন তবে গোড়াতেই এটা এস্‌পার-ওস্‌পার হইত।

আমি সভায় বসিবার কিছুক্ষণ পরেই মামা শম্ভুনাথবাবুকে পাশের ঘরে ডাকিয়া লইয়া গেলেন। কী কথা হইল জানি না, কিছুক্ষণ পরেই শম্ভুনাথবাবু আমাকে আসিয়া বলিলেন, "বাবাজি, একবার এই দিকে আসতে হচ্ছে।"

ব্যাপারখানা এই। –সকলের না হউক, কিন্তু কোনো কোনো মানুষের জীবনের একটা কিছু লক্ষ্য থাকে। মামার একমাত্র লক্ষ্য ছিল, তিনি কোনোমতেই কারও কাছে ঠকিবেন না। তাঁর ভয় তাঁর বেহাই তাঁকে গহনায় ফাঁকি দিতে পারেন-বিবাহকার্য শেষ হইয়া গেলে সে ফাঁকির আর প্রতিকার চলিবে না। বাড়িভাড়া সওগাদ লোক-বিদায় প্রভৃতি সম্বন্ধে যেরকম টানাটানির পরিচয় পাওয়া গেছে তাহাতে মামা ঠিক করিয়াছিলেন– দেওয়া-থোওয়া সম্বন্ধে এ লোকটির শুধু মুখের কথার উপর ভর করা চলিবে না। সেইজন্য বাড়ির স্যাকরাকে সুদ্ধ সঙ্গে আনিয়াছিলেন। পাশের ঘরে গিয়া দেখিলাম, মামা এক তক্তপোশে এবং স্যাক্‌রা তাহার দাঁড়িপাল্লা কষ্টিপাথর প্রভৃতি লইয়া মেজেয় বসিয়া আছে।

শম্ভুনাথবাবু আমাকে বলিলেন, "তোমার মামা বলিতেছেন বিবাহের কাজ শুরু হইবার আগেই তিনি কনের সমস্ত গহনা যাচাই করিয়া দেখিবেন, ইহাতে তুমি কী বল।"
আমি মাথা হেঁট করিয়া চুপ করিয়া রহিলাম।
মামা বলিলেন, "ও আবার কী বলিবে। আমি যা বলিব তাই হইবে।"
শম্ভুনাথবাবু আমার দিকে চাহিয়া কহিলেন, "সেই কথা তবে ঠিক? উনি যা বলিবেন তাই হইবে? এ সম্বন্ধে তোমার কিছুই বলিবার নাই?"
আমি একটু ঘাড়-নাড়ার ইঙ্গিতে জানাইলাম, এসব কথায় আমার সম্পূর্ণ অনধিকার।
"আচ্ছা তবে বোসো, মেয়ের গা হইতে সমস্ত গহনা খুলিয়া আনিতেছি।" এই বলিয়া তিনি উঠিলেন।

মামা বলিলেন, "অনুপম এখানে কী করিবে। ও সভায় গিয়া বসুক।"
শম্ভুনাথ বলিলেন, "না, সভায় নয়, এখানেই বসিতে হইবে।"
কিছুক্ষণ পরে তিনি একখানা গামছায় বাঁধা গহনা আনিয়া তক্তপোশের উপর মেলিয়া ধরিলেন। সমস্তই তাঁহার পিতামহীদের আমলের গহনা- হাল ফ্যাশনের সূক্ষ্ম কাজ নয়- যেমন মোটা তেমনি ভারী।

স্যাক্‌রা গহনা হাতে তুলিয়া লইয়া বলিল, "এ আর দেখিব কী। ইহাতে খাদ নাই-এমন সোনা এখনকার দিনে ব্যবহারই হয় না।"

এই বলিয়া সে মকরমুখা মোটা একখানা বালায় একটু চাপ দিয়া দেখাইল তাহা বাঁকিয়া যায়।

মামা তখনই নোটবইয়ে গহনাগুলির ফর্দ টুকিয়া লইলেন, পাছে যাহা দেখানো হইল তাহার কোনোটা কম পড়ে।

হিসাব করিয়া দেখিলেন, গহনা যে পরিমাণ দিবার কথা এগুলি সংখ্যায়, দরে এবং ভারে তার অনেক বেশি।

গহনাগুলির মধ্যে একজোড়া এয়ারিং ছিল। শম্ভুনাথ সেইটে স্যাকরার হাতে দিয়া বলিলেন, "এইটে একবার পরখ করিয়া দেখো।"

স্যাকরা কহিল, "ইহা বিলাতি মাল, ইহাতে সোনার ভাগ সামান্যই আছে।"

শম্ভুবাবু এয়ারিং জোড়া মামার হাতে দিয়া বলিলেন, "এটা আপনারাই রাখিয়া দিন।"
মামা সেটা হাতে লইয়া দেখিলেন, এই এয়ারিং দিয়াই কন্যাকে তাঁহারা আশীর্বাদ করিয়াছিলেন।

মামার মুখ লাল হইয়া উঠিল। দরিদ্র তাঁহাকে ঠকাইতে চাহিবে কিন্তু তিনি ঠকিবেন না এই আনন্দ-সম্ভোগ হইতে বঞ্চিত হইলেন এবং তাহার উপরেও কিছু উপরি-পাওনা জুটিল। অত্যন্ত মুখ ভার করিয়া বলিলেন, "অনুপম, যাও, তুমি সভায় গিয়ে বোসো গে।"
শম্ভুনাথবাবু বলিলেন, "না, এখন সভায় বসিতে হইবে না। চলুন, আগে আপনাদের খাওয়াইয়া দিই।"
মামা বলিলেন, "সে কী কথা। লগ্ন-"
শম্ভুনাথবাবু বলিলেন, "সেজন্য কিছু ভাবিবেন না-এখন উঠুন।"

লোকটি নেহাত ভালোমানুষ-ধরনের, কিন্তু ভিতরে বেশ একটু জোর আছে বলিয়া বোধ হইল। মামাকে উঠিতে হইল। বরযাত্রীদেরও আহার হইয়া গেল। আয়োজনের আড়ম্বর ছিল না। কিন্তু রান্না ভালো এবং সমস্ত বেশ পরিষ্কার পরিচ্ছন্ন বলিয়া সকলেরই তৃপ্তি হইল।

বরযাত্রীদের খাওয়া শেষ হইলে শম্ভুনাথবাবু আমাকে খাইতে বলিলেন। মামা বলিলেন, "সে কী কথা। বিবাহের পূর্বে বর খাইবে কেমন করিয়া।"

এ সম্বন্ধে মামার কোনো মতপ্রকাশকে তিনি সম্পূর্ণ উপেক্ষা করিয়া আমার দিকে চাহিয়া বলিলেন, "তুমি কী বল। বসিয়া যাইতে দোষ কিছু আছে?"
মূর্তিমতী মাতৃ-আজ্ঞা-স্বরূপে মামা উপস্থিত, তাঁর বিরুদ্ধে চলা আমার পক্ষে অসম্ভব। আমি আহারে বসিতে পারিলাম না।

তখন শম্ভুনাথবাবু মামাকে বলিলেন, "আপনাদিগকে অনেক কষ্ট দিয়াছি। আমরা ধনী নই, আপনাদের যোগ্য আয়োজন করিতে পারি নাই, ক্ষমা করিবেন। রাত হইয়া গেছে, আর আপনাদের কষ্ট বাড়াইতে ইচ্ছা করি না। এখন তবে-"
মামা বলিলেন, "তা, সভায় চলুন, আমরা তো প্রস্তুত আছি।"
শম্ভুনাথ বলিলেন, "তবে আপনাদের গাড়ি বলিয়া দিই?"
মামা আশ্চর্য হইয়া বলিলেন, "ঠাট্টা করিতেছেন নাকি।"

শম্ভুনাথ কহিলেন, "ঠাট্টা তো আপনিই করিয়া সারিয়াছেন। ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই।"
মামা দুই চোখ এত বড়ো করিয়া মেলিয়া অবাক হইয়া রহিলেন।

শম্ভুনাথ কহিলেন, "আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের হাতে আমি কন্যা দিতে পারি না।"
আমাকে একটি কথা বলাও তিনি আবশ্যক বোধ করিলেন না। কারণ, প্রমাণ হইয়া গেছে আমি কেহই নই।

তারপরে যা হইল সে আমি বলিতে ইচ্ছা করি না। ঝাড়লণ্ঠন ভাঙিয়া-চুরিয়া, জিনিসপত্র লণ্ডভণ্ড করিয়া, বরযাত্রের দল দক্ষযজ্ঞের পালা সারিয়া বাহির হইয়া গেল।
বাড়ি ফিরিবার সময় ব্যান্ড রসনচৌকি ও কন্সর্ট একসঙ্গে বাজিল না এবং অভ্রের ঝাড়লণ্ঠন আকাশের তারার উপর আপনাদের কর্তব্যের বরাত দিয়া কোথায় যে মহানির্বাণ লাভ করিল সন্ধান পাওয়া গেল না।

৩

বাড়ির সকলে তো রাগিয়া আগুন। কন্যার পিতার এত গুমর! কলি যে চারপোয়া হইয়া আসিল! সকলে বলিল, "দেখি, মেয়ের বিয়ে দেন কেমন করিয়া।" কিন্তু মেয়ের বিয়ে হইবে না এ ভয় যার মনে নাই তার শাস্তির উপায় কি।

মস্ত বাংলাদেশের মধ্যে আমিই একমাত্র পুরুষ যাহাকে কন্যার বাপ বিবাহের আসর হইতে নিজে ফিরাইয়া দিয়াছে। এত বড় সৎপাত্রের কপালে এত বড়ো কলঙ্কের দাগ কোন নষ্ট এত আলো জ্বালাইয়া, বাজনা বাজাইয়া, সমারোহ করিয়া আঁকিয়া দিল? বরযাত্রীরা বলিয়া কপাল চাপড়াইতে লাগিল যে, "বিবাহ হইল না অথচ আমাদের ফাঁকি খাওয়াইয়া দিল- পাকযন্ত্রটাকে সমস্ত অন্নসুদ্ধ সেখানে টান মারিয়া ফেলিয়া দিয়া আসিতে পারিলে তবে আফসোস মিটিত।"

বিবাহের চুক্তিভঙ্গ ও মানহানির দাবিতে নালিশ করিব বলিয়া মামা অত্যন্ত গোল বাধাইতে বেড়াইতে লাগিলেন। হিতৈষীরা বুঝাইয়া দিল, তাহা হইলে তামাশার যেটুকু বাকি আছে তাহা পুরা হইবে।

বলা বাহুল্য, আমিও খুব রাগিয়াছিলাম। কোনো গতিকে শম্ভুনাথ বিষম জব্দ হইয়া অবশেষে পায়ে ধরিয়া আসিয়া পড়েন, গোঁফের রেখায় তা দিতে দিতে এইটেই কেবল কামনা করিতে লাগিলাম।

কিন্তু এই আক্রোশের কালো রঙের স্রোতের পাশাপাশি আর একটা স্রোত বহিতেছিল, তার রঙ একবারেই কালো নয়। সমস্ত মন যে সেই অপরিচিতার পানে ছুটিয়া গিয়াছিল- এমন যে তাহাকে কিছুতেই টানিয়া ফিরাইতে পারি না। দেয়ালটুকুর আড়ালে রহিয়া গেল কপালে তার চন্দন আঁকা, গায়ে তার লাল শাড়ি, মুখে তার লজ্জার রক্তিমা, হৃদয়ের কী যে তা কেমন করিয়া বলিব। আমার কল্পলোকের কল্পলতাটি বসন্তের সমস্ত ফুলগুলি আমাকে নিবেদন করিয়া দিবার জন্য নত হইয়া পড়িয়াছিল। হাওয়া আসে, গন্ধ পাই, শব্দ শুনি- কেবল আর একটিমাত্র পা ফেলার অপেক্ষা-এমন সময়ে সেই এক পদের দূরত্বটুকু এক মুহূর্তে অসীম হইয়া উঠিল!

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

এতদিন যে প্রতি সন্ধ্যায় আমি বিনুদাদার বাড়িতে গিয়া তাঁহাকে অস্থির করিয়া তুলিয়াছিলাম! বিনুদার বর্ণনার ভাষা অত্যন্ত সংকীর্ণ বলিয়াই তাঁর প্রত্যেক কথাটি স্ফুলিঙ্গের মতো আমার মনের মাঝখানে আগুন জ্বালিয়া দিয়াছিল। বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য; কিন্তু না দেখিলাম তাহাকে চোখে, না দেখিলাম তাহার ছবি, সমস্তই অস্পষ্ট হইয়া রহিল। বাহিরে তো সে ধরা দিলই না, তাহাকে মনেও আনিতে পারিলাম না-এইজন্য মন সেদিনকার সেই বিবাহসভার দেয়ালটার বাহিরে ভূতের মতো দীর্ঘনিঃশ্বাস ফেলিয়া বেড়াইতে লাগিল।

হরিশের কাছে শুনিয়াছি, মেয়েটিকে আমার ফটোগ্রাফ দেখানো হইয়াছিল। পছন্দ করিয়াছে বৈকি। না করিবার তো কোনো কারণ নাই। আমার মন বলে, সে ছবি তার কোনো একটি বাক্সের মধ্যে লুকানো আছে। একলা ঘরে দরজা বন্ধ করিয়া এক-একদিন নিরালা দুপুরবেলায় সে কি সেটি খুলিয়া দেখে না? যখন ঝুঁকিয়া পড়িয়া দেখে তখন ছবিটিরে উপরে কি তার মুখের দুই ধার দিয়া এলোচুল আসিয়া পড়ে না? হঠাৎ বাহিরের কারও পায়ের শব্দ পাইলে সে কি তাড়াতাড়ি তার সুগন্ধ আঁচলের মধ্যে ছবিটিকে লুকাইয়া ফেলে না?

দিন যায়। একটা বৎসর গেল। মামা তো লজ্জায় বিবাহসম্বন্ধের কথা তুলিতেই পারেন না। মার ইচ্ছা ছিল, আমার অপমানের কথা যখন সমাজের লোকে ভুলিয়া যাইবে তখন বিবাহের চেষ্টা দেখিবেন।

এদিকে আমি শুনিলাম সে মেয়ের নাকি ভালো পাত্র জুটিয়াছিল, কিন্তু সে পণ করিয়াছে বিবাহ করিবে না। শুনিয়া আমার মন পুলকের আবেশে ভরিয়া গেল। আমি কল্পনায় দেখিতে লাগিলাম, সে ভালো করিয়া খায় না; সন্ধ্যা হইয়া আসে, সে চুল বাঁধিতে ভুলিয়া যায়। তার বাপ তার মুখের পানে চান আর ভাবেন, "আমার মেয়ে দিনে দিনে এমন হইয়া যাইতেছে কেন।" হঠাৎ কোনোদিন তার ঘরে আসিয়া দেখেন, মেয়ের দুই চক্ষু জলে ভরা। জিজ্ঞাসা করেন, "মা, তোর কী হইয়াছে বল আমাকে।" মেয়ে তাড়াতাড়ি চোখের জল মুছিয়া বলে, "কই কিছুই তো হয় নি বাবা।" বাপের এক মেয়ে যে-বড়ো আদরের মেয়ে। যখন অনাবৃষ্টির দিনে ফুলের কুঁড়িটির মতো মেয়ে একেবারে বিমর্ষ হইয়া পড়িয়াছে তখন বাপের প্রাণে আর সহিল না। তখন অভিমান ভাসাইয়া দিয়া তিনি ছুটিয়া আসিলেন আমাদের দ্বারে। তার পরে? তার পরে মনের মধ্যে সেই যে কালো রঙের ধারাটা বহিতেছে সে যেন কালো সাপের মতো রূপ ধরিয়া ফোঁস করিয়া উঠিল। সে বলিল, "বেশ তো, আর একবার বিবাহের আসর সাজানো হোক, আলো জ্বলুক, দেশ-বিদেশের লোকের নিমন্ত্রণ হোক, তার পরে তুমি বরের টোপর পায়ে দলিয়া দলবল লইয়া সভা ছাড়িয়া চলিয়া এসো।" কিন্তু, যে ধারাটি চোখের জলের মতো শুভ্র সে রাজহংসের রূপ ধরিয়া বলিল, "যেমন করিয়া আমি একদিন দময়ন্তীর পুষ্পবনে গিয়াছিলাম, তেমনি করিয়া আমাকে একবার উড়িয়া যাইতে দাও- আমি বিরহিণীর কানে কানে একবার সুখের খবরটা দিয়া আসি গে।" তার পরে? তার পরে দুঃখের রাত পোহাইল, নববর্ষার জল পড়িল, ম্লান ফুলটি মুখ তুলিল- এবারে সেই দেয়ালটার বাহিরে রহিল সমস্ত পৃথিবীর আর সবাই আর ভিতরে প্রবেশ করিল একটিমাত্র মানুষ। তার পরে? তার পরে আমার কথাটি ফুরালো।

৪

কিন্তু, কথা এমন করিয়া ফুরাইল না। যেখানে আসিয়া তাহা অফুরান হইয়াছে সেখানকার বিবরণ একটুখানি বলিয়া আমার এ লেখা শেষ করিয়া দিই।

মাকে লইয়া তীর্থে চলিয়াছিলাম। আমার উপরেই ভার ছিল। কারণ মামা এবারেও হাবড়ার পুল পার হন নাই। রেলগাড়িতে ঘুমাইতেছিলাম। ঝাঁকানি খাইতে খাইতে মাথার মধ্যে নানাপ্রকার এলোমেলো স্বপ্নের ঝুমঝুমি বাজিতেছিল। হঠাৎ একটা কোন স্টেশনে জাগিয়া উঠিলাম। আলোতে অন্ধকার মেশা সেও এক স্বপ্ন। কেবল আকাশের তারাগুলি চিরপরিচিত- আর সবই অজানা অস্পষ্ট; স্টেশনের দীপ-কয়টা খাড়া হইয়া দাঁড়াইয়া আলো ধরিয়া এই পৃথিবীটা যে কত অচেনা এবং যাহা চারিদিকে তাহা যে কতই বহু দূরে তাহাই দেখাইয়া দিতেছে। গাড়ির মধ্যে মা ঘুমাইতেছেন; আলোর নিচে সবুজ পর্দা টানা; তোরঙ্গ বাক্স জিনিসপত্র সমস্তই কে কার ঘাড়ে এলোমেলো হইয়া রহিয়াছে, তাহারা যেন স্বপ্নলোকের উলট্-পালট আসবাব, সবুজ প্রদোষের মিটমিটে আলোতে থাকা এবং না- থাকার মাঝখানে কেমন একরকম হইয়া পড়িয়া আছি।

এমন সময়ে সেই অদ্ভুত পৃথিবীর অদ্ভুত রাত্রে কে বলিয়া উঠিল, "শিগগির চলে আয় এই গাড়িতে জায়গা আছে।" মনে হইল, যেন গান শুনিলাম। বাঙালি মেয়ের গলায় বাংলা কথা যে কী মধুর তাহা এমনি করিয়া অসময়ে অজায়গায় আচমকা শুনিলে তবে সম্পূর্ণ বুঝিতে পারা যায়। কিন্তু, এই গলাটিকে কেবলমাত্র মেয়ের গলা বলিয়া একটি শ্রেণিভুক্ত করিয়া দেওয়া চলে না, এ কেবল একটি মানুষের গলা; শুনিলেই মন বলিয়া ওঠে "এমন তো আর শুনি নাই"।

চিরকাল গলার স্বর আমার কাছে বড়ো সত্য। রূপ জিনিসটি বড়ো কম নয়, কিন্তু মানুষের মধ্যে যাহা অন্তরতম এবং অনির্বচনীয়, আমার মনে হয় কণ্ঠস্বর যেন তারই চেহারা। আমি তাড়াতাড়ি গাড়ির জানালা খুলিয়া বাহিরে মুখ বাড়াইয়া দিলাম, কিছুই দেখিলাম না। প্লাটফর্মের অন্ধকারে দাঁড়াইয়া গার্ড তাহার একচক্ষু লণ্ঠন নাড়িয়া দিল, গাড়ি চলিল; আমি জানলার কাছে বসিয়া রহিলাম। আমার চোখের সামনে কোনো মূর্তি ছিল না, কিন্তু হৃদয়ের মধ্যে আমি একটি হৃদয়ের রূপ দেখিতে লাগিলাম। সে যেন এই তারাময়ী রাত্রির মতো, আবৃত করিয়া ধরে কিন্তু তাহাকে ধরিতে পারা যায় না। ওগো সুর, অচেনা কণ্ঠের সুর, এক নিমেষে তুমি যে আমার চিরপরিচয়ের আসনটির উপরে আসিয়া বসিয়াছ। কী আশ্চর্য পরিপূর্ণ তুমি- চঞ্চল কালের ক্ষুব্ধ হৃদয়ের উপরে ফুলটির মতো ফুটিয়াছ, অথচ তার ঢেউ লাগিয়া একটি পাপড়িও টলে নাই, অপরিমেয় কোমলতায় এতটুকু দাগ পড়ে নাই।

গাড়ি লোহার মৃদঙ্গে তাল দিতে দিতে চলিল; আমি মনের মধ্যে গান শুনিতে শুনিতে চলিলাম। তাহার একটিমাত্র ধুয়া-"গাড়িতে জায়গা আছে।" আছে কি, জায়াগা আছে কি জায়াগা যে পাওয়া যায় না, কেউ যে কাকেও চেনে না। অথচ সেই না - চেনাটুকু যে কুয়াশামাত্র, সে যে মায়া, সেটা ছিন্ন হইলেই যে চেনার আর অন্ত নাই। ওগো সুধাময় সুর, যে হৃদয়ের অপরূপ রূপ তুমি, সে কি আমার চিরকালের চেনা নয়। জায়গা আছে আছে-শীঘ্র আসিতে ডাকিয়াছ, শীঘ্রই আসিয়াছি, এক নিমেষও দেরি করি নাই।

রাত্রে ভালো করিয়া ঘুম হইল না। প্রায় প্রতি স্টেশনে একবার করিয়া মুখ বাড়াইয়া দেখিলাম, ভয় হইতে লাগিল যাহাকে দেখা হইল না সে পাছে রাত্রে নামিয়া যায়।

পরদিন সকালে একটা বড় স্টেশনে গাড়ি বদল করিতে হইবে। আমাদের ফার্স্ট ক্লাসের টিকিট-মনে আশা ছিল, ভিড় হইবে না। নামিয়া দেখি, প্লাটফর্মে সাহেবেদের আর্দালি-দল আসবাবপত্র লইয়া গাড়ির জন্য অপেক্ষা করিতেছে। কোন এক ফৌজের বড় জেনারেল সাহেব ভ্রমণে বাহির হইয়াছেন। দুই-তিন মিনিট পরেই গাড়ি আসিল। বুঝিলাম, ফার্স্ট ক্লাসের আশা ত্যাগ করিতে হইবে। মাকে লইয়া কোন গাড়িতে উঠি সে এক বিষম ভাবনায় পড়িলাম। সব গাড়িতেই ভিড়। দ্বারে দ্বারে উঁকি মারিয়া বেড়াইতে লাগিলাম। এমন সময়ে সেকেণ্ড ক্লাসের গাড়ি হইতে একটি মেয়ে আমার মাকে লক্ষ্য করিয়া বলিলেন, "আপনারা আমাদের গাড়িতে আসুন না-এখানে জায়গা আছে।"

আমি তো চমকিয়া উঠিলাম। সেই আশ্চর্যমধুর কণ্ঠ এবং সেই গানেরই ধুয়া "জায়গা আছে।" ক্ষণমাত্র বিলম্ব না করিয়া মাকে লইয়া গাড়িতে উঠিয়া পরিলাম। জিনিসপত্র তুলিবার প্রায় সময় ছিল না। আমার মতো অক্ষম দুনিয়ায় নাই। সেই মেয়েটিই কুলিদের হাত হইতে তাড়াতাড়ি চলতি গাড়িতে আমাদের বিছানাপত্র টানিয়া লইল। আমার একটা ফটোগ্রাফ তুলিবার ক্যামেরা স্টেশনেই পড়িয়া রহিল-গ্রাহ্যই করিলাম না।

তার পরে -কী লিখিব জানি না। আমার মনের মধ্যে একটি অখণ্ড আনন্দের ছবি আছে- তাহাকে কোথায় শুরু করিব, কোথায় শেষ করিব? বসিয়া বসিয়া বাক্যের পর বাক্য যোজনা করিতে ইচ্ছা করে না।

এবার সেই সুরটিকে চোখে দেখিলাম; তখনো তাহাকে সুর বলিয়াই মনে হইল। মায়ের মুখের দিকে চাহিলাম; দেখিলাম তাঁর চোখে পলক পড়িতেছে না। মেয়েটির বয়স ষোলো কি সতেরো হইবে, কিন্তু নবযৌবন ইহার দেহে মনে কোথাও যেন একটুও ভার চাপাইয়া দেয় নাই। ইহার গতি সহজ, দীপ্তি নির্মল, সৌন্দর্যের শুচিতা অপূর্ব, ইহার কোনো জায়গায় কিছু জড়িমা নাই।

আমি দেখিতেছি, বিস্তারিত করিয়া কিছু বলা আমার পক্ষে অসম্ভব। এমন-কি সে যে কী রঙের কাপড় কেমন করিয়া পরিয়াছিল তাহাও ঠিক করিয়া বলিতে পারিব না। এটা খুব সত্য যে, তার বেশ ভূষায় এমন কিছুই ছিল না যেটা তাহাকে ছাড়াইয়া বিশেষ করিয়া চোখে পড়িতে পারে। সে নিজের চারিদিকের সকলের চেয়ে অধিক-রজনীগন্ধার শুভ্র মঞ্জরীর মতো সরল বৃন্তটির উপরে দাঁড়াইয়া, যে গাছে ফুটিয়াছে সে গাছকে সে একেবারে অতিক্রম করিয়া উঠিয়াছে। সঙ্গে দুটি-তিনটি ছোটো ছোটো মেয়ে ছিল, তাহাদিগকে লইয়া তাহার হাসি এবং কথার আর অন্ত ছিল না। আমি হাতে একখানা বই লইয়া সে দিকে কান পাতিয়া রাখিয়াছিলাম। যেটুকু কানে আসিতেছিল সে তো সমস্তই ছেলেমানুষদের সঙ্গে ছেলেমানুষি কথা। তাহার বিশেষত্ব এই যে, তাহার মধ্যে বয়সের তফাত কিছুমাত্র ছিল না- ছোটদের সঙ্গে সে অনায়াসে এবং আনন্দে ছোট হইয়া গিয়াছিল। সঙ্গে কতকগুলি ছবিওয়ালা ছেলেদের গল্পের বই-তাহারই কোনো-একটা বিশেষ গল্প শোনাইবার জন্য মেয়েরা তাহাকে ধরিয়া পড়িল। এ গল্প নিশ্চয় তারা বিশ-পঁচিশ বার শুনিয়াছে। মেয়েদের কেন যে এত আগ্রহ তাহা বুঝিলাম। সেই সুধাকণ্ঠের সোনার কাঠিতে সকল কথা যে সোনা হইয়া ওঠে। মেয়েটির সমস্ত শরীর মন যে একবারে প্রাণে ভরা, তার সমস্ত চলায় বলায় স্পর্শে প্রাণ ঠিকরিয়া ওঠে। তাই মেয়েরা যখন তার মুখে গল্প শোনে তখন গল্প নয়, তাহাকেই শোনে; তাহাদের হৃদয়ের উপর প্রাণের ঝর্না ঝরিয়া পড়ে। তার সেই উদ্ভাসিত প্রাণ আমার সেদিনকার সমস্ত সূর্য কিরণকে সজীব করিয়া তুলিল; আমার মনে হইল, আমাকে যে প্রকৃতি তাহার আকাশ দিয়া বেষ্টন করিয়াছে সেই ঐ তরুণীরই অক্লান্ত অম্লান প্রাণের বিশ্বব্যাপী বিস্তার। পরের স্টেশনে পৌঁছিতেই খাবারওয়ালাকে ডাকিয়া সে খুব খানিকটা চানা-মুঠ কিনিয়া লইল এবং মেয়েদের সঙ্গে মিলিয়া নিতান্ত ছেলেমানুষের মতো করিয়া কলহাস্য করিতে করিতে অসংকোচে খাইতে লাগিল। আমার প্রকৃতি যে জাল দিয়া বেড়া-আমি কেন বেশ সহজে হাসিমুখে মেয়েটির কাছে এই চানা একমুঠ চাহিয়া লইতে পারিলাম না। হাত বাড়াইয়া দিয়া কেন আমার লোভ স্বীকার করিলাম না।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

মা ভালো -লাগা এবং মন্দ-লাগার মধ্যে দোমনা হইয়াছিলেন। গাড়িতে আমি পুরুষমানুষ, তবু ইহার কিছুমাত্র সংকোচ নাই, বিশেষত এমন লোভীর মতো খাইতেছে, সেটা ঠিক তাঁর পছন্দ হইতেছিল না; অথচ ইহাকে বেহায়া বলিয়াও তাঁর ভ্রম হয় নাই। তাঁর মনে হইল, এ মেয়ের বয়স হইয়াছে কিন্তু শিক্ষা হয় নাই। মা হঠাৎ কারও সঙ্গে আলাপ করিতে পারেন না। মানুষের সঙ্গে দূরে দূরে থাকাই তাঁর অভ্যাস। এই মেয়েটির পরিচয় লইতে তাঁর খুব ইচ্ছা, কিন্তু স্বাভাবিক বাধা কাটাইয়া উঠিতে পারিতেছিলেন না।

এমন সময়ে গাড়ি একটা বড়ো স্টেশনে আসিয়া থামিল। সেই জেনারেল-সাহেবের একদল অনুসঙ্গী এই স্টেশন হইতে উঠিবার উদ্‌যোগ করিতেছে। গাড়িতে কোথাও জায়গা নাই। বার বার আমাদের গাড়ির সামনে দিয়া তারা ঘুরিয়া গেল। মা তো ভয়ে আড়ষ্ট, আমিও মনের মধ্যে শান্তি পাইতেছিলাম না।

গাড়ি ছাড়িবার অল্পকাল-পূর্বে একজন দেশি রেলওয়ে কর্মচারী নাম- লেখা দুইখানা টিকিট গাড়ির দুই বেঞ্চের শিয়রের কাছে লটকাইয়া দিয়া আমাকে বলিল, "এ গাড়ির এই দুই বেঞ্চ আগে হইতেই দুই সাহেব রিজার্ভ করিয়াছেন, আপনাদিগকে অন্য গাড়িতে যাইতে হইবে।"

আমি তো তাড়াতাড়ি ব্যস্ত হইয়া দাঁড়াইয়া উঠিলাম। মেয়েটি হিন্দিতে বলিল " না, আমরা গাড়ি ছাড়িব না।"
সে লোকটি রোখ করিয়া বলিল, "না ছাড়িয়া উপায় নাই।"

কিন্তু মেয়েটির চলিষ্ণুতার কোনো লক্ষণ না দেখিয়া সে নামিয়া গিয়া ইংরেজ স্টেশন-মাস্টারকে ডাকিয়া আনিল। সে আসিয়া আমাকে বলিল, "আমি দুঃখিত, কিন্তু-"
শুনিয়া আমি 'কুলি কুলি করিয়া ডাক ছাড়িতে লাগিলাম। মেয়েটি উঠিয়া দুই চক্ষে অগ্নিবর্ষণ করিয়া বলিল, "না, আপনি যাইতে পারিবেন না, যেমন আছেন বসিয়া থাকুন।"
বলিয়া সে দ্বারের কাছে দাঁড়াইয়া স্টেশন-মাস্টারকে ইংরেজি ভাষায় বলিল, "এ গাড়ি আগে হইতে রিজার্ভ করা, এ কথা মিথ্যা কথা।"
বলিয়া নাম লেখা টিকিটটি খুলিয়া প্লাটফর্মে ছুড়িয়া ফেলিয়া দিল।

ইতিমধ্যে আর্দালি-সমেত ইউনিফর্ম-পরা সাহেব দ্বারের কাছে আসিয়া দাঁড়াইয়াছে। গাড়িতে সে তার আসবাব উঠাইবার জন্য আর্দালিকে প্রথমে ইশারা করিয়াছিল। তাহার পর মেয়েটির মুখে তাকাইয়া, তার কথা শুনিয়া, ভাব দেখিয়া, স্টেশন-মাস্টারকে একটু স্পর্শ করিল এবং তাহাকে আড়ালে লইয়া গিয়া কী কথা হইল জানি না। দেখা গেল, গাড়ি ছাড়িবার সময় অতীত হইলেও আর-একটা গাড়ি জুড়িয়া তবে ট্রেন ছাড়িল। মেয়েটি তার দলবল লইয়া আবার একপত্তন চানা-মুঠ খাইতে শুরু করিল, আর আমি লজ্জায় জানলার বাহিরে মুখ বাড়াইয়া প্রকৃতির শোভা দেখিতে লাগিলাম।

কানপুরে গাড়ি আসিয়া থামিল। মেয়েটি জিনিসপত্র বাঁধিয়া প্রস্তুত- স্টেশনে একটি হিন্দুস্থানি চাকর ছুটিয়া আসিয়া ইহাদিগকে নামাইবার উদ্যোগ করিতে লাগিল।
মা তখন আর থাকিতে পারিলেন না। জিজ্ঞাসা করিলেন, "তোমার নাম কী মা।"
মেয়েটি বলিল, "আমার নাম কল্যাণী।"
শুনিয়া মা এবং আমি দুজনেই চমকিয়া উঠিলাম।
" তোমার বাবা-"
"তিনি এখানকার ডাক্তার, তাঁহার নাম শম্ভুনাথ সেন।'
তার পরেই সবাই নামিয়া গেল।

মামার নিষেধ অমান্য করিয়া, মাতৃ-আজ্ঞা ঠেলিয়া, তার পরে আমি কানপুরে আসিয়াছি। কল্যাণীর বাপ এবং কল্যাণীর সঙ্গে দেখা হইয়াছে। হাত জোড় করিয়াছি, মাথা হেঁট করিয়াছি; শম্ভুনাথবাবুর হৃদয় গলিয়াছে। কল্যাণী বলে, "আমি বিবাহ করিব না।"
আমি জিজ্ঞাসা করিলাম, "কেন।"
সে বলিল, "মাতৃ-আজ্ঞা।"
কী সর্বনাশ। এ পক্ষেও মাতুল আছে নাকি।

তার পরে বুঝিলাম, মাতৃভূমি আছে। সেই বিবাহ-ভাঙার পর হইতে কল্যাণী মেয়েদের শিক্ষার ব্রত গ্রহণ করিয়াছে।

কিন্তু আমি আশা ছাড়িতে পারিলাম না। সেই সুরটি যে আমার হৃদয়ের মধ্যে আজও বাজিতেছে- সে যেন কোন ওপারের বাঁশি-আমার সংসারের বাহির হইতে আসিল-সমস্ত সংসারের বাহিরে ডাক দিল। আর, সেই-যে রাত্রির অন্ধকারের মধ্যে আমার কানে আসিয়াছিল, "জায়গা আছে", সে যে আমার চিরজীবনের গানের ধুয়া হইয়া রহিল। তখন আমার বয়স ছিল তেইশ, এখন হইয়াছে সাতাশ। এখনো আশা ছাড়ি নাই, কিন্তু মাতুলকে ছাড়িয়াছি। নিতান্ত এক ছেলে বলিয়া মা আমাকে ছাড়িতে পারেন নাই।
তোমরা মনে করিতেছ, আমি বিবাহের আশা করি? না, কোনো কালেই না। আমার মনে আছে, কেবল সেই এক রাত্রির অজানা কণ্ঠের মধুর সুরের আশা-জায়গা আছে। নিশ্চয়ই আছে। নইলে দাঁড়াব কোথায়। তাই বৎসরের পর বৎসর যায় আমি এইখানেই আছি। দেখা হয়, সেই কণ্ঠ শুনি, যখন সুবিধা পাই কিছু তার কাজ করিয়া দিই-আর মন বলে, এই তো জায়গা পাইয়াছি। ওগো অপরিচিতা, তোমার পরিচয়ের শেষ হইল না, শেষ হইবে না; কিন্তু ভাগ্য আমার ভালো, এই তো আমি জায়গা পাইয়াছি।

শব্দার্থ ও টীকা

মাকাল ফল	দেখতে সুন্দর অথচ ভেতরে দুর্গন্ধ ও শাঁসযুক্ত খাওয়ার অনুপযোগী ফল। বিশেষ অর্থে গুণহীন।
অন্নপূর্ণা	অন্নে পরিপূর্ণা। দেবী দুর্গা।
গজানন	গজ (হাতি) আনন যার। গণেশ।
ফল্গু	ভারতের গয়া অঞ্চলের অন্তঃসলিলা নদী। নদীটির ওপরের অংশে বালির আস্তরণ কিন্তু ভেতরে জলস্রোত প্রবাহিত।
গণ্ডূষ	একমুখ বা এককোষ জল।
অন্তঃপুর	অন্দরমহল। ভেতরবাড়ি।
স্বয়ংবরা	যে মেয়ে নিজেই স্বামী নির্বাচন করে।
গুড়গুড়ি	আলবোলা। ফরসি। দীর্ঘ নলযুক্ত হুকাবিশেষ।
বাঁধা হুঁকা	সাধারণ মানুষের ব্যবহার্য নারকেল-খোলে তৈরি ধূমপানের যন্ত্রবিশেষ।
উমেদারি	প্রার্থনা। চাকরির আশায় অন্যের কাছে ধরনা দেওয়া।
পশ্চিমে	এখানে ভারতের পশ্চিম অঞ্চলকে বোঝানো হয়েছে।
আন্দামান দ্বীপ	ভারতীয় সীমানাভুক্ত বঙ্গোপসাগরের দ্বীপবিশেষ। স্বদেশি আন্দোলনের যুগে রাজবন্দিদের নির্বাসন শাস্তি দিয়ে আন্ডামান বা আন্দামানে পাঠানো হতো।
কোন্নগর	কলকাতার নিকটস্থ একটি স্থান।
মনু	বিধানকর্তা বা শাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ।
মনু সংহিতা	মনু-প্রণীত মানুষের আচরণবিধি সংক্রান্ত গ্রন্থ।
প্রজাপতি	জীবের স্রষ্টা। ব্রহ্মা। ইনি বিয়ের দেবতা।
পঞ্চশর	মদনদেবের ব্যবহার্য পাঁচ ধরনের বাণ।
কন্সর্ট	নানা রকম বাদ্যযন্ত্রের ঐকতান।
অভিষিক্ত	অভিষেক করা হয়েছে এমন।
সওগাদ	উপঢৌকন। ভেট।
লোক-বিদায়	পাওনা পরিশোধ। এখানে অনুষ্ঠানের শেষে পাওনাদারদের পাওনা পরিশোধের কথা বলা হয়েছে।
দেওয়া-থোওয়া	বিয়ের যৌতুক ও আনুষঙ্গিক খরচ বোঝাতে কথাটি বলা হয়েছে।
কষ্টিপাথর	যে পাথরে ঘষে সোনার খাঁটিত্ব যাচাই পরীক্ষা করা হয়।
মকরমুখো	মকর বা কুমিরের মুখের অনুরূপ।
দক্ষযজ্ঞ	প্রজাপতি দক্ষ কর্তৃক অনুষ্ঠিত যজ্ঞ। এ যজ্ঞে পতিনিন্দা শুনে সতী দেহত্যাগ করেন। স্ত্রীর মৃত্যুসংবাদ শুনে শিব অনুচরসহ যজ্ঞস্থলে পৌঁছে যজ্ঞ ধ্বংস করে দেন এবং সতীর শব কাঁধে তুলে নিয়ে প্রলয় নৃত্যে মত্ত হন। এখানে প্রলয়কাণ্ড বা হট্টগোল বোঝাচ্ছে।
রসনচৌকি	শানাই, ঢোল ও কাঁসি- এই তিন বাদ্যযন্ত্রে সৃষ্ট ঐকতানবাদন।
অভ্র	এক ধরনের খনিজ ধাতু। Mica.
অভ্রের ঝাড়	অভ্রের তৈরি ঝাড়বাতি।
মহানির্বাণ	সবরকমের বন্ধন থেকে মুক্তি।
কলি	পুরাণে বর্ণিত শেষ যুগ। কলিযুগ। কলিকাল।
এয়ারিং	কানের দুল। Earring.
পাকযন্ত্র	পাকস্থলী।
প্রদোষ	সন্ধ্যা।
একচক্ষু লণ্ঠন	একদিক খোলা তিনদিক ঢাকা বিশেষ ধরনের লণ্ঠন, যা রেলপথের সংকেত দেখানোর কাজে ব্যবহৃত হয়।
মৃদঙ্গ	মাটির খোলের দুপাশে চামড়া লাগানো এক ধরনের বাদ্যযন্ত্র।
ধুয়া	গানের যে অংশ দোহাররা বারবার পরিবেশন করে।
জড়িমা	আড়ষ্টতা। জড়ত্ব।
মঞ্জরী	কিশলয়যুক্ত কচি ডাল। মুকুল।
একপত্তন	একপ্রস্থ।
কানপুর	ভারতের একটি শহর।
তার পরে বুঝিলাম,	কল্যাণী যে দেশমাতৃকার সেবায় আত্মনিয়োগ করেছে

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

মাতৃভূমি আছে	অনুপমের এই আত্মোপলব্ধি এখানে প্রকাশিত।
এ জীবনটা না দৈর্ঘ্যের হিসাবে বড়ো, না গুণের হিসাবে	গল্পের কথক চরিত্র অনুপমের আত্মসমালোচনা। পরিমাণ ও গুণ উভয় দিক দিয়েই যে তার জীবনটি নিতান্তই তুচ্ছ সে কথাই এখানে ব্যক্ত হয়েছে।
আমি অন্নপূর্ণার কোলে গজাননের ছোটো ভাইটি	দেবী দুর্গার দুই পুত্র; অগ্রজ গণেশ ও অনুজ কার্তিকেয়। মা দুর্গার কোলে থাকা দেব-সেনাপতি কার্তিকেয়কে বোঝানো হয়েছে। ব্যঙ্গার্থে প্রয়োগ।
ফল্গুর বালির মতো তিনি ... শুষিয়া লইয়াছেন	অনুপম তার মামার চরিত্র-বৈশিষ্ট্য প্রসঙ্গে কথাটি বলেছে। সংসারের সমস্ত দায়-দায়িত্ব পালনে তার ভূমিকা এখানে উপমার মাধ্যমে ব্যক্ত করা হয়েছে।
কালে ইহাদের বংশে লক্ষ্মীর মঙ্গলঘট ভরা ছিল	লক্ষ্মী ধন ও ঐশ্বর্যের দেবী। মঙ্গলঘট তাঁর প্রতীক। কল্যাণীদের বংশে একসময় লক্ষ্মীর কৃপায় ঐশ্বর্যের ঘট পূর্ণ ছিল।
'বর্বর কোলাহলের মত্ত হস্তী দ্বারা ... বিবাহ-বাড়িতে গিয়া উঠিলাম'	অনুপম নিজের বিবাহযাত্রার পরিস্থিতি বর্ণনায় সুরশূন্য বিকট কোলাহলের সঙ্গে সংগীত সরস্বতীর পদ্মবন দলিত হওয়ার তুলনা করেছে।
মকরমুখো মোটা একখানা বালা	মকরের মুখাকৃতিযুক্ত হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
কলি যে চারপোয়া হইয়া আসিল	কলিকাল পরিপূর্ণরূপে আত্মপ্রকাশ করল।
গাড়ি লোহার মৃদঙ্গে তাল দিতে দিতে চলিল	চলন্ত রেলগাড়ির অবিরাম ধাতব ধ্বনি বোঝানো হয়েছে।
ফলের মতো গুটি	গুটি এক সময় পূর্ণ ফলে পরিণত হয়। কিন্তু গুটিই যদি ফলের মতো হয় তাহলে তার অসম্পূর্ণ সারবত্তা প্রকট হয়ে ওঠে। নিজের নিষ্ফল জীবনকে বোঝাতে অনুপমের ব্যবহৃত উপমা।
অবকাশের মরুভূমি এক	আনন্দহীন প্রচুর অবসর বোঝানো হয়েছে।

লেখক পরিচিতি

লেখক	প্রকৃত নাম : রবীন্দ্রনাথ ঠাকুর। ছদ্মনাম : ভানুসিংহ ঠাকুর।
জন্ম পরিচয়	**জন্ম** : ৭ মে ১৮৬১ খ্রি. (২৫ বৈশাখ ১২৬৮ বঙ্গাব্দ), জোড়াসাঁকো, কলকাতা, ভারত। **পিতা** : মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর। **মাতা** : সারদা দেবী। **পিতামহ** : প্রিন্স দ্বারকানাথ ঠাকুর।
শিক্ষাজীবন	রবীন্দ্রনাথ বাল্যকালে ওরিয়েন্টাল সেমিনারি, নর্মাল স্কুল, বেঙ্গল একাডেমী, সেন্ট জেভিয়ার্স স্কুল প্রভৃতি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করলেও স্কুলের পাঠ শেষ করতে পারেন নি। ১৭ বছর বয়সে ব্যারিস্টারি পড়তে ইংল্যান্ড গেলেও কোর্স সম্পন্ন করা সম্ভব হয় নি। তবে গৃহশিক্ষকের কাছ থেকে জ্ঞানার্জনের কোনো ত্রুটি হয় নি।
পেশা/ কর্মজীবন	১৮৮৪ খ্রি. থেকে রবীন্দ্রনাথ তাঁর পিতার আদেশে বিষয়কর্ম পরিদর্শনে নিযুক্ত হন এবং ১৮৯০ থেকে দেশের বিভিন্ন অঞ্চলে জমিদারি দেখাশোনা করেন। এ সূত্রে তিনি কুষ্টিয়ার শিলাইদহ ও সিরাজগঞ্জের শাহজাদপুরে দীর্ঘ সময় অবস্থান করেন।
পুরস্কার ও সম্মাননা	নোবেল পুরস্কার (১৯১৩), কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক ডি-লিট (১৯১৩), ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ডি. লিট. (১৯৩৬), অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক ডি-লিট (১৯৪০)।
জীবনাবসান	৭ আগস্ট ১৯৪১ খ্রিস্টাব্দ (২২ শ্রাবণ ১৩৪৮ বঙ্গাব্দ)।
সাহিত্যকর্ম	
কাব্য	কবিকাহিনী, কড়ি ও কোমল, প্রভাত সংগীত, সন্ধ্যা সংগীত, সানাই, মানসী, সোনার তরী, চিত্রা, চৈতালী, ক্ষণিকা, নৈবেদ্য, গীতাঞ্জলি, বলাকা, পূরবী, পুনশ্চ, মহুয়া, কল্পনা, পত্রপুট, বিচিত্রা, সেঁজুতি, জন্মদিনে, শেষলেখা বিশেষ উল্লেখযোগ্য।
উপন্যাস	বৌঠাকুরাণীর হাট, গোরা, ঘরে-বাইরে, চতুরঙ্গ, চোখের বালি, নৌকাডুবি, যোগাযোগ, রাজর্ষি, শেষের কবিতা, চার অধ্যায় প্রভৃতি।
কাব্যনাট্য	চিত্রাঙ্গদা, বসন্ত, বিদায় অভিশাপ, বিসর্জন, রাজা ও রাণী প্রভৃতি।
নাটক	অচলায়তন, চিরকুমার সভা, ডাকঘর, মুকুট, মুক্তির উপায়, রক্তকরবী, রাজা।
গল্পগ্রন্থ	গল্পগুচ্ছ, গল্পসল্প, তিনসঙ্গী, লিপিকা, সে, কৈশোরক প্রভৃতি।
প্রবন্ধগ্রন্থ	বিচিত্র প্রবন্ধ, শিক্ষা, শব্দতত্ত্ব, কালান্তর, সভ্যতার সংকট।
ভ্রমণকাহিনি	জাপানযাত্রী, পথের সঞ্চয়, পারস্য, রাশিয়ার চিঠি, য়ুরোপ যাত্রীর ডায়েরী, য়ুরোপ প্রবাসীর পত্র প্রভৃতি।

ছন্দে ছন্দে রবীন্দ্র রচনাসমূহ

- **উপন্যাস :** রাজর্ষি ও গোরা ঘরে-বাইরে পরস্পর চোখের বালি। তারা বউ ঠাকুরাণীর হাট ও চতুরঙ্গ দেখতে মালঞ্চকে নিয়ে যাই করল নৌকাডুবিতে তার মৃত্যু হলো। পরে শেষের কবিতার চার অধ্যায়ে তার প্রতি করুণা প্রকাশ করা হলেও যোগাযোগ করা যায়নি।
- **কাব্যগ্রন্থ :** কবি কাহিনীর বনফুল বলাকা ও শ্যামলী বান্ধবী মহুয়ার নবজাতক কল্পনার জন্মদিন উপলক্ষে শৈশবের (শৈশব সংগীত) প্রভাতে (প্রভাত সংগীত) সানাই বাজিয়ে সন্ধ্যা সঙ্গীতের আয়োজন করে।
  বীথিকা, কড়ি ও কোমল নিয়ে সেঁজুতিতে সোনারতরী নামক খেয়ায় চিত্রানদী পার হয়ে জানতে পারলো মানসী রোগসজ্জায় থাকলেও চৈতালীতে আরোগ্য হয়ে ক্ষণিকের জন্য স্মরণ করল পুনশ্চ গীতাঞ্জলি শেষ লেখা **রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থ।**
- **নাটক :** তাসের দেশের রাজা রবীন্দ্রনাথ পৃথ্বিরাজের ঘোড়ায় চড়ে নটীর পূজায় রক্তকরবী বিসর্জন দিতে গেলেন। সেখানে মুক্তধারা নাট্যদল অচলায়তনে বসন্তের নাটক পরিবেশন করছিল। ডাকঘরের চিরকুমার সভায় সিদ্ধান্ত হলো এ কালের যাত্রায় চিত্রাঙ্গদার মত প্রতিভা (বাল্মীকি প্রতিভা) খুব বিরল। কিন্তু লম্পট অধিকারিণীর মায়ার খেলায় বাশরী, তাপসী, শ্যামা, ফাল্গুনী চার বোনের একজন ও পরিত্রাণ পেলেন না।
- **চিত্রনাট্য :** শ্যামা মালিনী চিত্রনাট্য তৈরির জন্য চিত্রাঙ্গদা এবং চণ্ডালিকাকে বেছে নিল।
- **ভ্রমণকাহিনি :** জাপানের যাত্রীরা রাশিয়ার চিঠি পড়ে ইউরোপ সম্পর্কে জানতে পারল।
- **প্রবন্ধগ্রন্থ :** স্বদেশের আধুনিক সাহিত্যের পাশাপাশি প্রাচীন ও লোক সাহিত্য বিচিত্র প্রবন্ধে সমৃদ্ধ করেছে। ফলে কালান্তরে সভ্যতার সংকট থেকে পঞ্চভূতও দূর হবে।

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- রবীন্দ্রনাথ মাতা-পিতার চতুর্দশ সন্তান ও অষ্টম পুত্র।
- তিনি কবিতা রচনা করতে আরম্ভ করেন– আট বছর বয়সে।
- তাঁর প্রথম কবিতাটির নাম ছিল– 'হিন্দুমেলার উপহার'।
- রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থের নাম– 'কবিকাহিনী' (প্রকাশকাল : ১৮৭৮)।
- রবীন্দ্রনাথের প্রথম প্রকাশিত নাটকের নাম– 'বাল্মীকি প্রতিভা' (প্রকাশকাল : ১৮৮১)
- রবীন্দ্রনাথের 'রুদ্রচণ্ড' নাটক নয়। এতে সামান্য নাটকীয়তা আছে মাত্র। রুদ্রচণ্ডও প্রকাশিত হয়– ১৮৮১ সালে।
- রবীন্দ্রনাথের প্রথম প্রকাশিত উপন্যাসের নাম– বৌঠাকুরাণীর হাট (প্রকাশকাল : ১৮৮৩)।
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্প রচয়িতা এবং বাংলা ছোটগল্পের শ্রেষ্ঠ শিল্পী।
- ১২৮৪ বঙ্গাব্দে মাত্র ষোলো বছর বয়সে ভিখারিনী গল্প রচনার মাধ্যমে ছোটগল্পের লেখক হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মপ্রকাশ ঘটে।
- রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সর্বশেষ গল্পটির নাম– মুসলমানীর গল্প।
- কুষ্টিয়ার শিলাইদহে বসবাসের কালই রবীন্দ্রনাথের ছোটগল্প রচনার– স্বর্ণযুগ।
- রবীন্দ্রনাথকে বলা হয়– বাংলা ছোটগল্পের জনক।
- প্রথম জীবনে রবীন্দ্রনাথের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য কবিতা– 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' (আজি এ প্রভাতে রবির কর/কেমনে পশিল প্রাণের পর)।
- কবি 'শান্তিনিকেতনে' পাকাপাকিভাবে বসবাস শুরু করেন– ১৯০১ সালে।
- কবি শান্তিনিকেতনে 'ব্রহ্মচর্যাশ্রম' নামে একটি আবাসিক বিদ্যালয় স্থাপন করেন– ১৯০১ সালে।
- 'গীতাঞ্জলি' কাব্য প্রকাশিত হয়– ১৯১০ সালে।
- 'গীতাঞ্জলি'র অনুবাদ Song Offerings নামে প্রকাশিত হয়– ১৯১২ সালে
- Song Offerings এর ভূমিকা লেখেন– ইংরেজ কবি W. B. Yeats.
- রবীন্দ্রনাথ 'গীতাঞ্জলি' কাব্যের জন্য নোবেল পুরস্কার পান– ১৯১৩ সালের নভেম্বর মাসে।
- শান্তিনিকেতন থেকে তাঁর নোবেল পদক চুরি হয়ে যায়– ২৪ মার্চ ২০০৪ দিবাগত রাতে।
- ব্রিটিশ সরকার তাঁকে নাইটহুড বা 'স্যার' উপাধি প্রদান করেন– ১৯১৫ সালের ৩রা জুন।
- তিনি পাঞ্জাবের জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের (১৩/৪/১৯১৯) প্রতিবাদে 'স্যার' উপাধি বর্জন করেন– ১৯১৯ সালের এপ্রিলে।
- রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যুর পর প্রকাশিত শেষ কাব্যগ্রন্থ– শেষলেখা (১৯৪১)।
- ভ্রাতুষ্পুত্রী ইন্দিরা দেবীকে লেখা চিঠির সমাহার– ছিন্নপত্র (প্রকাশ : ১৯১২)।
- রবীন্দ্রনাথ ঠাকুরের উপাধি– বিশ্বকবি।
- রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী গ্রন্থের নাম– জীবনস্মৃতি (১৯১২)।
- রবীন্দ্রনাথ কাজী নজরুলকে উৎসর্গ করেন– বসন্ত নাটকটি (প্রকাশ : ফাল্গুন ১৩২৯)।
- রবীন্দ্রনাথের শ্রেষ্ঠ কাব্যসংকলনের নাম– সঞ্চয়িতা।
- বাংলা সাহিত্যে প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাসের নাম– চোখের বালি (১৯০৩)।
- আমার সোনার বাংলা গানের সুরকার– স্বয়ং রবীন্দ্রনাথ। (এ গানে বাউল গগন হরকরার সুরের প্রভাব পড়েছিল)।
- বাংলাদেশের কোনো এটিমা অনুষ্ঠানে জাতীয় সঙ্গীত বাদ্যযন্ত্রে বাজানো হয়– প্রথম ৪ পঙ্ক্তি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- বিবিসির বাংলা বিভাগ পরিচালিত জরিপে (২০০৪) সর্বকালের শ্রেষ্ঠ বাঙালির তালিকায় রবীন্দ্রনাথের স্থান– **দ্বিতীয়**।
- রবীন্দ্রনাথ জমিদারি পরিদর্শনে **শাহজাদপুরে** আসেন– **১৮৯০ খ্রিস্টাব্দে**।
- রবীন্দ্রনাথ কলকাতা থেকে কুষ্টিয়ার শিলাইদহ আসেন– **১৮৯২ সালে**।
- তিনি **'সোনার তরী'** কাব্য রচনা করেন– **১৮৯২ সালে কুষ্টিয়ার শিলাইদহতে বসে**।
- রবীন্দ্রনাথ ঠাকুরের দ্বিতীয় প্রকাশিত কাব্যগ্রন্থ– **বনফুল** (প্রকাশকাল ১৮৮০)।
- রবীন্দ্রনাথ ঢাকায় আসেন– **১৮৯৮ সালে প্রথমবার; ১৯২৬ সালে দ্বিতীয়বার**।
- কত তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্রনাথ তাঁর প্রথম বক্তৃতা দেন কোথায়– **১৯২৬ সালের ১০ ফেব্রুয়ারি; কার্জন হলে**।
- এই বক্তৃতার শিরোনাম ছিল– **The Meaning of Art.**
- তিনি কার্জন হলে দ্বিতীয় বক্তৃতা দান করেন– **১৯২৬ সালের ১৩ ফেব্রুয়ারি**।
- রবীন্দ্রনাথের দ্বিতীয় বক্তৃতার শিরোনাম ছিল– **The Rule of the Giant.**
- ঢাকা বিশ্ববিদ্যালয় রবীন্দ্রনাথকে প্রদান করে– **ডক্টর অব লিটারেচার** (ডি.লিট. ১৯৩৬)।
- রবীন্দ্রনাথকে যখন ডি.লিট. ডিগ্রি দেওয়া হয়, তখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন– **এ.এফ. রহমান** (প্রথম বাঙালি উপাচার্য)।
- রবীন্দ্রনাথ ঠাকুর কোন কোন পত্রিকা সম্পাদনা করেন– **সাধনা (১৮৯৪), ভারতী (১৮৯৮), বঙ্গদর্শন (১৯০১), তত্ত্ববোধিনী (১৯১১)**।
- রবীন্দ্রনাথের গদ্যকবিতা রচনা যে গ্রন্থ দিয়ে শুরু– **পুনশ্চ**।
- 'প্রায়শ্চিত্ত' নাটক ভেঙে রবীন্দ্রনাথ যে নাটক রচনা করেছিলেন– **পরিত্রাণ**।
- তিনি তাঁর নিজের আঁকা ছবিগুলোকে কী বলেছেন– **শেষ বয়সের প্রিয়া**।

'অপরিচিতা' গল্প সম্পর্কিত তথ্যাবলি

- **উৎস :** 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। এটি প্রথম গ্রন্থভুক্ত হয় রবীন্দ্রগল্পের সংকলন 'গল্পসপ্তক'-এ এবং পরে, 'গল্পগুচ্ছ' তৃতীয় খণ্ডে (১৯২৭)। 'অপরিচিতা' উত্তম পুরুষের জবানিতে লেখা গল্প। 'অপরিচিতা' মনস্তাপে ভেঙে পড়া এক ব্যক্তিত্বহীন যুবকের স্বীকারোক্তির গল্প, তার পাপস্খলনের অকপট কথামালা।
- **প্রথম লাইন-** আজ আমার বয়স সাতাশ মাত্র।
- **শেষ লাইন-** ওগো অপরিচিতা, তোমার পরিচয়ের শেষ হইল না, শেষ হইবে না; কিন্তু ভাগ্য আমার ভালো, এই তো আমি জায়গা পাইয়াছি।
- **ভাষারীতি :** সাধুরীতি।

গুরুত্বপূর্ণ লাইন

- আজ আমার বয়স সাতাশ মাত্র।
- ছেলেবেলায় আমার সুন্দর চেহারা লইয়া পণ্ডিতমশায় আমাকে শিমুল ফুল ও মাকাল ফলের সহিত তুলনা করিয়া, বিদ্রূপ করিবার সুযোগ পাইয়াছিলেন।
- আমার পিতা এক কালে গরিব ছিলেন। ওকালতি করিয়া তিনি প্রচুর টাকা রোজগার করিয়াছেন, ভোগ করিবার সময় নিমেষমাত্রও পান নাই।
- মার হাতেই আমি মানুষ।
- আজও আমাকে দেখিলে মনে হইবে, আমি অন্নপূর্ণার কোলে গজাননের ছোটো ভাইটি।
- আমার আসল অভিভাবক আমার মামা। তিনি আমার চেয়ে বড়োজোর বছর ছয়েক বড়।
- কন্যার পিতা মাত্রেই স্বীকার করিবেন, আমি সৎপাত্র।
- যিনি পৃথিবীতে আমার ভাগ্যদেবতার প্রধান এজেন্ট, বিবাহ সম্বন্ধে তাঁর একটা বিশেষ মত ছিল।
- আমার বন্ধু হরিশ কানপুরে কাজ করে।
- এই অবকাশের মরুভূমির মধ্যে আমার হৃদয় তখন বিশ্বব্যাপী নারীরূপের মরীচিকা দেখিতেছিল- আকাশে তাহার দৃষ্টি, বাতাসে তাহার নিঃশ্বাস, তরুমর্মরে তাহার গোপন কথা।
- মেয়ের চেয়ে মেয়ের বাপের খবরটাই তাঁহার কাছে গুরুতর।
- এক কালের ইহাদের বংশে লক্ষ্মীর মঙ্গলঘট ভরা ছিল।
- দেশে বংশমর্যাদা রাখিয়া চলা সহজ নয় বলিয়া ইনি পশ্চিমে গিয়া বাস করিতেছেন।
- মেয়ের বয়স যে পনেরো, তাই শুনিয়া মামার মন ভার হইল।
- একে তো বরের হাট মহার্ঘ, তাহার পরে ধনুক-ভাঙা পণ, কাজেই বাপ কেবলই সবুর করিতেছেন– কিন্তু মেয়ের বয়স সবুর করিতেছে না।
- কলিকাতার বাহিরে বাকি যে পৃথিবীটা আছে সমস্তটাকেই মামা আন্দামান দ্বীপের অন্তর্গত বলিয়া জানেন।
- বিনুদা ফিরিয়া আসিয়া বলিলেন, "মন্দ নয় হে! খাঁটি সোনা বটে!"
- বিনুদাদার ভাষাটা অত্যন্ত আঁট।
- আমার ভাগ্যে প্রজাপতির সঙ্গে পঞ্চশরের কোনো বিরোধ নাই।
- বিবাহ-উপলক্ষে কন্যাপক্ষকেই কলিকাতায় আসিতে হইল।
- ব্যান্ড, বাঁশি, শখের কন্সর্ট প্রভৃতি যেখানে যতপ্রকার উচ্চ শব্দ আছে সমস্ত একত্র মিশাইয়া বর্বর কোলাহলের মত্ত হস্তী দ্বারা সংগীত সরস্বতীর পদ্মবন দলিত বিদলিত করিয়া আমি তো বিবাহ-বাড়িতে গিয়া উঠিলাম।
- 'বাবাজি, একবার এই দিকে আসতে হচ্ছে।'
- মামা বলিলেন, 'অনুপম এখানে কী করিবে। ও সভায় গিয়া বসুক।'
- শম্ভুনাথ বলিলেন, 'না, সভায় নয়, এখানেই বসিতে হইবে।'
- স্যাকরা কহিল, 'ইহা বিলাতি মাল, ইহাতে সোনার ভাগ সামান্যই আছে।'
- ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই।
- শম্ভুনাথ কহিলেন, 'আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে কর[...] তাদের হাতে আমি কন্যা দিতে পারি না।'
- বিবাহ হইল না অথচ আমাদের ফাঁকি দিয়া খাওয়াইয়া দিল- পাকযন্ত্রটাকে সম[...] অন্নসুদ্ধ সেখানে টান মারিয়া ফেলিয়া দিয়া আসিতে পারিলে তবে আফসোস মিটিত।
- হরিশের কাছে শুনিয়াছি, মেয়েটিকে আমার ফটোগ্রাফ দেখানো হইয়াছিল।
- 'শিগগির চলে আয় এই গাড়িতে জায়গা আছে।'
- চিরকাল গলার স্বর আমার কাছে বড়ো সত্য।
- রূপ জিনিসটি বড়ো কম নয়, কিন্তু মানুষের মধ্যে যাহা অন্তরতম এবং অনির্বচনী[...] আমার মনে হয় কণ্ঠস্বর যেন তারই চেহারা।
- ওগো সুর, অচেনা কণ্ঠের সুর, এক নিমেষে তুমি যে আমার চিরপরিচয়ের আসনটি[...] উপরে আসিয়া বসিয়াছ।
- তাহার একটিমাত্র ধুয়া-'গাড়িতে জায়গা আছে।'
- মেয়েটির বয়স ষোলো কি সতেরো হইবে, কিন্তু নবযৌবন ইহার দেহে মনে কোথা[...] যেন একটুও ভার চাপাইয়া দেয় নাই।
- ইহার গতি সহজ, দীপ্তি নির্মল, সৌন্দর্যের শুচিতা অপূর্ব, ইহার কোনো জায়গায় কি[...] জড়িমা নাই।
- 'না, আমরা গাড়ি ছাড়িব না।'
- সে বলিল, 'মাতৃ-আজ্ঞা।'
- তার পরে বুঝিলাম, মাতৃভূমি আছে।
- সেই-যে রাত্রির অন্ধকারের মধ্যে আমার কানে আসিয়াছিল, 'জায়গা আছে', সেই[...] আমার চিরজীবনের গানের ধুয়া হইয়া রহিল।
- তখন আমার বয়স ছিল তেইশ, এখন হইয়াছে সাতাশ।
- কেবল সেই এক রাত্রির অজানা কণ্ঠের মধুর সুরের আশা-জায়গা আছে।
- ওগো অপরিচিতা, তোমার পরিচয়ের শেষ হইল না, শেষ হইবে না; কিন্তু ভাগ্য আ[মার] ভালো, এই তো আমি জায়গা পাইয়াছি।

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : কোন গল্প রচনার মাধ্যমে রবীন্দ্রনাথ ছোটগল্পের ময়দানে পদার্পণ করেন?– **ভিখারি[...]**

প্র : গল্পের অনুপম কোন সময়কার বাঙালি যুবক?– **বিশ শতকের দ্বিতীয় দশকের [...] সংলগ্ন সময়ের।**

প্র : মামাকে ভাগ্য দেবতার প্রধান এজেন্ট বলা হয়েছে কেন?– **মতামতের জন্য।**

প্র : গজানন কাকে বলে? অথবা গজানন শব্দের অর্থ কী?– **গজ (হাতি) আনন যার/ গণে[...]**

প্র : 'আন্দামান দ্বীপ' কোন সাগরের সীমানাভুক্ত?– **বঙ্গোপসাগরের।**

প্র : রবীন্দ্রনাথ ঠাকুর কোন অভিধায় সম্ভাষিত?– **বিশ্বকবি।**

প্র : 'গল্পগুচ্ছে' কতটি গল্প সংকলিত হয়েছে?– **৯৫টি।**

প্র : রবীন্দ্রনাথ ঠাকুর কুষ্টিয়ার শিলাইদহে বসবাস করেছিলেন কেন?– **জমিদা[রি] দেখাশোনার জন্য।**

প্র : অনুপমের আসল অভিভাবক কে?– **মামা।**

প্র : রবীন্দ্রনাথ ঠাকুর বিশ শতকে যেসব ছোটগল্প লিখেছেন সেখানে কী প্রাধান্য পেয়েছে?– **বাস্তবতা[...]**

প্র : দৈর্ঘ্যে বা গুণের হিসেবে কোন জীবনটা বড় নয়?– **সাতাশ বছর বয়সের জীবন।**

প্র : সাতাশ বছর বয়সের একটু কী আছে?– **বিশেষ মর্যাদা।**

প্র : 'অপরিচিতা' গল্পে ফুলের বুকের উপর কী এসে বসেছিল?– **ভ্রমর।**

প্র : 'সেই ইতিহাসটুকু আকারে ছোট।'– এখানে কিসের ইতিহাসের কথা বলা হয়ে[ছে]?– **অনুপমের সাতাশ বছরের জীবনের।**

প্র : কারা অনুপমের ছোট লেখার রস বুঝবেন?– **ছোটকে যারা সামান্য বলে ভুল করেন না[...]**

প্র : অনুপমের শিক্ষাগত যোগ্যতা কী?– **এম.এ.।**

প্র : ছেলেবেলায় অনুপমের সুন্দর চেহারা নিয়ে পণ্ডিত মশায় তাকে কোন ফুলের সঙ্গে তু[লনা] করতেন?– **শিমুল।**

প্র : অনুপমের পিতা অর্জিত সম্পত্তি ভোগ করার সময় নিমেষমাত্র না পাওয়ার কারণ কী?– **অকাল[...]**

প্র : অনুপমের মা কেমন ঘরের মেয়ে?– **গরিবের।**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

প্র : কাকে দেখলে অন্নপূর্ণার কোলে গজাননের ছোট ভাই বলে মনে হবে?– **অনুপমকে।**

প্র : অনুপমের থেকে তার মামা বড়জোর কত বছরের বড়?– **ছয়।**

প্র : 'অপরিচিতা' গল্পে 'ফল্গুর বালি' বলতে বুঝানো হয়েছে– **সবকিছু আগলে রাখা।**

প্র : কন্যার পিতামাত্রেই কী স্বীকার করবেন?– **গল্পকথক একজন সৎপাত্র।**

প্র : অনুপম নিতান্তই ভালো মানুষ কেন?– **ভালো মানুষ হওয়ার কোনো ঝঞ্ঝাট নাই বলে।**

প্র : হরিশ ছুটিতে কোথায় এসেছিল?– **কলিকাতায়।**

প্র : অনুপমের 'মন উতলা' বলতে কী বুঝানো হয়েছে?– **আকুলতা।**

প্র : 'ওহে, মেয়ে যদি বল একটি খাসা মেয়ে আছে।' এ বক্তব্যে কী ফুটে উঠেছে?– **একটি চমৎকার পাত্রীর বর্ণনা।**

প্র : 'অপরিচিতা' গল্পে অনুপম 'এই অবকাশ' বলতে কোন সময়ে বোঝানো হয়েছে?– **এম. এ. পাসের পরের সময়।**

প্র : কোন বাতাসে অনুপমের শরীর মন কাঁপতে লাগল– **বসন্তের।**

প্র : হরিশ কোন বিষয়ে অদ্বিতীয় ছিল?– **আসর জমাতে।**

প্র : কার মন ছিল তৃষ্ণার্ত?– **অনুপমের।**

প্র : মামা কাকে পেলে ছাড়তে চান না?– **হরিশকে।**

প্র : মামার কাছে মেয়ের চেয়ে বাপের খবরটা কেমন?– **গুরুতর।**

প্র : 'অপরিচিতা' গল্পে উল্লেখকৃত কার পেছনে মেয়ের বাপের লক্ষীর ঘটটি উপুড় করে দিতে দ্বিধা হবে না?– **মেয়ের।**

প্র : 'ধনুক-ভাঙা পণ' শব্দটি ব্যাকরণের কোন অংশে আলোচিত হতে দেখা যায়?– **বাগধারায়।**

প্র : অনুপমের মামার মন নরম হলো কেন?– **মেয়ের বাবার অর্থের লোভে।**

প্র : 'অপরিচিতা' গল্পে 'বিবাহের ভূমিকা-অংশটা' বলতে কী বোঝানো হয়েছে?– **মেয়ের খোঁজ খবর।**

প্র : কলিকাতার বাইরে বাকি পৃথিবীটাকে মামা কিসের অন্তর্গত বলে মনে করেন?– **আন্দামান দ্বীপ।**

প্র : কলিকাতার বাইরে বাকি পৃথিবীটাকে আন্দামান দ্বীপের অন্তর্গত মনে করায় মামার চরিত্রের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে?– **কূপমণ্ডূকতা।**

প্র : 'অপরিচিতা' গল্পের কথকের মনের মধ্যে কী ইচ্ছা ছিল?– **যৌতুক ছাড়াই বিয়ে করার।**

প্র : অনুপমের নিজের চোখে মেয়ে দেখা হলো না কেন?– **সাহস করে প্রস্তাব করতে না পারায়।**

প্র : বিনুদাদা ফিরে এসে মেয়ে সম্পর্কে কী বললেন?– **খাঁটি সোনা বটে।**

প্র : বিয়ে উপলক্ষে কন্যাপক্ষকে কোথায় আসতে হলো?– **কলকাতায়।**

প্র : 'অপরিচিতা' গল্পের কন্যার পিতার নাম কী?– **শম্ভুনাথ সেন।**

প্র : বিয়ের কত দিন পূর্বে কন্যার পিতা পাত্রকে দেখেন?– **তিন দিন।**

প্র : 'অপরিচিতা' গল্পের কন্যার পিতার বয়স কত?– **চল্লিশের কিছু এপারে বা ওপারে।**

প্র : পাত্র দেখে কন্যার বাপ খুশি কিনা তা বোঝা শক্ত ছিল। কারণ– **তিনি ছিলেন খুবই চুপচাপ।**

প্র : পণ সম্বন্ধে দুই পক্ষে কেমন কথা ঠিক হয়েছিল?– **পাকাপাকি।**

প্র : অনুপমের দৃষ্টিতে দেনা-পাওনার বিষয়টি কেমন ছিল?– **স্থূল।**

প্র : দেনা-পাওনার বিষয়টিকে অনুপম বিয়ের কোন অংশ বলে জানত?– **প্রধান অংশ।**

প্র : পাত্রপক্ষ থেকে দেনা-পাওনার ভার কার ওপর ছিল?– **মামার ওপর।**

প্র : মামা অনুপমদের সংসারে প্রধান গর্বের সামগ্রী কেন?– **আশ্চর্য পাকা লোক বলে।**

প্র : মামা অনুপমদের সংসারে কী হিসেবে গণ্য হন?– **গর্বের বস্তু।**

প্র : 'যেখানে আমাদের কোনো সম্বন্ধ আছে' এমন ক্ষেত্রে বুদ্ধির লড়াইয়ে সবসময় কে জিতবেন?– **মামা।**

প্র : 'তিনি কোনোমতেই কারও কাছে ঠকিবেন না।' এই তিনিটা কে?– **মামা।**

প্র : ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করার ইচ্ছা কার নেই?– **শম্ভুনাথ বাবুর।**

প্র : কল্যাণী কিসের ব্রত গ্রহণ করেছে?– **মেয়েদের শিক্ষার।**

প্র : 'অপরিচিতা' গল্পের অনুপম যখন কল্যাণীর পাশে আসে তখন তার বয়স কত ছিল?– **তেইশ।**

প্র : অনুপম কত বছর ধরে কানপুরে কল্যাণীর জন্য অপেক্ষা করছে?– **চার।**

প্র : 'প্রদোষ' শব্দের অর্থ কী?– **সন্ধ্যা।**

প্র : 'আজ আমার বয়স সাতাশ।' কে বলেছিল– **অনুপম।**

প্র : অনুপমের বাবা কী করে প্রচুর টাকা উপার্জন করেছিলেন?– **ওকালতি।**

প্র : কার হাতে অনুপম মানুষ হয়েছে?– **মায়ের হাতে।**

প্র : কার আদেশ অমান্য করার ক্ষমতা অনুপমের নেই?– **মায়ের।**

প্র : কার কন্যা অনুপমের মামার পছন্দ নয়?– **ধনীর।**

প্র : অনুপমের বন্ধু হরিশ কোথায় কাজ করে?– **কানপুর।**

প্র : অনুপমের শরীর–মন কিসের পাতার মতো কাঁপতে লাগল?– **বকুলবন।**

প্র : 'অপরিচিতা' গল্পে কাকে রসিক বলা হয়েছে?– **হরিশকে।**

প্র : সব জায়গায় কার খাতির?– **হরিশের।**

প্র : বিয়ের সময় কল্যাণীর বয়স কত ছিল?– **পনের।**

প্র : 'অপরিচিতা' গল্পে পণ বিশেষ্যটির পূর্বে কোন বিশেষণটি বসেছে?– **ধনুক-ভাঙা।**

প্র : 'অপরিচিতা' গল্পে কোন দ্বীপের কথা বলা হয়েছে?– **আন্দামান দ্বীপ।**

প্র : অনুপমের মামা বিশেষ কাজে কোন পর্যন্ত গিয়েছিল?– **কোন্নগর।**

প্র : কল্যাণীকে আশীর্বাদের জন্য কাকে পাঠানো হলো?– **বিনুদাদাকে।**

প্র : অনুপমের পিসতুতো ভাই কে?– **বিনুদাদা।**

প্র : সাদা স্রোতটি কিসের রূপ ধরে অনুপমকে কল্যাণীর কথা বলে যায়?– **রাজহংসী।**

প্র : অনুপম তার মাকে নিয়ে কোথায় যাচ্ছিল?– **তীর্থে।**

প্র : স্টেশনে অনুপমের কাছে শুধু কোনগুলো চিরপরিচিত মনে হয়?– **আকাশের তারাগুলো।**

প্র : ট্রেনের ভেতর আলোর নিচে কোন রঙের পর্দা টানা?– **সবুজ পর্দা।**

প্র : মানুষের মাঝে অন্তরতম এবং অনির্বচনীয় কী?– **গলার স্বর।**

প্র : স্টেশনের লণ্ঠনটি কেমন ছিল?– **একচক্ষু।**

প্র : অনুপম মনের মধ্যে কী শুনতে পেল?– **গান।**

প্র : 'গাড়িতে জায়গা আছে' এটি কী?– **অনুপমের শোনা গানের ধুয়া।**

প্র : অনুপম কোন ক্লাসের টিকিটের আশায় ছিল, যেটায় ভিড় হবে না?– **ফার্স্ট ক্লাস।**

প্র : কল্যাণীরা কোন ক্লাসের গাড়িতে ছিল?– **দ্বিতীয় ক্লাসের।**

প্র : অনুপম স্টেশনে কী ফেলে আসল?– **ক্যামেরা।**

প্র : কার মানুষের সঙ্গে দূরে দূরে থাকা অভ্যাস?- **অনুপমের মায়ের।**

প্র : কল্যাণী কোথায় থাকতো?– **কানপুরে।**

প্র : শম্ভুনাথ সেন পেশায় কী?– **ডাক্তার।**

প্র : কল্যাণীর পক্ষে-মাতৃ আজ্ঞা কী?– **মাতৃভূমি।**

প্র : শম্ভুনাথ স্যাকরার কাছে কী পরখ করতে দিয়েছিল?– **এক জোড়া এয়ারিং।**

প্র : 'অপরিচিতা' গল্পে পুরুষ চরিত্র কয়টি?– **সাতটি (অনুপম, মামা, হরিশ, বিনুদাদা, স্যাকরা, শম্ভুনাথ, শম্ভুনাথের উকিল বন্ধু)।**

প্র : 'অপরিচিতা' গল্পে নারী চরিত্র কয়টি?– **দুইটি (অনুপমের মা ও কল্যাণী)।**

প্র : 'অপরিচিতা' গল্পে কোন কোন দেবীর নাম উল্লেখ আছে?– **অন্নপূর্ণা, প্রজাপতি, পঞ্চসর, সরস্বতী।**

প্র : 'অপরিচিতা' গল্পে কোন কোন স্থানের নাম উল্লেখ আছে?– **বাংলাদেশ, কানপুর, কলকাতা, আন্দামান দ্বীপ, হাবড়ার পুল, কোন্নগর।**

প্র : 'না, সভায় নয়, এখানেই বসিতে হইবে।'– উক্তিটি কার? – **শম্ভুনাথ বাবুর।**

প্র : কার ওপর অনুপম ষোলো আনা নির্ভর করতে পারে?– **বিনুদার ওপর।**

প্র : 'ওহে, মেয়ে যদি বল একটি খাসা মেয়ে আছে'– উক্তিটি কার? – **হরিশের।**

প্র : মূর্তিমতী মাতৃ-আজ্ঞা স্বরূপ কে উপস্থিত হলেন?– **অনুপমের মামা।**

প্র : 'দেয়ালটুকুর আড়ালে রহিয়া গেল গো।' উক্তিটি কার?– **অনুপমের।**

প্র : 'শিগগির চলে আয় এই গাড়িতে জায়গা আছে।' উক্তিটি কার?– **কল্যাণীর।**

প্র : স্টেশনমাস্টারের সঙ্গে কল্যাণী কোন ভাষায় কথা বলে?– **ইংরেজি।**

প্র : রেলওয়ের কর্মচারীর সঙ্গে কল্যাণী কোন ভাষায় কথা বলেছিল?– **হিন্দি।**

প্র : অনুপমের আশীর্বাদ হয় বিবাহের কয়দিন পূর্বে?– **৩দিন পূর্বে।**

প্র : কল্যাণীর বিবাহ না করার কারণ কী?– **মাতৃ-আজ্ঞা।**

প্র : বরযাত্রীর দল কিসের পালা সেরে বের হয়ে গেল?– **দক্ষযজ্ঞের।**

প্র : শম্ভুনাথবাবু কিসে বেঁধে গহনা নিয়েছিলেন?– **গামছায়।**

প্র : বরযাত্রীরা কন্যার বাড়িতে কী ফেলে আসতে চেয়েছিল?– **পাকযন্ত্রটা।**

প্র : 'গণ্ডূষ' শব্দটি কোথা থেকে এসেছে?– **সংস্কৃত।**

প্র : রবীন্দ্রনাথ ঠাকুরের 'অচলায়তন' কোন ধরনের গ্রন্থ?– **নাটক।**

প্র : অনুপম তার মামাকে কিসের বালির সাথে তুলনা করেছেন?– **ফল্গুর।**

প্র : বিনুদার ভাষাটা কেমন?– **অত্যন্ত আঁট।**

প্র : আমরা যেখানে 'চমৎকার' বলি, সেখানে বিনুদা কী বলেন?– **চলনসই।**

প্র : কী কারণে মামার মুখ অনর্গল ছুটিতেছিল?– **ধন-মানের বাগাড়ম্বরে।**

প্র : 'তখন আমার বয়স– তেইশ, এখন হইয়াছে সাতাশ।' কে বলেছিল– **অনুপম।**

প্র : 'অপরিচিতা' গল্পে 'পণ' বলতে কী বোঝানো হয়েছে?– **প্রতিজ্ঞা।**

প্র : 'অপরিচিতা' গল্পের শুরুতে লেখক তার বয়স কত উল্লেখ করেছেন?– **২৭ বছর।**

প্র : মানুষ হিসেবে হরিশ কেমন ছিলেন?– **রসিক।**

প্র : কল্যাণীর চানামুট খেতে দেখে অনুপমের কী অনুভূত হয়েছিল?– **লোভ।**

প্র : মেয়েটির চানামুট খাওয়া কার পছন্দ হচ্ছিল না?– **মায়ের।**

প্র : অনুপম জানালার বাইরে মুখ বাড়িয়ে রেখেছিল কেন?– **লজ্জায়।**

প্র : বিয়েতে দেওয়া কল্যাণীর গহনা ছিল– **পুরনো।**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই।' উক্তিটি– [খ ১৭-১৮]
ক. মামার খ. শম্ভুনাথের গ. অনুপমের ঘ. কল্যাণীর

০২. 'কার্তিকেয়' এর অগ্রজ কে? [গ ১৭-১৮]
ক. রাবণ খ. বিভীষণ গ. গজানন ঘ. দুঃশাসন

০৩. রবীন্দ্রনাথের লেখা গ্রন্থ কোনটি? [গ ১৭-১৮; ক ০৬-০৭]
ক. পল্লী-সমাজ খ. ছায়ানট গ. গৃহদাহ ঘ. কালান্তর

০৪. 'রক্তকরবী' কোন ধরনের রচনা? [ঘ ১৭-১৮]
ক. গান খ. কবিতা গ. উপন্যাস ঘ. নাটক

০৫. 'শেষের কবিতা' উপন্যাসের নায়ক কে? [চ ১৭-১৮]
ক. অয়ন খ. অমিত রায় গ. অজয় কুমার ঘ. অনয় রায়

০৬. কবি রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর কোন নাটকটি কবি নজরুলকে উৎসর্গ করেছিলেন? [গ ০৬-০৭; জবি ক ১২-১৩; চবি ঙ ১০-১১; ক ১২-১৩; খুবি S ১৫-১৬; রাবি I ১৭-১৮]
ক. ডাকঘর খ. তাসের দেশ গ. শেষের কবিতা ঘ. চণ্ডালিকা ঙ. বসন্ত

০৭. নিচের কোন গ্রন্থ উপন্যাস? [ঘ ১০-১১; ঘ ০৭-০৮; চবি ঘ ০৯-১০; কুবি গ ১৬-১৭; রাবি ০৯-১০]
ক. শেষের কবিতা খ. কালান্তর গ. রুদ্র-মঙ্গল ঘ. দেশে-বিদেশে

০৮. রবীন্দ্রনাথ ঠাকুর এশীয়দের মধ্যে কততম নোবেল বিজয়ী? [ক ১০-১১; রাবি A ১৭-১৮]
ক. প্রথম খ. দ্বিতীয় গ. তৃতীয় ঘ. চতুর্থ

০৯. 'অপরিচিতা' গল্পে কোন বয়সটা না দৈর্ঘ্যে না গুণে বড়ো? [ক ১৬-১৭]
ক. আঠারো বছর খ. উনিশ বছর গ. সাতাশ বছর ঘ. বত্রিশ বছর

১০. 'অপরিচিতা' গল্পে অনুপমের বন্ধু কে? [গ ১৬-১৭]
ক. শম্ভুনাথ খ. বিনুদা গ. কল্যাণী ঘ. হরিশ ঙ. নারদ

১১. ছোটবেলায় অনুপম পণ্ডিতমশাইয়ের বিদ্রূপের পাত্র হয়েছিল কেন? [ঘ ১৬-১৭; গার্হস্থ্য অর্থনীতি ১৭-১৮]
ক. দেখতে কদর্য ছিল বলে খ. একটি কানে কম শুনত বলে
গ. সুন্দর চেহারার জন্য ঘ. পাড়ায় মনোযোগ ছিল না বলে

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

১২. বিশ শতকীয় পুরুষতন্ত্রের অমানবিকতার কাহিনি- [A ১৭-১৮]
ক. নেকলেস খ. রেইনকোট গ. অপরিচিতা ঘ. আমার পথ

১৩. কে 'অপরিচিতা' গল্পের চরিত্র নয়? [ঘ ১৭-১৮]
ক. শম্ভুনাথ খ. লোকনাথ গ. হরিশ ঘ. বিনু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

১৪. রবীন্দ্রনাথের 'অপরিচিতা' গল্পের মূল বিষয়বস্তু কী? [A ১৭-১৮]
ক. নারী শিক্ষা খ. যৌতুক প্রথা গ. গ্রাম্য সমাজ ঘ. কুসংস্কার

১৫. 'ভিখারিনী' ছোটগল্পটি কার লেখা? [B ১৭-১৮]
ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

১৬. 'শাস্ত্রশিক্ষা নীতিশিক্ষা একেবারে নাই, কাজেই' উক্তিটি কোন গল্পের? [B ১৭-১৮]
ক. বিলাসী খ. দেনাপাওনা গ. হৈমন্তী ঘ. সুভা

১৭. 'অপর্ণা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন নাটকের চরিত্র? [C, ১৭-১৮]
ক. রক্তকরবী খ. ডাকঘর গ. বিসর্জন ঘ. মুক্তধারা

১৮. কোন প্রবন্ধগুচ্ছ রবীন্দ্রনাথ ঠাকুরের? [C ১৭-১৮]
ক. পশ্চিম যাত্রীর ডায়েরি, পারস্যে, পথে ও পথের প্রান্তে
খ. বাধার দান, রিক্তের বেদনা, চেনা
গ. ঘাটের কথা, রাজপথের কথা, খাতা
ঘ. সংসারসীমান্তে, সাগর সঙ্গম, তেলেনাপোতা আবিষ্কার

১৯. কোন প্রবন্ধগুচ্ছ রবীন্দ্রনাথ ঠাকুরের? [C ১৭-১৮]
ক. লোকরহস্য, কমলাকান্তের দপ্তর, মুচিরাম গুড়ের জীবনচরিত
খ. সভ্যতার সঙ্কট, কালান্তর, স্বদেশ
গ. কৃষ্ণচরিত্র, বিজ্ঞানরহস্য, সাম্য
ঘ. বাংলার ইতিহাস, অনুকরণ, ভারতবর্ষের স্বাধীনতা ও পরাধীনতা

২০. কোন নাটকগুচ্ছ রবীন্দ্রনাথ ঠাকুরের? [C ১৭-১৮]
ক. ভানুমতী চিত্তবিলাস, কোরব বিয়োগ, চারুমুখ চিত্তহরা
খ. কুলীনকুল সর্বস্ব, কীর্তিবিলাস, ভদ্রার্জুন
গ. চক্ষুদান, যেমন কর্ম তেমনি ফল, উভয় সঙ্কট
ঘ. চিত্রাঙ্গদা, বিদায় অভিশাপ, মালিনী

২১. কোন উপন্যাসগুচ্ছ রবীন্দ্রনাথ ঠাকুরের? [C ১৭-১৮]
ক. লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো
খ. চোখের বালি, ঘরে বাইরে, গোরা
গ. বড়দিদি, বিরাজবৌ, শুভদা
ঘ. অরণ্যের অধিকার, হাজার চুরাশির মা, অক্রান্ত কৌরব

২২. কোন কবিতাগুচ্ছ রবীন্দ্রনাথ ঠাকুরের? [C ১৭-১৮]
ক. সারদামঙ্গল, সাধের আসন, বঙ্গ সুন্দরী খ. প্রদীপ, কনকাঞ্জলি, ভুল
গ. বিরহ বিলাপ, কুসুম কানন, অশ্রুমালা ঘ. কল্পনা, খেয়া, নাচ ও গান

২৩. নিচের কোন লেখকের জন্ম বাংলা ২৫শে বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দে? [E ১৭-১৮]
ক. কলিমদ্দি দফাদার খ. প্রমথ চৌধুরীর
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

২৪. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা? [E ১৭-১৮]
ক. পল্লীসমাজ খ. ইছামতী গ. চার অধ্যায় ঘ. দিবারাত্রির কাব্য

২৫. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ? [E ১৭-১৮]
ক. লোকরহস্য খ. বাংলা ভাষা পরিচয় গ. প্রবন্ধ ঘ. সাম্য

২৬. 'রাজা' নাটক কোন সালে প্রকাশিত? [গ,সেটঙ : ১১-১২]
ক. ১৯০৯ খ. ১৯১২ গ. ১৯২২ ঘ. ১৯১০

২৭. কোনটি রবীন্দ্রনাথের রচনা? [গ,সেটঙ : ১১-১২]
ক. পদ্মরাগ খ. রায়নন্দিনী গ. শেষ সপ্তক ঘ. কুহু ও কেকা

২৮. কোন বইটি রবীন্দ্রনাথ রচিত নয়? [F আইন, ১২-১৩; ইবি চ-০৫-০৬]
ক. শেষের কবিতা খ. দোলন চাঁপা গ. সোনার তরী ঘ. মানসী

২৯. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা নয়? [D ১৬-১৭]
ক. অপরিচিতা খ. ভুলের মূল্য গ. সোনার তরী ঘ. ঐকতান

রাজশাহী বিশ্ববিদ্যালয়

৩০. 'মুসলমানীর গল্প' নামক গল্পটি কে লিখেছেন? [A ১৭-১৮]
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর গ. সৈয়দ ওয়ালীউল্লাহ ঘ. শওকত ওস

৩১. 'মৃন্ময়ী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোটগল্পের নায়িকা? [E ১৭-১৮]
ক. অপরিচিতা খ. দেনা-পাওনা গ. পোস্টমাস্টার ঘ. সমাপ্তি

৩২. 'এ আর দেখিব কী। ইহাতে খাদ নাই' উক্তিটি কার? [E ১৭-১৮]
ক. শম্ভুনাথের খ. অনুপমের গ. সেকরার ঘ. বিনুদাদার

৩৩. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্য কোনটি? [E ১৭-১৮; ক ০৩-০৪; ক-১৫-১৬; চবি ক ০৪
ক. জন্মদিনে খ. শেষ লেখা গ. বনফুল ঘ. ক্ষণিকা

৩৪. 'আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের
আমি কন্যা দিতে পারিনা' - উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে? [F ১৭-১৮]
ক. ক্ষেপ খ. অভিযান গ. একগুয়েমি ঘ. আত্মমর্যাদা

৩৫. বাংলা সাহিত্যে আধুনিক ছোটগল্পের জনক- [I ১৭-১৮; বেরোবি A; B ১৭-১৮
১১-১২; নোবিপ্রবি ঘ ১৫-১৬; রাবি গ ০৭ ০৮]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. সত্যেন সেন গ. বঙ্কিমচন্দ্র ঘ. মাইকেল মধুসূদ

৩৬. 'মন্দ নয় হে! খাঁটি সোনা বটে।' উক্তিটি কার? [K ১৭-১৮]
ক. পিন্টুদা খ. বিনুদা গ. মিনুদি ঘ. ঝন্টুদা

৩৭. 'অপরিচিতা' গল্পটি প্রথম প্রকাশ পায় কোন পত্রিকায়? [A ১৭-১৮]
ক. কবিতা পত্রিকায় খ. সবুজপত্র পত্রিকায় গ. কল্লোল পত্রিকায় ঘ. ভারতী

৩৮. রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি' কাব্যের অনুবাদ করেন কে? [০৫-০৬]
ক. টি এস ইলিয়ট খ. জিল্লুর রহমান সিদ্দিকী
গ. সৈয়দ আলী আহসান ঘ. কোনোটিই নয়

৩৯. 'নৌকাডুবি' রবীন্দ্রনাথের একটি- [০৬-০৭]
ক. কাব্যগ্রন্থ খ. ছোটগল্প গ. উপন্যাস ঘ. প্রবন্ধ

৪০. রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত প্রথম গল্প- [০৬-০৭]
নীরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান গেয়ে শোনায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্মের মানেও তাই। প্রকৃতির যে ধর্ম মানুষের সে ধর্ম; পার্থক্য কেবল তরুলতা ও জীবজন্তুর বৃদ্ধির ওপর তাদের নিজেদের কোনো হাত নেই, মানুষের বৃদ্ধির ওপরে তার নিজের হাত রয়েছে। আর এখানেই মানুষের মর্যাদা। মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও। মানুষকে আত্মা সৃষ্টি নিতে হয়, তা তৈরি পাওয়া যায় না। সুখ-দুঃখ-বেদনা উপলব্ধির ফলে অন্তরে পরিপক্বতা, তাই তো আত্মা। এই আত্মারূপ ফল স্রষ্টার উপভোগ্য। তাই মহাকবির শুনতে পাওয়া যায়;'Ripeness is all'- পরিপক্বতাই সব। আত্মাকে মধুর ও পুষ্ট করে তুলতে হবে। নইলে তা স্রষ্টার উপভোগের উপযুক্ত হবে না। বিচিত্র অভিজ্ঞতা, প্রচুর গভীর অনুভূতির দ্বারা আত্মার পরিপুষ্টি ও মাধুর্য সম্পাদন সম্ভব। তাই তাদের মানুষের শিক্ষার প্রধান বিষয়বস্তু। বস্তুজিজ্ঞাসা তথা বিজ্ঞান কখনো শিক্ষার প্রধান হতে পারে না। কেননা, তাতে আত্মার উন্নতি হয় না - জীবনবোধ ও মূল্যবোধে পরিপূর্ণ হয় না; তা হয় সাহিত্য- শিল্পকলার দ্বারা। তাই শিক্ষাক্ষেত্রে তাদের এত মূল্য।

ওপরে যে বৃদ্ধির কথা বলা হলো বৃক্ষের জীবন তার চমৎকার নির্দশন। বৃক্ষের হওয়া থেকে ফলবান হওয়া পর্যন্ত সেখানে কেবলই বৃদ্ধির ইতিহাস। বৃক্ষের পানে আমরা লাভবান হতে পারি– জীবনের গূঢ় অর্থ সম্বন্ধে সচেতন হতে পারি বলে।

বৃক্ষ যে কেবল বৃদ্ধির ইশারা তা নয়-প্রশান্তিরও ইঙ্গিত। অতি শান্ত ও সহিষ্ণু জীবনের গুরুভার বহন করে।

শব্দার্থ ও টীকা

স্থূলবুদ্ধি	সূক্ষ্ম বিচারবুদ্ধিহীন। অগভীর জ্ঞানসম্পন্ন।
জবরদস্তিপ্রিয়	গায়ের জোরে কাজ হাসিলে তৎপর। বিচার-বিবেচনাহীন।
বিকৃতবুদ্ধি	বুদ্ধির বিকার ঘটেছে এমন। যথাযথ চিন্তাচেতনাহীন।
বুলি	এখানে গৎ-বাঁধা কথা হিসেবে ব্যবহৃত। যথাযথ অর্থ বহন না এমন কথা যা অভ্যাসের বশে বলা হয়ে থাকে।
জীবনাদর্শ	জীবনে অনুকরণের উপযুক্ত মহৎ ও শ্রেষ্ঠ দিকগুলো।
মনুষ্যত্ব	মানবোচিত সদগুণাবলি। মানুষের বিশেষ গুণ বা বৈশিষ্ট্য।
তপোবন	অরণ্যে ঋষির আশ্রম। মুনি ঋষিরা তপস্যা করেন এমন বন
চর্মচক্ষু	দৈহিক চক্ষু [মানসিক বা দিব্যদৃষ্টির বিপরীত]।
অনুভূতির চক্ষু	মনের চোখ। ইন্দ্রিয়ের সাহায্যে অনুভূতির বা উপলব্ধির ক্ষম সংবেদনশীলতা।
নতি	অবনত ভাব। বিনয়, নম্রতা।
সাধনা	সাফল্য বা সিদ্ধি অর্জনের জন্য নিরন্তর প্রচেষ্টা।
সৃজনশীল	নির্মাণ সৃষ্টিতে তৎপর।
সৃষ্টিধর্ম	সৃষ্টি বা সৃজনের বৈশিষ্ট্য।
আত্মিক	মনোজাগতিক। চিন্তা -চেতনার ক্ষেত্রে।
পরিপক্বতা	সুপরিণতিজাত। পরিপূর্ণ বিকাশসাধন।
বস্তুজিজ্ঞাসা	বস্তুজগতের রহস্য উন্মোচন–অন্বেষা। বস্তুজগৎ সম্পর্কে জানার আগ্র
গূঢ়	প্রচ্ছন্ন গভীর তাৎপর্য।
বৃক্ষেরপ্রাপ্তি ও দান	বৃক্ষের অর্জন হচ্ছে তার ফুল ও ফল। এগুলো সে অন্যের তুলে দেয়। ফলে বৃক্ষ যুগপৎ প্রাপ্তি ও দানের আদর্শ।
এদের প্রধান দেবতা অহংকার	যথাযথ বিচার-বিবেচনা ও চিন্তাচেতনাহীন লোকেরা এত গর্বোদ্ধত থাকে যে মনে হয় যেন অহংকারই তাদের প্রধান উপাস্য বা দেবত
তপোবন প্রেমিক রবীন্দ্রনাথ	প্রাচীন ভারতীয় ঋষিদের মতো রবীন্দ্রনাথও ছিলেন অরণ্য বৃক্ষপ্রেমিক। তাঁর অনেক কবিতায় বৃক্ষের বন্দনা স্পষ্ট।

লেখক পরিচিতি

নাম	মোতাহের হোসেন চৌধুরী
জন্ম পরিচয়	জন্ম : ১৯০৩ খ্রিস্টাব্দ, নোয়াখালী জেলার কাঞ্চনপুর গ্রাম।
শিক্ষাজীবন	মাধ্যমিক : ম্যাট্রিক, ইউসুফ হাই স্কুল, কুমিল্লা। উচ্চ মাধ্যমিক : আইএ, ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা। উচ্চতর শিক্ষা : বিএ, ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা। এমএ (বাংলা), ১৯৪৩ খ্রিস্টাব্দ, ঢাকা বিশ্ববিদ্য
পেশা/কর্মজীবন	সহকারী শিক্ষক– ইউসুফ হাই স্কুল, কুমিল্লা। প্রভাষক– ইসলামিয়া কলেজ, কলকাতা। অধ্যাপক– বাংলা বিভাগ, চট্টগ্রাম কলেজ।
জীবনাবসান	১৮ সেপ্টেম্বর ১৯৫৬ খ্রিস্টাব্দ।

সাহিত্যকর্ম

প্রবন্ধগ্রন্থ	সংস্কৃতি কথা (১৯৫৮)।
অনুবাদ গ্রন্থ	'সভ্যতা' (ক্লাইভ বেলের 'সিভিলাইজেশন' গ্রন্থের অনুবাদ) (বার্ট্রান্ড রাসেলের 'কংকোয়েস্ট অব হ্যাপিনেস' গ্রন্থের অনুবাদ)।

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

মোতাহের হোসেন চৌধুরী কোন ধরনের গদ্য রচয়িতা হিসেবে খ্যাত?– **মননশীল গদ্য রচয়িতা।**
'Civilization' গ্রন্থটি কার লেখা?– **ক্লাইভ বেল।**
কোন প্রতিষ্ঠান মোতাহের হোসেন চৌধুরীর প্রকাশিত ও অপ্রকাশিত সমস্ত রচনা 'রচনাবলি' আকারে প্রকাশ করেছে– **বাংলা একাডেমি।**
মোতাহের হোসেন চৌধুরীর লেখনী কিরূপ ছিল?– **বাস্তব জীবনভিত্তিক।**
মননশীল, চিন্তা-উদ্দীপক ও পরিশীলিত গদ্য রচনার ক্ষেত্রে বিশিষ্ট হয়ে আছেন– **মোতাহের হোসেন চৌধুরী।**
কোন কলেজে অধ্যাপনাকালে মোতাহের হোসেন চৌধুরী মারা যান?– **চট্টগ্রাম কলেজে।**
সাহিত্যের অঙ্গনে ও বাস্তবজীবনে উভয়ক্ষেত্রেই মুক্তবুদ্ধির চেতনা ও মানবপ্রেমের আদর্শের অনুসারী ছিলেন কে?– **মোতাহের হোসেন চৌধুরী।**
তিনি স্মরণীয় হয়ে আছেন– **ঢাকার মুসলিম সাহিত্য সমাজের (১৯২৬) মুক্তবুদ্ধি চর্চা আন্দোলনের জন্য।**
বাংলাদেশের প্রবন্ধ সাহিত্যে এক বিশিষ্ট সংযোজন– **সংস্কৃতি কথা।**

'জীবন ও বৃক্ষ' প্রবন্ধ সম্পর্কিত তথ্যাবলি

- **উৎস :** মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধটি তাঁর 'সংস্কৃতি কথা' গ্রন্থ থেকে সংকলিত হয়েছে।
- **প্রথম লাইন-** সমাজের কাজ কেবল টিকে থাকার সুবিধা দেওয়া নয়, মানুষকে বড় করে তোলা, বিকশিত জীবনের জন্য মানুষের জীবনে আগ্রহ জাগিয়ে দেওয়া।
- **শেষ লাইন-** অতি শান্ত ও সহিষ্ণুতায় সে জীবনের গুরুভার বহন করে।
- **ভাষারীতি :** চলিতরীতি।

গুরুত্বপূর্ণ লাইন

- সমাজের কাজ কেবল টিকে থাকার সুবিধা দেওয়া নয়, মানুষকে বড় করে তোলা, বিকশিত জীবনের জন্য মানুষের জীবনে আগ্রহ জাগিয়ে দেওয়া।
- এদের একমাত্র দেবতা অংহকার।
- সজীব বৃক্ষ-যার বৃদ্ধি আছে, গতি আছে, বিকাশ আছে, ফুলে ফলে পরিপূর্ণ হয়ে অপরের সেবার জন্য প্রস্তুত হওয়া যার কাজ।
- অবশ্য রবীন্দ্রনাথ অন্য কথা বলেছেন। ফুলের ফোটা আর নদীর গতির সঙ্গে তুলনা করে তিনি নদীর গতির মধ্যেই মনুষ্যত্বের সাদৃশ্য দেখতে পেয়েছেন।
- ফুলের ফোটা সহজ, নদীর গতি সহজ নয়- তাকে অনেক বাধা ডিঙানোর দুঃখ পেতে হয়।
- চর্মচক্ষুকে বড় না করে কল্পনা ও অনুভূতির চক্ষুকে বড় করে তুললে বৃক্ষের বেদনাও সহজে উপলব্ধি করা যায়।
- তাছাড়া বৃক্ষের সার্থকতার ছবি যত সহজে উপলব্ধি করতে পারি, নদীর সার্থকতার ছবি তত সহজে উপলব্ধি করা যায় না।
- দোরের কাছে দাঁড়িয়ে থেকে সে অনবরত নতি, শান্তি ও সেবার বাণী প্রচার করে।
- বৃক্ষের পানে তাকিয়ে রবীন্দ্রনাথ নিশ্চয়ই অন্তরের সৃষ্টিধর্ম উপলব্ধি করেছেন।
- নীরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান গেয়ে শোনায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে।
- মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও। মানুষকে আত্মা সৃষ্টি করে নিতে হয়, তা তৈরি পাওয়া যায় না।
- মহাকবি শেক্সপীয়রের মুখে শুনতে পাওয়া যায়: 'Ripeness is all'- পরিপক্বতাই সব।
- বৃক্ষের পানে তাকিয়ে আমরা লাভবান হতে পারি– জীবনের গূঢ় অর্থ সম্বন্ধে সচেতন হতে পারি বলে।
- বৃক্ষ যে কেবল বৃদ্ধির ইশারা তা নয়-প্রশান্তিরও ইঙ্গিত। অতি শান্ত ও সহিষ্ণুতায় সে জীবনের গুরুভার বহন করে

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : কার কাজ কেবল টিকে থাকার সুবিধা দেওয়া নয়?– সমাজের।
প্র : মানুষকে বড় করে তোলা কার কাজ?– সমাজের।
প্র : কীসে সংসার পরিপূর্ণ ?– **স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে।**
প্র : অপরের সার্থকতার পথে অন্তরায় সৃষ্টি কার কাজ?– **জবরদস্তিপ্রিয় মানুষের।**
প্র : এরা নিষ্ঠুর ও বিকৃতবুদ্ধি কেন?– **প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি বলে।**
প্র : নিষ্ঠুর ও বিকৃতবুদ্ধি মানুষদের দেবতা কে?– **অহংকার।**
প্র : কাদের কথায় নেশা ধরে না?– **নিষ্ঠুর ও বিকৃতবুদ্ধি মানুষের।**
প্র : নিষ্ঠুর ও বিকৃতবুদ্ধি মানুষের স্থানে কাদের আনতে হবে?– **বড় মানুষদের।**
প্র : কাদের কাছে জীবনের বিকাশ বড় হয়ে উঠে?– **বড় মানুষদের।**
প্র : বড় মানুষদের কাছে জীবনাদর্শের প্রতীক কী?– **সজীব বৃক্ষ।**
প্র : কার জীবনের গতি ও বিকাশকে উপলব্ধি করা দরকার?– **বৃক্ষ।**
প্র : ফুল ফোটাকে রবীন্দ্রনাথ কার সঙ্গে তুলনা করেছেন?– **নদীর গতির সাথে।**
প্র : রবীন্দ্রনাথ কীসের মধ্যে মনুষ্যত্বের সাদৃশ্য দেখতে পেয়েছেন?– **নদীর গতি।**
প্র : ফুলের ফোটা কেমন?– **সহজ।**
প্র : গোপন ও নীরব সাধনা কীসে অভিব্যক্ত নয়?– **নদীতে।**
প্র : কার সার্থকতার ছবি তত সহজে উপলব্ধি করা যায় না?– **নদীর।**
প্র : সাধনার ব্যাপারে কী একটা বড় জিনিস?– **প্রাপ্তি।**
প্র : বৃক্ষ কীভাবে পরিপূর্ণ হয়ে ওঠে?– **ফুলে ফলে।**
প্র : কাদের প্রাপ্তি ও দানে পার্থক্য দেখা যায় না?– **সৃজনশীল মানুষের।**
প্র : জীবনের মানে কী?– **বৃদ্ধি।**
প্র : মানুষের কী সৃষ্টি করে নিতে হয়?– **আত্মা।**
প্র : অন্তরের পরিপক্বতা হয় কীভাবে?– **সুখ-দুঃখ-বেদনা উপলব্ধির ফলে।**
প্র : আত্মারূপ ফল কার উপভোগ্য?– **স্রষ্টার।**
প্র : 'স্থূলবুদ্ধি' শব্দের অর্থ কী?– **সূক্ষ্ম বিচারবুদ্ধিহীন।**
প্র : জীবনের অনুকরণের উপযুক্ত মহৎ ও শ্রেষ্ঠ দিকগুলোকে কী বলে?– **জীবনাদর্শ।**
প্র : 'গূঢ়' শব্দের অর্থ কী?– **প্রচ্ছন্ন গভীর তাৎপর্য।**
প্র : 'জীবন ও বৃক্ষ' কোন ধরনের রচনা?– **প্রবন্ধ।**
প্র : কেমন জীবনের জন্য মানুষের জীবনে আগ্রহ জাগিয়ে দেওয়া দরকার?– **বিকশিত জীবন**
প্র : বৃক্ষের কাজ কী?– **অপরের সেবার জন্য প্রস্তুত হওয়া।**
প্র : 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে লেখকের মতে কোন দিকে তাকালে রবীন্দ্রনাথ ভালো করতেন?– **বৃক্ষের ফুল ফোটানোর দিকে।**
প্র : কার ছবি আমরা প্রত্যহ দেখতে পাই না?– **নদীর সাগরে পতিত হওয়ার।**
প্র : দোরের কাছে দাঁড়িয়ে বৃক্ষ কিসের বাণী প্রচার করে?– **নতি, শান্তি ও সেবার।**
প্র : সৃজনশীল মানুষের কিসে পার্থক্য দেখা যায় না?– **প্রাপ্তি ও দানে।**
প্র : বৃক্ষের পানে তাকিয়ে রবীন্দ্রনাথ কী উপলব্ধি করেছেন?– **অন্তরের সৃষ্টিধর্ম।**
প্র : 'গায়ের জোরে কাজ হাসিলে তৎপর থাকে যে' তাকে কী বলে?– **জবরদস্তিপ্রিয়।**
প্র : 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে 'বুলি' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?– **গৎ-বাঁধা কথা।**
প্র : নির্মাণ সৃষ্টিতে তৎপর যে– **সৃজনশীল।**
প্র : 'আত্মিক' শব্দের অর্থ কী?– **মনোজাগতিক।**
প্র : 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে প্রাবন্ধিক মানুষের কোন দিকটির প্রতি গুরুত্ব দিয়েছেন?– **বিকাশ সাধন।**
প্র : কখন বৃক্ষের বেদনা সহজে উপলব্ধি করা যায়?– **অনুভূতি দিয়ে বিচার করলে।**
প্র : বৃক্ষের প্রাপ্তি আমাদের চোখের সামনে কী হয়ে ফুটে ওঠে?– **ছবি।**
প্র : কাকে অনেক বাঁধা ডিঙানোর দুঃখ পেতে হয়?– **নদীকে।**
প্র : কিসের সাধনায় একটা ধীরস্থির ভাব দেখা যায়?– **বৃক্ষের।**
প্র : কিসের চক্ষুকে বড় করে তুললে বৃক্ষের বেদনা সহজে উপলব্ধি করা যায়?– **কল্পনা ও অনুভূতির।**
প্র : অনুভূতির কান দিয়ে কোন গান শুনতে হবে?– **নীরব ভাষায় বৃক্ষের সার্থকতার গান।**
প্র : 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের লেখক বড় মানুষ বলতে কী বুঝিয়েছেন?– **যার মন বড়।**
প্র : অতি শান্ত ও সহিষ্ণুতায় বৃক্ষ জীবনে কী বহন করে?– **জীবনের গুরুভার।**
প্র : বিজ্ঞানের অপর নাম কী?– **বস্তুজিজ্ঞাসা।**
প্র : স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষের মানবপ্রেমের বাণী কীরূপ?– **আন্তরিকতাশূন্য ও উপলব্ধিহীন বুলি।**
প্র : প্রাবন্ধিক রবীন্দ্রনাথ ঠাকুরকে কী বলেছেন?– **বৃক্ষপ্রেমী, তপোবন প্রেমিক।**
প্র : সুখ-দুঃখ-বেদনা উপলব্ধির ফলে অন্তরের কী হয়?– **পরিপক্বতা।**

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'যা তার প্রাপ্তি তা-ই তার দান।' কথাটা কার ক্ষেত্রে প্রযোজ্য? [ক ১৭-১৮]
ক. বৃক্ষ ও সৃজনশীল মানুষের খ. বৃক্ষের
গ. মানুষের ঘ. রবীন্দ্রনাথের

০২. 'সে তো প্রাপ্তি নয়, আত্মবিসর্জন' কার প্রসঙ্গে বলা হয়েছে? [গ ১৭-১৮]
ক. সৃজনশীল মানুষের খ. নদীর
গ. বৃক্ষের ঘ. রবীন্দ্রনাথের

০৩. রবীন্দ্রনাথের মতে, মনুষ্যত্বের বেদনা উপলব্ধ হয় - [ক ১৬-১৭]
ক. বৃক্ষের অঙ্কুরিত হওয়ায় খ. বৃক্ষের ফুল ফোটানোয়
গ. নদীর বন্ধ্যাদশায় ঘ. নদীর গতিতে

০১.ক	০২.খ	০৩.ঘ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PU

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০৪. মোতাহের হোসেন চৌধুরী কাকে মনুষ্যত্বের প্রতীক করতে চেয়েছিলেন? [B ১৭-১৮; বেরোবি B ১৬-১৭; রাবি ক ১৬-১৭]
ক. নদীকে খ. বৃক্ষকে গ. ধর্মকে ঘ. আত্মাকে

০৫. মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে উল্লেখিত 'Ripeness is all' বা 'পরিপক্কতাই সব' উদ্ধৃতিটি কোন কবির? [ঘ ১৬-১৭]
ক. William Wordsworth খ. John Keats
গ. John Milton ঘ. William Shakespeare

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০৬. 'এদের একমাত্র দেবতা অহংকার।' কাদের সম্পর্কে বলা হয়েছে? [I ১৭-১৮]
ক. স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষদের
খ. অপরের সার্থকতার পথে অন্তরায় সৃষ্টিকারীদের
গ. প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি এমন মানুষদের
ঘ. উপরের সবগুলোই

০৭. 'মাঝে মাঝে মানব প্রেমের কথাও তারা বলে। কিন্তু তাতে নেশা ধরে না" কোন গল্পের অংশ? [G-১৫-১৬]
ক. আহ্বান খ. মানব কল্যাণ গ. ভুলের মূল্য ঘ. জীবন ও বৃক্ষ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০৮. 'অনুভূতির কান দিয়ে সে গান শুনতে হবে' কার গান? [E ১৭-১৮]
ক. নদীর খ. শিল্পীর গ. বৃক্ষের ঘ. পাখির

০৯. কোন প্রবন্ধে নদীকে মনুষ্যত্বের প্রতীক হিসেবে গণ্য করা হয়েছে? [E ১৭-১৮]
ক. রেইনকোট খ. জীবন ও বৃক্ষ গ. নেকলেস ঘ. আহবান

১০. 'স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তি প্রিয় মানুষে সংসার পরিপূর্ণ।' কোন প্রবন্ধের অংশ? [A ১৭-১৮]
ক. জীবন ও বৃক্ষ খ. আত্মচরিত গ. আমার পথ ঘ. মানব-কল্যাণ

১১. মূল্যবোধের শিক্ষা কোন উপায়ে প্রতিফলিত হয়? [I ১৬-১৭]
ক. উচ্চ শিক্ষার মাধ্যমে খ. ধর্ম শিক্ষার মাধ্যমে
গ. শাসনের মাধ্যমে ঘ. দৈনন্দিন কাজের মাধ্যমে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

১২. বুদ্ধির মুক্তি আন্দোলনের অন্যতম অগ্রনায়ক ছিলেন– [B ১৭-১৮; রাবি A ১৭-১৮]
ক. মোতাহের হোসেন চৌধুরী খ. মুনীর চৌধুরী
গ. প্রমথ চৌধুরী ঘ. আহমদ শরীফ

১৩. কোনটি মোতাহের হোসেন চৌধুরী রচিত প্রবন্ধ? [D ১৭-১৮; জাককানইবি AL ১৭-১৮; পাবিপ্রবি C ১৭-১৮]
ক. সংস্কৃতি কথা খ. সংস্কৃতির কথা
গ. সংস্কৃতির সাধনা ঘ. সংস্কৃতির সংকট

১৪. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে বৃক্ষের মাধ্যমে লেখক প্রধানত কী বোঝাতে চেয়েছেন? [D3 ১৬-১৭]
ক. জীবনের তাৎপর্য খ. জীবনের পরিণতি গ. জীবনের উৎকর্ষ ঘ. জীবনের অপকর্ষ

১৫. মোতাহের হোসেন চৌধুরীর মতে নদীর গতির মধ্যে কে মানবজীবনের সাদৃশ্য লক্ষ করেছেন? [D1 ১৬-১৭]
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কাজী নজরুল ইসলাম ঘ. আনিসুজ্জামান

১৬. 'জীবন ও বৃক্ষ' কোন গ্রন্থের অন্তর্গত? [C1 ১৬-১৭, বঙ্গবন্ধু F ১৬-১৭]
ক. পল্লী-সমাজ খ. বিবিধ প্রবন্ধ গ. সংস্কৃতি কথা
ঘ. মতিচূর ঙ. প্রবন্ধ-সংগ্রহ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

১৭. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে 'নিশান' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে- [D ১৭-১৮]
ক. চিহ্ন খ. পতাকা গ. লক্ষ্য ঘ. পরিচয়

১৮. 'জীবন ও বৃক্ষ' গল্পে মানুষকে বড় করে তোলা কার কাজ বলে লেখক মনে করেন? [D ১৭-১৮]
ক. দেশের খ. সরকারের গ. সমাজের ঘ. লেখকের

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

১৯. বৃক্ষের দিকে তাকালে কি উপলব্ধি করা সহজ হয়? [A ১৭-১৮]
ক. জীবনের বিশালতা খ. জীবনের তাৎপর্য
গ. আত্মার মাহাত্ম্য ঘ. জীবনের সত্য

২০. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে মনুষ্যত্বের প্রতীক হিসেবে কবিগণ কাকে চিহ্নি[ত]... [A ১৭-১৮]
ক. পাখি খ. নদী গ. ফুল ঘ. বৃক্ষ

২১. বৃক্ষ কিসের ইশারা ও ইঙ্গিত দেয়? [A ১৭-১৮]
ক. জন্মের ও মৃত্যুর খ. বৃদ্ধির ও প্রশান্তির
গ. ফুলের ও ফলের ঘ. জীবনের ও মরণের

২২. বৃক্ষ কীভাবে আমাদের গান গেয়ে শোনায়? [A ১৭-১৮]
ক. চিৎকার দিয়ে খ. হাসি মুখে
গ. নীরব ভাষায় ঘ. চোখের জলে

২৩. মানুষের মানবোচিত গুণাবলিকে কী বলে? [A ১৭-১৮]
ক. মানবিকতা খ. মানবতা
গ. মনুষ্যত্ব ঘ. মানব-সত্য

২৪. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে 'অনুভূতির চক্ষু' বলতে কী বোঝানো হয়েছে? [B...
ক. আবেগ ও সৃজনশীলতা খ. সহজে বুঝতে পারার ক্ষমতা
গ. সৌন্দর্যচেতনা ঘ. মনের চোখ ও সংবেদনশীলতা

২৫. নদীকে মনুষ্যত্বের প্রতীক করতে চেয়েছেন কে? [A ১৬-১৭; কুবি খ ১৬-১৭]
ক. জীবনানন্দ দাশ খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ঘ. শামসুর রাহমান

২৬. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে মনুষ্যত্বের প্রতীক কোনটি? [A ১৬-১৭]
ক. নদীর প্রবহমানতা খ. ধর্মের নৈতিকতা
গ. আত্মার পবিত্রতা ঘ. বৃক্ষ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যা[লয়]

২৭. বাংলা সাহিত্যে 'তপোবন প্রেমিক' বলতে কাকে বুঝানো হয়েছে? [E ১৭-...
ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. মোতাহের হোসেন চৌধুরী

ইসলামী বিশ্ববিদ্যালয়

২৮. বৃক্ষের সাধনায় দেখতে পাওয়া যায় বৃক্ষের- [H ১৬-১৭]
ক. চাওয়া খ. বিকাশ গ. সৌন্দর্য ঘ. ধীরস্থি[রতা]

২৯. মোতাহের হোসেন চৌধুরী যুক্ত ছিলেন? [H ১৬-১৭]
ক. বুদ্ধির মুক্তি আন্দোলনে খ. দারিদ্র ও সামাজিক বৈষম্য আন্দো[লনে]
গ. শিক্ষা আন্দোলন ঘ. কোনোটিই নয়

৩০. 'প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি বলে এরা নিষ্ঠুর ও বিকৃতবুদ্ধি...' কোন লেখকের? [C ১৬-১৭]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মোতাহের হোসেন চৌধুরী
গ. সৈয়দ মজুতবা আলী ঘ. আনিসুজ্জামান

গার্হস্থ্য অর্থনীতি ঢাকা বিশ্ববিদ্যালয়

৩১. 'নীরব ভাষায় ---- আমাদের সার্থকতার গান গেয়ে শোনায়।' [১৬-১৭]
ক. নদী খ. কবি গ. বৃক্ষ ঘ. পর্বত

ঢাবি অধিভুক্ত ৭টি কলেজ

৩২. কোন শ্রেণির বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও?
ক. নদীর খ. মানুষের গ. গাছের ঘ. বৃক্ষের

৩৩. 'সংস্কৃতি কথা' গ্রন্থটির রচয়িতা কে? [C ১৬-১৭]
ক. আবুল হুসেন খ. কাজী আবদুল ওদুদ
গ. মোতাহের হোসেন চৌধুরী ঘ. কাজী নজরুল ইসলাম

০৪.খ	০৫.ঘ	০৬.ঘ	০৭.ঘ	০৮.গ	০৯.খ	১০.ক
১২.ক	১৩.ক	১৪.ক	১৫.খ	১৬.গ	১৭.ঘ	১৮.গ
২০.খ	২১.খ	২২.গ	২৩.গ	২৪.ঘ	২৫.খ	২৬.ঘ
২৮.খ	২৯.ক	৩০.খ	৩১.গ	৩২.খ	৩৩.গ	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নাবলি

০১. লেখক 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে মানুষের জীবনে ফুল ফোটানো বলতে কী বুঝিয়েছেন?
ক. সংস্কৃতিবোধ খ. মার্জিত হওয়া
গ. সাম্যবাদ ঘ. মনুষ্যত্ব

০২. বিচিত্র অভিজ্ঞতা দ্বারা সম্ভব-
ক. মানবিকতার বিকাশ খ. আত্মার পরিপুষ্টি
গ. আত্মার পরিশুদ্ধি ঘ. আত্মার পরিতৃপ্তি

০৩. বড় মানুষের কাছে জীবনাদর্শের প্রতীক কী?
ক. মানবিকতা খ. বিজ্ঞানমনস্কতা
গ. সজীব বৃক্ষ ঘ. প্রবহমান নদী

০৪. 'Ripeness is all'-কথাটি কার মুখে শোনা যায়?
ক. মহাকবির খ. উকিলের
গ. ডাক্তারের ঘ. বৈজ্ঞানিকের

০৫. কোনটি আত্মার উন্নতি না হওয়ার কারণ?
ক. জীবনবোধে অন্তর পরিপূর্ণ না হলে
খ. মর্যাদা না পেলে
গ. প্রেম না থাকলে
ঘ. অনুভূতি না থাকলে

০৬. স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষ কেমন হয়?
ক. জনদরদী খ. ব্যক্তিত্বহীন
গ. অহংকারী ঘ. অলসপ্রবণ

০৭. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে লেখক কার বক্তব্যের সাথে দ্বিমত পোষণ করেছেন?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. প্রমথ চৌধুরী
গ. আবুল হোসেন ঘ. আবুল ফজল

০৮. অনুভূতির চক্ষুকে বড় করে তুললে সহজে উপলব্ধি করা যায় কোনটি?
ক. ফুল ফোটার দৃশ্য খ. ফুল ফোটার বেদনা
গ. বৃক্ষের বেদনা ঘ. জীবনের বিকাশ

০৯. বৃক্ষের সাধনায় কী দেখতে পাওয়া যায়?
ক. ফুল ফোটানো খ. বৃক্ষের বিকাশ
গ. বৃক্ষের সৌন্দর্য ঘ. বৃক্ষের ধীরস্থির ভাব

১০. কী কখনো শিক্ষার প্রধান বিষয়বস্তু হতে পারে না?
ক. দর্শন খ. বিজ্ঞান
গ. চিত্রকলা ঘ. সংগীত

১১. কী দ্বারা জীবনবোধ ও মূল্যবোধে অন্তর পরিপূর্ণ হয়?
ক. আত্মজিজ্ঞাসায় খ. ধর্মচর্চায়
গ. সংগীতচর্চায় ঘ. সাহিত্য-শিল্পকলায়

১২. কার জীবন 'বৃদ্ধি বা বিকাশ'-এর চমৎকার নিদর্শন?
ক. ফুলের খ. জীবের
গ. বৃক্ষের ঘ. ফলের

১৩. বৃক্ষের পানে তাকিয়ে আমরা কী হতে পারি?
ক. পরিপূর্ণ খ. লাভবান
গ. তপোবন প্রেমিক ঘ. কবি

১৪. যে গায়ের জোরে কাজ হাসিলে তৎপর থাকে তাকে কী বলে?
ক. স্থূলবুদ্ধি খ. জবরদস্তিপ্রিয়
গ. বিকৃতবুদ্ধি ঘ. চর্মচক্ষু

১৫. জীবনের সার্থকতার প্রতীক কোনটি?
ক. নদী খ. ফুল
গ. ফল ঘ. বৃক্ষ

১৬. কিসের চক্ষুকে বড় করে তুললে বৃক্ষের বেদনা সহজে উপলব্ধি করা যায়?
ক. কল্পনা খ. চিন্তা
গ. বাস্তবতার ঘ. কল্পনা ও অনুভূতির

১৭. 'প্রকৃতির যে ধর্ম মানুষের সে ধর্ম' উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ক. পরোপরিকারিতা খ. সহিষ্ণুতা
গ. উদারতা ঘ. সংবেদনশীলতা

১৮. সুখ-দুঃখ-বেদনা উপলব্ধির ফলে অন্তরের যে পরিপক্বতা তা কী?
ক. দেহ খ. আত্মা
গ. মস্তিষ্ক ঘ. মন

১৯. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে লেখক স্থূলবুদ্ধির মানুষদের বুলি কেমন বলেছেন?
ক. বিবেচক খ. বুদ্ধিমান
গ. উপলব্ধিহীন ঘ. স্বার্থপরতাযুক্ত

২০. বিজ্ঞান কেন শিক্ষার প্রধান বিষয়বস্তু হতে পারে না?
ক. বিজ্ঞান দ্বারা আত্মার উন্নতি হয় না
খ. বিজ্ঞান সর্বদা নিশ্চিত জ্ঞান দেয় না
গ. বিজ্ঞান আমাদের আবেগ কেড়ে নিয়েছে বলে
ঘ. বিজ্ঞানের আবিষ্কার ধ্বংসাত্মক বলে

২১. মানবপ্রেমের কথা বললেও নিষ্ঠুর প্রকৃতির মানুষগুলোর বুলি কেমন হয়?
ক. আন্তরিক খ. আন্তরিকতাশূন্য
গ. উপলব্ধি করবার মতো ঘ. যুক্তিহীন

২২. সাহিত্য অঙ্গনে ও বাস্তবজীবনে মোতাহের হোসেন চৌধুরীর মধ্যে কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে?
ক. মুক্তবুদ্ধি চেতনা খ. বিদ্রোহী ভাব
গ. প্রতিবাদী চেতনা ঘ. দার্শনিক ভাব

২৩. ক্লাইভ বেল-এর 'Civilization' গ্রন্থ অবলম্বনে মোতাহের হোসেন চৌধুরী কর্তৃক রচিত গ্রন্থের নাম কী?
ক. সভ্যতা খ. সুখ
গ. বনি আদম ঘ. নেকড়ে অরণ্য

২৪. বার্ট্রান্ড রাসেলের 'Conquest of Happiness' গ্রন্থের অনূদিত গ্রন্থ কোনটি?
ক. সভ্যতা খ. সংস্কৃতি কথা
গ. সুখ ঘ. স্বাধীনতা

২৫. 'গোপন ও নীরব' সাধনা কিসে অভিব্যক্ত?
ক. বৃক্ষে খ. বৃষ্টির বর্ষণে
গ. নদীতে ঘ. ঝরনায়

২৬. বৃক্ষের জীবনের গতি ও বিকাশকে উপলব্ধি করা কেন দরকার?
ক. জীবন ও সমাজকে টিকিয়ে রাখতে
খ. সমাজের বিকাশ ঘটানোর জন্য
গ. জীবনে সার্থকতা ও পরিপূর্ণতা আনার জন্য
ঘ. জাগতিক অহংকারকে দমন করতে

২৭. বৃক্ষ কীভাবে জীবনের গুরুভার বহন করে?
ক. ফুল দ্বারা খ. বৃষ্টিকে প্রভাবিত করে
গ. শান্ত ও সহিষ্ণুতায় ঘ. ফল দ্বারা

২৮. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধ অনুযায়ী মানুষের মর্যাদা কিসে?
ক. আত্মোপলব্ধির ক্ষমতায় খ. আত্মা তৈরির সক্ষমতায়
গ. পরোপকারে ঘ. আত্মবৃদ্ধির ক্ষমতায়

২৯. বৃক্ষের অঙ্কুরিত হওয়া থেকে ফলবান হওয়া পর্যন্ত সেখানে কেবলই-
ক. ক্রন্দনের ইতিহাস খ. বৃদ্ধির ইতিহাস
গ. প্রতিষ্ঠার ইতিহাস ঘ. নির্মাণের ইতিহাস

৩০. বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়, কারণ-
ক. বৃক্ষ নদীর মতোই বহমান খ. বৃক্ষ হলো সার্থকতার প্রতীক
গ. বৃক্ষের দানে কোনো স্বার্থ নেই ঘ. বৃক্ষ থেকে নানা ঔষধ তৈরি হয়

০১.ক	০২.খ	০৩.গ	০৪.ক	০৫.ক	০৬.গ	০৭.ক	০৮.গ	০৯.ঘ	১০.খ
১১.ঘ	১২.গ	১৩.খ	১৪.খ	১৫.ঘ	১৬.ঘ	১৭.ক	১৮.খ	১৯.গ	২০.গ
২১.খ	২২.ক	২৩.ক	২৪.গ	২৫.ক	২৬.গ	২৭.গ	২৮.ঘ	২৯.খ	৩০.খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOL

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLI

SELF TEST

০১. প্রকৃতির ধর্মের সঙ্গে সাদৃশ্যপূর্ণ ধর্ম কোনটি?
ক. জীবের ধর্ম খ. প্রাণের ধর্ম
গ. মানুষের ধর্ম ঘ. নদীর ধর্ম

০২. বৃক্ষের বৃদ্ধির ইশারার সঙ্গে সঙ্গে আর কিসের ইঙ্গিত রয়েছে?
ক. সৌন্দর্যের খ. পূর্ণতার
গ. প্রশান্তির ঘ. সমৃদ্ধির

০৩. মুনি-ঋষিরা তপস্যা করেন এমন বনকে বলা হয়?
ক. তপোবন খ. আশ্রম
গ. গভীর অরণ্য ঘ. ঋষির আশ্রম

০৪. নোয়াখালী জেলার কোন গ্রামে মোতাহের হোসেন চৌধুরীর জন্ম?
ক. শিবপুর খ. কাঞ্চনপুর
গ. মিঠাপুকুর ঘ. জয়দেবপুর

০৫. মোতাহের হোসেন চৌধুরীর লেখনী কিরূপ ছিল?
ক. বাস্তব জীবনভিত্তিক খ. সংগ্রামী প্রকৃতির
গ. কল্পকাহিনিভিত্তিক ঘ. সমালোচনাভিত্তিক

০৬. মোতাহের হোসেন চৌধুরী কখন মারা যান?
ক. চট্টগ্রাম কলেজে অধ্যাপনাকালে খ. প্রবাসে থাকাকালীন
গ. চট্টগ্রাম কলেজে অধ্যয়নকালে ঘ. মুক্তিযুদ্ধের সময়

০৭. কিসের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়?
ক. মানুষের দিকে খ. বৃক্ষের দিকে
গ. প্রকৃতির দিকে ঘ. আকাশের দিকে

০৮. যা প্রাপ্তি তাই কী?
ক. ত্যাগ খ. ভাল গ. দান ঘ. লিপ্সা

০৯. নিষ্ঠুর মানুষ কিসের নিশান ওড়ায়?
ক. ব্যক্তিগত অহংকারের খ. কথার
গ. মর্যাদার ঘ. ক্ষমতার

১০. 'মানবপ্রেমের' কথা বললেও নিষ্ঠুর প্রকৃতির মানুষগুলোর বুলি হয় কেমন?
ক. নিষ্ঠুর খ. যুক্তিহীন
গ. আন্তরিক ঘ. আন্তরিকতাশূন্য

১১. কোন প্রতিষ্ঠান মোতাহের হোসেন চৌধুরীর প্রকাশিত ও অপ্রকাশিত সমস্ত রচনা 'রচনাবলি' আকারে প্রকাশ করেছে?
ক. বাংলা একাডেমি খ. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড
গ. নজরুল ইনস্টিটিউট ঘ. বাংলাপিডিয়া

১২. 'গভীরচিত্ত' অর্থ কী?
ক. অবনত ভাব খ. গভীর চিন্তা-চেতনাসম্পন্ন
গ. আত্মত্যাগ ঘ. ভদ্রতা

১৩. উদারহৃদয় ও গভীরচিত্তের মানুষের প্রতীক কী হবে?
ক. প্রাণহীন ছাঁচ খ. গতিময় সমাজ
গ. সজীব বৃক্ষ ঘ. টিকে থাকার জন্য লড়াই

১৪. রবীন্দ্রনাথের মতে মনুষ্যত্বের বেদনা কোথায় উপলব্ধ হয় না?
ক. বৃক্ষের মধ্যে খ. নদীর গতিতে
গ. ফুল ফোটায় ঘ. নদীর ঢেউয়ে

১৫. 'চর্মচক্ষু' বলতে কী বোঝায়?
ক. মানসিক দৃষ্টি খ. দৃষ্টি দান করা
গ. অন্তরের দৃষ্টি ঘ. দৈহিক চক্ষু

১৬. 'তপোবন প্রেমিক' রবীন্দ্রনাথ বলে লেখক বুঝিয়েছেন–
ক. বৃক্ষ-প্রেমিক রবীন্দ্রনাথ খ. অরণ্য-প্রেমিক রবীন্দ্রনাথ
গ. ফুল-প্রেমিক রবীন্দ্রনাথ ঘ. বৃক্ষ ও ফুল প্রেমিক রবীন্দ্রনাথ

১৭. মোতাহের হোসেন চৌধুরী বৃক্ষের জীবনের কোন দুটি জিনিস উপলব্ধি করার পক্ষপাতী?
ক. স্থির ও বিকাশ খ. সার্থকতা ও সজীবতা
গ. গতি ও প্রকৃতি ঘ. গতি ও বিকাশ

১৮. 'বুদ্ধির মুক্তি আন্দোলন' প্রতিনিধিত্ব করে–
ক. ইংরেজি শিক্ষার বিস্তার খ. ধর্মীয় শিক্ষার অগ্রগতি
গ. বাঙালি হিন্দু সমাজের অগ্রগতি ঘ. বাঙালি মুসলমান সমাজের অগ্রগতি

১৯. আত্মার উন্নতি কীভাবে সম্ভব?
ক. জীবনবোধ ও মূল্যবোধের দ্বারা খ. জীবনবোধ দ্বারা
গ. মূল্যবোধ দ্বারা ঘ. প্রেম ও অনুভূতি দ্বারা

২০. বৃক্ষের অঙ্কুরিত হওয়া থেকে ফলবান হওয়া পর্যন্ত কী ইতিহাস নির্দেশ করে?
ক. আত্মার বৃদ্ধি খ. আত্মার পরিশুদ্ধি
গ. আত্মার শুদ্ধতা ঘ. আত্মার মাধুর্য

২১. স্থূলবুদ্ধি ও জবরদস্তি প্রিয় মানুষের কাজ কী?
ক. সমাজে টিকে থাকার সুবিধা দেওয়া
খ. প্রেম ও সৌন্দর্যের অনুসরণ করা
গ. অপরের সার্থকতার পথে অন্তরায় সৃষ্টি করা
ঘ. হিংসাত্মক পরিবেশ সৃষ্টি করা

২২. চর্মচক্ষুকে বড় না করে আমাদেরকে বড় করতে হবে–
ক. কল্পনাশক্তিকে খ. মনের পরিধিকে
গ. অনুভূতির চক্ষুকে ঘ খ ও গ

২৩. বৃক্ষের বেদনা সহজে উপলব্ধি করা যায় কখন?
ক. চর্মচক্ষু দিয়ে বিজার করলে খ. অনুভূতি দিয়ে বিচার করলে
গ. অহংকার দিয়ে বিচার করলে ঘ. চিন্তা দিয়ে বিচার করলে

২৪. আত্মাকে মধুর ও পুষ্ট করে গড়ে তুলতে হবে কারণ–
ক. স্রষ্টার উপভোগের উপযুক্ত হতে খ. সৃষ্টির শ্রেষ্ঠ জীব হতে
গ. মানবিক বিকাশ পূর্ণ করতে ঘ. মনুষ্যত্বের বেদনা উপলব্ধি করতে

২৫. বৃক্ষের বৃদ্ধির ইতিহাস কোন পর্যন্ত?
ক. জন্ম থেকে মৃত্যু হওয়া খ. অঙ্কুরিত হওয়া থেকে শেষ হওয়া
গ. জন্ম থেকে ফল ধারণ করা ঘ. অঙ্কুরিত হওয়া থেকে ফলবান হওয়া

২৬. মানুষের সাধনা হওয়া উচিত নয় কী?
ক. অনবরত ধেয়ে চলা খ. শুধু নিজে বাঁচা
গ. আদর্শহীন বেঁচে থাকা ঘ. শ্রীহীন জীবনের বিকাশ

২৭. বৃক্ষ কীভাবে জীবনের গুরুভার বহন করে?
ক. কাঠ দ্বারা খ. ফুল দ্বারা
গ. বৃষ্টিকে প্রভাবিত করে ঘ. অতি শান্ত ও সহিষ্ণুতায়

২৮. আত্মাকে কীভাবে গড়ে তুলতে হবে?
ক. বাস্তব শিক্ষায় খ. বস্তুগত শিক্ষায়
গ. ধর্মনিরপেক্ষতা শিক্ষায় ঘ. মধুর ও পুষ্ট করে

২৯. কেন মানুষ নিষ্ঠুর ও বিকৃত বুদ্ধির হয়?
ক. উদারতার অভাবে খ. প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি
গ. ভালোবাসার অভাবে ঘ. সচেতনতার অভাবে

৩০. 'জীবনাদর্শের প্রতীক বৃক্ষ' বলতে কী বোঝানো হয়েছে?
ক. সুন্দর জীবনের জন্য অনুকরণীয় আদর্শ বৃক্ষ
খ. বৃক্ষ হতে আমরা ফুল ও ফল পাই
গ. বৃক্ষ জীবনধারণের উৎস
ঘ. বৃক্ষের সুশীতল ছায়া মানব জীবনকে প্রশান্তি দেয়

OMR

৩০. ক খ গ ঘ	২৯. ক খ গ ঘ	২৮. ক খ গ ঘ
২৭. ক খ গ ঘ	২৬. ক খ গ ঘ	২৫. ক খ গ ঘ
২৪. ক খ গ ঘ	২৩. ক খ গ ঘ	২২. ক খ গ ঘ
২১. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ	১৯. ক খ গ ঘ
১৮. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৬. ক খ গ ঘ
১৫. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ
১২. ক খ গ ঘ	১১. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ
০৯. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ	০৭. ক খ গ ঘ
০৬. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ
০৩. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০১. ক খ গ ঘ

Correct Answer

৩০.ক	২৯.খ	২৮.ঘ	২৭.ঘ	২৬.ক	২৫.ঘ	২৪.ক	২৩.খ	২২.ঘ	২১.[illegible]
২০.ক	১৯.ক	১৮.ঘ	১৭.ঘ	১৬.খ	১৫.ঘ	১৪.গ	১৩.গ	১২.খ	১১.[illegible]
১০.ঘ	০৯.ক	০৮.গ	০৭.খ	০৬.ক	০৫.ক	০৪.খ	০৩.ক	০২.গ	০১.[illegible]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

মাসি-পিসি

মানিক বন্দ্যোপাধ্যায়

শেষবেলায় খালে এখন পুরো ভাটা। জল নেমে গিয়ে কাদা আর ভাঙা ইটপাটকেল ও ওজনে ভারি আবর্জনা বেরিয়ে পড়েছে। কংক্রিটের পুলের কাছে খালের ধারে লাগানো সালতি থেকে খড় তোলা হচ্ছে পাড়ে। পাশাপাশি জোড়া লাগানো দুটো বড় সালতি বোঝাই আঁটিবাঁধা খড় তিনজনের মাথায় চড়ে গিয়ে জমা হচ্ছে ওপরের মস্ত গাদায়। ওঠানামার পথে ওরা খড় ফেলে নিয়েছে কাদায়। সালতি থেকে ওদের মাথায় খড় তুলে দিচ্ছে দুজন। একজনের বয়স হয়েছে, আধাপাকা চুল, রোগা শরীর। অন্যজন মাঝবয়সী, বেঁটে, জোয়ান, মাথায় ঠাসা কদমছাঁটা রুক্ষ চুল।

পুলের তলা দিয়ে ভাটার টান ঠেলে এগিয়ে এল সরু লম্বা আরেকটা সালতি, দু-হাত চওড়া হয়নি না হয়। দু-মাথায় দাঁড়িয়ে দুজন প্রৌঢ়া বিধবা লগি ঠেলছে, ময়লা মোটা থানের আঁচল দুজনেরই কোমরে বাঁধা। মাঝখানে গুটিসুটি হয়ে বসে আছে অল্পবয়সী একটি বৌ। গায়ে জামা আছে, নকশা পাড়ের সস্তা সাদা শাড়ি। আঁটসাঁট থমথমে গড়ন, গোলগাল মুখ।

'মাসি-পিসি ফিরছে কৈলেশ', বুড়ো লোকটি বলল।

কৈলাশ বাহকের মাথায় খড় চাপাতে ব্যস্ত ছিল। চটপট শেষ আঁটিটা চাপিয়ে দিয়ে সে যখন ফিরল, মাসি-পিসির সালতি দু-হাতের মধ্যে এসে গেছে।

"ও মাসি, ওগো পিসি, রাখো রাখো। খপর আছে শুনে যাও।"

সামনের দিকে লগি পুঁতে মাসি-পিসি সালতির গতি ঠেকায়, আহ্লাদি সিঁথির সিঁদুর পর্যন্ত ঘোমটা টেনে দেয়। সামনে থেকে মাসি বলে বিরক্তির সঙ্গে, 'বেলা আর নেই কৈলেশ'। পেছনে থেকে পিসি বলে, 'অনেকটা পথ যেতে হবে কৈলেশ'। মাসি-পিসির গলা ঝরঝরে, আওয়াজ একটু মোটা, একটু ঝংকার আছে। কৈলাশের খবরটা গোপন, দুজনে লম্বা লম্বা সালতির দু-মাথায় থাকলে সম্ভব নয় চুপে চুপে বলা। মাসি বড় সালতির খড় ঠেকানো বাঁশটা চেপে ধরে থাকে, পিসি লগি হাতে নিয়েই পিছন থেকে এগিয়ে আসে সামনের দিকে। আহ্লাদি যেখানে ছিল সেখানে বসেই কান পেতে রাখে। কথাবার্তা সে সব শুনতে পায় সহজেই। কারণ, সে যাতে শুনতে পায় এমনি করেই বলে কৈলাশ।

'বলি মাসি, তোমাকেও বলি পিসি', কৈলেশ শুরু করে, 'মেয়াকে একদম শ্বশুরঘর পাঠাবে না মনে করেছ যদি, সে কেমন ধারা কথা হয়? এত বড় সোমত্ত মেয়া, তোমরা দুটি মেয়েলোক বাদে ঘরে একটা পুরুষমানুষ নেই, বিপদ-আপদ ঘটে যদি তো-'

মাসি বলে, 'খুনসুটি রাখো দিকি কৈলেশ তোমার, মোদ্দাকথাটা কী তাই কও, বললে না যে খপর আছে, কী?'

পিসি বলে, 'খপরটা কী তাই কও। বেলা বেশি নেই কৈলেশ।'

মাসি-পিসির সাথে পারা যাবে না জানে কৈলাশ। অগত্যা ফেনিয়ে রসিয়ে বলবার বদলে সে সোজা কথায় আসে, 'জগুর সাথে দেখা হলো কাল। খড় তুলে দিতে সাঁঝ হয়ে গেল, তা দোকানে এটটু-মানে আর কি চা খেতে গেছি চায়ের দোকানে, জগুর সাথে দেখা।'

মাসি বলে, 'চায়ের দোকান না কিসের দোকান তা বুঝিছি কৈলেশ, তা কথাটা কী?'

পিসি বলে, 'সেথা ছাড়া আর ওকে কোথা দেখবে। হাতে দুটো পয়সা এলে তোমারও স্বভাব বিগড়ে যায় কৈলেশ। তা, কী বললে জগু?'

কৈলাশ ফাঁপরে পড়ে আড়চোখে চায় আহ্লাদির দিকে, হঠাৎ বেমক্কা জোরের সঙ্গে প্রতিবাদ করে যে, তা নয়, পুলের কাছেই চায়ের দোকান, মাসি-পিসি গিয়ে জিজ্ঞাসা করুক না সেখানে। তারপরেই জোর হারিয়ে বলে, 'ওসব একরকম ছেড়ে দিয়েছে জগু। লোকটা কেমন বদলে গেছে মাসি, সত্যি কথা পিসি, জগু আর সেই জগু নেই। বৌকে নিতে চায় এখন। তোমরা নাকি পণ করেছ মেয়া পাঠাবে না, তাতেই চটে আছে। সম্মান তো আছে একটা মানুষের, কবার নিতে এল তা মেয়া দিলে না, তাই তো নিতে আসে না আর। আমি বলি কী, নিজেরা যেচে এবার পাঠিয়ে দেও মেয়াকে।'

মাসি বলে, 'পেটে শুকিয়ে লাথি ঝাঁটা খেতে? কলকেপোড়া ছ্যাঁকা খেতে? খুঁটির সাথে দড়িবাঁধা হয়ে থাকতে দিনভর রাতভর?'

পিসি-বলে, 'মেয়া না পাঠাই, জামাই এলে রাখিনি জামাই-আদরে তাকে? ছাগলটা বেচে দিয়ে খাওয়াইনি ভালোমন্দ দশটা জিনিস?'

মাসি বলে, 'ফের আসুক, আদরে রাখব যদ্দিন থাকে। বজ্জাত হোক, খুনে হোক, জামাই তো। ঘরে এলে খাতির না করব কেন? তবে মেয়া মোরা পাঠাব না।'

পিসি বলে, 'নে কৈলেশ, মরতে মোরা মেয়াকে পাঠাব না।'

বুড়ো রহমান একা খড় চাপিয়ে যায় বাহকদের মাথায়, চুপচাপ শুনে যায় এদের কথা। ছলছল চোখে একবার তাকায় আহ্লাদির দিকে। তার মেয়েটা শ্বশুরবাড়িতে মরেছে অল্পদিন আগে। কিছুতে যেতে চায়নি মেয়েটা, দাপাদাপি করে কেঁদেছে যাওয়া ঠেকাতে, ছোট অবুঝ মেয়ে। তার ভালোর জন্যেই তাকে জোর-জবরদস্তি করে পাঠিয়ে দিয়েছিল। আহ্লাদির সঙ্গে তার চেহারায় কোনো মিল নাই। বয়সে সে ছিল অনেক ছোট, চেহারা ছিল অনেক বেশি রোগা। তবু আহ্লাদির ফ্যাকাশে মুখে তারই মুখের ছাপ রহমান দেখতে পায়, খড়ের আঁটি তুলে দেবার ফাঁকে ফাঁকে যখনই সে তাকায় আহ্লাদির দিকে।

কৈলাশ বলে, 'তবে আসল কথাটা বলি। জগু মোকে বললে, এবার সে মামলা করবে বৌ নেবার জন্য। তার বিয়ে করা বৌকে তোমরা আটকে রেখেছ বদ মতলবে। মামলা করলে বিপদে পড়বে। সোয়ামি নিতে চাইলে বৌকে আটকে রাখার আইন নেই। জেল হয়ে যাবে তোমাদের। আর যেমন বুঝলাম, মামলা জগু করবেই আজকালের মধ্যে। মরবে তোমরা জান মাসি, জান পিসি, মারা পড়বে তোমরা একেবারে।

আহ্লাদি একটা শব্দ করে, অস্ফুট আর্তনাদের মতো। মাসি ও পিসি মুখ চাওয়া-চাওয়ি করে কয়েক বার। মনে হয়, মনে তাদের একই কথা উদয় হয়েছে, চোখে চোখে চেয়ে সেটা শুধু জানাজানি করে নিল তারা।

মাসি বলল, 'জেলে নয় গেলাম কৈলেশ, কিন্তু মেয়া যদি সোয়ামির কাছে না যেতে চায় খুন হবার ভয়ে?'

বলে মাসি বড় সালতির খড় ঠেকানো বাঁশ ছেড়ে দিয়ে লগি গুঁজে দেয় কাদায়, পিসি তরতর করে পিছনে গিয়ে লগি কাদায় গুঁজে হেলে পড়ে, শরীরের ভারে সরু লম্বা সালতিটাকে এগিয়ে দেয় ভাটার টানের বিপক্ষে। বেলা একরকম নেই। ছায়া নামছে চারদিকে।

শকুনরা উড়ে এসে বসছে পাতাশূন্য শুকনো গাছটায়। একটা শকুন উড়ে গেল এ আশ্রয় ছেড়ে অল্প দূরে আরেকটা গাছের দিকে। ডাল ছেড়ে উড়তে আর নতুন ডালে গিয়ে বসতে কী তার পাখা ঝাপটানি!

মায়ের বোন মাসি আর বাপের বোন পিসি ছাড়া বাপের ঘরের কেউ নেই আহ্লাদির। দুর্ভিক্ষ কোনোমতে ঠেকিয়েছিল তার বাপ। মহামারীর একটা রোগে, কলেরায়, সে, তার বৌ আর ছেলেটা শেষ হয়ে গেল। মাসি-পিসি তার আশ্রয়ে মাথা গুঁজে আছে অনেক দিন, দূর ছাই সয়ে আর কুড়িয়ে পেতে খেয়ে নিরাশ্রয় বিধবারা যেমন থাকে। নিজেদের ভরণপোষণের কিছু তারা রোজগার করত ধান ভেনে, কাঁথা সেলাই করে, ডালের বড়ি বেচে, হোগলা গেঁথে, শাকপাতা ফলমূল ডাঁটা কুড়িয়ে, এটা ওটা জোগাড় করে। শাকপাতা খুদকুঁড়ো ভোজন, বছরে দুজোড়া থান পরন- খরচ তো এই। বছরের পর বছর ধরে কিছু পুঁজি পর্যন্ত হয়েছিল দুজনের, রূপোর টাকা আধুলি সিকি। দুর্ভিক্ষের সময়টা বাঁচবার জন্য তাদের লড়তে হয়েছে সাংঘাতিকভাবে, আহ্লাদির বাপ তাদের থাকাটা শুধু বরাদ্দ রেখে খাওয়া ছাঁটাই করে দিয়েছিল একেবারে পুরোপুরি। তারও তখন বিষম অবস্থা। নিজেরা বাঁচে কি বাঁচে না, তার ওপর জগুর লাথির চোটে মরমর মেয়ে এসে হাজির। সে কোনদিক সামলাবে? মাসি-পিসির সেবা-যত্নেই আহ্লাদি অবশ্য সেবার বেঁচে গিয়েছিল, তার বাপ-মাও সেটা স্বীকার করেছে। কিন্তু কী করবে, গলা কেটে রক্ত দিয়ে সে ধার শোধ করা যদি-বা সম্ভব, অন্ন দেওয়ার ক্ষমতা কোথায় পাবে। পাল্লা দিয়ে মাসি-পিসি আহ্লাদির জীবনের জন্য লড়েছিল, পেল যদি তো খেয়ে, না-পেল যদি তো না-খেয়েই। অবস্থা যখন তাদের অতি কাহিল, চারদিকে না-খেয়ে মরা শুরু করেছে মানুষ, মরণ ঠেকাতেই ফুরিয়ে আসছে তাদের জীবনীশক্তি; একদিন মাসি বলে পিসিকে, 'একটা কাজ করবি বেয়াইন? তাতেও তোরও দুটো পয়সা আসে, মোরও দুটো পয়সা আসে।'

শহরের বাজারে তরিতরকারি ফলমূলের দাম চড়া। গাঁ থেকে কিনে যদি বাজারে গিয়ে বেচে আসে তারা, কিছু রোজগার হবে। একা মাসির ভরসা হয় না সালতি বেয়ে অতদূর যেতে, যাওয়া-আসাও একার দ্বারা হবে না তার। পিসি রাজি হয়েছিল। এতে কিছু হবে কি না হবে ভগবান জানে, কিন্তু যদি হয় তবে রোজগারের একটা নতুন উপায় মাসি পেয়ে যাবে আর সে পাবে না, তাকে না পেলে অন্য কারো সাথে হয়ত মাসি বন্দোবস্ত করবে, তা কি পারে পিসি ঘটতে দিতে।

সেই থেকে শুরু হয় গেরস্তের বাড়তি শাকসবজি ফলমূল নিয়ে মাসি-পিসির সালতি বেয়ে শহরের বাজারে গিয়ে বেচে আসা। গাঁয়ের বাবু বাসিন্দারাও নগদ পয়সার জন্য বাগানের জিনিস বেচতে দেয়।

মাসি-পিসির ভাব ছিল আগেও। অবস্থা এক, বয়স সমান, একঘরে বাস, পরস্পরের কাছে ছাড়া সুখ-দুঃখের কথা তারা কাকেই-বা বলবে, কেই-বা শুনবে। তবে হিংসা দ্বেষ রেষারেষিও ছিল যথেষ্ট, কোন্দলও বেধে যেত কারণে অকারণে।

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পিসি এ বাড়ির মেয়ে, এ তার বাপের বাড়ি। মাসি উড়ে এসে জুড়ে বসেছে এখানে। তাই মাসির উপর পিসির একটা অবজ্ঞা অবহেলার ভাব ছিল। এই নিয়ে পিসির অহংকার আর খোঁচাই সবচেয়ে অসহ্য লাগত মাসির। ধীর শান্ত দুঃখী মানুষ মনে হতো এমনি তাদের, কিন্তু ঝগড়া বাধলে অবাক হয়ে যেতে হতো তাদের দেখে। সে কী রাগ, সে কী তেজ, সে কী গোঁ! মনে হতো এই বুঝি কামড়ে দেয় একে অপরকে, এই বুঝি কাটে বঁটি দিয়ে।

শাকসবজি বেচে বাঁচবার চেষ্টায় একসঙ্গে কোমর বেঁধে নেমে পড়ামাত্র সব বিরোধ সব পার্থক্য উড়ে গিয়ে দুজনের হয়ে গেল একমন, একপ্রাণ। সে মিল জমজমাট হয়ে উঠল আহ্লাদির ভার ঘাড়ে পড়ায়। নিজের পেট ভরানো শুধু নয়, নিজেদের বেঁচে থাকা শুধু নয়, তাদের দুজনেরই এখন আহ্লাদি আছে। খাইয়ে পরিয়ে যত্নে রাখতে হবে তাকে, শ্বশুরঘরের কবল থেকে বাঁচাতে হবে তাকে, গাঁয়ের বজ্জাতদের নজর থেকে সামলে রাখতে হবে, কত দায়িত্ব তাদের, কত কাজ, কত ভাবনা।

বাপ মা বেঁচে থাকলে আহ্লাদিকে হয়ত শ্বশুরবাড়ি যেতে হতো, মাসি-পিসিও বিশেষ কিছু বলতো কি না সন্দেহ। কিন্তু তারা তো নেই, এখন মাসি-পিসিরই সব দায়িত্ব। বিনা পরামর্শে আপনা থেকেই তাদের ঠিক হয়েছিল, আহ্লাদিকে পাঠানো হবে না। আহ্লাদিকে কোথাও পাঠানোর কথা তারা ভাবতেও পারে না। বিশেষ করে ওই খুনেদের কাছে কখনো মেয়ে তারা পাঠাতে পারে, যাবার কথা ভাবলেই মেয়ে যখন আতঙ্কে পাঁশুটে মেরে যায়?

বাপের ঘরদুয়ার জমিজমাটুকু আহ্লাদিকে বর্তেছে, জগুর বৌ নেবার আগ্রহও খুবই স্পষ্ট। সামান্যই ছিল তার বাপের, তারও সিকিমতো আছে মোটে, বাকি গেছে গোকুলের কবলে। তবু মুফতে যা পাওয়া যায় তাতেই জগুর প্রবল লোভ।

খালি ঘরে আহ্লাদিকে রেখে কোথাও যাবার সাহস তাদের হয় না। দুজনে মিলে যদি যেতে হয় কোথাও আহ্লাদিকে তারা সঙ্গে নিয়ে যায়।

মাসি বলে, 'ডরাসনি আহ্লাদি। ভাঁওতা দিয়ে আমাদের দমাবার ফিকির সব। নয় তো কৈলেশকে দিয়ে ওসব কথা বলায় মোদের?'

পিসি বলে, 'দুদিন বাদে ফের আসবে দেখিস জামাই। তখন শুধোলে বলবে, কই না, আমি তো ওসব কিছু বলি নি কৈলেশকে।'

মাসি বলে, 'চার মাসে পড়লি, আর কটা দিন বা। মা-মাসির কাছেই রইতে হয় এ সময়টা, জামাই এলে বুঝিয়ে বলব।' পিসি বলে, 'ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়, জানিস আহ্লাদি। তোর পিসে ছিল জগুর মতো। খোকাটা কোলে আসতে কী হয়ে গেল সেই মানুষ। চুপি চুপি এসে ওটা খাওয়ায়, উঠতে বলি তো ওঠে, বসতে বলি তো বসে।

মাসি বলে, 'তোর মেসো ঠিক ছিল, শাউড়ি ননদ ছিল বাঘ। উঠতে বসতে কী ছ্যাঁচা খেয়েছি ভাবলে বুক কাঁপে। কিন্তু জানিস আহ্লাদি, মেয়েটা যেই কোলে এল শাউড়ি ননদ যেন মোকে মাথায় করে রাখলে বাঁচে।'

পিসি বলে, 'তুইও যাবি, সোয়ামির ঘর করবি। ডরাস্‌নি, ডর কিসের?'

বাড়ি ফিরে দীপ জ্বেলে মাসি-পিসি রান্নাবান্না সারতে লেগে যায়। বাইরে দিন কাটলেও আহ্লাদির পরিশ্রম কিছু হয়নি, শুয়ে বসেই দিন কেটেছে। তবু মাসি-পিসির কথায় সে একটু শোয়। শরীর নয়, মনটা তার কেমন করছে। নিজেকে তার ছ্যাঁচড়া, নোংরা, নর্দমার মতো লাগে। মাসি-পিসির আড়ালে থেকেও সে টের পায় কীভাবে মানুষের পর মানুষ তাকাচ্ছে তার দিকে, কতজন কতভাবে মাসি-পিসির সঙ্গে আলাপ জমাচ্ছে তরিতরকারির মতো তাকেও কেনা যায় কি না যাচাই করবার জন্য। গাঁয়েরও কতজন তার কত রকমের দর দিয়েছে মাসি-পিসির কাছে। মাসি-পিসিকে চিনে তারা অনেকটা চুপচাপ হয়ে গেছে আজকাল, কিন্তু গোকুল হাল ছাড়েনি। মাসি-পিসিকে পাগল করে তুলেছে গোকুল। মায়ের বাড়া তার এই মাসি-পিসি, কী দুর্ভোগ তাদের তার জন্য। মাসি-পিসিকে এত যন্ত্রণা দেওয়ার চেয়ে সে নয় শ্বশুরঘরের লাঞ্ছনা সইত, জগুর লাথি খেত। ঈষৎ তন্দ্রার ঘোরে শিউরে ওঠে আহ্লাদি। একপাশে মাসি আর একপাশে পিসিকে না নিয়ে শুলে কি চলবে তার কোনোদিন?

রান্না সেরে খাওয়ার আয়োজন করছে মাসি-পিসি, একেবারে ভাতটাত বেড়ে আহ্লাদিকে ডাকবে। ভাগাভাগি কাজ তাদের এমন সহজ হয়ে গেছে যে বলাবলির দরকার তাদের হয় না, দুজনে মিলে কাজ করে যেন একজনে করছে। এবার ব্যঞ্জনে নুন দেবে এ কথা বলতে হয় না পিসিকে, ঠিক সময়ে নুনের পাত্র সে এগিয়ে দেয় মাসির কাছে। বলাবলি করছে তারা আহ্লাদির কথা, আহ্লাদির সুখদুঃখ, আহ্লাদির সমস্যা, আহ্লাদির ভবিষ্যৎ। জামাই যদি আসে, একটি কড়া কথা তাকে বলা হবে না, এতটুকু খোঁচা দেওয়া হবে না। উপদেশ দিতে গেলে চটবে জামাই, পুরুষমানুষ তো যতই হোক, এটা করা তার উচিত নয়, এসব কিছু বলা হবে না তাকে। জামাই এসেছে তাই আনন্দ রাখবার যেন ঠাঁই নেই এই ভাব দেখাবে মাসি-পিসি– আহ্লাদিকে শিখিয়ে দিতে হবে সোয়ামি এসেছে বলে যেন আহ্লাদে গদগদ হবার ভাব দেখায়। যে কদিন থাকে জামাই, সে যেন অনুভব করে, সে-ই এখানকার কর্তা, সে-ই সর্বেসর্বা।

বাইরে থেকে হাক আসে কানাই চৌকিদারের। মাসি-পিসি পরস্পরের মুখের দিকে তাকায়। জোরে নিঃশ্বাস পড়ে দুজনের। সারাটা দিন গেছে লড়ে আর লড়ে। সরকারবাবুর বাজারের তোলা নিয়ে ঝগড়া করতে অর্ধেক জীবন বেরিয়ে গেছে দু-জনের। এখন চৌকিদার কানাই। হাঙ্গামা না আসে রাত্রে, গাঁয়ে লোক যখন ঘুমোচ্ছে।

রসুই চালায় ঝাঁপ এঁটে মাসি-পিসি বাইরে যায়। শুক্লপক্ষের একাদশীর উপোস করেছে তারা গতকাল। আজ দ্বাদশী, জ্যোৎস্না বেশ উজ্জ্বল। কানাইয়ের সাথে গোকুলের যে তিনজন এসেছে তাদের মাসি-পিসি চিনতে পারে, মাথায় লাল পাগড়ি-আঁটা লোকটা তাদের অচেনা।

কানাই বলে, 'কাছারিবাড়ি যেতে হবে একবার।'

মাসি বলে, 'এত রাতে?'

পিসি বলে, 'মরণ নেই?'

কানাই বলে, 'দারোগাবাবু এসে বসে আছেন বাবুর সাথে। যেতে একবার দিদিঠাকরুনরা। বেঁধে নিয়ে যাবার হুকুম আছে।'

মাসি-পিসি মুখে মুখে তাকায়। পথের পাশে ডোবার ধারে কাঁঠাল গাছের ছায়ায় তিন-জন ঘুপটি মেরে আছে স্পষ্টই দেখতে পেয়েছে মাসি-পিসি। ওরা যে গাঁয়ের গুণ্ডা সা... ওসমানেরা তাতে সন্দেহ নেই, বৈদ্যের ফেটি-বাঁধা বাবরি চুলওয়ালা মাথাটায় পাতার ফাঁকে জ্যোৎস্না পড়েছে। তারা যাবে কাছারিতে কানাই আর পেয়াদা কনস্টেবলের সঙ্গে, ওরা এসে আহ্লাদিকে নিয়ে যাবে।

মাসি বলে, 'মোদের একজন গেলে হবে না কানাই?'

পিসি বলে, 'আমি যাই চলো?'

কর্তা ডেকেছেন দুজনকে।

মাসি-পিসি দুজনেই আবার তাকায় মুখে মুখে।

মাসি বলে, 'কাপড়টা ছেড়ে আসি কানাই।'

পিসি বলে, 'হাত ধুয়ে আসি, একদণ্ড লাগবে না।'

তাড়াতাড়িই ফিরে আসে তারা। মাসি নিয়ে আসে বঁটিটা হাতে করে, পিসির হাতে দেখা যায় রামদার মতো মস্ত একটা কাটারি।

মাসি বলে, 'কানাই, কত্তাকে বোলো, মেয়েনোকের এত রাতে কাছারিবাড়ি যেতে ... করে। কাল সকালে যাব।'

পিসি বলে, 'এত রাতে মেয়েনোককে কাছারিবাড়ি ডাকতে কত্তার নজ্জা করে না কানাই?'

কানাই ফুঁসে ওঠে, 'না যদি যাও ঠাকরুনরা ভালোয় ভালোয়, ধরে বেঁধে টেনেহিঁচড়ে নিয়ে যাবার হুকুম আছে কিন্তু বলে রাখলাম।'

মাসি বঁটিটা বাগিয়ে ধরে দাঁতে দাঁত কামড়ে বলে, 'বটে? ধরে বেঁধে টেনেহিঁচড়ে নিয়ে যাবে? এসো। কে এগিয়ে আসবে এসো। বঁটির এক কোপে গলা ফাঁক করে দেব।'

পিসি বলে, 'আয় না বজ্জাত হারামজাদারা, এগিয়ে আয় না? কাটারির কোপে গলা কাটি দু-একটার।'

দু-পা এগোয় তারা দ্বিধাভরে। মাসি-পিসির মধ্যে ভয়ের লেশটুকু না দেখে সত্যিই খানিকটা ভ্যাবাচ্যাকা খেয়ে গিয়েছে। মারাত্মক ভঙ্গিতে বঁটি আর দা উঁচু হয় মাসি-পিসির।

মাসি বলে, 'শোন কানাই, এ কিন্তু এর্কি নয় মোটে। তোমাদের সাথে মোরা মেয়েমানুষ পারব না জানি কিন্তু দুটো-একটাকে মারব জখম করব ঠিক।'

পিসি বলে, 'মোরা নয় মরব।'

তারপর বিনা পরামর্শেই মাসি-পিসি হঠাৎ গলা ছেড়ে দেয়। প্রথমে শুরু করে মাসি, তার সাথে যোগ দেয় পিসি। আশপাশে যত বাসিন্দা আছে সকলের নাম ধরে গলা ফাটিয়ে তারা ডাক দেয়, ও বাবাঠাকুর! ও ঘোষ মশায়! ও জনাদ্দন! ওগো কানুর মা! বিপিন! বংশী...'

কানাই অদৃশ্য হয়ে যায় দলবল নিয়ে। হাঁকাহাঁকি ডাকাডাকি শুরু হয়ে যায় পাড়ায়, অনেকে ছুটে আসে, কেউ কেউ ব্যাপার অনুমান করে ঘরের জানালা দিয়ে উঁকি দেয় বাইরে না বেরিয়ে।

এই হট্টগোলের পর আরও নিঝুম আরও থমথমে মনে হয় রাত্রিটা। আহ্লাদিকে মাঝে নিয়ে শুয়ে ঘুম আসে না মাসি-পিসির চোখে। বিপদে পড়ে হাঁক দিলে পাড়ার এত লোক ছুটে আসে, এমনভাবে প্রাণ খুলে এতখানি জ্বালার সঙ্গে নিজেদের মধ্যে খোলাখুলি গোকুল আর দারোগা ব্যাটার চোদ্দপুরুষ উদ্ধার করতে সাহস পায়, জানা ছিল না মাসি-পিসির। তারা হাঁকডাক শুরু করেছিল খানিকটা কানাইদের ভড়কে দেবার জন্যে, এত লোক এসে পড়বে আশা করেনি। তাদের জন্য যতটা নয়, গোকুল আর দারোগার ওপর জ্বালাই যেন ওদের ঘর থেকে টেনে বার করে এনেছে মনে হলো সকলের কথাবার্তায়। কেমন একটা স্বস্তি বোধ করে মাসি-পিসি। বুকে নতুন জোর পায়।

মাসি বলে, 'জানো বেয়াইন, ওরা ফের ঘুরে আসবে মন বলছে। এত সহজে ছাড়বে কি?'

পিসি বলে, 'তাই ভাবছিলাম। মেয়েটাকে কুটুমবাড়ি সরিয়ে দেওয়ায় সোনাদের মাঝরাতে আগুন ধরিয়েছিল সেবার।'

খানিক চুপচাপ ভাবে দুজনে।

মাসি বলে, 'সজাগ রইতে হবে রাতটা।'

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পিসি বলে, 'তাই ভালো। কাঁথা কম্বলটা চুবিয়ে রাখি জলে, কী জানি কী হয়।'
আস্তে চুপি চুপি তারা কথা কয়, আহ্লাদির ঘুম না ভাঙে। অতি সন্তর্পণে তারা বিছানা ছেড়ে ওঠে। আহ্লাদির বাপের আমলের গোরুটা নেই, গামলাটা আছে। ঘড়া থেকে জল ঢেলে মোটা কাঁথা আর পুরনো ছেঁড়া একটা কম্বল চুবিয়ে রাখে, চালায় আগুন ধরে উঠতে উঠতে গোড়ায় চাপা দিয়ে নেভানো যাতে সহজ হয়। ঘড়ায় আর হাঁড়ি কলসিতে আরও জল এনে রাখে তারা ডোবা থেকে। বঁটি আর দা রাখে হাতের কাছেই। যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি। [সংক্ষেপিত]

শব্দার্থ ও টীকা

সালতি	শালকাঠ নির্মিত বা তালকাঠের সরু ডোঙা বা নৌকা।
প্রৌঢ়া	আধা বয়সী নারী।
কদমছাঁট	মাথার চুল এমনভাবে ছাঁটা যে তা কদমফুলের আকার ধারণ করে।
লগি	হাত ছয়েক লম্বা সরু বাঁশ। নৌকা চালানোর জন্য ব্যবহৃত বাঁশের দণ্ড।
খপর	'খবর' শব্দের আঞ্চলিক উচ্চারণ।
মেয়া	'মেয়ে' শব্দের আঞ্চলিক উচ্চারণ।
সোমত্ত	সমর্থ (সংসারধর্ম পালনে), যৌবনপ্রাপ্ত।
খুনসুটি	হাসি-তামাশাযুক্ত বিবাদ-বিসম্বাদ বা ঝগড়া।
বেমক্কা	স্থান-বহির্ভূত। অসংগত।
পেটে শুকিয়ে লাথি ঝাঁটা	পর্যাপ্ত খাবার না-জুগিয়ে কষ্ট দেওয়ার পাশাপাশি লাথি ঝাঁটার মাধ্যমে শারীরিকভাবে নির্যাতন করা।
কলকেপোড়া ছ্যাঁকা	তামাকসেবনে ব্যবহৃত হুকার উপরে কলকেতে যে আগুন থাকে তা দিয়ে দগ্ধ করা।
ডালের বড়ি	চালকুমড়া ও ডাল পিষে ছোট ছোট আকারে তৈরি করা খাদ্যবস্তু যা রোদে শুকিয়ে সংরক্ষণ করা হয় এবং সবজি-মাছ-মাংসের সঙ্গে রান্না করে খাওয়া হয়।
পাঁশুটে	ছাইবর্ণবিশিষ্ট। পাংশুবর্ণ। পাণ্ডুর। ফ্যাকাশে।
হোগলা গাঁথা	তৃণ দিয়ে মাদুর তৈরি করা।
হোগলা	জলাভূমিতে জাত লম্বাকৃতির তৃণবিশেষ।
সড়গড়	রপ্ত। মুখস্থ। অভ্যস্ত। স্মৃতিগত।
ব্যঞ্জন	রান্না-করা তরকারি।
বাজারের তোলা	বাজারে বিক্রেতাদের কাছ থেকে আদায় করা খাজনা।
কাটারি	কাটবার অস্ত্র।
এর্কি	'ইয়ার্কি' শব্দের আঞ্চলিক উচ্চারণ। হাস্য-পরিহাস বা রসিকতা।
রসুই চালা	যে চালার নিচে রান্না করা হয়। রান্নাঘর।

লেখক পরিচিতি

ঔপন্যাসিক	মানিক বন্দ্যোপাধ্যায় পিতৃপ্রদত্ত নাম : প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়। ডাকনাম : মানিক।
জন্ম পরিচয়	জন্ম : ১৯০৮ খ্রিস্টাব্দে বিহারের সাঁওতাল পরগনার দুমকা শহরে। পৈতৃক বাড়ি : ঢাকার বিক্রমপুর। পিতা : হরিহর বন্দ্যোপাধ্যায়। মাতা : নীরদাসুন্দরী দেবী।
লেখাপড়া	বাংলা, বিহার, উড়িষ্যার বিভিন্ন স্কুল ও কলেজে তিনি পড়াশোনা করেন।
জীবনাবসান	কলকাতায় ১৯৫৬ খ্রিস্টাব্দের তেসরা ডিসেম্বর তিনি মাত্র আটচল্লিশ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।
সাহিত্যকর্ম	
উপন্যাস	জননী (১৯৩৫), পদ্মানদীর মাঝি (১৯৩৬), স্বাধীনতার স্বাদ (১৯৫১), হলুদ নদী সবুজ বন (১৯৫৬), আরোগ্য (১৯৫৩), জীয়ন্ত, চতুষ্কোণ (১৯৪৮), অহিংসা (১৯৪১), হরফ (১৯৫৪), চিহ্ন (১৯৪৭), দিবারাত্রির কাব্য (১৯৩৫), শহরতলী, পুতুলনাচের ইতিকথা (১৯৩৬), ইতিকথার পরের কথা (১৯৫২), শহরবাসের ইতিকথা (১৯৪৬), সোনার চেয়ে দামী (১৯৫১)।
প্রবন্ধগ্রন্থ	লেখকের কথা।
ছোটগল্প	অতসী মামী ও অন্যান্য গল্প (১৯৩৫), প্রাগৈতিহাসিক (১৯৩৭), মিহি ও মোটা কাহিনী (১৯৩৮), আজ কাল পরশুর গল্প (১৯৪৬), সরীসৃপ (১৯৩৯), বৌ (১৯৪৩), সমুদ্রের স্বাদ (১৯৪৩), ভেজাল (১৯৪৪), ছোট বড় (১৯৪৮), হলুদ পোড়া (১৯৪৫), ছোট বকুলপুরের যাত্রী (১৯৪৯), মাটির মাশুল, উত্তরকালের গল্প সংগ্রহ।

ছন্দে ছন্দে মানিক বন্দ্যোপাধ্যায় রচনাসমূহ

❑ **উপন্যাস :** ইতিকথার পরের কথা হলো মানিক এর জননী আরোগ্য হয়ে স্বাধীনতার স্বাদ পেল এবং শহরতলীতে গিয়ে একটি চতুষ্কোণ সোনার চেয়ে দামি উপহার কিনল। অহিংসা শহরবাসের ইতিকথা আর পুতুলনাচের ইতিকথা পদ্মানদীর মাঝির মতোই দিবারাত্রির কাব্য।

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

➤ মানিক বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ উপন্যাস– **পদ্মানদীর মাঝি**।
➤ বিক্রমপুর অঞ্চলটি অবস্থিত– **মুন্সিগঞ্জ জেলায়**।
➤ 'পদ্মানদীর মাঝি' কোন ধরনের উপন্যাস?– **আঞ্চলিক উপন্যাস**।
➤ মার্কসবাদী লেখক হিসেবে পরিচিত– **মানিক বন্দ্যোপাধ্যায়**।
➤ মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি বিখ্যাত গ্রন্থ– **হলুদ নদী সবুজ বন**।
➤ লেখক কোথায় পড়ার সময় তাঁর ছোটগল্প 'অতসীমামী' রচনা করেন?– **কলকাতার প্রেসিডেন্সি কলেজে বিএসসি পড়ার সময়**।
➤ 'অতসীমামী' প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?– **বিচিত্রা (সম্পাদক– ফজল শাহাবুদ্দীন)**।
➤ মানিক বন্দ্যোপাধ্যায় তাঁর জীবনের কয় বছর নিরবচ্ছিন্নভাবে সাহিত্য সাধনা করেন?– **২৮ বছর**।
➤ প্রথম গল্প– **অতসীমামী (মাত্র ২০ বছর বয়সে রচিত)**।
➤ প্রথম উপন্যাস– **পদ্মানদীর মাঝি (১৯৩৬ সাল)**।
➤ সাহিত্যসাধনা– **৩৯টি উপন্যাস ও ৩০০টি ছোটগল্প**।
➤ লেখকের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য– **বিজ্ঞানমনস্ক সমাজবাস্তবতার শিল্পী, মনোজগৎ তথা অন্তর্জগতের রূপকার**।

'মাসি-পিসি' গল্প সম্পর্কিত তথ্যাবলি

❑ **উৎস :** 'মাসি-পিসি' গল্পটি প্রথম প্রকাশিত হয় কলকাতার 'পূর্বাশা' পত্রিকায় ১৩৫২ বঙ্গাব্দের চৈত্র সংখ্যায় (মার্চ-এপ্রিল ১৯৪৬)। পরে এটি সংকলিত হয় 'পরিস্থিতি' (অক্টোবর ১৯৪৬) নামক গল্পগ্রন্থে। বর্তমান পাঠ গ্রহণ করা হয়েছে 'ঐতিহ্য' প্রকাশিত মানিক-রচনাবলি পঞ্চম খণ্ড থেকে।
❑ **প্রথম লাইন–** শেষবেলায় খালে এখন পুরো ভাটা।
❑ **শেষ লাইন–** যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি।
❑ **ভাষারীতি :** চলিতরীতিতে গল্পটি রচিত।

গুরুত্বপূর্ণ লাইন

➲ বজ্জাত হোক, খুনে হোক জামাই তো। ঘরে এলে খাতির না করব কেন?
➲ আহ্লাদির সঙ্গে তার চেহারায় কোনো মিল নাই।
➲ সোয়ামি নিতে চাইলে বৌকে আটকে রাখার আইন নেই।
➲ শকুনরা উড়ে এসে বসছে পাতাশূন্য শুকনো গাছটায়।
➲ মাসি উড়ে এসে জুড়ে বসেছে এখানে। তাই মাসির উপর পিসির একটা অবজ্ঞা অবহেলার ভাব ছিল।
➲ গাঁয়ের বজ্জাতদের নজর থেকে সামলে রাখতে হবে, কত দায়িত্ব তাদের, কত কাজ, কত ভাবনা।
➲ তোর পিসে ছিল জগুর মতো।
➲ সে-ই এখানকার কর্তা, সে-ই সর্বেসর্বা।
➲ 'আয় না বজ্জাত হারামজাদারা, এগিয়ে আয় না?
➲ আহ্লাদির বাপের আমলের গরুটা নেই, গামলাটা আছে।
➲ যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি।

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : 'উড়ে এসে জুড়ে বসা' একটি– **প্রবাদ**।
প্র : গল্পের শেষে মাসি-পিসি কিসের আয়োজন করে রাখে?– **যুদ্ধের**।
প্র : পিসি ঘর থেকে কী নিয়ে ফিরে আসে?– **মস্ত কাটারি**।
প্র : কোন গাছের ছায়ায় তিন-চারজন ঘুপটি মেরে বসে আছে?– **কাঁঠালগাছ**।
প্র : হট্টগোলের পর রাত্রিটাকে আরও নিঝুম আর থমথমে মনে হওয়ার কারণ– **অজানা আতঙ্ক**।
প্র : 'মাসি-পিসি' গল্প কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়?– **১৯৪৬ খ্রিস্টাব্দে**।
প্র : আহ্লাদির স্বামীর নাম কী?– **জগু**।
প্র : কার সাথে মাসি-পিসিকে বাজারের তোলা নিয়ে ঝগড়া করতে হয়েছে?– **সরকারবাবুর**।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্র : মাসি-পিসি কিসের উপোস করেছিল?– শুক্লপক্ষের একাদশীর।
প্র : কানাইয়ের সাথে গোকুলের কয়জন পেয়াদা এসেছিল?– তিনজন।
প্র : গোকুলের সাথে কে বসে আছে?– দারোগাবাবু।
প্র : 'ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়'– উক্তিটি কার?– পিসির।
প্র : কে কানাইয়ের সঙ্গে কাছারিবাড়ি যেতে চায়?– পিসি।
প্র : মাসি কি হাতে নিয়ে বেরিয়ে আসে?– বঁটি।
প্র : পিসি কি হাতে নিয়ে বেরিয়ে আসে?– রামদার মতো কাটারি।
প্র : মাসি-পিসি সর্বপ্রথম কার নাম ধরে ডাক দেয়?– ও বাবাঠাকুর।
প্র : কাদের উপর রাগই– গ্রামবাসীদের প্রতিবাদমুখী করেছে?– গোকুল ও দারোগা।
প্র : কাদের ঘরের মেয়েকে অন্য ঘরে পাঠানোর জন্য আগুন দিয়েছিল?– সোনাদের।
প্র : আহ্লাদি বাবার আমলের কী আছে?– গামলা।
প্র : কৈলাশ বয়সের দিক দিয়ে কেমন?– মধ্যবয়সী।
প্র : ওসমান কোন গাছের ছায়ায় বসে আছে?– কাঁঠাল।
প্র : শালকাঠ নির্মিত বা তালকাঠের সরু ডোঙাকে কী বলে?– সালতি।
প্র : 'ব্যঞ্জন' কী অর্থে ব্যবহৃত হয়েছে?– রান্না করা তরকারি।
প্র : 'মাসি-পিসি'র ব্যাসবাক্য কী– মাসি ও পিসি (দ্বন্দ্ব)।
প্র : জীবনীশক্তি– জীবনী নামক শক্তি (মধ্যপদলোপী কর্মধারয়)।
প্র : লেশটুকু– সামান্য লেশ (নিত্য সমাস)।
প্র : হাঁকাহাঁকি– হাঁকাতে হাঁকাতে যে ডাক (ব্যতিহার বহুব্রীহি)।
প্র : অক্টোবর ১৯৪৬ সালে 'মাসি-পিসি' কোন গল্পগ্রন্থে সংকলিত হয়?– 'পরিস্থিতি' নামক গল্পগ্রন্থে।
প্র : তোমার পাঠ্যবইয়ের 'মাসি-পিসি' গল্পটি কোথা থেকে সংকলিত হয়েছে?– 'ঐতিহ্য' প্রকাশিত মানিক রচনাবলি ৫ম খণ্ড।
প্র : নারী হয়েও কঠোর জীবন যাত্রায় নেতৃত্ব দান করে এমন গল্প কোনটি?– মাসি-পিসি।
প্র : 'পুতুলনাচের ইতিকথা' এখানে 'ইতি' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?– পুরনো।
প্র : কয়জন ব্যক্তির মাথায় চড়ে গিয়ে খড় জমা হচ্ছে মস্ত গাদায়?– তিনজন।
প্র : আহ্লাদির শরীরে কী রংয়ের শাড়ি ছিল?– সাদা।
প্র : কৈলাশের ভাষ্য অনুযায়ী জগুর সাথে তার কোথায় দেখা হয়েছিল?– চায়ের দোকানে।
প্র : মাসি-পিসি কী বিক্রি করে জগুকে আপ্যায়ন করেছিল?– ছাগল।
প্র : 'বজ্জাত হোক, খুনে হোক, জামাই তো' এটা কার কথা?– মাসির।
প্র : কার মেয়েটা শ্বশুরবাড়িতে মারা গেছে?– বুড়ো রহমানের।
প্র : দুর্ভিক্ষ ঠেকিয়েছিল কে?- আহ্লাদির বাবা।
প্র : কোন রোগে আহ্লাদির বাবা-মা-ভাই মারা যায়?– কলেরা।
প্র : মাসি-পিসি কার আশ্রয়ে ছিল?– আহ্লাদির বাবার।
প্র : কে শহরে গিয়ে শাক–সবজি বিক্রি করার প্রস্তাব করে?– মাসি।
প্র : আহ্লাদি কয় মাসের গর্ভবতী?– চার মাসের।
প্র : পিসির সন্তান কী ছিল?– ছেলে।
প্র : মাসির কী সন্তান হয়েছিল?– মেয়ে।
প্র : কার শাশুড়ি-ননদ বাঘের মতো ছিল?– মাসি।
প্র : কে মাসি-পিসিকে পাগল করে তুলেছে?– গোকুল।
প্র : বাইরে থেকে কার হাঁক আসে?– কানাই চৌকিদারের।
প্র : ঈষৎ তন্দ্রার ঘোরে কে শিউরে ওঠে?– আহ্লাদি।
প্র : রহমান আঁটি তুলে দিতে দিতে কোথায় তাকায়?– আহ্লাদির দিকে।
প্র : মাসি-পিসিকে কানাই কী বলে সম্বোধন করে?– দিদিঠাকুরনরা।
প্র : 'বুকে নতুন জোর পায়'– কারা?– মাসি-পিসি।
প্র : 'তুইও যাবি, সোয়ামির ঘর করবি। ডরাস্‌নি, ডর কিসের'?– কার উক্তি?– পিসির।
প্র : 'বয়সে সে ছিল অনেক ছোট, চেহারা ছিল অনেক বেশি রোগা।'– কে?– বুড়ো রহমানের মেয়ে।
প্র : আহ্লাদিকে দেখে কার নিজের মেয়ের কথা মনে পড়ে?– বুড়ো রহমানের।
প্র : 'খপরটা কী তাই কও। বেলা বেশি নেই কৈলেশ।'– কার উক্তি?– পিসির।
প্র : 'এত রাতে মেয়েনোককে কাছারিবাড়ি ডাকতে কত্তার লজ্জা করে না কানাই?'– কার উক্তি?– পিসির।
প্র : শকুনরা কখন এসে গাছে বসেছিল?– বিকালে।
প্র : কাকে দেখে আহ্লাদি সিঁথির সিঁদুর পর্যন্ত ঘোমটা টেনে দেয়?– কৈলাশকে।
প্র : খালে কখন পুরো ভাটা পড়ে?– শেষবেলায়।
প্র : অহিংসা, চিহ্ন-এগুলো মানিক বন্দ্যোপাধ্যায়ের কোন জাতীয় রচনা?– উপন্যাস।
প্র : জগু আহ্লাদিকে কী পোড়া ছ্যাকা দিয়েছিল?– কলকেপোড়া।
প্র : জগু আহ্লাদিকে কোথায় বেঁধে রেখেছিল?– খুঁটির সঙ্গে।
প্র : 'শুঁড়িখানায় পড়ে থাকে বারো মাস'–কে?– জগু।
প্র : 'মাসি-পিসি' গল্পে উল্লিখিত নৌকার মাঝখানে কে বসে ছিল?– আহ্লাদি।
প্র : 'মাসি-পিসি' গল্পে উল্লিখিত নৌকার মাঝখানে কে বসে ছিল?– আহ্লাদি।
প্র : মাসি-পিসি সালতি নিয়ে কখন বাড়ি ফিরছিল?– শেষবেলায়।
প্র : 'সালতি' বলতে কী বোঝায়?– তাল কাঠের সরু নৌকা।
প্র : মাসি ও পিসির আদরের কেন্দ্র কে?– আহ্লাদি।
প্র : 'বেলা আর নেই কৈলেশ'- কথাটি কে বলেছে?– মাসি।
প্র : আসন্ন যুদ্ধের জন্য মাসি-পিসি কী করে?– আয়োজন।
প্র : 'মাসি-পিসি' গল্পে মাসি-পিসি হাতের কাছে কী রাখে?– দা ও বঁটি।
প্র : 'মাসি-পিসি' গল্পে কে মামলা করতে চেয়েছিল?– জগু।
প্র : সাধু, বৈদ্য, ওসমানেরা কোন ধরনের লোক?– গুণ্ডা।
প্র : কোথায় তরিতরকারি ফলমূলের দাম চড়া?– শহরের বাজারে।
প্র : মাসি-পিসিরা ঘড়া আর হাঁড়ি-কলসি কিসের জলে ভর্তি করে রাখে?– ডোবার।
প্র : কৈলাশের মাথার চুল কেমন ছিল?– কদমছাঁটা রুক্ষ।
প্র : প্রৌঢ়া বিধবা মানে- চল্লিশোর্ধ্ব স্বামীহীন নারী।
প্র : 'মাসি-পিসি' গল্পে চায়ের দোকান কোথায় অবস্থিত?– পুলের কাছে।
প্র : 'মাসি-পিসি' গল্পে উল্লিখিত পুলটি ছিল– কংক্রিটের তৈরি।
প্র : বুড়ো রহমানের মেয়েটা কত দিন আগে শ্বশুরবাড়িতে মারা গেছে?– অল্পদিন।
প্র : মাসি-পিসি আহ্লাদির বাবার আশ্রয়ে মাথা গুজে আছে কত দিন?– অনেক দিন।
প্র : মাসি-পিসির ঐকান্তিক ভাব থাকার কারণ– তাদের বয়স ও অবস্থা এক।
প্র : আগে কারণে-অকারণে মাসির সঙ্গে পিসির কী বেধে যেত?– কোন্দল।
প্র : মাসি-পিসিরা বাজার তরিতরকারি বিক্রি করতে যায়– দুটো পয়সা উপার্জনের জন্য
প্র : পিসির কোন বিষয়টি মাসির সবচেয়ে অসহ্য লাগত?– অহংকার খোঁচা।
প্র : আহ্লাদি ঘরে এসে পড়ায় মাসি-পিসির মধ্যকার মিল কি হলো?– জমজমাট।
প্র : মাসি-পিসির উপর আহ্লাদির সব দায়িত্ব কেন?– মা-বাবা নেই বলে।
প্র : আহ্লাদির বাবার বেশিরভাগ সম্পদ কার দখলে গেছে?– গোকুলের।
প্র : 'ফের আসুক, আদরে রাখব যদ্দিন থাকে।'– কার সম্পর্কে বলা হয়েছে?– জগুর।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'মাসি-পিসি' গল্পে চৌকিদার কে? [ক ১৭-১৮; বেরোবি B ১৭-১৮]
ক. কৈলেশ খ. গোকুল গ. বুড়ো রহমান ঘ. কানাই

০২. 'মাসি-পিসি' গল্পে দুই বিধবার চরিত্রে মিল কিসে? [খ ১৬-১৭]
ক. জামাইকে ঠকানোর চিন্তায় খ. দায়িত্বশীলতা ও মানবিক জীবনযুদ্ধে
গ. ব্যবসায় বুদ্ধিতে ঘ. নৌকাচালানোর পারদর্শিতায়

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০৩. 'মাসি-পিসি' গল্পের মূল উপজীব্য হচ্ছে- [A ১৭-১৮]
ক. পুরুষতান্ত্রিকতা খ. স্বামী কর্তৃক নির্যাতন
গ. নারীর অসহায়ত্ব ঘ. নারীর দারিদ্র্য

০৪. কোনটি মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস নয়? [E ১৭-১৮]
ক. জননী খ. প্রাগৈতিহাসিক
গ. পদ্মানদীর মাঝি ঘ. দিবারাত্রির কাব্য

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০৫. কোন উপন্যাসগুচ্ছ মানিক বন্দ্যোপাধ্যায়ের? [C ১৭-১৮]
ক. পুতুলনাচের ইতিকথা, পদ্মানদীর মাঝি, জননী
খ. চোট্টি মুণ্ডা এবং তার তীর, হাজার চুরাশির মা, হরিরাম মাহাতো
গ. আরণ্যক, পথের পাঁচালী, মৃত্যুক্ষুধা
ঘ. সময় অসময়ের বৃত্তান্ত, তিস্তাপারের বৃত্তান্ত, আত্মীয় বৃত্তান্ত

০৬. 'দিবারাত্রির কাব্য' কী? [I ১৭-১৮]
ক. একটি কাব্যগ্রন্থ খ. একটি উপন্যাস
গ. একটি কবিতা ঘ. একটি গল্পগ্রন্থ

০১.ঘ	০২.খ	০৩.গ	০৪.খ	০৫.ক	০৬.খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০৭. 'নিজেকে তার ছ্যাঁচড়া, নোংরা, নর্দমার মত লাগে' কে বলেছে? [B ১৭-১৮]
ক. কল্যাণী খ. আমিনা
গ. জামিলা ঘ. আহ্লাদি

০৮. 'মাসি-পিসি' গল্পটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়? [B ১৭-১৮; বশেমুরবিপ্রবি D ১৭-১৮; E ১৬-১৭]
ক. সবুজ পত্র খ. বঙ্গদর্শন গ. পূর্বাশা ঘ. লাঙ্গল

০৯. 'মাসি-পিসি' কার রচনা? [I ১৭-১৮]
ক. আবুল ফজল খ. আব্দুল হক
গ. দ্বিজ কানাই ঘ. মানিক বন্দ্যোপাধ্যায়

১০. কোনটি উপন্যাস? [K ১৭-১৮]
ক. শেষলেখা খ. কবিতার কথা
গ. দিবারাত্রির কাব্য ঘ. একজন হত্যাকারীর গল্প

১১. 'বেমক্কা' শব্দের অর্থ - [B ১৭-১৮]
ক. অসতর্ক খ. অসংযত গ. অসংগত ঘ. অসমর্থ

১২. 'ও মাসি ও পিসি রাখো রাখো। খপর আছে শুনে যাও।' উক্তিটি কার লেখা থেকে নেওয়া- [E-১৫-১৬]
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
গ. দ্বিজকানাই ঘ. মানিক বন্দ্যোপাধ্যায়

১৩. মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃদত্ত নাম কোনটি? [A ১৬-১৭; চবি খ ১৬-১৭]
ক. শরৎকুমার বন্দ্যোপাধ্যায় খ. প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়
গ. সরোজকুমার বন্দ্যোপাধ্যায় ঘ. তরুণকুমার বন্দ্যোপাধ্যায়

১৪. 'মাসি-পিসি' গল্পে 'আয় না বজ্জাত হারামজাদারা' উক্তিটি করেছে- [E ১৬-১৭]
ক. পিসি খ. মাসি
গ. কানাই চৌকিদার ঘ. দারোগাবাবু

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

১৫. 'পদ্মানদীর মাঝি' এর লেখকের প্রকৃত নাম কী? [D ১৭-১৮; বেরোবি B ১৭-১৮]
ক. প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায় খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. প্রবোদচন্দ্র সেন ঘ. আবু ইসহাক

১৬. নিচের কোন বইটি মানিক বন্দ্যোপাধ্যায়ের রচনা? [B ১৬-১৭]
ক. সাত সাগরের মাঝি খ. কর্ণফুলীর মাঝি
গ. রঙিলা নায়ের মাঝি ঘ. পদ্মা নদীর মাঝি

১৭. মাসি-পিসি কেন কাছারি বাড়িতে যেতে রাজি হয়নি? [DI ১৬-১৭]
ক. উপোস থাকায় খ. শ্রান্তিবশত
গ. আহ্লাদির নিরাপত্তার কথা ভেবে ঘ. নির্যাতনের আশঙ্কায়

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

১৮. কোনটি মানিক বন্দ্যোপাধ্যায়ের সৃষ্ট চরিত্র? [A ১৭-১৮; চবি D ১৫-১৬]
ক. মহেশ খ. হোসেন মিয়া
গ. আদরিণী ঘ. ফটিক

১৯. 'মাসি-পিসি' গল্পে শকুন কীসের প্রতীক? [A ১৭-১৮; ইবি H ১৬-১৭]
ক. অপশক্তির খ. দীর্ঘশ্বাসের
গ. হাহাকারের ঘ. মন্বন্তরের

২০. 'পুতুলনাচের ইতিকথা' একটি- [B ১৭-১৮]
ক. কাব্যগ্রন্থ খ. উপন্যাস
গ. গীতিকাব্য ঘ. আত্মজীবনীমূলক গ্রন্থ

২১. 'মাসি-পিসি' গল্পের মূলবিষয় কী? [C ১৬-১৭]
ক. সত্য-মিথ্যার দ্বন্দ্ব
খ. বিধবা-জীবনের সংকট
গ. পুরুষতান্ত্রিক সমাজের বিপরীতে নারীর টিকে থাকার লড়াই
ঘ. স্বামীর নির্মম নির্যাতনের শিকার আহ্লাদির করুণ পরিণতি

২২. 'মাসি-পিসি' গল্পের উপজীব্য বিষয় কোনটি? [A ১৬-১৭]
ক. বিধবাবিবাহ খ. যৌতুকপ্রথা
গ. নারীজীবনের অস্তিত্বের সংকট ঘ. পিতৃমাতৃহীন তরুণীর কাহিনি

২৩. মাসি-পিসি গল্পের চরিত্র কোনগুলো? [A ১৬-১৭]
ক. কৈলেশ, আহ্লাদি, ঘুটি গোয়ালিনী
খ. হাজরা ব্যাটার বৌ, মা-পিসিমা, খুড়ো মশায়
গ. গোপাল, কৈলাশ, আহ্লাদি
ঘ. কৈলাশ, রহমান, কানাই

২৪. 'গুড়িখানায় পড়ে থাকে বার মাস'- কে? [B ১৬-১৭]
ক. কৈলাশ খ. জগু গ. বড় বাবু ঘ. দারোগা বাবু

ইসলামী বিশ্ববিদ্যালয়

২৫. 'মাসি-পিসি' গল্পের আহ্লাদি কার নির্যাতনের শিকার? [H ১৭-১৮]
ক. মাসি ও পিসির খ. ভাই-বোনের
গ. স্বামীর ঘ. ননদের

২৬. 'মাসি-পিসি' গল্পে আহ্লাদির স্বামীর নাম কী? [B ১৭-১৮]
ক. কৈলাস খ. জগু গ. কানাই ঘ. রহমান

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২৭. 'প্রাগৈতিহাসিক' গল্পটির রচয়িতা কে? [C ১৭-১৮]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
গ. মানিক বন্দ্যোপাধ্যায় ঘ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২৮. মানিক বন্দ্যোপাধ্যায়ের পৈতৃক বাড়ি কোন জেলায়? [G ১৭-১৮]
ক. মানিকগঞ্জ খ. গোপালগঞ্জ
গ. বিক্রমপুর ঘ. ভোলা

গার্হস্থ্য অর্থনীতি ঢাকা বিশ্ববিদ্যালয়

২৯. মাসি-পিসিকে কজন পেয়াদা কাছারি বাড়িতে নিয়ে যেতে এসেছিল? [বেরোবি B ১৭-১৮]
ক. দুজন খ. তিনজন গ. পাঁচজন ঘ. একজন

৩০. 'মাসি-পিসি' গল্পে শ্বশুরবাড়িতে মারা যায় যার মেয়ে তার নাম- [১৬-১৭]
ক. কৈলাশ খ. রহমান গ. কানাই ঘ. জগু

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

৩১. 'মাসি-পিসি' গল্পের খলনায়ক কে? [D ১৬-১৭]
ক. জগু খ. কৈলেশ
গ. কর্তাবাবু ঘ. গোকুল

০৭.ঘ	০৮.গ	০৯.ঘ	১০.গ	১১.গ	১২.ঘ	১৩.খ	১৪.ক	১৫.ক
১৬.ঘ	১৭.গ	১৮.খ	১৯.ঘ	২০.খ	২১.গ	২২.গ	২৩.ঘ	২৪.খ
২৫.গ	২৬.খ	২৭.গ	২৮.গ	২৯.খ	৩০.খ	৩১.ঘ		

অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নাবলি

০১. 'মাসি-পিসি' গল্পটি কোন গ্রন্থের অন্তর্গত?
ক. সরীসৃপ খ. হারানের নাতজামাই গ. সমুদ্রের স্বাদ ঘ. পরিস্থিতি

০২. জগু আহ্লাদিকে নিতে চায় কেন?
ক. যৌতুকের লোভে খ. সম্পত্তির লোভে
গ. ভালোবেসে ঘ. অনুতপ্ত হয়ে

০৩. 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসটি কার লেখা?
ক. মানিক বন্দ্যোপাধ্যায় খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ঘ. আশাপূর্ণা দেবী

০৪. মাসি-পিসি জীবিকার তাগিদে কিসের ব্যবসা শুরু করে?
ক. কাপড়ের ব্যবসায় খ. শাক-সবজির ব্যবসায়
গ. খড়ের ব্যবসায় ঘ. হাঁস-মুরগির ব্যবসায়

০৫. মাসি ও পিসি উভয়ই-
ক. সধবা নারী খ. বিধবা নারী গ. কুলীন নারী ঘ. প্রিয়ংবদা নারী

০১.ঘ	০২.খ	০৩.ক	০৪.খ	০৫.খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

০৬. আহ্লাদিকে একা রেখে কোথাও যেতে মাসি-পিসির সাহস হয় না কেন?
ক. একা পেয়ে কেউ তার ক্ষতি করবে ভেবে খ. জগু তুলে নিয়ে যাবে ভেবে
গ. একা থাকতে আহ্লাদি ভয় পায় বলে ঘ. তারা আহ্লাদিকে অনেক ভালোবাসে বলে

০৭. কোনটি মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস নয়-
ক. কবি খ. পুতুলনাচের ইতিকথা
গ. জননী ঘ. মাঝির ছেলে

০৮. 'সরীসৃপ' মানিক বন্দ্যোপাধ্যায়ের কী ধরনের রচনা?
ক. উপন্যাস খ. ছোটগল্প গ. নাটক ঘ. প্রবন্ধ

০৯. 'পূর্বাশা' পত্রিকায় কখন 'মাসি-পিসি' গল্পটি প্রথম প্রকাশিত হয়?
ক. ১৩৫২ বঙ্গাব্দের ফাল্গুন সংখ্যায় খ. ১৩৫২ বঙ্গাব্দের চৈত্র সংখ্যায়
গ. ১৩৫২ বঙ্গাব্দের পৌষ সংখ্যায় ঘ. ১৩৫২ বঙ্গাব্দের কার্তিক সংখ্যায়

১০. খারাপ লোক হলেও জগু বাড়িতে এলে মাসি-পিসির আদর করার কারণ-
ক. মানবিকতা খ. নমনীয়তা গ. সামাজিকতা ঘ. পুরুষতান্ত্রিকতা

১১. 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটির উপজীব্য-
ক. মাঝি-মাল্লার সংগ্রামী জীবন খ. চরবাসীদের দুঃখী জীবন
গ. জেলে জীবনের বিচিত্র সুখ-দুঃখ ঘ. চাষি জীবনের করুণচিত্র

১২. 'অনেকটা পথ যেতে হবে কৈলেশ'- উক্তিটির মধ্যে কী ফুটে উঠেছে?
ক. সময়ের স্বল্পতা খ. অভিপ্রায় গ. অবহেলা প্রদর্শন ঘ. মানুষের ভয়

১৩. বাপ-মা বেঁচে থাকলে আহ্লাদিকে কোথায় যেতে হতো বলে লেখক সন্দেহ করেছেন?
ক. বাপের বাড়ি খ. মাসির বাড়ি গ. শ্বশুরবাড়ি ঘ. গোকুলের বাড়ি

১৪. পিসি কৈলেশকে আসি বলার তাগিদ দেয় কেন?
ক. বেলা নেই বলে খ. মোদ্দাকথা শোনার অভিপ্রায়
গ. সময় নষ্ট হচ্ছে বলে ঘ. আহ্লাদি উদ্বিগ্ন বলে

১৫. কৈলেশ আহ্লাদিকে শুনিয়ে শুনিয়ে কথা বলার কারণ কী?
ক. যাতে আহ্লাদি মাসি-পিসিকে সর্তক করিয়ে দেয়
খ. যাতে জগুকে আগের মতো সম্মান করে
গ. যাতে ভয় পেয়ে জগুর কাছে ফিরে যায়
ঘ. যাতে আহ্লাদি কান্নাকাটি শুরু করে দেয়

১৬. আহ্লাদিকে মাসি-পিসি শ্বশুরবাড়ি পাঠানোর কথা চিন্তাও করতে পারে না কেন?
ক. স্বামী মাতাল বলে খ. স্বামী পঙ্গু বলে
গ. স্বামী উদাস বলে ঘ. স্বামী খুনে বলে

১৭. কোনটি মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম ছোটগল্প?
ক. সরীসৃপ খ. হারানের নাতজামাই গ. টিকটিকি ঘ. অতসীমামী

১৮. কে আহ্লাদির ফ্যাকাশে মুখে মেয়ের ছায়া দেখতে পান?
ক. রহমান খ. কৈলেশ গ. গোকুল ঘ. কানাই

১৯. 'মাসি-পিসি' গল্পে নৌকা দিয়ে আসার সময় আহ্লাদির পরনে কী ছিল?
ক. নকশা পাড়ের সস্তা সাদা শাড়ি খ. তাঁতের দামি রঙিন শাড়ি
গ. রঙিন পাড়ের সস্তা সাদা শাড়ি ঘ. নকশা পাড়ের সস্তা নীল শাড়ি

২০. 'মাসি-পিসি' গল্পে কৈলেশের জগুর পক্ষে কথা বলার কারণ-
ক. জগুর পরিচিত বলে খ. জগুর প্রতিবেশী বলে
গ. জগুর আত্মীয় বলে ঘ. জগুর বন্ধু বলে

২১. কৈলাশ আঁড়চোখে আহ্লাদির দিকে তাকায় কেন?
ক. মাসি-পিসিকে ভয় পেয়ে খ. মাসি-পিসির ফাঁপড়ে পড়ে
গ. আহ্লাদির দিকে তার কু-নজর ছিল ঘ. মাসি-পিসিকে সমীহ করতে

২২. 'মহামারী' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. মহাগণ্ডগোল খ. গোলযোগ গ. বিশৃঙ্খলা ঘ. সংক্রামক ব্যাধি

২৩. 'পাল্লা দিয়ে মাসি-পিসি আহ্লাদির জীবনের জন্য লড়েছিল।' এখানে মাসি-পিসির মধ্যে কী প্রকাশ পেয়েছে?
ক. প্রতিজ্ঞা খ. করুণা গ. অনুরাগ ঘ. ভালোবাসা

২৪. অত্যাচারী স্বামী, লালসা উন্মত্ত জোতদার ও দারোগার বিরুদ্ধে মাসি-পিসির কোন দিকটি প্রশংসনীয়?
ক. দায়িত্বশীল মানবিক জীবনযুদ্ধ খ. সংগ্রামী মানস
গ. জীবন পরিচালনায় কঠিন সংগ্রাম ঘ. নিপীড়িত আহ্লাদির প্রতি মাতৃপ্রেম

২৫. ওঠানামার পথে ওরা খড় ফেলে দিয়েছে কাদায়-কেন?
ক. চলাচলের সুবিধার জন্য খ. খড় অনেক বেশি বলে
গ. কাজে ফাঁকি দেওয়ার জন্য ঘ. মালিকের প্রতি রাগের কারণে

২৬. বুড়ো রহমানের মেয়ে কোথায় মারা গেছে?
ক. বাবার বাড়িতে খ. নৌকাডুবিতে
গ. পথে গাড়ি চাপায় ঘ. শ্বশুরবাড়িতে

২৭. 'কে এগিয়ে আসবে এসো, বঁটির এক কোপে গলা ফাঁক করে দেবো-' বাক্যটিতে কী বুঝানো হয়েছে?
ক. অবশ্যই দু-একটাকে কাটাবো খ. দু-একটাকে না মেরে শান্তি নাই
গ. যদি এগিয়ে এসো তবে মারা পড়বে ঘ. এগিয়ে না এল গলা কাটব

২৮. 'মাসি-পিসি' গল্পে কানাই কার চৌকিদার?
ক. মহল্লার খ. রহমানের গ. সরকার বাবুর ঘ. কৈলাশের

২৯. কাদের সেবা যত্নে মৃত্যুপথযাত্রী আহ্লাদি বেঁচে গিয়েছিল?
ক. পিতা-মাতার খ. মাসি-পিসির
গ. পাড়া-প্রতিবেশীর ঘ. ননদ-শাশুড়ির

৩০. 'ভাঁওতা দিয়ে আমাদের দমাবার ফিকির সব।' 'ভাঁওতা' শব্দের প্রতিরূপ হলো-
ক. ভয় খ. চালবাজি গ. প্রতারণা ঘ. হুমকি

৩১. 'তোর মেসো ঠিক ছিল, শাউড়ি-ননদ ছিল বাঘ।' এখানে 'বাঘ' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. অমানবিক খ. হিংস্র গ. নিষ্ঠুর ঘ. ক্রুদ্ধ

৩২. বাড়ির বাইরে দিন কাটলেও আহ্লাদির কোনো পরিশ্রম হয়নি কেন?
ক. শুয়ে-বসে ছিল বলে
খ. মাসি-পিসি কাজ করতে দেয়নি বলে
গ. মাসি-পিসি নিজেরাই নৌকা চালিয়েছে বলে
ঘ. আহ্লাদি নিজে থেকে কোনো কাজ করতে চায়নি বলে

৩৩. জগু এলে মাসি-পিসি আহ্লাদিকে আনন্দের অভিনয় করতে শিখিয়ে দিতে চায় কেন?
ক. জামাইকে শান্ত রাখতে খ. যাতে আহ্লাদিকে না নিতে চায় সেজন্য
গ. জামাইকে গোকুলের বিরুদ্ধে চড়াও হতে ঘ. জগু যাতে মামলা না করে সেজন্য

৩৪. কোন সমাজ মাসি-পিসিকে হার মানানোর চেষ্টা করেছে?
ক. সন্ত্রাসী সমাজ খ. মাতৃতান্ত্রিক সমাজ
গ. পুরুষতান্ত্রিক সমাজ ঘ. বাবুশাসিত সমাজ

৩৫. রান্না সেরে খাওয়ার আয়োজনের সময় বাইরে থেকে কার হাঁক আসে?
ক. কৈলেশের বাবুর খ. ওসমান বৈদ্যের গ. গোকুলের ঘ. কানাই চৌকিদারের

৩৬. সরকার বাবুর সঙ্গে মাসি-পিসির ঝগড়া হয়েছে কী নিয়ে?
ক. আহ্লাদির বিয়ে নিয়ে খ. বাজারের তোলা নিয়ে
গ. তরকারি বিক্রি নিয়ে ঘ. বাজারে জায়গা দখল নিয়ে

৩৭. ডোবার ধারে কাঁঠাল গাছের ছায়ায় কত জন ঘুপটি মেরে বসে আছে?
ক. এক-দুইজন খ. তিন-চারজন গ. চার-পাঁচজন ঘ. সাত-আট জন

৩৮. বৈদ্য ওসমানেরা ঘুপটি মেরে বসেছিল কী কারণে?
ক. আহ্লাদিকে ধরে নিতে খ. মাসি-পিসিকে ধরে নিতে
গ. অতর্কিত হামলা করতে ঘ. বড় বাবু বলেছিল বলে

৩৯. কাছারিবাড়িতে মাসি-পিসির যেতে না চাওয়ার কারণ-
ক. নিজেদের সম্ভ্রম রক্ষা খ. আহ্লাদির নিরাপত্তা
গ. নিজেদের বাড়িঘর রক্ষা ঘ. জগুর নিষেধাজ্ঞা

৪০. মাসি-পিসির মধ্যে ভয়ের লেশটুকু না দেখে ভ্যাবাচেকা খেয়ে যায় কে?
ক. কৈলেশ খ. কানাই গ. গোকুল ঘ. মাসি

৪১. বাবা ঠাকুর, ঘোষ মশাই, জনাদ্দন, কানুর মা, বংশী, বিপিন এরা কারা?
ক. পিসির জ্ঞাতি খ. আহ্লাদির জ্ঞাতি গ. মাসির জ্ঞাতি ঘ. মাসি-পিসির প্রতিবেশী

৪২. দলবল নিয়ে কানাইয়ের অদৃশ্য হওয়ার প্রধান কারণ-
ক. মাসি-পিসির হাত থেকে বাঁচা খ. জনরোষ থেকে বাঁচা
গ. মাসি-পিসির হাঁকডাক ঘ. বঁটি-কাটারির কোপ থেকে বাঁচা

৪৩. মাসি-পিসি বুকে নতুন জোর পাওয়ার কারণ কী?
ক. প্রতিবেশীরা তাদের সাথে আছে বলে
খ. সবাই কানাইয়ের ওপর রেগে আছে বলে
গ. সবার সঙ্গে একই আচরণ করা হয়েছে বলে
ঘ. প্রতিবেশীরা তাদের সান্ত্বনা দিয়েছে বলে

৪৪. মানিক বন্দ্যোপাধ্যায়ের পৈতৃক বাড়ি ঢাকার–
ক. মানিকগঞ্জে খ. মুন্সিগঞ্জে গ. বিক্রমপুরে ঘ. ময়মনসিংহে

৪৫. 'মাসি-পিসি' গল্পে 'পাষাণ' শব্দটি ব্যবহৃত হয়েছে যে অর্থে-
ক. অচল খ. পাথর গ. হৃদয়হীন ঘ. বাটখারা

০৬.ক	০৭.ক	০৮.খ	০৯.খ	১০.গ	১১.গ	১২.ক	১৩.গ
১৪.ক	১৫.গ	১৬.ঘ	১৭.ঘ	১৮.ক	১৯.ক	২০.ঘ	২১.খ
২২.ঘ	২৩.ঘ	২৪.ক	২৫.ক	২৬.ঘ	২৭.গ	২৮.গ	২৯.খ
৩০.খ	৩১.গ	৩২.খ	৩৩.খ	৩৪.গ	৩৫.ঘ	৩৬.খ	৩৭.খ
৩৮.ক	৩৯.খ	৪০.খ	৪১.ঘ	৪২.খ	৪৩.ক	৪৪.গ	৪৫.গ

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

SELF TEST

০১. 'মাথায় ঠাসা কদমছাঁটা রুক্ষ চুল।' বাক্যে 'কদমছাঁটা' শব্দটি কোন অলংকারের ব্যবহার হয়েছে?
ক. উপমা খ. উৎপ্রেক্ষা
গ. অনুপ্রাস ঘ. অতিশয়োক্তি

০২. কৈলাশ জগুর কবে মামলা করার কথা বলে?
ক. আজকালের মধ্যে খ. তিন দিনের মধ্যে
গ. সাত দিনের মধ্যে ঘ. পনেরো দিনের মধ্যে

০৩. 'এত বড় সোমত্ত মেয়া, তোমরা দুটি মেয়েলোক বাদে ঘরে একটা পুরুষ মানুষ নেই, বিপদ-আপদ ঘটে যদি তো' উক্তিটি কার?
ক. কানাইয়ের খ. জগুর
গ. রহমানের ঘ. কৈলাশের

০৪. নগদ পয়সার জন্য কারা বাগানের জিনিস বেঁচতে দেয়?
ক. গাঁয়ের বাবু বাসিন্দারা খ. গাঁয়ের মধ্যবিত্তরা
গ. গৃহস্থরা ঘ. গাঁয়ের আড়তদাররা ও মহাজনরা

০৫. 'মাসি-পিসি' গল্পে 'গোঁ' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ক. গরু খ. এক ধরনের পাখি
গ. একরোখামি ঘ. গবাদিপশু

০৬. 'মাসি-পিসি' গল্পে বউয়ের ওপর অত্যাচার করে কে?
ক. কৈলেশ খ. জগু
গ. কানাই ঘ. রহমান

০৭. 'চার মাসে পড়লি, আর কটা দিন বা।' 'মাসি-পিসি' গল্পে আহ্লাদির চার মাস সম্পর্কে কী বোঝানো হয়েছে?
ক. সন্তানসম্ভবা খ. বিয়ের চারমাস
গ. চারমাস অসুস্থ ঘ. বাপের বাড়ির চারমাস

০৮. 'খোকাটা কোলে আসতে কী হয়ে গেল সেই মানুষ।' বাক্যে কী প্রকাশ পেয়েছে?
ক. মন গলে যাওয়া খ. বাতুলতা
গ. সন্তুষ্টি ঘ. আনন্দ

৯. কে বলে দারোগাবাবু এসে বসে আছেন বাবুর বাড়িতে?
ক. কৈলাশ খ. ওসমান গ. জগু ঘ. কানাই

০. 'ফিকির' শব্দের অর্থ কী?
ক. ফকির খ. চালবাজি
গ. কৌশল ঘ. খারাপ উদ্দেশ্য

১. 'মাসি-পিসি' গল্পে জোতদারের মধ্যে কোন বৈশিষ্ট্যটি প্রকাশ পেয়েছে?
ক. লালসা খ. শোষণ গ. মানবিকতা ঘ. হিংস্রতা

২. পর্যাপ্ত খাবার না জুগিয়ে কষ্ট দেওয়ার পাশাপাশি লাথি ঝাঁটার মাধ্যমে শারীরিকভাবে নির্যাতন করাকে 'মাসি-পিসি' গল্পে কী বলা হয়েছে?
ক. কলকেপোড়া ছ্যাঁকা খ. পেটে শুকিয়ে লাথি ঝাঁটা
গ. আতঙ্কে পাঁশুটে মেরে ঘ. লাথির ঠোটে মরমর

৩. 'যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি।' উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ক. সংগ্রামের প্রস্তুতি খ. দায়িত্বশীলতা
গ. বুদ্ধিদীপ্ততা ঘ. সচেতনতা

৪. 'নে কৈলেশ, মরতে মোরা মেয়াকে পাঠাব না।' পিসির এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে?
ক. সংশয় ও ভয় খ. আশঙ্কা গ. বিদ্রূপ ঘ. তাচ্ছিল্য

. 'যে কদিন থাকে জামাই, সে যেন অনুভব করে সে-ই এখানকার কর্তা, সে-ই সর্বেসর্বা।' উক্তিটি দ্বারা বোঝানো হয়েছে–
ক. সেবা খ. যত্ন গ. আপ্যায়ন ঘ. সবগুলো

. মাসি-পিসি যুদ্ধের জন্য তৈরি করে রেখেছিল–
ক. অগ্নি নির্বাপক সরঞ্জাম খ. আগ্নেয়াস্ত্র
গ. দেশীয় অস্ত্রশস্ত্র ঘ. ক ও গ

. 'একটা কাজ করবি বেয়াইন?' এখানে মাসি কোন কাজের প্রস্তাব দেয়?
ক. রান্না করার খ. ব্যবসা করার
গ. ধান ভানার ঘ. কাঁথা সেলাই করার

পিসি একটু অহংকারী ছিল, কারণ–
ক. পিসি তার স্বামীর বাড়িতে থাকতো খ. সে বেশি রোজগার করতো
ঘ. মাসি তার বাড়িতে আশ্রয় নিয়েছিল গ. পিসি ভালো রান্না করতো

১৯. 'আঁটিবাঁধা খড় তিনজনের মাথায় চড়ে গিয়ে জমা হচ্ছে ওপরের মস্ত গাদায়।' উদ্ধৃতি অংশটি কোন গল্পের?
ক. মাসি-পিসি খ. রেইনকোট
গ. অপরিচিতা ঘ. আহ্বান

২০. নিচের কোনটি মানিকের উপন্যাস?
ক. গণদেবতা খ. আরণ্যক
গ. জননী ঘ. দেনা-পাওনা

২১. 'মাসি-পিসি' গল্পে কোন পাখির দল পাতাশূন্য গাছটাতে উড়ে এসে বসেছে?
ক. শকুনেরা খ. কাকেরা
গ. চিলেরা ঘ. টিয়া পাখিরা

২২. কেন দুর্বৃত্তরা সোনাদের ঘরে আগুন দেয়?
ক. মেয়েকে কুটুম বাড়িতে পাঠানোয় খ. মেয়েকে স্কুলে পাঠানোয়
গ. মেয়েকে বিয়ে দেওয়ায় ঘ. মেয়েকে ঘরে আটকে রাখায়

২৩. বুড়ো রহমান ছলছল দৃষ্টিতে আহ্লাদির দিকে তাকায় কেন?
ক. আহ্লাদির দুঃখে সমব্যথী হয়ে খ. মমতাবোধে তাড়িত হয়ে
গ. আহ্লাদিকে দেখে মেয়ের কথা মনে পড়ে বলে ঘ. আহ্লাদির ওপর অত্যাচার হয় বলে

২৪. জগু কিসের জন্য মামলা করবে বলে কৈলাশের কাছে জানিয়েছে?
ক. সম্পত্তির জন্য খ. মাসি-পিসির অন্যায়ের দখলদায়িত্ব অবসানের জন্য
গ. বউ নেওয়ার জন্য ঘ. জায়গা-জমির জন্য

২৫. 'দুর ছাই সয়ে আর কুড়িয়ে পেতে খেয়ে।' এর মানে-
ক. কুড়িয়ে কুড়িয়ে খাওয়া খ. চূড়ান্ত অবহেলিত দিনযাপন করা
গ. গালাগাল আর কুড়িয়ে খেয়ে দিনযাপন ঘ. দুঃখ-কষ্টে দিনযাপন করা

২৬. দুর্ভিক্ষের সময়ে মাসি-পিসিদের থাকাটা বরাদ্দ রেখে খাওয়াটা ছাঁটাই করার কারণ-
ক. অর্থনৈতিক সংকট খ. সামাজিক সংকট
গ. পারিপারিক সংকট ঘ. রাজনৈতিক সংকট

২৭. জগুর লাথির চোটে মরমর আহ্লাদি এসে বাপের বাড়ি হাজির হয়-
ক. দুর্ভিক্ষের আগে খ. মহামারীর সময়ে
গ. দুর্ভিক্ষের সময়ে ঘ. মহামারীর পরে

২৮. আহ্লাদির বাবা গলা কেটে রক্ত দিয়ে মাসি-পিসির ঋণ শোধ দিতে পারলেও অন্ন জোগান দিতে পারবে না কেন?
ক. অর্থনৈতিক সক্ষমতা নেই বলে খ. তার চাকরি চলে গেছে বলে
গ. মহামারীতে আক্রান্ত বলে ঘ. আহ্লাদির মা রাগ করবে বলে

২৯. মাসির ওপর পিসির একটা অবজ্ঞা-অবহেলার ভাব থাকার কারণ-
ক. মাসিই প্রথমে তরকারি বিক্রিয় প্রস্তাব করেছে
খ. পিসির চেয়ে মাসিই আহ্লাদিকে বেশি ভালোবাসে
গ. দুর্ভিক্ষের সময় মাসিই তাদের পরিবারকে বেশি সাহায্য করেছে
ঘ. মাসি উড়ে এসে জুড়ে বসেছে

৩০. 'মাথায় তুলে রাখা' মানে-
ক. মাথার মধ্যে মারা খ. খুব আদর-যত্ন করা
গ. বাড়িতে আশ্রয় দেওয়া ঘ. ঘৃণা-অবহেলা করা

OMR

৩০. ক খ গ ঘ	২৯. ক খ গ ঘ	২৮. ক খ গ ঘ
২৭. ক খ গ ঘ	২৬. ক খ গ ঘ	২৫. ক খ গ ঘ
২৪. ক খ গ ঘ	২৩. ক খ গ ঘ	২২. ক খ গ ঘ
২১. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ	১৯. ক খ গ ঘ
১৮. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৬. ক খ গ ঘ
১৫. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ
১২. ক খ গ ঘ	১১. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ
০৯. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ	০৭. ক খ গ ঘ
০৬. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ
০৩. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০১. ক খ গ ঘ

Correct Answer

৩০.খ	২৯.ঘ	২৮.ক	২৭.গ	২৬.ক	২৫.খ	২৪.গ	২৩.গ	২২.ক	২১.ক
২০.গ	১৯.ক	১৮.ঘ	১৭.খ	১৬.ঘ	১৫.ঘ	১৪.খ	১৩.ক	১২.খ	১১.ক
১০.গ	০৯.ঘ	০৮.ক	০৭.ক	০৬.খ	০৫.গ	০৪.ক	০৩.ঘ	০২.ক	০১.ক

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বায়ান্নর দিনগুলো

শেখ মুজিবুর রহমান

এদিকে জেলের ভেতর আমরা দুইজনে প্রস্তুত হচ্ছিলাম অনশন ধর্মঘট করার জন্য। আমরা আলোচনা করে ঠিক করেছি, যাই হোক না কেন, আমরা অনশন ভাঙব না। যদি এই পথেই মৃত্যু এসে থাকে তবে তাই হবে। জেল কর্তৃপক্ষ বিশেষ করে সুপারিনটেনডেন্ট আমীর হোসেন সাহেব ও তখনকার দিনে রাজবন্দিদের ডেপুটি জেলার মোখলেসুর রহমান সাহেব আমাদের বুঝাতে অনেক চেষ্টা করলেন। আমরা তাঁদের বললাম, আপনাদের বিরুদ্ধে আমাদের বলবার কিছু নাই। আর আমরা সেজন্য অনশন করছি না। সরকার আমাদের বৎসরের পর বৎসর বিনা বিচারে আটক রাখছে, তারই প্রতিবাদ করার জন্য অনশন ধর্মঘট করছি। এতদিন জেল খাটলাম, আপনাদের সাথে আমাদের মনোমালিন্য হয় নাই। কারণ আমরা জানি যে, সরকারের হুকুমেই আপনাদের চলতে হয়।

১৫ ফেব্রুয়ারি তারিখে সকালবেলা আমাকে জেলগেটে নিয়ে যাওয়া হলো এই কথা বলে যে, আমার সাথে আলোচনা আছে অনশন ধর্মঘটের ব্যাপার নিয়ে। আমি যখন জেলগেটে পৌঁছালাম দেখি, একটু পরে মহিউদ্দিনকেও নিয়ে আসা হয়েছে একই কথা বলে। কয়েক মিনিট পরে আমার মালপত্র, কাপড়চোপড় ও বিছানা নিয়ে জমাদার সাহেব হাজির। বললাম, ব্যাপার কী? কর্তৃপক্ষ বললেন, আপনাদের অন্য জেলে পাঠানোর হুকুম হয়েছে। জিজ্ঞাসা করলাম, কোন জেলে? কেউ কিছু বলেন না। এদিকে আর্মড পুলিশ, আইবি অফিসারও প্রস্তুত হয়ে এসেছে। খবর চাপা থাকে না। একজন আমাকে বলে দিল, ফরিদপুর জেলে। দুইজনকেই এক জেলে পাঠানো হচ্ছে। তখন নয়টা বেজে গেছে। এগারোটায় নারায়ণগঞ্জ থেকে জাহাজ ছাড়ে, সেই জাহাজ আমাদের ধরতে হবে। আমি দেরি করতে শুরু করলাম, কারণ তা না হলে কেউই জানবে না আমাদের কোথায় পাঠাচ্ছে! প্রথমে আমার বইগুলি এক এক করে মেলাতে শুরু করলাম, তারপর কাপড়গুলি। হিসাব-নিকাশ, কত টাকা খরচ হয়েছে, কত টাকা আছে। দেরি করতে করতে দশটা বাজিয়ে দিলাম। রওয়ানা করতে আরও আধা ঘণ্টা লাগিয়ে দিলাম। আর্মড পুলিশের সুবেদার ও গোয়েন্দা কর্মচারীরা তাড়াতাড়ি করছিল। সুবেদার পাকিস্তান হওয়ার সময় গোপালগঞ্জে ছিল এবং সে একজন বেলুচি ভদ্রলোক। আমাকে খুবই ভালোবাসত এবং শ্রদ্ধা করত। আমাকে দেখেই বলে বসল, ইয়ে কেয়া বাত হ্যায়, আপ জেলখানা মে। আমি বললাম, কিসমত। আর কিছুই বললাম না। আমাদের জন্য বন্ধ ঘোড়ার গাড়ি আনা হয়েছে। গাড়ির ভেতর জানালা উঠিয়ে ও দরজার কপাট বন্ধ করে দিল। দুইজন ভেতরেই আমাদের সাথে বসল। আর একটা গাড়িতে অন্যরা পেছনে পেছনে ভিক্টোরিয়া পার্কের পাশে রোডের দিকে চলল। সেখানে যেয়ে দেখি পূর্বেই একজন আর্মড পুলিশ ট্যাক্সি রিজার্ভ করে দাঁড়িয়ে আছে। তখন ট্যাক্সি পাওয়া খুবই কষ্টকর ছিল। আমরা আস্তে আস্তে নামলাম ও উঠলাম। কোনো চেনা লোকের সাথে দেখা হলো না। যদিও এদিক ওদিক অনেকবার তাকিয়ে ছিলাম। ট্যাক্সি তাড়াতাড়ি চালাতে বলল। আমি ট্যাক্সিওয়ালাকে বললাম, বেশি জোরে চালাবেন না, কারণ বাবার কালের জীবনটা যেন রাস্তায় না যায়।"

আমরা পৌঁছে খবর পেলাম জাহাজ ছেড়ে চলে গেছে। এখন উপায়? কোথায় আমাদের নিয়ে যাবে? রাত একটায় আর একটা জাহাজ ছাড়বে। আমাদের নারায়ণগঞ্জ থানায় নিয়ে যাওয়া হলো। ওপরওলাদের টেলিফোন করল এবং হুকুম নিল থানায়ই রাখতে। আমাদের পুলিশ ব্যারাকের একটা ঘরে নিয়ে যাওয়া হলো।

রাত এগারোটায় আমরা স্টেশনে আসলাম। জাহাজ ঘাটেই ছিল, আমরা উঠে পড়লাম। জাহাজ না ছাড়া পর্যন্ত সহকর্মীরা অপেক্ষা করল। রাত একটার সময় সকলের কাছ থেকে বিদায় নিলাম। বললাম, "জীবনে আর দেখা না হতেও পারে। সকলে যেন আমাকে ক্ষমা করে দেয়। দুঃখ আমার নাই। একদিন মরতেই হবে, অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে যদি মরতে পারি, সে মরাতে ও শান্তি আছে।"

জাহাজ ছেড়ে দিল, আমরা বিছানা করে শুয়ে পড়লাম। সকালে দুইজনে পরামর্শ করে ঠিক করলাম, জাহাজে অনশন করি কী করে? আমাদের জেলে নিতে হবে অনশন শুরু করার পূর্বে। সমস্ত দিন জাহাজ চলল, রাতে গোয়ালন্দ ঘাটে এলাম। সেখান থেকে ট্রেনে রাত চারটায় ফরিদপুর পৌঁছালাম। রাতে আমাদের জেল কর্তৃপক্ষ গ্রহণ করল না। আমরা দুইজনে জেল সিপাহিদের ব্যারাকের বারান্দায় কাটালাম। সকালবেলা সুবেদার সাহেবকে বললাম, "জেল অফিসাররা না আসলে তো আমাদের জেলে নিবে না, "চলেন কিছু নাশতা করে আসি।" নাশতা খাবার ইচ্ছা আমাদের নাই। তবে যদি কারও সাথে দেখা হয়ে যায়, তাহলে ফরিদপুরের সহকর্মীরা জানতে পারবে, আমরা ফরিদপুর জেলে আছি এবং অনশন ধর্মঘট করছি। আধাঘণ্টা দেরি করলাম, কাউকেও দেখিনা-চায়ের দোকানের মালিক এসেছে, তাকে আমি আমার নাম বললাম এবং খবর দিতে বললাম আমার সহকর্মীদের। আমরা জেলের দিকে রওয়ানা করছি, এমন সময় আওয়ামী লীগের এক কর্মী, তার নামও মহিউদ্দিন-সকলে মহি বলে ডাকে, তার সঙ্গে দেখা। আমি যখন ফরিদপুরে ১৯৪৬ সালের ইলেকশনে ওয়ার্কার ইনচার্জ ছিলাম, তখন আমার সাথে সাথে কাজ করেছে। মহি সাইকে... যাচ্ছিল, আমি তাকে দেখে ডাক দিলাম নাম ধরে, সে সাইকেল থেকে আমাকে দেখে এগি... আসল। আইবি নিষেধ করছিল। আমি শুনলাম না, তাকে এক ধমক দিলাম এবং মহিকে বলল... আমাদের ফরিদপুর জেলে এনেছে এবং আজ থেকে অনশন করছি সকলকে এ খবর দিতে।

আমরা জেলগেটে এসে দেখি, জেলার সাহেব, ডেপুটি জেলার সাহেব এসে গেছে... আমাদের তাড়াতাড়ি ভেতরে নিয়ে যেতে বললেন। তাঁরা পূর্বেই খবর পেয়েছিলে... জায়গাও ঠিক করে রেখেছেন, তবে রাজবন্দিদের সাথে নয়, অন্য জায়গায়। আম... তাড়াতাড়ি ঔষধ খেলাম পেট পরিষ্কার করবার জন্য। তারপর অনশন ধর্মঘট শুরু করলা... দুই দিন পর অবস্থা খারাপ হলে আমাদের হাসপাতালে নিয়ে যাওয়া হলো। আমাদে... দুইজনেরই শরীর খারাপ। মহিউদ্দিন ভুগছে প্লুরিসিস রোগে, আর আমি ভুগছি না... রোগে। চার দিন পরে আমাদের নাক দিয়ে জোর করে খাওয়াতে শুরু করল। মহাবিপ... নাকের ভিতর দিয়ে নল পেটের মধ্যে পর্যন্ত দেয়। তারপর নলের মুখে একটা কাপের মতো... লাগিয়ে দেয়। একটা ছিদ্রও থাকে। সে কাপের মধ্যে দুধের মতো পাতলা করে খাবার তৈ... করে পেটের ভেতর ঢেলে দেয়। এদের কথা হলো, "মরতে দেব না।"

আমার নাকে একটা ব্যারাম ছিল। দুই-তিনবার দেবার পরেই ঘা হয়ে গেছে। র... আসে আর যন্ত্রণা পাই। আমরা আপত্তি করতে লাগলাম। জেল কর্তৃপক্ষ শুনছে না। খু... কষ্ট হচ্ছে। আমার দুইটা নাকের ভেতরই ঘা হয়ে গেছে। তারা হ্যান্ডকাফ পরানো... লোকজন নিয়ে আসে। বাধা দিলে হ্যান্ডকাফ পরিয়ে জোর করে ধরে খাওয়াবে। আমাদে... শরীরও খুব দুর্বল হয়ে পড়েছে। পাঁচ-ছয় দিন পরে বিছানা থেকে ওঠার শক্তি হারি... ফেলেছি। আমরা ইচ্ছা করে কাগজি লেবুর রস দিয়ে লবণ পানি খেতাম। কারণ এর মধ্যে... কোনো ফুড ভ্যালু নাই। আমাদের ওজনও কমতে ছিল। নাকের মধ্য দিয়ে নল দি... খাওয়ার সময় নলটা একটু এদিক ওদিক হলেই আর উপায় থাকবে না। সিভিল সার্জ... সাহেব, ডাক্তার সাহেব ও জেল কর্তৃপক্ষ আমাদের কোনো অসুবিধা না হয়, তার চে... করছিলেন। বার বার সিভিল সার্জন সাহেব অনশন করতে নিষেধ করছিলেন। আমার... মহিউদ্দিনের শরীর অতিশয় দুর্বল হয়ে পড়েছে। এখন আর বিছানা থেকে উঠবার শ... নাই। আমার হার্টের অবস্থা খারাপ হয়ে পড়েছে বুঝতে পারলাম। প্যালপিটিশন হ... ভীষণভাবে। নিঃশ্বাস ফেলতে কষ্ট হয়। ভাবলাম আর বেশি দিন নাই। একজন কয়েদি... দিয়ে গোপনে কয়েক টুকরা কাগজ আনালাম। যদিও হাত কাঁপে তথাপি ছোট ছোট ক... চারটা চিঠি লিখলাম। আব্বার কাছে একটা, রেণুর কাছে একটা, আর দুইটা শহীদ সাহেব... ভাসানী সাহেবের কাছে। দু -একদিন পরে আর লেখার শক্তি থাকবে না।

একুশে ফেব্রুয়ারি আমরা উদ্বেগ, উৎকণ্ঠা নিয়ে দিন কাটালাম, রাতে সিপাহি... ডিউটিতে এসে খবর দিল, ঢাকায় ভীষণ গোলমাল হয়েছে। কয়েকজন লোক গুলি খে... মারা গেছে। রেডিওর খবর। ফরিদপুরে হরতাল হয়েছে, ছাত্র-ছাত্রীরা শোভাযাত্রা ক... জেলগেটে এসেছিল। তারা বিভিন্ন স্লোগান দিচ্ছিল, 'রাষ্ট্রভাষা বাংলা চাই' বাঙালিদে... শোষণ করা চলবে না' 'শেখ মুজিবের মুক্তি চাই', 'রাজবন্দিদের মুক্তি চাই' আরও অনে... স্লোগান। আমার খুব খারাপ লাগল। কারণ ফরিদপুর আমার জেলা, মহিউদ্দিনের নামে কোনো... স্লোগান দিচ্ছে না কেন? শুধু 'রাজবন্দিদের মুক্তি চাই' বললেই তো হতো। রাতে যখন ঢাকা... খবর পেলাম তখন ভীষণ চিন্তাযুক্ত হয়ে পড়লাম। কত লোক মারা গেছে বলা কষ্টকর। ত... অনেক লোক গুলি খেয়ে মারা গেছে শুনেছি। দুজনে পাশাপাশি বিছানায় শুয়ে আছি। ডাক্তার সাহেব আমাদের নড়াচড়া করতে নিষেধ করেছেন। কিন্তু উত্তেজনায় উঠে বসলাম।

২২ তারিখে সারা দিন ফরিদপুরে শোভাযাত্রা চলল। কয়েকজন ছাত্র-ছাত্রী এ... জায়গায় হলেই স্লোগান দেয়। ছোট্ট ছোট্ট ছেলেমেয়েরা রাস্তায় বেড়ায় আর স্লোগান দেয়... ২২ তারিখে খবরের কাগজ এল, কিছু কিছু খবর পেলাম। মুসলিম লীগ সরকার কত ব... অপরিণামদর্শিতার কাজ করল। মাতৃভাষা আন্দোলনে পৃথিবীতে এই প্রথম বাঙালিরাই র... দিল। দুনিয়ার কোথাও ভাষা আন্দোলন করার জন্য গুলি করে হত্যা করা হয় নাই। জনা... নূরুল আমিন বুঝতে পারলেন না, আমলাতন্ত্র তাঁকে কোথায় নিয়ে গেল। গুলি হলো... মেডিকেল কলেজ হোস্টেলের এরিয়ার ভেতরে, রাস্তায়ও নয়। ১৪৪ ধারা ভঙ্গ করলেও গু... না করে গ্রেফতার করলেই তো চলত। আমি ভাবলাম, দেখব কি না জানি না, তবে র... যখন আমাদের ছেলেরা দিয়েছে তখন বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা না করে আর উপায় নাই... মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।

খবরের কাগজে দেখলাম, মাওলানা আবদুর রশিদ তর্কবাগীশ এমএলএ, খয়রা... হোসেন এমএলএ, খান সাহেব ওসমান আলী এমএলএ এবং মোহাম্মদ আবুল হোসেন... খোন্দকার মোশতাক আহমদসহ শত শত ছাত্র ও কর্মীকে গ্রেফতার করেছে। দু-একদি... পরে দেখলাম কয়েকজন প্রফেসর, মওলানা ভাসানী, শামসুল হক সাহেব ও বহু আওয়া... লীগ নেতা ও কর্মীকে গ্রেফতার করেছে। নারায়ণগঞ্জে খানসাহেব ওসমান আলীর বাড়ি... ভেতরে ঢুকে ভীষণ মারপিট করেছে। বৃদ্ধ খান সাহেব ও তাঁর ছেলেমেয়েদের ওপর অক... অত্যাচার হয়েছে। সমস্ত ঢাকায় ও নারায়ণগঞ্জে এক ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছে। আওয়া... লীগের কোনো কর্মীই বোধহয় আর জেলখানার বাইরে নাই।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

আমাদের অবস্থা এখন এমন পর্যায়ে এসেছে যে, যে-কোনো মুহূর্তে মৃত্যুর শান্তি-ছায়ায় চিরদিনের জন্য স্থান পেতে পারি। সিভিল সার্জন সাহেব দিনের মধ্যে পাঁচ-সাতবার আমাদের দেখতে আসেন। ২৫ তারিখ সকালে যখন আমাকে তিনি পরীক্ষা করছিলেন হঠাৎ দেখলাম, তার মুখ গম্ভীর হয়ে গেছে। তিনি কোনো কথা না বলে, মুখ কালো করে বেরিয়ে গেলেন। আমি বুঝলাম, আমার দিন ফুরিয়ে গেছে। কিছু সময় পরে আবার ফিরে এসে বললেন, "এভাবে মৃত্যুবরণ করে কি কোনো লাভ হবে? বাংলাদেশ যে আপনার কাছ থেকে অনেক কিছু আশা করে।" আমার কথা বলতে কষ্ট হয়, আস্তে আস্তে বললাম, "অনেক লোক আছে। কাজ পড়ে থাকবে না। দেশকে ও দেশের মানুষকে ভালোবাসি, তাদের জন্যই জীবন দিতে পারলাম, এই শান্তি।" ডেপুটি জেলার সাহেব বললেন, "কাউকে খবর দিতে হবে কি না? আপনার ছেলেমেয়ে ও স্ত্রী কোথায় ? আপনার আব্বার কাছে কোনো টেলিগ্রাম করবেন?" বললাম, "দরকার নাই। আর তাদের কষ্ট দিতে চাই না।" আমি আশা ছেড়ে দিয়েছি, হাত-পা অবশ হয়ে আসছিল। হার্টের দুর্বলতা না থাকলে এত তাড়াতাড়ি দুর্বল হয়ে পড়তাম না। একজন কয়েদি ছিল, আমার হাত পায়ে সরিষার তেল গরম করে মালিশ করতে শুরু করল। মাঝে মাঝে ঠাণ্ডা হয়ে যাচ্ছিল।

মহিউদ্দিনের অবস্থাও ভালো না, কারণ পুরিসিস আবার আক্রমণ করে বসেছে। আমার চিঠি চারখানা একজন কর্মচারীকে ডেকে তাঁর কাছে দিয়ে বললাম, আমার মৃত্যুর পরে চিঠি চারখানা ফরিদপুরে আমার এক আত্মীয়ের কাছে পৌঁছে দিতে। তিনি কথা দিলেন, আমি তাঁর কাছ থেকে ওয়াদা নিলাম। বার বার আব্বা, মা, ভাইবোনদের চেহারা ভেসে আসছিল আমার চোখের সামনে। রেণুর দশা কী হবে? তার তো কেউ নাই দুনিয়ায়। ছোট ছেলেমেয়ে দুইটার অবস্থাই বা কী হবে? তবে আমার আব্বা ও ছোট ভাই ওদের ফেলবে না, এ বিশ্বাস আমার ছিল। চিন্তাশক্তিও হারিয়ে ফেলছিলাম। হাচিনা, কামালকে একবার দেখতেও পারলাম না। বাড়ির কেউ খবর পায় নাই, পেলে নিশ্চয়ই আসত।

মহিউদ্দিন ও আমি পাশাপাশি দুইটা খাট পেতে নিয়েছিলাম। একজন আরেকজনের হাত ধরে শুয়ে থাকতাম। দুজনেই চুপচাপ পড়ে থাকি। আমার বুকে ব্যথা শুরু হয়েছে। সিভিল সার্জন সাহেবের কোনো সময়-অসময় ছিল না। আসছেন, দেখছেন, চলে যাচ্ছেন। ২৭ তারিখ দিনের বেলা আমার অবস্থা আরও খারাপ হয়ে পড়ল। বোধহয় আর দু-একদিন বাঁচতে পারি।

২৭ তারিখ রাত আটটার সময় আমরা দুইজন চুপচাপ শুয়ে আছি। কারও সাথে কথা বলার ইচ্ছাও নাই, শক্তিও নাই। দুইজনেই শুয়ে শুয়ে কয়েদির সাহায্যে ওজু করে খোদার কাছে মাপ চেয়ে নিয়েছি। দরজা খুলে বাইরে থেকে ডেপুটি জেলার এসে আমার কাছে বসলেন এবং বললেন, "আপনাকে যদি মুক্তি দেওয়া হয়, তবে খাবেন তো?" বললাম, "মুক্তি দিলে খাব, না দিলে খাব না। তবে আমার লাশ মুক্তি পেয়ে যাবে।"

ডাক্তার সাহেব এবং আরও কয়েকজন কর্মচারী এসে গেছে, চেয়ে দেখলাম। ডেপুটি জেলার সাহেব বললেন, "আমি পড়ে শোনাই, আপনার মুক্তির অর্ডার এসে গেছে রেডিওগ্রামে এবং জেলা ম্যাজিস্ট্রেট সাহেবের অফিস থেকেও অর্ডার এসেছে। দুইটা অর্ডার পেয়েছি।"

তিনি পড়ে শোনালেন, আমি বিশ্বাস করতে চাইলাম না। মহিউদ্দিন শুয়ে শুয়ে অর্ডারটা দেখল এবং বলল যে, "তোমার অর্ডার এসেছে।" আমাকে মাথায় হাত বুলিয়ে দিতে লাগল। ডেপুটি সাহেব বললেন," আমাকে অবিশ্বাস করার কিছুই নাই। কারণ, আমার কোনো স্বার্থ নাই; আপনার মুক্তির আদেশ সত্যিই এসেছে।" ডাক্তার সাহেব ডাবের পানি আনিয়েছেন। মহিউদ্দিনকে দুইজন ধরে বসিয়ে দিলেন। সে আমাকে বলল, "তোমাকে ডাবের পানি আমি খাইয়ে দিব।" দুই চামচ ডাবের পানি দিয়ে মহিউদ্দিন আমার অনশন ভাঙিয়ে দিল।

সকাল দশটার দিকে খবর পেলাম, আব্বা এসেছেন। জেলগেটে আমাকে নিয়ে যাওয়া সম্ভব নয়। তাই কর্তৃপক্ষ তাঁকে ভিতরে নিয়ে আসলেন। আমাকে দেখেই আব্বার চোখে পানি এসে গেছে। আব্বার সহ্যশক্তি খুব বেশি। কোনোমতে চোখের পানি মুছে ফেললেন। কাছে বসে আমার মাথায় হাত বুলিয়ে দিলেন এবং বললেন, তোমার মুক্তির আদেশ হয়েছে, তোমাকে আমি নিয়ে যাব বাড়িতে। আমি ঢাকায় গিয়েছিলাম তোমার মা, রেণু, হাচিনা ও কামালকে নিয়ে, দুই দিন বসে রইলাম, কেউ খবর দেয় না, তোমাকে কোথায় নিয়ে গেছে। তুমি ঢাকায় নাই একথা জেলগেট থেকে বলেছে। যদিও পরে খবর পেলাম, তুমি ফরিদপুর জেলে আছ। তখন যোগাযোগ ব্যবস্থা বন্ধ। নারায়ণগঞ্জ এসে যে জাহাজ ধরব তাও উপায় নেই। তোমার মা ও রেণুকে ঢাকায় রেখে আমি চলে এসেছি। কারণ, আমার সন্দেহ হয়েছিল তোমাকে ফরিদপুর নেওয়া হয়েছে কি না! আজই টেলিগ্রাম করব, তারা যেন বাড়িতে রওয়ানা হয়ে যায়। আমি আগামীকাল বা পরশু তোমাকে নিয়ে রওয়ানা করব, বাকি খোদা ভরসা। সিভিল সার্জন সাহেব বলেছেন, তোমাকে নিয়ে যেতে হলে লিখে দিতে হবে যে, "আমার দায়িত্বে নিয়ে যাচ্ছি।" আব্বা আমাকে সান্ত্বনা দিলেন এবং বললেন, তিনি খবর পেয়েছেন মহিউদ্দিনও মুক্তি পাবে, তবে একসাথে ছাড়বে না, একদিন পরে ছাড়বে।

পরের দিন আব্বা আমাকে নিতে আসলেন। অনেক লোক জেলগেটে হাজির। আমাকে স্ট্রেচারে করে জেলগেটে নিয়ে যাওয়া হলো এবং গেটের বাইরে রেখে দিল, যদি কিছু হয় বাইরে গিয়ে হোক, এই তাদের ধারণা।

পাঁচদিন পর বাড়ি পৌঁছালাম। মাকে তো বোঝানো কষ্টকর। হাচু আমার গলা ধরে প্রথমেই বলল, "আব্বা, রাষ্ট্রভাষা বাংলা চাই, রাজবন্দিদের মুক্তি চাই।" একুশে ফেব্রুয়ারি ওরা ঢাকায় ছিল, যা শুনেছে তাই বলে চলেছে। কামাল আমার কাছে আসল না, তবে আমার দিকে চেয়ে রইল। আমি খুব দুর্বল, বিছানায় শুয়ে পড়লাম। গতকাল রেণু ও মা ঢাকা থেকে বাড়ি এসে আমার প্রতীক্ষায় দিন কাটাচ্ছিল। এক এক করে সকলে যখন আমার কামরা থেকে বিদায় নিল, তখন রেণু কেঁদে ফেলল এবং বলল, তোমার চিঠি পেয়ে আমি বুঝেছিলাম, তুমি কিছু একটা করে ফেলবা। আমি তোমাকে দেখবার জন্য ব্যস্ত হয়ে পড়েছিলাম। কাকে বলব নিয়ে যেতে, আব্বাকে বলতে পারি না লজ্জায়। নাসের ভাই বাড়ি নাই। যখন খবর পেলাম খবরের কাগজে, তখন লজ্জা শরম ত্যাগ করে আব্বাকে বললাম। আব্বা ব্যস্ত হয়ে পড়লেন। তাই রওয়ানা করলাম ঢাকায়, সোজা আমাদের বড় নৌকায় তিনজন মাল্লা নিয়ে। কেন তুমি অনশন করতে গিয়েছিলে? এদের কি দয়া মায়া আছে? আমাদের কারও কথাও তোমার মনে ছিল না? কিছু একটা হলে কী উপায় হতো? আমি এই দুইটা দুধের বাচ্চা নিয়ে কী করে বাঁচতাম? হাচিনা, কামালের অবস্থা কী হতো? তুমি বলবা, খাওয়া- দাওয়ার কষ্ট তো হতো না? মানুষ কি শুধু খাওয়া-পরা নিয়েই বেঁচে থাকতে চায়? আর মরে গেলে দেশের কাজই-বা কীভাবে করতা?' আমি তাকে কিছুই বললাম না। তাকে বলতে দিলাম, কারণ মনের কথা প্রকাশ করতে পারলে ব্যথাটা কিছু কমে যায়। রেণু খুব চাপা, আজ যেন কথার বাঁধ ভেঙ্গে গেছে। শুধু বললাম, "উপায় ছিল না।" বাচ্চা দুইটা ঘুমিয়ে পড়েছে। শুয়ে পড়লাম। সাতাশ - আটাশ মাস পরে আমার সেই পুরানা জায়গায়, পুরানা কামরায়, পুরানা বিছানায় শুয়ে কারাগারের নির্জন প্রকোষ্ঠের দিনগুলির কথা মনে পড়ল। ঢাকার খবর সবই পেয়েছিলাম। মহিউদ্দিনও মুক্তি পেয়েছে। আমি বাইরে এলাম আর আমার সহকর্মীরা আবার জেলে গিয়েছে।

পরের দিন সকালে আব্বা ডাক্তার আনালেন। সিভিল সার্জন সাহেবের প্রেসক্রিপশনও ছিল। ডাক্তার সকলকে বললেন, আমাকে যেন বিছানা থেকে উঠতে না দেওয়া হয়। দিন দশেক পরে আমাকে হাঁটতে হুকুম দিল শুধু বিকেলবেলা। আমাকে দেখতে রোজাই অনেক লোক বাড়িতে আসত। গোপালগঞ্জ, খুলনা ও বরিশাল থেকেও আমার কিছু সংখ্যক সহকর্মী এসেছিল।

একদিন সকালে আমি ও রেণু বিছানায় বসে গল্প করছিলাম। হাচু ও কামাল নিচে খেলছিল। হাচু মাঝে মাঝে খেলা ফেলে আমার কাছে আসে আর 'আব্বা' 'আব্বা' বলে ডাকে। কামাল চেয়ে থাকে। একসময় কামাল হাচিনাকে বলছে, "হাচু আপা ,হাচু আপা, তোমার আব্বাকে আমি একটু আব্বা বলি।" আমি আর রেণু দুজনেই শুনলাম। আস্তে আস্তে বিছানা থেকে উঠে যেয়ে ওকে কোলে নিয়ে বললাম, "আমি তো তোমারও আব্বা।" কামাল আমার কাছে আসতে চাইত না। আজ গলা ধরে পড়ে রইল। বুঝতে পারলাম, এখন আর ও সহ্য করতে পারছে না। নিজের ছেলেও অনেক দিন না দেখলে ভুলে যায়! আমি যখন জেলে যাই তখন ওর বয়স মাত্র কয়েক মাস। রাজনৈতিক কারণে একজনকে বিনা বিচারে বন্দি করে রাখা আর তার আত্মীয়স্বজন ছেলেমেয়েদের কাছে থেকে দূরে রাখা যে কত বড় জঘন্য কাজ তা কে বুঝবে? মানুষ স্বার্থের জন্য অন্ধ হয়ে যায়। আজ দুইশত বৎসর পরে আমরা স্বাধীন হয়েছি। সামান্য হলেও কিছু আন্দোলনও করেছি স্বাধীনতার জন্য। ভাগ্যের নিষ্ঠুর পরিহাস, আজ আমাকে ও আমার সহকর্মীদের বছরের পর বছর জেল খাটতে হচ্ছে। আরও কতকাল খাটতে হয়, কেইবা জানে? একেই কি বলে স্বাধীনতা? ভয় আমি পাই না, আর মনও শক্ত হয়েছে।

১৯৫২ সালে ঢাকায় গুলি হওয়ার পরে গ্রামে জনসাধারণ বুঝতে আরম্ভ করেছে যে, যারা শাসন করছে তারা জনগণের আপনজন নয়। খবর নিয়ে জানতে পারলাম, একুশে ফেব্রুয়ারি গুলি হওয়ার খবর বাতাসের সাথে সাথে গ্রামে গ্রামে পৌঁছে গেছে এবং ছোট ছোট হাটবাজারে পর্যন্ত হরতাল হয়েছে। মানুষ বুঝতে আরম্ভ করেছে যে, বিশেষ একটা গোষ্ঠী (দল) বাঙালিদের মুখের ভাষা কেড়ে নিতে চায়।

ভরসা হলো, আর দমাতে পারবে না। বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা না করে উপায় নাই। এই আন্দোলনে দেশের লোক সাড়া দিয়েছে ও এগিয়ে এসেছে। কোনো কোনো মাওলানা সাহেবরা ফতোয়া দিয়েছিলেন বাংলা ভাষার বিরুদ্ধে। তাঁরাও ভয় পেয়ে গেছেন। এখন আর প্রকাশ্যে বাংলা ভাষার বিরুদ্ধে কথা বলতে সাহস পাচ্ছেন না। জনমত সৃষ্টি হয়েছে, জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়। শাসকরা যখন শোষক হয় অথবা শোষকদের সাহায্য করতে আরম্ভ করে তখন দেশের ও জনগণের মঙ্গল হওয়ার চেয়ে অমঙ্গলই বেশি হয়।

[সংক্ষেপিত]

শব্দার্থ ও টীকা

অনশন ধর্মঘট	কোনো ন্যায্য দাবি পূরণের লক্ষ্যে একটানা আহার বর্জনের সংকল্প।
সুপারিনটেনডেন্ট	তত্ত্বাবধায়ক (superintendent)
ডেপুটি জেলার	উপ-কারাধ্যক্ষ
ছোট ভাই	বঙ্গবন্ধুর কনিষ্ঠ ভ্রাতা শেখ নাসের।
হাচিনা, হাচু	বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ সন্তান শেখ হাসিনা।
কামাল	বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র শেখ কামাল।
রেডিওগ্রাম	বেতারবার্তা (radiogram)।
প্রকোষ্ঠ	ঘর বা কুঠরি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

পুরিসিস	বক্ষব্যাধি।
ইয়ে কেয়া বাত	মে'-এ কেমন কথা, আপনি জেলখানায়।
মহিউদ্দিন	মহিউদ্দিন আহম্মদ (১৯২৫-১৯৯৭)। রাজনীতিবিদ। বাংলাদেশের অভ্যুদয়ের পূর্বে ও পরে প্রায় সকল রাজনৈতিক আন্দোলনের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন। তিনি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। রাজনৈতিক কারণে ব্রিটিশ, পাকিস্তান ও বাংলাদেশ আমলে দীর্ঘকাল কারাভোগ করেন তিনি। ১৯৭৯ -১৯৮১ কালপর্বে তিনি জাতীয় সংসদে বিরোধীদলীয় উপনেতা ছিলেন।
বেলুচি	পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশের লোক।
ভিক্টোরিয়া পার্ক	ইংল্যান্ডের রানি ভিক্টোরিয়ার নামে ঢাকার সদরঘাট এলাকায় প্রতিষ্ঠিত উদ্যান। বর্তমান নাম বাহাদুর শাহ্ পার্ক।
রেণু	বঙ্গবন্ধুর সহধর্মিণী শেখ ফজিলাতুন্নেসা মুজিব। তিনি ছিলেন বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও দুঃসময়ের অবিচল সাথি।
নূরুল আমিন	১৯৫২ সালের ভাষা আন্দোলনে ছাত্রনেতার ওপর গুলিবর্ষণের জন্য দায়ী তদানীন্তন মুখ্যমন্ত্রী। বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার বিরোধিতাকারী। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর নূরুল আমিন পাকিস্তানের নাগরিকত্ব গ্রহণ করেন।
আমলাতন্ত্র	রাষ্ট্রীয় প্রশাসনে সরকারি কর্মচারীদের কর্তৃত্বমূলক ব্যবস্থা।
খয়রাত হোসেন	রাজনীতিবিদ। ১৯৩৮-১৯৪৭ পর্যন্ত নিখিল ভারত মুসলিম লীগের কাউন্সিলর। পাকিস্তান প্রতিষ্ঠার পর নাজিমুদ্দীন সরকারের গণবিরোধী নীতির প্রতিবাদে ১৯৪৮-এ মুসলিম লীগের সঙ্গে সম্পর্ক ত্যাগ করেন। আওয়ামী লীগের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন।
আবদুর রশিদ তর্কবাগীশ	গণআজাদী লীগ নেতা। ভাষা-আন্দোলনে সক্রিয় অবদান রেখেছেন। পরবর্তীকালে আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করেন।
খান সাহেব ওসমান আলী	নারায়ণগঞ্জের আওয়ামী লীগের তৎকালীন বিশিষ্ট নেতা। তিনি আইনসভার সদস্য (এমএলএ) ছিলেন।
খোন্দকার মোশতাক আহমেদ	বাংলাদেশ আওয়ামী লীগের তৎকালীন সংগঠক। ১৯৭৫-এ সপরিবারে বঙ্গবন্ধুর ষড়যন্ত্রমূলক ও মর্মান্তিক হত্যার গোপন সমর্থক ও সহায়তার জন্য নিন্দিত।

লেখক পরিচিতি

নাম	শেখ মুজিবুর রহমান।
জন্ম পরিচয়	জন্ম : ১৭ মার্চ ১৯২০ খ্রিস্টাব্দ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। পিতা : শেখ লুৎফর রহমান, মাতা : সায়েরা খাতুন।
শিক্ষাজীবন	ম্যাট্রিক (এস.এস.সি.), গোপালগঞ্জ মিশনারি স্কুল। আইএ, কলকাতা ইসলামিয়া কলেজ। বিএ, কলকাতা বিশ্ববিদ্যালয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে অধ্যয়ন।
সাহিত্যকর্ম	অসমাপ্ত আত্মজীবনী (২০১২), এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম, কারাগারের রোজনামচা (২০১৭)।
জীবনাবসান	১৫ আগস্ট ১৯৭৫ খ্রিস্টাব্দ। (দেশি-বিদেশি ষড়যন্ত্রে সামরিক বাহিনীর কতিপয় সদস্যের হাতে সপরিবারে নিহত হন।)

পেশা/কর্মজীবন/সংগ্রামী জীবন/রাজনৈতিক জীবন

- ১৯৪৯ সালে আওয়ামী লীগ প্রতিষ্ঠাকালীন তিনি যুগ্ম সম্পাদক মনোনীত হন।
- ১৯৫৩ সালের ৯ জুলাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আওয়ামী মুসলিম লীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন।
- ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের প্রার্থী হিসেবে পূর্ববঙ্গ প্রাদেশিক পরিষদের সদস্য নির্বাচিত হন।
- ১৯৫৫ সালের ২১ অক্টোবর আওয়ামী মুসলিম লীগের কাউন্সিল অধিবেশনে দলের নাম থেকে 'মুসলিম' শব্দটি প্রত্যাহার করা হয়। তখন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পুনরায় দলের সাধারণ সম্পাদক নির্বাচিত হন।
- ১৯৫৬ সালে কোয়ালিশন সরকারের শিল্প-বাণিজ্য, শ্রম, দুর্নীতিদমন ও ভিলেজ এইড দপ্তরের মন্ত্রীর দায়িত্ব পালন করেন।
- ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোর সম্মেলনে বাঙালি জাতির মুক্তির সনদ ঐতিহাসিক ৬ দফা দাবি পেশ করেন।
- ১৯৬৬ সালের ১ মার্চ আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হন।
- ১৯৭০ সালের তৎকালীন পাকিস্তানের জাতীয় ও প্রাদেশিক নির্বাচনে তাঁর নেতৃত্বে আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে।
- ১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্সের জনসমুদ্র থেকে ঘোষণা করেন, 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। জয় বাংলা।'
- ১৯৭১ সালের ২৫ মার্চ রাত আনুমানিক ১২টা ২০ মিনিটে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে (গ্রেফতার হওয়ার পূর্বে) তিনি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন।
- ১৯৭১ সালের ১৭ এপ্রিল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবর্তমানে তাঁকে রাষ্ট্রপতি করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠন করা হয়।
- ১৯৭২ সালের ১২ জানুয়ারি স্বাধীন বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন।
- ১৯৭৫ সালের ২৫ জানুয়ারি বাংলাদেশের রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন।

পুরস্কার ও সম্মাননা

- বাঙালি জাতিসত্তা বিকাশের আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করায় এবং এ ভিত্তিতে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠিত হওয়ায় তিনি 'জাতির পিতা' হিসে স্বীকৃতি অর্জন করেন।
- ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি রেসকোর্স ময়দানে তিনি ছাত্র-জনতার সংবর্ধ সমাবেশে 'কেন্দ্রীয় ছাত্রসংগ্রাম পরিষদ' কর্তৃক 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত হন।
- ১৯৭২ সালের ১৮ অক্টোবর তিনি বিশ্বশান্তি পরিষদ কর্তৃক প্রদত্ত 'জুলিও কু পুরস্কারে ভূষিত হন। (১৯৭৩ সালের ২৩ মে বিশ্বশান্তি পরিষদের সেক্রেটা জেনারেল রমেশচন্দ্রের হাত থেকে ঢাকায় আনুষ্ঠানিকভাবে বঙ্গবন্ধু 'জুলিও কু পুরস্কার গ্রহণ করেন।)

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- শেখ মুজিবুর রহমানকে 'জাতির পিতা' উপাধিতে ভূষিত করা হয় কখন?– ৩ মার্চ ১৯৭১।
- প্রথম বাঙালি হিসেবে কে জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলায় ভাষণ দেন?– বঙ্গব শেখ মুজিবুর রহমান (২৫ সেপ্টেম্বর ১৯৭৪)।
- রেণু কে?– শেখ মুজিবুর রহমানের স্ত্রী।
- শেখ মুজিবুর রহমান কত মাস জেলে ছিলেন?– সাতাশ-আটাশ মাস।
- ৬ দফার প্রবর্তন করেন?– শেখ মুজিবুর রহমান।
- বাংলাদেশের শিশুদিবস কত তারিখ?– ১৭ মার্চ।
- বিবিসি'র জরিপে (২০০৪ সাল) সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি– বঙ্গবন্ধু শেখ মুজিবু রহমান।
- তিনি সমগ্র জাতিকে ঐক্যবদ্ধ করেন– ছয় দফা দাবির মাধ্যমে।
- ছয় দফা দাবিকে বলা হয়– বাঙালির মুক্তির সনদ।
- পাকিস্তানি বাহিনী তাঁকে ধানমন্ডির বাসা থেকে গ্রেফতার করে– ১৯৭১ সালের ২৫ মা মধ্যরাতের পর।
- তাঁর রচিত গল্পগ্রন্থের নাম– আমার কিছু কথা।
- ১০ জানুয়ারি পালিত হয়– বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস।
- তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' অনূদিত হয়েছে– ইংরেজি, উর্দু, জাপানি, চীনা, আরবি, হিন্দি ভাষায়।

'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধ সম্পর্কিত তথ্যাবলি

- **উৎস** : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের "বায়ান্নর দিনগুলো" *অসমাপ্ত আত্মজীবনী* (২০১২) গ্রন্থ থেকে সংকলিত হয়েছে।
- **প্রথম লাইন**– এদিকে জেলের ভেতর আমরা দুইজনে প্রস্তুত হচ্ছিলাম অনশন ধর্ম করার জন্য।
- **শেষ লাইন**– শাসকরা যখন শোষক হয় অথবা শোষকদের সাহায্য করতে আরম্ভ ক তখন দেশের ও জনগণের মঙ্গল হওয়ার চেয়ে অমঙ্গলই বেশি হয়।
- **ভাষারীতি** : চলিতরীতি।

গুরুত্বপূর্ণ লাইন

- ১৫ই ফেব্রুয়ারি তারিখে সকালবেলা আমাকে জেলগেটে নিয়ে যাওয়া হলো আমি য জেলগেটে পৌঁছালাম দেখি, একটু পরে মহিউদ্দিনকেও নিয়ে আসা হয়েছে একই কথা ব
- আমাকে দেখেই বলে বসল, "ইয়ে কেয়া বাত হ্যায়, আপ জেলখানা মে।" বললাম, "কিসমত"।
- আমাদের জন্য বদ্ধ ঘোড়ার গাড়ি আনা হয়েছে।
- আমি ট্যাক্সিওয়ালাকে বললাম, "বেশি জোরে চালাবেন না, কারণ বাবার কা জীবনটা যেন রাস্তায় না যায়।"
- জীবনে আর দেখা না হতেও পারে। সকলে যেন আমাকে ক্ষমা করে দেয়। দুঃখ আ নাই। একদিন মরতেই হবে, অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে যদি মর পারি, সে মরাতে ও শান্তি আছে।"
- সেখান থেকে ট্রেনে রাত চারটায় ফরিদপুর পৌঁছালাম। রাতে আমাদের জেল কর্তৃ গ্রহণ করল না।
- আমরা ফরিদপুর জেলে আছি এবং অনশন ধর্মঘট করছি।
- তারপর অনশন ধর্মঘট শুরু করলাম। দুই দিন পর অবস্থা খারাপ হলে আমা হাসপাতালে নিয়ে যাওয়া হলো।
- মহিউদ্দিন ভুগছে পুরিসিস রোগে, আর আমি ভুগছি নানা রোগে।
- চার দিন পরে আমাদের নাক দিয়ে জোর করে খাওয়াতে শুরু করল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

মহাবিপদ! নাকের ভিতর দিয়ে নল পেটের মধ্যে পর্যন্ত দেয়।
পাঁচ-ছয় দিন পরে বিছানা থেকে ওঠার শক্তি হারিয়ে ফেলছি। আমরা ইচ্ছা করে কাগজি লেবুর রস দিয়ে লবণ পানি খেতাম।
যদিও হাত কাঁপে তথাপি ছোট ছোট করে চারটা চিঠি লিখলাম। আব্বার কাছে একটা, রেণুর কাছে একটা, আর দুইটা শহীদ সাহেব ও ভাসানী সাহেবের কাছে। দু-একদিন পরে আর লেখার শক্তি থাকবে না।
২২ তারিখে সারা দিন ফরিদপুরে শোভাযাত্রা চলল।
জনাব নূরুল আমিন বুঝতে পারলেন না, আমলাতন্ত্র তাঁকে কোথায় নিয়ে গেল।
মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।
খবরের কাগজে দেখলাম, মাওলানা আবদুর রশিদ তর্কবাগীশ এমএলএ, খয়রাত হোসেন এমএলএ, খান সাহেব ওসমান আলী এমএলএ এবং মোহাম্মদ আবুল হোসেন ও খোন্দকার মোশতাক আহমদসহ শতশত ছাত্র ও কর্মীকে গ্রেফতার করেছে।
দু-একদিন পরে দেখলাম কয়েকজন প্রফেসর, মওলানা ভাসানী, শামসুল হক সাহেব ও বহু আওয়ামী লীগ নেতা ও কর্মীকে গ্রেফতার করেছে।
সমস্ত ঢাকায় ও নারায়ণগঞ্জে এক ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছে। আওয়ামী লীগের কোনো কর্মীই বোধহয় আর বাইরে নাই।
সিভিল সার্জন সাহেব দিনের মধ্যে পাঁচ- সাতবার আমাদের দেখতে আসেন।
বাংলাদেশ যে আপনার কাছ থেকে অনেক কিছু আশা করে।
দেশকে ও দেশের মানুষকে ভালোবাসি, তাদের জন্যই জীবন দিতে পারলাম, এই শান্তি।"
রেণুর দশা কী হবে? তার তো কেউ নাই দুনিয়ায়।
দুই চামচ ডাবের পানি দিয়ে মহিউদ্দিন আমার অনশন ভাঙিয়ে দিল।
"রাষ্ট্রভাষা বাংলা চাই, রাজবন্দিদের মুক্তি চাই।" একুশে ফেব্রুয়ারি ওরা ঢাকায় ছিল, যা শুনেছে তাই বলে চলেছে।
সাতাশ-আটাশ মাস পরে আমার সেই পুরানা জায়গায়, পুরানা কামরায়, পুরানা বিছানায় শুয়ে কারাগারের নির্জন প্রকোষ্ঠের দিনগুলির কথা মনে পড়ল।
গোপালগঞ্জ, খুলনা ও বরিশাল থেকেও আমার কিছু সংখ্যক সহকর্মী এসেছিল।
মানুষ স্বার্থের জন্য অন্ধ হয়ে যায়।
আজ দুইশত বৎসর পরে আমরা স্বাধীন হয়েছি।
শাসকরা যখন শোষক হয় অথবা শোষকদের সাহায্য করতে আরম্ভ করে তখন দেশের ও জনগণের মঙ্গল হওয়ার চেয়ে অমঙ্গলই বেশি হয়।

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : শেখ মুজিবুর রহমানকে কখন জেলগেট নেওয়া হয়?– **১৫ই ফেব্রুয়ারির সকালে।**
প্র : শেখ মুজিবুর রহমানের সঙ্গে আর কাকে জেলগেট আনা হয়েছিল?– **মহিউদ্দিনকে।**
প্র : শেখ মুজিবুর রহমানকে ফরিদপুর জেলে নেওয়ার জন্য কারা প্রস্তুত হয়ে এসেছে?– **আর্মড পুলিশ ও আইবি অফিসার।**
প্র : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্বেগ-উৎকণ্ঠা নিয়ে দিন কেটেছিল– **২১ ফেব্রুয়ারি।**
প্র : শেখ মুজিবুর রহমানকে ঢাকা থেকে কোন জেলায় পাঠানো হয়?– **ফরিদপুর।**
প্র : নারায়ণগঞ্জ থেকে কয়টায় জাহাজ ছাড়ে?– **এগারোটায়।**
প্র : পাকিস্তান হওয়ার সময় সুবেদার কোথায় ছিল?– **গোপালগঞ্জ।**
প্র : সুবেদারের বাড়ি কোথায়?– **বেলুচি।**
প্র : কে শেখ মুজিবুর রহমানকে খুবই ভালোবাসত এবং শ্রদ্ধা করত?– **সুবেদার।**
প্র : শেখ মুজিবুর রহমানকে ঢাকা থেকে নারায়ণগঞ্জ নেওয়া হয়েছিল কীসে করে?– **ট্যাক্সিতে।**
প্র : ঢাকা কারাগার থেকে ভিক্টোরিয়া পার্ক পর্যন্ত শেখ মুজিবুর রহমানকে কীসে করে নেওয়া হলো?– **বন্ধ ঘোড়ার গাড়ি।**
প্র : শেখ মুজিবুর রহমান রাত কয়টায় নারায়ণগঞ্জ লঞ্চ স্টেশনে আসেন?– **১১ টায়।**
প্র : শেখ মুজিবুর রহমানকে নারায়ণগঞ্জ থেকে কোন ঘাটে আনা হয়েছিল?– **গোয়ালন্দ ঘাট।**
প্র : গোয়ালন্দ থেকে ফরিদপুর শেখ মুজিবুর রহমান কীসে আসে?– **ট্রেনে।**
প্র : কতদিন পর শেখ মুজিবুর রহমান ও মহিউদ্দিনকে হাসপাতালে নেওয়া হয়?– **দুইদিন পর।**
প্র : অনশনের কতদিন পর শেখ মুজিবুর রহমানকে নাকে নল দিয়ে খাওয়ানো হয়েছিল?– **৪ দিন পর।**
প্র : অনশন পালনকালে শেখ মুজিবুর রহমান কী পান করতেন?– **কাগজি লেবুর রস দিয়ে লবণ পানি।**
প্র : কে বার বার শেখ মুজিবুর রহমানকে অনশন করতে নিষেধ করেছিল?– **সিভিল সার্জন সাহেব।**
প্র : ২১ ফেব্রুয়ারি মানুষ আন্দোলন করেছিল কেন?– **মাতৃভাষার প্রেমে।**
প্র : কত তারিখে ফরিদপুর শোভাযাত্রা চলে?– **২২ ফেব্রুয়ারি।**
প্র : মানুষ কখন পদে পদে ভুল করে?– **পতন এলে।**
প্র : ১৯৫২ সালে ক্ষমতায় ছিল কোন দল?– **মুসলীম লীগ।**
প্র : খান সাহেব ওসমান আলীর বাড়ি কোথায়?– **নারায়ণগঞ্জ।**
প্র : কত তারিখে শেখ মুজিবুর রহমানের অবস্থা খারাপ হয়ে পড়ল?– **২৭ ফেব্রুয়ারি।**
প্র : শেখ মুজিবুর রহমানের মুক্তির আদেশ কে এনেছিল?– **ডেপুটি জেলার।**
প্র : শেখ মুজিবুর রহমানের মুক্তির আদেশ কত তারিখে এল?– **২৭ ফেব্রুয়ারি।**
প্র : শেখ মুজিবুর রহমানের অনশন মহিউদ্দিন ভাঙল কী দিয়ে?– **দুই চামচ ডাবের পানি।**
প্র : শেখ মুজিবুর রহমানকে নিতে কে কখন এসেছিল?– **তাঁর বাবা সকাল ১০ টায়।**
প্র : শেখ মুজিবুর রহমানের মুক্তির অর্ডার কীসে এসেছে?– **রেডিওগ্রামে।**
প্র : কতদিন পর ডাক্তার শেখ মুজিবুর রহমানকে হাঁটতে হুকুম দিলো?– **দশ দিন পর।**
প্র : শেখ মুজিবুর রহমান যখন জেলে যায় তখন কামালের বয়স কত?– **মাত্র কয়েক মাস।**
প্র : নূরুল আমিন কে ছিলেন?– **তদানীন্তন মুখ্যমন্ত্রী।**
প্র : নিখিল ভারত মুসলিম লীগের কাউন্সিলর কে ছিলেন?– **খয়রাত হোসেন।**
প্র : শেখ মুজিবুর রহমানকে হত্যার জন্য কে নিন্দিত?– **খোন্দকার মোশতাক আহমেদ।**
প্র : ২১ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উদ্বেগ, উৎকণ্ঠা নিয়ে দিন কাটিয়েছিলেন কেন?– **ভাষা আন্দোলনের জন্য।**
প্র : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জেল থেকে মুক্তি পেলেও তাঁর বেরুতে খারাপ লেগেছিল কেন?– **মহিউদ্দিনের অর্ডার না আসায়।**
প্র : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নারায়ণগঞ্জ নেওয়া হয়েছিল কেন– **ফরিদপুরে নিতে।**
প্র : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ফরিদপুর জেলে পাঠানো হয়েছিল কেন– **সরকারি নির্দেশে।**
প্র : বঙ্গবন্ধু কোথায় পৌঁছে খবর পেলেন জাহাজ ছেড়ে চলে গেছে?– **নারায়ণগঞ্জ ঘাটে।**
প্র : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মতে কোন মৃত্যুতে শান্তি আছে?– **অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদে।**
প্র : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কার আসতে দেরি হবে ভেবে চা খেতে চাইলেন?– **জেল অফিসারের।**
প্র : 'ইলেকশন' শব্দের অর্থ কী?– **নির্বাচন।**
প্র : মহির সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কথা বলতে বাধা দিলেন কে?– **আইবি।**
প্র : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফরিদপুর জেলগেটের সামনে নিজের পরিচয় দিয়ে সহায়তা চান– **চায়ের দোকানের মালিকের কাছে।**
প্র : কারা কর্তৃপক্ষ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মরতে দিতে চাচ্ছিল না কেন?– **সরকারের নির্দেশে।**
প্র : শেখ মুজিবুর রহমান হাসপাতালে কাকে দিয়ে টুকরো টুকরো কাগজ আনিয়েছিলেন?– **কয়েকদিকে দিয়ে।**
প্র : 'বায়ান্নর দিনগুলো' রচনায় কোন কোন জেলার নাম উল্লেখ আছে?– **ফরিদপুর, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, ঢাকা, খুলনা, বরিশাল।।**
প্র : 'মানুষ কি শুধু খাওয়া পড়া নিয়েই বেঁচে থাকতে চায়? উক্তিটি কার?– **শেখ ফজিলাতুন্নেসা মুজিবের।**
প্র : 'বায়ান্নর দিনগুলো' রচনা অনুসারে কার সহ্যশক্তি খুব বেশি?– **শেখ মুজিবুর রহমানের পিতার।**
প্র : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে দেখতে তাঁর সহকর্মীর কোথায় থেকে এসেছিল?– **গোপালগঞ্জ, খুলনা ও বরিশাল থেকে।**
প্র : কে বঙ্গবন্ধুর গলা জড়িয়ে পড়ে রইল?– **জ্যেষ্ঠ পুত্র কামাল।**
প্র : জনমতের বিরুদ্ধে যেতে কারা ভয় পায়?– **শাসকগোষ্ঠী।**
প্র : কোনো ন্যায্য দাবি পূরণের লক্ষ্যে একটানা আহার বর্জন কর্মসূচিকে কী বলে?– **অনশন ধর্মঘট।**
প্র : বঙ্গবন্ধুকে ফরিদপুর জেলগেটে কীভাবে নিয়ে যাওয়া হলো?– **স্ট্রেচারে করে।**
প্র : 'উৎকণ্ঠা' শব্দের অর্থ কি?– **ব্যাকুলতা।**
প্র : 'তোমার অর্ডার এসেছে।' কার উক্তি?– **মহিউদ্দিনের।**
প্র : 'কিসমত' শব্দের অর্থ কী?– **ভাগ্য।**
প্র : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মালপত্র, কাপড় চোপড় ও বিছানা নিয়ে কে হাজির হয়েছিল?– **জমাদার সাহেব।**
প্র : 'আমরা জেলের দিকে রওয়ানা করছি', উক্তিটি কার?– **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের।**
প্র : নারায়ণগঞ্জ থেকে ছেড়ে এসে জাহাজ কোন ঘাটে ভিড়ল?– **গোয়ালন্দ ঘাটে।**
প্র : নতুন স্থানের উদ্দেশে যাত্রা করতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেরি করে কয়টা বাজিয়ে দিলেন?– **দশটা।**
প্র : মাতৃভাষা আন্দোলনে পৃথিবীতে প্রথম কোন জাতি রক্ত দিয়েছে?– **বাঙালি জাতি।**
প্র : ২১শে ফেব্রুয়ারি কোথায় গুলি চলেছিল?– **ঢাকা মেডিকেল কলেজ হোস্টেল।**
প্র : বাঙালির মুক্তির সনদ বলা হয় কোনটিকে?– **ছয় দফাকে।**
প্র : রেণু কখন কেঁদে উঠল?– **কামরা শূন্য হলে।**
প্র : ভিক্টোরিয়া পার্কের বর্তমান নাম কী?– **বাহাদুর শাহ পার্ক।**
প্র : পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশের লোককে কী বলে?– **বেলুচি।**
প্র : রেসকোর্স ময়দানের বর্তমান নাম কী?– **সোহরাওয়ার্দী উদ্যান।**
প্র : 'প্রকোষ্ঠ' শব্দটির অর্থ কী?– **কুঠুরি।**
প্র : কী খেয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অনশন ভঙ্গ করেন?– **ডাবের পানি।**
প্র : মহিউদ্দিনকে (আওয়ামী লীগের এক কর্মী) ফরিদপুরের সবাই কী নামে ডাকে?– **মহি।**
প্র : পুরিসিস রোগ দ্বারা কোন রোগকে বোঝানো হয়েছে?– **বক্ষব্যাধি।**
প্র : অনশনকালে মহিউদ্দিন আহমদ কোন রোগে ভুগছিলেন?– **পুরিসিস।**
প্র : খান সাহেব ওসমান আলীর বাড়ি কোথায়?– **নারায়ণগঞ্জ।**
প্র : ২১শে ফেব্রুয়ারি গুলির খবর কোথায় পৌঁছে যায়?– **জেলখানায়।**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০১. জেলখানায় বঙ্গবন্ধুর অনশন ভাঙিয়েছিলেন কে? [A ১৭-১৮]
ক. ডেপুটি জেলার খ. সিভিল সার্জন গ. রাজনৈতিক সহকর্মী ঘ. একজন কর্মচারী

০২. বঙ্গবন্ধুর নারায়ণগঞ্জ জাহাজঘাট থেকে ফরিদপুর জেলে পৌঁছাতে কত ঘণ্টা লেগেছিল? [চ ১৬-১৭]
ক. ২৫ খ. ২৬ গ. ২৭ ঘ. ২৮

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে তাঁর আত্মজীবনী লেখা আরম্ভ করেন? [A ১৭-১৮; চবি B ১৭-১৮]
ক. ১৯৫২ খ. ১৯৫৭ গ. ১৯৬২ ঘ. ১৯৬৭

০৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' কত সালে প্রকাশিত হয়? [A ১৭-১৮]
ক. ১৯৬২ খ. ১৯৭২ গ. ২০০২ ঘ. ২০১২

০৫. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থে বঙ্গবন্ধুর কত সাল পর্যন্ত ঘটনাবলি স্থান পেয়েছে? [A ১৭-১৮]
ক. ১৯৫৫ খ. ১৯৫৭ গ. ১৯৬৫ ঘ. ১৯৬৭

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০৬. 'কারাগারের রোজনামচা' বইটির রচয়িতা কে? [A ১৭-১৮]
ক. কাজী নজরুল ইসলাম খ. মুনীর চৌধুরী
গ. শেখ মুজিবুর রহমান ঘ. আনিসুজ্জামান

০৭. 'কারাগারের রোজনামচা' রচনাটির নামকরণ করেন কে? [E ১৭-১৮]
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব
গ. শেখ হাসিনা ঘ. শেখ রেহানা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০৮. ভাষা আন্দোলনের সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন কারাগারে বন্দি ছিলেন? [F ১৬-১৭]
ক. ঢাকা খ. নারায়ণগঞ্জ গ. ফরিদপুর ঘ. চট্টগ্রাম ঙ. কাশিমপুর

০৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালের কত তারিখে স্বদেশে প্রত্যাবর্তন করেন? [B3 ১৬-১৭; B2-8 ১৬-১৭]
ক. ১৬ ডিসেম্বর খ. ১৭ মার্চ গ. ১০ জানুয়ারি ঘ. ৮ জানুয়ারি

১০. 'এভাবে মৃত্যু বরণ করে কী লাভ হবে?- 'বায়ান্নর দিনগুলো' রচনায় উক্তিটি কার? [B1 ১৬-১৭]
ক. সিভিল সার্জনের খ. আমীর হোসেনের গ. ডেপুটি জেলারের ঘ. মহিউদ্দিন আহমদের

খুলনা বিশ্ববিদ্যালয়

১১. 'বায়ান্নর দিনগুলো'তে উল্লিখিত কারাগারে অনশনরত বঙ্গবন্ধুর সঙ্গী কে ছিলেন? [B ১৭-১৮]
ক. আবদুর রশিদ তর্কবাগীশ খ. মহিউদ্দীন আহমদ
গ. মওলানা ভাসানী ঘ. খান সাহেব ওসমান আলী

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

১২. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটির রচয়িতা কে? [AL ১৭-১৮; বশেমুরবিপ্রবি E ১৭-১৮]
ক. মাওলানা ভাসানী খ. তাজউদ্দিন আহমদ
গ. এ কে ফজলুল হক ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

১৩. 'অসমাপ্ত আত্মজীবনী' বর্ণিত হয়েছে কিভাবে? [D ১৭-১৮]
ক. বঙ্গবন্ধুর নিজ বয়ানে খ. সম্পাদকের বয়ানে গ. শেখ হাসিনার বয়ানে ঘ. কোনোটিই নয়

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

১৪. 'বায়ান্নর দিনগুলো' রচনায় সুপারিনটেনডেন্ট-এর নাম কোনটি? [A ১৭-১৮]
ক. আমীর হোসেন খ. মোখলেসুর রহমান গ. মহিউদ্দিন ঘ. শামসুল হক

১৫. 'বায়ান্নর দিনগুলো' রচনাটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে? [A ১৭-১৮; চবি D1 ১৬-১৭]
ক. অসমাপ্ত আত্মজীবনী খ. আত্মচরিত গ. আত্মস্মৃতি ঘ. আত্মকথা

১৬. 'আমার অনশন ভাঙব না' কোন রচনা থেকে উদ্ধৃত হয়েছে? [A ১৭-১৮]
ক. বায়ান্নর দিনগুলো খ. চাষার দুঃখ গ. একুশে ফেব্রুয়ারি ঘ. আমার পথ

১৭. কোনটি আত্মজীবনীমূলক রচনা– [B ১৭-১৮]
ক. কমলাকান্তের দপ্তর খ. বায়ান্নর দিনগুলো গ. আমার পথ ঘ. মাসি-পিসি

১৮. 'বায়ান্নর দিনগুলো' অনুসারে জেলখানায় অনশনকারীর সংখ্যা কতজন? [A ১৬-১৭]
ক. দুইজন খ. চারজন গ. তিনজন ঘ. পাঁচজন

ইসলামী বিশ্ববিদ্যালয়

১৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' লেখা শুরু করেন জেলে বন্দি অবস্থায়? [H ১৭-১৮; ঢাবি অধি. ৭টি কলেজ ১৭-১৮]
ক. ঢাকা সেন্ট্রাল জেলে খ. গাজীপুর জেলে গ. আগরতলা জেলে ঘ. লাহোর

২০. ঢাকা বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন বিষয়ে অধ্যয়ন করে ১৬-১৭; রাবি খ ১৬-১৭]
ক. বাংলা খ. ইতিহাস গ. দর্শন ঘ. আইন

ঢাবি অধিভুক্ত ৭টি কলেজ

২১. অনশন চলাকালীন বঙ্গবন্ধু লিখিত চিঠির সংখ্যা–
ক. দুটি খ. তিনটি গ. চারটি ঘ. পাঁচটি

০১.গ	০২.গ	০৩.ঘ	০৪.ঘ	০৫.ক	০৬.গ	০৭.
০৮.গ	০৯.গ	১০.ক	১১.খ	১২.ঘ	১৩.ক	১৪.
১৫.ক	১৬.ক	১৭.খ	১৮.ক	১৯.ক	২০.ঘ	২১.

অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নাবলি

০১. ১৯৭১ সালের ৭ই মার্চ কোন ময়দানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক ভাষণ দেন?
ক. শাহবাগে খ. তৎকালীন রেসকোর্স ময়দানে
গ. ন্যাশনাল পার্কে ঘ. বাহাদুর শাহ পার্কে

০২. ১৯৭০ সালের নির্বাচনে কোন দল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করে?
ক. যুক্তফ্রন্ট খ. কৃষক-প্রজা পার্টি
গ. সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ঘ. আওয়ামী লীগ

০৩. কিসের ভিত্তিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমগ্র জাতিকে অভিন্ন লক্ষ্যে একত্র ক
ক. ছয় দফার খ. এগারো দফার গ. পনেরো দফার ঘ. চব্বিশ দফা

০৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন কখন?
ক. ২৫ মার্চ প্রথম প্রহরে খ. ২৬ মার্চ প্রথম প্রহরে
গ. ২৫ মার্চ শেষ প্রহরে ঘ. ২৭ মার্চ প্রথম প্রহরে

০৫. 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সং এ বক্তব্যে কী ফুটে উঠেছে?
ক. বিজয়ের স্বাদ খ. মানবতার জয়গান
গ. স্বাধীনতার আহ্বান ঘ. সত্য প্রতিষ্ঠার আহ্বান

০৬. কেন পাকিস্তানি বাহিনী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করে?
ক. বাঙালিকে ধ্বংস করতে খ. বাঙালিকে অধঃপতিত করতে
গ. বাংলাদেশকে শোষণ করতে ঘ. বাঙালির মুক্তিসংগ্রামকে নস্যাৎ করতে

০৭. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে পাকিস্তান থেকে দেশে প্রত্যাবর্তন কর
ক. ১৯৭১ সালের ১৭ ডিসেম্বর খ. ১৯৭১ সালের ১ জানুয়ারি
গ. ১৯৭২ সালের ১০ জানুয়ারি ঘ. ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর

০৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভাষাসৈনিকদের শহিদ হওয়ার খবর কীভাবে পেয়েছি
ক. সিপাহিদের মাধ্যমে খ. প্রহরীদের সহায়তায়
গ. রেডিও শুনে ঘ. বন্দিদের কাছ থেকে

০৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিনা বিচারে কারা আটকে রেখেছিল?
ক. ব্রিটিশ সরকার খ. পাকিস্তান সরকার
গ. ভারত সরকার ঘ. বাংলাদেশ সরকার

১০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিনাবিচারে আটক রাখায় পাকিস্তান সর কোন দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায়?
ক. শোষণ খ. শাসন গ. নিপীড়ন ঘ. রাজনৈতিক

১১. কত সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সামরিক বাহিনীর ক সদস্যের হাতে সপরিবারে শাহাদাৎ বরণ করেন?
ক. ১৯৭৫ খ. ১৯৭৬ গ. ১৯৭৭ ঘ. ১৯৭৮

০১.খ	০২.ঘ	০৩.ক	০৪.খ	০৫.গ	০৬.
০৭.গ	০৮.ক	০৯.খ	১০.গ	১১.ক	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১২. মহিউদ্দিন কে ছিলেন?
ক. আওয়ামী লীগের কর্মী খ. আওয়ামী লীগের নেতা
গ. চায়ের দোকানের মালিক ঘ. জেল অফিসার

১৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন জেলগেটে আধা ঘণ্টা দেরি করেন?
ক. ফরিদপুর জেলগেটে খ. ময়মনসিংহ জেলগেটে
গ. নারায়ণগঞ্জ জেলগেটে ঘ. ঢাকা জেলগেটে

১৪. 'জীবনে আর দেখা নাও হতে পারে।' কথাটিতে বঙ্গবন্ধুর কোন দিকটি প্রকাশ পেয়েছে?
ক. যুক্তিবাদিতা খ. আবেগময়িতা গ. মৃত্যুচেতনা ঘ. শোষণবিরোধিতা

১৫. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জেলগেটে কার ওপর রেগে গেলেন?
ক. আইবির ওপর খ. মহিউদ্দিনের ওপর
গ. চায়ের দোকানের মালিকের ওপর ঘ. জেল অফিসারের ওপর

১৬. কত সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফরিদপুরে ইলেকশনে ওয়ার্কার ইনচার্জ ছিলেন?
ক. ১৯৪৬ খ. ১৯৫২ গ. ১৯৫৪ ঘ. ১৯৬৪

১৭. কারা কর্তৃপক্ষ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মরতে দিতে চাচ্ছিল না কেন?
ক. সরকারের নির্দেশে খ. দেশের ভাবমূর্তি রক্ষায়
গ. তাঁর পরিবারের অনুরোধে ঘ. জেল সুপারের আদেশে

১৮. ২১ ফেব্রুয়ারিতে ফরিদপুরে হরতাল পালিত হয়েছিল কেন?
ক. ভাষা রক্ষার জন্য খ. দেশ রক্ষার জন্য
গ. গ্রেফতারের জন্য ঘ. স্বৈরশাসন পতনের জন্য

১৯. 'রাষ্ট্রভাষা বাংলা চাই' কথাটিতে বাঙালির কোন বিষয়টি ফুটে উঠেছে?
ক. স্বাধীনচেতনা খ. সংগ্রাম গ. মাতৃভাষাপ্রেম ঘ. দেশপ্রেম

২০. নিচে কারা খেলছিল?
ক. হাসু ও কামাল খ. হাসু ও রেহানা গ. হাচু ও জামাল ঘ. কামাল ও রেহানা

২১. ২১ ফেব্রুয়ারি মানুষ আন্দোলন করেছিল কেন?
ক. স্বাধীনতার জন্য খ. স্বৈরশাসন অবসানের জন্য
গ. মাতৃভাষার জন্য ঘ. সংস্কৃতি রক্ষার জন্য

২২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কী জন্য ভীষণ চিন্তাযুক্ত হয়ে পড়লেন?
ক. ঢাকার খবর পেয়ে খ. ফরিদপুরের খবর পেয়ে
গ. বাড়ির খবর পেয়ে ঘ. গোপালগঞ্জের খবর পেয়ে

২৩. ১৯৫২ সালে বাঙালি ১৪৪ ধারা ভঙ্গ করেছিল কেন?
ক. স্বাধীনতার জন্য খ. মাতৃভাষার জন্য গ. সংস্কৃতির জন্য ঘ. শোষণের বিরুদ্ধে

২৪. নারায়ণগঞ্জে কার বাড়িতে ঢুকে সরকারি লোকেরা ভীষণ মারপিট করেছিল?
ক. খান সাহেব ওসমান আলীর খ. মওলানা ভাসানীর
গ. খোন্দকার মোশতাক আহমদের ঘ. মোহাম্মদ আবুল হোসেনের

২৫. 'বাংলাদেশ যে আপনার কাছ থেকে অনেক কিছু আশা করে' এখানে কার কথা বলা হয়েছে?
ক. মাওলানা ভাসানীর খ. ফজলুল হকের
গ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘ. নূরুল আমীনের

২৬. দেশের মানুষের জন্য জীবন দিতে চাওয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের চরিত্রের কোন দিকটি প্রকাশ পেয়েছে?
ক. স্বাধীনতা কামনা খ. দেশপ্রেম গ. মানবতাবোধ ঘ. স্বাধিকার চেতনা

২৭. কে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাত-পায়ে গরম সরিষার তেল মালিশ করে দিত?
ক. মহিউদ্দিন খ. একজন কয়েদি গ. ডাক্তার ঘ. নার্স

২৮. 'বায়ান্নর দিনগুলো' রচনায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ক'জন সন্তানের নাম উল্লেখ আছে?
ক. ২ জন খ. ৩ জন গ. ৪ জন ঘ. ৫ জন

২৯. পাকিস্তান সরকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দিয়েছিল কেন?
ক. বাধ্য হয়ে খ. বিদেশি চাপে গ. দলীয় চাপে ঘ. মানবতাবোধে

৩০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুক্তির কত দিন পর মহিউদ্দিন আহমদকে মুক্তি দেওয়া হয়?
ক. ১ দিন খ. ২দিন গ. ৩ দিন ঘ. ৪ দিন

৩১. জেলমুক্তির কতদিন পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাড়িতে ফিরেছিলেন?
ক. ৩ দিন খ. ৪ দিন গ. ৫ দিন ঘ. ৬ দিন

৩২. 'এদের কি দয়ামায়া আছে?' বঙ্গবন্ধুর স্ত্রীর এই বক্তব্যে 'এদের' বলতে কাদের বোঝানো হয়েছে?
ক. ডাক্তারদের খ. পুলিশদের গ. কয়েদিদের ঘ. পাকিস্তান সরকারকে

৩৩. মহিউদ্দিনকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কী হিসেবে বিবেচনা করা যায়?
ক. সহকর্মী খ. ভাই গ. বিরুদ্ধকর্মী ঘ. সহযোদ্ধা

৩৪. ছেলে কামাল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে চিনতে পারছিল না কেন?
ক. স্মৃতিশক্তি লোপ পাওয়া খ. অনেক দিন না দেখায়
গ. অপরিচিত বলে ঘ. স্মৃতিশক্তি কম বলে

৩৫. 'আমি তো তোমারও আব্বা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ কথাটি কার উদ্দেশে বলেন?
ক. হাসিনার খ. কামালের গ. জামালের ঘ. রেহানার

৩৬. 'যারা শাসন করছে তারা আপনজন নয়'- একথা কারা বুঝতে শুরু করেছিল?
ক. গ্রামের সাধারণ মানুষ খ. বঙ্গবন্ধুর সন্তানরা গ. বিদেশিরা ঘ. বঙ্গবন্ধুর স্ত্রী

৩৭. ভাষা আন্দোলনে ছাত্র-জনতার ওপর গুলিবর্ষণের জন্য দায়ী কে?
ক. মুহাম্মদ আলী জিন্নাহ্ খ. নূরুল আমিন গ. নাজিম উদ্দিন ঘ. টিক্কা খান

৩৮. আবদুর রশিদ তর্কবাগীশের ক্ষেত্রে প্রযোজ্য-
ক. আওয়ামী লীগ নেতা খ. মুসলিম লীগ নেতা গ. যুক্তফ্রন্ট নেতা ঘ. গণআজাদী লীগ নেতা

৩৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ ভ্রাতার নাম কী?
ক. শেখ নাসের খ. শেখ আবদুল্লাহ গ. আবদুর রব সেরনিয়াবাত ঘ. শেখ হাসান

৪০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ সন্তান কে?
ক. শেখ নাসের খ. শেখ কামাল গ. শেখ হাসিনা ঘ. শেখ রেহানা

৪১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী লেখায় কে সবচেয়ে বেশি প্রেরণা দিয়েছেন?
ক. শেখ ফজিলাতুন্নেসা মুজিব খ. শেখ নাসের গ. শেখ জামাল ঘ. শেখ কামাল

৪২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ঢাকা সেনানিবাসে আটকে রাখার কারণ কী?
ক. ভাষা আন্দোলন খ. ছয় দফা দাবি গ. আগরতলা মামলা ঘ. স্বাধীনতা সংগ্রাম

৪৩. পাকিস্তানে জাতীয় ও প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে?
ক. ১৯৭০ খ. ১৯৭১ গ. ১৯৭২ ঘ. ১৯৬২

৪৪. সুবেদার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জেল খানায় দেখে অবাক হলেন কেন?
ক. মুজিব রাজনীতিবিদ বলে খ. মুজিব আত্মীয় বলে
গ. মুজিব নিরপরাধ বলে ঘ. মুজিব সরকারপন্থি বলে

৪৫. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনশন ভাঙিয়েছিলেন কে?
ক. মহিউদ্দিন আহমদ খ. ডাক্তার সাহেব গ. খয়রাত হোসেন ঘ. জেলার সাহেব

৪৬. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন গ্রামে জন্মগ্রহণ করেন?
ক. বানীমর্দান খ. টুঙ্গিপাড়া গ. লক্ষ্মীপুর ঘ. ফুলপুর

৪৭. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 'জুলিও কুরি' পদকে ভূষিত হন-
ক. ১৯৭২ সালে খ. ১৯৭৩ সালে গ. ১৯৭৪ সালে ঘ. ১৯৭৫ সালে

৪৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফরিদপুর যাওয়ার ব্যাপারে দেরি করছিলেন কেন?
ক. গোছগাছের জন্য খ. খাবারদাবারের জন্য
গ. জাহাজ মিস করার জন্য ঘ. বিশ্রাম নেওয়ার জন্য

৪৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনশনের মধ্যে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে?
ক. ক্রোধ ও ঘৃণা খ. নিঃস্বার্থপরতা গ. অহিংসা উপন্যাস ঘ. প্রতিবাদ

৫০. 'মুক্তি দিলে খাব, না দিলে খাব না। তবে আমার লাশ মুক্তি পেয়ে যাবে।' এখানে কাদের মুক্তির কথা বলা হয়েছে?
ক. জেল থেকে মুক্তি খ. বাঙালির মুক্তি গ. পরাধীনতা থেকে মুক্তি ঘ. রাজবন্দিদের মুক্তি

৫১. মহিউদ্দিন সম্পর্কে নিচের কোন তথ্যটি ঠিক নয়?
ক. রাজনীতিবিদ খ. মুক্তিযোদ্ধা গ. আন্দোলনকারী ঘ. মুখ্যমন্ত্রী

৫২. ২১ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উদ্বেগ, উৎকণ্ঠা নিয়ে দিন কাটিয়েছিলেন কেন?
ক. পরিবারের জন্য খ. মুক্তির জন্য গ. দেশের মঙ্গলার্থে ঘ. ভাষা আন্দোলনের জন্য

৫৩. সরকারি কর্মচারীদের কর্তৃত্বমূলক ব্যবস্থাকে কী বলা হয়?
ক. আমলাতন্ত্র খ. অভিজাততন্ত্র গ. গণতন্ত্র ঘ. রাজতন্ত্র

৫৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে জেলে ছিলেন তার ডেপুটি জেলার কে ছিলেন?
ক. মোখলেসুর রহমান খ. আমীর হোসেন গ. শামসুদ্দিন মিয়া ঘ. মহিউদ্দিন সাহেব

৫৫. দেশের জন্য, মাতৃভাষার জন্য যারা জীবন দেন তাদের কী বলা হয়?
ক. শহিদ খ. গাজী গ. কাপুরুষ ঘ. মিরজাফর

৫৬. পাকিস্তান সরকারের বিরুদ্ধে অসহযোগ আন্দোলনের ডাক দেন কে?
ক. সৈয়দ নজরুল ইসলাম খ. এ. কে ফজলুল হক
গ. শেখ মুজিবুর রহমান ঘ. তাজউদ্দিন আহমদ

৫৭. কয়জন মাল্লা নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাবা নৌকায় উঠেছিলেন?
ক. দুইজন খ. তিনজন গ. চারজন ঘ. পাঁচজন

৫৮. 'বায়ান্নর দিনগুলো' রচনায় লেখক কোন ভাষা-রীতি অবলম্বন করেছেন?
ক. সাধু ভাষা খ. চলিত ভাষা গ. উপভাষা ঘ. মিশ্র ভাষা

১২.ক	১৩.ক	১৪.গ	১৫.ক	১৬.ক	১৭.ক	১৮.ক	১৯.গ	২০.ক	২১.গ
২২.ক	২৩.খ	২৪.ক	২৫.গ	২৬.খ	২৭.খ	২৮.ক	২৯.ক	৩০.ক	৩১.গ
৩২.ঘ	৩৩.ঘ	৩৪.খ	৩৫.খ	৩৬.ক	৩৭.খ	৩৮.ঘ	৩৯.ক	৪০.গ	৪১.ক
৪২.গ	৪৩.ক	৪৪.গ	৪৫.ক	৪৬.খ	৪৭.ক	৪৮.গ	৪৯.ঘ	৫০.ঘ	৫১.গ
৫২.ঘ	৫৩.ক	৫৪.ক	৫৫.ক	৫৬.গ	৫৭.খ	৫৮.খ			

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

SELF TEST

০১. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের ভাষা কেমন?
ক. কাব্যিক খ. তেজোদীপ্ত
গ. সহজ সরল ঘ. জটিল ও বঙ্কিম

০২. খয়রাত হোসেন কত বছর নিখিল ভারত মুসলিম লীগের কাউন্সিলর ছিলেন?
ক. সাত খ. আট গ. দশ ঘ. এগার

০৩. 'আমরা দুইজন প্রস্তুত হচ্ছিলাম অনশন ধর্মঘট করার জন্য।' উদ্ধৃত অংশে 'আমরা দুইজন' কারা?
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাজউদ্দিন আহমদ
খ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মহিউদ্দিন আহমদ
গ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও সৈয়দ নজরুল ইসলাম
ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও হোসেন শহীদ সোহরাওয়ার্দী

০৪. 'কিসমত' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. পর্তুগিজ

০৫. বঙ্গবন্ধু ও মহিউদ্দিন ফরিদপুর জেলে অন্য জায়গায় যাওয়ার পূর্বে ঔষধ খেয়ে নেন কেন?
ক. পেট পরিষ্কার করার জন্য খ. অসুস্থ হওয়ার জন্য
গ. ঘুমানোর জন্য ঘ. মানসিক উত্তেজনা নিয়ন্ত্রণের জন্য

০৬. 'বেশি জোরে চালাবেন না, কারণ বাবার কালের জীবনটা যেন রাস্তায় না যায়।' – 'বায়ান্নর দিনগুলো' রচনায় উদ্ধৃত উক্তিটি কার?
ক. ডিটুটি জেলারের খ. নূরুল আমিন
গ. মহিউদ্দিনের ঘ. বঙ্গবন্ধুর

০৭. 'প্যালপিটিশন' বলতে কী বোঝানো হয়েছে?
ক. ধড়ফড়ানি খ. শাস্তি মওকুফ হওয়া
গ. প্যারোলে চিকিৎসা ঘ. অনশন ধর্মঘট তুলে নেওয়া

০৮. মহিউদ্দিন আহমদের জীবনকাল কোনটি?
ক. ১৯২৫-১৯৯৭ খ. ১৯২৭-১৯৭৫
গ. ১৯২১-১৯৯৭ ঘ. ১৯৩০-১৯৯৮

০৯. বঙ্গবন্ধু ও মহিউদ্দিন রাত কয়টায় ফরিদপুর পৌঁছেন?
ক. রাত একটায় খ. রাত এগারোটায়
গ. রাত বারোটায় ঘ. রাত চারটায়

১০. কাউকে খবর দিতে হবে কি না? –উক্তিটি কার?
ক. সিভিল সার্জনের খ. মহিউদ্দিনের
গ. সুবেদারের ঘ. ডেপুটি জেলারের

১১. বঙ্গবন্ধু চিঠি চারখানা কার কাছে দিয়েছিলেন?
ক. ডেপুটির হাতে খ. একজন কর্মচারীর হাতে
গ. সুবেদারের হাতে ঘ. মহিউদ্দিনের হাতে

১২. বঙ্গবন্ধু কখন চিঠি চারখানা আত্মীয়ের কাছে পৌঁছে দিতে বললেন?
ক. তাঁর মৃত্যুর পর খ. তাঁকে বন্দি করার পর
গ. বেশি অসুস্থ হয়ে পড়লে ঘ. যাবজ্জীবন কারাদণ্ড দেওয়ার পর

১৩. ডেপুটি জেলার বঙ্গবন্ধুর বাবার কাছে কী পাঠানোর কথা বলেছিলেন?
ক. চিঠি খ. টেলিগ্রাম
গ. ফ্যাক্স ঘ. টেলিফোন

১৪. 'আমাকে অবিশ্বাস করার কিছুই নাই।' উক্তিটি কার?
ক. মহিউদ্দিনের খ. ডাক্তারের
গ. ডিপুটি জেলারের ঘ. শেখ মুজিবের

১৫. 'বঙ্গবন্ধুকে নিয়ে যেতে হলে লিখে দিতে হবে যে, আমার দায়িত্বে নিয়ে যাচ্ছি।' এটা কার নির্দেশ ছিল?
ক. ডেপুটি জেলারের খ. সিভিল সার্জনের
গ. সুবেদারের ঘ. সুবেদারের

১৬. 'আব্বা, রাষ্ট্রভাষা বাংলা চাই, রাজবন্দীদের মুক্তি চাই।' উক্তিটি কার?
ক. শেখ লুৎফরের খ. শেখ কামালের
গ. শেখ হাসিনার ঘ. তাজউদ্দিনের

১৭. বঙ্গবন্ধুর মা ও স্ত্রী রেণু কোথায় ছিলেন?
ক. ফরিদপুরে খ. ঢাকায়
গ. বরিশাল ঘ. চট্টগ্রাম

১৮. 'কেন তুমি অনশন করতে গিয়েছিলে?"– উক্তিটি কার ছিল?
ক. মহিউদ্দিনের খ. শেখ হাসিনা
গ. স্ত্রী রেণুর ঘ. বঙ্গবন্ধুর বাবার

১৯. উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করতে চেয়েছিল কে?
ক. আবদুর রশিদ তর্কবাগীশ খ. নূরুল আমিন
গ. ইয়াহিয়া খান ঘ. মোহাম্মদ আলী জিন্নাহ

২০. 'তোমার আব্বাকে আমি একটু আব্বা বলি।' এ কথা কে বলেছে?
ক. হাচু খ. কামাল
গ. নাসের ঘ. রাসেল

২১. 'বায়ান্নর দিনগুলো' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কী ধরনের রচনা?
ক. আত্মজৈবনিক কাহিনি খ. ভ্রমণ সাহিত্য
গ. সামাজিক উপন্যাস ঘ. ঐতিহাসিক নাটক

২২. কারা বাঙালিদের মুখের ভাষা কেড়ে নিতে চাইছে?
ক. একটা বিশেষ গোষ্ঠী খ. পূর্ব পাকিস্তানিরা
গ. পশ্চিম পাকিস্তানিরা ঘ. ভারতীয় কিছু জনগোষ্ঠী

২৩. 'বায়ান্নর দিনগুলো' রচনাটিতে ফুটে উঠেছে–
ক. পাকিস্তান সরকারের অপশাসন খ. পাকিস্তানিদের অত্যাচার
গ. বাঙালির অধিকার হরণের চেষ্টা ঘ. সবগুলো

২৪. 'বেলুচিস্তান' কোথায়?
ক. ভারতে খ. মায়ানমার গ. পাকিস্তানে ঘ. মালদ্বীপে

২৫. ভাষার ব্যাপারে কোনো কোনো মওলানা কী জারি করেছিলেন?
ক. আইন খ. ধনুকবাণ
গ. ফতোয়া ঘ. সমন

২৬. 'বায়ান্নর দিনগুলো' রচনায় কোন নামটির উল্লেখ নেই?
ক. আমির হোসেন খ. মহিউদ্দিন
গ. নাসের ঘ. শের-ই-বাংলা

২৭. ১৯৩৮-১৯৪৭ পর্যন্ত নিখিল ভারত মুসলিম লীগের কাউন্সিলর ছিলেন কে?
ক. শেখ মুজিবুর রহমান খ. আব্দুর রশীদ
গ. খয়রাত হোসেন ঘ. খান সাহেব ওসমান আলী

২৮. 'আপকা তবিয়ৎ ভালো হ্যায়?' কথাটির অর্থ কী?
ক. আপনার খবর ভালো তো? খ. আপনার শরীর ভালো তো?
গ. আপনার মন ভালো তো? ঘ. আপনার ভালো লাগছে তো?

২৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জেলখানায় অনশন ধর্মঘট করেছিলেন কেন?
ক. মুক্তির জন্য খ. দেশের জন্য
গ. বিনা বিচারে আটকের প্রতিবাদে ঘ. মাতৃভাষার জন্য

৩০. বাঙালি জাতির কাছে খোন্দকার মোশতাক আহমদ নিন্দিত কেন?
ক. মুক্তিযুদ্ধে বিরোধিতা করায়
খ. ভাষা আন্দোলনে বিরোধিতা করায়
গ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যায় গোপন ষড়যন্ত্র, সমর্থন ও সহায়তার জ
ঘ. বাংলাদেশকে ধ্বংসে সমর্থনের জন্য

OMR

৩০. ক খ গ ঘ	২৯. ক খ গ ঘ	২৮. ক খ গ ঘ
২৭. ক খ গ ঘ	২৬. ক খ গ ঘ	২৫. ক খ গ ঘ
২৪. ক খ গ ঘ	২৩. ক খ গ ঘ	২২. ক খ গ ঘ
২১. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ	১৯. ক খ গ ঘ
১৮. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৬. ক খ গ ঘ
১৫. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ
১২. ক খ গ ঘ	১১. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ
০৯. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ	০৭. ক খ গ ঘ
০৬. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ
০৩. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০১. ক খ গ ঘ

Correct Answer

৩০.গ	২৯.গ	২৮.খ	২৭.গ	২৬.ঘ	২৫.গ	২৪.গ	২৩.ঘ	২২.ক	২১
২০.খ	১৯.ঘ	১৮.গ	১৭.খ	১৬.গ	১৫.খ	১৪.খ	১৩.খ	১২.ক	১১
১০.ক	০৯.ঘ	০৮.ক	০৭.ক	০৬.ঘ	০৫.ক	০৪.ক	০৩.খ	০২.গ	০১

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জাদুঘরে কেন যাব

আনিসুজ্জামান

পাশ্চাত্যদেশে জাদুঘরতত্ত্ব- মিউজিওলজি, মিউজিওগ্রাফি বা মিউজিয়াম স্টাডিজ- একটা স্বতন্ত্র বিদ্যায়তনিক বিষয় বা শৃঙ্খলা হিসেবে বিকশিত। আলেকজান্দ্রিয়ায় নাকি পৃথিবীর প্রথম জাদুঘর স্থাপিত হয়েছিল খ্রিষ্টপূর্ব তৃতীয় শতাব্দীতে বা তার কাছাকাছি সময়ে- ঠিক নির্দিষ্ট করে বলতে পারছি না, আমি তখন উপস্থিত ছিলাম না - কিন্তু এটুকু দ্বিধাহীনভাবে বলা যায় যে, সে সময়ে জাদুঘরতত্ত্ববিদ্‌দের কেউ তার ধারে কাছে ছিলেন না। কী প্রেরণা থেকে বিশেষজ্ঞ না হয়েও একজন মানুষ এমন একটা কাজ করেছিলেন এবং দর্শনার্থীরাই বা সেখানে কোন প্রত্যাশা নিয়ে যেতেন, তা আজ ভাববার বিষয়। পৃথিবীর এই প্রথম জাদুঘরে ছিল নিদর্শন -সংগ্রহশালা ও গ্রন্থাগার, ছিল উদ্ভিদউদ্যান ও উন্মুক্ত চিড়িয়াখানা, তবে এটা নাকি ছিল মুখ্যত দর্শন-চর্চার কেন্দ্র। এ থেকে আমাদের মনে দুটি ধারণা জন্মে : জাদুঘর গড়ে উঠেছিল প্রতিষ্ঠাতার রুচিমাফিক, আর তার দর্শকেরা সেখানে যেতেন নিজের নিজের অভিপ্রায় অনুযায়ী বিশেষ বিশেষ অংশে, হয়ত কেউ কেউ ঘুরে ফিরে সর্বক্ষেত্রেই উপস্থিত হতেন।

কালক্রমে প্রাচীন জিনিসপত্র সম্পর্কে আগ্রহ বাড়ছিল এবং সম্পন্ন ব্যক্তি বা পরিবারের উদ্‌যোগে তা সংগৃহীত হয়ে জাদুঘর গড়ার ভিত্তি রচনা করছিল। প্রাচ্যদেশেও এমন সংগ্রহের কথা অবিদিত ছিল না, তবে ইউরোপীয় রেনেসাঁসের পরে পাশ্চাত্যদেশে এ ধরনের প্রয়াস অনেক বৃদ্ধি পায়। এ রকম ব্যক্তিগত বা পারিবারিক জাদুঘরে কখনো কখনো জনসাধারণ সামান্য প্রবেশমূল্য দিয়ে ঢুকতে পারত বটে, তবে অধিকাংশ ক্ষেত্রেই তা সকলের জন্যে খোলা থাকত না। রাজ-রাজড়ারা বা সামন্ত প্রভুরা যেসব সংগ্রহশালা গড়ে তুলতেন, তাতে থাকতো ওইসব মহাশয়ের শক্তি, সম্পদ ও গৌরবের ঘোষণা। ষোল শতকের আগে যৌথ কিংবা নাগরিক সংস্থার উদ্‌যোগে জাদুঘর নির্মাণের চেষ্টা হয়নি। নবনির্মিত এসব জাদুঘরই জনসাধারণের জন্যে অবারিত হয় গণতন্ত্রের বিকাশের ফলে কিংবা বিপ্লবের সাফল্যে। ফরাসি বিপ্লবের পরে প্রজাতন্ত্রই সৃষ্টি করে ল্যুভ, উন্মোচিত হয় ভের্সাই প্রসাদের দ্বার। রুশ বিপ্লবের পরে লেনিনগ্রাদের রাজপ্রাসাদে গড়ে ওঠে হার্মিতিয়ে। টাওয়ার অফ লন্ডনের মতো ঐতিহাসিক প্রাসাদ এবং তার সংগ্রহ যে সর্বজনের চক্ষুগ্রাহ্য হলো, তা বিপ্লবের না হলেও ক্রমবর্ধমান গণতন্ত্রায়ণের ফলে। ব্যক্তিগত সংগ্রহের অধিকারীরাও একসময়ে তা জনসাধারণের কাছে উন্মুক্ত করার প্রেরণা বোধ করেন এবং কখনো কখনো এসব ব্যক্তিগত সংগ্রহের দায়িত্বভার রাষ্ট্র গ্রহণ করে তা সকলের গোচরীভূত করার ব্যবস্থা করে। সতেরো শতকে ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়ম গড়ে ওঠে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে- এখানকার অ্যাশমোলিয়ান মিউজিয়মের সৃষ্টি পিতাপুত্র দুই ট্রাডেসান্ট এবং অ্যাশমোল- এই তিনজনের সংগ্রহ দিয়ে। আঠারো শতকে রাষ্ট্রীয় প্রচেষ্টায় প্রতিষ্ঠিত হয় ব্রিটিশ মিউজিয়ম, তবে তার ভিত্তিও ছিল অপর তিনজনের সংগ্রহ স্যার হ্যানস স্লোন, স্যার রবার্ট কটন ও আর্ল অফ অক্সফোর্ড রবার্ট হার্লির। এসব কথা উল্লেখ করার একমাত্র কারণ এই যে, সামাজিক ও রাজনৈতিক অবস্থা এবং তার পরিবর্তন যে জাদুঘরের রূপকে বড় রকম প্রভাবান্বিত করে, সে-বিষয়টা তুলে ধরা। জাদুঘরে প্রবেশাধিকার না পেলে কিংবা নাগরিকদের জন্যে জাদুঘর গড়ে না উঠলে সেখানে যাওয়ার প্রশ্নই উঠত না, কেন যাব সে চিন্তা তো অনেক দূরের বিষয়। এই প্রসঙ্গে আরও একটা কথা বলা যেতে পারে; পুঁজিবাদের সমৃদ্ধি এবং বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশের ফলে উনিশ শতকে জাদুঘরের সংখ্যাবৃদ্ধি ঘটে, সাম্রাজ্যবাদী শক্তিগুলোও তাদের উপনিবেশে জাদুঘর প্রতিষ্ঠা করতে থাকে। তেমনি একদিকে শিল্পোন্নতি এবং অন্যদিকে উপনিবেশবাদের অবসানের ফলে বিশ শতকে জাদুঘর-স্থাপনার কাজটি দ্রুত এগিয়ে যায়, সদ্য স্বাধীন দেশগুলোও আত্মপরিচয়দানের প্রেরণায় নতুন নতুন জাদুঘর প্রতিষ্ঠায় প্রবৃত্ত হয়।

এই প্রসঙ্গে আমাদের আবার ফিরে আসতে হবে, তার আগে আর দুটি কথা বলি। একালে আলেকজান্দ্রিয়ার মতো মেলানো-মেশানো জাদুঘরের সবচেয়ে বড় দৃষ্টান্ত বোধ হয় ব্রিটিশ মিউজিয়ম। সেখানে বৃহৎ প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক সংগ্রহশালার সঙ্গে রয়েছে বিশাল গ্রন্থাগার; স্বতন্ত্রভাবে রয়েছে উদ্ভিদবিজ্ঞান ও জীববিদ্যার জাদুঘর; রয়েছে নানা বিষয়ে স্থায়ী প্রদর্শনী ও বক্তৃতার ব্যবস্থা। আর এসবের জন্যে প্রয়োজন হয়েছে প্রাসাদোপম অট্টালিকার। অভ্যাগতদের মধ্যে যিনি যেখানে যেতে চান, যা দেখতে চান ও জানতে জান, তিনি তা করতে পারেন। তবে এখনকার প্রবণতা হচ্ছে প্রাকৃতিক জগতের নিদর্শনের থেকে মানবসৃষ্ট নিদর্শন আলাদা করে রাখা, আর বিশেষ বিশেষ ক্ষেত্র নিয়ে ছোট-বড় জাদুঘর গড়ে তোলা। গত ত্রিশ বছরে ব্রিটেনে জাদুঘরের সংখ্যা দ্বিগুণ হয়েছে, যদিও ব্রিটিশ মিউজিয়মের তুল্য দ্বিতীয় কোনো জাদুঘর সে দেশে তৈরি হয়নি। জাদুঘরের বৈচিত্র্য আজ খুবই চোখে পড়ে- সে বৈচিত্র্য একদিকে যেমন সংগ্রহের বিষয়গত, তেমনি গঠনগত এবং অন্যদিকে শাসনগত। আজ ভিন্নভিন্ন বিষয়ের জাদুঘর গড়ে তোলার চেষ্টাই প্রবল : প্রত্নতত্ত্ব ও ইতিহাস, মানববিকাশ ও নৃতত্ত্ব, বিজ্ঞান ও প্রযুক্তি, স্থানীয় ইতিহাস ও সংস্কৃতি, সামরিক ইতিহাস, পরিবহণ ব্যবস্থা, বিমানযাত্রা, মহাকাশ ভ্রমণ, পরিবেশ, কৃষি, উদ্ভিদবিজ্ঞান, জীবতত্ত্ব, শিল্পকলা-তারও আবার নানান বিভাগ-উপবিভাগ। কোনো ব্যক্তিবিশেষের জীবন ও সাধনা সম্পর্কিত জাদুঘর বহু দেশে বহু কাল ধরে প্রতিষ্ঠিত হয়ে আসছে। মৎস্যাধার ও নক্ষত্রশালাও এখন জাদুঘর বলে বিবেচিত। জাদুঘর বলতে আজ আর ব্রিটিশ মিউজিয়ম, ল্যুভ বা হার্মিতিয়ের মতো বিশাল প্রাসাদ বোঝায় না। উন্মুক্ত জাদুঘর জিনিসটা এখন খুবই প্রচলিত। এমনকি, বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ভবনের একাংশে অবস্থিত হলেও জাদুঘরের গুরুত্ব হ্রাস পায় না। প্রশাসনের দিক দিয়ে স্বতন্ত্র শ্রেণির জাদুঘরের মধ্যে রয়েছে জাতীয় জাদুঘর, স্থানীয় বা আঞ্চলিক জাদুঘর, বিশ্ববিদ্যালয় জাদুঘর ও একান্ত বা ব্যক্তিগত উদ্‌যোগে গড়া জাদুঘর। আমাদের দেশ থেকে উদাহরণ নিলে বলব, এখানে যেমন আছে বাংলাদেশ জাতীয় জাদুঘর, তেমনি আছে চট্টগ্রামের জাতিতাত্ত্বিক জাদুঘর, ঢাকার নগর জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, বঙ্গবন্ধু জাদুঘর, বিজ্ঞান জাদুঘর ও সামরিক জাদুঘর, রাজশাহীর বরেন্দ্র মিউজিয়াম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর, ঢাকার বলধা গার্ডেন এবং বিভিন্ন প্রত্নতাত্ত্বিক খননের এলাকায় সাইট মিউজিয়ম। একজন কী দেখতে চান, তা স্থির করে কোথায় যাবেন, তা ঠিক করতে পারেন।

তবে জাদুঘরের একটা সাধারণ লক্ষণ হচ্ছে, যা চমকপ্রদ, যা অনন্য, যা লুপ্তপ্রায়, যা বিস্ময় উদ্রেককারী- এমন সব বস্তু সংগ্রহ করা। গড়পড়তা মানুষ তা দেখতে যায়, দেখে আপ্লুত হয়। এই প্রসঙ্গে আমার একটা অভিজ্ঞতার কথা বলি। ঢাকায় আমাদের জাতীয় জাদুঘরের প্রথম ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন তৎকালীন পূর্ব পাকিস্তানের গভর্নর আবদুল মোনায়েম খান। অনেক আমন্ত্রিতদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিতান্ত কনিষ্ঠ শিক্ষক আমিও ছিলাম। লক্ষ করলাম, শিক্ষামন্ত্রী তাঁর ভাষণ পড়তে গিয়ে মুদ্রিত 'জাদুঘর' শব্দের জায়গায় সর্বত্র 'মিউজিয়ম' পড়ছেন। চা খাওয়ার সময়ে আমাদের শিক্ষকপ্রতিম অর্থমন্ত্রী ড. এম. এন. হুদা আমাকে ডাকলেন। কাছে যেতে বললেন, 'গভর্নর' সাহেবের একটা প্রশ্ন আছে, উত্তর দাও। গভর্নর জিজ্ঞাসা করলেন, মিউজিয়মকে আপনারা জাদুঘর বলেন কেন? একটু হকচকিয়ে গিয়ে বললাম, 'স্যার, জাদুঘরই মিউজিয়মের বাংলা প্রতিশব্দ।' গভর্নর এবার রাগতস্বরে বললেন, 'মিউজিয়মে যে আল্লাহর কালাম রাখা আছে, তা কি জাদু? আল্লাহর কালাম বলতে তাঁর মনে বোধ হয় ছিল, চমৎকার তুঘরা হরফে লেখা নুসরত শাহের আশরাফপুর শিলালিপি- ষোল শতকে এক মসজিদ প্রতিষ্ঠার বৃত্তান্ত সংবলিত প্রস্তরখণ্ড- সেটা রাখা হয়েছিল সকলের চোখে পড়ার মতো জায়গায়। যাহোক, গভর্নরের প্রশ্নের জবাবে আমি বললাম, 'স্যার, ওই অর্থে জাদু নয়, বিস্ময় জাগায় বলে জাদু-মা যেমন সন্তানকে বলে, ওরে আমার জাদু রে।' ব্যাখ্যার পরের অংশটা যথার্থ কিনা, সে বিষয়ে এখন সন্দেহ হয়, তবে আমার বাক্য শেষ করার আগেই গভর্নর হুংকার দিলেন, 'না, জাদুঘর বলা চলবে না, মিউজিয়ম বলতে হবে, বাংলায়ও আপনারা মিউজিয়মই বলবেন। তর্ক করা বৃথা- হুকুম শিরোধার্য করে আমি চ্যান্সেলরের সামনে থেকে পালিয়ে এলাম। যঃ পলায়েতে স জীবতি।

আরও একটা প্রবাদ আছে, চোর পালালে বুদ্ধি বাড়ে। আমারও তাই হলো। গভর্নরের সামনে থেকে চলে আসার পর মনে হলো, তাঁকে বললাম না কেন, জাদু শব্দটা ফারসি, তাতে হয়ত তিনি কিছুটা স্বস্তি পেতেন। আপনারা অনেকেই জানেন, জাদুঘর পুরোটাই ফারসি, তবে জাদুঘরের ঘরটা বাংলা। উর্দুতে জাদুঘরকে বলে আজবখানা, হিন্দিতে অজায়েব-ঘর। খানা ফারসি; আজব, আজিব, আজায়েব আরবি। জাদু ও আজব শব্দে দ্যোতনা আছে দুরকম : একদিকে কুহক, ইন্দ্রজাল, ভেলকি; অন্যদিকে চমৎকার, মনোহর, কৌতূহলোদ্দীপক। 'আমার ছেলেকে সোজা পেয়ে মেয়েটা জাদু করেছে' আর 'কী জাদু বাংলা গানে! -দু রকম দ্যোতনা প্রকাশ করে।

বয়সের দোষে এক কথা থেকে অন্য কথায় চলে যাচ্ছি। মোনায়েম খান যে সেদিন রাগ করেছিলেন এবং জাদুঘরের অন্য অনেক কিছু থাকা সত্ত্বেও যে তিনি আল্লাহর কালামের কথা বিশেষভাবে উল্লেখ করেছিলেন, এখন মনে হয়, তার একটা তাৎপর্য ছিল। তিনি দ্বিজাতিতত্ত্বে বিশ্বাসী ছিলেন, তাই জাদুঘরে সংরক্ষিত মুসলিম ঐতিহ্যমূলক নিদর্শন তাঁকে আকর্ষণ করেছিল এবং বাংলায় হিন্দু-মুসলমান-নির্বিশেষে জাদুঘরকে যেহেতু 'জাদুঘর' বলে, তাই তিনি সেটা বর্জন করে 'মিউজিয়ম' শব্দটি বাংলায় ব্যবহার করতে চেয়েছিলেন মুসলমানদের স্বতন্ত্র প্রয়োগ হিসেবে। জাদুঘরকে যদি তিনি আত্মপরিচয়লাভের ক্ষেত্র হিসেবে দেখে থাকেন, তাহলে মোটেই ভুল করেননি। অল্প বয়সে আমি যখন প্রথম ঢাকা জাদুঘরে যাই, তখন আমিও একধরনের আত্মপরিচয়ের সূত্র সেখানে খুঁজে পাই-অতটা সচেতনভাবে না হলেও। বাংলা স্থাপত্য ও ভাস্কর্যের প্রাচীন নিদর্শনের সঙ্গে সেই আমার প্রথম পরিচয় ঘটে। স্থাপত্যের নিদর্শন বলতে প্রধানত ছিল কাঠের ও পাথরের স্তম্ভ, আর ভাস্কর্য ছিল অজস্র ও নানা উপকরণে তৈরি। বঙ্গদেশে অত যে বৌদ্ধ মূর্তি আছে, সে সম্পর্কে আমার কোনো ধারণা ছিল না; পৌরাণিক-লৌকিক অত যে দেবদেবী আছে, তাও জানতাম না। মুদ্রা এবং অস্ত্রশস্ত্র দেখে বাংলায় মুসলিম-শাসন সম্পর্কে কিছু ধারণা হয়েছিল- ঈসা খাঁর কামানের গায়ে বাংলা লেখা দেখে মুগ্ধ হয়েছিলাম। পোড়ামাটির কাজও ছিল কত বিচিত্র ও সুন্দর! জাদুঘরের বাইরে তখন রক্ষিত ছিল নীল জাল দেওয়ার মস্ত বড় কড়াই। নীল-আন্দোলনের ইতিহাস কিছুটা জানতাম। কড়াইয়ের বিশালত্ব চিত্তে সম্ভ্রম জাগাবার

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

মতো, কিন্তু তার সঙ্গে যে অনেক দীর্ঘশ্বাস ও অশ্রুবিন্দু জড়িত, সেটা মনে পড়তে ভুল হয়নি। ঢাকা জাদুঘরে যা দেখেছিলাম, তার কথা বলতে গেলে পরে দেখা নিদর্শনের সঙ্গে জড়িয়ে যেতে পারে-কিন্তু বঙ্গের হাজার বছরের পুরোনো ইতিহাস ও সমৃদ্ধ সংস্কৃতির যে নমুনা সেখানে ছিল তা থেকে আমি বাঙালির আত্মপরিচয় লাভ করেছি। পরে তা শক্তিশালী হয়েছে কলকাতা জাদুঘর ও ভিক্টোরিয়া মেমোরিয়াল দেখে।

পরবর্তীকালে পৃথিবীর বহু জাদুঘরে আত্মপরিচয়জ্ঞাপনের এই চেষ্টা, নিজেদের সাংস্কৃতিক ঐতিহ্যকে ধরে রাখার যত্নকৃত প্রয়াস দেখেছি। আলেকজান্দ্রিয়ার গ্রেকো-রোমান-মিউজিয়মে ও কায়রো মিউজিয়মে যেমন মিশরের পুরোনো ইতিহাস ধরে রাখা হয়েছে, সিয়াটলে ও নর্থ ক্যারোলাইনার পূর্ব প্রান্তে দেখেছি আমেরিকার আদিবাসীদের নানাবিধ অর্জনের নিদর্শন এবং ইউরোপীয় বসতিস্থাপনকারীদের প্রথম আগমনকালীন স্মৃতিচিহ্ন। ব্রিটিশ মিউজিয়ম এবং টাওয়ার অফ লন্ডনে ইংল্যান্ডের ইতিহাসের অনেকখানি ধরা আছে। কুয়েতের জাদুঘরে আমার ছেলেবেলায় দেখা ব্রিটিশ ভারতীয় মুদ্রার সযত্ন স্থান দেখে চমৎকৃত হয়েছি; বুঝেছি, তাদের আত্মানুসন্ধান শুরু হয়েছে, কিন্তু দূর ইতিহাসের পাথুরে প্রমাণ হাতে আসেনি। এতে কোনো সন্দেহ নেই যে, জাদুঘরের একটা প্রধান কাজ হলো সাংস্কৃতিক ঐতিহ্যের সংরক্ষণ এবং জাতিকে আত্মপরিচয়দানের সূত্র জানানো। জাদুঘরে আমাদের যাওয়ার এটা একটা কারণ। সে আত্মপরিচয়লাভ অনেক সময়ে সামাজিক, রাজনৈতিক বা রাষ্ট্রিক পরিবর্তনেরও সূচনা করে।

টাওয়ার অফ লন্ডনে সকলে ভিড় করে কোহিনুর দেখতে। আমিও তা দেখতে গিয়েছিলাম। তখন আমার আরেকটা কথা মনে হয়েছিল। জাদুঘর হৃত সাংস্কৃতিক উত্তরাধিকারের জায়গা বটে, তবে তা সবসময়ে নিজের জিনিস হবে, এমন কথা নেই। অন্যের ঐতিহ্যিক উত্তরাধিকার হরণ করে এনেও সাম্রাজ্যবাদী শক্তি নিজেদের জাদুঘর সাজাতে কুণ্ঠিত বোধ করে না।

তবে একটা কথা স্বীকার করতেই হবে। ব্রিটিশ মিউজিয়মে নানা দেশের নানা নিদর্শন সংগৃহীত হয়েছে। কী উপায়ে সংগৃহীত হয়েছে, সেকথা আপাতত মুলতবি রাখলাম। কিন্তু এসব দেখে অভিন্ন মানবসত্তার সন্ধান পাওয়া যায়। মনে হয়, এত দেশে এত কালে মানুষ যা কিছু করেছে, তার সবকিছুর মধ্যে আমি আছি।

জাতীয় জাদুঘর একটা জাতিসত্তার পরিচয় বহন করে। যে সেখানে যায়, সে তার নিজের ও জাতির স্বরূপ উপলব্ধি করতে পারে, সংস্কৃতির সন্ধান পায়, আত্মবিকাশের প্রেরণা লাভ করে। এই যে শত সহস্র বছর আগের সব জিনিস-যা হয়ত একদিন ব্যক্তির বা পরিবারের কুক্ষিগত ছিল-তাকে যে নিজের বলে ভাবতে পারি, তা কি কম কথা? আবার অন্য জাতির অনুরূপ কীর্তির সঙ্গে যখন আমি একাত্মতা অনুভব করি, তখন আমার উত্তরণ হয় বৃহত্তর মানবসমাজে।

জাদুঘর আমাদের জ্ঞান দান করে, আমাদের শক্তি জোগায়, আমাদের চেতনা জাগ্রত করে, আমাদের মনোজগৎকে সমৃদ্ধ করে। জাদুঘর একটা শক্তিশালী সামাজিক সংগঠন। সমাজের এক স্তরে সঞ্চিত জ্ঞান তা ছড়িয়ে দেয় জনসমাজের সাধারণ স্তরে। গণতন্ত্রায়ণের পথও প্রশস্ত হয় এভাবে। জাদুঘর শুধু জ্ঞানই ছড়িয়ে দেয় না, অলক্ষ্যে ছড়িয়ে দেয় ভাবাদর্শ। কাজেই এ কথা বলা যেতে পারে যে, জাদুঘর যেমন সামাজিক ও রাষ্ট্রীয় ভাবনার সৃষ্টি, তেমনি তা সামাজিক ও রাষ্ট্রীয় পরিবর্তনেরও কারণ ঘটাতে পারে।

আরও একটা সোজা ব্যাপার আছে। জাদুঘর আমাদের আনন্দ দেয়। মানুষের অনন্ত উদ্ভাবনৈপুণ্যে, তার নিরলস সৃষ্টিক্ষমতা, তার তন্নিষ্ঠ সৌন্দর্যসাধনা, তার নিজেকে বারংবার অতিক্রম করার প্রয়াস -এসবের সঙ্গে পরিচয় হয়ে আমরা অশেষ উল্লসিত হই।

এতকিছুর পরেও যদি কেউ প্রশ্ন করেন, 'জাদুঘরে কেন যাবে?' সূক্ষ্ম কৌতুক সঞ্চার করে প্রাবন্ধিক পরিশেষে লিখেছেন যে, তাহলে তার একমাত্র উত্তর বোধ হয় এই : 'কে বলছে আপনাকে যেতে?'

শব্দার্থ ও টীকা

মিউজিয়াম স্টাডিজ	জাদুঘর বা প্রদর্শনশালা সংক্রান্ত বিদ্যা।
গোচরীভূত	অবগত। পরিজ্ঞাত।
অবিদিত	জানা নেই এমন। অজানা। অজ্ঞাত।
অ্যাশমল	ইংরেজ পুরাকীর্তি সংগ্রাহক। জন্ম ১৬১৭; মৃত্যু ১৬৯২। তিনি রসায়ন ও পুরাকীর্তি বিষয়ে কয়েকটি বই লিখেছেন। তাঁর সংগ্রহগুলি দিয়েই প্রতিষ্ঠিত হয়েছে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অ্যাশমোলিয়ান মিউজিয়ম।
প্রত্নতত্ত্ব	এই বিদ্যায় প্রাচীন মুদ্রা, পুরাকীর্তি ইত্যাদি নিয়ে গবেষণা করে প্রাচীন ইতিহাস আবিষ্কার করা হয়। পুরাতত্ত্ব। archaeology।
নৃতত্ত্ব	মানব জাতির উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কিত বিজ্ঞান। নৃবিদ্যা। anthropology।
মৎস্যাধার	মাছ পালনের কাচের আধার। মাছের চৌবাচ্চা। জলজ প্রাণী বা উদ্ভিদ সংরক্ষণের কৃত্রিম জলাধার। aquarium।
ল্যুভ	Louvre Museum। ফ্রান্সের জাতীয় জাদুঘর ও আর্ট গ্যালারি। প্যারিসে অবস্থিত এই জাদুঘর প্রতিষ্ঠিত হয় ১৫৪৬ খ্রিস্টাব্দে। এই জাদুঘরের চিত্রশিল্পের সংগ্রহ বিশ্বের অন্যতম সমৃদ্ধ হিসেবে বিবেচিত।
হার্মিটেজ	সন্ন্যাসীর নির্জন আশ্রম। মঠ। hermitage।
মুক্তিযুদ্ধ যাদুঘর	বাংলাদেশের মুক্তিযুদ্ধ বিষয়ক প্রথম জাদুঘর। মুক্তিযুদ্ধের নিদর্শন ও স্মারক সংরক্ষণ ও প্রদর্শনের জন্যে এই জাদুঘর বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত। মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস সবার সামনে তুলে ধরার কাজেই জাদুঘর অনন্য অবদান রেখে আসছে।
বঙ্গবন্ধু জাদুঘর	এই জাদুঘর ঢাকার ধানমণ্ডি আবাসিক এলাকায় অবস্থিত। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিবিজড়িত বাসভবনকে ১৯৯৭ সালে জাদুঘরে রূপান্তরিত করা হয়। এই জাদুঘরে বঙ্গবন্ধুর জীবনের বিভিন্ন পর্যায়ের অনেক দুর্লভ ছবি, তাঁর জীবনের শেষ সময়ের কিছু স্মৃতিচিহ্ন এবং তাঁর ব্যবহৃত বিভিন্ন সামগ্রী প্রদর্শনের জন্যে রাখা হয়েছে।
বলধা গার্ডেন	ঢাকা মহানগরের ওয়ারীতে এর অবস্থান। এটি একাধারে উদ্ভিদ উদ্যান ও জাদুঘর। ভাওয়ালের জমিদার নরেন্দ্র নারায়ণ চৌধুরী ১৯০৯ সালে এটি প্রতিষ্ঠা করেন। এই জাদুঘরের অনেক নিদর্শন বাংলাদেশ জাতীয় জাদুঘরে স্থানান্তরিত করা হয়েছে। বলধা গার্ডেনে দেশি-বিদেশি অনেক প্রজাতির গাছপালার আকর্ষণীয় সংগ্রহ রয়েছে।
দ্বিজাতি তত্ত্ব	ভারত ও পাকিস্থান নামে দুটি রাষ্ট্র গঠনের লক্ষ্যে ভারতকে ধর্মীয় প্রাধান্যের ভিত্তিকে দুটি স্বাধীন রাষ্ট্রে বিভক্ত করার রাজনৈতিক মতবাদ। বিশ শতকের চল্লিশের দশকে এ ধারণার উদ্গাতা তদানীন্তন মুসলিম লীগ নেতা মুহম্মদ আলী জিন্নাহ।
স্থাপত্য	ভবন প্রাসাদ ইত্যাদি স্থাপনের কাজ বা এ সংক্রান্ত কলাকৌশল বা বিজ্ঞান। architecture।
ভাস্কর্য	ধাতু বা পাথর ইত্যাদি খোদাইয়ের শিল্প। মূর্তিনির্মাণ কলা। Sculpture।
কায়রো মিউজিয়ম	মিসরের কায়রোতে অবস্থিত এই জাদুঘর মিসরীয় জাদুঘর নামেও পরিচিত। এটি ১৮৩৫ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়। এতে প্রায় এক লক্ষ বিশ হাজার প্রদর্শন সামগ্রী রয়েছে।
আলেকজান্দ্রিয়া	উত্তর মিসরের প্রধান সমুদ্রবন্দর ও সুপ্রাচীন নগর। খ্রিষ্টপূর্ব ৩৩২ অব্দে আলেকজান্ডার দি গ্রেট এই নগর পত্তন করেন। এটি ছিল আলেকজান্ডার যুগের গ্রিক সভ্যতার কেন্দ্র। এখানে বিশ্বের প্রাচীন গ্রন্থাগার (পরে ধ্বংসপ্রাপ্ত) ছিল।
ইউরোপীয় রেনেসাঁস	খ্রিষ্টীয় চৌদ্দো থেকে ষোলো শতক ধরে ইউরোপে শিল্প-সাহিত্য, জ্ঞানচর্চা ও চিন্তা-চেতনার ক্ষেত্রে নবজাগরণের মাধ্যমে মধ্যযুগ থেকে আধুনিক যুগে উত্তরণই ইউরোপীয় রেনেসাঁস।
ফরাসি বিপ্লব	ইউরোপের প্রথম বুর্জোয়া বিপ্লব। ১৭৮৯ সালের ১৪ই জুলাই ফরাসি জনগণ সেখানকার কুখ্যাত বাস্তিল দুর্গ ও কারাগার দখল করে নেয় এবং সমস্ত বন্দিকে মুক্তি দেয়। এর মাধ্যমে এই বিপ্লবের সূচনা হয়। এই বিপ্লবে নেতৃত্ব দেয় ধনিক শ্রেণি আর অত্যাচারিত কৃষকরা ছিল তাদের সহযোগী। বিপ্লবের মূল বাণী ছিল 'মুক্তি, সাম্য, ভ্রাতৃত্ব ও সম্পত্তির পবিত্র অধিকার। এই বিপ্লবের ফলে সামন্তবাদের উৎপাটন হয়।
রুশ বিপ্লব	১৯১৭ সালে ৭ই নভেম্বর বিপ্লবী নেতা লেনিনের নেতৃত্বে রাশিয়ার সর্বহারার দল বলশেভিক পার্টি সেখানকার জারতন্ত্রকে হাটিয়ে রাষ্ট্রক্ষমতা দখল করে। এই বিপ্লবের মাধ্যমে রাশিয়ায় সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হয় সমস্ত সম্পত্তি ও উৎপাদনের উপায়ের মালিক হয় জনগণ তথা রাষ্ট্র।
টাওয়ার অব লন্ডন	লন্ডনের টেমস নদীর উত্তর তীরবর্তী রাজকীয় দুর্গ। এর মূল অংশ রয়েছে সাদা পাথরের গম্বুজ। এটি নির্মিত হয় ১০৭৮ খ্রিস্টাব্দে। এক সময় দুর্গটি রাজকীয় ভবন ও রাষ্ট্রীয় কারাগার হিসেবে ব্যবহৃত হতো। বর্তমানে অস্ত্রশালা ও জাদুঘর হিসেবে ব্যবহৃত।
ব্রিটিশ মিউজিয়ম	প্রত্নতত্ত্ব ও পুরাকীর্তি সংক্রান্ত এই জাদুঘর ব্রিটেনের জাতীয় জাদুঘর। প্রতিষ্ঠাকাল ১৭৫৩। সে সময়ে ব্রিটিশ সরকার স্যার হ্যানস স্লোন, স্যার রবার্ট কটন, আর্ল অব অক্সফোর্ড রবার্ট হার্লি এই তিনজন সংগ্রাহকের বই, পাণ্ডুলিপি, মুদ্রা, পুরাকীর্তি ইত্যাদির বিশাল ব্যক্তিগত সংগ্রহ ক্রয় করে এই জাদুঘর গড়ে তোলে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়	যুক্তরাজ্যের প্রাচীনতম বিশ্ববিদ্যালয়। এটি প্রতিষ্ঠিত হয় বারো শতকের প্রথম দিকে। শিল্পকলা ও প্রত্নতত্ত্ব সংক্রান্ত জাদুঘর অ্যাশমোলিয়ান মিউজিয়ম এই বিশ্ববিদ্যালয়েরই অঙ্গ-প্রতিষ্ঠান।
কলকাতা জাদুঘর	এটি ইন্ডিয়ান মিউজিয়াম বা ভারতীয় জাদুঘর নামেও সমধিক পরিচিত। কলকাতার পার্ক স্ট্রিটে অবস্থিত এই জাদুঘর প্রতিষ্ঠিত হয় ১৮১৪ সালে। এটিই ভারতীয় উপমহাদেশের সবচেয়ে প্রাচীন জাদুঘর।
বরেন্দ্র জাদুঘর	প্রাতিষ্ঠানিক নাম বরেন্দ্র গবেষণা জাদুঘর। ১৯১০ সালে প্রতিষ্ঠিত ও রাজশাহীতে অবস্থিত। এ জাদুঘর বাংলাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ জাদুঘর। এখানে ভাস্কর্য, খোদিত লিপি, পাণ্ডুলিপি ও প্রাচীন মুদ্রার মূল্যবান সংগ্রহ রয়েছে। বাংলার প্রাচীন ও মধ্যযুগের ইতিহাস, শিল্পকলা ও প্রত্নতত্ত্ব ইত্যাদি সম্পর্কে গবেষণায় এগুলো আকর-উপাদান হিসেবে গণ্য।
বিজ্ঞান জাদুঘর	ঢাকায় অবস্থিত এই জাদুঘরের প্রাতিষ্ঠানিক নাম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর। ১৯৬৫ সালে এটি প্রতিষ্ঠিত হয়। এতে ভৌতবিজ্ঞান, শিল্পপ্রযুক্তি, তথ্যপ্রযুক্তি, মজার বিজ্ঞান, ইত্যাদি গ্যালারি ছাড়াও সায়েন্স পার্ক, আকাশ পর্যবেক্ষণ কেন্দ্র, বিজ্ঞান গ্রন্থাগার ইত্যাদি রয়েছে। এই জাদুঘর তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনামূলক কাজে প্রণোদনা দিয়ে থাকে।
সামরিক জাদুঘর	১৯৮৭ সালে মিরপুর সেনানিবাসের প্রবেশদ্বারে এই জাদুঘর প্রতিষ্ঠিত হয়। পরে শহরের কেন্দ্রস্থল বিজয় সরণিতে এটি স্থানান্তরিত হয়। প্রাচীন যুগের সমরাস্ত্র, ট্যাংক, ক্রুজারসহ নানা ধরনের আধুনিক যুদ্ধাস্ত্র, আঠারো শতক থেকে এ পর্যন্ত ব্যবহৃত বিভিন্ন ধরনের কামান, মুক্তিযুদ্ধের ইতিহাসের বিভিন্ন স্মারক ইত্যাদি দেখার সুযোগ এ জাদুঘরের রয়েছে।
জাতিতাত্ত্বিক জাদুঘর	এই জাদুঘর বাংলাদেশের অনন্য জাদুঘর। চট্টগ্রাম নগরের আগ্রাবাদে অবস্থিত এই জাদুঘরে বাংলাদেশের পঁচিশটি ক্ষুদ্র নৃগোষ্ঠীসহ বিদেশি পাঁচটি দেশের জাতিতাত্ত্বিক বৈশিষ্ট্যের নিদর্শন প্রদর্শনের জন্য রয়েছে।
ঢাকা নগর জাদুঘর	ঢাকা সিটি কর্পোরেশন পরিচালিত এই জাদুঘর নগর ভবনে অবস্থিত। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৮৭ খ্রিস্টাব্দে। এর লক্ষ্য ঢাকা নগরের ঐতিহাসিক নিদর্শন সংগ্রহ ও সংরক্ষণ। এই জাদুঘর ঢাকা সংক্রান্ত বেশকিছু বই প্রকাশ করেছে।
অ্যাশমোলিয়ান মিউজিয়ম	ইংরেজ পুরাকীর্তি সংগ্রাহক অ্যাশমলের সংগ্রহ নিয়ে প্রতিষ্ঠিত জাদুঘর। এই সংগ্রহশালার প্রাচীন ভবন গড়ে ওঠে ১৬৭৯-১৬৮৩ কালপর্বে। বর্তমানে অ্যাশমোলিয়ান মিউজিয়ম প্রতিষ্ঠিত হয় ১৮৯৭ সালে।
বাংলাদেশ জাতীয় জাদুঘর	বাংলাদেশের সবচেয়ে বড় জাদুঘর। এ দেশের ইতিহাস, প্রত্নতত্ত্ব, নৃতত্ত্ব, শিল্পকলা ও প্রাকৃতিক ইতিহাসের নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণার কাজে এটি নিয়োজিত। ১৯১৩ খ্রিস্টাব্দে ঢাকা জাদুঘর হিসেবে এর যাত্রা শুরু হয়। বর্তমানে ঢাকা মহানগরের শাহবাগে এর অবস্থান।
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ কর্তৃক হস্তান্তরিত ছোট সংগ্রহ নিয়ে ১৯৭৩ সালে এই জাদুঘরের যাত্রা শুরু। এই জাদুঘরে রয়েছে টার্শিয়ারি যুগের মাছের জীবাশ্ম, বাংলাদেশের বিভিন্ন প্রত্নক্ষেত্রের উৎখননকৃত শিল্পবস্তু, প্রাচীন ও মধ্যযুগের মুদ্রা, শিলালিপি, ভাস্কর্য, অস্ত্রশস্ত্র, লোকশিল্প ইত্যাদি নিদর্শন ও মুক্তিযুদ্ধের কিছু দলিলপত্র। এছাড়া একাডেমিক প্রদর্শনী সেমিনার ও প্রকাশনার ক্ষেত্রে এ জাদুঘর সক্রিয় ভূমিকা রেখে যাচ্ছে।
ভিক্টোরিয়া মেমোরিয়াল	প্রাতিষ্ঠানিক নাম ভিক্টোরিয়া মেমোরিয়াল হল। রানি ভিক্টোরিয়ার নামাঙ্কিত স্মৃতিসৌধ। কলকাতা ময়দানের দক্ষিণ কোণে অবস্থিত সুরম্য শ্বেতপাথরে নির্মিত এই স্মৃতিসৌধ অপূর্ব স্থাপত্যশৈলীর নিদর্শন।
গ্রেকো রোমান মিউজিয়ম	মিসরের আলেকজান্দ্রিয়ায় অবস্থিত এই জাদুঘর প্রতিষ্ঠিত হয় ১৮৯২ খ্রিস্টাব্দে। এতে খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকের পুরানিদর্শনসহ প্রাচীন গ্রিক-রোমান সভ্যতার অনেক নিদর্শন সংরক্ষিত আছে।

লেখক পরিচিতি

নাম	ড. আনিসুজ্জামান
জন্ম পরিচয়	জন্ম : ১৮ ফেব্রুয়ারি ১৯৩৭, কলকাতা।
পিতা-মাতা	পিতা : ডা. এ.টি.এম. মোয়াজ্জেম, মাতা : সৈয়দা খাতুন
শিক্ষাজীবন	মাধ্যমিক : প্রবেশিকা, প্রিয়নাথ স্কুল, ঢাকা, ১৯৫১ সাল। উচ্চ মাধ্যমিক : আইএ, জগন্নাথ কলেজ, ঢাকা, ১৯৫৩ সাল। উচ্চতর : বিএ (অনার্স), এমএ (বাংলা), ঢাকা বিশ্ববিদ্যালয়; পিএইচডি, ঢাকা বিশ্ববিদ্যালয়। বিদেশে উচ্চতর শিক্ষা : শিকাগো ও লন্ডন বিশ্ববিদ্যালয়।
কর্মজীবন/পেশা	অধ্যাপক : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক।
বিশেষ কৃতিত্ব	উচ্চমানের গবেষণা ও সাবলীল গদ্য রচনার জন্য খ্যাতি অর্জন।
পদক ও পুরস্কার	সাহিত্য ও গবেষণায় কৃতিত্বের জন্য তিনি 'একুশে পদক', 'বাংলা একাডেমি পুরস্কার', 'আলাওল সাহিত্য পুরস্কার', কলকাতার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সাম্মানিক ডি.লিট ও ভারত সরকার প্রদত্ত 'পদ্মভূষণ' সম্মাননা পান। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ২০১৮ সালে জগত্তারিণী স্বর্ণপদকে ভূষিত হয়েছেন।
সাহিত্যকর্ম	
গবেষণা ও প্রবন্ধগ্রন্থ	'মুসলিম মানস ও বাংলা সাহিত্য', 'মুসলিম বাংলার সাময়িক পত্র', 'স্বরূপের সন্ধানে', 'আঠারো শতকের চিঠি', 'পুরনো বাংলা গদ্য', 'বাঙালি নারী : সাহিত্যে ও সমাজে', 'বাঙালি সংস্কৃতি ও অন্যান্য', 'ইহজাগতিকতা ও অন্যান্য', 'সংস্কৃতি ও সংস্কৃতি সাধক', 'চেনা মানুষের মুখ' 'আমার একাত্তর', 'কাল নিরবধি', 'বিপুলা পৃথিবী' ইত্যাদি।

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- উচ্চমানের গবেষণা ও সাবলীল গদ্য রচনায় খ্যাতি অর্জন করেছেন– ড. আনিসুজ্জামান।
- ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধসহ স্বাধীন বাংলাদেশের প্রায় প্রতিটি আন্দোলন ও সংগ্রামে নিবিড়ভাবে যুক্ত ছিলন– ড. আনিসুজ্জামান।
- ৮০তম জন্মদিন উপলক্ষে তাঁর জীবন ও কর্ম নিয়ে নির্মিত তথ্যচিত্র– বাতিঘর।
- 'বাতিঘর' তথ্যচিত্রটির নির্মাতা– মাসুদ করিম।
- তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে 'জগত্তারিণী' পদক লাভ করেন– ২০১৮ সালে।
- তাঁর উল্লেখযোগ্য গবেষণা গ্রন্থ– স্বরূপের সন্ধানে।

'জাদুঘরে কেন যাব' প্রবন্ধ সম্পর্কিত তথ্যাবলি

- **উৎস :** এই রচনাটি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘরের রজতজয়ন্তী উপলক্ষে শামসুল হোসাইনের সম্পাদনায় প্রকাশিত স্মারক পুস্তিকা 'ঐতিহ্যায়ন' (২০০৩) থেকে সংকলিত হয়েছে।
- **প্রথম লাইন-** পাশ্চাত্যদেশে জাদুঘরতত্ত্ব- মিউজিওলজি, মিউজিওগ্রাফি বা মিউজিয়াম স্টাডিজ– একটা স্বতন্ত্র বিদ্যায়তনিক বিষয় বা শৃঙ্খলা হিসেবে বিকশিত।
- **শেষ লাইন-** সূক্ষ্ম কৌতুক সঞ্চার করে প্রাবন্ধিক পরিশেষে লিখেছেন যে, তাহলে তার একমাত্র উত্তর বোধ হয় এই : 'কে বলছে আপনাকে যেতে?'
- **ভাষারীতি :** চলিতরীতি।

গুরুত্বপূর্ণ লাইন

- পাশ্চাত্যদেশে জাদুঘরতত্ত্ব- মিউজিওলজি, মিউজিওগ্রাফি বা মিউজিয়াম স্টাডিজ একটা স্বতন্ত্র বিদ্যায়তনিক বিষয় বা শৃঙ্খলা হিসেবে বিকশিত।
- আলেকজান্দ্রিয়ায় নাকি পৃথিবীর প্রথম জাদুঘর স্থাপিত হয়েছিল খ্রিষ্টপূর্ব তৃতীয় শতাব্দীতে বা তার কাছাকাছি সময়ে- ঠিক নির্দিষ্ট করে বলতে পারছি না, আমি তখন উপস্থিত ছিলাম না
- রাজ-রাজড়ারা বা সামন্ত প্রভুরা যেসব সংগ্রহশালা গড়ে তুলতেন, তাতে থাকতো ওইসব মহাশয়ের শক্তি, সম্পদ ও গৌরবের ঘোষণা।
- ষোল শতকের আগে যৌথ কিংবা নাগরিক সংস্থার উদ্‌যোগে জাদুঘর নির্মাণের চেষ্টা হয়নি।
- ফরাসি বিপ্লবের পরে প্রজাতন্ত্রই সৃষ্টি করে ল্যুভ, উন্মোচিত হয় ভের্সাই প্রাসাদের দ্বার।
- রুশ বিপ্লবের পরে লেনিনগ্রাদের রাজপ্রাসাদে গড়ে ওঠে হার্মিতিয়ে।
- টাওয়ার অফ লন্ডনের মতো ঐতিহাসিক প্রাসাদ এবং তার সংগ্রহ যে সর্বজনের চক্ষুগ্রাহ্য হলো, তা বিপ্লবের না হলেও ক্রমবর্ধমান গণতন্ত্রায়ণের ফলে।
- সতেরো শতকে ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়ম গড়ে ওঠে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে এখানকার অ্যাশমোলিয়ান মিউজিয়মের সৃষ্টি পিতাপুত্র দুই ট্র্যাডেসান্ট এবং অ্যাশমোল এই তিনজনের সংগ্রহ দিয়ে।
- আঠারো শতকে রাষ্ট্রীয় প্রচেষ্টায় প্রতিষ্ঠিত হয় ব্রিটিশ মিউজিয়ম, তবে তার ভিত্তিও ছিল অপর তিনজনের সংগ্রহ স্যার হ্যানস স্লোন, স্যার রবার্ট কটন ও আর্ল অফ অক্সফোর্ড রবার্ট হার্লির।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICA

- পুঁজিবাদের সমৃদ্ধি এবং বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশের ফলে উনিশ শতকে জাদুঘরের সংখ্যাবৃদ্ধি ঘটে, সাম্রাজ্যবাদী শক্তিগুলোও তাদের উপনিবেশে জাদুঘর প্রতিষ্ঠা করতে থাকে।
- একালে আলেকজান্দ্রিয়ার মতো মেলানো-মেশানো জাদুঘরের সবচেয়ে বড় দৃষ্টান্ত বোধ হয় ব্রিটিশ মিউজিয়ম। সেখানে বৃহৎ প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক সংগ্রহশালার সঙ্গে রয়েছে বিশাল গ্রন্থাগার; স্বতন্ত্রভাবে রয়েছে উদ্ভিদবিজ্ঞান ও জীববিদ্যার জাদুঘর; রয়েছে নানা বিষয়ে অস্থায়ী প্রদর্শনী ও বক্তৃতার ব্যবস্থা।
- গত ত্রিশ বছরে ব্রিটেনে জাদুঘরের সংখ্যা দ্বিগুণ হয়েছে, যদিও ব্রিটিশ মিউজিয়মের সমতুল্য দ্বিতীয় কোনো জাদুঘর সে দেশে তৈরি হয় নি।
- আজ ভিন্নভিন্ন বিষয়ের জাদুঘর গড়ে তোলার চেষ্টাই প্রবল : প্রত্নতত্ত্ব ও ইতিহাস, মানববিকাশ ও নৃতত্ত্ব, বিজ্ঞান ও প্রযুক্তি, স্থানীয় ইতিহাস ও সংস্কৃতি, সামরিক ইতিহাস, পরিবহণ ব্যবস্থা, বিমানযাত্রা, মহাকাশ ভ্রমণ, পরিবেশ, কৃষি, উদ্ভিদবিজ্ঞান, জীবতত্ত্ব, শিল্পকলা-তারও আবার নানান বিভাগ-উপবিভাগ।
- প্রশাসনের দিক দিয়ে স্বতন্ত্র শ্রেণির জাদুঘরের মধ্যে রয়েছে জাতীয় জাদুঘর, স্থানীয় বা আঞ্চলিক জাদুঘর, বিশ্ববিদ্যালয় জাদুঘর ও একান্ত বা ব্যক্তিগত উদ্‌যোগ গড়া জাদুঘর।
- আমাদের দেশ থেকে উদাহরণ নিলে বলব, এখানে যেমন আছে বাংলাদেশ জাতীয় জাদুঘর, তেমনি আছে চট্টগ্রামের জাতিতাত্ত্বিক জাদুঘর, ঢাকার নগর জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, বঙ্গবন্ধু জাদুঘর, বিজ্ঞান জাদুঘর ও সামরিক জাদুঘর, রাজশাহীর বরেন্দ্র মিউজিয়াম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর, ঢাকার বলধা গার্ডেন এবং বিভিন্ন প্রত্নতাত্ত্বিক খননের এলাকায় সাইট মিউজিয়ম।
- ঢাকায় আমাদের জাতীয় জাদুঘরের প্রথম ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন তৎকালীন পূর্ব পাকিস্তানের গভর্নর আবদুল মোনায়েম খান।
- চা খাওয়ার সময়ে আমাদের শিক্ষকপ্রতিম অর্থমন্ত্রী ড. এম. এন. হুদা আমাকে ডাকলেন।
- তুঘরা হরফে লেখা নুসরত শাহের আশরাফপুর শিলালিপি- ষোল শতকে এক মসজিদ প্রতিষ্ঠার বৃত্তান্ত সংবলিত প্রস্তরখণ্ড সেটা রাখা হয়েছিল সকলের চোখে পড়ার মতো জায়গায়।
- বিস্ময় জাগায় বলে জাদু-মা যেমন সন্তানকে বলে, ওরে আমার জাদু রে।' চোর পালালে বুদ্ধি বাড়ে।
- উর্দুতে জাদুঘরকে বলে আজবখানা, হিন্দিতে অজায়েব-ঘর। খানা ফারসি; আজব, আজিব, আজায়েব আরবি। জাদু ও আজব শব্দে দ্যোতনা আছে দুরকম : একদিকে কুহক, ইন্দ্রজাল, ভেল্কি; অন্যদিকে চমৎকার, মনোহর, কৌতূহলোদ্দীপক।
- 'আমার ছেলেকে সোজা পেয়ে মেয়েটা জাদু করেছে' আর 'কী জাদু বাংলা গানে! -দু রকম দ্যোতনা প্রকাশ করে।
- কিন্তু বঙ্গের হাজার বছরের পুরোনো ইতিহাস ও সমৃদ্ধ সংস্কৃতির যে নমুনা সেখানে ছিল তা থেকে আমি বাঙালির আত্মপরিচয় লাভ করেছি।
- পরে তা শক্তিশালী হয়েছে কলকাতা জাদুঘর ও ভিক্টোরিয়া মেমোরিয়াল দেখে।
- আলেকজান্দ্রিয়ার গ্রেকো-রোমান- মিউজিয়মে ও কায়রো মিউজিয়মে যেমন মিসরের পুরোনো ইতিহাস ধরে রাখা হয়েছে, সিয়াটলে ও নর্থ ক্যারোলাইনার পূর্ব প্রান্তে দেখেছি আমেরিকার আদিবাসীদের নানাবিধ অর্জনের নিদর্শন এবং ইউরোপীয় বসতি স্থাপনকারীদের প্রথম আগমনকালীন স্মৃতিচিহ্ন।
- কুয়েতের জাদুঘরে আমার ছেলেবেলায় দেখা ব্রিটিশ ভারতীয় মুদ্রার সযত্ন স্থান দেখে চমৎকৃত হয়েছি; বুঝেছি,
- জাদুঘরের একটা প্রধান কাজ হলো সাংস্কৃতিক ঐতিহ্যের সংরক্ষণ এবং জাতিকে আত্মপরিচয়দানের সূত্র জানানো।
- টাওয়ার অফ লন্ডনে সকলে ভিড় করে কোহিনুর দেখতে।
- জাতীয় জাদুঘর একটা জাতিসত্তার পরিচয় বহন করে।
- জাদুঘর আমাদের জ্ঞান দান করে, আমাদের শক্তি জোগায়, আমাদের চেতনা জাগ্রত করে, আমাদের মনোজগৎকে সমৃদ্ধ করে। জাদুঘর একটা শক্তিশালী সামাজিক সংগঠন।
- জাদুঘর শুধু জ্ঞানই ছড়িয়ে দেয় না, অলক্ষ্যে ছড়িয়ে দেয় ভাবাদর্শ। তাহলে তার একমাত্র উত্তর বোধ হয় এই : 'কে বলছে আপনাকে যেতে?'

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : পাশ্চাত্যে কোন বিষয় স্বতন্ত্র বিদ্যায়তনিক বিষয় বা শৃঙ্খলা হিসেবে বিকশিত?– **জাদুঘরতত্ত্ব।**

প্র : 'আমি তখন উপস্থিত ছিলাম না'– বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন?– **প্রথম জাদুঘর স্থাপনের সময় তিনি অনুপস্থিত থাকার কথা বলা হয়েছে।**

প্র : পৃথিবীর প্রথম জাদুঘর মূলত কী ছিল?– **দর্শন চর্চার কেন্দ্র।**

প্র : প্রাথমিক সময়ে ব্যক্তিগত ও পারিবারিক জাদুঘরের প্রবেশাধিকার কেমন ছিল?– **সংরক্ষিত।**

প্র : কোন বিপ্লবের ফলে প্রজাতন্ত্র সৃষ্টি হয়?– **ফরাসি বিপ্লব।**

প্র : কোন শতকের পর যৌথ বা নাগরিক সংস্থার উদ্‌যোগে জাদুঘর নির্মাণের চেষ্টা করা হয়?– **ষোলো শতকের পর।**

প্র : কীসের ফলে ল্যুভের সৃষ্টি হয়?– **প্রজাতন্ত্র।**

প্র : ল্যুভ সৃষ্টির ফলে কোন প্রাসাদের দ্বার উন্মোচিত হয়?– **ভের্সাই প্রাসাদ।**

প্র : কোন বিপ্লবের পর লেনিনগ্রাদের রাজপ্রাসাদে গড়ে ওঠে হার্মিতিয়ে?– **রুশ বিপ্লব।**

প্র : কীসের ফলে টাওয়ার অফ লন্ডন সর্বজনের চক্ষুগ্রাহ্য হলো?– **গণতন্ত্র।**

প্র : কত শতকে বৃটেনে প্রথম পাবলিক মিউজিয়াম গড়ে ওঠে?– **সতেরো শতকে।**

প্র : বৃটেনে প্রথম পাবলিক মিউজিয়াম গড়ে ওঠে কোন বিশ্ববিদ্যালয়ে?– **অক্সফোর্ড বিশ্ববিদ্যাল**

প্র : অ্যাশমোলিয়ান মিউজিয়াম কোন বিশ্ববিদ্যালয়ের অঙ্গপ্রতিষ্ঠান?- **অক্সফোর্ড বিশ্ববিদ্যাল**

প্র : পিতাপুত্র দুই ট্রাডেসান্ট এবং অ্যাশমোলের সংগ্রহ দিয়ে সৃষ্টি হয় কোন মিউজিয়াম **অ্যাশমোলিয়ান মিউজিয়াম।**

প্র : ব্রিটিশ মিউজিয়াম কত শতকে প্রতিষ্ঠিত হয়?– **আঠারো শতকে।**

প্র : কেমন প্রচেষ্টায় ব্রিটিশ মিউজিয়াম প্রতিষ্ঠিত হয়?– **রাষ্ট্রীয় প্রচেষ্টায়।**

প্র : ব্রিটিশ মিউজিয়ামের ভিত্তি ছিল কত জনের সংগ্রহে?– **তিনজনের।**

প্র : স্যার হ্যানস স্লোন, স্যার রবার্ট কটন ও আর্ল অফ অক্সফোর্ড রবার্ট হার্লির সংগ্রহে মিউজিয়ামের সৃষ্টি হয়?– **ব্রিটিশ মিউজিয়াম।**

প্র : উনিশ শতকে জাদুঘরের সংখ্যাবৃদ্ধির কারণ কোনটি?– **পুঁজিবাদের সমৃদ্ধি বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশ।**

প্র : বর্তমান যুগে আলেকজান্দ্রিয়ার মত মেলানো মেশানো জাদুঘর কোনটি?– **ব্রিটিশ মিউজিয়**

প্র : গত কত বছরে ব্রিটেনে জাদুঘরের সংখ্যা দ্বিগুণ হয়েছে?– **ত্রিশ বছরে।**

প্র : মৎস্যাধার ও নক্ষত্রশালাও কী হিসেবে বিবেচিত?– **জাদুঘর।**

প্র : এখন খুবই প্রচলিত কোন জাদুঘর?– **উন্মুক্ত জাদুঘর।**

প্র : 'বরেন্দ্র মিউজিয়াম' কোথায় অবস্থিত?– **রাজশাহীতে।**

প্র : আবদুল মোনায়েম খান কে ছিলেন?– **তৎকালীন পূর্ব পাকিস্তানের গভর্নর।**

প্র : শিক্ষক প্রতিম অর্থমন্ত্রীর নাম কী?– **ড. এম. এন. হুদা।**

প্র : জাদুঘরের 'ঘর' কোন ভাষার শব্দ?– **বাংলা।**

প্র : আজব, আজিব, আজায়েব কোন ভাষার শব্দ?– **আরবি।**

প্র : লেখক যখন জাদুঘরে যান তখন জাদুঘরের বাইরে কী ছিল?– **নীল জাল দেওয়া বড় কড়াই।**

প্র : লেখক কোন জাদুঘরে ব্রিটিশ ভারতীয় মুদ্রা দেখেছেন?– **কুয়েতের জাদুঘরে।**

প্র : টাওয়ার অফ লন্ডনে সবাই ভীড় করে কেন?– **কোহিনুর দেখতে।**

প্র : জাতীয় জাদুঘর কীসের পরিচয় বহন করে?– **জাতিসত্তার।**

প্র : আলেকজান্দ্রিয়ার গোড়াপত্তন করেন কে?– **আলেকজান্ডার দি গ্রেট। খ্রিস্টপূর্ব ৩৩২ অ**

প্র : আলেকজান্ডার যুগের গ্রিক সভ্যতার কেন্দ্র ছিল কোনটি?– **আলেকজান্দ্রিয়ার।**

প্র : ইউরোপীয় রেনেসাঁস ঘটে কত শতকে?– **খ্রিষ্টীয় চৌদ্দ-ষোল শতকে।**

প্র : ফরাসি বিপ্লব ঘটে কত সালে?– **১৭৮৯ সালে।**

প্র : বাস্তিল দুর্গ কত সালে দখল হয়?– **১৭৮৯ সালের ১৪ জুলাই।**

প্র : রুশ বিপ্লব ঘটে কত সালে?– **১৯১৭ সালের ৭ই নভেম্বর।**

প্র : লেনিনের দলের নাম কী?– **সর্বহারার দল বলশেভিক পার্টি।**

প্র : রুশ বিপ্লবের মূল নেতা কে?– **লেনিন।**

প্র : টাওয়ার অফ লন্ডন কোথায় অবস্থিত?– **লন্ডনের টেমস নদীর উত্তর তীরে।**

প্র : ফ্রান্সের জাতীয় জাদুঘর কোনটি?– **ল্যুভ।**

প্র : জাতিতাত্ত্বিক জাদুঘরে কতটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর নিদর্শন রয়েছে?– **পঁচিশটি।**

প্র : ঢাকা নগর জাদুঘর কত সালে প্রতিষ্ঠিত হয়?– **১৯৮৭ সালে।**

প্র : বরেন্দ্র জাদুঘরের প্রাতিষ্ঠানিক নাম কী?- **বরেন্দ্র গবেষণা জাদুঘর।**

প্র : বরেন্দ্র জাদুঘর কত সালে প্রতিষ্ঠিত হয়?– **১৯১০ সালে।**

প্র : 'জাদুঘরে কেন যাব' প্রবন্ধটিতে কোন কোন বিশ্ববিদ্যালয়ের নাম আছে?– **অক্সফোর্ড, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।**

প্র : ইউরোপীয় রেনেসাঁসের পরে কোন দেশে জাদুঘর গড়ে তোলার প্রয়াস বৃদ্ধি পা **পাশ্চাত্য দেশে।**

প্র : মানবসভ্যতা ও সংস্কৃতির বৈচিত্র্যপূর্ণ ও ঐতিহাসিক নিদর্শন প্রদর্শনী ও গবেষণার সংরক্ষণ করা হয় যেখানে তাকে কী বলে?– **জাদুঘর।**

প্র : টার্শিয়ারি যুগের মাছের জীবাশ্ম কোন জাদুঘরে সংরক্ষিত আছে?– **র বিশ্ববিদ্যালয় জাদুঘরে।**

প্র : মিরপুর সেনানিবাসের প্রবেশদ্বারে কোন জাদুঘর প্রতিষ্ঠিত হয়?– **সামরিক জাদুঘ**

প্র : দ্বিজাতিতত্ত্বে বিশ্বাসী গভর্নর আবদুল মোনায়েম খান কেন জাদুঘরকে মিউজিয়াম আগ্রহী?– **হিন্দু-মুসলিম নির্বিশেষে 'জাদুঘর' শব্দটি ব্যবহার করে বলে।**

প্র : জাদুঘরে অনেক কিছুর মধ্যে মোনায়েম খান আল্লাহর কালামের কথা বিশে উল্লেখ করেছেন কেন?– **দ্বিজাতিতত্ত্বে বিশ্বাসী বলে।**

প্র : ব্রিটিশ মিউজিয়াম ও টাওয়ার অব লন্ডনে কোন দেশের ইতিহাসের অনেক রয়েছে?– **ইংল্যান্ড।**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্র : প্রত্নতত্ত্ব ও পুরাকীর্তি সংক্রান্ত ব্রিটেনের জাতীয় জাদুঘর প্রতিষ্ঠিত হয় কত সালে?- ১৭৫৩ সালে।
প্র : 'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর' প্রতিষ্ঠিত হয়েছিল কত সালে?- ১৯৬৫ সালে।
প্র : প্রাচীন মুদ্রা, প্রাচীন ও মধ্যযুগের ইতিহাস, শিল্পকলা ও প্রত্নতত্ত্ব সম্পর্কে ধারণা দিতে অগ্রগণ্য কোন জাদুঘর?- বরেন্দ্র জাদুঘর।
প্র : আমেরিকার আদিবাসীদের নানাবিদ নিদর্শন রয়েছে- সিয়াটল ও নর্থ ক্যারোরলাইনার পূর্ব প্রান্তে।
প্র : কোন শতকে জাদুঘরের সংখ্যাবৃদ্ধি ঘটে?- উনিশ শতকে।
প্র : বাংলাদেশ জাতীয় জাদুঘর ১৯১৩ খ্রিস্টাব্দে যে নামে যাত্রা শুরু করে- ঢাকা জাদুঘর।
প্র : জাদুঘর বা প্রদর্শনশালা সংক্রান্ত বিদ্যাকে কী বলা হয়?- মিউজিয়াম স্টাডিজ।
প্র : ফরাসি বিপ্লবের ফলে কিসের উৎপাটন হয়?- সামন্তবাদের।
প্র : বিপ্লবী নেতা লেনিনের নেতৃত্বে সংগঠিত দলের নাম কী?- বলশেভিক পার্টি।
প্র : ইংরেজ পুরাকীর্তি সংগ্রাহক অ্যাশমল কোন বিষয়ের উপর গ্রন্থ রচনা করেছেন?- রসায়ন ও পুরাকীর্তি বিষয়ক।
প্র : জাতিতাত্ত্বিক জাদুঘর কোথায় অবস্থিত?- চট্টগ্রাম নগরের আগ্রাবাদে।
প্র : ঈসা খাঁর কামানের গায়ে কী দেখে প্রাবন্ধিক মুগ্ধ হয়েছিলেন?- বাংলা লেখা।
প্র : 'না, জাদুঘর বলা চলবে না, মিউজিয়াম বলতে হবে।' -উক্তিটি কার?- তৎকালীন পূর্ব পাকিস্তানের গভর্নর আবদুল মোনায়েম খানের।
প্র : মিশরের প্রধান সমুদ্রবন্দরের নাম কী?- আলেকজান্দ্রিয়া।
প্র : 'টাওয়ার অব লন্ডন' এর মূল অংশে কোন পাথরের গম্বুজ রয়েছে?- সাদা পাথরের।
প্র : বর্তমানে অস্ত্রশালা ও জাদুঘর হিসেবে ব্যবহৃত হয় কোন দুর্গ? - টাওয়ার অফ লন্ডন।
প্র : বিজ্ঞান জাদুঘর কোথায় অবস্থিত?- ঢাকায়।
প্র : বিজ্ঞান জাদুঘরের নাম কী?- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।
প্র : 'Archaeology' শব্দের পরিভাষা- প্রত্নতত্ত্ব।
প্র : মানবজাতির উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কিত বিজ্ঞানকে কী বলে?- নৃতত্ত্ব।
প্র : 'গোচরীভূত' শব্দের অর্থ- পরিজ্ঞাত।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. জাদুঘর গড়ে উঠেছিল- [খ ১৭-১৮]
ক. প্রতিষ্ঠাতার রুচিমাফিক খ. ঐতিহ্য রক্ষার জন্য
গ. শুধু নিদর্শন সংগ্রহের জন্য ঘ. জ্ঞানচর্চার জন্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০২. 'জাদু' শব্দটির উদ্ভব কোন ভাষা থেকে? [A ১৭-১৮; পাবিপ্রবি C ১৭-১৮; A ১৬-১৭; বশেমুরবিপ্রবি ঙ ১৬-১৭]
ক. ফারসি খ. দেশি গ. আরবি ঘ. সংস্কৃত

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০৩. বাংলাদেশের কোন্ গবেষক গবেষণায় ও সাহিত্য রচনায় ভারত সরকারের 'পদ্মভূষণ' উপাধি পেয়েছেন? [A ১৭-১৮]
ক. আনিসুজ্জামান খ. মোতাহের হোসেন চৌধুরী
গ. আখতারুজ্জামান ইলিয়াস ঘ. মুহম্মদ জাফর ইকবাল
০৪. 'চোর পালালে বুদ্ধি বাড়ে' প্রবাদটি তোমার পঠিত কোন রচনার অন্তর্ভুক্ত? [B ১৭-১৮]
ক. বিড়াল খ. আহ্বান গ. জাদুঘরে কেন যাব ঘ. বায়ান্নর দিনগুলো
০৫. 'বিপুলা পৃথিবী' বইটির লেখক কে? [C ১৭-১৮]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম গ. আনিসুজ্জামান ঘ. প্রফুল্ল রায়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০৬. জাদুঘরকে উর্দু ভাষায় কী বলা হয়? [B2-8 ১৬-১৭; B3 ১৬-১৭]
ক. অজাবের ঘর খ. মুসাফিরখানা গ. মিউজিয়াম ঘ. আজবখানা

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০৭. 'জাদুঘরে কেন যাব' রচনাটি কোন পুস্তিকা থেকে সংকলিত? [A ১৭-১৮]
ক. ঐতিহ্যায়ন খ. চেনা মানুষের মুখ গ. আমার একাত্তর ঘ. কাল নিরবধি
০৮. ফ্রান্সের জাতীয় জাদুঘর ও আর্ট গ্যালারি কোনটি? [A ১৭-১৮]
ক. ল্যুভর মিউজিয়াম খ. টাওয়ার অব লন্ডন গ. হার্মিটেজ ঘ. অ্যাশমেলিয়ান
০৯. ভারতীয় উপমহাদেশের প্রথম জাদুঘর কোনটি? [A ১৭-১৮]
ক. বাংলাদেশ জাতীয় জাদুঘর খ. কলকাতা জাদুঘর
গ. ঢাকা বিজ্ঞান জাদুঘর ঘ. ভিক্টোরিয়া মেমোরিয়াল
১০. 'অ্যাশমল' কে ছিলেন? [A ১৭-১৮]
ক. নৃতত্ত্ববিদ খ. সমাজতাত্ত্বিক গ. পুরাকীর্তি সংগ্রাহক ঘ. ফোকলোর সংগ্রাহক
১১. 'জাদুঘর' কোন ধরনের শক্তিশালী সংগঠন? [C ১৬-১৭]
ক. সামাজিক খ. রাজনৈতিক গ. অর্থনৈতিক ঘ. সাংস্কৃতিক
১২. 'গ্রেকো-রোমান মিউজিয়াম' কোথায় অবস্থিত? [A ১৬-১৭; ইবি গ ১৬-১৭]
ক. আলেকজান্দ্রিয়া খ. লন্ডন গ. সিয়অটল ঘ. কুয়েত

ইসলামী বিশ্ববিদ্যালয়

১৩. প্রাচীন গ্রিসের স্থাপত্যকলায় নন্দিত শহর কোনটি? [B ১৭-১৮]
ক. আবুজা খ. কায়রো গ. ট্রয় ঘ. এথেন্স
১৪. 'জাতিতাত্ত্বিক যাদুঘর' বাংলাদেশের কোন শহরে অবস্থিত? [B ১৭-১৮ বেরোবি, A 16-17]
ক. চট্টগ্রাম খ. ঢাকা গ. রাজশাহী ঘ. বগুড়া
১৫. 'পুরোনো বাংলা গদ্য' গ্রন্থের রচয়িতা কে? [B ১৭-১৮]
ক. শামসুর রাহমান খ. আনিসুজ্জামান গ. নির্মলেন্দু গুণ ঘ. রফিক আজাদ
১৬. জাতীয় যাদুঘরের প্রথম ভবনের ভিত্তিপ্রস্তর কে স্থাপন করেন? [H ১৬-১৭]
ক. আবদুল মোনায়েম খান খ. কামরুল ইসলাম সিদ্দিকী
গ. শামসুর রহমান ঘ. মীর শতকত আলী

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

১৭. পৃথিবীর প্রথম জাদুঘর কোথায় স্থাপিত হয়েছিল? [AL ১৭-১৮]
ক. ফ্রান্স খ. আলেকজান্দ্রিয়া গ. কায়রো ঘ. সানফ্রান্সিসকো

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

১৮. ঐতিহ্যবাহী পানাম নগর বাংলাদেশের কোথায় অবস্থিত? [G ১৭-১৮]
ক. জিঞ্জিরা খ. মুজিবনগর গ. মহাস্থানগড় ঘ. সোনারগাঁও
১৯. ভারত সরকার 'পদ্মভূষণ' সম্মাননা প্রদান করেন কোন প্রাবন্ধিককে? [G ১৬-১৭]
ক. আনিসুল হক খ. আহমদ শরীফ গ. আনিসুজ্জামান ঘ. আবদুল হাই
২০. 'আমার একাত্তর' গ্রন্থটির রচয়িতা কে? [D ১৬-১৭]
ক. আনিসুজ্জামান খ. মহাদেব সাহা গ. শহীদ কাদরী ঘ. শওকত আলী

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২১. 'জাদুঘরে কেন যাব' প্রবন্ধে কত সালে Ashmoleam Museum প্রতিষ্ঠার উল্লেখ আছে? [C ১৬-১৭]
ক. ১৯৭৯ খ. ১৬৮৩ গ. ১৮৯৭ ঘ. ১৯১৩

০১.ক	০২.ক	০৩.ক	০৪.গ	০৫.গ	০৬.ঘ	০৭.ক
০৮.ক	০৯.খ	১০.গ	১১.ক	১২.ক	১৩.ঘ	১৪.ক
১৫.খ	১৬.ক	১৭.খ	১৮.ঘ	১৯.গ	২০.ক	২১.গ

অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নাবলি

০১. কত খ্রিস্টাব্দে 'গ্রেকো রোমান মিউজিয়াম' প্রতিষ্ঠিত হয়?
ক. ১৮৭৪ খ. ১৮৮২ গ. ১৮৯২ ঘ. ১৮৯০
০২. দ্বিজাতিতত্ত্বের উদ্‌গাতা কে ছিলেন?
ক. গভর্নর মোনায়েম খান খ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ. মুসলিম লীগ নেতা মুহম্মদ আলী জিন্নাহ ঘ. শেরে বাংলা এ. কে. ফজলুল
০৩. মিসরীয় জাদুঘরের অপর নাম কী?
ক. গ্রেকো রোমান মিউজিয়াম খ. কায়রো মিউজিয়াম
গ. ভিক্টোরিয়া মেমোরিয়াল ঘ. মিসর জাতীয় জাদুঘর
০৪. 'ঐতিহ্যায়ন' কোন ধরনের রচনা?
ক. গবেষণাধর্মী খ. প্রবন্ধ গ. স্মৃতিকথনমূল ঘ. স্মারক পুস্তিকা
০৫. লেখক কুয়েত জাদুঘরে কী দেখে চমৎকৃত হয়েছিলেন?
ক. ভারতীয় মুদ্রা খ. সিরীয় মুদ্রা গ. ইংল্যান্ডের মুদ্রা ঘ. ফ্রান্সের মুদ্রা
০৬. কোনটি 'অবিদিত' শব্দের অর্থ নয়?
ক. বেদনাহীন খ. অজানা গ. অজ্ঞাত ঘ. অজানিত

০১.গ	০২.গ	০৩.খ	০৪.ঘ	০৫.ক	০৬.ক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBL

০৭. আনিসুজ্জামান বর্তমানে কোথায় কোন পেশায় নিযুক্ত আছেন?
ক. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হিসেবে
খ. ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হিসেবেৎ
গ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভাইস চ্যান্সেলর হিসেবেৎ
ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইমেরিটাস অধ্যাপক হিসেবে

০৮. নিচের কোনটি স্বনামধন্য প্রাবন্ধিক আনিসুজ্জামান রচিত?
ক. নারী খ. সমাজের সন্ধানে গ. বাঙালি নারী : সাহিত্যে ও সমাজে ঘ. সুলতানার স্বপ্ন

০৯. উচ্চমানের গবেষণা ও সাবলীল গদ্য রচনার জন্য খ্যাতি অর্জন করেন কোন প্রাবন্ধিক?
ক. আবদুল হক খ. আনিসুজ্জামান গ. সৈয়দ আকরম হোসেন ঘ. আহমদ ছফা

১০. ইউরোপীয় রেনেসাঁসের পরে কোন দেশে জাদুঘর গড়ে তোলার প্রয়াস বৃদ্ধি পায়?
ক. আমেরিকা খ. আফ্রিকাতে গ. প্রাচ্য দেশে ঘ. পাশ্চাত্য দেশে

১১. যৌথ কিংবা নাগরিক সংস্থার উদ্যোগে জাদুঘর নির্মাণের চেষ্টা করা হয় কোন শতকে?
ক. ষোলো শতকের পরে খ. আঠারো শতকের পরে
গ. উনিশ শতকের পরে ঘ. একুশ শতকের পরে

১২. কত শতকে ইউরোপীয় রেনেসাঁস ঘটে?
ক. খ্রিষ্টীয় চৌদ্দ থেকে ষোলো শতকে খ. খ্রিষ্টীয় চৌদ্দ থেকে পনেরো শতকে
গ. খ্রিষ্টীয় চৌদ্দ থেকে সতেরো শতকে ঘ. খ্রিষ্টীয় চৌদ্দ থেকে আঠারো শতকে

১৩. গণতন্ত্রের বিকাশের ফলে কী ঘটে?
ক. জাদুঘর গড়ে ওঠে খ. জাদুঘর জনসাধারণের জন্য অবারিত হয়
গ. জাদুঘরে জাদু দেখানো শুরু হয় ঘ. জাদুঘরে সর্বসাধারণের প্রবেশ নিষিদ্ধ হয়

১৪. বলধা গার্ডেন কে প্রতিষ্ঠা করেন?
ক. রাজা রামমোহন খ. ভাওয়ালের জমিদার নরেন্দ্র নারায়ণ
গ. ভাওয়ালের জমিদার রাজেন্দ্র নারায়ণ ঘ. বাংলাদেশ সরকারের পর্যটন কর্তৃপক্ষ

১৫. প্রতিষ্ঠাকালে ব্যক্তিগত ও পারিবারিক জাদুঘরের প্রবেশাধিকার কেমন ছিল?
ক. সংরক্ষিত খ. বিমুক্ত গ. বদ্ধ ঘ. ব্যয়বহুল

১৬. যুক্তরাজ্যের প্রাচীনতম অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কোন শতকে?
ক. বারো শতকে খ. ষোলো শতকে গ. আঠারো শতকে ঘ. পনেরো শতকে

১৭. শিল্পকলা ও প্রত্নতত্ত্ব সংক্রান্ত জাদুঘর অ্যাশমোলিয়ান মিউজিয়াম কোন বিশ্ববিদ্যালয়ের অঙ্গ প্রতিষ্ঠান?
ক. ঢাকা বিশ্ববিদ্যালয় খ. কলকাতা বিশ্ববিদ্যালয়
গ. অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ঘ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

১৮. পুরাকীর্তি সংগ্রাহক অ্যাশমলের জন্ম-মৃত্যু সন কোনটি?
ক. ১৫১৭-১৫৯২ খ. ১৬১৭-১৬৯২ গ. ১৬৯২-১৭১৭ ঘ. ১৫৯২-১৬১৭

১৯. কোনটি ব্রিটেনের জাতীয় জাদুঘর?
ক. অ্যাশমোলিয়ান মিউজিয়াম খ. ল্যুভর মিউজিয়াম গ. ব্রিটিশ মিউজিয়াম ঘ. হার্মিটেজ

২০. কোন জাদুঘর এখন খুবই প্রচলিত?
ক. উন্মুক্ত জাদুঘর খ. গ্রিন হাউস জাদুঘর গ. মোবাইল জাদুঘর ঘ. ভ্রাম্যমাণ জাদুঘর

২১. কোনটি বাংলাদেশের সবচেয়ে বড় জাদুঘর?
ক. ঢাকা নগর জাদুঘর খ. বরেন্দ্র জাদুঘর
গ. বাংলাদেশ জাতীয় জাদুঘর ঘ. মুক্তিযুদ্ধ জাদুঘর

২২. কোন জাদুঘরটি বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত?
ক. ঢাকা নগর জাদুঘর খ. মুক্তিযুদ্ধ জাদুঘর
গ. বাংলাদেশ জাতীয় জাদুঘর ঘ. সামরিক জাদুঘর

২৩. মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস সবার সামনে তুলে ধরার ক্ষেত্রে অনন্য অবদান রাখে কোন জাদুঘর?
ক. মুক্তিযুদ্ধ জাদুঘর খ. ঢাকা নগর জাদুঘর গ. সামরিক জাদুঘর ঘ. বরেন্দ্র জাদুঘর

২৪. মুক্তিযুদ্ধের ইতিহাসের বিভিন্ন স্মারক ও আঠারো শতক থেকে ব্যবহৃত বিভিন্ন কামান কোন জাদুঘরে সংরক্ষিত আছে?
ক. মুক্তিযুদ্ধ জাদুঘরে খ. বরেন্দ্র জাদুঘরে গ. সামরিক জাদুঘরে ঘ. বঙ্গবন্ধু জাদুঘরে

২৫. কোন স্কুল থেকে আনিসুজ্জামান প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন?
ক. কলকাতা লোকাল স্কুল থেকে খ. ঢাকার প্রিয়নাথ স্কুল থেকে
গ. কলকাতার নাইট স্কুল থেকে ঘ. ঢাকার উদয়ন স্কুল থেকে

২৬. কখন বঙ্গদেশের বৌদ্ধ মূর্তির সমাহার এবং পৌরাণিক লৌকিক দেবদেবীর সম্পর্কে প্রাবন্ধিক জানতে পারেন?
ক. ছেলেবেলা থেকে খ. বিশ্ববিদ্যালয় পড়ার সময় থেকে
গ. জাদুঘরে যাওয়ার পর ঘ. বিদেশে যাওয়ার পর

২৭. কোথায় রানি ভিক্টোরিয়ার নামাঙ্কিত স্মৃতিসৌধ অবস্থিত?
ক. কলকাতা ময়দানে খ. দিল্লিতে গ. মুম্বাইয়ে ঘ. হায়দরাবাদে

২৮. প্রত্নতত্ত্ব ও পুরাকীর্তি সংক্রান্ত ব্রিটেনের জাতীয় জাদুঘর প্রতিষ্ঠিত হয় কত সালে?
ক. ১৬৫৩ সালে খ. ১৭৫৩ সালে গ. ১৮৫৩ সালে ঘ. ১৯৫৩ সালে

২৯. ঢাকা সিটি কর্পোরেশন পরিচালিত নগর ভবনে অবস্থিত জাদুঘর কোনটি?
ক. ঢাকা নগর জাদুঘর খ. বরেন্দ্র জাদুঘার
গ. বাংলাদেশ জাতীয় জাদুঘর ঘ. মুক্তিযুদ্ধ জাদুঘর

৩০. বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয়ে নিজস্ব উদ্যোগে নির্মিত জাদুঘর রয়েছে?
ক. সিলেট বিশ্ববিদ্যালয়ে খ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে
গ. রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ঘ. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে

৩১. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ হস্তান্তরিত সংগ্রহ নিয়ে কত জাদুঘরের যাত্রা শুরু হয়?
ক. ১৯৬৫ সালে খ. ১৯৭১ সালে গ. ১৯৭২ সালে ঘ. ১৯৭৩ সা

৩২. 'মুক্তি, সাম্য, ভ্রাতৃত্ব ও সম্পত্তি পবিত্র অধিকার' কোন আন্দোলনের মূল স্লোগান ছি
ক. ফরাসি বিপ্লব খ. রুশ বিপ্লব গ. ইউরোপীয় রেনেসাঁস ঘ. ব্রিটি

৩৩. বাংলাদেশের প্রাচীনতম জাদুঘর কোনটি?
ক. জাতীয় জাদুঘর খ. বরেন্দ্র জাদুঘর গ. নৃতাত্ত্বিক জাদুঘর ঘ. ঢাকা নগর জা

৩৪. ১৯৫৩ সালে আনিসুজ্জামান কোন কলেজ থেকে আইএ পাস করেন?
ক. ঢাকা কলেজ খ. জগন্নাথ কলেজ গ. কলকাতা কলেজ ঘ. মিরপুর বাংলা

৩৫. জাদুঘরে কীভাবে অভিন্ন মানবসত্তার সন্ধান পাওয়া যায়?
ক. প্রাচীন ঐতিহ্য দেখে খ. সংগৃহীত নিদর্শন দেখে
গ. সংস্কৃতির নমুনা দেখে ঘ. প্রাচীন তথ্য দেখে

৩৬. ইউরোপের প্রথম বুর্জোয়া বিপ্লব কোনটি?
ক. রুশ বিপ্লব খ. ফরাসি বিপ্লব গ. বলশেভিক বিপ্লব ঘ. দ্বিতীয় বিপ্

৩৭. 'চোর পালালে বুদ্ধি বাড়ে' এ প্রবাদটি কোন প্রবন্ধের?
ক. চাষার দুক্ষু খ. আমার পথ গ. জাদুঘরে কেন যাব ঘ. মহাজাগতিক কি

৩৮. বাংলাদেশের 'জাতিতাত্ত্বিক জাদুঘর' কোথায় অবস্থিত?
ক. চট্টগ্রামের আগ্রাবাদ খ. ঢাকার ধানমন্ডি গ. ঢাকার ওয়ারী ঘ. রাজশাহী

৩৯. 'হার্মিটেজ' বলতে কী বোঝানো হয়?
ক. ব্রিটিশ মিউজিয়াম খ. অ্যাশমোলিয়ান মিউজিয়াম
গ. মাছ পালনের জন্য কাচের আধার ঘ. সন্ন্যাসীর নির্জন আশ্রম

৪০. 'Architecture' শব্দটির অর্থ কী?
ক. স্থাপত্য খ. ভাস্কর্য গ. কলাকৌশল ঘ. শিল্পবিজ্ঞা

৪১. কোন দেশে প্রথম 'পাবলিক জাদুঘর' গড়ে ওঠে?
ক. মিসরে খ. ফ্রান্সে গ. ব্রিটেনে ঘ. ভারত

৪২. বলধা গার্ডেন কোথায় অবস্থিত?
ক. ঢাকায় খ. চট্টগ্রাম গ. বাগেরহাটে ঘ. ময়মনসিং

৪৩. অনেক দীর্ঘশ্বাস ও অশ্রুবিন্দু জড়িয়ে রয়েছে কোনটির সঙ্গে?
ক. কামানের খ. বন্দুকের গ. গোলার ঘ. কড়াইয়ের

৪৪. ঢাকা মহানগরের ওয়ারিতে অবস্থিত উদ্ভিদ উদ্যান ও জাদুঘরের নাম কী?
ক. বোটানিক্যাল গার্ডেন খ. বলধা গার্ডেন গ. বরেন্দ্র জাদঘুর ঘ. নগর জা

৪৫. রাজারা বা সামন্ত প্রভুরা যেসব সংগ্রহশালা গড়ে তুলতেন তাতে কী থাক
ক. তাদের পরিচয় খ. তাদের সম্পদ ও গৌরবের কথা
গ. তাদের যুদ্ধজয়ের কীর্তি ঘ. তাদের পুরনো ইতিহাস ও ঐতি

৪৬. জাদুঘরে গিয়ে আগের মানুষের কী দেখে আমরা উল্লসিত হই?
ক. পুরনো জিনিস খ. রকমারি জিনিস গ. সৌন্দর্য সাধনা ঘ. যুদ্ধাস্ত্র

৪৭. মিউজিওলজি কী?
ক. ইউরোপের জাদুঘর খ. ফ্রান্সের জাতীয় জাদুঘর
গ. জাদুঘর বা প্রদর্শনশালা সংক্রান্ত বিদ্যা ঘ. প্রাচীন মুদ্রাবিশেষ

৪৮. মিশরের পুরোনো ইতিহাস কোথায় ধরে রাখা হয়েছে?
ক. ব্রিটিশ মিউজিয়ামে খ. রোমান মিউজিয়ামে
গ. কায়রো, মিউজিয়ামে ঘ. ল্যুভ মিউজিয়ামে

৪৯. কোন মিউজিয়ামে নানান দেশের নিদর্শন সংগৃহীত হয়েছে?
ক. কলকাতা জাদুঘরে খ. গ্রেকো-রোমান মিউজিয়ামে
গ. কায়রো মিউজিয়ামে ঘ. ব্রিটিশ মিউজিয়ামে

৫০. পৃথিবীর প্রথম জাদুঘর স্থাপিত হয়েছিল আনুমানিক কত খ্রিষ্টপূর্বাব্দে?
ক. খ্রিষ্টপূর্ব দ্বিতীয় শতাব্দীতে খ. খ্রিষ্টপূর্ব তৃতীয় শতাব্দীতে
গ. খ্রিষ্টপূর্ব চতুর্থ শতাব্দীতে ঘ. খ্রিষ্টপূর্ব পঞ্চম শতাব্দীতে

০৭.ঘ	০৮.গ	০৯.খ	১০.ঘ	১১.ক	১২.ক	১৩.খ	১৪.খ
১৬.ক	১৭.গ	১৮.খ	১৯.গ	২০.ক	২১.গ	২২.খ	২৩.ক
২৫.খ	২৬.গ	২৭.ক	২৮.খ	২৯.ক	৩০.খ	৩১.ঘ	৩২.ক
৩৪.খ	৩৫.খ	৩৬.খ	৩৭.গ	৩৮.ক	৩৯.ঘ	৪০.ক	৪১.গ
৪৩.ঘ	৪৪.খ	৪৫.খ	৪৬.ক	৪৭.গ	৪৮.গ	৪৯.ঘ	৫০.খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

SELF TEST

০১. বিশ্বের অন্যতম চিত্রশিল্পের সংগ্রহশালা হিসেবে পরিচিত-
ক. অ্যাশমোলিয়ান মিউজিয়াম খ. ল্যুভর মিউজিয়াম
গ. হার্মিটেজ ঘ. ভিক্টোরিয়া মেমোরিয়াল

০২. গভর্নর তাঁর ভাষণে মুদ্রিত 'জাদুঘর' শব্দের জায়গায় কোন শব্দটি পড়ছিলেন?
ক. সংগ্রহশালা খ. নিদর্শনশালা
গ. মিউজিয়াম ঘ. সংরক্ষণশালা

০৩. ফ্রান্সের কুখ্যাত দুর্গ ও কারাগার কোনটি?
ক. আন্দামান খ. বাস্তিল দুর্গ
গ. উইলিয়াম দুর্গ ঘ. ভার্সহ দুর্গ

০৪. আনিসুজ্জামান উচ্চতর শিক্ষালাভ করেছিলেন কোন বিশ্ববিদ্যালয় থেকে?
ক. নিউইয়র্ক বিশ্ববিদ্যালয় খ. হার্ভাড বিশ্ববিদ্যালয়
গ. শিকাগো বিশ্ববিদ্যালয় ঘ. ক্যানসাস বিশ্ববিদ্যালয়

০৫. বুদ্ধিজীবী, গবেষক ও প্রাবন্ধিক হিসেবে মূল্যায়ন করা হয় কোন লেখককে?
ক. সৈয়দ ওয়ালীউল্লাহ খ. জহির রায়হান
গ. আনিসুজ্জামান ঘ. মানিক বন্দ্যোপাধ্যায়

০৬. ঢাকা বিশ্ববিদ্যালয় ছাড়াও আনিসুজ্জামান আর কোথায় অধ্যাপনা করেছেন?
ক. রাজশাহী বিশ্ববিদ্যালয় খ. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
গ. কুমিল্লা বিশ্ববিদ্যালয় ঘ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০৭. 'মুসলিম বাংলার সাময়িক পত্র' গ্রন্থটির রচয়িতা কে?
ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ খ. আনিসুজ্জামান
গ. আবদুল হক ঘ. মোতাহের হোসেন চৌধুরী

০৮. আবদুল মোনায়েম খান গভর্নর থাকাকালীন অর্থমন্ত্রী কে ছিলেন?
ক. ড. দিদারুল আলম খ. ড. এম. এন. হুদা
গ. নূরুল আমেন ঘ. ড. এম. এন. চৌধুরী

০৯. লেখক আনিসুজ্জামান 'জাদুঘরে কেন যাব' রচনায় কয়টি ধারণার কথা উল্লেখ করেছেন?
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫

১০. 'মিউজিয়ামকে আপনারা জাদুঘর বলেন কেন?' উদ্ধৃত উক্তিটি কার?
ক. আনিসুজ্জামান খ. সভাপতির গ. গর্ভনরের ঘ. উপাচার্যের

১১. আবদুল মোনায়েম খান 'মিউজিয়াম' শব্দটি ব্যবহার করতে চেয়েছিলেন কেন?
ক. মুসলমানদের স্বতন্ত্র প্রয়োগ হিসেবে খ. পাণ্ডিত্য ফলাতে
গ. ভাষাপ্রীতির জন্য ঘ. দেশপ্রীতির জন্য

১২. 'তাতে হয়তো তিনি কিছুটা স্বস্তি পেতেন।' উদ্ধৃত অংশের 'তিনি' কে?
ক. মুহম্মদ আলী জিন্নাহ খ. ড. এম. এন. হুদা
গ. আনিসুজ্জামান ঘ. গভর্নর আবদুল মোনায়েম খান

১৩. মানবজাতির উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কিত বিজ্ঞানকে কী বলা হয়?
ক. সৃষ্টিতত্ত্ব খ. শিলাতত্ত্ব গ. নৃতত্ত্ব ঘ. জীবতত্ত্ব

১৪. কায়রো মিউজিয়ামে কতগুলো প্রদর্শন সামগ্রী রয়েছে?
ক. প্রায় আশি হাজার খ. প্রায় নব্বই হাজার
গ. প্রায় দুই লক্ষ ঘ. প্রায় এক লক্ষ বিশ হাজার

১৫. 'জাদুঘরে কেন যাব' রচনার নামকরণ কীভাবে করা হয়েছে?
ক. বিষয়বস্তুর ভিত্তিতে খ. কেন্দ্রীয় চরিত্রের ভিত্তিতে
গ. অন্তর্নিহিত তাৎপর্যের ভিত্তিতে ঘ. পরিবেশ ভিত্তিতে

১৬. নরেন্দ্র নারায়ণ চৌধুরী কত সালে 'বলধা গার্ডেন' প্রতিষ্ঠা করেন?
ক. ১৯০৯ খ. ১৯১২ গ. ১৯৭৬ ঘ. ১৯৮৬

১৭. একাডেমিক প্রদর্শনী, সেমিনার ও প্রকাশনার ক্ষেত্রে কোন জাদুঘর সক্রিয় ভূমিকা রেখে যাচ্ছে?
ক. কলকাতা জাদুঘর খ. জাতীয় জাদুঘর
গ. বলধা গার্ডেন ঘ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর

১৮. দেশি-বিদেশি অনেক প্রজাতির গাছপালার আকর্ষণীয় সংগ্রহ রয়েছে কোন গার্ডেনে?
ক. বোটানিক্যাল গার্ডেন খ. বলধা গার্ডেন
গ. চন্দ্রিমা উদ্যান ঘ. বরেন্দ্র জাদুঘর

১৯. 'জাদুঘরে কেন যাব' রচনার মূল প্রতিপাদ্য বিষয় কী?
ক. জাতীয় চেতনা সঞ্চারণ খ. হাজার বছরের ইতিহাস তুলে ধরা
গ. জনগণকে সচেতন করে তোলা ঘ. সাংস্কৃতিক চেতনা সৃষ্টি

২০. হিন্দিতে জাদুঘরকে কী বলা হয়?
ক. মিউজিয়াম খ. আজবখানা গ. অজায়েব-ঘর ঘ. নক্ষত্রশালা

২১. যাদুঘরের প্রধান কাজ কী?
ক. জাতিকে আত্মপরিচয়ের সূত্র জানানো খ. দর্শনার্থীদের বিনোদন প্রদান
গ. তরুণসমাজকে সৎকাজে উদ্বুদ্ধ করা ঘ. নাগরিকের সচেতনতা সৃষ্টি

২২. রুশ বিপ্লবের মাধ্যমে রাশিয়ায় কী প্রতিষ্ঠিত হয়?
ক. সমাজতন্ত্র খ. গণতন্ত্র
গ. প্রজাতন্ত্র ঘ. মালিকানাতত্ত্ব

২৩. অ্যাশমোলিয়ান মিউজিয়াম গড়ে উঠে কার উদ্যোগে?
ক. সরকারি খ. রাষ্ট্রীয় গ. ব্যক্তিগত ঘ. জাতীয়

২৪. 'রেনেসাঁস' শব্দের অর্থ কী?
ক. যুদ্ধ খ. বিপ্লব গ. নবজাগরণ ঘ. পুনরুত্থান

২৫. 'কোহিনুর' কী?
ক. ফ্রান্সের রানি খ. মূল্যবান পাথর
গ. মূল্যবান ধাতু ঘ. মেয়ের নাম

২৬. 'জাদুঘরে কেন যাব' রচনায় কোন আন্দোলনের উল্লেখ আছে?
ক. স্বাধীনতা আন্দোলন খ. নীল আন্দোলন
গ. স্বদেশি আন্দোলন ঘ. ফরায়েজি আন্দোলন

২৭. গভর্নর মোনায়েম খানের জাদুঘরের ব্যাখ্যায় কী প্রকাশ পায়?
ক. অজ্ঞতা খ. ধর্মান্ধতা গ. বুদ্ধিমত্তা ঘ. বিজ্ঞতা

২৮. 'মৎস্যাধার' কী ধরনের জাদুঘর?
ক. প্রাণী সম্পর্কিত খ. মাছ সম্পর্কিত
গ. উদ্ভিদ সম্পর্কিত ঘ. প্রত্নতত্ত্ব সম্পর্কিত

২৯. আলেকজান্দ্রিয়ার সঙ্গে তুলনীয় কোন জাদুঘরটি?
ক. ল্যুভ খ. হার্মিটেজ
গ. ব্রিটিশ মিউজিয়াম ঘ. টাওয়ার অব লন্ডন

৩০. কোন শতকে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে কোন মিউজিয়াম গড়ে ওঠে?
ক. ষোলো শতকে, ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়াম
খ. সতেরো শতকে, ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়াম
গ. ষোলো শতকে, লুভ্যর মিউজিয়াম
ঘ. সতেরো শতকে, হার্মিটেজ মিউজিয়াম

৩১. 'কী যাদু বাংলা গানে' বাক্যটিতে 'জাদু' শব্দটি কোন অর্থে প্রকাশ পেয়েছে?
ক. আকর্ষণ খ. কুহক গ. ইন্দ্রজাল ঘ. ভেলকি

৩২. আনিসুজ্জামান কত সালে প্রবেশিকা পরীক্ষা দিয়েছেন?
ক. ১৯৪৭ খ. ১৯৫০ গ. ১৯৫১ ঘ. ১৯৫২

৩৩. জাদুঘর কী ধরনের প্রতিষ্ঠান?
গ. গোষ্ঠীগত খ. পারিবারিক
গ. সর্বজনীন ঘ. ব্যক্তিকেন্দ্রিক

৩৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিবিজড়িত বাসভবনকে কত সালে জাদুঘরে রূপান্তরিত করা হয়?
ক. ১৯৭৫ সালে খ. ১৯৭৬ সালে গ. ১৯৯৭ সালে ঘ. ১৯৬৫ সালে

৩৫. জাদুঘরতত্ত্ব রয়েছে কোথায়?
ক. প্রাচ্য দেশে খ. ইউরোপে গ. আমেরিকা ঘ. পাশ্চাত্য দেশে

OMR

৩৫. ক খ গ ঘ	৩৪. ক খ গ ঘ	৩৩. ক খ গ ঘ	৩২. ক খ গ ঘ
৩১. ক খ গ ঘ	৩০. ক খ গ ঘ	২৯. ক খ গ ঘ	২৮. ক খ গ ঘ
২৭. ক খ গ ঘ	২৬. ক খ গ ঘ	২৫. ক খ গ ঘ	২৪. ক খ গ ঘ
২৩. ক খ গ ঘ	২২. ক খ গ ঘ	২১. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ
১৯. ক খ গ ঘ	১৮. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৬. ক খ গ ঘ
১৫. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ	১২. ক খ গ ঘ
১১. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ	০৯. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ
০৭. ক খ গ ঘ	০৬. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ
০৩. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০১. ক খ গ ঘ	

Correct Answer

৩৫.ঘ	৩৪.গ	৩৩.গ	৩২.গ	৩১.ক	৩০.খ	২৯.গ	২৮.খ	২৭.খ
২৬.খ	২৫.খ	২৪.গ	২৩.গ	২২.ক	২১.ক	২০.গ	১৯.ক	১৮.খ
১৭.ঘ	১৬.ক	১৫.ক	১৪.ঘ	১৩.গ	১২.ঘ	১১.ক	১০.গ	০৯.ক
০৮.খ	০৭.খ	০৬.ঘ	০৫.গ	০৪.গ	০৩.খ	০২.গ	০১.খ	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

রেইনকোট

আখতারুজ্জামান ইলিয়াস

ভোররাত থেকে বৃষ্টি। আহা! বৃষ্টির ঝমঝম বোল। এই বৃষ্টির মেয়াদ আল্লা দিলে পুরো তিন দিন। কারণ শনিতে সাত মঙ্গলে তিন, আর সব দিন দিন। এটা জেনারেল স্টেটমেন্ট। স্পেসিফিক ক্ল্যাসিফিকেশনও আছে। যেমন, মঙ্গলে ভোররাতে হইল শুরু, তিন দিন মেঘের গুরুগুরু। তারপর, বুধের সকালে নামল জল, বিকালে মেঘ কয় এবার চল। বৃহস্পতি শুক্র কিছু বাদ নাই। কিন্তু এখন ভুলে গেছে। যেটুকু মনে আছে, পুরু বেড-কভারের নিচে গুটিসুটি মেরে শুয়ে আর-একপশলা ঘুমিয়ে নেওয়ার জন্যে তাই যথেষ্ট। অন্তত তিন দিন ফুটফাট বন্ধ। বাদলায় বন্দুক-বারুদ কি একটু জিরিয়ে নেবে না? এই কটা দিন নিশ্চিন্তে আরাম করো।

তা আর হলো কই? ম্যান প্রোপোজেস-। এমন চমৎকার বাদলার সকালে দরজায় প্রবল কড়া নাড়া শেষ হেমন্তের শীত শীত পর্দা ছিঁড়ে ফালাফালা করে ফেলল। সব ভেস্তে দিল। মিলিটারি! মিলিটারি আজ তার ঘরে। আল্লা গো। আল্লাহুম্মা আন্তা সুবহানকা ইন্নি কুন্তু মিনাজ জোয়ালেমিন।-পড়তে পড়তে সে দরজার দিকে এগোয়। এই কয়েক মাসে কত সুরাই সে মুখস্থ করেছে। রাস্তায় বেরুলে পাঁচ কালেমা সব সময় রেডি রাখে ঠোঁটের ওপর। কোনদিক থেকে কখন মিলিটারি ধরে।-তবু একটা না একটা ভুল হয়েই যায়। দোয়া মনে হলো ঠিকই কিন্তু টুপিটা মাথায় দিতে ভুলে গেল।

দুটো ছিটকিনি, একটা খিল এবং কাঠের ডাশা খুলে দরজার কপাট ফাঁক করতেই বাতাস আর বৃষ্টির ঝাপ্টার সঙ্গে ঘরে ঢোকে প্রিন্সিপ্যালের পিওন। আলহামদুলিল্লাহ! মিলিটারি নয়। পিওনকে জড়িয়ে ধরে চুমু খেতে ইচ্ছা করছে। কিন্তু লোকটার চিনচিনে গলা গম্ভীর স্বরে হাঁকে, "স্যার নে সালাম দিয়া।" বলেই ভাঙাচোরা গালের খোঁচাখোঁচা দাড়িতে লোকটা নিজের বাক্যের কোমল শাস্টুকু শুষে নেয় এবং হুকুম ছাড়ে, "তলব কিয়া। আভি যানে হোগা।"

কী ব্যাপার?

বেশি কথা বলার সময় নাই-কলেজের দেওয়াল ঘেঁষে কারা বোমা ফাটিয়ে গেছে গত রাতে।

মানে?

"মিসকিরিয়ান লোগ ইলেকটিরি টেরানসফার্মার তোড় দিয়া। অওর অয়াপস যানেকা টাইম পিরিন্সিপাল সাহাবকা কোঠিমে গেরেনড ফেকা। গেট তোড় গিয়া।"

ভয়াবহ কাণ্ড। ইলেকট্রিক ট্রান্সফর্মার তো কলেজের সামনের দেওয়াল ঘেঁষে। দেওয়ালের পর বাগান, টেনিস লন। তারপর কলেজ দালান। মস্ত দালান পার হয়ে ফুটবল ও ক্রিকেট খেলার মাঠ। মাঠ পেরিয়ে একটু বাঁ দিকে প্রিন্সিপ্যালের কোয়ার্টার। এর সঙ্গে মিলিটারি ক্যাম্প। কলেজের জিমন্যাশিয়ামে এখন মিলিটারি ক্যাম্প। প্রিন্সিপ্যালের বাড়ির গেটে বোমা ফেলা মানে মিলিটারি ক্যাম্প অ্যাটাক করা। সামনের দেওয়ালে বোমা মেরে এতটা পথ ক্রস করে গেল কী করে? সে জানতে চায়, "ক্যায়সে?"

প্রিন্সিপ্যালের পিওন জানবে কী করে? "উও আপ হি কহ সকতা।"

মানে? সে-ই বা বলবে কী করে? পিওন কি তাকে মিসক্রিয়ান্টদের লোক ভাবে নাকি?- তার মাথাটা আপনাআপনি নিচু হলে মুখ দিয়ে পানির মতো গড়িয়ে পড়ে, "ইসহাক মিয়া, বৈঠিয়ে। চা টা বাইয়ে। আমার এই পাঁচ সাত মিনিট লাগেগা।"

'নেহি।' নাশতার আমন্ত্রণ ফিরিয়ে দিয়ে ইসহাক বলে, "আব্দুস সাত্তার মিরধাকা ঘর যানে হোগা। আপ আভি আইয়ে। এক কর্নেল সাহাব পঁওছ গিয়া। সব পরফসরকো এত্তেলা দিয়া। ফওরন আইয়ে।"

কর্নেলের নেতৃত্বে মিলিটারির হাতে কলেজটা এবং তাকেও ন্যস্ত করে ইসহাক বেরিয়ে যায়, রাস্তায় ঘড়ঘড় করতে থাকা বেবি ট্যাকসির গর্জন তুলে সে রওয়ানা হলো জিওগ্রাফির প্রফেসরের বাড়ির দিকে। ইসহাক নিজেই এখন মিলিটারির কর্নেল বললেও চলে। তবে ভোরবেলা কলেজের ভেতরে কর্নেল খোদ চলে আসায় সে হয়ত ডেমোটেড হয়েছে লেফটেন্যান্ট কর্নেলে। আরও নিচেও নামাতে পারে। কিন্তু ক্যাপ্টেনের এদিকে তাকে ঠেলা মুশকিল। মিলিটারি প্রাদুর্ভাবের পর থেকে তাকে দেখে কলেজের সবাই তটস্থ। এপ্রিলের শুরু থেকে সে বাংলা বলা ছেড়েছে। কোনকালে দাদা না পরদাদার ভায়রার মামু না কে যেন দিল্লিওয়ালা কোন সাহেবের খাস খানসামা ছিল, সেই সুবাদে দিনরাত এখন উর্দু বলে।

"যেতেই হবে? অসময়ের বৃষ্টিতে ভিজে তোমার হাঁপানির টানটা আবার-।" বৌয়ের এসব সোয়াগের কথা শুনলে কি তার চলবে? বৌ কি প্রিন্সিপ্যালের ধমকের ভাগ নেবে? এর ওপর কলেজে কর্নেল এসেছে। কপালে আজ কী আছে আল্লাই জানে! ফায়ারিং স্কোয়াডে যদি দাঁড় করিয়েই দেয় তো কর্নেল সাহেবের হাতে পায়ে ধরে ঠিক কপালে গুলি করার হুকুম জারি করানো যায় না? প্রিন্সিপ্যাল কি তার জন্যে কর্নেলের কাছে এই তদবিরটুকু করবে না? পাকিস্তানের জন্যে প্রিন্সিপ্যাল দিনরাত দোয়া-দরুদ পড়ছে। সময় নাই অসময় নাই দরবারে কান্নাকাটি করে এবং সময় করে কলিগদের গালাগালিও করে। এপ্রিল মাঝামাঝি প্রিন্সিপ্যাল মিলিটারির বড়ো কর্তাদের কাছে সবিনয়ে নিবেদন করেছিল, যদি বাঁচাতে হয় তো সব স্কুলকলেজ থেকে শহিদ মিনার হটাও। এগুলো হলো পাকি শরীরের কাঁটা। পাকিস্তানের পাক সাফ শরীরটাকে নীরোগ করতে হলে এসব কাঁটা ওপ হবে। তা মিলিটারি ডক্টর আফাজ আহমদের পরামর্শ শুনেছে, গ্রাম-গঞ্জে যেখানেই গেছে, কামান তাক করছে শহিদ মিনারের দিকে। দেশে একটা কলেজে শহিদ মিনার আর অক্ষত তা প্রিন্সিপ্যাল তাদের এত বড়ো একটা পরামর্শ দিল, আর সামান্য এক লেকচারারকে গুলি সময় শরীরের আলতুফালতু জায়গা বাদ দিয়ে কপালটা টার্গেট করার অনুরোধটা তার মানে আবার প্রিন্সিপ্যালকে সে এত সার্ভিস দিচ্ছে, তার কলিগের, তওবা, সাব-অর্ডিনেটের এতটুকু করবে না?

প্যান্টের ভিতর পা গলিয়ে দিতে দিতে সে শোনে রান্নাঘর থেকে বৌ "তাড়াতাড়ি চলে এসো। বৃষ্টি শুরু হওয়ার আগে মিরপুর ব্রিজের দিক থেকে গুলির আ আসছিল। কখন কী হয়।"

এসব কথা এখন বলার দরকারটা কী?- রেডিও টেলিভিশনে হরদম বলেছে, সিচু নর্ম্যাল। পরিস্থিতি স্বাভাবিক। দুশমনকে সম্পূর্ণ কব্জা করা গেছে। মিসক্রিয়েন্টরা সব প্রেসিডেন্ট দেশে গণতন্ত্র ফিরিয়ে দিতে বদ্ধপরিকর। কিছুদিন বাদে বাদে তার ভাষণ যায়, আওয়ার আলটিমেট এইম রিমেইনস দ্য সেম, দ্যাট ইজ টু হ্যান্ডওভার পাওয়ার ইলেকটেড রিপ্রেজেনটেটিভ্স অব দ্য পিপল। সবই তো নর্ম্যাল হয়ে আসছে। বাঙালি মিন, ইস্ট পাকিস্তানি গভর্নর, মন্ত্রীরা ইস্ট পাকিস্তানি। সবই তো স্বাভাবিক। এখন বৌ এসব বাজে কথা বলে কেন? ইস! আসমাকে নিয়ে আর পারা যায় না।

"এই বৃষ্টিতে শুধু ছাতায় কুলাবে না গো।" বৌয়ের আরেক দফা সোয়াগ শোনা "তুমি বরং মিন্টুর রেইনকোটটা নিয়ে যাও।"

ইস! আবার মিন্টু। বৌয়ের এই ভাইটার জন্যেই তাকে একট্রা তটস্থ থাকতে বাড়ি থেকে, হ্যাঁ, হ্যাঁ, তার মগবাজারের দুই কামরার ফ্ল্যাট থেকেই তো মিন্টু চলে গে মাসে, জুনের ২৩ তারিখে। জুলাইয়ের পয়লা তারিখে সে বাড়ি শিফট করল। বলা য ওখানে যদি কেউ কিছু আঁচ করে থাকে। ও চলে যাবার তিনদিন পরেই পাশের গোলগাল মুখের মহিলা তার বৌকে জিগ্যেস করেছিল, "ভাবি, আপনার ভাইকে না।" ব্যস, এই শুনেই সে বাড়ি বদলাবার জন্যে লেগে গেল হন্যে হয়ে। মিলিটারি পর থেকে এই নিয়ে চারবার বাড়ি পাল্টানো হলো। এখানে আসার পর নিচের ভদ্রলোক একদিন বলছিল, "আমার ভাইটাকে আর ঢাকায় রাখলাম না। যে গোলমাল পাঠিয়ে দিলাম।" শুনে বুকটা তার ঢিপঢিপ করছিল, এবার যদি তার শালার প্রসঙ্গ নিরাপত্তার জন্যেই সে এখানে এসেছে। কলেজ থেকে দূরে, আত্মীয়স্বজন থেকে দূরে থেকেও দূরেই বলা যায়। ভেবেছিল নতুন এলাকা, পুবদিকে জানলা ধরে দাঁড়ালে পড়ে বিল আর ধানক্ষেত। তা কী বিপদ! এদিকে নাকি নৌকা করে চলে স্টেনগানওয়ালা ছোকরার দল। এদিককার মানুষ চোখে খালি নৌকা দেখে, নৌক অস্ত্র। এর ওপর বৌ যদি মিন্টুর কথা তোলে তো অস্ত্র ঢুকে পড়ে তার ঘরের মধ্যি মিন্টু যে কোথায় গেছে তা সে-ও জানে তার বৌ-ও জানে। কিসিনজার সাহেব ক এসব হলো পাকিস্তানের ইনটার্নাল অ্যাফেয়ার।- মানুষ মেরে সাফ করে দেয়, বাড়িঘর, বাজারহাট জ্বালিয়ে দিচ্ছে,-কারো কোনো মাথাব্যথা নাই। এসব হলো ই অ্যাফেয়ার। -না, না, এ ধরনের ভাবনা ধারে কাছে ঘেঁষতে দেওয়াও ঠিক নয়। ফ্ল্যাটে থাকে ওয়েলডিং ওয়ার্কশপের মালিক, তার শ্বশুর নিশ্চয়ই সর্দার গোছের রাজা সপ্তাহে দুইদিন-তিনদিন মেয়ের বাড়িতে রেফ্রিজারেটর, টেপ রেকর্ডার, দামি সোফাসেট, ফ্যান, খাট-পালং সব চালান পাঠায়।

"দেখি তো, ফিট করে কিনা।" আসমা এগিয়ে এসে তার গায়ে রেইনকোট চড়িয়ে দিতে বলে, "মিন্টু তো আমার অনেক লম্বা। তোমার গায়ে হবে তো?" -দেখো, ফের মিন্টুর তুলনা করে তার সঙ্গে। এই ভাইকে নিয়ে এরকম বাড়াবাড়ি করাটা কি আসমার ঠিক হচ্ছে?

"ভালোই হলো। তোমার গোড়ালি পর্যন্ত ঢাকা পড়েছে। পায়েও বৃষ্টি লাগবে এখানেই আসমার শেষ নয়। রেইনকোটের সঙ্গেকার টুপি এনে চড়িয়ে দেয় তার মাথায়

"আব্বু ছোটোমামা হয়েছে। আব্বু ছোটোমামা হয়েছে।" আড়াই বছরের মেয়ের ঘুম-ভাঙা গলায় ভাঙা ভাঙা বুলি শুনে সে চমকে ওঠে, মিন্টু কি ঢুকে পড়লো অস্ত্রশস্ত্র এর মানে পিছে পিছে ঢুকছে মিলিটারি। তার মানে- । না, দরজার ছিটকিনি ও খিল সব

তাকে কি মিন্টুর মতো দেখাচ্ছে? মিলিটারি আবার ভুল করে বসবে না তো? এ তার পাঁচ বছরের ছেলেটা গম্ভীর চোখে তাকে পর্যবেক্ষণ করে রায় দেয়, ছোটোমামার মতো দেখাচ্ছে। আব্বু তা হলে মুক্তিবাহিনী। তাই না?"

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

এ তো ভাবনার কথা। ড্রেসিং টেবিলের সামনে দাঁড়িয়ে নিজের নতুনরূপে সে ভ্যাবাচ্যাকা খায়। না-! খামাখা ভয় পাচ্ছে। বৃষ্টির দিনে রেইনকোট গায়ে দেওয়াটা অপরাধ হবে কেন? মিলিটারির কি আর বিবেচনাবোধ নাই? প্রিন্সিপ্যাল ড. আফাজ আহমদ ঠিকই বলে, "শোনেন, মিলিটারি যাদের ধরে, মিছেমিছি ধরে না। সাবভার্সিভ অ্যাকটিভিটিজের সঙ্গে তারা সামহাউ অর আদার ইনভলভড।" তা সে তো বাপু এসব থেকে শতহাত দূরে। শালা তার বর্ডার ক্রস করল, ফিরে এসে দেশের ভেতরে দমাদম মিলিটারি মারে। তাতে আর দুলাভাইয়ের দোষটা কোথায়? এই যে মিলিটারি প্রত্যেকদিন এই ঢাকা শহরের বাজার পোড়ায়, বস্তিতে আগুন লগিয়ে টপাটপ মানুষ মারে, মেয়েদের ধরে নিয়ে যায়, -সে কখনো এসব নিয়ে টুঁ শব্দটি করেছে? কলেজের দেওয়াল ঘেঁষে প্রিন্সিপ্যালের কোয়ার্টারের পাশে মিলিটারি ক্যাম্প, ক্লাশট্লাশ সব বন্ধ। ছেলেরা কেউ আসে না। মাস্টারদের হাজিরা দিতে হয়, তাও বহু টিচার গা ঢাকা দিয়েছে কবে থেকে। সে তো রোজ টাইমলি যায়। স্টাফ রুমে কলিগরা ফিসফিস করে, কোথায় কোন ব্রিজ উড়ে গেল, কোথায় সাত মিলিটারির লাশ পড়েছে ছেলেদের গুলিতে, এই কলেজের কোন কোন ছেলে ফ্রন্টে গেছে, -কই, সে তো এসব আলাপের মধ্যে কখনো থাকে না। এসব কথা শুরু হলেই আলগোছে উঠে সে চলে যায় প্রিন্সিপ্যালের কামরায়। ড. আফাজ আহমদের খ্যাসখ্যাস গলায় হিন্দুস্থান ও মিসক্রিয়েন্টদের আশু ও অবশ্যম্ভাবী পতন সম্বন্ধে নিশ্চিত ভবিষ্যদ্বাণী শোনে। ওই ঘরে আজকাল সহজে কেউ ঘেঁষে না। উর্দুর প্রফেসর আকবর সাজিদকে প্রিন্সিপ্যাল আজকাল তোয়াজ করে।

মিন্টুর ফেলে-যাওয়া নাকি রেখে-যাওয়া রেইনকোটে ঢোকার পর থেকে তার পা শিরশির করছে, আর এক মুহূর্ত দাঁড়িয়ে থাকা যাচ্ছে না। প্রিন্সিপ্যাল তাকে ডেকে পাঠিয়েছে সেই কখন!

রাস্তায় একটা রিকশা নাই। তা রিকশার পরোয়াও সে এখন করছে না। রেইনকোটের ভেতরে হাঁটতে হাঁটতে বাসস্ট্যান্ড যেতে তার কোনো অসুবিধে হবে না। রেইনকোটের ওপর বৃষ্টি পড়ছে অবিরাম। কী মজা, তার গায়ে লাগে না একটি ফোঁটা। টুপির বারান্দা বেয়ে পানি গড়িয়ে পড়লে কয়েক ফোঁটা সে চেটে দেখে। ঠিক পানসে স্বাদ নয়, টুপির তেজ কি পানিতেও লাগল নাকি? তাকে কি মিলিটারির মতো দেখাচ্ছে? পাঞ্জাব আর্টিলারি, না বালুচ রেজিমেন্ট, না কম্যান্ডো ফোর্স, নাকি প্যারা মিলিটারি, না মিলিটারি পুলিশ, -ওদের তো একেক গুষ্টির একেক নাম, একেক সুরত। তার রেইনকোটে তাকে কি নতুন কোনো বাহিনীর লোক বলে মনে হচ্ছে? হোক। সে বেশ হনহন করে হাঁটে। শেষ-হেমন্তের বৃষ্টিতে বেশ শীত-শীত ভাব। কিন্তু রেইনকোটের ভেতরে কী সুন্দর ওম। মিন্টুটা এই রেইনকোট রেখে গিয়ে কী ভালোই যে করেছে।

বাসস্ট্যান্ডে পৌঁছে বাসের জন্য তাকে তাকাতে হয় উত্তরেই। মিলিটারি লরির ল্যাজটাও দেখা যাচ্ছে না। আবার তার বাসেরও তো নামগন্ধ নেই।

বাসস্ট্যান্ডে জনপ্রাণী বলতে সে একেবারে একলা। রাস্তার পাশে পান-বিড়ি-সিগ্রেটের ছোট দোকানটার ঝাঁপ একটুখানি তুলে দোকানদারও তাকিয়ে রয়েছে উত্তরেই, ওদিকে কি কোনো গোলমাল হলো নাকি? দোকানদার ছেলেটো একটু বাচাল টাইপের। বাসস্ট্যান্ডে তাকে দেখলেই ছোঁড়াটা বিড়বিড় করে, কাল শোনেন নাই? মিরপুরের বিল দিয়া দুই নৌকা বোঝাই কইরা আইছিল। একটা জিপ উড়াইয়া দিছে, কমপক্ষে পাঁচটা খানসেনা খতম। বিবিসি কইছে, রংপুর-দিনাজপুরের হাফের বেশি জায়গা স্বাধীন। এর মধ্যেই ছিপছিপে বৃষ্টিতে লালচে আভা তুলে এসে পড়ল লাল রঙের স্টেট বাস।

বাসে যাত্রী কম। না, না, কন্ডাক্টররা সবসময় যেমন- খালি-গাড়ি বলে চ্যাঁচায়, সেরকম নয়। সত্যি সত্যি অর্ধেকের বেশি সিট খালি। সে বাসে উঠলে তার রেইনকোটের পানি গড়িয়ে পড়তে লাগল বাসের ভিজে মাটিতে। এ জন্যে তার একটু খারাপ কথা, অন্তত টিটকারি শোনার কথা। কিন্তু তাকে কেউ কিছু বলে না।

ঠোঁটে তার একটু হাসি বিছানো থাকে। এই নীরব কিন্তু স্পষ্ট হাসির কারণ কি এই যে, তার রেইনকোটের পানিতে বাসে সয়লাব গেলেও কেউ টুঁ শব্দটি করছে না? তার পোশাক কি সবাইকে ঘাবড়ে দিল নাকি? খালি রাস্তা পেয়ে বাস চলে খুব জোরে। কিন্তু তার আসনটি সে নির্বাচন করতে পারছে না। টলতে টলতে একবার এই সিট দেখে, পছন্দ হয় না বলে ফের ওই সিটের দিকে যায়। এমন সময় পেছনের দিক থেকে দুজন যাত্রী উঠে পড়ে তাড়াহুড়া করে, 'রাখো রাখো' বলতে বলতে ঝুঁকি নিয়ে তারা নেমে পড়ে চলন্ত বাস থেকে। ফের মিন্টুর তাদের দিকে তাকায় এবং বুঝতে পারে, এরা পালাল ঠিক তাকে দেখেই। লোক দুটো নিশ্চয়ই ক্রিমিনাল। একটা চোর, আরেকটা পকেটমার। কিংবা দুটোই চোর অথবা দুটোই পকেটমার। নামবার মুহূর্তে দুটোর মধ্যে সর্দার টাইপেরটা তার দিকে পেছন ফিরে তাকাল। তার চোখ ভরা ভয়, কেবল ভয়।

জুৎসই সিট বেছে নিয়ে সে ধপাস করে বসতেই ফোমে ফস করে আওয়াজ হয় এবং তখন ঘাড় ফিরিয়ে তাকায় সামনের সিটে বসা তিনজন যাত্রী। হুঁ! এদেরও সে ঠিক চোর কিংবা পকেটমার বলে ঠিক শনাক্ত করে ফেলে। ডাকাতও হতে পারে। কিংবা মিলিটারি কোনো বস্তিতে আগুন লাগিয়ে চলে এলে এরা ছোটে সেখানে লুটপাট করতে। অথবা মিলিটারি কোথাও লুটপাট করলে এরা গিয়ে উচ্ছিষ্ট কুড়ায়। তিনটেই পরের স্টপেজে নামার জন্য অনেক আগেই ধরফর করে উঠে দাঁড়ায় এবং বাস থামার সঙ্গে-সঙ্গে নেমে পড়ে ঝটপট পায়। তিনটে ক্রিমিনালের একটাও তার দিকে আর ফিরেও তাকায় না। তার মানে তাকে বেশ ভয় পেয়েছে বলেই তার সঙ্গে চোখাচোখি এড়াতে এদের এত কসরত।

যাক, মিন্টুর রেইনকোটে তার কাজ হচ্ছে। চোর ছ্যাঁচোর পকেটমার সব কেটে পড়ছে। ভালো মানুষেরা থাক। সে বেশ সৎসঙ্গে চলে যাবে একেবারে কলেজ পর্যন্ত।

আসাদ গেট বাসস্টপেজে ঝিরঝিরে বৃষ্টিতে দাঁড়িয়ে অপেক্ষা করছিল বেশ কয়েকজন মানুষ। ছাতা হাতে কেউ কেউ নিজ-নিজ ছাতার নিচে এবং ছাতা ছাড়া অনেকেই অন্যের ছাতার নিচে মাথার অন্তত খানিকটা পেতে দিয়ে বৃষ্টির ছাঁট থেকে আত্মরক্ষা করতে শরীরগুলোকে আঁকাবাঁকা করছিল। বাস থামালে সে দেখল, একে একে নয়জন প্যাসেঞ্জার বাসে উঠল। সে বেশ খুঁটিয়ে খুঁটিয়ে সবাইকে দেখে। তো তার দিকে তাকিয়ে নয়জনের তিনজন 'আরে রাখো রাখো' এবং একজন 'রোখো-রোখো' বলতে বলতে নেমে পড়ল ধড়ফড় করে। শেষের জন বোধ হয় এমনি অর্ডিনারি চোর, ছিঁচকে চোর হওয়ার সম্ভাবনাই বেশি। আর প্রথম তিনটে কোথাও সুন্দরী মেয়ে মানুষ দেখলে মিলিটারিকে খবর দেয় কিংবা মিলিটারির কাছ থেকে বন্দুক নিয়ে 'পাকিস্তান জিন্দাবাদ' 'পাকিস্তান জিন্দাবাদ' স্লোগান দিয়ে মহল্লায়-মহল্লায় ঘোরে আর সুন্দরী মেয়েদের ধরে এনে পৌঁছে দেয় মিলিটারি ক্যাম্পে। এগুলো হলো রাজাকার। ফের নতুন করে অপরাধীমুক্ত বাসে যেতে এখন ভালো লাগছে। জানালার বাইরে বৃষ্টি আঁশ উড়ছে ঠাণ্ডা হাওয়ায় গাছপালা, লোকজন, দোকানপাট ও বাড়িঘরের ওপর ট্রান্সপারেন্ট আবরণ দেখে তার এক্সট্রা ভালো লাগে। সমস্ত ভালো-লাগাটা চিড় খায়, বাস হঠাৎ করে ব্রেক কষলো। তখন তাকে তাকাতে হয় বাঁয়ে, চোখ পড়ে নির্মীয়মাণ মসজিদের ছাদের দিকে দরজা থেকে ঠাণ্ডা হাওয়া এসে লাগে তার মুখে এবং নাকের ভেতর দিয়ে সেই হাওয়া ঢুকে পড়ে বুকে, সেখানে ধাক্কা লাগে; ক্র্যাকডাউনের রাত কেটে ভোর হলে মিলিটারির গুলিতে এই মসজিদের ছাদ থেকে পড়ে গিয়েছিল মুয়াজ্জিন সাহেব। ঠাণ্ডা হাওয়ার ধাক্কা রেইনকোটের তাপে এতটাই গরম হয়ে ওঠে যে, মনে হয় ভিতরে বুঝি আগুন ধরে গেল। মসজিদের উল্টোদিকের বাড়িতে তিনতলায় থাকত তখন তারা। রাতভর ট্যাঙ্কের হুঙ্কার আর মেশিনগান আর স্টেনগানের ঘেউঘেউ আর মানুষের কাতরানিতে তাদের কারও ঘুম হয়নি সে রাতে। ছেলেমেয়ে নিয়ে ছেলেমেয়ের মায়ের সঙ্গে সে শুয়েছিল খাটের নিচে। ভোরবেলা মিলিটারি মানুষ মারায় একটু বিরতি দিলে ছেলেমেয়েরা ঘুমিয়ে পড়ে এবং বন্ধ জানালার পর্দা একটু তুলে সে রাস্তা দেখতে থাকে। রাস্তার ওপরে মসজিদের ছাদে মুয়াজ্জিন সাহেব দাঁড়িয়েছিল আজান দিতে। সাধারণত জুমার নামাজটা সে নিয়মিত পড়ে। তবে সেই ভোরে তার আজান শুনতে ইচ্ছা করছিল খুব। মুয়াজ্জিনের আজান দেওয়াটা সম্পূর্ণ দেখবে বলে সে জানালার ধার থেকে সরে না। সারা এলাকায় ইলেকট্রিসিটি নষ্ট, মসজিদের মাইক্রোফোন অকেজো। মুয়াজ্জিন সাহেব গমগমে গলায় যতটা পারে জোর দিয়ে বলে উঠল 'আল্লাহু আকবার'। দ্বিতীয়বার আল্লাহর মহত্ত্ব ঘোষণা করার সুযোগ তার আর মেলেনি, এর আগেই সম্পূর্ণ অন্যরকম ধ্বনি করে লোকটা পড়ে যায় রাস্তার ওপর। সেদিন সকালে বৃষ্টি ছিল না। আজ বৃষ্টির সকালে মিলিটারি কি ওই দৃশ্যের পুনর্ঘটনের পাঁয়তারা করছে? এখন তো কোনো নামাজের ওয়াক্ত নেই, তবে আজান দেওয়াবে কি করে? এরা বোধ হয় যে কোনো সময়কেই নামাজের ওয়াক্ত ঘোষণা করে নতুন হুকুম জারি করেছে।

মিলিটারি এখন যাবতীয় গাড়ি থামাচ্ছে। গাড়ির প্যাসেঞ্জারদের নামিয়ে দাঁড় করিয়ে দেয় রাস্তার ধারে। আরেক দল মিলিটারি স্টেনগান তাক করিয়ে রেখেছে এই মানুষের সারির ওপর। অন্য একটি দল ফের ওই সব লোকের জামাকাপড় ও শরীরের গোপন জায়গাগুলো তল্লাসি করে। মিলিটারি যাদের পছন্দ করছে তাদের ঠেলে দিচ্ছে পেছনে দাঁড়ানো একটা লরির দিকে। তাদের বাসটিতে এসে উঠল লম্বা ও খুব ফর্সা এক মিলিটারি।

এখন বাসের ভিতর কোনো আওয়াজ নাই। যাত্রীদের বুকের টিপটিপ শব্দ এই নীরবতার সুযোগে বাড়ে এবং এটাই তার মাথায় বাজে ড্রাম-ড্রাম করে। বারান্দাওয়ালা টুপির নিচে শব্দের ঘষায় ঘষায় আগুন জ্বলে এবং তার হল্কা বেরোয় তার চোখ দিয়ে। তবে একটু নড়ে বসলে মাথার ও বুকের ধ্বনি নিয়ন্ত্রণে আসে এবং এসবকে পরোয়া না করে সে সরাসরি তাকাল মিলিটারির মুখের দিকে। মিলিটারির চোখ ছুঁচালো হয়ে আসে এবং ছুঁচালো চোখের মণি কাঁটার মতো বিঁধে যায় তার মুখে। সেও তার চোখের ভোঁতা কিন্তু গরম চাউনিটাকে স্থির করে আলগোছে বিছিয়ে দেয় মিলিটারির খাড়া নাকে, ছুঁচালো চোখে, গোঁফের নিচে ও নাক, গোঁফ ও চোখের আশপাশের ও নিচের লালচে চামড়ায়। এতে কাজ হলো। মিলিটারির চোখা চোখ সরে যায় তার মুখ থেকে নেমে পড়ে তার রেইনকোটের ওপর। মনে হয় রেইনকোটের পানির ফোঁটাগুলো লোকটা গুণে গুণে দেখছে। ভেতরের তাপে এইসব পানির ফোঁটা দেখে মিলিটারির এত থ মেরে যাবার কী হলো? লোকটা কি এগুলোতে রক্তের চিহ্ন দেখে? রেইনকোটের বৃষ্টির ফোঁটা গোণাগুনতি সেরে মিলিটারি হঠাৎ বলে 'আগে বাঢ়ো' বাস হঠাৎ স্টার্ট দিয়ে কয়েক পা লাফিয়ে আগে বাড়ে এবং যাত্রীদের স্বস্তির নিঃশ্বাসের ধাক্কায় অতিরিক্ত বেগে ছুটে পার হয়ে যায় ঢাকা কলেজের গেট। নিউ মার্কেটের সামনে এসে পড়লে সে উঠে দাঁড়ায় এবং হুকুম করে, 'রাখেন নামবো'। বাস একটু স্লো হলে তার রেইনকোটের জমানো পানি গড়িয়ে পড়তে দিয়ে অপরাধীমুক্ত বাস থেকে নামতে নামতে সহযাত্রীদের দিকে তাকিয়ে সে ঠোঁট বাঁকায়, এতে তার সামনের সারির দাঁতও বেরিয়ে পড়ে। যারা দেখেছে তারা তার সেই ভঙ্গিটিকে ঠিক হাসি বলে শনাক্ত করতে পেরেছিল বলে তার ধারণা হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY

প্রিন্সিপ্যালের কামরায় প্রিন্সিপ্যালের সিংহাসন মার্কা চেয়ারে বসে রয়েছে জাঁদরেল টাইপের এক মিলিটারি পান্ডা। তার ভারিক্কি মুখ থেকে অনুমান করা যায়, পান্ডাটি কর্নেল কিংবা মেজর জেনারেল, অথবা মেজর বা ব্রিগেডিয়ার। তাকে দেখে প্রিন্সিপ্যালের কালো মুখ বেগুনি হয়, ড. আফাজ আহমদ এমএসসি, পিএইচডি, ই পি এস ই এস হওয়ার চেষ্টা করতে করতে স্যার বলে 'হি ইজ প্রফেসর হুদা'।

কিন্তু ড. আফাজ আহমদ এমএসসি, পিএইচডি নিজের ভুল সংশোধন না করে পারে না, 'সরি হি ইজ নট এ প্রফেসর। এ লেকচারার ইন কেমিস্ট্রি।

'শাট আপ'

এবার প্রিন্সিপ্যাল থামে।

তাকে এবং আবদুস সাত্তার মৃধাকে নিয়ে মিলিটারি জিপে তোলার আগে জাঁদরেল কর্নেল না ব্রিগেডিয়ার প্রিন্সিপ্যালকে কড়া গলায় বলে, সেনাবাহিনীকে নিয়ে মজা করে শায়েরি করা খুব বড়ো অপরাধ। এবার তাকে ছেড়ে দেওয়া হলো, তবে কড়া ওয়াচে রাখা হবে। উর্দুর প্রফেসর আকবর সাজিদের দোহাই পেড়ে প্রিন্সিপ্যালের সুবিধা হয় না। নুরুল উদ্বিগ্ন হয়, সাজিদ সাহেব যদি পালিয়ে না থাকে তো তার কপালে যে কী আছে তা জানে এক আল্লা আর জানে এ মিলিটারি।

তাদের দুজনের চোখ বেঁধে দেওয়া হয়েছিল, জিপ চলছিল এঁকেবেঁকে। মস্ত উঁচু একটা ঘরে তাদের এনে ফেলা হলো। চোখ খুলে দিলে সে আবদুস সাত্তার মৃধাকে দেখতে পায় না। জায়গাটাও একেবারে অচেনা। একটা ডেক-চেয়ারে সে যে কতক্ষণ বসে থাকল তার কোনো হিসাব নেই। তার সামনে একটা চেয়ারে এসে বসল এক মিলিটারি। তাকে ইংরেজিতে নানান প্রশ্ন করে, সে জবাব দেয়। লোকটা চলে গেলে তাকে অন্য ঘরে নিয়ে ফের অন্য একটা লোক এসে তাকে প্রশ্ন করে এবং সে জবাব দেয়। প্রশ্নগুলো প্রায় একইরকম এবং তার উত্তরেরও হেরফের হয় না। যেমন, কিছুদিন আগে তাদের কলেজে কয়েকটা লোহার আলমারি কেনা হয়েছে। ওগুলো বয়ে নিয়ে এসেছিল কারা?

সে জবাব দেয়, ঠিক। অফিসের জন্যে তিনটে, বোটানি হিস্ট্রি জিওগ্রাফি ডিপার্টমেন্টের জন্যে দুটো করে এবং ইংরেজির জন্যে একটা, সর্বমোট দশটি আলমারি কলেজে নিয়ে আসা হয়েছে।

এত কথা বলার দরকার নাই তার। ওই আলমারিগুলো নিয়ে আসা হয় কয়েকটা ঠেলাগাড়ি করে। ঠেলাগাড়িওয়ালাদের তো সে ভালো করেই চেনে।

নুরুল হুদা জবাব দেয়, তাদের সে চিনবে কোত্থেকে? তারা হলো কুলি, সে একজন লেকচারার।

তাহলে সে তাদের সঙ্গে এত কথা বলছিল কেন?

প্রিন্সিপ্যালের আদেশে সে আলমারিগুলোর স্টিলের পাতের ঘনত্ব, দেরাজের সংখ্যা ও আকার, তালাচাবির মান, রঙের মান প্রভৃতি পরীক্ষা করে দেখছিল, তার দায়িত্ব ছিল-

মিলিটারি শান্ত গলায় তথ্য সরবরাহ করার ভঙ্গিতে বলে, মিসক্রিয়েন্টরা কলেজে ঢুকেছিল কুলির বেশে। এটা তার চেয়ে আর ভালো জানে কে? তারা আজ ধরা পড়ে নুরুল হুদার নাম বলেছে। তাদের সঙ্গে তার যোগাযোগ নিয়মিত, সে গ্যাঙের একজন সক্রিয় সদস্য।

'আমার নাম? সত্যি বলেছ? আমার নাম বলেছ? নুরুল হুদার হঠাৎ চিৎকার মিলিটারি বিরক্ত হয় না, বরং উৎসাহ পায়। উৎসাহিত মিলিটারি ফের বলে কুলিরা ছিল ছদ্মবেশী মিসক্রিয়েন্ট। তারা কলেজের টিচারদের মধ্যে নুরুল হুদার নামই বলেছে।

নুরুল হুদা অবাক হয়ে তাকিয়ে থাকে। তারা কি তাকে চেনে? কেমিস্ট্রি ডিপার্টমেন্টে আলমারি সাজিয়ে রাখার সময় এক কুলি দাঁড়িয়েছিল তার গা ঘেঁষে! তখন তো ঘোরতর বর্ষাকাল, ঢাকায় এবার বৃষ্টিও হয়েছে খুব। রাতদিন এই বৃষ্টি নিয়ে সে কি যেন বলেছিল, তাতে কুলিটা বিড়বিড় করে ওঠে,'বর্ষাকালেই তো জুৎ'। কথাটা দুবার বলেছিল। এর মানে কী? স্টাফরুমে কে একজন একদিন না দুদিন ফিসফিস করছিল, বাংলার বর্ষা তো শালারা জানে না। রাশিয়ায় ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন। ওই ছদ্মবেশী ছেলেটা কি এই কথাই বুঝিয়েছিল? তার ওপর তাদের এত আস্থা? উৎসাহে নুরুল হুদা এদিক-ওদিক তাকায়। তার মৌনতা মিলিটারিকে আরেকটু নিশ্চিত করে।

কিছুক্ষণ পর, কতক্ষণ পর সে বুঝতে পারে না, মিলিটারি তাকে ফের একই প্রশ্ন করে জবাব না পেয়ে প্রবল বেগে দুটো ঘুষি লাগায় তার মুখে। প্রথম ঘুষিতে সে কাত হয়, দ্বিতীয় ঘুষিতে পড়ে যায় মেঝেতে। মেঝে থেকে তুলে তাকে মিলিটারি ফের জিজ্ঞেস করে, ওদের আস্তানা কোথায় সে খবর তার তো ভালোভাবেই জানা আছে। সে জবাব দেয়, 'হ্যাঁ'!

ওই ঠিকানাটা বলে দিলেই তো তাকে সসম্মানে ছেড়ে দেওয়া হবে এই নিশ্চয়তা দিয়ে তাকে পাউরুটি ও দুধ খাওয়ানো হয়। তাঁকে ভাবতে সময় দিয়ে মিলিটারি চলে যায়। কিছুক্ষণ পর, কতক্ষণ সে জানে না, মিলিটারি ফিরে এসে ফের বলে, মিসক্রিয়েন্টদের ঠিকানা তো তার জানা আছে। সে ফের জবাব দেয়, হ্যাঁ। কিন্তু পরের প্রশ্নের জবাব না পেয়ে মিলিটারি তাকে নিয়ে যায় অন্য একটি ঘরে। তার বেঁটেখাটো শরীরটাকে ঝুলিয়ে দেওয়া হলো ছাদে-লাগানো একটা আংটার সঙ্গে। তার পাছায় চাবুকের বাড়ি প সপাং করে। তবে বাড়িগুলো বিরতিহীন পড়তে থাকায় কিছুক্ষণের মধ্যে সে হুদার কাছে মনে হয় স্রেফ উৎপাত বলে। মনে হচ্ছে যেন বৃষ্টি পড়ছে মিন্টুর রে ওপর। রেইনকোটটা এরা খুলে ফেলেছে, কোথায় রাখল কে জানে। কিন্তু তার শরীরে এখনো লেগেই রয়েছে। বৃষ্টির মতো চাবুকের বাড়ি পড়ে তার রেইনকো চামড়ায় আর সে অবিরাম বলেই চলে, মিসক্রিয়েন্টদের ঠিকানা তার জানা আছে শালার নয়, তার ঠিকানা জানার মধ্যে কোনো বাহাদুরি নাই, সে ছদ্মবেশী কুলিদের চেনে। তারাও তাকে চেনে এবং তার ওপর তাদের আস্থাও কম নয়। তাদের আঁতাতের অভিযোগ ও তাদের সঙ্গে তার আঁতাত রাখার উত্তেজনায় নুরুল হু শরীর এতটাই কাঁপে যে চাবুকের বাড়ির দিকে তার আর মনোযোগ দেওয়া হয়ে ও

শব্দার্থ ও টীকা

জেনারেল স্টেটমেন্ট	সাধারণ বিবৃতি।
স্পেসিফিক ক্লাসিফিকেশন	সুনির্দিষ্ট শ্রেণিকরণ।
তলব কিয়া	তলব করেছেন।
আভি যানা হোগা	এখনই যেতে হবে।
ক্যায়সে	কীভাবে।
উও আপ হি কহ সকতা	সেটি আপনিই বলতে পারেন।
ওয়েলডিং ওয়ার্কশপ	ঝালাই কারখানা।
ট্রান্সপারেন্ট	স্বচ্ছ।
মিসক্রিয়ান্ট	দুষ্কৃতিকারী। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় প সরকার ও তার সেনাবাহিনী এই শব্দটি বাংল মুক্তিযোদ্ধাদের হেয় প্রতিপন্ন করার জন্য ব্যবহার ক
গেট তোড় গিয়া	গেট ভেঙে গেছে।
আব্দুস সাত্তার মিরধাকা ঘর যানে হোগা	আবদুস সাত্তার মৃধার বাসায় যেতে হবে।
আপ আভি আইয়ে	আপনি এখনই আসুন।
এক কর্নেল সাহাব পঁওছ গিয়া	এক কর্নেল সাহেব এর মধ্যেই চলে এসেছেন।
সাবভার্সিভ অ্যাকটিভিটিজ	রাষ্ট্রবিরোধী কার্যক্রম। মুক্তিযোদ্ধাদের তৎপ পাকিস্তান সরকার ও তাদের সমর্থকরা ১৯৭১ এভাবে অভিহিত করত।
ক্রাক-ডাউনের রাত	১৯৭১ সালের ২৫এ মার্চ দিবাগত রাতে পা সেনাবাহিনী ঢাকায় যে ভয়াবহ ধ্বংসযজ্ঞ ও গ পরিচালনা করে সেই রাতের কথা বলা হয়েছে।
রাশিয়ায় ছিল জেনারেল উইন্টার আমাদের জেনারেল মনসুন	দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রচণ্ড শীতের কবলে হিটলারের বাহিনী রুশ বাহিনীর হাতে পর্যুদস্ত হ বাংলাদেশের প্রবল বর্ষায় তেমনি বি পরিস্থিতিতে পড়েছিল হানাদার পাকিস্তানি ব এখানে সেই বিষয়টিরই তুলনা করা হয়েছে।

লেখক পরিচিতি

নাম	আখতারুজ্জামান ইলিয়াস পিতৃদত্ত নাম : আখতারুজ্জামান মোহাম্মদ ইলিয়াস।
জন্ম পরিচয়	জন্ম : ১৯৪৩ সালের ১২ ফেব্রুয়ারি গাইবান্ধার গোটিয়া গ্রামে ম জন্মগ্রহণ করেন। পিতৃনিবাস : বগুড়া শহরের উপকণ্ঠে অব গ্রাম। পিতা : বি. এম ইলিয়াস, মাতা : মরিয়ম ইলিয়াস।
শিক্ষাজীবন	প্রথমে বগুড়ায় ও পরে ঢাকায় তাঁর শিক্ষাজীবন অতিবাহিত ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন
কর্মজীবন/পেশা	কর্মজীবনে তিনি ছিলেন সরকারি কলেজের বাংলা বিষয়ের অধ্যা
মৃত্যু	১৯৯৭ সালের ৪ঠা জানুয়ারি ঢাকায় ক্যান্সারে আক্রান্ত হয়ে তিনি পরলোকগমন করেন।
সাহিত্যকর্ম	
উপন্যাস	'চিলেকোঠার সেপাই' (১৯৮৭) ও 'খোয়াবনামা' (১৯৯৬)।
গল্পগ্রন্থ	'অন্য ঘরে অন্য স্বর' (১৯৭৬), 'খোয়ারি', 'দুধভাতে উৎপাত', ওম', 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭)।
প্রবন্ধ	সংস্কৃতির ভাঙা সেতু (১৯৯৮)।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- আখতারুজ্জামান ইলিয়াসের গল্পগ্রন্থ – ৫টি।
- তাঁর পাঁচটি ছোটগল্প গ্রন্থে গল্প সংকলিত আছে– ২৮টি।
- আখতারুজ্জামান ইলিয়াসের 'সংস্কৃতির ভাঙা সেতু' প্রবন্ধ গ্রন্থে প্রবন্ধ সংকলিত হয়েছে– ২২টি।
- তাঁর রচিত উপন্যাস – ২টি।
- আখতারুজ্জামান ইলিয়াস বাংলা একাডেমি পুরস্কার পান– ১৯৮২ সালে।
- তিনি জীবন ও জগৎকে পর্যবেক্ষণ করেছেন– গভীর অন্তর্দৃষ্টি সহযোগে।
- আখতারুজ্জামান ইলিয়াসের মহাকাব্যোচিত উপন্যাস– 'চিলেকোঠার সেপাই' ও 'খোয়াবনামা'।
- তাঁর রচিত কোন উপন্যাসটি ঊনসত্তরের (১৯৬৯) গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটের রচিত?– চিলেকোঠার সেপাই।
- তাঁর রচিত কোন উপন্যাসটি ফকির সন্ন্যাসী বিদ্রোহ, তেভাগা আন্দোলন, ১৯৪৩-এর মন্বন্তর, পাকিস্তান আন্দোলন ও সাম্প্রদায়িক দাঙ্গা ইত্যাদি ঐতিহাসিক প্রেক্ষাপটে রচিত– খোয়াবনামা।
- মফিজউদ্দিন শিক্ষা কমিশনের সদস্য আখতারুজ্জামান ইলিয়াস প্রভাষক হিসেবে কোন কলেজে যোগদানের মাধ্যমে কর্মজীবন শুরু করেন– জগন্নাথ কলেজ।
- আখতারুজ্জামান ইলিয়াস কর্তৃক রচিত 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' কত সালে প্রকাশিত হয়– ১৯৯৭ সালে।

'রেইনকোট' গল্প সম্পর্কিত তথ্যাবলি

- **উৎস :** 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে। পরে এটি লেখকের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গ্রন্থে সংকলিত হয়। এ গল্পের পাঠ গ্রহণ করা হয়েছে আখতারুজ্জামান ইলিয়াস রচনাসমগ্র ১ থেকে।
- **প্রথম লাইন–** ভোররাত থেকে বৃষ্টি।
- **শেষ লাইন–** তাদের সঙ্গে তার আঁতাতের অভিযোগ ও তাদের সঙ্গে তার আঁতাত রাখার উত্তেজনায় নুরুল হুদার ঝুলন্ত শরীর এতটাই কাঁপে যে চাবুকের বাড়ির দিকে তার আর মনোযোগ দেওয়া হয়ে ওঠে না।
- **ভাষারীতি :** চলিতরীতি।

গুরুত্বপূর্ণ লাইন

- ভোররাত থেকে বৃষ্টি। আহা! বৃষ্টির ঝমঝম বোল। এই বৃষ্টির মেয়াদ আল্লা দিলে পুরো তিন দিন। কারণ শনিতে সাত মঙ্গলে তিন, আর সব দিন দিন। এটা জেনারেল স্টেটমেন্ট। স্পেসিফিক ক্ল্যাসিফিকেশনও আছে।
- আল্লাহুম্মা আন্তা সুবহানকা ইন্নি কুন্তু মিনাজ জোয়ালেমিন।
- ইলেকট্রিক ট্রান্সফর্মার তো কলেজের সামনের দেওয়াল ঘেঁষে। দেওয়ালের পর বাগান, টেনিস লন। তারপর কলেজ দালান।
- রাস্তায় ঘড়ঘড় করতে থাকা বেবি ট্যাকসির গর্জন তুলে সে রওয়ানা হলো জিওগ্রাফির প্রফেসরের বাড়ির দিকে।
- এপ্রিলের শুরু থেকে সে বাংলা বলা ছেড়েছে। কোনকালে দাদা না পরদাদার ভায়রার মামু না কে যেন দিল্লিওয়ালা কোন সাহেবের খাস খানসামা ছিল, সেই সুবাদে দিনরাত এখন উর্দু বলে।
- পাকিস্তানের জন্যে প্রিন্সিপ্যাল দিনরাত দোয়া-দরুদ পড়ছে।
- এপ্রিল মাসের মাঝামাঝি প্রিন্সিপ্যাল মিলিটারির বড়ো কর্তাদের কাছে সবিনয়ে নিবেদন করেছিল, পাকিস্তান যদি বাঁচাতে হয় তো সব স্কুলকলেজ থেকে শহিদ মিনার হটাও।
- তা মিলিটারি ডক্টর আফাজ আহমদের পরামর্শ শুনেছে, গ্রাম-গঞ্জে যেখানেই গেছে, প্রথমেই কামান তাক করছে শহিদ মিনারের দিকে।
- তাড়াতাড়ি চলে এসো। বৃষ্টি শুরু হওয়ার আগে মিরপুর ব্রিজের দিক থেকে গুলির আওয়াজ আসছিল। কখন কী হয়।"
- বাড়ি থেকে, হ্যাঁ, হ্যাঁ, তার মগবাজারের দুই কামরার ফ্ল্যাট থেকেই তো মিন্টু চলে গেল জুন মাসে, জুনের ২৩ তারিখে। জুলাইয়ের পয়লা তারিখে সে বাড়ি শিফট করল।
- মিলিটারি লাগার পর থেকে এই নিয়ে চারবার বাড়ি পাল্টানো হলো।
- কিসিনজার সাহেব বলেছে, এসব হলো পাকিস্তানের ইনটার্নাল অ্যাফেয়ার।
- সপ্তাহে দুইদিন-তিনদিন মেয়ের বাড়িতে রেফ্রিজারেটর, টেপ রেকর্ডার, দামি দামি সোফাসেট, ফ্যান, খাট-পালং সব চালান পাঠায়।
- আড়াই বছরের মেয়ের সদ্য-ঘুম-ভাঙা গলায় ভাঙা ভাঙা বুলি শুনে সে চমকে ওঠে।
- আব্বুকে ছোটোমামার মতো দেখাচ্ছে। আব্বু তা হলে মুক্তিবাহিনী। তাই না?"
- স্টাফ রুমে কলিগরা ফিসফিস করে, কোথায় কোন ব্রিজ উড়ে গেল, কোথায় সাত মিলিটারির লাশ পড়েছে ছেলেদের গুলিতে, এই কলেজের কোন কোন ছেলে ফ্রন্টে গেছে,
- একটা জিপ উড়াইয়া দিছে, কমপক্ষে পাঁচটা খানসেনা খতম। বিবিসি কইছে, রংপুর-দিনাজপুরের হাফের বেশি জায়গা স্বাধীন।
- নামবার মুহূর্তে দুটোর মধ্যে সর্দার টাইপেরটা তার দিকে পেছন ফিরে তাকাল।
- আসাদ গেট বাসস্টপেজে ঝিরঝিরে বৃষ্টিতে দাঁড়িয়ে অপেক্ষা করছিল বেশ কয়েকজন মানুষ।
- ছাতা হাতে কেউ কেউ নিজ-নিজ ছাতার নিচে এবং ছাতা ছাড়া অনেকেই অন্যের ছাতার নিচে মাথার অন্তত খানিকটা পেতে দিয়ে বৃষ্টির ছাঁট থেকে আত্মরক্ষা করতে শরীরগুলোকে আঁকাবাঁকা করছিল।
- আর প্রথম তিনটে কোথাও সুন্দরী মেয়ে মানুষ দেখলে মিলিটারিকে খবর দেয় কিংবা মিলিটারির কাছ থেকে বন্দুক নিয়ে 'পাকিস্তান জিন্দাবাদ' 'পাকিস্তান জিন্দাবাদ' স্লোগান দিয়ে মহল্লায়-মহল্লায় ঘোরে আর সুন্দরী মেয়েদের ধরে এনে পৌঁছে দেয় মিলিটারি ক্যাম্পে। এগুলো হলো রাজাকার।
- ক্রাকডাউনের রাত কেটে ভোর হলে মিলিটারির গুলিতে এই মসজিদের ছাদ থেকে পড়ে গিয়েছিল মুয়াজ্জিন সাহেব।
- ঠাণ্ডা হাওয়ার ধাক্কা রেইনকোটের তাপে এতটাই গরম হয়ে ওঠে যে, মনে হয় ভিতরে বুঝি আগুন ধরে গেল।
- মসজিদের উল্টোদিকের বাড়িতে তিনতলায় থাকত তখন তারা।
- মোয়াজ্জিন সাহেব গমগমে গলায় যতটা পারে জোর দিয়ে বলে উঠল 'আল্লাহু আকবার'।
- দ্বিতীয়বার আল্লাহর মহত্ত্ব ঘোষণা করার সুযোগ তার আর মেলেনি,
- প্রিন্সিপ্যালের কামরায় প্রিন্সিপ্যালের সিংহাসন মার্কা চেয়ারে বসে রয়েছে জাঁদরেল টাইপের এক মিলিটারি পান্ডা।
- উর্দুর প্রফেসর আকবর সাজিদের দোহাই পেড়ে প্রিন্সিপ্যালের সুবিধা হয় না।
- কিছুদিন আগে তাদের কলেজে কয়েকটা লোহার আলমারি কেনা হয়েছে। ওগুলো বয়ে নিয়ে এসেছিল কারা?
- অফিসের জন্যে তিনটে, বোটানি হিস্ট্রি জিওগ্রাফি ডিপার্টমেন্টের জন্যে দুটো করে এবং ইংরেজির জন্যে একটা, সর্বমোট দশটি আলমারি কলেজে নিয়ে আসা হয়েছে।
- মিলিটারি শান্ত গলায় তথ্য সরবরাহ করার ভঙ্গিতে বলে, মিসক্রিয়েন্টরা কলেজে ঢুকেছিল কুলির বেশে। এটা তার চেয়ে আর ভালো জানে কে? তারা আজ ধরা পড়ে নুরুল হুদার নাম বলেছে।
- কুলিরা ছিল ছদ্মবেশী মিসক্রিয়েন্ট। তারা কলেজের টিচারদের মধ্যে নুরুল হুদার নামই বলেছে।
- তাকে পাউরুটি ও দুধ খাওয়ানো হয়।
- তাদের সঙ্গে তার আঁতাতের অভিযোগ ও তাদের সঙ্গে তার আঁতাত রাখার উত্তেজনায় নুরুল হুদার ঝুলন্ত শরীর এতটাই কাঁপে যে চাবুকের বাড়ির দিকে তার আর মনোযোগ দেওয়া হয়ে ওঠে না।

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : 'রেইনকোট' গল্পটি কবে প্রকাশিত হয়?– ১৯৯৫ সালে।
প্র : বর্তমান পাঠ কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?– আখতারুজ্জামান ইলিয়াস রচনা সমগ্র– ১ম খণ্ড হতে।
প্র : 'রেইনকোট' গল্পের প্রেক্ষাপট কী?– ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ।
প্র : কলেজের উর্দুর প্রফেসরের নাম কি?- আকবর সাজিদ।
প্র : 'আগে বাঢ়ো' ড্রাইভারকে কে এই নির্দেশনা দেয়?– মিলিটারি।
প্র : আখতারুজ্জামান ইলিয়াস রচিত প্রবন্ধ গ্রন্থ কোনটি?– সংস্কৃতির ভাঙা সেতু।
প্র : মিন্টু মগবাজারের দুই কামরার ফ্ল্যাট থেকে চলে যায় কবে?– ২৩ জুন।
প্র : পূর্বদিকের জানালা ধরে দাঁড়ালে কী চোখে পড়ে?- বিল আর ধানখেত।
প্র : পিওন ঘরে ঢুকলে নুরুল হুদার কী করতে ইচ্ছে করে?- জড়িয়ে ধরে চুমু খেতে।
প্র : কখন থেকে বৃষ্টি হচ্ছে?– ভোররাত থেকে।
প্র : 'রেইনকোট' গল্পে কোন ঋতুর উল্লেখ আছে?– হেমন্ত ও বর্ষা।
প্র : বাতাস আর বৃষ্টির ঝাপটার সঙ্গে ঘরে ঢোকে কে?– প্রিন্সিপ্যালের পিওন।
প্র : কারা ইলেকট্রিক ট্রান্সফর্মার ফাটিয়ে দিয়েছে?– মিসক্রিয়েন্ট।
প্র : ইলেট্রিক ট্রান্সফর্মার কোথায়?– কলেজের সামনের দেয়াল ঘেঁষে।
প্র : দেয়ালের পর কী?– বাগান ও টেনিস লন।
প্র : প্রিন্সিপ্যালের বাড়ির গেটে বোমা মারা মানে কী?– মিলিটারি ক্যাম্প অ্যাটাক করা।
প্র : মিলিটারির নেতৃত্বে কে আছেন?– কর্নেল।
প্র : কলেজটা কাদের হাতে?– মিলিটারি।
প্র : কাকে এখন মিলিটারির কর্নেল বলা চলে?– ইসহাককে।
প্র : কাকে দেখে সকলেই তটস্থ?– ইসহাককে।
প্র : প্রিন্সিপ্যাল কাদের জন্য দিন–রাত দোয়া দরুদ পড়ছে?– পাকিস্তানিদের জন্য।
প্র : সব স্কুল কলেজ থেকে শহিদ মিনার হটানোর পরামর্শ কে দিয়েছেন?– প্রিন্সিপ্যাল।
প্র : রেডিও টেলিভিশনে হরদম কী বলছে?– সিচুয়েশন নর্মাল।
প্র : মিন্টু কে?– আসমার ভাই।
প্র : মিন্টু কবে মগবাজার থেকে বাড়ি ফিরল?– জুলাইয়ের পয়লা তারিখে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্র : 'এসব হল পাকিস্তানের ইন্টার্নাল অ্যাফেয়ার'– উক্তিটি কার?– কিসিনজার সাহেবের।
প্র : কার শ্বশুর সর্দার গোছের রাজাকার?– ওয়েলডিং ওয়ার্কশপের মালিক।
প্র : নুরুল হুদার মেয়ের বয়স কত?– আড়াই বছর।
প্র : নুরুল হুদার ছেলের বয়স কত?– পাঁচ বছর।
প্র : প্রিন্সিপ্যাল কেমন কণ্ঠে কথা বলেন?– খ্যাস খ্যাসে গলায়।
প্র : প্রিন্সিপ্যাল কাকে তোয়াজ করে?– আকবর সাজিদ।
প্র : কে বাচাল টাইপের?– দোকানদার ছেলেটা।
প্র : 'সব পরফসরকো এত্তেলা দিয়া ফওরন আইয়ে' এর অর্থ– সব প্রফেসরকে ডেকেছেন। তাড়াতাড়ি আসুন।
প্র : 'মিসকিরিয়ান লোগ ইলেকটিরি টেরানসফার্মার তোড় দিয়া' এর অর্থ– মিসক্রিয়েন্টরা ইলেকট্রিক ট্রান্সফরমার উড়িয়ে দিয়েছে।
প্র : 'অওর অয়াপস যানে কা টাইম পিরিনসিপাল সাহাবকা কোঠিমে গেরেনড ফেকা' এর অর্থ– আবার ফিরে যাওয়ার সময় প্রিন্সিপ্যাল সাহেবের বাড়িতে গ্রেনেড ছুড়েছে।
প্র : একটা জিপ উড়ানোর খবর নুরুল হুদাকে দেয়?– দোকানদার ছেলেটা।
প্র : প্রথমে যে দুজন বাস থেকে নামে তারা কে?– একটা চোর আরেকটা পকেটমার।
প্র : কোথায় কয়েকজন মানুষ অপেক্ষা করছে?– আসাদ গেটে বাসস্টপেজে।
প্র : কারা যাবতীয় গাড়ি থামাচ্ছে?– মিলিটারি।
প্র : নুরুল হুদা বাস থেকে কোথায় নামে?– নিউমার্কেট।
প্র : প্রিন্সিপ্যালের সিংহাসন মার্কা চেয়ারে কে বসে আছে?– জাঁদরেল টাইপের এক মিলিটারি পান্ডা।
প্র : মোট কতটি আলমারি কলেজে আনা হয়েছে?– দশটি।
প্র : ঘুষি মারার পর নুরুল হুদাকে কী খাওয়ানো হয়?– পাউরুটি আর দুধ।
প্র : নুরুল হুদার বেঁটেখাটো শরীরটাকে মিলিটারিরা কী করে?– ছাদে লাগানো আংটার সাথে ঝুলিয়ে দেয়।
প্র : নুরুল হুদার পাছায় কেমন করে বাড়ি পড়ছে?– সপাৎ সপাৎ করে।
প্র : ক্রাক-ডাউনের রাত বলতে কোন রাতকে বোঝানো হয়?– ১৯৭১ সালের ২৫ মার্চ দিবাগত রাতকে।
প্র : ইসহাক জিওগ্রাফির প্রফেসরের বাড়ির দিকে রওয়ানা হয় কিসে করে?– বেবি ট্যাক্সি।
প্র : পাকিস্তানি বাহিনী গ্রামেগঞ্জে গিয়েই প্রথমে কিসের দিকে কামান তাক করেছে?– শহিদ মিনারের দিকে।
প্র : নুরুল হুদাকে এক্সট্রা তটস্থ থাকতে হয় কেন?– মিন্টুর জন্য।
প্র : 'রেইনকোট' গল্পে কলেজের কোন কোন ডিপার্টমেন্টের উল্লেখ আছে?- বোটানি, হিস্ট্রি, জিওগ্রাফি, ইংরেজি, কেমিস্ট্রি, উর্দু।
প্র : মিলিটারি আসার পর থেকে নুরুল হুদা কতবার বাড়ি বদল করে?– চারবার।
প্র : 'আমার ভাইটাকে আর ঢাকায় রাখলাম না।' উক্তিটি কার– নিচের তলার ভদ্রলোকের।
প্র : পাকিস্তানের 'ইন্টার্নাল অ্যাফেয়ার' কোনটি?– বাঙালির উপর নির্যাতন।
প্র : 'সাবভার্সিভ অ্যাকটিভিটিজের সঙ্গে তারা সামহাউ অর আদার ইনভলভড'– উক্তিটি কার?- প্রিন্সিপ্যালের।
প্র : 'টু শব্দটি না করা' বাগধারাটির অর্থ কী?– কোনো প্রতিবাদ না করা।
প্র : 'রেইনকোট' গল্পে কোন কোন মাসের নাম উল্লেখ আছে?– এপ্রিল, জুন, জুলাই।
প্র : আসমা কোন দিক থেকে গুলির আওয়াজ শুনতে পেয়েছি? – মিরপুর ব্রিজ থেকে।
প্র : 'ইস! আসমাকে নিয়ে আর পারা যায় না।' উক্তিটি কার?– নুরুল হুদার।
প্র : 'ফওরন' শব্দের অর্থ– তাড়াতাড়ি।
প্র : কেন ছেলেরা কলেজে আসে না?– সব ক্লাস বন্ধ বলে।
প্র : ক্লাস বন্ধ থাকলেও মাস্টারদের কলেজে আসতে হয় কেন?– হাজিরা দিতে হয় বলে।
প্র : 'রেইনকোট' গল্পের গল্পকথকের স্ত্রীর নাম– আসমা।
প্র : নুরুল হুদার কলিগরা কোথায় বসে ফিসফিস করে?– স্টাফ রুমে।
প্র : রেইনকোট পরে নুরুল হুদা কীভাবে হাঁটে?– হনহন করে।
প্র : মিলিটারি যাবতীয় গাড়ি থামিয়ে কী করছে?– প্যাসেঞ্জারদের তল্লাশি করছে।
প্র : 'সেনাবাহিনীকে নিয়ে মজা করে শায়েরি করা খুব বড় অপরাধ।' মিলিটারি এ কথাটি কাকে বলে?– প্রিন্সিপ্যালকে।
প্র : কেমিস্ট্রি ডিপার্টমেন্টে আলমারি সাজানোর সময় কোন ঋতু চলছিল?– বর্ষা।
প্র : নুরুল হুদার চতুর্থ নম্বর বাড়ির জানালা আছে কোন দিকে?– পূর্ব।
প্র : নুরুল হুদাকে মিলিটারি কয়টা ঘুষি দেয়?– দুইটি।
প্র : মিসক্রিয়ান্টরা কলেজে কী বেশে ঢুকেছিল?– কুলির ছদ্মবেশে।
প্র : এপ্রিল মাস থেকে ইসহাক কোন ভাষায় কথা বলে?– উর্দু।
প্র : 'রেইনকোট' গল্পে হাঁপানির টান আছে– নুরুল হুদার।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'নুরুল হুদার ঝুলন্ত শরীর যেন কবির পূর্বপুরুষ, যার পিঠে রক্তজবার মতো ক্ষত' এ মন্তব্যের সঙ্গে প্রাসঙ্গিক হলো– [খ ১৭-১৮]
ক. পীড়িতের প্রতিবাদ
খ. আঘাতে অবিচল
গ. প্রতিবাদের ধারাবাহিকতা
ঘ. সুনিপুণ প্রত্যাঘাত

০২. 'রেইনকোট' গল্পে অধ্যক্ষ মহোদয়ের পিয়নের নাম কী? [ক ১৬-১৭]
ক. আবু ইসহাক খ. আবুল ইসহাক গ. ইসহাক মিয়া ঘ. ইসহাক কবির

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০৩. 'রেইনকোট' গল্পে পাকিস্তানের শরীরের কাটা বলা হয়েছে কাকে? [A ১৭-১৮]
ক. মুক্তিবাহিনীকে
খ. পুলিশ বাহিনীকে
গ. শহিদ মিনারকে
ঘ. হাসপাতালকে

০৪. 'রেইনকোট' গল্পে কোন ভাবের প্রতিফলন ঘটেছে? [চ ১৬-১৭]
ক. গভীর আস্থা খ. প্রতিকূল পরিবেশ গ. বর্ষাকাল ঘ. সাহস ও দেশপ্রেম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০৫. 'খোয়াবনামা' উপন্যাস কার রচনা? [C, ১৭-১৮]
ক. হুমায়ুন আজাদ
খ. হুমায়ূন আহমেদ
গ. খালেকুজ্জামান ইলিয়াস
ঘ. আখতারুজ্জামান ইলিয়াস

০৬. কোনটি আখতারুজ্জামান ইলিয়াসের গল্পগ্রন্থ নয়? [I ১৭-১৮]
ক. অন্য ঘরে অন্য স্বর
খ. জাল স্বপ্ন স্বপ্নের জাল
গ. জন্ম যদি তব বঙ্গে
ঘ. দোজখের ওম

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০৭. 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটি কার লেখা? [A ১৭-১৮; জাককানইবি গ ১৭-১৮]
ক. মুহম্মদ জাফর ইকবাল
খ. আখতারুজ্জামান ইলিয়াস
গ. শওকত আলী
ঘ. মানিক বন্দ্যোপাধ্যায়

০৮. 'বর্ষাকালেই তো জুৎ' কথাটি 'রেইনকোট' গল্পে কবার বলা হয়েছে? [B ১৭-১৮]
ক. একবার খ. দুইবার গ. তিনবার ঘ. চারবার

০৯. 'রেইনকোট' গল্পটি রচনা করেন– [C ১৭-১৮; বেরোবি B ১৭-১৮]
ক. গী দ্য মোপাসাঁ
খ. আখতারুজ্জামান ইলিয়াস
গ. শওকত ওসমান
ঘ. শওকত আলী

১০. 'দোজখের ওম' গল্পগ্রন্থের রচয়িতা- [D ১৭-১৮;ইবি B ১৬-১৭; চবি B1 ১৬-১৭]
ক. শওকত ওসমান
খ. আনিসুজ্জামান
গ. শওকত আলী
ঘ. আখতারুজ্জামান ইলিয়াস

১১. কার জবানিতে 'রেইনকোট' গল্পের অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে? [E ১৭-১৮; বশেমুরবিপ্রবি G ১৭-১৮]
ক. আবদুস সাত্তার মৃধা
খ. আফাজ আহমদ
গ. আখতারুজ্জামান ইলিয়াস
ঘ. নুরুল হুদা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

১২. কোনটিতে মুক্তিযুদ্ধের প্রসঙ্গ রয়েছে? [G ১৬-১৭]
ক. জাদুঘরে কেন যাব খ. রেইনকোট গ. আমার পথ ঘ. আহ্বান

১৩. 'রেইনকোট' গল্পে আছে 'ঐ ঠিকানা বলে দিলে তাকে সসম্মানে ছেড়ে দেওয়া হবে।' কোন ঠিকানার কথা বলা হয়েছে? [C3 ১৬-১৭]
ক. রাজাকারদের
খ. মুক্তিযোদ্ধাদের
গ. প্রিন্সিপ্যালের
ঘ. উর্দু প্রফেসরের
ঙ. নুরুল হুদার

খুলনা বিশ্ববিদ্যালয়

১৪. 'রেইনকোট' গল্পে 'রাশিয়ার ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন'–প্রসঙ্গটি কোথায় উত্থাপিত হয়েছিল? [B ১৭-১৮]
ক. ওয়েল্ডিং ওয়ার্কশপ ক্যাম্পে
খ. পাশের ফ্ল্যাটের গোলগাল মুখের মহিলার কথায়
গ. প্রিন্সিপালের কামরায়
ঘ. স্টাফরুমে ফিসফিস করে কারো কথায়

০১.খ	০২.গ	০৩.গ	০৪.ঘ	০৫.ঘ	০৬.গ	০৭.খ
০৮.খ	০৯.খ	১০.ঘ	১১.ঘ	১২.খ	১৩.খ	১৪.ঘ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

১৫. আখতারুজ্জামান ইলিয়াস কোথায় জন্মগ্রহণ করেন? [A ১৭-১৮]
ক. বগুড়ার শেরপুর খ. রংপুরের পীরগাছা
গ. বগুড়ার নারুলি ঘ. নওগাঁর আত্রাই

Note: জন্ম: গাইবান্ধার গোটিয়া গ্রাম। পিতৃনিবাস: বগুড়ার নারুলি।

১৬. 'রেইনকোট' গল্পে ব্যবহৃত রেইনকোটটি কার? [A ১৭-১৮]
ক. আবদুস সাত্তারের খ. আফাজ আহমদের
গ. কর্নেল সাহেবের ঘ. মুক্তিযোদ্ধা মিন্টুর

১৭. কলেজের জিমন্যাশিয়াম 'রেইনকোট' গল্পে কী হিসেবে ব্যবহৃত হয়? [A ১৭-১৮]
ক. পিয়নের বাসা খ. মিলিটারি ক্যাম্প
গ. মুক্তিবাহিনীর ক্যাম্প ঘ. অধ্যক্ষের বাসা

১৮. 'রেইনকোট' গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলিত? [A ১৭-১৮]
ক. খোয়ারি খ. দুধভাতে উৎপাত গ. দোজখের ওম ঘ. জাল স্বপ্ন স্বপ্নের জাল

১৯. 'রেইনকোট' প্রতীকটি গল্পে কী অর্থে ব্যবহৃত হয়েছে? [B ১৭-১৮]
ক. যুদ্ধ ও নিপীড়ন খ. গেরিলা আক্রমণ
গ. উষ্ণতা, সাহস ও দেশপ্রেম ঘ. দেশপ্রেম ও আনুগত্য

২০. 'রেইনকোট' গল্পে কোন ঋতুর কথা উল্লেখ করা হয়েছে? [C ১৬-১৭]
ক. শীত খ. বর্ষা গ. হেমন্ত ঘ. শরৎ

২১. 'দোজখের ওম' আখতারুজ্জামান ইলিয়াসের কী জাতীয় রচনা? [A ১৬-১৭]
ক. উপন্যাস খ. প্রবন্ধ গ. গল্পগ্রন্থ ঘ. নাটক

২২. 'রেইনকোট' গল্পের কথক কে? [B ১৬-১৭]
ক. লেখক খ. আবদুস সাত্তার মৃধা গ. নুরুল হুদা ঘ. প্রিন্সিপ্যাল

ইসলামী বিশ্ববিদ্যালয়

২৩. 'রেইনকোট' গল্পটি কত সালে প্রকাশিত হয়? [B ১৭-১৮]
ক. ১৯৯৫ খ. ১৯৯৭ গ. ১৯৯৪ ঘ. ১৯৮৫

২৪. 'ফওরন' শব্দের অর্থ কী? [B ১৭-১৮]
ক. ফরমান খ. তাড়াতাড়ি গ. ধীরস্থির ঘ. ফরিয়াদি

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২৫. 'রেইনকোট' গল্পে প্রিন্সিপালের নাম কী? [D ১৭-১৮]
ক. প্রফেসর আকবর সাজিদ খ. আখতারুজ্জামান ইলিয়াস
গ. প্রফেসর নূরুল হুদা ঘ. ড. আফাজ আহমদ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২৬. 'দুধেভাতে উৎপাত' গল্পগ্রন্থের রচয়িতা কে? [C ১৭-১৮]
ক. শওকত ওসমান খ. আখতারুজ্জামান ইলিয়াস
গ. কাজী নজরুল ইসলাম ঘ. হাসান আজিজুল হক

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২৭. 'রেইনকোট' গল্পে বর্ণনা করা হয়েছে- [D ১৭-১৮]
ক. মুক্তিযুদ্ধের শুরুর পর্যায় খ. মুক্তিযুদ্ধের শেষের পর্যায়
গ. মুক্তিযুদ্ধের মধ্যবর্তী পর্যায় ঘ. '৭৫-পরবর্তী পর্যায়

২৮. 'রেইনকোট' গল্পের মূল প্রতিপাদ্য - [E ১৬-১৭]
ক. ভাষা আন্দোলন খ. মুক্তিযুদ্ধ গ. গণ অভ্যুত্থান ঘ. গণহত্যা

গার্হস্থ্য অর্থনীতি ঢাকা বিশ্ববিদ্যালয়

২৯. 'রেইনকোট' গল্পের নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার ছিলেন?
ক. বাংলা খ. ইংরেজি গ. কেমেস্ট্রি ঘ. জিওগ্রাফি

৩০. 'রেইনকোট' গল্পে মিলিটারি ক্যাম্প কোথায় স্থাপিত হয়েছিল? [১৬-১৭]
ক. কলেজগেটে খ. কলেজের জিমন্যাশিয়ামে
গ. অধ্যক্ষের কক্ষে ঘ. ছাত্রদের মিলনায়তনে

ঢাবি অধিভুক্ত ৭টি কলেজ

৩১. 'রেইনকোট' গল্পের পটভূমি যে শহরের- [জবি: ক ১৬-১৭]
ক. রংপুর খ. সিলেট গ. রাজশাহী ঘ. ঢাকা

১৫.	১৬.ঘ	১৭.খ	১৮.ঘ	১৯.গ	২০.খগ	২১.গ	২২.গ	২৩.ক
২৪.খ	২৫.ঘ	২৬.খ	২৭.খ	২৮.খ	২৯.গ	৩০.খ	৩১.ঘ	

অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নাবলি

০১. কোনটি আখতারুজ্জামান ইলিয়াস রচিত গ্রন্থ?
ক. উন্নত জীবন খ. সংস্কৃতি কথা
গ. সংস্কৃতির ভাঙা সেতু ঘ. শিক্ষা ও মনুষ্যত্ব

০২. নুরুল হুদাকে পাকিস্তানি হানাদার বাহিনীর তলব করার কারণ-
ক. অফিসারের নির্দেশে খ. প্রিন্সিপ্যালের অভিযোগে
গ. মুক্তিযোদ্ধাদের সহযোগী ভেবে ঘ. তাকে মুক্তিযোদ্ধা সন্দেহে

০৩. নিচের কোনটি উপন্যাস?
ক. মিলির হাতে স্টেনগান খ. অন্য ঘরে অন্য স্বর গ. খোয়াবনামা ঘ. ছাড়পত্র

০৪. আখতারুজ্জামান ইলিয়াস কোন তারিখে জন্মগ্রহণ করেন?
ক. ১৯৪৩ খ্রিস্টাব্দের ১২ ফেব্রুয়ারি খ. ১৯৫০ খ্রিস্টাব্দের ১০ মে
গ. ১৯৫২ খ্রিস্টাব্দের ১৭ মে ঘ. ১৯৫৬ খ্রিস্টাব্দের ১৪ এপ্রিল

০৫. 'রেইনকোট' গল্পে মুক্তিযোদ্ধারা কার বাড়ির গেটে বোমা ফেলেছিল?
ক. নুরুল হুদা খ. ড. আফাজ আহমদ
গ. প্রফেসর আকবর সাজিদ ঘ. আবদুস সাত্তার মৃধা

০৬. আখতারুজ্জামান ইলিয়াস মূলত কী ছিলেন?
ক. প্রাবন্ধিক খ. কথাসাহিত্যিক গ. সাংবাদিক ঘ. ঔপন্যাসিক

০৭. নিচের কোনটি মহাকাব্যিক উপন্যাস?
ক. চিলেকোঠার সেপাই খ. অন্য ঘরে অন্য স্বর গ. খোঁয়ারি ঘ. দোজখের ওম

০৮. 'রেইনকোট' গল্পে মুক্তিযোদ্ধারা কার বাড়ির গেটে বোমা ফেলেছিল?
ক. নুরুল হুদা খ. ড. আফাজ আহমদ
গ. প্রফেসর আকবর সাজিদ ঘ. আবদুস সাত্তার মৃধা

০৯. 'রেইনকোট' গল্পে রেইনকোট বহন করছে-
ক. মুক্তিযুদ্ধের ইতিহাস খ. মুক্তিযুদ্ধের চেতনা
গ. মুক্তিযুদ্ধের লোকগাঁথা ঘ. মুক্তিযুদ্ধের ভয়াবহতা

১০. 'রেইনকোট' গল্পের মসজিদের মাইক্রোফোন অকেজো ছিল কেন?
ক. কর্নেলের হুকুমে খ. নষ্ট হওয়ায়
গ. গুলি লেগেছিল ঘ. বিদ্যুৎ না থাকায়

১১. প্রিন্সিপ্যালের কোয়ার্টার কোন দিকে অবস্থিত?
ক. কলেজের পুকুর পাড়ের উত্তর দিকে খ. কলেজের বাগানের দক্ষিণ পাশে
গ. মাঠ পেরিয়ে একটু বা দিকে ঘ. কলেজের ক্লাবের দেয়াল ঘেঁষে দক্ষিণ দিকে

১২. মিলিটারি কার কোয়ার্টারের সঙ্গে থাকে?
ক. কলেজ হোস্টেল সুপার কোয়ার্টারের সাথে খ. প্রিন্সিপ্যালের কোয়ার্টারের
গ. কলেজের তৃতীয় শ্রেণির কর্মচারী কোয়ার্টারের সাথে ঘ. পিওনের বাসার সাথে

১৩. কার জন্য প্রিন্সিপ্যাল দিনরাত দোয়া-দরুদ পড়ে?
ক. মুক্তিবাহিনীর জন্য খ. শিক্ষকদের জন্য গ. পাকিস্তানের জন্য ঘ. পরিবারের জন্য

১৪. প্রিন্সিপ্যাল কোন সময় স্কুল-কলেজ থেকে শহিদ মিনার হটানোর জন্য আবেদন জানায়?
ক. যুদ্ধের শুরুতে খ. এপ্রিল মাসের মাঝামাঝি
গ. জুন মাসের শেষে ঘ. মার্চ মাসের ২৫ তারিখে

১৫. মিন্টু কোথায় আছে সেটা কে জানে?
ক. প্রিন্সিপ্যাল খ. পাকিস্তানি বাহিনী
গ. নুরুল হুদা ও তার বউ ঘ. আব্দুস সাত্তার মৃধা

১৬. গোড়ালি পর্যন্ত ঢাকা পড়েছে কোন পোশাকে?
ক. বোরখা খ. রেইনকোট গ. পাঞ্জাবি ঘ. মিলিটারির পোশাক

১৭. মুক্তিযোদ্ধা শ্যালকের রেইনকোট গায়ে দিয়ে সাধারণ ভীতু প্রকৃতির নুরুল হুদার মধ্যে কী সঞ্চারিত হয়?
ক. বিপ্লবী মানস খ. উষ্ণতা সাহস
গ. দেশপ্রেম ও প্রতিবাদী সত্তা ঘ. হানাদারদের নিঃশেষ করার মানস

১৮. মেয়ের ঘুম ভাঙা ভাঙা বুলি শুনে নুরুল হুদার অনুভূতি কেমন ছিল?
ক. অবাক লাগছিল খ. চমকে উঠেছিল
গ. স্বর্গীয় অনুভূতি জাগে ঘ. শান্তির ছোঁয়া লাগে প্রাণে

১৯. 'মিসক্রিয়ান্ট' অর্থ দুষ্কৃতিকারী কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. সাধারণ অর্থে খ. উচ্চ অর্থে গ. সঠিক অর্থে ঘ. হেয় অর্থে

২০. 'সাবভার্সিভ অ্যাকটিভিটিজের সঙ্গে তারা সামহাউ অর আদার ইনভলভড' উক্তিটি কার?
ক. নুরুল হুদার খ. মিলিটারির গ. প্রিন্সিপ্যালের ঘ. ইসহাকের

০১.গ	০২.গ	০৩.গ	০৪.ক	০৫.খ	০৬.খ	০৭.ক
০৮.খ	০৯.খ	১০.ঘ	১১.গ	১২.খ	১৩.গ	১৪.খ
১৫.গ	১৬.খ	১৭.গ	১৮.খ	১৯.ঘ	২০.গ	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২১. কোনগুলো নুরুল হুদা থেকে শত হাত দূরে থাকে?
ক. মিসক্রিয়ান্টদের সহায়তা করা খ. মিন্টুর সাথে যোগাযোগ রাখা
গ. সাবভার্সিভ অ্যাকটিভিটিজ ঘ. কলেজের দেয়াল ঘেঁষে বোমা ফাটানো

২২. মিন্টু দেশের ভিতরে ফিরে এসে কী করে?
ক. দেশে ত্রাণ বিতরণ করে খ. মিলিটারিদের সাথে বৈঠক করে
গ. দমাদম মিলিটারি মারে ঘ. বোনের সংসারে অশান্তি সৃষ্টি করে

২৩. 'তাতে আর দুলাভাইয়ের দোষটা কোথায়?' এখানে কার দুলাভাইয়ের কথা বলা হয়েছে?
ক. প্রিন্সিপ্যালের খ. মিন্টুর
গ. ইসহাকের ঘ. ওয়েলডিং ওয়ার্কশপের মালিকের

২৪. 'রেইনকোট' গল্পে ব্যবহৃত দ্বিরুক্তি শব্দযুগল কোনটি?
ক. দমদম, টপটপ খ. দমাদম, চুপচাপ
গ. দমাদম, টপাটপ ঘ. দমাদম, হেঁ হেঁ

২৫. 'টু শব্দটি না করা' বাগধারাটির অর্থ কী?
ক. চুপচাপ লুকিয়ে থাকা খ. প্রচণ্ড আঘাতের শব্দ
গ. কোনো প্রতিবাদ না করা ঘ. নীরব থাকা

২৬. কে খ্যাসখ্যাসে গলায় হিন্দুস্তান ও মিসক্রিয়ান্টদের অবশ্যম্ভাবী পতনের ভবিষ্যদ্বাণী করে?
ক. ইসহাক খ. প্রিন্সিপ্যাল গ. মিলিটারি ঘ. মিন্টু

২৭. কেন নুরুল হুদা বৃষ্টিতে রিকশার পরোয়া করে না?
ক. রাস্তায় রিকশা নেই বলে খ. রেইনকোট গায়ে আছে বলে
গ. বাসস্ট্যান্ড কাছে বলে ঘ. রিকশা ভাড়া নেই বলে

২৮. কোন ঋতুর শেষের বৃষ্টিতে নুরুল হুদার শীত শীত ভাব হয়?
ক. গ্রীষ্মের শেষে খ. শেষ বর্ষায় গ. শেষ হেমন্তে ঘ. শীতের শেষে

২৯. 'পিওন তাকে মিসক্রিয়ান্টদের লোক ভাবে নাকি?' এ বাক্যে 'মিসক্রিয়ান্ট' বলতে কাদের বুঝানো হয়েছে?
ক. মিলিটারদের খ. মুক্তিযোদ্ধাদের গ. রাজাকারদের ঘ. পাক বাহিনী

৩০. বাস থেকে নেমে যাওয়া দুজন যাত্রীকে নুরুল হুদার কাছে কী মনে হয়?
ক. মিসক্রিয়ান্ট খ. ক্রিমিনাল গ. চোর ঘ. পকেটমার

৩১. নামার সময় ক্রিমিনাল দুজনের একজন কী করল?
ক. ইসহাককে ধাক্কা মেরেছিল খ. নুরুল হুদার দিকে পেছন ফিরে তাকাল
গ. জানালা দিয় লাফ দিল ঘ. ইসহাককে ছুরি দিয়ে আঘাত করল

৩২. কোন বাসস্টপেজে ঝিরঝির বৃষ্টিতে দাঁড়িয়ে বেশ কয়েকজন মানুষ অপেক্ষা করছিল?
ক. আমতলী খ. বিজয় সরণি গ. আসাদ গেট ঘ. কলেজ গেট

৩৩. বাসে যেতে যেতে নুরুল হুদার কী দেখে এক্সট্রা ভালো লাগে?
ক. দেশ-বিদেশের পতাকা খ. পাকিস্তানের পতাকা
গ. ট্রান্সপারেন্ট ঘ. বাংলাদেশের পতাকা

৩৪. কখন নুরুল হুদা সমস্ত ভালোলাগাটা চিড় খায়?
ক. গাড়ি নষ্ট হয়ে গেলে খ. হঠাৎ বাস ব্রেক কষলে
গ. মিলিটারির আগমনে ঘ. গোলাগুলি শুরু হলে

৩৫. ক্র্যাক-ডাউনের রাত কেটে ভোর হলে মিলিটারির গুলিতে ছাদ থেকে কে পড়ে যায়?
ক. ইমাম সাহেব খ. মসজিদের মুয়াজ্জিন সাহেব
গ. ইসহাকের শ্যালক ঘ. প্রিন্সিপ্যাল

৩৬. 'দ্বিতীয়বার আল্লাহর মহত্ত্ব ঘোষণা করার সুযোগ তার আর মেলেনি।' কার সম্পর্কে বলা হয়েছে?
ক. ইসহাকের খ. মিন্টুর গ. প্রিন্সিপ্যালের ঘ. মুয়াজ্জিনের

৩৭. নুরুল হুদা যে বাসে চড়ে সেই গাড়িতে কেমন আকৃতির মিলিটারি উঠল?
ক. বেঁটে, কালো খ. ফর্সা, খাটো গ. লম্বা ও খুব ফর্সা ঘ. খুব লম্বা ও মোটা

৩৮. 'ছুঁচালো চোখের মণি কাঁটার মতো বিধে যায় তার মুখে' কার চোখের মণির ইঙ্গিত করা হয়েছে?
ক. মিলিটারির খ. ইসহাকের গ. প্রিন্সিপ্যালের ঘ. মিন্টুর

৩৯. কাদের চোখ বেঁধে দেওয়া হয়েছিল?
ক. প্রফেসর নুরুল হুদার ও প্রিন্সিপ্যালের খ. নুরুল হুদা ও আব্দুস সাত্তার মৃধার
গ. প্রিন্সিপ্যাল ও আকবর সাজিদের ঘ. প্রিন্সিপ্যাল ও আবদুস সাত্তার মৃধা

৪০. মিসক্রিয়ান্ট কুপি গ্যাঙের সক্রিয় সদস্য হিসেবে তারা কার নাম বলেছে?
ক. ড. আফাজ আহমদের নাম খ. নুরুল হুদার নাম
গ. মিন্টুর নাম ঘ. আব্দুস সাত্তার মৃধার নাম

৪১. 'বাংলার বর্ষা তো শালারা জানে না। রাশিয়ায় ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন।' কথাটি কে বলেছিল?
ক. এক মজুর খ. স্টাফরুমের কলিগ গ. ছদ্মবেশী ছেলে ঘ. মিন্টু

৪২. মিলিটারি নুরুল হুদাকে একই প্রশ্ন করে জবাব না পেয়ে কী করে?
ক. থাপ্পড় মারে খ. মুখে ঘুষি মারে
গ. দুধ-পাউরুটি খাওয়ায় ঘ. চাবুক মারে

৪৩. মিসক্রিয়ান্টদের আস্তানা জানা আছে কিনা এ প্রসঙ্গে ফের জিজ্ঞেস করলে নুরুল হুদা কী উত্তর দেয়?
ক. জানি না খ. না গ. হ্যাঁ ঘ. জি হুজুর

৪৪. সপাৎ সপাৎ চাবুকের বাড়িকে নুরুল হুদার কেমন মনে হচ্ছে?
ক. যেন বৃষ্টি পড়ছে মিন্টুর রেইনকোটের উপর খ. যেন টিনের চালে বৃষ্টির শব্দ
গ. নূপুরের নিক্বণ ঘ. মিসক্রিয়ান্টদের মিছিল ও গোলাবারুদ

৪৫. 'রেইনকোট' গল্পের প্রেক্ষাপট কী?
ক. ১৯৫২ সালের ভাষা আন্দোলন খ. ১৯৫৪ সালের যুক্তফ্রন্টের নির্বাচন
গ. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান ঘ. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ

৪৬. 'সাভভার্সিভ অ্যাকটিভিটিজ' বলতে কী বোঝায়?
ক. যুদ্ধবিরোধী কার্যক্রম খ. রাষ্ট্রবিরোধী কার্যক্রম
গ. মানবতাবিরোধী কার্যক্রম ঘ. গণতন্ত্রবিরোধী কার্যক্রম

৪৭. 'রেইনকোট' গল্প কোন দৃষ্টিকোণ থেকে বর্ণিত হয়েছে?
ক. চরিত্রের দৃষ্টিকোণ খ. কাহিনির দৃষ্টিকোণ
গ. জনসাধারণের দৃষ্টিকোণ ঘ. সর্বজ্ঞ দৃষ্টিকোণ

৪৮. 'এই কয়েক মাসে কত সুরাই সে মুখস্থ করেছে।' এখানে 'সে' দ্বারা কাকে বোঝানো হয়েছে?
ক. প্রিন্সিপ্যালকে খ. নুরুল হুদাকে গ. আসমাকে ঘ. ইকবালকে

৪৯. বাতাস আর বৃষ্টির ঝাপটার সঙ্গে ঘরে ঢোকে-
ক. আব্দুর রহিম খ. প্রিন্সিপ্যালের পিয়ন গ. সাজিদ ঘ. প্রিন্সিপ্যাল

৫০. 'তুমি বরং মিন্টুর রেইনকোটটা নিয়ে যাও।' আসমা কাকে উদ্দেশ্য করে উক্তিটি করে?
ক. কর্নেলকে খ. নুরুল হুদাকে গ. ইসহাককে ঘ. প্রিন্সিপ্যালকে

৫১. কোন বাক্যের মাধ্যমে 'রেইনকোট' গল্পের শুরু হয়েছে?
ক. তা আর হলো কই? খ. আহা বৃষ্টির ঝমঝম বোল
গ. ভোররাত থেকে বৃষ্টি ঘ. এই বৃষ্টির মেয়াদ আল্লা দিলে পুরো তিন দিন

৫২. রাশিয়ায় ছিল জেনারেল উইন্টার আর আমাদের জেনারেল-
ক. সামার খ. মনসুন গ. স্প্রিং ঘ. ফল

৫৩. 'রেইনকোট' গল্পের প্রিন্সিপ্যালের ক্ষেত্রে নিচের কোন শব্দটি প্রযোজ্য?
ক. দেশপ্রেমিক খ. সমাজসচেতন গ. অহংকারী ঘ. সুবিধাবাদী

৫৪. 'রেইনকোট' গল্পে কে বাংলা ছেড়ে উর্দু বলা শুরু করেছে?
ক. আকবর সাজিদ খ. ইসহাক মিয়া গ. আবদুস সাত্তার ঘ. নুরুল হুদা

৫৫. ইলেকট্রিক ট্রান্সফর্মারটি কিসের দেওয়াল ঘেষে ছিল?
ক. কলেজের সামনের খ. কলেজের পিছনের
গ. বাড়ির সামনের ঘ. বাড়ির পিছনের

৫৬. বর্তমানে ইসহাককে কী বলে চালিয়ে দেওয়া যায়?
ক. মেজর খ. মিলিটারির খাস চামচা গ. মিলিটারির কর্নেল ঘ. প্রিন্সিপ্যালের বন্ধু

৫৭. রেইনকোটটা খুলে ফেললেও নুরুল হুদার শরীরে রেইনকোটের কী অনুভূত হয়-
ক. ওম খ. ভেজা গন্ধ গ. শীতলতা ঘ. পুরানো গন্ধ

৫৮. বাস থামার সঙ্গে সঙ্গে তিনটে ক্রিমিনাল নেমে পড়ে কেন?
ক. ভয়ে খ. বন্ধুর জন্য
গ. কাজের প্রয়োজনে ঘ. মিলিটারির ইচ্ছায়

৫৯. মুক্তিযুদ্ধে পাকিস্তানি মিলিটারির কোন দিকটি প্রকাশ পেয়েছে?
ক. মহত্ত্ব খ. আধিপত্য গ. পৈশাচিক আচরণ ঘ. দেশপ্রেম

৬০. গল্পে উল্লিখিত বৃষ্টির মেয়াদ কত দিন হবে বলে অনুমান করা হয়েছে ?
ক. দুই খ. তিন গ. চার ঘ. পাঁচ

৬১. 'রেইনকোট' গল্পটি কোন সময়ে রচিত হয়েছিল?
ক. শেষ-হেমন্তে খ. শীতের শেষে গ. গ্রীষ্মের শুরুতে ঘ. শরৎকালে

৬২. নুরুল হুদা রেইনকোট পরেছিল কেন?
ক. মুক্তিযুদ্ধের জন্য খ. দেশকে রক্ষার জন্য
গ. বৃষ্টি হতে রক্ষা পাবার জন্য ঘ. সাহস সঞ্চারণের জন্য

২১.গ	২২.গ	২৩.খ	২৪.গ	২৫.গ	২৬.খ	২৭.খ	২৮.গ	২৯.খ
৩০.খ	৩১.খ	৩২.গ	৩৩.গ	৩৪.খ	৩৫.খ	৩৬.ঘ	৩৭.গ	৩৮.ক
৩৯.খ	৪০.খ	৪১.খ	৪২.খ	৪৩.গ	৪৪.ক	৪৫.ঘ	৪৬.খ	৪৭.ক
৪৮.খ	৪৯.খ	৫০.খ	৫১.গ	৫২.খ	৫৩.ঘ	৫৪.খ	৫৫.ক	৫৬.গ
৫৭.ক	৫৮.ক	৫৯.গ	৬০.খ	৬১.ক	৬২.গ			

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

SELF TEST

০১. 'অসময়ের বৃষ্টিতে ভিজে তোমার হাঁপানির টানটা আবার—' কে এ উক্তিটি করেছে?
ক. ইসহাক খ. নুরল হুদা
গ. আসমা ঘ. আফাজ আহমেদ

০২. 'ক্যাম্প' শব্দটি কোন ভাষার?
ক. হিন্দি খ. ফারসি গ. পর্তুগিজ ঘ. ইংরেজি

০৩. আখতারুজ্জামান ইলিয়াস জীবন ও জগৎকে কীভাবে পর্যবেক্ষণ করেছেন?
ক. গভীর অন্তর্দৃষ্টি সহযোগে খ. দার্শনিকের দৃষ্টি দিয়ে
গ. সাধারণ মানুষের দৃষ্টিতে ঘ. গবেষকের দৃষ্টিতে

০৪. সাহিত্য রচনার ক্ষেত্রে আখতারুজ্জামান ইলিয়াস কোন বিষয়ের উপর সর্বাধিক গুরুত্ব প্রদান করেছেন?
ক. শিল্পের খ. অলংকারের
গ. গুণগত মানের ঘ. সমকালীন বিষয়ের

০৫. 'রেইনকোট' গল্পে বাদলার সকালটা কেমন ছিল?
ক. চমৎকার খ. বিরক্তিকর গ. মেঘলা ঘ. শান্ত-নিবিড়

০৬. 'রেইনকোট' গল্পে বাদলায় কাদের একটু জিরিয়ে নেবার সম্ভাবনার কথা বলা হয়েছে?
ক. সাধারণ মানুষদের খ. মিলিটারিদের
গ. বন্দুক-বারুদের ঘ. পশুপাখিদের

০৭. 'সব ভেস্তে দিল।' 'রেইনকোট' গল্পে এখানে কী ভেস্তে দেওয়ার কথা বলা হয়েছে?
ক. সুখ খ. শান্তি গ. আরাম ঘ. আনন্দ

০৮. 'রেইনকোট' গল্পের 'জেনারেল স্টেটমেন্ট' অনুসারে শনিবার এবং মঙ্গলবার ছাড়া সপ্তাহের বাকি দিনগুলোতে বৃষ্টি শুরু হলে তা কতদিন স্থায়ী হয়?
ক. এক দিন খ. তিন দিন গ. সাত দিন ঘ. দশ দিন

০৯. 'এই বৃষ্টির মেয়াদ আল্লা দিলে পুরো —।' 'রেইনকোট' গল্পে উল্লিখিত বাক্যটিতে শূন্যস্থানে কোন শব্দটি ব্যবহৃত হয়েছে?
ক. এক দিন খ. সাত দিন গ. চার দিন ঘ. তিন দিন

১০. 'রেইনকোট' গল্পে যে বৃষ্টির বর্ণনা পাওয়া যায় তা কী বারে শুরু হয়েছে?
ক. বৃহস্পতি খ. সোম গ. শুক্র ঘ. মঙ্গল

১১. দরজায় কড়া নড়ার শব্দ শুনে নুরুল হুদা কে এসেছে বলে মনে করেছিলেন?
ক. মিলিটারি ই. আত্মীয় গ. মুক্তিযোদ্ধা ঘ. ইসহাক

১২. 'পিওনকে জড়িয়ে ধরে চুমু খেতে ইচ্ছা করছে।' 'রেইনকোট' গল্পে নুরুল হুদার এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে?
ক. বিপদ কেটে যাওয়ার আনন্দ খ. সংশয় কেটে যাওয়ার আনন্দ
গ. কৃতজ্ঞতা ঘ. পিওনের প্রতি ভালোবাসা

১৩. 'রেইনকোট' গল্পে 'তোড় দিয়া' শব্দের অর্থ কী?
ক. উড়িয়ে দিয়েছে খ. নষ্ট করে দিয়েছে
গ. দৌড় দিয়েছে ঘ. পালিয়ে দিয়েছে

১৪. 'দোয়া মনে হলো ঠিকই কিন্তু টুপিটা মাথায় দিতে ভুলে গেল।' 'রেইনকোট' গল্পে এখানে কার কথা বলা হয়েছে?
ক. নুরুল হুদা খ. ইসহাক মিয়া
গ. ড. আফাজ আহমদ ঘ. আকবর সাজিদ

১৫. 'এই কয়েক মাসে কত সুরাই সে মুখস্থ করেছে।' এখানে 'সে' দ্বারা কাকে বোঝানো হয়েছে?
ক. প্রিন্সিপালকে খ. নুরুল হুদাকে
গ. ইসহাক ঘ. আবদুস সাত্তার মৃধা

১৬. 'মিরপুরের বিল দিয়া দুই নৌকা বোঝাই কইরা আইছিল।' 'রেইনকোট' গল্পে উক্তিটি কার?
ক. পিওনের খ. দোকানদারের গ. বাস চালকের ঘ. বাস হেল্পারের

১৭. মানবজীবনের কোন বিষয়টি উন্মোচনে আখতারুজ্জামান ইলিয়াস গভীর দক্ষতার পরিচয় দিয়েছেন?
ক. আধুনিকায়নে খ. কাব্য রচনায়
গ. উৎপত্তি ও ক্রম বিকাশ ঘ. মনস্তাত্ত্বিক বিষয়ে

১৮. দোকানদার কোন জেলার অর্ধেকের বেশি স্বাধীন হওয়ার কথা বলে?
ক. ঢাকা-মানিকগঞ্জ খ. রংপুর-দিনাজপুর
গ. রাজশাহী-চাঁপাইনবাবগঞ্জ ঘ. রংপুর-নাটোর

১৯. নুরুল হুদা গ্রেফতারের পর কার জন্য উদ্বিগ্ন হয়েছিলেন?
ক. প্রিন্সিপালের খ. মিন্টুর
গ. আকবর সাজিদের ঘ. ইসহাক মিয়ার

২০. 'রেইনকোট' গল্পে 'গ্যাড' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ক. পাকিস্তানি দল খ. মুক্তিযোদ্ধার দল
গ. গেরিলা দল ঘ. দুর্বৃত্ত দল

২১. মুক্তিযুদ্ধের শেষ পর্যায়ে মুক্তিযোদ্ধারা ঢাকায় কোন আক্রমণ শুরু করেছিল?
ক. আর্টিলারি খ. গেরিলা গ. চোরাগোপ্তা ঘ. সম্মুখ

২২. স্টেনগানওয়ালা ছোকরা বলতে কাদের বোঝানো হয়েছে?
ক. কুলিদের খ. ছদ্মবেশীদের
গ. বাসের হেল্পারদের ঘ. মুক্তিযোদ্ধাদের

২৩. 'রেইনকোট' গল্পটি মুক্তিযুদ্ধের কোন সময়কালকে নিয়ে রচিত?
ক. প্রস্তুতি পর্যায় খ. প্রথম পর্যায় গ. মধ্যম পর্যায় ঘ. শেষ পর্যায়

২৪. আসাদ গেট বাসস্টপেজ থেকে উঠে নেমে যাওয়া প্রথম তিনজনকে কথক কী হিসেবে শনাক্ত করেন?
ক. ছ্যাঁচড়া চোর খ. পকেটমার গ. পাকিস্তানি ঘ. রাজাকার

২৫. বৈদ্যুতিক ট্রান্সফর্মার ধ্বংস হওয়ার জন্য পাকিস্তানি সেনাবাহিনী কাদেরকে তলব করেছিল?
ক. ঢাকা কলেজের শিক্ষকদের খ. সিটি কলেজের শিক্ষকদের
গ. ইডেন কলেজের শিক্ষকদের ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের

২৬. নুরুল হুদার মধ্যে উষ্ণতা, সাহস ও দেশপ্রেমিক একাত্মবোধ কীভাবে সঞ্চারিত হয়?
ক. যুদ্ধ প্রশিক্ষণ নিয়ে খ. সেমিনারের মাধ্যমে
গ. রেইনকোটটি পরে ঘ. শ্যালককে দেখে

২৭. 'অন্তত তিন দিন ফুটফাট বন্ধ।' এখানে কী বন্ধের কথা বলা হয়েছে?
ক. গোলাগুলি খ. বৃষ্টির শব্দ গ. গাড়ির শব্দ ঘ. মেঘের গর্জন

২৮. 'বর্ষাকালেই তো জুৎ' এখানে কোন 'জুৎ'-এর কথা বলা হয়েছে?
ক. জুতসই খ. ঘুমানোর
গ. হানাদারদের পর্যুদস্ত করার ঘ. যাতায়াতের

২৯. 'আহা'! বৃষ্টির ঝমঝম বোল।' বাক্যটিতে 'ঝমঝম" কোন পদ?
ক. বিশেষণ খ. সর্বনাম গ. অব্যয় ঘ. ক্রিয়া

৩০. 'রেইনকোট' গল্পে 'রেইনকোটটি' কোন তাৎপর্য বহন করে?
ক. অন্তর্নিহিত খ. পোশাক গ. গূঢ় ঘ. প্রতীকী

৩১. 'বর্ষাকালই তো জুৎ।' উক্তিটি কার?
ক. একটি কুলির খ. নুরুল হুদার
গ. স্টাফরুমের কলিগের ঘ. মিন্টুর

৩২. কলেজের জন্য কেনা আলমারিগুলো কোন গাড়িতে করে নিয়ে আসা হয়?
ক. ট্রাক খ. পিকআপ
গ. ঠেলাগাড়ি ঘ. বাস

৩৩. জাঁদরেল মিলিটারি পাণ্ডাকে দেখে প্রিন্সিপ্যালের কালো মুখটা কেমন হয়?
ক. লাল খ. নীল গ. বেগুনি ঘ. ফ্যাকাশে

৩৪. কোন নামাজটা নুরুল হুদা নিয়মিত পড়ে?
ক. ফজর খ. জোহর গ. এশা ঘ. জুমা

৩৫. 'রেইনকোট' গল্পে অফিসের জন্য কয়টি আলমারি কেনা হয়েছিল?
ক. ৬টি খ. ৪টি গ. ৩টি ঘ. ২টি

OMR

৩৫. ক খ গ ঘ	৩৪. ক খ গ ঘ	৩৩. ক খ গ ঘ	৩২. ক খ গ ঘ
৩১. ক খ গ ঘ	৩০. ক খ গ ঘ	২৯. ক খ গ ঘ	২৮. ক খ গ ঘ
২৭. ক খ গ ঘ	২৬. ক খ গ ঘ	২৫. ক খ গ ঘ	২৪. ক খ গ ঘ
২৩. ক খ গ ঘ	২২. ক খ গ ঘ	২১. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ
১৯. ক খ গ ঘ	১৮. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৬. ক খ গ ঘ
১৫. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ	১২. ক খ গ ঘ
১১. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ	০৯. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ
০৭. ক খ গ ঘ	০৬. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ
০৩. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০১. ক খ গ ঘ	

Correct Answer

৩৫.গ	৩৪.ঘ	৩৩.গ	৩২.গ	৩১.ক	৩০.ঘ	২৯.গ	২৮.গ	২৭.ক
২৬.গ	২৫.ক	২৪.ঘ	২৩.ঘ	২২.ঘ	২১.খ	২০.খ	১৯.গ	১৮.খ
১৭.ঘ	১৬.খ	১৫.খ	১৪.ক	১৩.ক	১২.ক	১১.ক	১০.ঘ	০৯.ঘ
০৮.ক	০৭.গ	০৬.গ	০৫.ক	০৪.গ	০৩.ক	০২.ঘ	০১.গ	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

মহাজাগতিক কিউরেটর

মুহম্মদ জাফর ইকবাল

সৌরজগতের তৃতীয় গ্রহটি খুঁটিয়ে খুঁটিয়ে দেখে তারা বেশ সন্তুষ্ট হলো। প্রথম প্রাণীটি বলল, 'এখানে প্রাণের বিকাশ হয়েছে।'

'হ্যাঁ।'

'বেশ পরিণত প্রাণ। অনেক ভিন্ন ভিন্ন ধরনের প্রজাতি। একেবারে ক্ষুদ্র এককোষী থেকে শুরু করে লক্ষ-কোটি কোষের প্রাণী।'

দ্বিতীয় প্রাণীটি আরও একটু খুঁটিয়ে দেখে বলল, 'না। আসলে এটি জটিল প্রাণ নয়। খুব সহজ এবং সাধারণ।'

'কেন? সাধারণ কেন বলছ? তাকিয়ে দেখ কত ভিন্ন ভিন্ন প্রজাতির প্রাণ। শুরু হয়েছে ভাইরাস থেকে, প্রকৃতপক্ষে ভাইরাস আলাদাভাবে প্রাণহীন বলা যায়। অন্য কোনো প্রাণীর সংস্পর্শে এলেই তার মাঝে জীবনের লক্ষণ দেখা যায়। তারপর রয়েছে এককোষী প্রাণ, পরজীবী ব্যাকটেরিয়া। তারপর আছে গাছপালা, এক জায়গায় স্থির। আলোকসংশ্লেষণ দিয়ে নিজের খাবার নিজেই তৈরি করে নিচ্ছে। পদ্ধতিটা বেশ চমৎকার। গাছপালা ছাড়াও আছে কীটপতঙ্গ। তাকিয়ে দেখ কত রকম কীটপতঙ্গ। পানিতেও নানা ধরনের প্রাণী আছে, তাদের বেঁচে থাকার পদ্ধতি ভিন্ন। ডাঙাতেও নানা ধরনের প্রাণী, কিছু কিছু শীতল রক্তের কিছু কিছু উষ্ণ রক্তের। উষ্ণ রক্তের স্তন্যপায়ী প্রাণীদের একটির ভিতরে আবার অত্যন্ত নিম্নশ্রেণির বুদ্ধির বিকাশ হয়েছে। কোথাও কোথাও প্রকৃতিকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে।'

'কিন্তু সব আসলে বাহ্যিক। এই ভিন্ন ভিন্ন প্রজাতির মাঝে আসলে কোনো মৌলিক পার্থক্য নেই।'

প্রথম প্রাণীটি বলল, 'আমি বুঝতে পারছি না তুমি কেন এই পার্থক্যকে বাহ্যিক বলছ।'

'তুমি আরেকটু খুঁটিয়ে দেখ। এই ভিন্ন প্রজাতি কী দিয়ে তৈরি হয়েছে দেখ।'

প্রথম প্রাণীটি একটু খুঁটিয়ে দেখে বিস্ময়সূচক শব্দ করে বলল, 'তুমি ঠিকই বলেছ। এই প্রাণীগুলো সব একইভাবে তৈরি হয়েছে। সব প্রাণীর জন্য মূল গঠনটি হচ্ছে ডিএনএ দিয়ে, সব প্রাণীর ডিএনএ একই রকম, সবগুলো একই বেস পেয়ার দিয়ে তৈরি। সবচেয়ে সহজ এবং সবচেয়ে জটিল প্রাণীটির একই রকম গঠন। প্রাণীটির বিকাশের নীলনকশা এই ডিএনএ দিয়ে তৈরি করে রাখা আছে। কোনো প্রাণীর নীলনকশা সহজ, কোনো প্রাণীর নীলনকশা জটিল- এটুকুই হচ্ছে পার্থক্য।'

'হ্যাঁ'। দ্বিতীয় প্রাণীটি বলল, 'আমরা বিশ্বব্রহ্মাণ্ডের সব গ্রহ-নক্ষত্র ঘুরে সর্বশ্রেষ্ঠ প্রাণীগুলোকে সংগ্রহ করে নিয়ে যাচ্ছি-কাজটি সহজ নয়। এই গ্রহ থেকেও সর্বশ্রেষ্ঠ প্রাণীটি খুঁজে বের করতে হবে-যেহেতু সবগুলো প্রাণীর গঠন একই রকম, কাজটি আরও কঠিন হয়ে গেল।'

'সময় নষ্ট না করে কাজ শুরু করে দেওয়া যাক।'

'হ্যাঁ'।

'এই ভাইরাস কিংবা ব্যাকটেরিয়া বেশি ছোট, এর গঠন এত সহজ এর মাঝে কোনো বৈচিত্র্য নেই।'

'হ্যাঁ, ঠিকই বলেছ। আবার এই হাতি বা নীল তিমি নিয়েও কাজ নেই, এদের আকার বেশি বড়। সংরক্ষণ করা কঠিন হবে।

'গাছপালা নেওয়ারও প্রয়োজন নেই। এরা এক জায়গায় স্থির থাকে। যেখানে গতিশীল প্রাণী আছে সেখানে স্থির প্রাণ নেওয়ার কোনো অর্থ হয় না।'

এই প্রাণীটি সম্পর্কে তোমার কী ধারণা? এটাকে বলে সাপ।'

'সাপটি বেশ কৌতূহলোদ্দীপক, কিন্তু এটা সরীসৃপ। সরীসৃপের দেহের তাপমাত্রা নিয়ন্ত্রিত নয়, ঠাণ্ডার মাঝে এরা কেমন যেন স্থবির হয়ে পড়ে। প্রাণিজগতে সরীসৃপ একটু পিছিয়ে পড়া প্রাণী।

'ঠিকই বলেছ। তা হলে সরীসৃপ নিয়ে কাজ নেই।'

প্রথম প্রাণীটি বলল, 'আমার এই প্রাণীটি খুব পছন্দ হয়েছে। এটাকে বলে পাখি। কী চমৎকার! আকাশে উড়তে পারে!

দ্বিতীয় প্রাণীটি বলল, 'হ্যা, আমারও এটি পছন্দ হয়েছে। আমরা এই প্রাণীটিকে নিতে পারি। তবে, তবে কী?'

'এদের বুদ্ধিমত্তা সম্পর্কে আমি খুব নিশ্চিত নই। আমাদের কি এমন কোনো প্রাণী নেওয়া উচিত নয় যারা বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছে, যারা কোনো ধরনের সভ্যতা গড়ে তুলেছে?'

'ঠিকই বলেছ। তা হলে আমাদের স্তন্যপায়ী প্রাণীদের একবার দেখা উচিত।'

'এই দেখ একটা স্তন্যপায়ী প্রাণী। কী সুন্দর হলুদের মাঝে কালো ডোরাকাটা! এর নাম বাঘ।'

'হ্যাঁ প্রাণীটি চমৎকার। কিন্তু এটি একা একা থাকতে পছন্দ করে। একটা সামাজিক প্রাণী নিতে পারি না?'

'কুকুরকে নিলে কেমন হয়? এরা একসাথে থাকে। দল বেঁধে ঘুরে বেড়ায়।'

প্রথম প্রাণীটি বলল, এই প্রাণীটিকে মানুষ পোষ মানিয়ে রেখেছে, প্রাণীটা নিজেদের স্বকীয়তা হারিয়ে ফেলছে।'

'ঠিকই বলেছ, গৃহপালিত প্রাণীগুলোর মাঝে স্বকীয়তা লোপ পেয়ে যাচ্ছে। একটা খাঁটি প্রাণী নেওয়া প্রয়োজন। হরিণ নিলে কেমন হয়?

'তৃণভোজী প্রাণী। তার অর্থ জান?

'কী?'

'এদের দীর্ঘ সময় খেতে হয়। বেশির ভাগ সময় এটা ঘাস লতাপাতা খেয়ে কাটায়।'

'ঠিকই বলেছ। আমরা দেখছি কোনো প্রাণীই পছন্দ করতে পারছি না।'

'আমার একটা জিনিস মনে হচ্ছে।'

'কী?

'এই গ্রহটিতে যে প্রাণীটি সবচেয়ে বেশি আলোড়ন সৃষ্টি করেছে সেই প্রাণীটি নিলে কেমন হয়?'

'কোন প্রাণীর কথা বলছ?'

'মানুষ।'

'মানুষ?'

হ্যাঁ। দেখ এদের একটা সামাজিক ব্যবস্থা আছে। সমাজবদ্ধ হয়ে থাকে। এদের কেউ শ্রমিক, কেউ সৈনিক, কেউ বুদ্ধিজীবী।'

'ঠিকই বলেছ।'

'এই দেখ এরা শহর-বন্দর-নগর তৈরি করেছে। কত বিশাল বিশাল নগর তৈরি করেছে।'

'শুধু তাই না, দেখ এরা চাষাবাদ করছে। পশুপালন করছে।'

'যখন কোনো সমস্যা হয় তখন এরা দলবদ্ধভাবে সেটা সমাধান করার চেষ্টা করে।'

'নিজেদের সভ্যতা গড়ে তোলার জন্য এদের কত আত্মত্যাগ রয়েছে দেখেছ?

কিন্তু আমার একটা জিনিস মনে হচ্ছে-

'কী?

'তুমি কি সত্যিই বিশ্বাস কর মানুষ এই গ্রহের শ্রেষ্ঠ প্রাণী?

'তুমি কেন এটা জিজ্ঞেস করছ?

'এই পৃথিবীর দিকে তাকাও। দেখেছ বাতাসে কত দূষিত পদার্থ? কত তেজস্ক্রিয় পদার্থ? বাতাসের ওজোন স্তর কেমন করে শেষ হয়ে যাচ্ছে দেখেছ? গাছ কেটে কত বিস্তীর্ণ এলাকা ধ্বংস করেছে দেখেছ?'

এর সবই কি মানুষ করেছে?'

'হ্যাঁ।'

'কী আশ্চর্য! আমি ভেবেছিলাম এরা বুদ্ধিমান প্রাণী।'

'এরা একে অন্যের ওপর নিউক্লিয়ার বোমা ফেলছে। যুদ্ধ করে একজন আরেকজনকে ধ্বংস করে ফেলছে। প্রকৃতিকে এরা দূষিত করে ফেলেছে।'

'ঠিকই বলেছ।'

প্রাণী দুটি কিছুক্ষণ বেশ মনোযোগ দিয়ে মানুষকে লক্ষ করল, তারপর প্রথম প্রাণীটি বলল, 'না মানুষকে নেওয়া ঠিক হবে না। এরা মাত্র দুই মিলিয়ন বছর আগে জন্ম নিয়েছে, কিন্তু এর মাঝেই শুধু যে নিজেদের বিপন্ন করেছে তাই নয়, পুরো গ্রহটিকে ধ্বংস করে ফেলার অবস্থা করে ফেলেছে।

দ্বিতীয় প্রাণীটি বলল, মহাজাগতিক কাউন্সিল আমাদের কিউরেটরের দায়িত্ব দিয়েছে। আমাদের খুব চিন্তা-ভাবনা করে প্রাণীগুলো বেছে নিতে হবে। এই সুন্দর গ্রহ থেকে এ রকম স্বেচ্ছা ধ্বংসকারী প্রাণী আমরা নিতে পারি না। কিছুতেই নিতে পারি না।' প্রাণী দুটি কিছুক্ষণ চুপ করে থাকে এবং হঠাৎ করে প্রথম প্রাণীটি আনন্দের ধ্বনি দিয়ে ওঠে। দ্বিতীয় প্রাণীটি অবাক হয়ে বলল, 'কী হয়েছে?'

'আমি একটি প্রাণী খুঁজে পেয়েছি। এরাও সামাজিক প্রাণী। এরাও দল বেঁধে থাকে। এদের মাঝে শ্রমিক আছে সৈনিক আছে। বংশ বিস্তারের জন্য চমৎকার একটা পদ্ধতি আছে। দেখ নিজেদের থাকার জন্য কী চমৎকার বিশাল বাসস্থান তৈরি করেছে!'

দ্বিতীয় প্রাণীটি বলল, ঠিকই বলেছ। দেখ এরাও মানুষের মতো চাষাবাদ করতে পারে। মানুষ যেরকম নিজেদের সুবিধার জন্য পশুপালন করতে পারে এদেরও ঠিক সেরকম ব্যবস্থা রয়েছে।'

'কী সুশৃঙ্খল প্রাণী দেখেছ?'

'শুধু সুশৃঙ্খল নয়, এরা অসম্ভব পরিশ্রমী, গায়ে প্রচণ্ড জোর, নিজের শরীর থেকে দশগুণ বেশি জিনিস অনায়াসে নিয়ে যেতে পারে।'

'হ্যাঁ। কোনো ঝগড়াবিবাদ নেই। কে কোন কাজ করবে আগে থেকে ঠিক করে রেখেছে। কোনো রকম অভিযোগ নেই, যে যার দায়িত্ব পালন করে যাচ্ছে।'

'অত্যন্ত সুবিবেচক। আগে থেকে খাবার জমিয়ে রাখছে। আর বিপদে কখনো দিশেহারা হয় না। অন্যকে বাঁচানোর জন্য অকাতরে প্রাণ দিয়ে যাচ্ছে।'

'মানুষের বয়স মাত্র দুই মিলিয়ন বছর, সেই তুলনায় এরা সেই ডাইনোসরের যুগ থেকে বেঁচে আছে।'

'প্রকৃতির এতটুকু ক্ষতি করেনি। আমি নিশ্চিত মানুষ নিজেদের ধ্বংস করে ফেলার পরও এরা বেঁচে থাকবে। পৃথিবী এক সময় এরাই নিয়ন্ত্রণ করবে।'

'ঠিকই বলেছ। তা হলে আমরা এই প্রাণীটাই নিয়ে যাই?'

'হ্যাঁ। পৃথিবীর এই চমৎকার প্রাণীটা নেওয়াই সবচেয়ে সুবিবেচনার কাজ হবে।'

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

দুজন মহাজাগতিক কিউরেটর সৌরজগতের তৃতীয় গ্রহটি থেকে কয়েকটি পিঁপড়া তুলে নিয়ে গ্যালাক্সির অন্য গ্রহ-নক্ষত্রে রওনা দেয়, দীর্ঘদিন থেকে বিশ্বব্রহ্মাণ্ড ঘুরে ঘুরে তারা গুরুত্বপূর্ণ প্রাণী সংগ্রহ করছে।

শব্দার্থ ও টীকা

মহাজাগতিক	মহাজগৎ সম্বন্ধীয়।
কিউরেটর	জাদুঘর রক্ষক। জাদুঘরের তত্ত্বাবধায়ক তথা পরিচালক।
প্রজাতি	প্রাণীর বংশগত শ্রেণি।
এককোষী	একটিমাত্র কোষবিশিষ্ট প্রাণী।
সরীসৃপ	বুকে ভর দিয়ে চলে এমন প্রাণী।
তেজস্ক্রিয় পদার্থ	যা থেকে এমন রশ্মির বিকিরণ ঘটে যা অস্বচ্ছ পদার্থের মধ্য দিয়ে দেখা যায়।
ওজোন স্তর	বায়ুমণ্ডলের উপরিভাগে ওজোন গ্যাসে পূর্ণ স্তর বিশেষ, যা আমাদের সূর্যের অতিবেগুনি রশ্মি থেকে রক্ষা করে।
নিউক্লিয়ার বোমা	পারমাণবিক বোমা।
ডাইনোসর	বর্তমানে লুপ্ত প্রাগৈতিহাসিক কালের বৃহদাকার প্রাণী।
গ্যালাক্সি	ছায়াপথ।

লেখক পরিচিতি

নাম	মুহম্মদ জাফর ইকবাল
জন্ম পরিচয়	জন্ম : ২৩ ডিসেম্বর ১৯৫২ খ্রিস্টাব্দ, সিলেট শহর। পৈতৃক নিবাস : নেত্রকোনা জেলা। পিতা : শহিদ ফয়জুর রহমান আহমেদ। মাতা : আয়েশা আখতার খাতুন।
শিক্ষাজীবন	মাধ্যমিক : এসএসসি (১৯৬৮ খ্রিস্টাব্দ), জিলা স্কুল, বগুড়া। উচ্চ মাধ্যমিক : এইচএসসি (১৯৭০ খ্রিস্টাব্দ), ঢাকা কলেজ। উচ্চতর শিক্ষা : স্নাতক সম্মান (পদার্থবিজ্ঞান), ঢাকা বিশ্ববিদ্যালয় (১৯৭৩ খ্রিস্টাব্দ)। স্নাতকোত্তর (তাত্ত্বিক পদার্থবিজ্ঞান), ঢাকা বিশ্ববিদ্যালয় (১৯৭৪ খ্রিস্টাব্দ)। ১৯৮২ খ্রিস্টাব্দে তিনি ইউনিভার্সিটি অব ওয়াশিংটন থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন।
কর্মজীবন/পেশা	রিসার্চ অ্যাসিস্ট্যান্ট, ইউনিভার্সিটি অব ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র; অধ্যাপক, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
পুরস্কার ও সম্মাননা	বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার (২০০৪ খ্রিস্টাব্দ)।

সাহিত্যকর্ম

গল্পগ্রন্থ	একজন দুর্বল মানুষ (১৯৯২), ক্যাম্প, ছেলেমানুষী (১৯৯৩), নুরুল ও তার নোটবই (১৯৯৬), মধ্যরাত্রিতে তিন দুর্ভাগা তরুণ।
উপন্যাস	আকাশ বাড়িয়ে দাও (১৯৮৭), বিবর্ণ তুষার (১৯৯৩), দুঃস্বপ্নের দ্বিতীয় প্রহর (১৯৯৪), কাচসমুদ্র (১৯৯৯), সবুজ ভেলভেট (২০০৩), ক্যাম্প (২০০৪), মহব্বত আলীর একদিন (২০০৬)।
বৈজ্ঞানিক গ্রন্থ	কপোট্রনিক সুখ দুঃখ (১৯৭৬), মহাকাশে মহাত্রাস (১৯৭৭), ক্রুগো (১৯৮৮), ট্রাইটন একটি গ্রহের নাম (১৯৮৮), টুকুনজিল (১৯৯৩), নিঃসঙ্গ গ্রহচারী (১৯৯৪), ক্রোমিয়াম অরণ্য (১৯৯৫), নয় নয় শূন্য তিন (১৯৯৬), সুহানের স্বপ্ন (২০০৪), অবনীল (২০০৪), অক্টোপাসের চোখ (২০০৯), ইকারাস (২০০৯), রবোনিশি (২০১০), প্রডিজি (২০১১), কেপলার টুটুবি (২০১২), ব্ল্যাক হোলের বাচ্চা (২০১৩)।
শিশুতোষ	বুগাবুগা (২০০১), সাগরের যত খেলনা (২০০২), রতন, ঘাস ফড়িং (২০০৮), হাকাহাকি ডাকাডাকি, ভূতের বাচ্চা কটকটি।
কিশোর সাহিত্য	হাতকাটা রবিন (১৯৭৬), দীপু নাম্বার টু (উপন্যাস ১৯৮৪) চলচ্চিত্রে রূপ (১৯৯৬), দুষ্টু ছেলের দল (১৯৮৬), আমার বন্ধু রাশেদ (১৯৯৪), চলচ্চিত্র রূপ (২০১১), বুবুনের বাবা (১৯৯৮), মেকু কাহিনী (২০০০), কাজলের দিনরাত্রি (২০০২), দস্যি কজন-(২০০৪), আমি তপু (২০০৫), লিটু বৃত্তান্ত (২০০৬), মেয়েটির নাম নারীনা (২০০৯), রাশা (২০১০), আঁখি এবং আমরা কজন (২০১১), দলের নাম ব্ল্যাক ড্রাগন (২০১১)।
গল্প	আমড়া ও ক্যাঁব নেবুলা (১৯৯৬), আধুনিক ঈশপের গল্প (১৯৯৬), তিন্নি ও বন্যা (১৯৯৮)।
ভ্রমণ	আমেরিকা (১৯৯৭), তোমাদের প্রশ্ন আমার উত্তর (২০০৪), রঙিন চশমা (২০০৭), আরো প্রশ্ন আরো উত্তর (২০১২)।
বিজ্ঞান ও গণিত বিষয়ক	দেখা আলো না দেখা রূপ (১৯৮৬), বিজ্ঞানের একশ মজার খেলা (১৯৯৪), নিউরণে অনুরণন (২০০২), নিউরণে আবারো অনুরণন।
কলাম ও সংকলন	দেশের বাইরে দেশ (১৯৯৩), সাদাসিধে কথা (১৯৯৫), হিমঘরে ঘুম ও অন্যান্য (২০০০), দুঃস্বপ্নের রাত এবং দুর্ভাবনার দিন (২০০৩), এক টুকরো লাল সবুজ কাপড় (২০১১), বদন খানি মলিন হলে (২০১২)।
ভৌতিক সাহিত্য	প্রেত (১৯৮৩), পিশাচিনী (১৯৯২), নিশিকন্যা (২০০৩), ছায়ালীন (২০০৬), দানব (২০০৯)।
টিভি নাটক ও রেডিও নাটক	গেস্ট হাউস, ঘাস ফড়িঙের স্বপ্ন, শান্তা পরিবার, একটি সুন্দর সকাল, লিরিক। রেডিও নাটক : শুকনো ফুল রঙ্গিন ফুল (২০১১, সহায়তায় ইউনিসেফ)।
মুক্তিযুদ্ধবিষয়ক	মুক্তিযুদ্ধের ইতিহাস (২০০৯), ছোটদের মুক্তিযুদ্ধের ইতিহাস (২০০৯)।

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সায়েন্স ফিকশনের একচ্ছত্র সম্রাট কে?– জাফর ইকবাল।
- 'দীপু নাম্বার টু' কী ধরনের উপন্যাস?– কিশোর উপন্যাস।
- দীর্ঘ প্রবাসজীবন শেষে তিনি দেশে প্রত্যাবর্তন করে কর্মরত আছেন– শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদে।
- তাঁর সাহিত্যিক মানসের প্রধান বৈশিষ্ট্য– মাতৃভূমি, মানুষ ও ধরিত্রীর প্রতি নৈতিক দায়বদ্ধতা।
- ট্রাইটন একটি গ্রহের নাম, টুকুনজিল, ক্রোমিয়াম অরণ্য, অবনীল, মহাকাশে মহাত্রাস কোন ধরনের রচনা?– সায়েন্স ফিকশনধর্মী।
- একই সঙ্গে লেখক, অধ্যাপক, বিজ্ঞানী এবং স্বপ্নচারী মানুষ– মুহম্মদ জাফর ইকবাল।
- তার সাহিত্যে সম্মিলন ঘটেছে- বৈজ্ঞানিক বস্তুনিষ্ঠতা ও মানবীয় কল্পনা।
- বিজ্ঞানমুখী তরুণ প্রজন্মের আইডল কে?– মুহম্মদ জাফর ইকবাল।
- 'নিঃসঙ্গ গ্রহচারী' মুহম্মদ জাফর ইকবাল রচিত– সায়েন্স ফিকশন।
- মুহম্মদ জাফর ইকবাল কত খ্রিস্টাব্দে বাংলা একাডেমি পুরস্কার লাভ করেন?– ২০০৪।

'মহাজাগতিক কিউরেটর' গল্প সম্পর্কিত তথ্যাবলি

- **উৎস :** 'জলজ' গ্রন্থের অন্তর্গত 'মহাজাগতিক কিউরেটর' গল্পটি মুহম্মদ জাফর ইকবালের 'সায়েন্স ফিকশন সমগ্র' তৃতীয় খণ্ড (২০০২) থেকে গৃহীত হয়েছে। 'মহাজাগতিক কিউরেটর' বৈজ্ঞানিক কল্পকাহিনি হলেও এতে দেশকালের প্রভাবপুষ্ট মানবকল্যাণকর্মী লেখকের জীবনদৃষ্টির প্রতিফলন ঘটেছে।
- **প্রথম লাইন–** সৌরজগতের তৃতীয় গ্রহটি খুঁটিয়ে খুঁটিয়ে দেখে তারা বেশ সন্তুষ্ট হলো। প্রথম প্রাণীটি বলল, 'এখানে প্রাণের বিকাশ হয়েছে'।
- **শেষ লাইন–** দুজন মহাজাগতিক কিউরেটর সৌরজগতের তৃতীয় গ্রহটি থেকে কয়েকটি পিঁপড়া তুলে নিয়ে গ্যালাক্সির জন্য গ্রহ-নক্ষত্রের রওনা দেয়, দীর্ঘদিন থেকে বিশ্বব্রহ্মাণ্ড ঘুরে ঘুরে তারা গুরুত্বপূর্ণ প্রাণী সংগ্রহ করছে।
- **ভাষারীতি :** চলিতরীতি

গুরুত্বপূর্ণ লাইন

- দ্বিতীয় প্রাণীটি আরও একটু খুঁটিয়ে দেখে বলল, 'না। আসলে এটি জটিল প্রাণ নয়। খুব সহজ এবং সাধারণ'।
- সব প্রাণীর জন্য মূল গঠনটি হচ্ছে ডিএনএ দিয়ে, সব প্রাণীর ডিএনএ একই রকম, সবগুলো একই বেস পেয়ার দিয়ে তৈরি।
- আবার এই হাতি বা নীল তিমি নিয়েও কাজ নেই, এদের আকার বেশি বড়।
- সাপটি বেশ কৌতূহলোদ্দীপক, কিন্তু এটা সরীসৃপ।
- সরীসৃপের দেহের তাপমাত্রা নিয়ন্ত্রিত নয়, ঠাণ্ডার মাঝে এরা কেমন যেন স্থবির হয়ে পড়ে।
- কী সুন্দর হলুদের মাঝে কালো ডোরাকাটা! এর নাম বাঘ।
- কিন্তু এটি একা একা থাকতে পছন্দ করে। একটা সামাজিক প্রাণী নিতে পারি না?
- একটা খাঁটি প্রাণী নেওয়া প্রয়োজন। হরিণ নিলে কেমন হয়?
- এই গ্রহটিতে যে প্রাণীটি সবচেয়ে বেশি আলোড়ন সৃষ্টি করেছে সেই প্রাণীটি নিলে কেমন হয়?
- এদের কেউ শ্রমিক, কেউ সৈনিক, কেউ বুদ্ধিজীবী।
- এই দেখ এরা শহর-বন্দর-নগর তৈরি করেছে। কত বিশাল বিশাল নগর তৈরি করেছে।
- যখন কোনো সমস্যা হয় তখন এরা দলবদ্ধভাবে সেটা সমাধান করার চেষ্টা করে। নিজেদের সভ্যতা গড়ে তোলার জন্য এদের কত আত্মত্যাগ রয়েছে দেখেছ?
- এরা একে অন্যের ওপর নিউক্লিয়ার বোমা ফেলছে। যুদ্ধ করে একজন আরেকজনকে ধ্বংস করে ফেলছে। প্রকৃতিকে এরা দূষিত করে ফেলেছে।
- প্রথম প্রাণীটি বলল, 'না মানুষকে নেওয়া ঠিক হবে না।'
- এরা মাত্র দুই মিলিয়ন বছর আগে জন্ম নিয়েছে, কিন্তু এর মাঝেই শুধু যে নিজেদের বিপন্ন করেছে তাই নয়, পুরো গ্রহটিকে ধ্বংস করে ফেলার অবস্থা করে ফেলেছে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOL

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- ➲ হঠাৎ করে প্রথম প্রাণীটি আনন্দের ধ্বনি দিয়ে ওঠে। দ্বিতীয় প্রাণীটি অবাক হয়ে বলল, 'কী হয়েছে?'
- ➲ বংশ বিস্তারের জন্য চমৎকার একটা পদ্ধতি আছে।
- ➲ দেখ এরাও মানুষের মতো চাষাবাদ করতে পারে।
- ➲ 'শুধু সুশৃঙ্খল নয়, এরা অসম্ভব পরিশ্রমী, গায়ে প্রচণ্ড জোর, নিজের শরীর থেকে দশগুণ বেশি জিনিস অনায়াসে নিয়ে যেতে পারে।'
- ➲ অত্যন্ত সুবিবেচক। আগে থেকে খাবার জমিয়ে রাখছে। আর বিপদে কখনো দিশেহারা হয় না।
- ➲ অন্যকে বাঁচানোর জন্য অকাতরে প্রাণ দিয়ে যাচ্ছে।
- ➲ পৃথিবীর এই চমৎকার প্রাণীটা নেওয়াই সবচেয়ে সুবিবেচনার কাজ হবে।

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র: জাদুঘরের তত্ত্বাবধায়ককে কী বলা হয়? – **কিউরেটর**।

প্র: 'পৃথিবী' গ্রহটি খুটিয়ে দেখে তারা কী হলো?– **সন্তুষ্ট**।

প্র: ব্যাকটেরিয়া কোন ধরনের প্রাণী?– **এককোষী প্রাণী**।

প্র: ব্যাকটেরিয়া কী?– **পরজীবী প্রাণী**।

প্র: 'সব পার্থক্য আসলে বাহ্যিক।' এই মতটি কার?– **দ্বিতীয় প্রাণীটির**।

প্র: প্রাণী দুটির কাজ কী?– **বিশ্ব ব্রহ্মাণ্ডের সব গ্রহ-নক্ষত্র থেকে সর্বশ্রেষ্ঠ প্রাণী খুঁজে বের করা**।

প্র: তারা গাছপালা কেন নিতে চায় না?– **এরা এক জায়গায় স্থির হয়ে থাকে**।

প্র: সাপ কেমন?– **কৌতূহলোদ্দীপক**।

প্র: প্রাণী জগতে কারা পিছিয়ে পড়া প্রাণী?– **সরীসৃপ**।

প্র: কোন প্রাণী পাখি পছন্দ করেছে?– **প্রথম প্রাণী**।

প্র: হলুদের মধ্যে কালো ডোরাকাটা প্রাণী কোনটি?– **বাঘ**।

প্র: কারা একে অন্যের উপর নিউক্লিয়ার বোমা ফেলেছে?– **মানুষ**।

প্র: মহাজাগতিক কাউন্সিল কাদের দায়িত্ব দিয়েছে?– **দুটি প্রাণীকে**।

প্র: পৃথিবীতে রয়েছে– **এককোষী থেকে লক্ষ কোটি কোষী প্রাণী**।

প্র: 'মহাজাগতিক কিউরেটর' গল্পে মানুষের বয়স কত বছর বলে উল্লেখ করা হয়েছে?– **দুই মিলিয়ন**।

প্র: 'ভাইরাস ও ব্যাকটেরিয়া বেশি ছোট।'- এদের মাঝে কী নেই– **বৈচিত্র্য**।

প্র: 'আমি নিশ্চিত মানুষ নিজেদের ধ্বংস করে ফেলার পরও এরা বেঁচে থাকবে'- উক্তিটি কার?– **দ্বিতীয় কিউরেটরের**।

প্র: কিউরেটরদের বর্ণনায় পৃথিবীর কোন প্রাণীর পেশাগত বৈচিত্র্যের ধারণা পাওয়া যায়?– **মানুষ**।

প্র: মানুষ নির্বিচারে গাছ কেটে ধ্বংস করছে– **প্রকৃতির ভারসাম্য**।

প্র: সৌরজগতের তৃতীয় গ্রহের প্রাণ সহজ এবং সাধারণ কেন?– **সকল প্রজাতির গঠন একই**।

প্র: পৃথিবীর সবচেয়ে প্রাচীনতম প্রাণী হিসেবে কোন নামটি সমর্থনযোগ্য?– **ডাইনোসর**।

প্র: 'মহাজাগতিক কিউরেটর' গল্পটির মাধ্যমে লেখক কী বুঝতে চেয়েছেন?– **পরিবেশ বিপর্যয়**।

প্র: প্রকৃতপক্ষে কাকে আলাদাভাবে প্রাণহীন বলা যায়?– **ভাইরাসকে**।

প্র: সালোক সংশ্লেষণ হলো– **বৃক্ষের খাদ্য প্রস্তুতপ্রণালি**।

প্র: কাদের বেঁচে থাকার পদ্ধতি ভিন্ন?– **পানিতে বাসকারী প্রাণীদের**।

প্র: কোথাও কোথাও প্রকৃতিকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে কারা?– **মানুষ**।

প্র: পৃথিবীর ভিন্ন ভিন্ন প্রাণীর মধ্যে কোনটি নেই?– **মৌলিক পার্থক্য**।

প্র: বিভিন্ন প্রজাতির মধ্যে বাহ্যিক পার্থক্য হলো– **অবয়বগত পার্থক্য**।

প্র: পৃথিবীর সব প্রাণীর প্রাণের মূল হলো– **DNA**।

প্র: ডাইনোসরের যুগ থেকে বেঁচে আছে কোন প্রাণী– **পিঁপড়া**।

প্র: পরজীবী বলতে বোঝায়– **অন্য জীবের ভেতরে থাকে**।

প্র: মহাজাগতিক বলতে বোঝায়– **মহাজগৎ সম্বন্ধীয়**।

প্র: 'বিপদে দিশেহারা হয় না, অন্যকে বাঁচানোর জন্য অকাতরে প্রাণ দেয়'– এই বৈশিষ্ট্যগুলো পৃথিবীতে কাদের বৈশিষ্ট্যের সাথে তুলনীয়?– **পিঁপড়ার**।

প্র: 'মানুষ বুদ্ধিমান প্রাণী নয়' কথাটি কোন যুক্তিতে বলা হয়েছে?– **এরা একে অন্যের উপর নিউক্লিয়ার বোমা ফেলেছে ও প্রকৃতিকে দূষিত করেছে**।

প্র: পিঁপড়াকে কিউরেটররা কেন নির্বাচন করল?– **সুশৃঙ্খল, পরিশ্রমী ও সুবিবেচক বলে**।

প্র: মহাজাগতিক কিউরেটরদের পৃথিবীতে আসার কারণ– **শ্রেষ্ঠ প্রাণীর নমুনা সংগ্রহ**।

প্র: 'মহাজাগতিক কিউরেটরে' প্রতিফলন ঘটেছে লেখকের– **দেশকালের প্রভাবে পুষ্ট মানব কল্যাণকামী দৃষ্টিভঙ্গি**।

প্র: 'গৃহপালিত প্রাণী হওয়ায় গরুর স্বাধীন সত্তা নেই।' এখানে 'গরুর' সাথে 'মহাজাগতিক কিউরেটর' গল্পের কার মিল রয়েছে?– **কুকুর**।

প্র: ম্যামথ হলো লুপ্ত হওয়া বৃহদাকার অতিকায় হাতি। এর সঙ্গে সাদৃশ্যপূর্ণ প্রাণী– **নীল তিমি**।

প্র: কাদের সংরক্ষণ করা অনেক কঠিন হবে?– **হাতি বা নীল তিমি**।

প্র: 'যেখানে গতিশীল প্রাণী আছে সেখানে স্থির প্রাণী নেওয়ার অর্থ হয় না'– এখানে **স্থির প্রাণী বলতে বোঝানো হয়েছে- বৃক্ষ**।

প্র: কুকুর প্রাণীটির নমুনা সংগ্রহ না করার প্রধান কারণ– **এরা স্বকীয়তা হারিয়েছে**।

প্র: হরিণ বেশিরভাগ সময় কাটায় কী খেয়ে?– **ঘাস লতাপাতা খেয়ে**।

প্র: অন্যান্য প্রাণী থেকে মানুষ আলাদা– **বুদ্ধি বিবেচনায়**।

প্র: মানুষ নগর তৈরি করেছে– **সভ্যতার বিকাশের জন্য**।

প্র: পিঁপড়া নিজের শরীরের কত গুণ বেশি ওজন বহন করতে পারে?– **দশ**।

প্র: 'ঐ ফুল ফোটে বনে যাই মধু আহরণে দাঁড়াবার সময় তো নাই' কথাটি কার ক্ষেত্রে প্রযোজ্য– **পিঁপড়া**।

প্র: নিউক্লিয়ার বোমা হচ্ছে– **পারমাণবিক বোমা**।

প্র: গল্পটির কাহিনি এগিয়েছে– **নাট্যগুণ সমৃদ্ধ সংলাপের মধ্য দিয়ে**।

প্র: কিউরেটরগণ শঙ্কিত– **মানুষের বুদ্ধিহীনতার কারণে**।

প্র: গল্পটিকে বিশিষ্ট করে তুলেছে– **তীব্র শ্লেষ ও পরিহাসের মিশ্রণ**।

প্র: পিঁপড়া এক সময় পৃথিবীকে নিয়ন্ত্রণ করবে, কারণ– **তারা সুশৃঙ্খল**।

প্র: 'ওজোন স্তর' আমাদের রক্ষা করে– **সূর্যের ক্ষতিকারক অতিবেগুনি রশ্মি থেকে**।

প্র: 'এদের কেউ শ্রমিক, কেউ সৈনিক, কেউ বুদ্ধিজীবী'– কার উক্তি?– **দ্বিতীয় কিউরেটরের**।

প্র: 'মহাজাগতিক কিউরেটর' রচনায় মানুষের চেয়ে পিঁপড়াকে গুরুত্ব দেওয়ার কারণ কী?– **সুবিবেচক হওয়ায়**।

প্র: পিঁপড়াদের মধ্যে ঝগড়া-বিবাদ নেই কেন?– **সামাজিক ও একতাবদ্ধ বলে**।

প্র: মুহম্মদ জাফর ইকবালের অন্যতম শ্রেষ্ঠ রচনা কোনটি?– **আমি তপু**।

প্র: 'মহাজাগতিক কিউরেটর' গল্পে কয়টি প্রাণীর কথা উল্লেখ আছে?– **১২টি। ভাইরাস, সাপ, ব্যাকটেরিয়া, হাতি, নীল তিমি, বাঘ, কুকুর, হরিণ, ডাইনোসর, পিঁপড়া, পাখি, মানুষ**।

প্র: 'আমরা দেখছি কোনো প্রাণীই পছন্দ করতে পারছি না।' উক্তিটি কার? –**দ্বিতীয় কিউরেটরের**।

প্র: 'তুমি কি সত্যিই বিশ্বাস কর মানুষ এই গ্রহের শ্রেষ্ঠ প্রাণী?'– বাক্যটি কি প্রকাশ পেয়েছে?– **সন্দেহ**।

প্র: কিউরেটরদ্বয় বাঘের পর কোন প্রাণী নির্বাচনের সিদ্ধান্ত নেয়?– **কুকুর**।

প্র: 'আমি একটি প্রাণী খুঁজে পেয়েছি' –উক্তিটি কার?– **প্রথম কিউরেটরের**।

প্র: 'মহাজাগতিক কিউরেটর' গল্পে কিসের প্রতিফলন ঘটেছে?– **লেখকের জীবনদৃষ্টির**।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'এদের কেউ শ্রমিক, কেউ সৈনিক, কেউ বুদ্ধিজীবী।' বাক্যটি যে রচনা থেকে উদ্ধৃত– [খ ১৭-১৮]
ক. চাষার দুক্ষু খ. আমার পথ গ. মহাজাগতিক কিউরেটর ঘ. জীবন ও বৃক্ষ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০২. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে মানুষের বয়স কত বছর বলে উল্লেখ করা হয়েছে? [E ১৭-১৮; বেরোবি B ১৬-১৭; AL ১৭-১৮; জাককানইবি]
ক. দুই মিলিয়ন খ. এক মিলিয়ন গ. চার মিলিয়ন ঘ. তিন মিলিয়ন

০৩. 'এখানে প্রাণের বিকাশ ঘটেছে' উক্তিটি কার? [E ১৬-১৭]
ক. প্রথম কিউরেটর খ. দ্বিতীয় কিউরেটরের গ. তৃতীয় কিউরেটরের ঘ. গল্প লেখকের

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০৪. মহাজাগতিক কিউরেটর পৃথিবী থেকে শেষে কি তুলে নেয়? [A ১৭-১৮]
ক. ডাইনোসর খ. পিঁপড়া গ. পাখি ঘ. মানুষ

০৫. 'কী আশ্চর্য! আমি ভেবেছিলাম এরা বুদ্ধিমান প্রাণী।' -মহাজাগতিক কিউরেটর গল্পে উক্তিটি কাদের সম্পর্কে বলা হয়েছে? [C ১৬-১৭]
ক. মানুষ খ. বানর গ. রোবট ঘ. এলিয়েন

০৬. প্রথম কিউরেটর পৃথিবীতে কিসের বিকাশ ঘটছে বলে জানালো? [B ১৬-১৭]
ক. মানুষের খ. সভ্যতার গ. প্রাণের ঘ. জীবজগতের

ইসলামী বিশ্ববিদ্যালয়

০৭. 'মহাজাগতিক কিউরেটর' গল্পটি কোন গ্রন্থের অন্তর্গত? [H ১৭-১৮; বেরোবি A ১৭-১৮; B ১৬-১৭]
ক. সায়েন্স ফিকশন সমগ্র খ. জলজ গ. La parure ঘ. জাল স্বপ্ন স্বপ্নের জাল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০৮. 'মহাজাগতিক কিউরেটর' গল্পটি মুহম্মদ জাফর ইকবালের 'সায়েন্স ফিকশন সমগ্র' এর কততম খণ্ড থেকে গৃহীত? [F ১৭-১৮]
ক. প্রথম খ. দ্বিতীয় গ. তৃতীয় ঘ. চতুর্থ

০৯. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে কোন প্রাণীকে শ্রেষ্ঠ প্রজাতি হিসেবে চিহ্নিত করা হয়েছে? [D ১৬-১৭]
ক. মানুষ খ. হরিণ গ. হনুমান ঘ. পিঁপড়া

০১.গ	০২.ক	০৩.ক	০৪.খ	০৫.ক	০৬.গ	০৭.খ	০৮.গ	০৯.ঘ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নাবলি

০১. 'যেখানে গতিশীল প্রাণী আছে সেখানে স্থির প্রাণ নেওয়ার কোনো অর্থ হয় না' এখানে স্থির বলতে বোঝানো হয়েছে-
ক. জড়বস্তু খ. পাষাণ গ. শৈবাল ঘ. বৃক্ষ

০২. সব প্রাণীর ডিএনএ তৈরি হয় কী দিয়ে ?
ক. একই বেস পেয়ার খ. একই টিস্যু থেকে গ. একই RNA ঘ. একই সেল থেকে

০৩. পৃথিবীর শ্রেষ্ঠ জাতি পিঁপড়াকে বলা হয়েছে কেন?
ক. মানবিকতাসম্পন্ন প্রাণী খ. পরিশ্রমী, সুশৃঙ্খল, সামাজিক প্রাণী
গ. সুসভ্য প্রাণী ঘ. বস্তুবাদী ইহজাগতিক প্রাণী

০৪. কোনটি ভাইরাস ব্যাকটেরিয়ার নমুনা সংগ্রহ না করার কারণ-
ক. এরা বহুকোষী বলে খ. এদের মাঝে কোনো বৈচিত্র্য নেই
গ. এরা রোগ ছড়ায় ঘ. এরা আকারে অতি বিচিত্র

০৫. প্রথম কিউরেটরের পাখিকে পছন্দ করার কারণ কী?
ক. ওড়ার ক্ষমতা খ. লাফানোর ক্ষমতা গ. সুরেলা কণ্ঠ ঘ. আকারে ছোট

০৬. পছন্দ হওয়া সত্ত্বেও পাখির নমুনা না নেওয়ার কারণ কী?
ক. পাখিদের বুদ্ধি সম্পর্কে অনিশ্চয়তা খ. তারা শীতকালে স্থবির হয়ে যায়
গ. তাদের প্রাণে বৈচিত্র্য নেই ঘ. তারা সভ্যতা তৈরি করেনি বলে

০৭. হরিণ কোন প্রজাতির প্রাণী-
ক. তৃণভোজী খ. চালক ও সজাগ গ. স্তন্যপায়ী ঘ. সরীসৃপ

০৮. কিউরেটরদের কুকুর পছন্দ হওয়ার কারণ-
ক. এরা উগ্র খ. এরা দল বেধে ঘুরে বেড়ায়
গ. এদের রক্ত ঠাণ্ডা ঘ. এরা একা একা চলাফেরা করে

০৯. অন্যান্য প্রাণী থেকে মানুষ আলাদা কিসের কারণে?
ক. সামাজিকতায় খ. মানবিকতায় গ. বুদ্ধি বিবেচনায় ঘ. শৃঙ্খলায়

১০. বাতাসের কোন স্তর ধীরে ধীরে শেষ হয়ে যাচ্ছে?
ক. ট্রাপোস্ফিয়ার খ. মেসোমন্ডল গ. ওজোন স্তর ঘ. ট্রপোমন্ডল

১১. মানুষ নিজেদের বিপন্ন করেছে কীসের কারণে?
ক. আত্মকেন্দ্রিকতার কারণে খ. প্রাধান্য বিস্তার করতে
গ. প্রকৃতি নিয়ন্ত্রণ করতে ঘ. ধন উপার্জন করতে

১২. কিউরেটরগণ শঙ্কিত কেন?
ক. মানুষের বুদ্ধিহীনতার কারণে খ. মানুষের অলসতার কারণে
গ. মানুষের বিবেকহীনতার কারণে ঘ. মানুষের কূপমণ্ডূকতার কারণে

১৩. প্রাণীর বিকাশের নীলনকশা কী দিয়ে তৈরি করে রাখা আছে?
ক. DNA খ. RNA গ. কোষ ঘ. সাইটোপ্লাজে

১৪. মুহম্মদ জাফর ইকবালের কিশোর পাঠ্য উপন্যাস কোনটি?
ক. নিঃসঙ্গ গ্রহচারী খ. আমার বন্ধু রাশেদ গ. ফোবিয়ানের যাত্রী ঘ. একজন অতি মানবী

১৫. 'এদের কেউ শ্রমিক, কেউ সৈনিক, কেউ বুদ্ধিজীবী'- কাদের সম্পর্কে একথা বলা হচ্ছে?
ক. পিঁপড়া খ. মানুষ গ. ডাইনোসর ঘ. তিমি

১৬. 'মহাজাগতিক কিউরেটর' রচনায় কোন বোমার উল্লেখ করা হয়েছে?
ক. সালফার বোমা খ. নিউক্লিয়ার বোমা গ. তেজস্ক্রিয় বোমা ঘ. মিগ বোমা

১৭. মহাজাগতিক কিউরেটর রচনা অনুসারে মানুষের প্রকৃতিকে কী করে ফেলেছে?
ক. সুন্দর খ. ধ্বংস গ. সাজিয়ে ঘ. মনোরম

১৮. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে প্রাণীর বুদ্ধিমত্তার চিহ্ন কী দ্বারা বোঝানো হয়েছে?
ক. স্থাপত্য খ. সভ্যতা গ. পুরাকীর্তি ঘ. সাহিত্য

১৯. মুহম্মদ জাফর ইকবালের প্রথম রচনা কোনটি?
ক. দীপু নাম্বার টু খ. মহাকাশে মহাত্রাস গ. টুকুনজিল ঘ. কপোট্রনিক সুখ-দুঃখ

২০. 'কিউরেটর' শব্দের অর্থ কী?
ক. বিমানের পরিচালক খ. জাদুঘর রক্ষক
গ. জাহাজের চালক ঘ. লাইব্রেরি রক্ষক

২১. 'মহাজাগতিক কিউরেটর' রচনা অনুসারে কার মধ্যে তেমন কোনো বৈচিত্র্য নেই?
ক. সাইটোপ্লাজম খ. নিউক্লিয়াস গ. রাইবোসোম ঘ. ব্যাকটেরিয়া

২২. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে কোথা থেকে প্রাণের শুরু হয়েছে?
ক. ভাইরাস খ. উদ্ভিদ গ. জীবকোষ ঘ. ব্যাকটেরিয়া

২৩. ওজোন স্তর ধ্বংস করছে কোন গ্যাস?
ক. ক্লোরোফ্লোরো কার্বন খ. হাইড্রোজেন গ. কার্বন ডাই অক্সাইড ঘ. নাইট্রোজেন

২৪. DNA-এর পূর্ণাঙ্গ রূপ হিসেবে প্রযোজ্য নিচের কোনটি?
ক. Dynamic nucleic Acid খ. Detect nucleic Acid
গ. Deoxyribo Nucleic Acid ঘ. Dubble nucleic Acid

২৫. পৃথিবীর ভিন্ন ভিন্ন প্রাণীর মধ্যে কোনটি নেই?
ক. স্বাভাবিকত্ব খ. সূক্ষ্ম পার্থক্য
গ. মৌলিকত্ব ঘ. মৌলিক পার্থক্য

২৬. সরীসৃপের দেহের তাপমাত্রা কেমন?
ক. নিয়ন্ত্রিত খ. নিয়ন্ত্রিত নয় গ. স্বাভাবিক ঘ. অস্বাভাবিক

২৭. কিউরেটরদের মতে পৃথিবীর সবচেয়ে চমৎকার প্রাণী কোনটি?
ক. হনুমান খ. হরিণ গ. পিঁপড়া ঘ. হাতি

২৮. মহাজাগতিক কিউরেটরদের মতে কোন প্রাণীটি একা একা থাকতে পছন্দ করে?
ক. বাঘ খ. হাতি গ. ঘোড়া ঘ. মানুষ

২৯. দুজন কিউরেটরের সংলাপের মধ্য দিয়ে 'মহাজাগতিক কিউরেটর' গল্পটি কী লাভ করেছে?
ক. নাট্যগুণ খ. হাস্যরস গ. কৌতুক রস ঘ. ট্র্যাজেডি

৩০. কারা জগতে পিছিয়ে পড়া প্রাণী?
ক. স্তন্যপায়ীরা খ. তৃণভোজীরা গ. মাংসভোজীরা ঘ. সরীসৃপরা

৩১. পিঁপড়ারা খাবার জমিয়ে রাখে কেন?
ক. সুবিবেচক বলে খ. পরিশ্রমী বলে গ. শৃঙ্খলা জানে বলে ঘ. শক্তিশালী বলে

৩২. মহাজাগতিক কিউরেটরদের পৃথিবীতে আসার কারণ-
ক. কৃত্রিম অবস্থা যাচাই খ. বিভিন্ন প্রাণীর অবস্থা যাচাই
গ. প্রাণের নমুনা সংগ্রহ ঘ. শ্রেষ্ঠ প্রাণীর নমুনা সংগ্রহ

৩৩. কী বিষয়ের লেখক হিসেবে মুহম্মদ জাফর ইকবাল ২০০৪ সালে বাংলা একাডেমি পুরস্কার লাভ করেন?
ক. কল্পকাহিনি খ. বিজ্ঞান গ. প্রবন্ধ ঘ. ভৌতিক কাহিনি

৩৪. কাদের বেঁচে থাকার পদ্ধতি ভিন্ন?
ক. পানিতে বাসকারী প্রাণীদের খ. ডাঙ্গায় বাসকারী প্রাণীদে
গ. এককোষী প্রাণীদের ঘ. কীটপতঙ্গের

৩৫. অত্যন্ত নিম্নশ্রেণির বুদ্ধির বিকাশ ঘটেছে-
ক. উষ্ণ রক্তের স্তন্যপায়ীদের খ. শীতল রক্তের কীটপতঙ্গদের
গ. শীতল রক্তের স্তন্যপায়ীদের ঘ. উষ্ণ রক্তের সরীসৃপদের

৩৬. 'কোথাও কোথাও প্রকৃতিকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে।' কারা?
ক. মানুষ খ. ডাইনোসর গ. ডলফিন ঘ. রয়েল বেঙ্গল টাইগার

৩৭. মহাজাগতিক কিউরেটরদ্বয় মানুষ সম্পর্কে সিদ্ধান্তে উপনীত হয় যে মানুষ–
ক. আত্মঘাতী খ. সৃষ্টিশীল গ. বুদ্ধিমান ঘ. লড়াকু

৩৮. 'সাপের দেহের তাপমাত্রা নিয়ন্ত্রিত নয়'– সরীসৃপ প্রাণী সাপের সঙ্গে সাদৃশ্যপূর্ণ প্রাণী কোনটি?
ক. হাতি খ. নীল তিমি গ. পিঁপড়া ঘ. কুমির

৩৯. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে কারা অন্যকে বাঁচানোর জন্য অকাতরে প্রাণ দিয়ে যাচ্ছে বলে উল্লেখ আছে?
ক. কুকুর খ. পিঁপড়া গ. হরিণ ঘ. মানুষ

৪০. মহাজাগতিক কিউরেটররা মানুষের শ্রেষ্ঠত্ব নিয়ে প্রশ্ন তুলছে কী কারণে?
ক. অলস বলে খ. সামাজিক জীব নয় বলে
গ. বর্বর বলে ঘ. পৃথিবীকে ধ্বংস করছে বলে

৪১. ভাইরাস ও ব্যাকটেরিয়ার মধ্যে কোনো বৈচিত্র্য নেই কেন?
ক. খাদ্যগ্রহণ প্রক্রিয়া একই রকম বলে খ. আকার-আকৃতি একই
গ. জৈবিক গঠন প্রক্রিয়া একই রকম ঘ. গঠন প্রক্রিয়া খুব সহজ প্রকৃতির বলে

৪২. 'মহাজাগতিক কিউরেটর' অনুসারে পুরো পৃথিবী ধ্বংস করে ফেলার অবস্থা করেছে কারা?
ক. সরীসৃপ খ. মানুষ গ. বন্যপ্রাণী ঘ. তৃণভোজী

৪৩. 'আমি নিশ্চিত মানুষ নিজেদের ধ্বংস করে ফেলার পরও এরা বেঁচে থাকবে'- উক্তিটি কাদের উদ্দেশ্যে?
ক. বাঘের খ. তিমির গ. পিঁপড়ার ঘ. সাপের

৪৪. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে মানুষ কীভাবে তার শ্রেষ্ঠত্ব ফিরে পেতে পারে?
ক. সমাজবদ্ধ হওয়ার মাধ্যমে খ. পরিশ্রমের মাধ্যমে
গ. আত্মত্যাগের মাধ্যমে ঘ. সুশৃঙ্খলার মাধ্যমে

০১.ঘ	০২.ক	০৩.খ	০৪.খ	০৫.ক	০৬.ক	০৭.ক	০৮.খ	০৯.গ
১০.গ	১১.ক	১২.ক	১৩.ক	১৪.খ	১৫.খ	১৬.খ	১৭.খ	১৮.খ
১৯.ঘ	২০.খ	২১.ঘ	২২.ক	২৩.ক	২৪.গ	২৫.ঘ	২৬.খ	২৭.গ
২৮.ক	২৯.ক	৩০.ঘ	৩১.ক	৩২.ঘ	৩৩.খ	৩৪.ক	৩৫.ক	৩৬.ক
৩৭.ক	৩৮.ঘ	৩৯.খ	৪০.ঘ	৪১.ঘ	৪২.খ	৪৩.গ	৪৪.ঘ	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY

SELF TEST

০১. 'মহাজাগতিক কিউরেটর' গল্পের প্রথম বাক্যে কোন গ্রহের কথা উল্লেখ আছে?
ক. প্রথম খ. দ্বিতীয়
গ. তৃতীয় ঘ. চতুর্থ

০২. কখন ভাইরাসের মধ্যে জীবনের লক্ষণ দেখা যায়?
ক. দীর্ঘদিন সুপ্ত থাকলে খ. অন্য প্রাণীর সংস্পর্শে এলে
গ. প্রতিকূল পরিবেশ পেলে ঘ. পরিপক্ব হলে

০৩. গাছ কিভাবে নিজের খাবার নিজেই তৈরি করে?
ক. সালোকসংশ্লেষণের মাধ্যমে খ. প্রস্বেদন প্রক্রিয়ায়
গ. সাইটোপ্লাজের মাধ্যমে ঘ. অভিস্রবণ প্রক্রিয়ায়

০৪. শীতল রক্তবিশিষ্ট প্রাণী কোনটি?
ক. পিঁপড়া খ. টিকটিকি
গ. মানুষ ঘ. বাঘ

০৫. 'সময় নষ্ট না করে কাজ শুরু করে দেওয়া যাক।' উক্তিটি কার?
ক. লেখকের খ. প্রথম কিউরেটরের
গ. দ্বিতীয় কিউরেটরের ঘ. তৃতীয় কিউরেটরের

০৬. 'এদের বুদ্ধিমত্তা সম্পর্কে আমি খুব নিশ্চিত নই।' উক্তিটি কার?
ক. লেখকের খ. প্রথম কিউরেটরের
গ. দ্বিতীয় কিউরেটরের ঘ. তৃতীয় কিউরেটরের

০৭. 'কী সুন্দর হলুদের মাঝে কালো ডোরকাটা!' উদ্ধৃত বাক্যটি দ্বারা কোন প্রাণীর বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?
ক. ময়ূর খ. শিয়াল গ. সাপ ঘ. বাঘ

০৮. 'আমরা দেখছি কোনো প্রাণীই পছন্দ করতে পারছি না।' বাক্যটিতে কোনটি প্রকাশ পেয়েছে?
ক. ব্যর্থতা খ. হতাশা
গ. অক্ষমতা ঘ. অভাব

০৯. 'এই ভিন্ন ভিন্ন প্রজাতির মাঝে আসলে কোনো মৌলিক পার্থক্য নেই।' উক্তিটি কার?
ক. প্রথম কিউরেটরের খ. দ্বিতীয় কিউরেটরের
গ. তৃতীয় কিউরেটরের ঘ. লেখকের

১০. 'মহাজাগতিক কাউন্সিল আমাদের কিউরেটরের দায়িত্ব দিয়েছে।'- উক্তিটি কার?
ক. প্রথম কিউরেটরের খ. দ্বিতীয় কিউরেটরের
গ. তৃতীয় কিউরেটরের ঘ. চতুর্থ কিউরেটরের

১১. আনন্দের ধ্বনি দিয়ে উঠে কে?
ক. প্রথম কিউরেটর খ. দ্বিতীয় কিউরেটর
গ. মানুষ ঘ. শ্রমিক ও সৈনিকরা

১২. 'আমি একটি প্রাণী খুঁজে পেয়েছি।' এখানে কোন প্রাণী খুঁজে পাওয়ার কথা বলা হয়েছে?
ক. বাঘ ই.মানুষ গ. পিঁপড়া ঘ. সাপ

১৩. 'হ্যাঁ। পৃথিবীর এই চমৎকার প্রাণীটা নেওয়াই সবচেয়ে সুবিবেচনার কাজ হবে।' এখানে 'চমৎকার প্রাণী' বলতে কোন প্রাণীকে বোঝানো হয়েছে?
ক. মানুষ খ. পিঁপড়া
গ. সাপ ঘ. হরিণ

১৪. 'মহাজাতিক কিউরেটর' কোন ধরনের রচনা?
ক. বৈজ্ঞানিক কল্পকাহিনি খ. ভ্রমণকাহিনি
গ. আত্মজীবনী ঘ. গবেষণাধর্মী

১৫. মহাজাগতিক কাউন্সিলের দুজন কিউরেটর কোথা থেকে এসেছেন?
ক. সৌরজগৎ থেকে খ. মঙ্গলগ্রহ থেকে
গ. বৃহস্পতি গ্রহ থেকে ঘ. অনন্ত মহাজগৎ

১৬. 'কী সুশৃঙ্খল প্রাণী দেখেছ?' এখানে কাদের কথা বলা হয়েছে?
ক. পাখি খ. মানুষ
গ. পিঁপড়া ঘ. বাঘ

১৭. নিচের কোনটি ঠাণ্ডার মাঝে স্থবির হয়ে পড়ে?
ক. পিঁপড়া খ. সাপ গ. পাখি ঘ. বাঘ

১৮. পৃথিবী সৌরজগতের কততম গ্রহ?
ক. দ্বিতীয় খ. তৃতীয়
গ. চতুর্থ ঘ. ৬ষ্ঠ

১৯. 'না আসলে এটি জটিল প্রাণ নয়, খুব সহজ এবং সাধারণ।' উক্তিটি কা
ক. প্রথম প্রাণীর খ. প্রথম কিউরেটরের
গ. দ্বিতীয় কিউরেটরের ঘ. মহাজাগতিক কাউন্সিলের

২০. পিঁপড়া কেন বিপদে দিশেহারা হয় না?
ক. সুবিবেচক বলে খ. অবিবেচক বলে
গ. প্রগতিশীল বলে ঘ. শক্তিহীন বলে

২১. সবচেয়ে সহজ ও সবচেয়ে জটিল প্রাণীর দেহে অবস্থিত ডিএনএ-র পেয়ারগুলো কেমন থাকে?
ক. আলাদা আলাদা খ. একই রকম
গ. প্যাঁচানো ঘ. জোটবাঁধা

২২. 'না মানুষকে নেওয়া ঠিক হবে না।' উক্তিটি কে করেছে?
ক. প্রথম কিউরেটর খ. দ্বিতীয় কিউরেটর
গ. তৃতীয় প্রাণী ঘ. মহাজাগতিক কাউন্সিল

২৩. মানুষের ক্ষেত্রে প্রযোজ্য শব্দ-
ক. বুদ্ধিহীন অসার খ. স্বেচ্ছা ধ্বংসকারী
গ. বিবেক বিবর্জিত ঘ. খামখেয়ালি

২৪. মহাজাগতিক কিউরেটররা কয়টি পিঁপড়া নিয়ে গেল?
ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. কয়েকটি

২৫. পৃথিবী নামক গ্রহে সবচেয়ে বেশি আলোড়ন সৃষ্টি করেছে কোন প্রাণী?
ক. তিমি খ. সাপ
গ. মানুষ ঘ. বাঘ

২৬. 'মহাজাগতিক কিউরেটর' রচনায় মানুষের চেয়ে পিঁপড়াকে গুরুত্ব দেওয়ার কার
ক. বুদ্ধিমান হওয়ায় খ. চেতনাশীল হওয়া
গ. সুবিবেচক হওয়ায় ঘ. গতিশীল হওয়ায়

২৭. মানুষ নগর তৈরি করেছে কেন?
ক. সভ্যতার বিকাশের জন্য খ. নিজেদের আরামের জন্য
গ. প্রযুক্তি ব্যবহারে জন্য ঘ. একত্রে বাস করার জন্য

২৮. 'এখানে প্রাণের বিকাশ হয়েছে' বলতে কোন স্থানকে বোঝানো হয়েছে?
ক. সৌরজগতের দ্বিতীয় গ্রহ খ. সৌরজগতের তৃতীয় গ্রহ
গ. সৌরজগতের চতুর্থ গ্রহ ঘ. সৌরজগতের পঞ্চম গ্রহ

২৯. মহাজাগতিক কিউরেটরদের কাজটি কেন সহজ নয়?
ক. বিশ্বব্রহ্মাণ্ডের সব গ্রহে যেতে হবে বলে
খ. সব গ্রহ থেকে সর্বশ্রেষ্ঠ প্রাণীগুলো সংগ্রহ করতে হবে বলে
গ. সব প্রাণীর নমুনা সংগ্রহ করতে হবে বলে
ঘ. ছোট প্রাণীদেরও খুঁজে বের করতে হবে বলে

৩০. মহাজাগতিক বলতে বোঝায়-
ক. মহাকাশ সম্বন্ধীয় খ. মহাজগৎ সম্বন্ধীয়
গ. পারলৌকিক সম্বন্ধীয় ঘ. বিশ্বনবি সম্বন্ধীয়

OMR

৩০. ক খ গ ঘ	২৯. ক খ গ ঘ	২৮. ক খ গ ঘ
২৭. ক খ গ ঘ	২৬. ক খ গ ঘ	২৫. ক খ গ ঘ
২৪. ক খ গ ঘ	২৩. ক খ গ ঘ	২২. ক খ গ ঘ
২১. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ	১৯. ক খ গ ঘ
১৮. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৬. ক খ গ ঘ
১৫. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ
১২. ক খ গ ঘ	১১. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ
০৯. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ	০৭. ক খ গ ঘ
০৬. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ
০৩. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০১. ক খ গ ঘ

Correct Answer

৩০.খ	২৯.খ	২৮.খ	২৭.ক	২৬.গ	২৫.গ	২৪.ঘ	২৩.খ	২২.ক	২১.
২০.ক	১৯.গ	১৮.খ	১৭.খ	১৬.গ	১৫.ঘ	১৪.ক	১৩.খ	১২.গ	১১.
১০.খ	০৯.খ	০৮.খ	০৭.ঘ	০৬.গ	০৫.খ	০৪.খ	০৩.ক	০২.খ	০১.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

নেকলেস

মূল : গী দ্য মোপাসাঁ অনুবাদ : পূর্ণেন্দু দস্তিদার

সে ছিল চমৎকার এক সুন্দরী তরুণী। নিয়তির ভুলেই যেন এক কেরানির পরিবারে তার জন্ম হয়েছে। তার ছিল না কোনো আনন্দ, কোনো আশা। পরিচিত হবার, প্রশংসা পাওয়ার, প্রেমলাভ করার এবং কোনো ধনী অথবা বিশিষ্ট লোকের সঙ্গে বিবাহিত হওয়ার কোনো উপায় তার ছিল না। তাই শিক্ষা পরিষদ আপিসের সামান্য এক কেরানির সঙ্গে বিবাহ সে স্বীকার করে নিয়েছিল।

নিজেকে সজ্জিত করার অক্ষমতার জন্য সে সাধারণভাবেই থাকত। কিন্তু তার শ্রেণির অন্যতম হিসেবে সে ছিল অসুখী। তাদের কোনো জাতিবর্ণ নেই। কারণ জন্মের পরে পরিবার থেকেই তারা শ্রী, সৌন্দর্য ও মাধুর্য সম্পর্কে সজাগ হয়ে ওঠে। সহজাত চাতুর্য, প্রকৃতিগত সুরুচি আর বুদ্ধির নমনীয়তাই হলো তাদের আভিজাত্য, যার ফলে অনেক সাধারণ পরিবারের মেয়েকেও বিশিষ্ট মহিলার সমকক্ষ করে তোলে।

সর্বদা তার মনে দুঃখ। তার ধারণা, যত সব সুরুচিপূর্ণ ও বিলাসিতার বস্তু আছে, সেগুলির জন্যই তার জন্ম হয়েছে। তার বাসকক্ষের দারিদ্র্য, হতশ্রী দেওয়াল, জীর্ণ চেয়ার এবং বিবর্ণ জিনিসপত্রের জন্য সে ব্যথিত হতো। তার মতো অবস্থার অন্য কোনো মেয়ে এসব জিনিস যদিও লক্ষ করত না, সে এতে দুঃখিত ও ক্রুদ্ধ হতো। যে খর্বকায় ব্রেটন এই সাধারণ ঘরটি তৈরি করেছিল তাকে দেখলেই তার মনে বেদনাভরা দুঃখ আর বেপরোয়া সব স্বপ্ন জেগে উঠত। সে ভাবত তার থাকবে প্রাচ্য-চিত্র-শোভিত, উচ্চ ব্রোঞ্জ-এর আলোকমণ্ডিত পার্শ্বকক্ষ। আর থাকবে দুজন বেশ মোটাসোটা গৃহ-ভৃত্য। তারা খাটো পায়জামা পরে যেই বড় আরামকেদারা দুটি গরম করার যন্ত্র থেকে বিক্ষিপ্ত ভারি হাওয়ায় নিদ্রালু হয়ে উঠেছে, তাতে শুয়ে ঘুমিয়ে থাকবে। সে কামনা করে একটি বৈঠকখানা, পুরানো রেশমি পর্দা সেখানে ঝুলবে। থাকবে তাতে বিভিন্ন চমৎকার আসবাব, যার ওপর শোভা পাবে অমূল্য সব প্রাচীন কৌতূহল উদ্দীপক সামগ্রী। যেসব পরিচিত ও আকাঙ্ক্ষিত পুরুষ সব মেয়েদের কাম্য, সেসব অন্তরঙ্গ বন্ধুদের সঙ্গে বিকাল পাঁচটায় গল্পগুজব করবার জন্য ছোট সুরভিত একটি কক্ষ সেখানে থাকবে।

তিনদিন ধরে ব্যবহৃত একখানা টেবিলক্লথ ঢাকা গোল একটি টেবিলে তার স্বামীর বিপরীত দিকে সে যখন সান্ধ্যভোজে বসে এবং খুশির আমেজে তার স্বামী বড় সুরুয়ার পাত্রটির ঢাকনা তুলতে তুলতে বলে : 'ও! কি ভালো মানুষ! এর চেয়ে ভালো কিছু আমি চাই না-' তখন তার মনে পড়বে আড়ম্বরপূর্ণ সান্ধ্যভোজের কথা, উজ্জ্বল রৌপ্যপাত্রাদি, মায়াময় বনভূমির মধ্যে প্রাচীন বিশিষ্ট ব্যক্তি ও বিরল পাখির চিত্রশোভিত কারুকার্যপূর্ণ পর্দা দিয়ে ঢাকা দেওয়াল -এর কামনা। সে ভাবে, অপরূপ পাত্রে পরিবেশিত হবে অপূর্ব খাদ্য আর গোলাপি রং-এর রোহিত মাছের টুকরা অথবা মুরগির পাখনা খেতে খেতে মুখে সিংহ-মানবীর হাসি নিয়ে কান পেতে শুনবে চুপি-চুপি-বলা প্রণয়লীলার কাহিনি।

তার কাছে ফ্রক বা জড়োয়া গহনা নেই- নেই বলতে কিছু নেই। অথচ ঐ সব বস্তুই তার প্রিয়। তার ধারণা ঐসবের জন্যই তার সৃষ্টি। সুখী করার, কাম্য হওয়ার, চালাক ও প্রণয়যাচিকা হবার কতই না তার ইচ্ছা।

তার 'কনভেন্ট'-এর সহপাঠিনী এক ধনী বান্ধবী ছিল। তার সঙ্গে দেখা করতে তার ভালো লাগত না। কারণ দেখা করে ফিরে এসে তার খুব কষ্ট লাগত। বিরক্তি, দুঃখ, হতাশা ও নৈরাশ্যে সমস্ত দিন ধরে সে কাঁদত।

এক সন্ধ্যায় হাতে একটি বড় খাম নিয়ে বেশ উল্লসিত হয়ে তার স্বামী ঘরে ফিরল।

সে বলল, 'এই যে, তোমার জন্য এক জিনিস এনেছি।'

মেয়েটি তাড়াতাড়ি খামটি ছিঁড়ে তার ভিতর থেকে একখানা ছাপানো কার্ড বের করল। তাতে নিচের কথাগুলি মুদ্রিত ছিল :

জনশিক্ষা মন্ত্রী ও মাদাম জর্জ রেমপনু আগামী ১৮ই জানুয়ারি সন্ধ্যায় তাঁহাদের নিজ বাসগৃহে মসিঁয়ে ও মাদাম লোইসেলের উপস্থিতি কামনা করেন।'

তার স্বামী যেমন আশা করেছিল তেমনভাবে খুশি হওয়ার পরিবর্তে মেয়েটি বিদ্বেষের ভাব নিয়ে আমন্ত্রণ-লিপিখানা টেবিলের উপর নিক্ষেপ করে, বিড় বিড় করে বলে :

'ওখানা নিয়ে তুমি আমায় কী করতে বল?'

কিন্তু লক্ষ্মীটি, আমি ভেবেছিলাম, এতে তুমি খুশি হবে। তুমি বাইরে কখনও যাও না, তাই এক সুযোগ, চমৎকার এক সুযোগ!

এটা জোগাড় করতে আমাকে অনেক কষ্ট করতে হয়েছে। সবাই একখানা চায়, কিন্তু খুব বেছে বেছে দেওয়া হচ্ছে। কর্মচারীদের বেশি দেওয়া হয় নি। সেখানে তুমি গোটা সরকারি মহলকে দেখতে পাবে।'

বিরক্তির দৃষ্টিতে তার দিকে তাকিয়ে মেয়েটি অধীরভাবে বলে উঠল :

ঐ ঘটনার মতো একটি ব্যাপার কী পরে আমি যাব বলে তুমি মনে কর ?'

সে ঐ সম্পর্কে কিছু ভাবেনি। তাই সে বিব্রতভাবে বলে :'কেন আমরা থিয়েটারে যাবার সময় তুমি যেই পোশাকটা পর সেটা পরবে। ওটা আমার কাছে খুব সুন্দর লাগে-'

তার স্ত্রীকে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদতে দেখে সে আতঙ্কে নির্বাক ও হতবুদ্ধি হয়ে গেল। তার চোখের পাশ থেকে বড় বড় দু'ফোঁটা অশ্রু তার গালের উপর গড়িয়ে পড়ল। সে থতমতভাবে বলল : 'কী হলো? কী হলো তোমার?'

প্রবল চেষ্টায় মেয়েটি নিজের বিরক্তি দমন করে, তার সিক্ত গণ্ড মুছে ফেলে শান্ত কণ্ঠে জবাব দেয় :

'কিছুই না। শুধু আমার কোনো পোশাক নেই বলে আমি ঐ ব্যাপারে যেতে পারব না। তোমার যে কোন সহকর্মীর স্ত্রীর পোশাক আমার চেয়ে যদি ভালো থাকে, কার্ডখানা নিয়ে তাকে দাও।'

সে মনে মনে দুঃখ পায়। তারপর সে জবাব দেয় :

'মাতিলদা, বেশ তো চল আলাপ করি আমরা। এমন কোনো পোশাক, অন্য কোনো উপলক্ষেও যা দিয়ে কাজ চলবে অথচ বেশ সাদাসিধা, তার দাম কত আর হবে?'

কয়েক সেকেন্ড মেয়েটি চিন্তা করে দেখে এমন একটি সংখ্যার বিষয় স্থির করল যা চেয়ে বসলে হিসাবি কেরানির কাছ থেকে সঙ্গে সঙ্গে এক আতঙ্কিত প্রত্যাখ্যান যেন না আসে।

শেষ পর্যন্ত ইতস্তত করে মেয়েটি বলল :

'আমি ঠিক বলতে পারছি না, তবে আমার মনে হয় চারশ ফ্রাঁ হলে তা কেনা যাবে।'

শুনে তার মুখ ম্লান হয়ে গেল। কারণ, তার যেসব বন্ধু গত রবিবারে নানতিয়ারের সমভূমিতে ভরতপাখি শিকারে গিয়েছিল, আগামী গ্রীষ্মে তাদের সঙ্গে যোগ দেওয়ার ইচ্ছায় একটি বন্দুক কিনবার জন্য ঠিক ততটা অর্থই সে সঞ্চয় করেছিল। তা সত্ত্বেও জবাব দিল :

'বেশ ত। আমি তোমায় চারশত ফ্রাঁ দেব। কিন্তু বেশ সুন্দর একটি পোশাক কিনে নিও।'

'বল'- নাচের দিন যতই এগিয়ে আসতে থাকে ততই মাদাম লোইসেলকে বিচলিত ও উদ্বিগ্ন মনে হয়। অবশ্য তার পোশাক প্রায় তৈরি হয়ে এসেছে। একদিন সন্ধ্যায় তার স্বামী তাকে বলল :

'তোমার হয়েছে কী? গত দুই-তিন দিন ধরে তোমার কাজকর্ম কেমন যেন অদ্ভুত ঠেকছে।'

শুনে মেয়েটি জবাব দেয়, 'আমার কোনো মণিমুক্তা, একটি দামি পাথর কিছুই নেই যা দিয়ে আমি নিজেকে সাজাতে পারি। আমায় দেখলে কেমন গরিব গরিব মনে হবে। তাই এই অনুষ্ঠানে আমার না যাওয়াই ভালো হবে।'

স্বামী বলল, 'কিছু সত্যকার ফুল দিয়ে তুমি সাজতে পার। এই ঋতুতে তাতে বেশ সুরুচিপূর্ণ দেখায়। দশ ফ্রাঁ দিলে তুমি দুটি কি তিনটি অত্যন্ত চমৎকার গোলাপফুল পাবে।'

মেয়েটি ঐ কথায় আশ্বস্ত হলো না। সে জবাবে বলল, 'না, ধনী মেয়েদের মাঝখানে পোশাকে-পরিচ্ছদে ঐ রকম খেলো দেখানোর মতো আর বেশি কিছু অপমানজনক নেই।'

তখন তার স্বামী চেঁচিয়ে উঠল : 'আচ্ছা, কী বোকা দেখত আমরা! যাও, তোমার বান্ধবী মাদাম ফোরসটিয়ারের সঙ্গে দেখা করে তাকে বল তার জড়োয়া গহনা যেন তোমায় ধার দেয়। এটুকু আদায় করার তো তার সঙ্গে তোমার পরিচয় যথেষ্ট।'

সে আনন্দধ্বনি করে উঠল। তারপর সে বলল :

'সত্যিই তো! এটা আমি ভাবিনি।'

পরদিন সে তার বান্ধবীর বাড়িতে গিয়ে তার দুঃখের কাহিনি তাকে বলল। মাদাম ফোরসটিয়ার তার কাচের দরজা লাগানো গোপনকক্ষে বড় একটি জড়োয়া গহনার বাক্স বের করে এনে তা খুলে বলল : 'ভাই, যা ইচ্ছা এখান থেকে নাও।'

সে প্রথমে দেখল কয়েকটি কঙ্কন, তারপর একটি মুক্তার মালা ও মণিমুক্তা-খচিত চমৎকার কারুকার্য-ভরা একটি সোনার ভিনিশীয় 'ক্রুশ'। আয়নার সামনে গিয়ে সে জড়োয়া গহনাগুলি পরে পরে দেখে আর ইতস্তত করে, কিন্তু ওগুলি নেওয়ার সিদ্ধান্তও করতে ছেড়ে যেতেও পারে না। তারপর সে জিজ্ঞাসা করে :

'আর কিছু তোমার নেই?'

'কেন? আছে, তোমার যা পছন্দ তুমি তা বেছে নাও।'

হঠাৎ সে কালো স্যাটিনের একটি বাক্সে দেখল অপরূপ একখানা হীরার হার। অদম্য কামনায় তার বুক দুর দুর করে। সেটা তুলে নিতে গিয়ে তার হাত কাঁপে। সে তার পোশাকের উপর দিয়ে সেটা গলায় তুলে নেয় এবং সেগুলো দেখে আনন্দে বিহ্বল হয়ে যায়। তারপর উদ্বেগভরা, ইতস্ততভাবে সে জিজ্ঞাসা করল :

'তুমি ঐখানা আমায় ধার দেবে? শুধু ওটা?'

'কেন দেব না? নিশ্চয়ই দেব।'

সে সবেগে তার বান্ধবীর গলা জড়িয়ে ধরে, পরম আবেগে তাকে বুকে চেপে ধরে। তারপর তার সম্পদ নিয়ে সে চলে আসে।

'বল' নাচের দিন এসে গেল। মাদাম লোইসেলের জয়জয়কার। সে ছিল সবচেয়ে সুন্দরী, সুরুচিময়ী, সুদর্শনা, হাস্যময়ী ও আনন্দপূর্ণ। সব পুরুষ তাকে লক্ষ করছিল, তার নাম জিজ্ঞাসা করে তার সঙ্গে আলাপের আগ্রহ প্রকাশ করছিল। মন্ত্রিসভার সব সদস্যের তার সঙ্গে 'ওয়ালটজ' নৃত্য করতে ইচ্ছা হচ্ছিল। স্বয়ং শিক্ষামন্ত্রী তার দিকে দৃষ্টি দিচ্ছিলেন।

আনন্দে মত্ত হয়ে আবেগ ও উৎসাহ নিয়ে সে নৃত্য করছিল। তার রূপের বিজয়গর্বে, সাফল্যের গৌরবে সে আর কিছুই ভাবে না। এক আনন্দের মেঘের ওপর দিয়ে যেন ভেসে আসছিল এই সব আহুতি ও মুগ্ধতা আর জাগ্রত সব কামনা। যে কোনো মেয়ের অন্তরে এই পরিপূর্ণ বিজয় কত মধুর!

ভোর চারটার দিকে সে বাড়ি ফিরে গেল। অন্য সেই তিনজন ভদ্রলোকের স্ত্রী খুব বেশি ফুর্তিতে মত্ত ছিল, তাদের সঙ্গে তার স্বামী ছোট একটি বিশ্রামকক্ষে মধ্যরাত্রি পর্যন্ত আধঘুমে বসেছিল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

বাড়ি ফিরবার পথে গায়ে জড়াবার জন্য তারা যে আটপৌরে সাধারণ চাদর নিয়ে এসেছিল সে তার কাঁধের ওপর সেটি ছড়িয়ে দেয়। 'বল' নাচের পোশাকে অপরূপ সৌন্দর্যের সঙ্গে ঐটির দারিদ্র্য সুপরিস্ফুট হয়ে উঠছিল। মেয়েটি তা অনুভব করতে পারে তাই অন্য যেসব ধনী মেয়ে দামি পশমি চাদর দিয়ে গা ঢেকেছিল তাদের চোখে না পড়বার জন্য সে তাড়াতাড়ি এগিয়ে যেতে লাগল।

লোইসেল তাকে টেনে ধরে বলল : 'থামো, তোমার ঠাণ্ডা লেগে যাবে ওখানে। আমি একখানা গাড়ি ডেকে আনি।' কিন্তু মেয়েটি কোনো কথায় কান না দিয়ে তাড়াতাড়ি সিঁড়ি বেয়ে নামতে থাকে। রাস্তায় যখন তারা পৌঁছে গেল, সেখানে কোনো গাড়ি পাওয়া গেল না। তারা গাড়ির খোঁজ করতে করতে দূরে কোনো একখানাকে দেখে তার গাড়োয়ানকে ডাকতে থাকে।

হতাশ হয়ে কাঁপতে কাঁপতে তারা সিন নদীর দিকে হাঁটতে থাকে। শেষ পর্যন্ত যে পুরাতন একখানা তারা পায়, তাহলো সেই নিশাচর দুই-যাত্রীর গাড়ি যা প্যারিতে সন্ধ্যার পর লোকের চোখে পড়ে, তার একখানা, যেইদিনে এইগুলি নিজের দুর্দশা দেখাতে লজ্জা পায়।

ঐ খানি তাদের মার্টার স্ট্রিটে ঘরের দরজা পর্যন্ত নিয়ে গেল। তারা ক্লান্তভাবে তাদের কক্ষে গেল। মেয়েটির সব কাজ শেষ। কিন্তু স্বামীর ব্যাপারে, তার মনে পড়ল যে দশটায় তাকে আপিসে গিয়ে পৌঁছাতে হবে।

নিজেকে সৌন্দর্যমণ্ডিত রূপে শেষ একবার দেখার জন্য সে আয়নার সামনে গিয়ে তার গলার চাদরখানা খোলে। হঠাৎ সে আর্তনাদ করে উঠল। তার হারখানা গলায় জড়ানো নেই।

তার স্বামীর পোশাক তখন অর্ধেক মাত্র খোলা হয়েছে। সে জিজ্ঞাসা করল : 'কী হয়েছে?'

উত্তেজিতভাবে মেয়েটি তার দিকে ফিরে বলল :

'আমার-আমার-কাছে- মাদাম ফোরস্টিয়ারের হারখানা নেই।'

আতঙ্কিতভাবে সে উঠে দাঁড়াল : 'কী বললে! তা কী করে হবে? এটা সম্ভব নয়।'

পোশাকের ও বহির্বাসের ভাঁজের মধ্যে, পকেটে, সব জায়গায় তারা খোঁজ করে। কিন্তু তা পাওয়া গেল না।

স্বামী জিজ্ঞাসা করল : 'ঐ বাড়ি থেকে চলে আসবার সময় তা যে তোমার গলায় ছিল, তোমার ঠিক মনে আছে?'

'হ্যাঁ, আমরা যখন বিশ্রামকক্ষ দিয়ে বেরিয়ে আসছিলাম, তখনও তা ছিল আমার খেয়াল আছে।'

'কিন্তু তুমি যদি ওটা রাস্তায় হারাতে, ওটা পড়বার শব্দ আমাদের শোনা উচিত ছিল। গাড়ির মধ্যেই নিশ্চয়ই পড়েছে মনে হয়।'

'হ্যাঁ, সম্ভবত তাই। তুমি গাড়ির নম্বরটি টুকে নিয়েছিলে?'

'না। আর তুমি কি তা লক্ষ করেছিলে?'

'না।'

হতাশভাবে তারা একে অপরের দিকে তাকিয়ে থাকে। শেষ পর্যন্ত লোইসেল আবার পোশাক পরে নিল।

সে বলল, 'আমি যাচ্ছি। দেখি যতটা রাস্তা আমরা হেঁটেছিলাম, সেখানে খুঁজে পাওয়া যায় কিনা।'

তারপর সে গেল। মেয়েটি তার সান্ধ্য গাউন পরেই রয়ে গেল। বিছানায় শুতে যাবার শক্তি তার নেই। কোনো উচ্চাশা বা ভাবনা ছাড়াই সে একখানা চেয়ারে গা এলিয়ে পড়ে রইল।

সকাল সাতটার দিকে তার স্বামী ফিরে এল। কিছুই সে খুঁজে পায়নি।

সে পুলিসের কাছে ও গাড়ির আপিসে গিয়েছিল এবং পুরস্কার ঘোষণা করে একটা বিজ্ঞাপনও দিয়ে এসেছে। সে যথাসাধ্য করে এসেছে বলে তাদের মনে কিছুটা আশা হলো।

ঐ ভয়ানক বিপর্যয়ে মেয়েটি সারাদিন এক বিভ্রান্ত অবস্থায় কাটাল। সন্ধ্যাবেলা যখন লোইসেল ফিরে এল তখন তার মুখে যন্ত্রণার মলিন ছাপ, কিছুই সে খুঁজে পায়নি।

সে বলল, 'তোমার বান্ধবীকে লিখে দিতে হবে যে হারখানার আংটা তুমি ভেঙে ফেলেছ, তাই তা তুমি মেরামত করতে দিয়েছ। তাতে আমরা ভেবে দেখবার সময় পাব।'

তার নির্দেশমত মেয়েটি লিখে দিল।

এক সপ্তাহ শেষ হওয়ায় তারা সব আশা ত্যাগ করল। বয়সে পাঁচ বছরের বড় লোইসেল ঘোষণা করল :

'ঐ জড়োয়া গহনা ফেরত দেবার ব্যবস্থা আমাদের করতে হবে।'

পরদিন সেই বাক্সে ওটা ছিল, তার ভিতরে সেই স্বর্ণকারের নাম ছিল, তার কাছে তারা সেটা নিয়ে গেল। সে তার খাতাপত্র ঘেঁটে বলল :

'মাদাম, ঐ হারখানা আমি বিক্রি করিনি, আমি শুধু বাক্সটা দিয়েছিলাম।'

তারপর তারা সেই হারটির মত হার খোঁজ করার জন্য, তাদের স্মৃতির উপর নির্ভর করে এক স্বর্ণকার থেকে অন্য স্বর্ণকারের কাছে যেতে থাকে। দু'জনেরই শরীর বিরক্তি ও উদ্বেগে খারাপ হয়ে গেছে।

প্যালেস রয়েলে তারা এমন এক হীরার কণ্ঠহার দেখল সেটা ঠিক তাদের হারানো হারের মতো। তার দাম চল্লিশ হাজার ফ্রাঁ। ছত্রিশ হাজার ফ্রাঁতে তারা তা পেতে পারে।

তিন দিন যেন ওটা বিক্রি না করে সে জন্য তারা স্বর্ণকারকে বিশেষভাবে অনুরোধ করল। তারা আরও ব্যবস্থা করল যে, যদি ফেব্রুয়ারি মাস শেষ হওয়ার আগে ঐ হারটি খুঁজে পাওয়া যায়, তারা এটা ফেরত দিলে চৌত্রিশ হাজার ফ্রাঁ ফেরত নিতে পারবে।

লোইসেলের কাছে তার বাবার মৃত্যুর পরে প্রাপ্ত আঠারো হাজার ফ্রাঁ ছিল। বাকিটা সে ধার করল।

মাদার লোইসেল যখন জড়োয়া গহনা মাদাম ফোরস্টিয়ারকে ফেরত দিতে গেল শেষোক্ত মেয়েটি নির্জীবকণ্ঠে বলল :

'ওটা আরও আগে তোমায় ফেরত দেওয়া উচিত ছিল; কারণ, তা আমারও হতে পারত।'

তার বান্ধবী সেই ভয় করেছিল, তেমনভাবে সে গহনার বাক্সটি খুলল না। যদি দেওয়া হয়েছে সে টের পেত, সে কী মনে করত? সে কী বলত? সে কি তাকে অপহারক

এবার মাদার লোইসেল দারিদ্র্যের জীবনের ভয়াবহতা বুঝতে পারে। সে তার কাজ সম্পূর্ণ সাহসের সঙ্গেই করে যায়। ঐ দুঃখজনক দেনা শোধ করা প্রয়োজন। দেবে। দাসীকে তারা বিদায় করে দিল। তারা তাদের বাসা পরিবর্তন করল। নিচু কয়েকটি কামরা তারা ভাড়া করল।

ঘরকন্নার কঠিন সব কাজ ও রান্নাঘরের বিরক্তিকর কাজকর্ম সে শিখে নিল। গোলাপি নখ দিয়ে সে বাসন ধোয়, তৈলাক্ত পাত্র ও ঝোল রাঁধার কড়াই মাজে। ময়লা চোপড়, শেমিজ, বাসন মোছার গামছা সে পরিষ্কার করে দড়িতে শুকাতে দেয়। রোজ সে আবর্জনা নিয়ে রাস্তায় ফেলে। সিঁড়ির প্রত্যেক ধাপে শ্বাস নেবার জন্য থেমে থেমে তোলে। সাধারণ পরিবারের মেয়ের মতো পোশাক পরে সে হাতে ঝুড়ি নিয়ে মুদি, ফলের দোকানে যায় এবং তার দুঃখের পয়সার একটির জন্য পর্যন্ত দর কষাকষি প্রত্যেক মাসেই সময় চেয়ে কিছু দলিল বদল করতে হয়, কাউকে কিছু শোধ দিতে হয়।

তার স্বামীও সন্ধ্যাবেলা কাজ করে। সে কয়েকজন ব্যবসায়ীর হিসাবের খাতা করে। রাত্রে এক পাতা পাঁচ 'সাও' হিসেবে সে প্রায়ই লেখা নকল করে।

এরকম জীবন দশ বছর ধরে চলল।

দশ বছরের শেষে তারা সব কিছু মহাজনের সুদসহ প্রাপ্য নিয়ে সব ক্ষতিপূরণ ফেলতে পারে। তাছাড়া কিছু তাদের সঞ্চয়ও হলো।

মাদার লোইসেলকে দেখলে এখন বয়স্কা বলে মনে হয়। সে এখন গরিব গৃহস্থ শক্ত, কর্মঠ ও অমার্জিত মেয়ের মতো হয়ে গেছে। তার চুল অবিন্যস্ত, ঘাঘরা এক মোচড়ানো, হাতগুলো লাল। সে চড়াগলায় কথা বলে এবং বড় বড় কলসিতে জল মেঝে ধোয়। কিন্তু কখনও, তার স্বামী যখন আপিসে থাকে, জানালার ধারে বসে দিনের সেই সান্ধ্য অনুষ্ঠান ও সেই 'বল' নাচে তাকে এত সুন্দর দেখাচ্ছিল ও অতিরিক্ত প্রশংসা পেয়েছিল, তার কথা সে ভাবে।

যদি সে গলার সেই হারখানা না হারাত তাহলে কেমন হতো? কে জানে কে পারে? কী অনন্যসাধারণ এই জীবন আর তার মধ্যে কত বৈচিত্র্য! সামান্য একটি বস্তুর করে একজন ধ্বংস হয়ে যেতে আবার বাঁচতেও পারে!

এক রবিবারে সারা সপ্তাহের নানা দুশ্চিন্তা মন থেকে দূর করার জন্য সে যখন চম্প এলিসিস-এ ঘুরে বেড়াচ্ছিল, হঠাৎ একটি শিশু নিয়ে ভ্রমণরতা একজন মেয়ে তার পড়ল। সে হলো মাদাম ফোরস্টিয়ার। সে এখনও যুবতী, সুন্দরী ও আকর্ষণীয়া। দেখে লোইসেলের মন খারাপ হয়ে গেল। সে কি ঐ মেয়েটির সঙ্গে কথা বলবে? হ্যাঁ, বলবে। তাকে যখন সব শোধ করা হয়েছে তখন সব কিছু খুলে সে বলবে। কেন বলবে না

সে মেয়েটির কাছে এগিয়ে গিয়ে বলল : 'সুপ্রভাত, জেনি।'

তার বন্ধু তাকে চিনতে পারল না। এক সাধারণ মানুষ তাকে এমন অন্তরঙ্গ সম্বোধন করায় সে অবাক হলো। সে বিব্রতভাবে বলল :

'কিন্তু মাদাম-আপনাকে তো চিনলাম না- বোধহয় আপনার ভুল হয়েছে-'

'না, আমি মাতিলদা লোইসেল।'

তার বান্ধবী বিস্ময়ে চেঁচিয়ে উঠে বলল : 'হায়, আমার বেচারী মাতিলদা! এমন কী করে তুমি বদলে গেলে-'

'হ্যাঁ, তোমার সঙ্গে দেখা হবার পর থেকে আমার দুর্দিন যাচ্ছে- বেশ কিছু দুঃখের গেছে- আর সেটা হয়েছে শুধু তোমার জন্য-'

'আমার জন্য? তা কী করে হলো?'

'সেই যে কমিশনারের 'বল' নাচের দিন তুমি আমাকে তোমার হীরার হার দিয়েছিলে, মনে পড়ে?

'হ্যাঁ, বেশ মনে আছে।'

'কথা হচ্ছে, সেখানা আমি হারিয়ে ফেলেছিলাম।'

'কী বলছ তুমি? কী করে তা আমায় তুমি ফেরত দিয়েছিলে?'

'ঠিক সেখানার মতো একটি তোমাকে আমি ফেরত দিয়েছিলাম। তার দাম দিতে দশ লেগেছে। তুমি বুঝতেই পার, আমাদের মতো লোক যাদের কিছুই ছিল না, তাদের পক্ষে সহজ ছিল না। কিন্তু তা শেষ হয়েছে এবং সেজন্য আমি এখন ভালোভাবেই নিশ্চিন্ত হয়েছি।'

মাদাম ফোরস্টিয়ার তাকে কথার মাঝপথে থামিয়ে বলল :

'তুমি বলছ যে, আমারটা ফিরিয়ে দেবার জন্য তুমি একখানা হীরার হার কিনেছিলে

'হ্যাঁ। তা তুমি খেয়াল করনি? ঐ দুটি এক রকম ছিল।'

বলে সে গর্বের ভাবে ও সরল আনন্দে একটু হাসল। দেখে মাদাম ফোরস্টিয়ার মনে খুব লাগল। সে তার দুটি হাত নিজের হাতের মধ্যে নিয়ে বলল :

'হায়, আমার বেচারী মাতিলদা! আমারটি ছিল নকল। তার দাম পাঁচশত ফ্রাঁর হবে না।'

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

শব্দার্থ ও টীকা

কনভেন্ট	খ্রিস্টান নারী মিশনারিদের দ্বারা পরিচালিত স্কুল। মিশনারিদের আবাস।
মর্সিয়ে	সৌজন্য প্রদর্শন ও সম্মান জানানোর জন্য ফ্রান্সে পুরুষদের মর্সিয়ে সম্বোধন করা হয়।
মাদাম	সৌজন্য প্রদর্শন ও সম্মান জানানোর জন্য ফ্রান্সে মহিলাদের মাদাম সম্বোধন করা হয়।
ফ্রাঁ	ফরাসি মুদ্রার নাম। ২০০২ সাল পর্যন্ত এই মুদ্রা প্রচলিত ছিল। বর্তমানে ইউরোপীয় ইউনিয়নের সদস্য হওয়ায় ফ্রান্স ইউরো ব্যবহার করে।
'বল' নাচ	বিনোদনমূলক সামাজিক নৃত্যানুষ্ঠান। ইউরোপ-আমেরিকাসহ পৃথিবীর বহু দেশে এই নৃত্য প্রচলিত।
ক্রুশ	খ্রিস্টান ধর্মীয় প্রতীক।
স্যাটিন	Satin। মসৃণ ও চকচকে রেশমি বস্ত্র।
প্যারী	প্যারিসের ফরাসি নাম।
প্যালেস রয়েল	রাজকীয় প্রাসাদ।

লেখক পরিচিতি

নাম	**সংক্ষিপ্ত নাম :** গী দ্য মোপাসাঁ **পূর্ণনাম :** Henri-Renri-Albert-Guy de Maupassant
জন্ম পরিচয়	**জন্ম :** ৫ আগস্ট ১৮৫০ খ্রিস্টাব্দ, নর্মান্ডি, ফ্রান্স। **পিতা :** গুস্তাভ দ্য মোপাসাঁ; **মাতা :** লরা লি পয়টিভিন।
শিক্ষাজীবন	নিম্ন মাধ্যমিক স্কুল, ১৮৬৭ খ্রিস্টাব্দ।
সাহিত্য-অভিভাবক	পারিবারিক বন্ধু ঔপন্যাসিক গুস্তাভ ফ্লবেয়ার। এই মহান লেখকের নির্দেশনা ও সহযোগিতায় তিনি সাংবাদিকতা ও সাহিত্যের জগতে প্রবেশ করেন। ফ্লবেয়ারের বাসায় মোপাসাঁর পরিচয় ঘটে এমিল জোলা ও ইভান তুর্গনেভসহ অনেক বিশ্ববিখ্যাত লেখকের সঙ্গে। কাব্যচর্চা দিয়ে তাঁর সাহিত্য-জীবন শুরু হলেও মূলত গল্পকার হিসেবে তিনি বিশ্বব্যাপী খ্যাতি অর্জন করেন।
পেশা/কর্মজীবন	সাংবাদিকতা ও সাহিত্যচর্চা। কাব্যচর্চা দিয়ে তাঁর সাহিত্যজীবন শুরু, গল্পকার হিসেবে বিশ্বব্যাপী খ্যাতি অর্জন। তাঁর বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষতার তুলনা বিশ্বসাহিত্যের ইতিহাসে বিরল। অসাধারণ সংযম ও বিস্ময়কর জীবনবোধে তাঁর রচনা তাৎপর্যপূর্ণ।
মৃত্যু	৬ জুলাই ১৮৯৩ খ্রিস্টাব্দ।

অনুবাদক পরিচিতি

নাম	পূর্ণেন্দু দস্তিদার।
জন্ম পরিচয়	জন্ম : ২০ জুন ১৯০৯ খ্রিস্টাব্দ, ধলঘাট, পটিয়া, চট্টগ্রাম। পিতা : চন্দ্রকুমার দস্তিদার; মাতা : কুমুদিনী দস্তিদার
পেশা/কর্মজীবন	আইনজীবী, লেখক ও রাজনীতিবিদ।
বিশেষ কর্ম	মাস্টারদা সূর্যসেনের নেতৃত্বে পরিচালিত চট্টগ্রাম যুব বিদ্রোহে অংশগ্রহণ ও কারাবরণ।
মৃত্যু	৯ মে ১৯৭১ খ্রিস্টাব্দ (মুক্তিযুদ্ধে অংশ নিতে ভারতে যাওয়ার পথে মারা যান।)

সাহিত্যকর্ম

প্রকাশিত গ্রন্থ	'কবিয়াল রমেশ শীল', 'স্বাধীনতা সংগ্রামে চট্টগ্রাম', 'বীরকন্যা প্রীতিলতা'। অনুবাদ : 'শেখভের গল্প', 'মোপাসাঁর গল্প'।

লেখক ও অনুবাদক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

মোপাসাঁর রচনা কোন ধরনের?- **বস্তুনিষ্ঠ**।
সাহিত্যসাধনার ক্ষেত্রে মোপাসাঁর দৃষ্টিভঙ্গি কেমন?- **নিরপেক্ষ**।
কোন বিষয়টি মোপাসাঁর রচনাকে তাৎপর্যপূর্ণ করে তুলেছে?- **অসাধারণ সংযম**।
কোন পরিচয়টি পূর্ণেন্দু দস্তিদারের ক্ষেত্রে প্রযোজ্য?- **লেখক ও রাজনীতিবিদ**।
কোন ধরনের লেখক হিসেবে পূর্ণেন্দু দস্তিদার খ্যাতি অর্জন করেন?- **সমাজ ভাবুক**।
পূর্ণেন্দু দস্তিদারের কার সাথে সম্পর্ক থাকার জন্য ব্রিটিশ বিদ্রোহে অংশ নিয়েছিলেন?- **মাস্টারদা সূর্যসেন**।
কী হিসেবে মোপাসাঁ বিশ্বব্যাপী খ্যাতি অর্জন করেন?- **গল্পকার**।
পূর্ণেন্দু দস্তিদারের অনুবাদ গ্রন্থ- **শেখভের গল্প**।
পূর্ণেন্দু দস্তিদার কারাবরণ করেন- **যুববিদ্রোহে অংশ নেওয়ায়**।
মোপাসাঁর সাহিত্যজীবন শুরু কী রচনার মাধ্যমে?- **কবিতা**।
'কবিয়াল রমেশ শীল' গ্রন্থটির রচয়িতা- **পূর্ণেন্দু দস্তিদার**।

'নেকলেস' গল্প সম্পর্কিত তথ্যাবলি

- **উৎস :** বিশ্ববিখ্যাত গল্পকার গী দ্য মোপাসাঁর শ্রেষ্ঠ গল্পগুলোর মধ্যে 'নেকলেস' অন্যতম। ফরাসি ভাষায় গল্পটির নাম 'La Parure'। ১৮৮৪ সালের ১৭ই ফেব্রুয়ারি ফরাসি পত্রিকা 'La Gaulois'-এ গল্পটি প্রকাশিত হয় এবং সে বছরই ইংরেজিতে অনূদিত হয়। একই সালে প্রকাশিত 'নেকলেস' শীর্ষক গল্পগ্রন্থের মধ্যে গল্পটি স্থান পায়। অপ্রত্যাশিত কিন্তু অত্যন্ত আকর্ষণীয় সমাপ্তির জন্য গল্পটি বিপুল জনপ্রিয়তা লাভ করে।
- **প্রথম লাইন-** সে ছিল চমৎকার এক সুন্দরী তরুণী।
- **শেষ লাইন-** তার দাম পাঁচশত ফ্রাঁর বেশি হবে না।
- **ভাষারীতি :** চলিতরীতি।

গুরুত্বপূর্ণ লাইন

- সে ছিল চমৎকার এক সুন্দরী তরুণী।
- নিয়তির ভুলেই যেন এক কেরানির পরিবারে তার জন্ম হয়েছে।
- সে ভাবে, অপরূপ পাত্রে পরিবেশিত হবে অপূর্ব খাদ্য আর গোলাপি রং-এর রোহিত মাছের টুকরা অথবা মুরগির পাখনা খেতে খেতে মুখে সিংহ-মানবীর হাসি নিয়ে কান পেতে শুনবে চুপি-চুপি-বলা প্রণয়লীলার কাহিনি।
- জনশিক্ষা মন্ত্রী ও মাদাম জর্জ রেমপননু আগামী ১৮ই জানুয়ারী সন্ধ্যায় তাঁহাদের নিজ বাসগৃহে মর্সিয়ে ও মাদাম লোইসেলের উপস্থিতি কামনা করেন।'
- আমি ঠিক বলতে পারছি না, তবে আমার মনে হয় চারশ ফ্রাঁ হলে তা কেনা যাবে।
- আমার কোনো মণিমুক্তা, একটি দামি পাথর কিছুই নেই যা দিয়ে আমি নিজেকে সাজাতে পারি।
- আমায় দেখলে কেমন গরিব গরিব মনে হবে।
- তোমার বান্ধবী মাদার ফোরস্টিয়ারের সঙ্গে দেখা করে তাকে বল তার জড়োয়া গহনা যেন তোমায় ধার দেয়।
- সে প্রথমে দেখল কয়েকটি কঙ্কন, তারপর একটি মুক্তার মালা ও মণিমুক্তা-খচিত চমৎকার কারুকার্য-ভরা একটি সোনার ভিনিশীয় 'ক্রুশ'।
- আয়নার সামনে গিয়ে সে জড়োয়া গহনাগুলি পরে পরে দেখে।
- 'বল' নাচের দিন এসে গেল।
- সে ছিল সবচেয়ে সুন্দরী, সুরুচিময়ী, সুদর্শনা, হাস্যময়ী ও আনন্দপূর্ণ।
- সব পুরুষ তাকে লক্ষ করছিল, তার নাম জিজ্ঞাসা করে তার সঙ্গে আলাপের আগ্রহ প্রকাশ করছিল।
- মন্ত্রিসভার সব সদস্যের তার সঙ্গে 'ওয়ালটজ' নৃত্য করতে ইচ্ছা হচ্ছিল।
- স্বয়ং শিক্ষামন্ত্রী তার দিকে দৃষ্টি দিচ্ছিলেন।
- ভোর চারটার দিকে সে বাড়ি ফিরে গেল।
- অন্য সেই তিনজন ভদ্রলোকের স্ত্রী খুব বেশি ফুর্তিতে মত্ত ছিল, তাদের সঙ্গে তার স্বামী ছোট একটি বিশ্রামকক্ষে মধ্যরাত্রি পর্যন্ত আধঘুমে বসেছিল।
- বাড়ি ফিরবার পথে গায়ে জড়াবার জন্য তারা যে আটপৌরে সাধারণ চাদর নিয়ে এসেছিল সে তার কাঁধের ওপর সেটি ছড়িয়ে দেয়।
- লোইসেল তাকে টেনে ধরে বলল : 'থামো, তোমার ঠাণ্ডা লেগে যাবে ওখানে। আমি একখানা গাড়ি ডেকে আনি।'
- হতাশ হয়ে কাঁপতে কাঁপতে তারা সিন নদীর দিকে হাঁটতে থাকে।
- সকাল সাতটার দিকে তার স্বামী ফিরে এল।
- প্যালেস রয়েলে তারা এমন এক হীরার কণ্ঠহার দেখল সেটা ঠিক তাদের হারানো হারের মতো।
- তার দাম চল্লিশ হাজার ফ্রাঁ। ছত্রিশ হাজার ফ্রাঁতে তারা তা পেতে পারে।
- লোইসেলের কাছে তার বাবার মৃত্যুর পরে প্রাপ্ত আঠারো হাজার ফ্রাঁ ছিল। বাকিটা সে ধার করল।
- সে কয়েকজন ব্যবসায়ীর হিসাবের খাতা ঠিক করে। রাত্রে এক পাতা পাঁচ 'সাও' হিসেবে সে প্রায়ই লেখা নকল করে।
- এরকম জীবন দশ বছর ধরে চলল।
- দশ বছরের শেষে তারা সব কিছু মহাজনের সুদসহ প্রাপ্য নিয়ে সব ক্ষতিপূরণ করে ফেলতে পারে।
- এক রবিবারে সারা সপ্তাহের নানা দুশ্চিন্তা মন থেকে দূর করার জন্য সে যখন চাম্পস-এলিসিস-এ ঘুরে বেড়াচ্ছিল, হঠাৎ একটি শিশু নিয়ে ভ্রমণরতা একজন মেয়ে তার চোখে পড়ল।
- হায়, আমার বেচারী মাতিলদা! আমারটি ছিল নকল।
- তার দাম পাঁচশত ফ্রাঁর বেশি হবে না।

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : এক সন্ধ্যায় মাদাম লোইসেলের স্বামী মর্সিয়ে কী হাতে ঘরে ফিরলেন?- **একটি বড় খাম**।
প্র : মাদাম লোইসেলের সর্বদা দুঃখ, কারণ, সে- **কাঙ্ক্ষিত জীবন পায়নি**।
প্র : বাক্সের ভেতরে কার নাম লেখা ছিল?- **স্বর্ণকারের**।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্র : মাদাম লোইসেলের হাতে আসা খামটির মধ্যে কী ছিল?- **আমন্ত্রণলিপি।**
প্র : মাদাম লোইসেলের জীবনে কোনো আনন্দ ছিল না কেন?- **কেরানির পরিবারে জন্মগ্রহণের জন্য।**
প্র : 'নেকলেস' গল্পে কোন মাছের উল্লেখ আছে?- **রোহিত।**
প্র : মাদাম লোইসেলের ব্যথিত হওয়ার কারণ ছিল- **বাসকক্ষের দারিদ্র্য।**
প্র : মাদাম লোইসেল ভাবত তার কতজন গৃহভৃত্য থাকবে?- **দুইজন।**
প্র : মাদাম লোইসেল যে বৈঠকখানাটি কামনা করে তাতে কিসের পর্দা ঝুলবে?- **রেশম।**
প্র : 'ও কী ভালো মানুষ!'-কার সম্পর্কে মসিঁয়ে লোইসেল একথা বলেছে?- **মাদাম লোইসেল।**
প্র : কী খেতে খেতে মাদাম লোইসেল প্রণয়লীলার কাহিনি শোনার কল্পনা করেন?- **রোহিত মাছের টুকরা ও মুরগির পাখনা।**
প্র : মাদাম লোইসেল শিক্ষামন্ত্রীর নিমন্ত্রণলিপি পেয়েও যেতে চাচ্ছিল না কেন?- **তার ভালো পোশাক নেই বলে।**
প্র : মাদাম লোইসেল তার স্বামীকে পোশাক কেনার জন্য চারশ ফ্রাঁ-এর কথা বলেছিল কেন?- **যেন প্রত্যাখ্যাত না হয়।**
প্র : 'বল' নাচের দিন এগিয়ে আসতে থাকায় মাদাম লোইসেল বিচলিত ও উদ্বিগ্ন হয়ে পড়ে কেন?- **তার দামি গহনা নেই বলে।**
প্র : কত ফ্রাঁ দিয়ে চমৎকার গোলাপফুল পাওয়া যায় বলে মসিঁয়ে বলেছিল?- **দশ।**
প্র : 'লোইসেল পরম আবেগে তাকে বুকে চেপে ধরে।' এর মধ্য দিয়ে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে?- **আনন্দ।**
প্র : হারটি খুঁজতে গিয়ে মি. লোইসেল পরদিন কখন ফিরে এলেন?- **সকাল সাতটার দিকে।**
প্র : 'যেকোনো মেয়ের অন্তরে এই পরিপূর্ণ বিজয় কত মধুর।' এই 'পরিপূর্ণ বিজয়' দ্বারা কী বোঝানো হয়েছে?- **সৌন্দর্যের বিজয়।**
প্র : স্ত্রীর জন্য মধ্যরাত্রি পর্যন্ত আধঘুমে জেগে থাকার ঘটনার মধ্য দিয়ে মসিঁয়ে লোইসেলের কোন দিকটি প্রকাশ পায়?- **দায়িত্বশীলতা।**
প্র : মসিঁয়ে ও মাদাম লোইসেল হতাশ হয়ে পড়ে কেন?- **বাড়ি যাওয়ার জন্য গাড়ি না পেয়ে।**
প্র : মেয়েটি হঠাৎ আর্তনাদ করে ওঠে কেন?- **হারখানা গলায় না দেখে।**
প্র : সকাল কয়টার দিকে মেয়েটার স্বামী ফিরে এলো?- **সাতটার দিকে।**
প্র : কোন ঘটনা মাদাম লোইসেলের জীবনে বিপর্যয় ডেকে আনল?- **বান্ধবীর হার হারিয়ে ফেলা।**
প্র : সন্ধ্যেবেলায় যখন মসিঁয়ে লোইসেল ফিরে এলো তখন তার মুখখানা কেমন ছিল?- **মলিন।**
প্র : মাদাম লোইসেল দারিদ্র্যের ভয়াবহতা বুঝতে পারে কীভাবে?- **দুঃখজনক দেনার কারণে।**
প্র : 'ঐ দুঃখজনক দেনা শোধ করা প্রয়োজন।' এখানে দেনাকে 'দুঃখজনক' বলা হয়েছে কেন?- **দেনা করেও তার দুঃখ ঘোচাতে পারেনি বলে।**
প্র : মাদাম লোইসেলের নৃত্যের মধ্যে কী ছিল?- **আবেগ ও উৎসাহ।**
প্র : 'নেকলেস' গল্পে মাদাম লোইসেলের নখের রং কী ছিল?- **গোলাপি।**
প্র : মাদাম লোইসেল কার্ডটি কোথায় নিক্ষেপ করেন?- **টেবিলের ওপর।**
প্র : মাদাম লোইসেলের স্বামী সন্ধ্যাবেলায় কী করে?- **কয়েকজন ব্যবসায়ীর হিসাবের খাতা ঠিক করে।**
প্র : দশ বছর পর একদিন মাদাম ফোরস্টিয়াকে দেখে মাদাম লোইসেলের মন খারাপ হয়ে গেল কেন?- **তার সৌন্দর্য দেখে।**
প্র : বর্তমানে ফ্রান্স 'ইউরো' মুদ্রা ব্যবহার করে কেন?- **ইউরোপীয় ইউনিয়নের সদস্য হওয়ায়।**
প্র : 'প্যারি' কী?- **প্যারিসের ফরাসি নাম।**
প্র : 'La Parure' সর্বপ্রথম কত সালে প্রকাশিত ও ইংরেজি ভাষায় অনূদিত হয়?- **১৮৮৪।**
প্র : মাদাম লোইসেল চরিত্রটির মধ্যে কী ধরনের চারিত্রিক বৈশিষ্ট্য লক্ষ করা যায়?- **বিলাসী ও পরিশ্রমী।**
প্র : পোশাক কিনতে 'চারশত ফ্রাঁ' লাগবে শুনে মি. লোইসেলের মুখ ম্লান হয়ে গেল কেন?- **বন্দুক কেনার জন্য সঞ্চয়ের টাকা খরচ করতে হবে বলে।**
প্র : মাদাম লোইসেলের ধারণা, কোন ধরনের বস্তুর জন্য তার জন্ম হয়েছে?- **সুরুচিপূর্ণ।**
প্র : 'কনভেন্ট' শব্দের অর্থ কী?- **মিশনারিদের আবাস।**
প্র : কী ধরনের বাক্সে হীরার হার রাখা ছিল?- **স্যাটিনের বাক্সে।**
প্র : বল নাচের অনুষ্ঠান শেষে ভোর কয়টার দিকে লোইসেল বাড়ি ফিরে গেল?- **চারটার।**
প্র : কোন বস্তু মাদাম লোইসেলের খুব প্রিয়?- **জড়োয়া গহনা।**
প্র : 'নেকলেস' গল্পে লোইসেল দম্পতি কয়টি কামরা নতুনভাবে ভাড়া করলো?- **কয়েকটি।**
প্র : 'নেকলেস' গল্পের লোইসেলের স্বামী পেশায় কী ছিল?- **কেরানি।**
প্র : ফরাসি ভাষায় 'নেকলেস' গল্পের নাম কি?- **La Parure।**
প্র : মাদাম লোইসেলের অবস্থা দশ বছর পর কেমন হয়েছিল?- **গৃহস্থঘরের শক্ত, কর্মঠ ও অমার্জিত মেয়ের মতো।**
প্র : মাদাম লোইসেল তার 'কনভেন্ট'-এর সহপাঠিনীর সঙ্গে দেখা করার পর কষ্ট পেত কেন?- **বান্ধবী ধনী হওয়ার হীনম্মন্যতার জন্য।**
প্র : 'ঐ ভয়ানক বিপর্যয়ে মেয়েটি সারাদিন এক বিভ্রান্ত অবস্থায় কাটাল।' এখানে বিপর্যয়টি কিসের?- **হারটি হারিয়ে ফেলার বিপর্যয়।**
প্র : 'আমার কাছে মাদাম ফোরস্টিয়ারের হারখানা নেই।' এ কথার মধ্য দিয়ে কোন বিষয়টি প্রস্ফুটিত হয়েছে?- **উত্তেজনা।**
প্র : 'নেকলেস' গল্পে মূলত কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে?- **উচ্চাকাঙ্ক্ষা ও লোভের পরিণাম ভয়াবহ।**
প্র : 'সত্যিই তো! এটা আমি ভাবিনি।' এ উক্তিটি কোন গল্পের?- **নেকলেস।**
প্র : কী কারণে মাদাম লোইসেল সাধারণভাবে থাকত?- **নিজেকে সজ্জিত করার অক্ষমতার জন্য।**
প্র : 'নেকলেস' গল্পটি যে মাপকাঠি স্পর্শ করে তুলে ধরেছে তা হলো- **বিলাসিতার পরিণাম।**
প্র : 'সর্বদা তার মনে দুঃখ।' 'নেকলেস' গল্পে কার দুঃখের কথা বলা হয়েছে?- **মাদাম লোইসেল।**
প্র : 'নেকলেস' গল্পে কোন মাসের উল্লেখ আছে?- **জানুয়ারি, ফেব্রুয়ারি।**
প্র : মাদার লোইসলের পিতা পেশায় ছিল? – **কেরানি।**
প্র : গাড়ি না পেয়ে লোইসেল দম্পতি কোন নদীর দিকে হাঁটতে থাকে? – **সিন নদী।**
প্র : মাদাম লোই সেল কোন দৃষ্টি দিয়ে স্বামীর দিকে তাকাল?– **বিরক্তি।**
প্র : স্ত্রীর কথায় মসিঁয়ের মনে দুঃখ পাওয়ার কারণ কী?– **দরিদ্রতা।**
প্র : মাদাম লোইসেল তার শ্রেণির অন্যতম হিসেবে কেমন ছিল?– **অসুখী।**
প্র : 'La Gaulois' কী?– **একটি ফরাসি পত্রিকা।**
প্র : লোইসেল প্রতি পাতা নকল করে দেওয়ার বিনিময়ে কত পেত?– **পাঁচ সাও।**

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. প্রখ্যাত গল্পকার গী দ্য মোপাসাঁ কোন দেশে জন্মগ্রহণ করেন? [ক ১৭-১৮; ইবি ১৭-১৮]
ক. ফ্রান্স খ. ইতালি গ. জার্মানি ঘ. রাশিয়া

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

০২. ফরাসি লেখক মোপাসাঁর সাহিত্যগুরু কে ছিলেন? [E ১৭-১৮]
ক. গুস্তাব ফ্লবেয়ার খ. এমিল জোলা গ. ইভান তুর্গেনিভ ঘ. লিও তলস্তয়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

০৩. 'নেকলেস' গল্পে নকল হারটির দাম কত ছিল? [B ১৭-১৮]
ক. ১০০ ফ্রাঁ খ. ২০০ ফ্রাঁ গ. ৪০০ ফ্রাঁ ঘ. ৫০০ ফ্রাঁ
০৪. 'বলনাচের অনুষ্ঠানে মাদাম লোইসেলের জয়জয়কার'- এ বাক্যে কিসের ইঙ্গিত করা হয়েছে? [D3 ১৬-১৭]
ক. মাদামের জড়োয়া গহনা খ. মাদামের পারিবারিক আভিজাত্য
গ. মাদামের চমৎকার নাচ ঘ. মাদামের সৌন্দর্য ও সুরুচিপূর্ণ ব্যক্তিত্ব
০৫. গী দ্য মোপাসাঁ কোন ভাষায় সাহিত্য রচনা করেন? [C1 ১৬-১৭]
ক. ইতালীয় খ. ফরাসি গ. ফারসি ঘ. স্পেনীয় ঙ. জার্মান
০৬. গী দ্য মোপাসাঁর জন্ম কোথায়? [B2-8 ১৬-১৭]
ক. ভার্সাই খ. নর্মান্ডি গ. প্যারিস ঘ. ভেনিস
০৭. 'নেকলেস' গল্পটির ভাববস্তুর সঙ্গে প্রধানত যুক্ত কোনটি? [B1 ১৬-১৭]
ক. অহংকারের প্রাবল্য খ. বিলাসিতার পরিণাম
গ. দাম্ভিকতার পরিণাম ঘ. জীবনের রূঢ় বাস্তবতা

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

০৮. সম্মান প্রদর্শনের জন্য ফ্রান্সে পুরুষদের কি সম্বোধন করা হয়? [A ১৭-১৮]
ক. মিস্টার খ. মাদাম গ. মসিঁয়ে ঘ. লর্ড
০৯. মাদার লোইসেলের হারানো নেকলেসটি কিসের তৈরি? [A ১৭-১৮; C ১৬-১৭]
ক. হীরের খ. নকল হীরের গ. মুক্তার ঘ. নকল মুক্তার
১০. খ্রিস্টান মিশনারি কর্তৃক পরিচালিত স্কুলকে কী বলে? [A ১৭-১৮]
ক. বিদ্যাপীঠ খ. চার্চ গ. মনুমেন্ট ঘ. কনভেন্ট
১১. 'নেকলেস' গল্পে কোন নৃত্যানুষ্ঠানের উল্লেখ আছে? [A ১৭-১৮]
ক. 'ব্যালে' নাচ খ. 'ছৌ' নাচ গ. 'বল' নাচ ঘ. 'সালসা' নাচ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

১২. অপ্রত্যাশিত কিন্তু আকর্ষণীয় সমাপ্তির জন্যে কোন গল্পটি বিপুল জনপ্রিয়তা অর্জন করেছে? [G ১৬-১৭]
ক. আহ্বান খ. রেইনকোট গ. নেকলেস ঘ. মহুয়া
১৩. 'পারসিয়া' শব্দটি ব্যবহৃত হয়েছে কোন গল্পে? [F ১৬-১৭]
ক. অপরিচিতা খ. বিলাসী গ. রেইনকোট ঘ. নেকলেস

০১.ক	০২.ক	০৩.ঘ	০৪.ঘ	০৫.খ	০৬.খ	০৭.খ
০৮.গ	০৯.খ	১০.ঘ	১১.গ	১২.গ	১৩.ঘ	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নাবলি

০১. যখন একটি নিম্ন মাধ্যমিক স্কুলে পড়েন তখন কোন বিখ্যাত ঔপন্যাসিকের সাথে মোপাসাঁর পরিচয় ঘটে?
ক. লিও তলস্তয় খ. ম্যাক্সিম গোর্কি গ. ফিওদর দস্তয়েভস্কি ঘ. গুস্তাভ ফ্লবেয়ার

০২. ফ্লবেয়ারের বাসায় মোঁপাসার কোন বিশ্ববিখ্যাত লেখকের সঙ্গে পরিচয় ঘটে?
ক. টি. এস এলিয়ট খ. ইভান তুর্গেনেভ গ. ফিওদর দস্তয়েভস্কি ঘ. বায়রন

০৩. মোঁপাসা কীভাবে এমিল জোলা ও ইভান তুর্গেনেভসহ অনেক বিশ্ববিখ্যাত লেখকের সাথে পরিচিত হবার সুযোগ পান?
ক. সাংবাদিকতার সূত্রে খ. সাহিত্য সমিতিতে গিয়ে
গ. ফ্লবেয়ারের বাসায় ঘ. পিতার মাধ্যমে

০৪. পূর্ণেন্দু দস্তিদারের রচনা নিচের কোনটি?
ক. স্বাধীনতা সংগ্রামের ইতিহাস খ. স্বাধীনতা সংগ্রামে চট্টগ্রাম
গ. স্বাধীনতার স্বাদ ঘ. একাত্তরের দিনগুলো

০৫. নিচের কোন পরিচয়টি পূর্ণেন্দু দস্তিদারের ক্ষেত্রে প্রযোজ্য?
ক. লেখক ও রাজনীতিবিদ খ. লেখক ও সমাজগবেষক
গ. রাজনীতিবিদ ও সমাজসেবক ঘ. রাজনীতিবিদ ও সমাজ সংস্কারক

০৬. কোন ধরনের লেখক হিসেবে পূর্ণেন্দু দস্তিদার খ্যাতি অর্জন করেন?
ক. সমাজ ভাবুক খ. রাষ্ট্রভাবুক গ. জীবন সচেতন ঘ. দেশ সচেতন

০৭. 'থাকবে তাতে বিভিন্ন চমৎকার আসবাব'- এখানে কিসের কথা কথা বলা হয়েছে?
ক. পার্শ্বপক্ষ খ. বাসকক্ষ গ. খাবারঘর ঘ. বৈঠকখানা

০৮. 'নেকলেস' গল্পে যে গোল টেবিলের কথা বলা হয়েছে তার ক্লথটি কতদিন ধরে ব্যবহৃত?
ক. তিন খ. চার গ. পাঁচ ঘ. ছয়

০৯. মাদাম লোইসেলের ধারণা কোন জিনিসের জন্যই তার সৃষ্টি?
ক. দামি আসবাব খ. দামি খাবার গ. সুদৃশ্য বাসগৃহ ঘ. ফ্রক বা জড়োয়া গহনা

১০. কনভেন্ট-এর ধনী বান্ধবীর সাথে দেখা করতে মাদাম লোইসেলের কেন ভালো লাগত না?
ক. বান্ধবী অহঙ্কারী বলে খ. বান্ধবী সুন্দরী বলে গ. বান্ধবী ধনী বলে ঘ. বান্ধবী জ্ঞানী বলে

১১. জনশিক্ষা মন্ত্রীর স্ত্রী কে?
ক. মাদাম লোইসেল খ. মাদাম ফোরসটিয়ার গ. মাদাম জর্জ রেমপনু ঘ. মাদাম ক্রিস্টিয়ানো

১২. 'নেকলেস' গল্পে কী রঙের মাছের টুকরার কথা বলা হয়েছে?
ক. গোলাপি খ. লাল গ. সোনালি ঘ. রূপালি

১৩. মাদাম লোইসেল ধার করা হারটি সম্পর্কে পরবর্তীতে কী জানতে পারে?
ক. হারটি ছিল নকল খ. হারটি ছিল অল্প দামি গ. হারটি ছিল দামি ঘ. হারটি ছিল মহামূল্যবান

১৪. বান্ধবীর সঙ্গে দেখা করার পর মাদাম লোইসেলকে কী গ্রাস করত?
ক. ক্ষোভ খ. হতাশা ও নৈরাশ্য গ. পরশ্রীকাতরতা ঘ. লোভ

১৫. মাদাম লোইসেল কেন তাড়াতাড়ি খামটি ছিড়েছিল?
ক. দামি কিছুর আশায় খ. নতুন খবরের আশায় গ. স্বামীর খুশির জন্য ঘ. কৌতুহল মিটাতে

১৬. মর্সিয়ে ও মাদাম লোইসেল কোন মন্ত্রীর আমন্ত্রণপত্র পেয়েছিল?
ক. অর্থ মন্ত্রীর খ. জনশিক্ষা মন্ত্রীর গ. প্রধানমন্ত্রীর ঘ. সংস্কৃতি মন্ত্রীর

১৭. খামটি হাতে পেয়ে মাদাম লোইসেল কী হবে বলে মর্সিয়ে লোইসেল আশা করেছিল?
ক. হতাশ খ. আনন্দিত গ. খুশি ঘ. বিষণ্ণ

১৮. 'কিন্তু লক্ষ্মীটি, আমি ভেবেছিলাম এতে তুমি খুশি হবে।' আলোচ্য বাক্যে কী প্রকাশ পায়?
ক. অভিমান খ. দুঃখবোধ গ. নিরাসক্তি ঘ. আনুগত্য

১৯. কী কারণে মর্সিয়ে লোইসেল মনে মনে দুঃখ পায়?
ক. স্ত্রীর কান্না শুনে খ. স্ত্রীর কথা শুনে গ. স্ত্রীর কষ্ট দেখে ঘ. স্ত্রীর দেমাগ দেখে

২০. গী দ্য মোপাসাঁর কোন দিকটির তুলনা বিশ্বসাহিত্যের ইতিহাসে উজ্জ্বলতর হয়েছে?
ক. ধর্মীয় ও সামাজিক রীতি খ. বস্তুনিষ্ট ও নিরপেক্ষতা
গ. রাজনৈতিক ও আদর্শিক মানস ঘ. দার্শনিক ও বস্তুনিষ্ঠতা

২১. 'বল' নাচের দিন যতই এগিয়ে আসতে থাকে ততই মাদাম লোইসেলকে কেমন মনে হয়?
ক. আনন্দিত খ. বেদনার্ত গ. ভয়ার্ত ও হতাশ ঘ. বিচলিত ও উদ্বিগ্ন

২২. 'অদম্য কামনায় তার বুক দুর দুর করে।' এই 'অদম্য কামনা' কিসের জন্য?
ক. স্বামীর আদর পাবার জন্য খ. হার ধার পাওয়ার
গ. স্বামীকে খুশি করার ঘ. সবাইকে অবাক করে দেওয়ার

২৩. অনুষ্ঠানে সব পুরুষ মাদাম লোইসেলকে লক্ষ করছিল কেন?
ক. তার পোশাক সবচেয়ে সুন্দর ছিল বলে খ. তার হার সবচেয়ে সুন্দর ছিল বলে
গ. সে সবচেয়ে সুন্দরী ও সুদর্শনা ছিল বলে ঘ. সে সবচেয়ে সুন্দর নেচেছিল বলে

২৪. মন্ত্রিসভার সব সদস্যের সাথে মাদাম লোইসেলের কী নৃত্য করতে ইচ্ছে করছিল?
ক. ওয়ালটজ খ. বল গ. ভরত ঘ. উচ্চাঙ্গ

২৫. 'সর্বদা তার মনে দুঃখ।' 'নেকলেস' গল্পে কার দুঃখের কথা বলা হয়েছে?
ক. ব্রেটন খ. মি. লেইসের গ. মাদাম লোইসেলের ঘ. ফোরস্টিয়ার

২৬. মেয়েটি কী কারণে আয়নার সামনে গিয়ে চাদরখানা খোলে?
ক. হারটি শেষবারের মতো দেখার জন্য
খ. নিজেকে গৌরবমণ্ডিত রূপে শেষবারের মতো দেখার জন্য
গ. তার সুন্দর পোশাকটি দেখার জন্য
ঘ. সাজগোজ করে তাকে কেমন দেখাচ্ছিল তা দেখার জন্য

২৭. কনভেন্ট-এর বান্ধবীর সঙ্গে দেখা করে এসে মাদাম লোইসেল সারাদিন কাঁদত কেন?
ক. নিজ দুর্ভোগের কথা ভেবে খ. পুরনো দিনের কথা মনে করে
গ. বান্ধবীর সাথে ঝগড়া করে ঘ. বান্ধবীর সাথে রাগ করে

২৮. প্যালেস রয়েলে মর্সিয়ে ও মাদাম লোইসেল যে হীরার কণ্ঠহার দেখল তার দাম কত ছিল?
ক. চল্লিশ হাজার ফ্রাঁ খ. পঞ্চান্ন হাজার ফ্রাঁ গ. পঁয়তাল্লিশ হাজার ফ্রাঁ ঘ. ষাট হাজার ফ্রাঁ

২৯. মর্সিয়ে লোইসেল সম্পর্কে কোনটি যথার্থ?
ক. সৎ, কর্মনিষ্ঠ, ধৈর্যশীল খ. পরিশ্রমী, সৎ, কৌতুহলী
গ. অসহিষ্ণু, সৎ, উচ্চাকাঙ্ক্ষী ঘ. ধৈর্যশীল, পরিশ্রমী, বিলাসী

৩০. মাদাম লোইসেলের স্বামী সন্ধ্যাবেলায় কী করে?
ক. স্ত্রীর কাজে সাহায্য করে খ. কয়েকজন ব্যবসায়ীর হিসাবের খাতা ঠিক করে
গ. অন্য একটি অফিসে কাজ করে ঘ. একটি নৈশ বিদ্যালয়ে শিক্ষকতা করে

৩১. কে মোপাসাঁর সাহিত্য জীবনে অভিভাবকের ভূমিকায় অবতীর্ণ হন?
ক. গুস্তাভ দ্য মোপাসাঁ খ. লরা লি পয়াটিঙ্গি গ. গুস্তাভ ফ্লবেয়ার ঘ. এমিল জোলা

৩২. বর্তমানে ফ্রান্স 'ইউরো মুদ্রা' ব্যবহার করে কেন?
ক. ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হওয়ায় খ. কমনওয়েলথের সদস্যপদ লাভ করায়
গ. জাতিসংঘের সদস্য হওয়ায় ঘ. ইউরোপীয় ইউনিয়নের সদস্য হওয়ায়

৩৩. মাদাম লোইসেলের বান্ধবীর নাম কী ছিল?
ক. মাদাম ফোরস্টিয়ার খ. লরা লি পয়টিভিন গ. মাদামি মেরি ঘ. মাদার এমিলি

৩৪. চট্টগ্রাম যুব বিদ্রোহ কার নেতৃত্বে পরিচালিত হয়?
ক. ক্ষুদিরাম বসু খ. প্রীতিলতা গ. মাস্টারদা সূর্যসেন ঘ. কবিয়াল রমেশ শীল

৩৫. 'নেকলেস' গল্পে মাদাম লোইসেলের স্বামী কোন অফিসের সামান্য কেরানি ছিল?
ক. শিক্ষা বোর্ডের খ. মন্ত্রিপরিষদের গ. শিক্ষা পরিষদের ঘ. বোর্ড অফিসের

৩৬. আয়নার সামনে গিয়ে জড়োয়া গহনাগুলো পরে মাদাম লোইসেল কেমন বোধ করছিল?
ক. অপমানিত খ. ইতস্তত গ. সুখ ঘ. দুঃখ

৩৭. জনশিক্ষা মন্ত্রীর নিমন্ত্রণপত্রে কত তারিখের উল্লেখ ছিল?
ক. ১৮ই জানুয়ারি খ. ১৮ই ফেব্রুয়ারি গ. ১৮ই নভেম্বর ঘ. ১৮ই ডিসেম্বর

৩৮. 'সত্যিই তো! এটা আমি ভাবিনি।' এ উক্তিটি কোন গল্পের?
ক. মাসি-পিসি খ. চাষার দুক্ষু গ. রেইনকোট ঘ. নেকলেস

৩৯. মাদাম লোইসেলের পুরো নাম কী?
ক. মাতিলদা লোইসেল খ. নাতালিয়া লোইসেল
গ. তিয়ানা লোইসেল ঘ. তিয়ানোভস্কি লোইসেল

৪০. মাদাম ফোরসটিয়ারের সঙ্গে চামপ্স এলিসিসে মাদাম লোইসেলের কী বারে দেখা হয়েছিল?
ক. মঙ্গলবার খ. শনিবার গ. রবিবার ঘ. সোমবার

৪১. লোইসেলের বন্ধুরা কোন পাখি শিকারে গিয়েছিল?
ক. ঈগল খ. ফিনিক্স গ. ভরতপাখি ঘ. পেঙ্গুইন

৪২. গোপনকক্ষে মাদাম লোইসেল প্রথমে কী দেখেছিল?
ক. হার খ. নূপুর গ. আংটি ঘ. কঙ্কণ

৪৩. সাধারণ আটপৌরে চাদরটি কোথায় ঝোলানো হয়েছিল?
ক. কাঁধে খ. শরীরে গ. জানালায় ঘ. মাথায়

৪৪. 'তার বাসকক্ষের দারিদ্র্য, হতশ্রী দেয়াল, জীর্ণ চেয়ার এবং বিবর্ণ জিনিসপত্রের জন্য সে ব্যথিত হতো।' 'নেকলেস' গল্পে মাতিলদার এ অনুভূতির কারণ তার-
ক. জীবনাকাঙ্ক্ষা খ. সৌন্দর্যবোধ গ. অহংকারী মনোভাব ঘ. উচ্চাকাঙ্ক্ষা

৪৫. 'আমায় দেখলে কেমন গরিব গরিব মনে হবে।' বাক্যটি দ্বারা মাদাম লোইসেলের কোনটি প্রকাশ পেয়েছে?
ক. অহংকার খ. সরলতা গ. সততা ঘ. উচ্চাভিলাষ

০১.ঘ	০২.খ	০৩.গ	০৪.খ	০৫.ক	০৬.ক	০৭.ঘ	০৮.ক	০৯.ঘ
১০.গ	১১.গ	১২.ক	১৩.ক	১৪.খ	১৫.ক	১৬.খ	১৭.গ	১৮.খ
১৯.খ	২০.খ	২১.ঘ	২২.খ	২৩.গ	২৪.ক	২৫.গ	২৬.খ	২৭.ক
২৮.ক	২৯.ক	৩০.খ	৩১.গ	৩২.ঘ	৩৩.ক	৩৪.গ	৩৫.গ	৩৬.খ
৩৭.ক	৩৮.ঘ	৩৯.ক	৪০.গ	৪১.গ	৪২.ঘ	৪৩.ক	৪৪.ঘ	৪৫.ঘ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com
• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

SELF TEST

০১. 'সে ছিল চমৎকার এক সুন্দরী তরুণী।' উদ্ধৃত অংশে কার সম্পর্কে বলা হয়েছে?
ক. জেনি খ. মাদাম লোইসেল
গ. ফোরস্টিয়ার ঘ. মাদাম রেমপন্নু

০২. 'এর চেয়ে ভালো কিছু আমি চাই না।' উদ্ধৃত অংশে মাদাম লোইসেলের প্রতি তার স্বামীর কী প্রকাশ পেয়েছে?
ক. বিরক্তি খ. অভিমান
গ. ভালোবাসা ঘ. শ্রদ্ধা

০৩. মাদাম লোইসেলের স্বামীর বন্দুক কেনার জন্য কত টাকা সঞ্চয় করা ছিল?
ক. চারশত ফ্রাঁ খ. পাঁচশত ফ্রাঁ
গ. চার হাজার ফ্রাঁ ঘ. পাঁচ হাজার ফ্রাঁ

০৪. 'আমার কোনো মণিমুক্তা, একটি দামি পাথর কিছুই নেই যা দিয়ে আমি নিজেকে সাজাতে পারি।' এই উক্তিটিতে কী নিহিত রয়েছে?
ক. আকাঙ্ক্ষা খ. অক্ষমতা
গ. উচ্চাশা ঘ. প্রতিহিংসা

০৫. 'ভাই, যা ইচ্ছা এখান থেকে নাও।' উদ্ধৃত অংশ ফোরস্টিয়ার কাকে বলছে?
ক. মাদাম লোইসেলের স্বামীকে খ. মাদাম লোইসেলকে
গ. ব্রেটন ঘ. মাদাম রেমপন্নুকে

০৬. 'তার দাম দিতে দশ বছর লেগেছে।' এখানে কিসের দাম সম্পর্কিত বলা হয়েছে?
ক. হার খ. পোশাক
গ. জুতো ঘ. আংটি

০৭. অনুষ্ঠানে ভদ্রলোকের স্ত্রীদের আচরণ কেমন ছিল?
ক. খুব বেশি খুশিতে মত্ত ছিল খ. খুব বেশি ফুর্তিতে মত্ত ছিল
গ. নেশায় আবেগাপ্লুত ছিল ঘ. খুব খারাপ ছিল

০৮. কতক্ষণ পর্যন্ত মাদাম লোইসেলের স্বামী বিশ্রামকক্ষে ছিল?
ক. মধ্যরাত্রি পর্যন্ত খ. সন্ধ্যা পর্যন্ত
গ. সারারাত ঘ. ভোর পর্যন্ত

০৯. বল নাচের সঙ্গে কিসের দারিদ্র্য পরিস্ফুট হয়ে উঠেছিল?
ক. আটপৌরে চাদরের খ. পুরোনো গহনার
গ. সাধারণ পোশাক ঘ. সাধারণ জুতোর

১০. 'প্রত্যেক মাসেই দলিল বদল করতে হয়।' 'নেকলেস' গল্পে এই বাক্যের সঙ্গে কোনটি সম্পৃক্ত?
ক. বন্ধক খ. ক্রয়
গ. বিক্রয় ঘ. জমি বায়না

১১. মর্সিয়ে লোইসেল কাকে চিঠি লিখতে বলেছিল?
ক. মাদাম ফোরস্টিয়ারকে খ. মাদাম রেমপন্নুকে
গ. পুলিশকে ঘ. জনশিক্ষামন্ত্রীকে

১২. লোইসেল দম্পতি কখন হার পাওয়ার আশা ত্যাগ করলো?
ক. দুই দিন পর খ. এক সপ্তাহ পর
গ. দুই সপ্তাহ পর ঘ. এক মাস পর

১৩. 'হীরার নেকলেসটি' কত ফ্রাঁ দিয়ে কেনা হয়েছিল?
ক. তেতাল্লিশ হাজার খ. ত্রিশ হাজার
গ. ছত্রিশ হাজার ঘ. চৌত্রিশ হাজার

১৪. স্বর্ণকারের কাছ থেকে লোইসেল দম্পতি কতদিন সময় নিয়েছিল?
ক. দুই খ. তিন
গ. চার ঘ. পাঁচ

১৫. কোন মাসের আগে যদি হারটি খুঁজে পাওয়া যায় তবে চৌত্রিশ হাজার ফ্রাঁ দিয়ে লোইসেল দম্পতি ফেরত পাবে?
ক. জানুয়ারি খ. ফেব্রুয়ারি
গ. মার্চ ঘ. আগস্ট

১৬. লোইসেল তার বাবার মৃত্যুর পর কত হাজার ফ্রাঁ পেয়েছিল?
ক. ষোলো হাজার খ. পনেরো হাজার
গ. আঠারো হাজার ঘ. উনিশ হাজার

১৭. 'ওটা আরও আগে তোমায় ফেরত দেওয়া উচিত ছিল।' উক্তিটি কার?
ক. মাদাম রেমপন্নুর খ. মাদাম ফোরস্টিয়ার
গ. স্বর্ণকার ঘ. মাদাম লোইসেলের

১৮. দেনা পরিশোধ করতে লোইসেল দম্পতির কয় বছর কেটে গেল?
ক. ছয় খ. দশ
গ. বারো ঘ. চৌদ্দ

১৯. মাদাম লোইসেলের শারীরিক পতনের মূল কারণ কী?
ক. প্রতিহিংসা খ. ঈর্ষা
গ. উচ্চাভিলাষ ঘ. সিদ্ধান্তহীনতা

২০. স্বামী অফিসে থাকলে মাদাম লোইসেল কী ভাবে?
ক. দেনা কেমন করে হলো সে কথা খ. বিগত দিনের সেই অনুষ্ঠানের কথা
গ. স্বামীর কথা ঘ. হীরের গহনার কথা

২১. 'সুপ্রভাত জেনি।' বাক্যটিতে 'জেনি' বলে কাকে সম্বোধন করা হয়?
ক. মাদাম রেমপন্নুর খ. মাদাম লোইসেল
গ. মাদাম ফোরস্টিয়ার ঘ. মাদাম মেরি

২২. 'বল' নাচ কী?
ক. খ্রিস্টানদের নারী কর্তৃক রচিত অনুষ্ঠান খ. বিনোদনমূলক সামাজিক অনুষ্ঠান
গ. বিবাহ উৎসবের অনুষ্ঠান ঘ. নবদম্পতিদের অনুষ্ঠান

২৩. 'থামো, তোমার ঠাণ্ডা লেগে যাবে ওখানে।' উক্তিটি কার?
ক. মাদাম লেইসেলের খ. মাদাম লোইসেলের স্বামী
গ. মাদাম ফোরসটিয়ারের ঘ. জেনির

২৪. লোইসেল দম্পতি তাদের হারানো হারের অনুরূপ হার কোথায় দেখতে পেল?
ক. হোয়াইট প্যালেসে খ. প্যালেস রয়েল
গ. প্যালেস হিলে ঘ. স্বর্ণকারের দোকান

২৫. মাদাম লোইসেল এক রবিবারে চামপস্-এলিসিস-এ ঘুরে বেড়াচ্ছিল কেন?
ক. বায়ু পরিবর্তনের জন্য খ. দুশ্চিন্তা দূর করার জন্য
গ. স্বামীকে ভুলে থাকার জন্য ঘ. চাকরির জন্য

২৬. বান্ধবী ফোরস্টিয়ার জন্য মাদাম লোইসেলকে চিনতে না পারার কারণ কী?
ক. মাদাম লোইসেল সুন্দর পোশাক পরিধান করায়
খ. মাদাম লোইসেলকে বয়সের তুলনায় বেশি বয়স্ক লাগায়
গ. মাদাম লোইসেল অসুস্থ হওয়ায়
ঘ. দীর্ঘদিন দেখা না হওয়ায়

২৭. মর্সিয়ে লোইসেল নির্বাক হয়ে গেলেন কেন?
ক. বল নাচে স্ত্রীর সৌন্দর্য দেখে খ. স্ত্রীকে ফুঁপিয়ে কাঁদতে দেখে
গ. হীরার হার হারিয়ে যাওয়ায় ঘ. আমন্ত্রণলিপিখানা নিক্ষেপ করতে দেখে

২৮. মেয়েটি হঠাৎ আর্তনাদ করে ওঠে কেন?
ক. নিজের বিকৃত রূপ দেখে খ. হাতের কঙ্কন খুঁজে না পেয়ে
গ. পোশাক ছিড়ে গেল বলে ঘ. হারখানা গলায় না দেখে

২৯. 'হতাশভাবে তারা একে অপরের দিকে তাকিয়ে থাকে।' তাকানোর কারণ কী?
ক. হার হারিয়ে ফেলার কারণে খ. সোনার কাঁকন হারিয়ে ফেলার কারণে
গ. মুক্তার মালা হারিয়ে ফেলার কারণে ঘ. দামি গাউন ছিড়ে ফেলার কারণে

৩০. মাদাম লোইসেলের জীবনে কোনো আনন্দ ছিল না কেন?
ক. কেরানির পরিবারে জন্মগ্রহণের জন্য খ. স্বামীর দরিদ্রতার জন্য
গ. নিচের বিদঘুটে চেহারার জন্য ঘ. পিতার অসুস্থতার জন্য

OMR

৩০. ক খ গ ঘ	২৯. ক খ গ ঘ	২৮. ক খ গ ঘ
২৭. ক খ গ ঘ	২৬. ক খ গ ঘ	২৫. ক খ গ ঘ
২৪. ক খ গ ঘ	২৩. ক খ গ ঘ	২২. ক খ গ ঘ
২১. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ	১৯. ক খ গ ঘ
১৮. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৬. ক খ গ ঘ
১৫. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ
১২. ক খ গ ঘ	১১. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ
০৯. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ	০৭. ক খ গ ঘ
০৬. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ
০৩. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০১. ক খ গ ঘ

Correct Answer

৩০.ক	২৯.ক	২৮.ঘ	২৭.খ	২৬.খ	২৫.খ	২৪.খ	২৩.খ	২২.খ	২১.গ
২০.খ	১৯.গ	১৮.খ	১৭.খ	১৬.গ	১৫.খ	১৪.খ	১৩.গ	১২.খ	১১.ক
১০.ক	০৯.ক	০৮.ক	০৭.খ	০৬.ক	০৫.খ	০৪.খ	০৩.ক	০২.গ	০১.খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

বাংলা বিচিত্রা

পদ্যাংশ

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

বিভীষণের প্রতি মেঘনাদ

মাইকেল মধুসূদন দত্ত

"এতক্ষণে"- অরিন্দম কহিলা বিষাদে-
"জানিনু কেমনে আসি লক্ষ্মণ পশিল
রক্ষঃপুরে! হায়, তাত, উচিত কি তব
এ কাজ? নিকষা সতী তোমার জননী!
সহোদর রক্ষঃশ্রেষ্ঠ! শূলিশম্ভুনিভ
কুম্ভকর্ণ! ভ্রাতৃপুত্র বাসববিজয়ী!
নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে?
চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে?
কিন্তু নাহি গঞ্জি তোমা, গুরুজন তুমি
পিতৃতুল্য। ছাড় দ্বার, যাব অস্ত্রাগারে,
পাঠাইব রামানুজে শমন-ভবনে,
লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে।"
উত্তরিলা বিভীষণ, "বৃথা এ সাধনা,
ধীমান্! রাঘবদাস আমি; কী প্রকারে
তাঁহার বিপক্ষ কাজ করিব, রক্ষিতে
অনুরোধ?" উত্তরিলা কাতরে রাবণি;-
"হে পিতৃব্য, তব বাক্যে ইচ্ছি মরিবারে!
রাঘবের দাস তুমি? কেমনে ও মুখে
আনিলে এ কথা, তাত, কহ তা দাসেরে!
স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে;
পড়ি কি ভূতলে শশী যান গড়াগড়ি
ধূলায়? হে রক্ষোরথি, ভুলিলে কেমনে
কে তুমি? জনম তব কোন মহাকুলে?
কে বা সে অধম রাম? স্বচ্ছ সরোবরে
করে কেলি রাজহংস পঙ্কজ-কাননে;
যায় কি সে কভু, প্রভু, পঙ্কিল সলিলে,
শৈবালদলের ধাম? মৃগেন্দ্র কেশরী,
কবে, হে বীরকেশরী, সম্ভাষে শৃগালে
মিত্রভাবে? অজ্ঞ দাস, বিজ্ঞতম তুমি,
অবিদিত নহে কিছু তোমার চরণে।
ক্ষুদ্রমতি নর, শূর, লক্ষ্মণ; নহিলে
অস্ত্রহীন যোধে কি সে সম্বোধে সংগ্রামে?
কহ, মহারথী, এ কি মহারথীপ্রথা?
নাহি শিশু লঙ্কাপুরে, শুনি না হাসিবে
এ কথা! ছাড়হ পথ; আসিব ফিরিয়া
এখনি! দেখিব আজি, কোন্ দেববলে,
বিমুখে সমরে মোরে সৌমিত্রি কুমতি!
দেব-দৈত্য-নর-রণে, স্বচক্ষে দেখেছ,
রক্ষঃশ্রেষ্ঠ, পরাক্রম দাসের! কী দেখি
ডরিবে এ দাস হেন দুর্বল মানবে?
নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রগল্ভে পশিল
দম্ভী; আজ্ঞা কর দাসে, শাস্তি নরাধমে।
তব জন্মপুরে, তাত, পদার্পণ করে
বনবাসী! হে বিধাতঃ, নন্দন-কাননে
ভ্রমে দুরাচার দৈত্য? প্রফুল্ল কমলে
কীটবাস? কহ তাত, সহিব কেমনে?
হেন অপমান আমি, - ভ্রাতৃ-পুত্র তব?
তুমিও, হে রক্ষোমণি, সহিছ কেমনে?"
মহামন্ত্র-বলে যথা নম্রশিরঃ ফণী,
মলিনবদন লাজে, উত্তরিলা রথী
রাবণ-অনুজ, লক্ষি রাবণ-আত্মজে;
"নহি দোষী আমি, বৎস; বৃথা ভর্ৎস মোরে
তুমি! নিজ কর্ম-দোষে, হায়, মজাইলা
এ কনক-লঙ্কা রাজা, মজিলা আপনি!
বিরত সতত পাপে দেবকুল; এবে
পাপপূর্ণ লঙ্কাপুরী; প্রলয়ে যেমতি
বসুধা, ডুবিছে লঙ্কা এ কালসলিলে!
রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থে আশ্রয়ী
তেঁই আমি। পরদোষে কে চাহে মজিতে?"
রুষিলা বাসবত্রাস। গম্ভীরে যেমতি
নিশীথে অম্বরে মন্দ্রে জীমূতেন্দ্র কোপি,
কহিলা বীরেন্দ্র বলী,-"ধর্মপথগামী,
হে রাক্ষসরাজানুজ, বিখ্যাত জগতে
তুমি; -কোন্ ধর্ম মতে, কহ দাসে, শুনি,
জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি,- এ সকলে দিলা
জলাঞ্জলি? শাস্ত্রে বলে, গুণবান যদি
পরজন, গুণহীন স্বজন, তথাপি
নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা!
এ শিক্ষা, হে রক্ষোবর, কোথায় শিখিলে?
কিন্তু বৃথা গঞ্জি তোমা! হেন সহবাসে,
হে পিতৃব্য, বর্বরতা কেন না শিখিবে?
গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি।"

[নির্বাচিত অংশ]

শব্দার্থ ও টীকা

'এতক্ষণে'- অরিন্দম কহিলা বিষাদে	রুদ্ধদ্বার নিকুম্ভিলা যজ্ঞাগারে লক্ষ্মণের অনুপ্রবেশের অন্যতম কারণ যে পথপ্রদর্শক বিভীষণ, তা অনুধাবন করে বিস্মিত ও বিপন্ন মেঘনাদের প্রতিক্রিয়া।
বিভীষণ	রাবণের কনিষ্ঠ সহোদর। রাম-রাবণের যুদ্ধে স্বপক্ষ ত্যাগকারী। রামের ভক্ত।
অরিন্দম	অরি বা শত্রুকে দমন করে যে। এখানে মেঘনাদকে বোঝানো হয়েছে।
পশিল	প্রবেশ করল।
রক্ষঃপুরে	রাক্ষসদের পুরীতে বা নগরে। এখানে নিকুম্ভিলা যজ্ঞাগারে।
তাত	পিতা। এখানে পিতৃব্য বা চাচা অর্থে।
নিকষা	রাবণের মা।
শূলিশম্ভুনিভ	শূলপাণি মহাদেবের মতো।
কুম্ভকর্ণ	রাবণের মধ্যম সহোদর।
বাসববিজয়ী	দেবতাদের রাজা ইন্দ্র বা বাসবকে জয় করেছে যে। এখানে মেঘনাদ। একই কারণে মেঘনাদের অপর নাম ইন্দ্রজিৎ।
তস্কর	চোর।
গঞ্জি	তিরস্কার করি।
রামানুজ	রাম+অনুজ = রামানুজ। এখানে রামের অনুজ লক্ষ্মণকে বোঝানো হয়েছে।
শমন-ভবনে	যমালয়ে।
ভঞ্জিব আহবে	যুদ্ধদ্বারা বিনষ্ট করব।
আহবে	যুদ্ধে।
ধীমান্	ধীসম্পন্ন। জ্ঞানী।
এভাবেই মজিদের প্রবেশ হলো মহব্বতনগর গ্রামে। প্রবেশটা নাটকীয় হয়েছে সন্দেহ নেই, কিন্তু গ্রামের লোকেরা পক্ষপাতি। সরাসরি মতিগঞ্জের সড়ক দিয়ে যে গ্রামে এসে ঢুকবে তার চেয়ে বেশি পছন্দ হবে তাকে, যে বিলটার বড় অশ্বত্থ গাছ থেকে নেমে আসবে। মজিদের আগমনটা তেমনি চমকপ্রদ। চমকপ্রদ এই জন্যে যে, তার আগমন মুহূর্তে সমগ্র গ্রামকে চমকে দেয়। শুধু তাই নয়, গ্রামবাসী নির্বুদ্ধিতা সম্পর্কে তাদের সচেতন করে দেয়, অনুশোচনায় জর্জরিত করে দেয় তাদের অন্তর।

শীর্ণ লোকটি চিৎকার করে গালাগাল করে লোকদের। খালেক ব্যাপারী ও মাতব্বর রেহান আলি ছিল। জোয়ান মদ্দ কালু, মতি, তারাও ছিল। কিন্তু লজ্জায় তাদের মাথা হেঁট। নবাগত লোকটির কোটরাগত চোখে আগুন।

– আপনারা জাহেল, বে- এলেম,আনপাড়হ্। মোদাচ্ছের পীরের মাজারকে আপনারা এমন করি ফেলি রাখছেন?

গ্রাম থেকে একটু বাইরে একটা বৃহৎ বাঁশঝাড়। মোটাসোটা হলদে তার গুঁড়ি। সেই বাঁশঝাড়ের ক-গজ ওধারে একটা পরিত্যক্ত পুকুরের পাশে ঘন সন্নিবিষ্ট হয়ে আছে গাছপালা। যেন একদিন কার বাগান ছিল সেখানে। তারই একধারে টালখাওয়া ভাঙ্গা এক প্রাচীন কবর। ছোট ছোট ইটগুলো বিবর্ণ শ্যাওলায় সবুজ, যুগযুগের হাওয়ায় কালচে। ভেতরে সুড়ঙ্গের মতো। শেয়ালের বাসা হয়ত। ওরা কী করে জানবে যে, ওটা মোদাচ্ছের পিরের মাজার?

সভায় অশীতিপর বৃদ্ধ সলেমনের বাপও ছিল। হাঁপানির রোগী। সে দম খিঁচে লজ্জায় নত করে রাখে চোখ।

– আমি ছিলাম গারো পাহাড়ে, মধুপুর গড় থেকে তিন দিনের পথ।

– মজিদ বলে। বলে যে, সেখানে সুখে শান্তিতেই ছিল। গোলাভরা ধান, গরু-ছাগল। তবে সেখানকার মানুষরা কিন্তু অশিক্ষিত বর্বর। তাদের মধ্যে কিঞ্চিৎ খোদার আলো ছড়াবার জন্যেই অমন বিদেশ-বিভুঁইয়ে সে বসবাস করছিল। তারা বর্বর হলে কী হবে, দিল তাদের সাচ্চা, খাঁটি সোনার মতো। খোদা-রাসুলের ডাক একবার দিলে পৌঁছে দিতে পারলে তারা বেচাইন হয়ে যায়। তা ছাড়া তাদের খাতির-যত্ন ও স্নেহ-মমতার মধ্যে বেশ দিন কাটছিল; কিন্তু সে একদিন স্বপ্ন দেখে। সে-স্বপ্নই তাকে নিয়ে এসেছে এত দূরে। মধুপুর গড় থেকে তিন দিনের পথ সে দুর্গম অঞ্চলে মজিদ যে বাড়ি গড়ে তুলেছিল তা নিমেষের মধ্যে ভেঙ্গে ছুটে চলে এসেছে।

লোকেরা ইতিমধ্যে বার-কয়েক শুনেছে সে -কথা, তবু আবার উৎকর্ণ হয়ে ওঠে।

– উনি একদিন স্বপ্নে ডাকি বললেন ...

বলতে বলতে মজিদের কোটরাগত ক্ষুদ্র চোখ দুটো পানিতে ছাপিয়ে ওঠে।

গ্রামের লোকগুলি ইদানীং অবস্থাপন্ন হয়ে উঠেছে। জোতজমি করেছে, বাড়ি ঘর করে গরুছাগল আর মেয়েমানুষ পুষে চড়াই-উতরাই ভাব ছেড়ে ধীরস্থির হয়ে উঠেছে, মুখে চিকনাই হয়েছে। কিন্তু খোদার দিকে তাদের নজর কম। এখানে ধানক্ষেতে হাওয়া গান তোলে বটে কিন্তু মুসল্লিদের গলা আকাশে ভাসে না। গ্রামের প্রান্তে সেই জঙ্গলের মধ্যে কবরের পাশে দাঁড়িয়ে বুকে ঝোলানো তামার দাঁত-খিলাল দিয়ে দাঁতের গহ্বর খোঁচাতে খোঁচাতে মজিদ সেদিন সে-কথা স্পষ্ট বুঝেছিল। সঙ্গে সঙ্গে এ কথাও বুঝেছিল যে, দুনিয়ায় সচ্ছলভাবে দুবেলা খেয়ে বাঁচবার জন্যে যে-খেলা খেলতে যাচ্ছে সে-খেলা সাংঘাতিক। মনে সন্দেহ ছিল, ভয়ও ছিল। কিন্তু জমায়েতের আধোবদন চেহারা দেখে পরিষ্কার হয়ে গিয়েছিল অন্তর। হাঁপানি-রোগগ্রস্ত অশীতিপর বৃদ্ধের চোখের পানে চেয়েও তাতে লজ্জা ছাড়া কিছু দেখেনি।

জঙ্গল সাফ হয়ে গেল। ইট-সুরকি নিয়ে সেই প্রাচীন কবর সদ্যমৃত কোনো মানুষের কবরের মতো নতুন দেহ ধারণ করল। ঝালরওয়ালা সালু দ্বারা আবৃত হলো মাছের পিঠের মতো সে কবর। আগরবাতি গন্ধ ছড়াতে লাগল, মোমবাতি জ্বলতে লাগল রাতদিন। গাছপালা ঘেরা স্থানটি আগে স্যাঁতসেঁতে ছিল, এখন রোদ পড়ে খটখটে হয়ে উঠল; হাওয়ারও ঝাঁপটে খড়ের মতো শুষ্ক হয়ে উঠল।

এ-গ্রাম সে-গ্রাম থেকে লোকরা আসতে লাগল। তাদের মর্মভেদ কান্না, অশ্রুসজল কৃতজ্ঞ আশার কথা, ব্যর্থতার কথা সালুতে আবৃত মাছের পিঠের মতো অজ্ঞাত ব্যক্তির সেই কোলে ব্যক্ত হতে লাগল দিনের পর দিন। তার সঙ্গে পয়সা-ঝকঝকে পয়সা, ঘষা সিকি-দুয়ানি-আধুলি, সাচ্চা টাকা, নকল টাকা ছড়াছড়ি যেতে লাগল।

ক্রমে ক্রমে মজিদের ঘরবাড়ি উঠল। বাহির ঘর, অন্দর ঘর, গোয়াল ঘর, আওলা ঘর হলো, গৃহস্থালি হলো। নিরাকপড়া শ্রাবণের সেই হাওয়া-শূন্য স্তব্ধ দিনে তার জীবনের নতুন অধ্যায় শুরু হয়েছিল, মাছের পিঠের মতো সালু কাপড়ে আবৃত নশ্বর জীবনের প্রতীকটির পাশে সে জীবন পদে পদে এগিয়ে চললো। হয়ত সামনের দিকে, হয়ত নয়। সে-কথা ভেবে দেখবার লোক সে নয়। বতোর দিনে মগরা-মগরা ধান আসে, তাই যথেষ্ট। তথাকথিত মাজারের পানে চেয়ে কৃচিৎ কখনো সে যে ভাবিত না তা নয়। তারও যে বাঁচবার অধিকার আছে সেই কথাটাই সে সাময়িক চিন্তার মধ্যে প্রধান হয়ে ওঠে। তা ছাড়া গারো পাহাড়ের শ্রমক্লান্ত হাড় বের করা দিনের কথা স্মরণ হলে সে শিউরে ওঠে। ভাবে, খোদার বান্দা সে নির্বোধ ও জীবনের জন্যে অন্ধ। তার ভুলভ্রান্তি তিনি মাফ করে দেবেন। তাঁর করুণা অপার, সীমাহীন।

একদিন মজিদ বিয়েও করে। অনেকদিন থেকে আলি-ঝালি একটি চওড়া বেওয়া মেয়ে দেখছিল।

শেষে সেই মেয়েলোকটিই বিবি হয়ে তার ঘরে এল। নাম তার রহিমা। সত্যি সে লম্বা-চওড়া মানুষ! হাড়-চওড়া মাংসল দেহ। শীঘ্র দেখা গেল, তার শক্তিও কম নয়। বড় বড় হাঁড়ি অনায়াসে এক স্থান থেকে অন্য স্থানে তুলে নিয়ে যায়, গোঁয়ার ধামড়া গাইকেও একা গোয়াল থেকে টেনে বের করে নিয়ে আসে। হাঁটে যখন, মাটিতে আওয়াজ হয়, কথা যখন, মাঠ থেকে শোনা যায় গলা।

তবে তার শক্তি, তার চওড়া দেহ বাইরের খোলস মাত্র। আসলে সে ঠাণ্ডা, ভীতু মানুষ। কথায় রা নেই, রক্তে রাগ নেই। মজিদের প্রতি তার সম্মান, শ্রদ্ধা ও ভয়। শীর্ণ মানুষটির পেছনে মাছের পিঠের মতো মাজারটির বৃহৎ ছায়া দেখে।

ও যখন উঠানে হাঁটে তখন মজিদ চেয়ে চেয়ে দেখে। তারপর মধুর হেসে আস্তে মাথা নেড়ে বলে,

– অমন করি হাঁটতে নাই।

থমকে গিয়ে রহিমা তার দিকে তাকায়।

মজিদ বলে,

– অমন করে হাঁটতে নাই বিবি, মাটি-এ গোস্বা করে। এই মাটিতেই তো একদিন ফিরা যাইবা- থেমে আবার বলে মাটিরে কষ্ট দেওন গুনাহ।

এ-কথা আগেও শুনেছে রহিমা। মুরুব্বিরা বলেছে, বাড়ির আত্মীয়রা বলেছে। মজিদের কথায় বাইরে সালুকাপড়ে আবৃত মাজারটির কথা স্মরণ হয়।

মজিদ নীরবে চেয়ে চেয়ে দেখে। রহিমার চোখে ভয়।

মধুরভাবে হেসে আবার বলে,

– অমন করি কখনো হাঁটিও না। কবরে আজাব হইবে।

শক্তিমত্তা নারীর উজ্জ্বল পরিষ্কার চোখে ঘনায়মান ভয়ের ছায়া দেখে মজিদ খুশি হয়। তারপর বাইরে গিয়ে কোরান তেলাওয়াত শুরু করে। গলা ভালো তার, পড়বার ঢঙ মধুর। একটা চমৎকার সুরে সারা বাড়ি ভরে যায়। যেন হাস্নাহেনার মিষ্টি মধুর গন্ধ ছড়ায়। কাজ করতে করতে রহিমা থমকে যায়; কান পেতে শোনে। খোদাতা'আলার রহমানিয়াত তার অন্তরে যেন বিদ্যুতের মতো থেকে থেকে ঝিলিক দিয়ে ওঠে। একটি অব্যক্ত আনন্দ ঘনিয়ে আসে মনে। সে খোদাকে ভয় পায়, মাজারকে ভয় পায়, স্বামী মজিদকে ভয় পায়।

গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ। তাগড়া-তাগড়া দেহ-চেনে জমি আর চেনে পেট। খোদার কথা নেই। স্মরণ করিয়ে দিলে আছে, নচেৎ ভুল মেরে থাকে। জমির জন্যে প্রাণ। সে জমিতে বর্ষণহীন খরার দিনে ফাটল ধরলে তখন কেবল স্মরণ হয় খোদাকে।

কিন্তু জমি এধারে উর্বর, চারা ছড়িয়েছে কি সোনা ফলবে। মানুষরাও পরিশ্রম করে, সে শ্রমের সম্মান দেয়। দেয় তো বুক উজাড় করে দেয়। মাঠে গিয়ে মানুষ মেঠো হয়ে ওঠে। ভুয়ো ঝাণ্ডা উঁচিয়ে রাখবার জন্যে তারা জমিকে দাবার ছকের মতো ভাগ করে ফেলে। জমিকেই আবার রক্ত দিয়ে রক্ষা করতে দ্বিধা করে না। হয়ত দুনিয়ার দুষিত আবহাওয়ার মধ্যে তারা বর্বরতার নীচতায় নেমে আসে, কিন্তু যখন জমির গন্ধ নাকে লাগে, মাটির খাবড়া দলাগুলোর পানে চেয়ে আপন রক্তমাংসের কথা স্মরণ হয়, তখন ভুলে যায় হিংসা-বিদ্বেষ। সিপাইর খণ্ডিত ছিন্ন দেহের একতাল অর্থহীন মাংসের মতো জমি প্রাণের চাইতে বড় হয়ে ওঠে। খাবলা খাবলা রুঠাজমি, ডোবাজমি, কাদাজমি-ফসল

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জ্যৈষ্ঠের জমি-সব জমি একান্ত আপন; কোনটার প্রতি অবহেলা নেই। যেমন সুস্থ মুমূর্ষু বা জরাজর্জর আত্মীয় জনের প্রতি দৃষ্টিভেদ থাকে না মানুষের। মাথার ঘাম পায়ে ফেলেই তারা খাটে। হয়ত কাঠফাটা রোদ, হয়তো মুষলধারে বৃষ্টি- তারা পরিশ্রম করে চলে। অগ্রহায়ণের শীত খোলা মাঠে হাড় কাঁপায়, রোদ পানি-খাওয়া মোটা কর্কশ ত্বকের ডাসা লোমগুলো পর্যন্ত জলো শীতল হাওয়ায় খাড়া হয়ে ওঠে-তবু কোমর পরিমাণ পানিতে ডুবে থাকা মাঠ সাফ করে। সযত্নে, সস্নেহে সাফ করে যত জঞ্জাল। কিন্তু জঞ্জালের আবার শেষ নেই। কার্তিকের পানি সরে এলেও কচুরিপানা জড়িয়ে জড়িয়ে থাকে জমিতে। তখন আবার দল বেঁধে লেগে যায় তারা। ভাগ্যকে ঘষে সাফ করবার উপায় নেই, কিন্তু যে-জমি জীবন, সে-জমিকে জঞ্জালমুক্ত করে ফসলের জন্য তৈরি করে। তার জন্যে অক্লান্ত পরিশ্রমকে ভয় নেই। এদিকে সূর্য ক্রমশ দূরপথ ভ্রমণে বেরোয়, ঝিমিয়ে আসে তাপ, মেঘশূন্য আকাশের জমাট ঢালা নীলিমার মধ্যে শুকিয়ে ওঠে দিগন্তবিস্তৃত মাঠ। তখন শুরু হয় আরেক দফা পরিশ্রম। রাত নেই দিন নেই হাল দেয়। তারপর ছড়ায় চারা-ছড়াবার সময়-না তাকায় দিগন্তের পানে, না স্মরণ করে খোদাকে। এবং খোদাকে স্মরণ করে না বলেই হয়ত চারা ছড়ানো জমি শুকিয়ে কঠিন হতে থাকে। রোদ চড়া হয়ে আসে, শূন্য আকাশ বিশাল নগ্নতায় নীল হয়ে জ্বলে পুড়ে মরে। নধর নধর হয়ে ওঠা কচি কচি ধানের ডগার পানে চেয়ে বুক কেঁপে ওঠে তাদের। তারা দল বেঁধে আবার ছোটে। তারপর রাত নেই দিন নেই বিল থেকে কোঁদে কোঁদে পানি তোলে। সামান্য ছুতোয় প্রতিবেশীর মাথায় দা বসাতে যাদের বিন্দুমাত্র দ্বিধা হয় না, তাদেরই বুক বিমর্ষ আকাশের তলে কচি-নধর ধান দেখে শঙ্কিত হয়ে ওঠে, মাটির তৃষ্ণায় তাদেরও অন্তর খাঁ খাঁ করে। রাত নেই দিন নেই, কোঁদে করে পানি তোলে-মন-কে -মন।

এত শ্রম এত কষ্ট,তবু ভাগ্যের ঠিকঠিকানা নেই। চৈত্রের শেষ দিক বা বৈশাখের শুরু। ধান ওঠে-ওঠে, এমন সময়ে কোনো এক দুপুরে কালো মেঘের সঙ্গে আসে ঝড়, আসে শিলাবৃষ্টি, হয়ত না বলে না কয়ে নিমেষের মধ্যে ধ্বংস করে দিয়ে যায় মাঠ। কোচবিদ্ধ হয়ে নিহত ছমিরুদ্দিনের রক্তাপ্লুত দেহের পানে চেয়ে আবেদ-জাবেদের মনে দানবীয় উল্লাস হতে পারে, কিন্তু এখন তারা পাথর হয়ে যায়। যার একরত্তি জমিও নেই, তারও চোখ ছলছল করে ওঠে এবং হয়ত তখন খোদাকে স্মরণ করে, হয়ত করে না।

মাঠের প্রান্তে একাকী দাঁড়িয়ে মজিদ দাঁত খেলাল করে আর সে কথাই ভাবে। কাতারে কাতারে সারবন্দী হয়ে দ্বিতীয়ার চাঁদের মতো কাস্তে নিয়ে মজুররা যখন ধান কাটে আর বুক ফাটিয়ে গীত গায় তখনো মজিদ দূরে দাঁড়িয়ে দেখে আর ভাবে। গলায় তামার খিলাল দিয়ে দাঁতের গহ্বর গুতোয় আর ভাবে। কিসের এত গান, এত আনন্দ? মজিদের চোখ ছোট হয়ে আসে। রহিমার শরীরেতো এদেরই রক্ত, আর তার মতোই এরা তাগড়া, গাঁট্টাগোট্টা ও প্রশস্ত। রহিমার চোখে ভয় দেখেছে মজিদ। এরা কি ভয় পাবে না? ওদের গান আকাশে ভাসে, ঝিলমিল করতে থাকা ধানের শিষে এদের আকর্ণ হাসির ঝলক লাগে। ওদের খোদার ভয় নেই। মজিদও চায়, তার গোলা ভরে উঠুক ধানে। কিন্তু সে তো জমিকে ধন মনে করে না, আপন রক্তমাংসের শামিল খেয়াল করে না? শ্যেন দৃষ্টিতে চেয়ে চেয়ে দেখে ধানকাটা; কিন্তু তাদের মতো লোম-জাগানো পুলক লাগে না তার অন্তরে। হাসি তাদের প্রাণ, এ-কথা মজিদের ভালো লাগে না। তাদের গীত ও হাসিও ভালো লাগে না। ঝালরওয়ালা সালুকাপড়ে আবৃত মাজারটিকে তাদের হাসি আর গীত অবজ্ঞা করে যেন।

জমায়েতকে মজিদ বলে, খোদাই রিজিক দেনেওয়ালা।

শুনে, সালুকাপড়ের ঢাকা রহস্যময়, চিরনীরব মাজারের পাশে তারা স্তব্ধ হয়ে যায়।

মজিদ বলে, মাঠভরা ধান দেখে যাদের মনে মাটির প্রতি পূজার ভাব জাগে তারা ভূত-পূজারী। তারা গুনাগার।

জমায়েত মাথা হেঁট করে থাকে!

বতোর দিন ঘুরে আসে, আবার পেরিয়ে যায়। মজিদের জমিজোত বাড়ে, সঙ্গে সঙ্গে সম্মানও বাড়ে। গাঁয়ের মাতব্বর ওর কথা ছাড়া কথা কয় না; সলাপরামর্শ, আদেশ-উপদেশ, নছিহতের জন্যে তার কাছেই আসে, চিরনীরব সালুকাপড়ে আবৃত মাজারের মুখপাত্র হিসেবে তার কথা সাগ্রহে শোনে, খরা পড়লে তারই কাছে ছুটে আসে খতম পড়াবার জন্যে। খোদা রিজিক দেনেওয়ালা-এ কথা তারা আজ বোঝে। মাঠের বুকে গান গেয়ে গজব কাটানো যায় না, বোঝে। মজিদ আত্মবিশ্বাস পায়।

মজিদ সাত ছেলের বাপ দুদু মিঞাকে প্রশ্ন করে,

– কলমা জানো মিঞা?

ঘাড় গুঁজে আধাপাকা মাথা চুলকায় দুদু মিঞা। মুখে লজ্জার হাসি।

গর্জে উঠে মজিদ বলে,

– হাসিও না মিঞা!

থতমত খেয়ে হাসি বন্ধ করে দুদু মিঞা।

সাত ছেলের এক ছেলে সঙ্গে এসেছিল। সে বাপের অবস্থা দেখে খিলখিল করে হাসে। বাপের মাথা নত করে থাকার ভঙ্গিটা যেন গাধার ভঙ্গির মতো হয়ে উঠেছে।

চোখ কিন্তু তার পিটপিট করে। বলে,

– আমি গরীব মুরুক্ষ মানুষ।

খোদাকে হয়তো সে জানে। কিন্তু জ্বলন্ত পেটের মধ্যে সব কিছু যেন বাষ্প হয়ে মিলিয়ে যায়। ভেতরে গনগনে আগুন, সব উড়ে যায়, পুড়ে যায়। আজ লজ্জায় মাথা নত করে রাখে-গাধার মতো পিঠে ঘাড়ে সমান।

এবার খালেক ব্যাপারী ধমকে ওঠে।

– কলমা জানস্ না ব্যাটা?

সে আর মাথা তোলে না। ছেলেটা হাসে।

খালেক ব্যাপারী একটি মক্তব দিয়েছে। এরই মধ্যে একপাল ছেলে-মেয়ে জুটে গেছে। ভোরে যখন কলতান করে আমসিপারা পড়ে তখন কখনো মজিদের মনে স্মৃতি জাগে। শৈশবের স্মৃতি-যে-দেশ ছেড়ে এসেছে, যে-শস্যহীন দেশ তার জন্মস্থান-সেখানে একদা এক মক্তবে এই রকম করে সে আমসিপারা পড়ত।

অবশেষে মজিদ আদেশ দেয়।

– ব্যাপারীর মক্তবে তুমি কলমা শিখবা।

ঘাড় নেড়ে তখুনি রাজি হয়ে যায় লোকটি। শেষে মুখ তুলে বোকার মতো বলে,

– গরীব মানুষ, খাইবার পাই না।

লোকটির মাথায় যেন ছিট। যত্রতত্র কারণে-অকারণে না খেতে পাওয়ার কথাটি কথা শোনানো অভ্যাস তার। শুনিয়ে হয়ত মানুষের সমবেদনা আকর্ষণ করার চেষ্টা করে। কিন্তু লোকে খেতে পায়, পায় না; এতে সমবেদনার কী আছে? প্রশ্ন থাকলে তো সমবেদনা থাকবে। ও কী করে অমন গাধার মতো ঘাট-পিঠ সমান করতে পারে সে-কথা তো কেউ জিজ্ঞেস করে না। দৃশ্যটি অবশ্য উপভোগ করে।

মজিদের পক্ষ থেকে খালেক ব্যাপারী ধমকে বলে,

– হইছে হইছে, ভাগ।

সে-রাতে দোয়া-দরুদ সেরে মাজারঘর থেকে বেরিয়ে এসে বাঁ পাশের খোলা মাঠের পানে তাকিয়ে মজিদ কতক্ষণ চুপচাপ দাঁড়িয়ে থাকে। দিগন্ত-বিস্তৃত হয়ে যে মাঠ দূরে আবছাভাবে মিলিয়ে গেছে সেখানে থেকে তারার রাজ্য। ওধারের গ্রাম নিস্তব্ধ। দু-একটা পাড়ায় কেবল কুত্তা ঘেউ ঘেউ করে।

নীরবতার মধ্যে মধ্যে হঠাৎ মজিদ একটা শক্তি বোধ করে অন্তরে। মহব্বতনগর গ্রামে সে শক্তির শিকড় গেড়েছে। আর সে শক্তি শাখাপ্রশাখা মেলে সারা গ্রামকে আচ্ছন্ন করে লোকদের জীবনকে জড়িয়ে ধরেছে সবলভাবে। প্রতিপত্তিশালী খালেক ব্যাপারী আছে বটে, কিন্তু তার শক্তিতে আর মজিদের শক্তিতে প্রভেদ আছে। আজ সেই লোকদেরই খালেক ব্যাপারী চাবুক মারুক; প্রতিপত্তির ভয়ে তারা মুখে রা না করলেও অন্তরে ঘনিয়ে উঠবে দ্বেষ, প্রতিহিংসার আগুন। মজিদের শক্তি ওপর থেকে আসে, আসে ওই সালুকাপড়ে আবৃত মাজার থেকে। মাজারটি তার শক্তির মূল।

মজিদের সে-শক্তি প্রতিফলিত হয় রহিমার ওপর। মেয়েমানুষরা আসে তার কাছে। এ গ্রামেরই মেয়ে রহিমা। ছোটবেলায় নাকে নোলক পরে হলদে শাড়ী পেঁচিয়ে পরে ছুটোছুটি করত-সবার মনে সে-ছবি এখনো স্পষ্ট। প্রথম বিয়ের সময় তারা তাকে দেখেছে, স্বামীর মৃত্যুর পরও তাকে দেখেছে। কিন্তু ওরাই আজ এসে চেনে না। কথা কয় অন্যভাবে, গলা নরম করে সুপারিশের জন্যে ধরে। খিড়কির দরজা দিয়ে আসে তারা, এসে সর্ন্তপণে কথা কয়। কাঁদলে চেপে চেপে কাঁদে। বাইরে মাজার যেমন রহস্যময় তাদের কাছে, মজিদ ও তেমনি রহস্যময়।

মজিদ ধরা-ছোঁয়ায় বাইরে। যোগসূত্র হচ্ছে রহিমা।

রহিমা শোনে তাদের কথা। কখনো হৃদয় গলে আসে অপরের দুঃখের কথা শুনে, কখনো ছলছল করে উঠে চোখ। গভীর রাতে কখনো মাজারের ধারে গিয়ে দাঁড়িয়ে নির্নিমেষ চোখে তাকিয়ে থাকে মাছের পিঠের মতো স্তব্ধ, বিচিত্র সেই মাজারের পানে। মাথায় কপাল পর্যন্ত ঘোমটা টানা, দেহ নিশ্চল। তাকিয়ে থাকতে থাকতে ঘোর লাগে, চোখ অবশ হয়ে আসে, মহাশক্তির কাছে পাছে কোনো বেয়াদবি করে বসে সে -ভয়ে বুক কেঁপে ওঠে কখনো। তবু মুহূর্তের পর মুহূর্ত মূর্তির মতো দাঁড়িয়ে থাকে। ভাবে কোন মারুফ ওখানে ঘুমিয়ে আছেন-যাঁর রুহ্ এখনো মানুষের দুঃখ-যাতনায় কাঁদে, তাদের মঙ্গলের জন্যে আকুল হয়ে থাকে সদাসর্বদা?

কখনো কখনো অতি সঙ্গোপনে রহিমা একটা আর্জি জানায়। বলে তার সন্তান নেই; সন্তানশূন্য কোলটি খাঁ-খাঁ করে। তিনি তাকে যেন একটি সন্তান দেন। আর্জি জানায় চোখের আকুলতায়, এদিকে ঠোঁট পর্যন্ত কাঁপে না। অতি গোপন মনের কথা শিশুর সরলতায়, সালুকাপড়ে ঢাকা রহস্যময় মাজারের পানে চেয়ে বলে– না-হয় লজ্জা, না-হয় দ্বিধা। একদিন হঠাৎ এই সময় দমকা হাওয়া ছোটে, জঙ্গলের যে-কটা গাছ আজো অকর্তিত অবস্থায় বিরাজমান তাতে আচমকা গোঙানি ধরে। হাওয়া এসে এখানে সালুকাপড়ের প্রান্ত নাড়ে; কেঁপে ওঠা মোমবাতির আলোয় ঝলমল করে ওঠে রুপালি ঝালর। রহিমাও কেঁপে ওঠে, কী একটা মহাভয় তার রক্ত শীতল করে দেয়। মনে হয়, কে যেন কথা কইবে আকাশের মহা-তমসার বুক থেকে বিচিত্র এক কণ্ঠ সহসা জেগে উঠবে। আবার স্থির হয়ে যায়, মোমবাতির শিখাও নিষ্কম্প, স্থির হয়ে ওঠে! ওপরে আকাশভরা তারা তেমনি নীরব।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

কোনোদিন রহিমা সারা মানবজাতির জন্যে দোয়া করে। ও পাড়ার ছুনুর বাপ মরণ রোগ যন্ত্রণা পাচ্ছে; তাকে শান্তি দাও। খেতানির মা পক্ষাঘাতে কষ্ট পাচ্ছে–তার ওপর করুণা কর, রহমত কর। চার গ্রাম পরে বড় নদী। ক-দিন আগে সে নদীতে ঝড়ের মুখে ডুবে মারা গেছে ক-টি লোক। তাদের কথা স্মরণ করে বলে, ঘরে স্ত্রী-পুত্র রেখে নৌকা নিয়ে যারা নদীতে যায় তাদের ওপর যেন তোমার রহমত হয়।

অনেক সময় অদ্ভুত আর্জি নিয়ে মেয়েলোকেরা আসে রহিমার কাছে। যেমন আসে ধান-ভানুনি হাসুনির মা। বহুদিন আগে নিরাকপড়া এক শ্রাবণের দুপুরে মাছ ধরতে মতিগঞ্জের সড়কের ওপর যারা প্রথম মজিদকে দেখেছিল, সেই তাহের আর কাদেরের বোন হাসুনির মা। সে এসে বলে,

– আমার এক আর্জি।

এমন এক ভঙ্গিতে বলে যে রহিমার হাসি পায়। কিন্তু মনে মনেই হাসে, গম্ভীর হয়ে থাকে বাইরে। হাসুনির মা বলে,

– আমার আর্জি -ওনারে কইবেন, আমার যেন মওত হয়।

এবার ঈষৎ হেসে রহিমা বলে;

– ক্যান গো বিটি?

– জ্বালা আর সইহ্য হয় না বুবু। আল্লায় যেন সত্বর দুনিয়া থিকা লইয়া যায়।

সকৌতুকে রহিমা প্রশ্ন করে,

– তোমার হাসুনির কী হইব তুমি মরলে?

সেদিন তার ভাবনা নেই আপনা থেকেই যেন উত্তর যোগায় মুখে।

– তুমি নিবা বুবু। তোমারই হাতে সোপর্দ কইরা আমি খালাস হমু।

রহিমা হাসে। হাতে কাঁথার কাজ। হাসে আর মাথা নত করে কাঁথা সেলাই করে। একদিন হাসুনির মা এসে বলে,

– আমার এক আর্জি বুবু।

– কও?

– ওনারে কইবেন– বুড়াবুড়ি দুইগারে যানি দুনিয়ার থন লইয়া যায় খোদাতা'লা।

কৃত্রিম বিস্ময়ে চোখ তুলে চেয়ে রহিমা প্রশ্ন করে,

– ওইটা আবার কেমন কথা হইল?

– হ, খাঁটি কথা কইলাম বুবু। দুইটার লাঠালাঠি চুলাচুলি আর ভাল্ লাগে না।

বুড়ো বাপ তার ঢেঙ্গা দীর্ঘ মানুষ; মা ছোটখাটো, কোঁকড়ানো। কিন্তু দু'জনের মুখে বিষ; ঝগড়া-ফ্যাসাদ লেগেই আছে। তবে এক-একদিন এমন লাগা লাগে যে, খুনাখুনি হবার জোগাড়। ঢেঙা লোকটি তেড়ে আসে বারবার, ঘুণ ধরা হাড় কড়কড় করে। বুড়ি ওদিকে নড়েচড়ে না। এক জায়গায় বসে থেকে মাথা ঝাঁপিয়ে-ঝাঁপিয়ে রাজ্যের গালাগাল জুড়ে দেয়।

শুনে হাসুনির মায়ের কান লাল হয়ে ওঠে, আর আঁচলে মুখ লুকিয়ে হাসে।

তাহের-কাদের, আর কনিষ্ঠ ভাই রতন-তাদের বুদ্ধি-বিবেচনা থাকলেও তা আবার স্বার্থের ঘোরে ঢাকা। সামান্য হলেও বাপের জমি আছে, ঘর আছে, লাঙ্গল-গরু আছে। তার দিনও ঘনিয়ে এসেছে-আর বর্ষায় টেকে কিনা সন্দেহ। তারা চুপ করে শোনে।

অন্ধ ক্রোধে কাঁপতে কাঁপতে বুড়ো বাপ এগিয়ে আসে। ছেলেদের পানে চেয়ে বলে,

– হুনছস কথা, হুনছস?

ছেলেরা সমস্বরে বলে,

– ঠ্যাঙা বেটিরে, ঠ্যাঙা।

সমর্থন পেয়ে বুড়ো চেলা নিয়ে দৌড়ে আসে। তাহের শেষে জমিজোতের মায়া ছেড়ে বাপের হাত ধরে ফেলে। কাদের বোঝায়,

– থাক, কইবার দেও। খোদাই তার শাস্তি করবো।

জন্মের কথা নিয়ে মায়ের উত্তর শুনে হাসুনির মায়ের কান লাল হয়ে ওঠে, কিন্তু পরে বুকে যন্ত্রণা হয়। তাই রহিমাকে এসে বলে কথাটা।

– হয় বুড়াবুড়ি দুইটাই মরুক– নয় ওনারে কন, এর একটা বিহিত করবার।

হঠাৎ সমবেদনায় রহিমার চোখ ছল ছল করে ওঠে। বলে,

– তুমি দুঃখ করিও না বিটি। আমি কমুনে।

মেয়েটাকে তার ভালোই লাগে। দুস্থা মেয়ে। স্বামী মারা যাবার পর থেকে বাপের বাড়িতে আছে। বাড়িতে তিন-তিনটে মর্দ ছেলে, বসে-বসে খায়। এক মুঠোর মতো যে-জমি, সে-জমিতে ওদের পেট ভরে না। তাই টানাটানি, আধ- পেটা খেয়ে দিন গুজরান। বসে বসে অন্ন ধ্বংস করতে লজ্জা লাগে হাসুনির মায়ের। সে তো একা নয়, তার হাসুনিও আছে। তাই বাড়িতে-বাড়িতে ধান ভানে। কিন্তু কিছু একটা মুখ ফুটে চাইতে আবার লজ্জায় মরে যায়।

রহিমা বলে,

– শ্বশুর বাড়িতে যাও না ক্যান?

– অরা মনুষ্যি না।

– নিকা কর না ক্যান?

কয়েক মুহূর্ত থেকে হাসুনির মা বলে, দিলে চায় না বুবু।

জীবনে তার আর সখ নেই। তবে গাঁয়ের আর মানুষের রক্ত তারও দেহে বয় বলে মাঠ ভরা ধান ফললে অন্তরে তার রং ধরে। বতোর দিনে বাড়ি বাড়ি কাজ করে হাসুনির মায়ের ক্লান্তি নেই। মুখে বরঞ্চ চিকনাই-ই দেখা দেয়। এমনি কোনো দিনে তাহের খোশ মেজাজে বলে,

– শরীলে রং ধরছে ক্যান, নিকা করবি নাকি?

বুড়ি আমের আঁটির মতো মুখটা বাড়িয়ে বলে,

– খানকির বেটি নিকা করবো বলাই তো মানুষটারে খাইছে!

মানুষটা মানে তার মৃত স্বামী। তাহের কৌতুক বোধ করে। বলে ক্যামনে খাইছস্?

হাসুনির মায়ের অন্তর তখন খুশিতে টলমল। কথা গায়ে মাখে না। হেসে বলে,- গিলা খাইছি! মা-বুড়ী আছে সামনে, নইলে গিলে খাওয়ার ভঙ্গিটাও একবার দেখিয়ে দিত।

দূরে ধানক্ষেতে ঝড় ওঠে, বন্যা আসে পথভোলা অন্ধ হাওয়ায়, দিগন্ত থেকে গড়িয়ে গড়িয়ে আসে অফুরন্ত ঢেউ। ধানক্ষেতের তাজা রঙে হাসুনির মায়ের মনে পুলক জাগে। আপন মনকেই ঠাট্টা করে বারবার শুধায়; নিকা করবি মাগি, নিকা করবি?

কিন্তু কাকে করে? ওই বাড়ির মানুষকে পেলে করে কি? তেল–চকচকে জোয়ান কালো ছেলে। গলা ছেড়ে যখন গান ধরে তখন ধানের ক্ষেতে যেন ঢেউ ওঠে।

পরদিন তাহেরের বুড়ো বাপকে মজিদ ডেকে পাঠায়। এলে বলে- তোমার বিবি কী কয়?

বুড়ো ইতস্তত করে, ঘাড় চুলকে এধার-ওধার চেয়ে আমতা-আমতা করে।

মজিদ ধম্‌কে ওঠে।

– কও না ক্যান?

ধমক খেয়ে ঢোক গিলে বুড়ো বলে,

– তা হুজুর ঘরের কথা আপনারে ক্যাম্‌নে কই?

কতক্ষণ চুপ থেকে মজিদ ভারী গলায় বলে,

– আমি জানি কী কয়। কিন্তু তুমি কেমন মর্দ, দাঁড়াইয়া দাঁড়াইয়া শোন হেই কথা?

দাঁড়িয়ে দাঁড়িয়ে শোনে এ কথা ঠিক নয়। তখন রাগে সে চোখে অন্ধকার দেখে। চেলা কাঠ নিয়ে ছুটে যায় বুড়িকে শেষ করবার জন্য। এর মধ্যে একদিন হয়ত সে শেষই হয়ে যেত, যদি না ছেলেরা এসে বাধা দিত। কিন্তু সে কথাও বলতে পারে না মজিদের সামনে। কেবল আস্তে বলে,

– বুড়ির দেমাক খারাপ হইছে হুজুর। আপনে যদি দোয়া পানি দ্যান-

আবার কতক্ষণ নীরব থেকে মজিদ বলে,

– বিবিরে কইয়া দিয়ো, অমন কথা যদি আর কোনোদিন কয় তাইলে মছিবত হইব।

মাথা নেড়ে বুড়ো চলে যাবার জন্যে পা বাড়ায়। কয়েক পা গিয়ে থামে, থেকে মাথা চুলকে বলে,

– হুজুর, কোত্থিকা হুনলেন বেটির কথা?

– তা দিয়ে তোমার দরকার কী? কিন্তু এই কথা জাইনো-কোনো কথা আমার অজানা থাকে না।

সারাপথ ভাবে বুড়ো। কে বলল কথাটা? বাড়ির গায়ে আর কোনো বাড়ি নেই যে, কেউ আড়ি পেতে শুনবে।

এককালে বুড়ো বুদ্ধিমান লোকই ছিল। সারাজীবন দুষ্ট প্রকৃতির বৈমাত্রেয় এক ভাই-এর সাথে জায়গাজমির সম্পত্তি নিয়ে মারামারি মামলা-মকদ্দমা করে আজ সব দিক দিয়ে সে নিঃস্ব। জায়গাজমি মধ্যে আছে একমুঠো পরিমাণ জমি–যা দিয়ে একজনের পেট ভরে না। আর এদিকে পেয়েছে খিটখিটে মেজাজ। সবাইকে দুচোখের বিষ মনে হয়। বুড়িটার হয়ত তার ছোঁয়াচ লেগেই অমন হয়েছে। নইলে বহুদিন আগে যৌবনে কেমন হাসিখুশি ছটফটে মেয়ে ছিলো সে। স্থির থাকতো না এক মুহূর্ত, নাচতো কেবল নাচতো, আর খই-এর মতো কথা ফুটত মুখ দিয়ে। আজ তার সুন্দর দেহমন পচে গিয়ে এই হাল হয়েছে।

বুড়ি যে ছেলেদের জন্ম নিয়ে কথাটা বলতে শুরু করেছে তা বেশিদিন নয়। সাধারণ গালাগালি দিয়ে আর স্বাদ হয় না; তাই এমন এক কথা বের করেছে যা বুড়োর আত্মায় গিয়ে খচ করে ধরে। কথাটা মিথ্যা জেনেও প্রচণ্ড ক্রোধে জ্বলে ওঠে অন্তরটা।

বুড়ো ভাবে, ছেলেরা বলতে পারে না কথাটা। সে বিষয়ে নিঃসন্দেহ। তবে কি হাসুনির মা বলছে? তার তো ও বাড়িতে যাতায়াত আছে।

একটা বিষয়ে কিন্তু গোলমাল নেই তার মনে। অন্তরের শক্তিতে মজিদ ব্যাপারটা জানতে পেরেছে সে কথা সে বিশ্বাস করে না।

যত ভাবে কথাটা, তত জ্বলে ওঠে বুড়ো। যে বলেছে সেকি কথাটার গুরুত্ব বোঝে না? কথাটা কী বাইরে ছড়াবার মতো? এর বিহিত ঘরেই হয়, বাইরে হয় না-তা যতই আলেম খোদাবন্দ মানুষ তার বিহিত করতে আসুক না কেন? তাছাড়া, কথাটায় যে বিন্দুমাত্র সত্য নেই কে বলতে পারে? এককালে বুড়ি উড়ুনি মেয়ে ছিল, তার হাসি আর নাচন দেখে পাগল হত কত লোক। বৈমাত্রেয় ভাইটির সঙ্গে ঝগড়া-বিবাদের শুরুতে একবার একটা লোক ঘরে ঢোকার জনরব উঠেছিল।

একদিন তার অনুপস্থিতিতে সে কাণ্ডটি নাকি ঘটেছিল। কিন্তু ঘরের বউ অনেক ঠ্যাঙানি খেয়েও কথাটা যখন স্বীকার করেনি তখন সে বিশ্বাস করে নিয়েছিল যে, তা দুষ্ট প্রকৃতির বৈমাত্রেয় ভাইটির সৃষ্টি ছাড়া কিছু নয়।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অন্দরে ঢুকেই সামনে দেখলো হাসুনির মাকে। দেখেই চড়চড় করে মেজাজ গরম হয়ে উঠে, ঘৃণি খেয়ে চোখ অন্ধকার হয়ে যায়। বকের মতো গলা বাড়িয়ে ছুটে গিয়ে তাকে ধরে এক আছাড়ে মাটিতে ফেলে দেয়। তারপর শুরু হয় প্রহার। প্রহার করতে করতে বুড়োর মুখে ফেনা ছুটে যায়। আর বলে কেবল একটি কথা-ওরে ভাতার-খাইকা জারুনি, তোর বাপরে গিয়া কইলি ক্যামনে ওই কথা?

প্রাণের আশ মিটিয়ে বুড়ো তার মেয়েকে মারে। ছেলেরা তখন ঘরে ছিল না বলে তাকে রক্ষা করবার কেউ ছিল না। বুড়ি অবশ্য ওধারে পা ছড়িয়ে তীক্ষ্ণকণ্ঠে বিলাপ জুড়ে দেয়, কিন্তু বিলাপ শুনে দমবার পাত্র বুড়ো নয়।

সে দিন দুপুরে মুখে আঘাতের চিহ্ন ও সারা দেহে ব্যথা নিয়ে চুপিচুপি ঘর থেকে বেরিয়ে হাসুনির মা সোজা চলে গেল মজিদের বাড়ি। মজিদ তখন জিরুচ্ছে, আর সে ঘরেই নিচে পাটিতে বসে রহিমা কাঁথায় শেষ কটা ফুরন দিচ্ছে।

হাসুনির মা মজিদের সামনে আসে না। কিন্তু আজ সটান ঘরে ঢুকে তার সামনেই রহিমার পাশে বসে মরাকান্না জুড়ে দিল। প্রথমে কিছু বোঝা গেল না। কথা স্পষ্টতর হয়ে এলে এইটুকু বোঝা গেলো যে, সে রহিমাকে বলছে ওনারে কন্, আমার মওতের জন্য জানি দোয়া করে।

মজিদ হুঁকা টানে আর চেয়ে দেখে। ক্রন্দনরতা মেয়ে তার ভালোই লাগে। কথায় কথায় ঠোঁট ফুলাবে, লুটিয়ে পড়ে কাঁদবে-এমন একটা বৌ-এর স্বপ্ন দেখতো প্রথম যৌবনে। রহিমার না আছে অভিমান, না আছে চপলতা। অপরাধ না করে থাকলেও মজিদ বলছে বলে যে-কোন কথা নির্বিবাদে মেনে নেয়। অমন মানুষ ভালো লাগে না তার।

পরে সব কথা শুনে মজিদের মুখ কিন্তু হঠাৎ কঠিন হয়ে যায়। বুড়ো গিয়ে তার মেয়েকে মেরেছে। মেরেছে এই জন্য যে, সে এসে তাকে কথাটা বলে দিয়েছে।

অনেকক্ষণ গুম হয়ে থেকে মজিদ গম্ভীর কণ্ঠে রহিমাকে বলে,

– অরে যাইতে কও। আর কও আমি দেখুম নি।

একটু পরে রহিমা বলে,

– ও যাইবার চায় না। ডরায়।

মজিদ আড়চোখে একবার তাকায় হাসুনির মায়ের দিকে। কান্না থামিয়ে মজিদের দিকে পিঠ দিয়ে বসে আছে, আর ঘোমটা টানা মাথা নত করে নখ দিয়ে পাটি খুঁটছে। ওধারে ফেরানো মুখটি দেখবার জন্যে এক মূহুর্ত কৌতূহল বোধ করে মজিদ। তারপর তেমনি গম্ভীর কণ্ঠে বলে- থাক তাইলে এইখানে।

অপরাহ্নে জমায়েত হয়। একা বিচার করতে ভরসা হয় না যেন মজিদের। ঢেড়া বুড়ো লোকটা শয়তানের খাম্বা, অন্তরে তার কুটিলতা আর অবিশ্বাস।

খালেক ব্যাপারীও এসেছে। মাতব্বর না হলে শাস্তি বিধান হয় না, বিচার চলে না। রায় অবশ্য মজিদেই দেয়, কিন্তু সেটা মাতব্বরের মুখ দিয়ে বেরুলে ভালো দেখায়।

একটু তফাতে পাছার ওপর বসে চুপচাপ হয়ে আছে তাহেরের বাপ, মুখটি একদিকে সরানো। খালেক ব্যাপারী বাজখাঁই গলায় প্রশ্ন করে,

– তোমার বিবি কী বলে?

মুখ না তুলে বুড়ো বলে,

– হেই কথা আপনারা ব্যাক্তই জানেন।

কে একজন গলা উঠিয়ে বলে, কথা ঠিক কইরা কও মিঞা।

বুড়ো ওদিকে একবার ফিরেও তাকায় না।

খালেক ব্যাপারী আবার প্রশ্ন করে,

– এহন কও, হেই কথা তুমি ঢাকবার চাও ক্যান?

কথাটা যেন বুঝলে না ঠিকমতো- এমন একটা ভঙ্গি করে বুড়ো তাকায় সকলের পানে। তারপর বলে,

– এইটা কি কওনের কথা? বুড়িমাগি ঝুটমুট একখান কথা কয়- তা বইলা আমি কি পাড়ায় ঢোল-সোহরত দিমু?

ওর কথা বলার ভঙ্গি ব্যাপারীর মোটেই ভালো লাগে না। মজিদ নীরব হয়ে থাকে, কিন্তু উত্তর শুনে তারও চোখ জ্বলে ধিকিধিকি।

লোকটির উত্তরে কিন্তু ভুল নেই। তাই প্রত্যুত্তরের জন্য সহসা কিছু না পেয়ে খালেক ব্যাপারী ধমকে উঠে বলে,

– কথা ঠিক কইরা কইবার পারো না?

জমায়েতের মধ্যে কয়েকটা গলা আবার চেঁচিয়ে ওঠে,- কথা ঠিক কইরা কও মিঞা, কথা ঠিক কইরা কও।

বৈঠক শান্ত হলে খালেক ব্যাপারী আবার বলে,

– তুমি তোমার মাইয়ারে ঠ্যাঙাইছ ক্যান!

– আমার মাইয়া আমি ঠ্যাঙাইছি!–লম্বামুখ খাড়া করে নির্বিকারভাবে উত্তর দেয় তাহেরের বাপ, যেন ভয় নেই ডর নেই। অবশ্য হাতের দিকে লক্ষ করলে দেখা যায়, আঙুলগুলো কাঁপছে। ভেতরে তার ক্রোধের আগুন জ্বলছে- বাইরে যত ঠাণ্ডা থাকুক না কেন?

ব্যাপারী কী একটা বলতে যাচ্ছিল, এবার হাত নেড়ে মজিদ তাকে থামিয়ে নিজে বলবার জন্য তৈরি হয়। ব্যাপারটা আগে গোড়া থেকে ব্যাপারীকে বুঝিয়ে বলেছিল সে, এবং ভেবেছিল তার পক্ষে থেকে খালেক ব্যাপারীই কাজটা ঠিকমতো চালিয়ে নেবে। কিন্তু তার প্রশ্নগুলো তেমন জুতসই হচ্ছে না। বলছে আর যেন ঠাস করে মুখের ওপর চড় খাচ্ছে।

মজিদ গম্ভীর গলায় বলে, - ভাই সকল! বলে থেমে তাকায় সবার পানে।

পিঠ সোজা করে বসেছে, কোলের ওপর হাত। আসল কথা শুরু করার আগে সে এমন একটা আবহাওয়া সৃষ্টি করে সে, মনে হয় ছুরা ফাতেহা পড়ে তার বক্তব্য শুরু করবে। কিন্তু আরেকবার 'ভাই সকল' বলে সে কথা শুরু করে। বলে, খোদাতা'লার কুদরত মানুষের বুঝবার ক্ষমতা নাই। দোষগুণ সৃষ্ট মানুষ। মানুষের মধ্যে তাই শয়তান আছে, ফেরেস্তাও আছে। তাদের মধ্যে গুনাগার আছে, নেকবন্দ আছে। কুৎসা রটনাটা বড় গর্হিত কাজ। কিন্তু যারা শয়তানের চাতুরি বুজতে পারে না, যারা তাদের লোভনীয় ফাঁদে ধরা দেয় এবং খোদার ভয়কে দিল থেকে মুছে ফেলে- তারা এইসব গর্হিত কাজে নিজেদের লিপ্ত করে। মানুষের রসনা বড় ভয়ানক বস্তু, সে-রসনা বিষাক্ত সাপের রসনার চেয়েও ভয়ঙ্কর হতে পারে। প্রক্ষিপ্ত সে-রসনা তার বিষে পরিবারকে-পরিবার ধ্বংস করে দিতে পারে, নিমেষে আগুন ধরিয়ে দিতে পারে সমগ্র পৃথিবীতে।

ঋজুভঙ্গিতে বসে গম্ভীর কণ্ঠে ঢালাসুরে মজিদ বলে চলে। কথায় তার মধু। স্তব্ধ ঘরে তার কণ্ঠে একটা সুর তোলে, যে সুরে মোহিত হয়ে পড়ে শ্রোতারা।

একবার মজিদ থামে। শান্ত চোখ; কারো দিকে তাকায় না সে। দাড়িতে আলগোছে হাত বুলিয়ে তারপর আবার শুরু করে,

– পৃথিবীর মধ্যে যিনি সবচেয়ে শ্রেষ্ঠ ব্যক্তি তাঁর ও তাঁর পরিবারের বিরুদ্ধেও মানুষের সে-রসনা প্রক্ষিপ্ত হয়েছে। পঞ্চম হিজরিতে প্রিয় পয়গম্বর নিকট বাণী এল; মুস্তালিখ-এর বিরুদ্ধে লড়াই করে প্রত্যাবর্তন করবার সময় তাঁর ছোট বিবি আয়েশা কি করে দলচ্যুত হয়ে পড়েন। তারপর তিনি পথ হারিয়ে ফেলেন। এক নওজোয়ান সিপাই তাঁকে খুঁজে পায়। পেয়ে তাঁকে সসম্মানে নিজেরই উটে বসিয়ে আর নিজে পায়দল হেঁটে প্রিয় পয়গম্বরের কাছে পৌঁছে দিয়ে যায়। যাদের অন্তরে শয়তানের একচ্ছত্র প্রভুত্ব-যারা তারই চক্রান্তে খোদার রোশনাই থেকে নিজের হৃদয়কে বঞ্চিত করে রাখে; তাদেরই বিষাক্ত রসনা সেদিন কর্মতৎপর হয়ে উঠল। হজরতের এত পেয়ারা বিবির নামেও তারা কুৎসা রটাতে লাগল। বড় ব্যথা পেলেন পয়গম্বর। খোদার কাছে কেঁদে বললেন, এয়া খোদা পরবদ্দেগার, নির্দোষ আমার বিবি কেন এত লাঞ্ছনা ভোগ করবে, কেন এ অকথ্য বদনাম সহ্য করবে? উত্তরে খোদাতলা মানবজাতিকে বললেন-

থেমে বিসমিল্লাহ পড়ে মজিদ ছুরায়ে আন-নূর থেকে খানিকটা কেরাত পরে শোনায়। তার গম্ভীর কণ্ঠ হঠাৎ মিহি সুরে ভেঙে পড়ে। স্তব্ধ ঘরে বিচিত্র সুরঝংকার ওঠে। শুনে জমায়েতের অনেকের চোখ ছলছল করে ওঠে।

হঠাৎ এক সময়ে মজিদ কেরাত বন্ধ করে সরাসরি তাহেরের বাপের পানে তাকায়। যে-লোকটা এতক্ষণ একটা বিদ্রোহী ভাব নিয়ে কঠিন হয়েছিল, তারও চোখ এখন নরম। বসে থাকার মধ্যে উদ্ধত ভাবটাও যেন নেই। চোখাচোখি হতে সে চোখ নামায়

কয়েক মুহূর্ত তার পানে তাকিয়ে থেকে গলা উঠিয়ে মজিদ বলে যে, খোদাতা'লার ভেদ তাঁরই সৃষ্ট বান্দার পক্ষে বোঝা সম্ভব নয়। মানুষের মধ্যে তিনি বিষময় রসনা দিয়েছেন, মধুময় রসনাও দিয়েছেন। উদ্ধত করেও সৃষ্টি করেছেন তাকে, মাটির মতো করেও সৃষ্টি করেছেন। সে যাই হোক, মানুষের কাছে আপন সংসার, আপন বালবাচ্চা দুনিয়ার সব চাইতে প্রিয়। তাদের সুখ-শান্তির জন্যে সে অক্লান্ত পরিশ্রম করে, জীবনের সঙ্গে লড়াই করে। আপন সংসারের ভালো ছাড়া অন্য কিছু ভাবতে পারে না সে। কিন্তু যে-মেয়েলোক আপন সংসার আপন হাতে ভাঙতে চায় এবং আপন সন্তানের জন্ম সম্পর্কে কুৎসা রটনা করে, সে নিজের বিরুদ্ধে কাজ করে, খোদার বিরুদ্ধে আঙুল ওঠায়-তার গুনাহ বড় মস্ত গুণাহ্, তার শাস্তি বড় কঠিন শাস্তি।

হঠাৎ মজিদের গলা ঝনঝন করে ওঠে।

– তুমি কী মনে করো মিঞা? তুমি কি মনে করো তোমার বিবি মিছা বদনাম করে? তুমি কী হলফ কইরা বলতে পারো তোমার দিলে ময়লা নাই?

যে-লোক কিছুক্ষণ আগে খালেক ব্যাপারীর মতো লোকের মুখের ওপর ঠাস ঠাস জবাব দিচ্ছিল, মজিদের প্রশ্নে সে এখন বিভ্রান্ত হয়ে যায়। কোথা দিয়ে কোথায় তাকে আনে মজিদ, সে বোঝে না। মন ঘাটতে গিয়ে দেখে সেখানে সন্দেহ-এতদিন পর আজ সন্দেহ! বহুদিন আগে তার বউ যখন চড়ুই পাখির মতো নাচত, হাসিখুশি উচ্ছলতায় চারিদিকে আলো ছড়াতো, তখন যে-জনরব উঠেছিল সে কথাই তার স্মরণ হয়। কোনোদিন সে-কথা সে বিশ্বাস করেনি। তখন কথাটা যদি সত্যি বলে প্রমাণিত হতোও, সে তাকে তালাক দিতে পারত। গলা টিপে খুন করে ফেললেও বেমানান দেখাত না। কিন্তু আজ এতদিন পরে যদি দেখে সেদিন তারই ভুল হয়েছিল, তবে সে কী করতে পারে? বউ আজ শুধু কঙ্কাল, পচনধরা মাংসের রদ্দি খোলস-তাকে নিয়ে সে কী করবে? অন্ধকার ভবিষ্যতের মধ্যে যে ভীতির সৃষ্টি হবে সে-ভীতি দূর করবে কী করে?

মজিদ গলা চড়িয়ে ধমকের সুরে আবার বলে,

– কী মিঞা? তোমার দিলে কী ময়লা আছে? তুমি কী ঢাকবার চাও কিছু, লুকাইবার চাও কোনো কথা?

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

মজিদ থামলে ঘরময় রুদ্ধ স্তব্ধতা নামে, এবং সে স্তব্ধতার মধ্যে তার কেরাতের সুরব্যঞ্জনা আবার যেন আপনা থেকেই ঝঙ্কৃত হয়ে ওঠে। সে-ঝঙ্কার মানুষের কানে লাগে, প্রাণে লাগে। তাহেরের বাপ এধার-ওধার তাকায়, অস্থির-অস্থির করে। একবার ভাবে বলে, না, তার দিলে কিছুই নাই, তার দিল সাফ। বুড়ি বেটির দেমাক খারাপ হয়েছে, তাকে কষ্ট দেবার জন্যেই অমন ঝুটমুট কথা বানিয়ে বলে। কিন্তু কথাটা আসে না মুখ দিয়ে।

অবশেষে অসহায়ের মতো তাহেরের বাপ বলে,

– কী কমু? আমার দিলের কথা আমি জানি না। ক্যামনে কমু দিলের কথা?

– কিছু তুমি ঢাকবার চাও, লুকাইবার চাও?

অস্থির হয়ে ওঠা চোখে বুড়ো আবার তাকায় মজিদের পানে। তার মুখ ঝুলে পড়েছে, থই পাচ্ছে না কোথাও।

– তুমি কিছু লুকাইবার চাও, কিছু ছাপাইবার চাও? তুমি তোমার মাইয়ারে তাইলে ঠ্যাঙাইছ ক্যান? তার গায়ে দড়া পড়ছে ক্যান? তার গা নীল-নীল হইছে ক্যান?

সভা নিশ্বাস রুদ্ধ করে রাখে। লোকেরাও বোঝে না ঠিক কোথা দিয়ে কোথায় যাচ্ছে ব্যাপারটা। তবে বিভ্রান্ত বুড়োটির পানে চেয়ে সমবেদনা হয় না। বরঞ্চ তাকে দেখে মনে এখন বিদ্বেষ আর ঘৃণা আসে। ও যেন ঘোর পাপী। পাপের জ্বালায় এখন ছটফট করছে। দোজখের লেলিহান শিখা যেন স্পর্শ করেছে তাকে।

হঠাৎ ঋজু হয়ে বসে মজিদ চোখ বোজে। তারপর সে বিসমিল্লাহ পড়ে আবার কেরাত শুরু করে। মুহূর্তে মিহি মধুর হয়ে ওঠে তার গলা, শান্তির ঝরনার মতো বেয়ে বেয়ে আসে, ঝরে ঝরে পড়ে অবিশ্রান্ত করুণায়।

তারপর সর্বসমক্ষে ঢেঙা বদমেজাজী বৃদ্ধ লোকটি কাঁদতে শুরু করে। সে কাঁদে, কাঁদে ব্যাঘাত করে না তার কান্নায়। অবশেষে কান্না থামলে মজিদ শান্ত গলায় বলে,

– তুমি কিংবা তোমার বিবি গুনাহ্ কইরা থাকলে খোদা বিচার করবেন। কিন্তু তুমি তোমার মাইয়ার কাছে মাফ চাইবা, তারে ঘরে নিয়া যত্নে রাখবা। আর মাজারে সিন্নি দিবা পাঁচ পইসার।

মজিদ নিজে তার মাফ দাবি করে না। কারণ মেয়ের কাছে চাইলে তারই কাছে চাওয়া হবে। নির্দেশ তো তারই। তারই হুকুম তালিম করবে সে।

বুড়ো বাড়ি গিয়ে সটান শুয়ে পড়ে। তারপর চোখ বুজে চুপচাপ ভাবে। মাথাটা যেন খোলাসা হয়ে এসেছে। হঠাৎ তার মনে হয়, সারা গ্রামের জমায়েতের সামনে দাঁড়িয়ে সে নির্লজ্জভাবে সায় দিয়ে এসেছে বুড়ির কথায়। সেকথার সত্যাসত্য সম্পর্কে প্রশ্ন তোলেনি, বরঞ্চ পরিষ্কারভাবে বলে এসেছে সে-কথা সত্যিই। এবং লোককে এ-কথাও জানিয়ে এসেছে যে, সে একটা দুর্বল মানুষ, এত বড় একটা অন্যায়ের কথা দোষিণীর আপন মুখ থেকে শুনেও চুপ করে আছে। কারণ তার মেরুদণ্ড নেই। সে-কথা সর্বসমক্ষে কেঁদে বুঝিয়ে দিয়ে এসেছে।

হঠাৎ রক্ত চড়চড় করে ওঠে। ভাবে, উঠে গিয়ে চেলাকাঠ দিয়ে এ মুহূর্তেই বুড়ির আমসিপানা মুখখানা ফাটিয়ে উড়িয়ে দিয়ে আসে। কিন্তু কেমন একটা অবসাদে দেহ ছেয়ে থাকে। চুপচাপ শুয়ে কেবল ভাবে। পৌরুষের গর্ব ধূলিসাৎ হয়ে আছে যেন।

আর সে ওঠেই না। বুড়ি মাঝে মাঝে শান্ত গলায় ছেলেদের প্রশ্ন করে,

– দেখত, ব্যাটা কি মরলো নাকি?

ছেলেরা ধমকে ওঠে মায়ের ওপর। বলে, কী যে কও! মুখে লাগাম নাই তোমার? হতাশ হয়ে বুড়ি বলে,

– তাই ক? আমার কি তেমন কপালডা!

আর মারবে না প্রতিশ্রুতি সত্ত্বেও বড় ভয়ে ভয়ে হাসুনির মা ঘরে ফিরে এসেছিল। ভয় যে, সেখানে যা বলেছে, কিন্তু একবার হাতে-নাতে পেলে তাকে ঠিক খুন করে ফেলবে বুড়ো। সে এখন অবাক হয়ে ঘুরঘুর করে, উঁকি মেরে বাপের শায়িত নিশ্চল দেহটি চেয়ে দেখে কখনো কখনো। কখনো-বা আড়াল থেকে শুষ্ক গলায় প্রশ্ন করে,

– বাপজান, খাইবা না?

বাপ কথা কয় না।

দুদিন পরে ঝড় ওঠে। আকাশে দুরন্ত হাওয়া আর দলে-ভারী কালো কালো মেঘে লড়াই লাগে; মহব্বতনগরের সর্বোচ্চ তালগাছটি বন্দি পাখির মতো আছড়াতে থাকে। হাওয়া মাঠে ঘূর্ণিপাক খেয়ে আসে, তির্যক ভঙ্গিতে বাজপাখির মতো শোঁ করে নেমে আসে, কখনো ভোঁতা প্রশস্ততায় হাতির মতো ঠেলে এগিয়ে যায়।

ঝড় এলে হাসুনির মার হই হই করা অভ্যাস। হাসুনি কোথায় গেলো রে, ছাগলটা কোথায় গেলো রে, লাল ঝুঁটিওয়ালা মুরগিটা কোথায় গেলো রে। তীক্ষ্ণ গলায় চেঁচামেচি করে, আথালি-পাথালি ছুটোছুটি করে, আর কী একটা আদিম উল্লাসে তার দেহ নাচে।

ঝড় আসছে হু-হু করে, কিন্তু হাসুনির মা মুরগিটা খুঁজে পায় না। পেছনে ঝোপজাড়ে দেখে, বাইরে যায়, ওধারে আমগাছে আশ্রয় নিয়েছে কিনা দেখে, বৃষ্টির ঝাপটায় বুজে আসা চোখে পিট-পিট করে তাকিয়ে কুরকুর আওয়াজ করে ডাকে, কিন্তু কোথাও তার সন্ধান পায় না। শেষে ভাবে, কী জানি, হয়তো বাপের মাচার তলেই মুরগিটা গিয়ে লুকিয়েছে। পা টিপে টিপে ঘরে ঢুকে মাচার তলে উঁকি মারতেই তার বাপ হঠাৎ কথা বলে। গলা দুর্বল, শূন্য শূন্য ঠেকে। বলে,

– আমারে চাইরডা চিড়া আইনা দে।

মেয়ে ছুটে গিয়ে কিছু চিড়াগুড় এনে দেয়।

বাপ গবগব করে খায়। ক্ষিধে রাক্ষসের মতো হয়ে উঠেছে।

চিড়ে কটা গলাধঃকরণ করে বলে,

– পানি দে

মেয়ে ছুটে পানি আনে। সর্বাঙ্গ তার ভিজে সপসপ করছে, কিন্তু সেদিকে খেয়াল নেই। অনুতাপ আর মায়া মমতায় বাপের কাছে সে গলে গেছে। বাপের ব্যথায় তার বুক চিনচিন করে।

বুড়ো ঢকঢক করে পানি খায়। তারপর একটু ভাবে। শেষে বলে,

– আর চাইরডা চিড়া দিবি মা?

মেয়ে আবার ছোটে। চিড়া আনে আরো, সঙ্গে আরেক লোটা পানিও আনে। দু'দিনের রোগা ভেঙে বুড়ো ধনুকের মতো পিঠ বেঁকিয়ে মাচার ওপর অনেকক্ষণ বসে বসে ভাবে, কোণের অন্ধকারের মধ্যে নিবদ্ধ।

বাইরে হাওয়া গোঙিয়ে গোঙিয়ে ওঠে, ঘরের চাল হাওয়া আর বৃষ্টির ঝাপটায় গুমরায়। সিঁ কাপড়ে দূরে দাঁড়িয়ে মেয়ে নীরব হয়ে থাকে। হঠাৎ কেন তার চোখ ছলছল করে। ঘরের অন্ধকার আর বৃষ্টির পানিতে ভেজা মুখের মধ্যে সে-অশ্রু ধরা পড়বার কথা নয়।

অবশেষে বাপ বলে, -মাইয়া, তোর কাছে মাফ চাই। বুড়া মানুষ, মতিগতির আর ঠিক নাই তোরে না বুইঝা কষ্ট দিছি হে-দিন।

মেয়ে কী বলবে। বোকার মতো দাঁড়িয়ে থাকে। তারপর মুরগি খোঁজার অজুহাতে বাইরে ঝড়ের মধ্যে দাঁড়াতেই চোখে আরো পানি আসে হু-হু করে, অর্থহীনভাবে, আর বৃষ্টিতে ধুয়ে যায় সে-পানি।

সেদিন সন্ধ্যায় বুড়ো চলে গেল। কেউ বলতে পারল না গেল কোথায়। ছেলেরা অনে খোঁজে। আশেপাশে গ্রামের লোকদের জিজ্ঞাসাবাদ করে, মতিগঞ্জের সড়ক ধরে ত্রিশ ক্রো দূরে গঞ্জে গিয়েও অনেক তালাশ করে। কেউ বলে, নদীতে ডুবছে। তাই যদি হয় তবে সন্ধান পাবার জো নেই। খরস্রোতা বিশাল নদী, সে নদী কোথায় কতদূরের তার কে ভাসিয়ে তুলেছে কে জানে।

ঘরে বুড়ি স্তব্ধ হয়ে থাকে। যে তার মৃত্যুর জন্যে এত আগ্রহ দেখাতো, সে আর কথা ব না। হাসুনির মা দূর থেকে মজিদের মিষ্টি মধুর কোরান তেলাওয়াত শুনেছে অনেকদিন। আল্লার কথা স্মরণ করে বলে,

-আল্লা-আল্লা কও মা।

বুড়ি তখন জেগে উঠে কয়েকবার শিশুর মতো বলে, আল্লা, আল্লা–।

মজিদের শিক্ষায় গ্রামবাসীরা এ-কথা ভালোভাবে বুঝেছে যে, পৃথিবীতে যাই ঘটুক জন্ম-মৃ শোক-দুঃখ-যার অর্থ অনেক সময় খুঁজে পাওয়া ভার হয়ে ওঠে-সব খোদা ভালোর জন্যে করেন। তাঁর সৃষ্টির মর্ম যেমন সাধারণ মানুষের পক্ষে বোঝা দুষ্কর তেমন নিত্যনিয়ত তি যা করেন তার গূঢ়তত্ত্ব বোঝাও দুষ্কর। তবে এটা ঠিক, তিনি যা করেন মঙ্গলের জন্য করেন। ঘটনার রূপ অসহনীয় হতে পারে, কিন্তু অন্তর্নিহিত উদ্দেশ্য শেষ পর্যন্ত মানু মঙ্গল, তার ভালাই। অতএব যে জিনিস বোঝার জন্যে নয়, তার জন্যে কৌতূহল প্রকাশ ক অর্থহীন।

ঠিক সে কারণেই বুড়ো কোথায় পালিয়েছে বা তার মৃতদেহ কোথাও ভেসে উঠেছে কি জানবার জন্যে কৌতূহল হতে পারে, কিন্তু কেন পালিয়েছে তা নিয়ে বিন্দুমাত্র কৌতূ হবার কথা নয়। যারা মজিদের শিক্ষার যথার্থ মর্ম উপলব্ধি করতে সক্ষম হয়নি, তাদের ম অবশ্য প্রশ্নটি যে একেবারে জাগে না এমন নয়। কিন্তু সে-প্রশ্ন দ্বিতীয়ার চাঁদের মতো ক্ষী উঠেই ডুবে যায়, ব্যাখ্যাতীত অজানা বিশাল আকাশের মধ্যে থই পায় না। যেখানে জ মৃত্যু, ফসল হওয়া -না-হওয়া বা খেতে পাওয়া না-পাওয়া একটা অদৃশ্য শক্তির নিয়ন্ত্রিত, সেখানে একটি লোকের নিরুদ্দেশ হবার ঘটনা কতখানি আর কৌতূহল জাগা পারে! যা মানুষের স্মরণে জাগ্রত হয়ে থাকে বহুদিন, তা সে-অপরাধের ঘটনা। মজি সামনে সেদিন লোকটি কেমন ছটফট করেছিল, পাপের জ্বালায় কেমন অস্থির করেছিল- দোজখের আগুনের লেলিহান শিখা তাকে স্পর্শ করেছে। তারপর তার কান্না। শয়তা শক্তি ধূলিসাৎ হয়ে গিয়েছিল সে-কান্নার মধ্যে।

এ-বিচিত্র দুনিয়ায় যারা আবার আর দশজনের চাইতে বেশি জানে ও বোঝে, বিশাল রহ প্রান্তটুকু অন্তত ধরতে পারে বলে দাবি করে, তাদের কদর প্রচুর। সালুতে ঢাকা মা পিঠের মতো চিরনীরব মাজারটি একটি দুর্ভেদ্য, দুর্লঙ্ঘনীয় রহস্যে আবৃত। তারই ঘনিষ্ঠ মধ্যে যে-মানুষ বসবাস করে তার দ্বারাই সম্ভব মহাসত্যকে ভেদ করা, অনাবৃত ক মজিদের ক্ষুদ্র চোখদুটি যখন ক্ষুদ্রতর হয়ে ওঠে আর দিগন্তের ধূসরতায় আবছা হয়ে আ তখনই তার সামনে সে-সৃষ্টি-রহস্য নিরাবরণ স্পষ্টতায় প্রতিভাত হয়-সে-কথা এরা বোঝে হাসুনির মা'র মনেও প্রশ্ন নেই। মাসগুলো ঘুরে এলে বরঞ্চ বাপের নিরুদ্দেশ হবার ঘ একটা অন্তর্নিহিত অর্থ খুঁজে পায়।

– খোদার জিনিস খোদা তুইলা লইয়া গেছে।

তারপর মা'র প্রতি অগ্নি দৃষ্টি হানে।

– বাপ আমাগো নেকবন্দ মানুষ আছিল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

বুড়ি কিছু বলে না। খেলোয়াড় চলে গেছে, খেলবে কার সাথে। তাই যেন চুপচাপ থাকে।

প্রথম প্রথম হাসুনির মা মজিদের বাসায় আসত না। লজ্জা হতো। মা লজ্জা নেই বলে তার লজ্জা। তারপর ক্রমে ক্রমে আসতে লাগল। কখনো ক্বচিৎ মজিদের সামনাসামনি হয়ে গেলে মাথায় আধহাত ঘোমটা টেনে আড়ালে গিয়ে দাঁড়াত, আর বুকটা দুরুদুরু কাঁপত ভয়ে। বতোর দিনে এ-বাড়িতে যাতায়াত যখন বেড়ে গেলো তখন একদিন উঠানে একেবারে সামনাসামনি হয়ে গেল। মজিদের হাতে হুঁকা। হাসুনির মা ফিরে দাঁড়িয়েছে এমন সময়ে মজিদ বলে,

– হুকায় এক ছিলিম তামাক ভইরা দেও গো বিটি।

কয়েক মুহূর্ত ইতস্তত করে ঘুরে দাঁড়িয়ে সে হুঁকাটা নেয়। বুক কাঁপতে থাকে ধপধপ করে, আর লজ্জায় চোখ বুজে আসতে চায়।

হুঁকাটা দিতে গিয়ে মজিদ কয়েক মুহূর্ত সেটা ধরে রাখে। তারপর হঠাৎ বলে, আহা!

তার গলা বেদনায় ছলছল করে।

তারপর থেকে সংকোচ আর ভয় কাটে। ক্রমে ক্রমে সে খোলা মুখে সামনে দিয়ে আসা-যাওয়া শুরু করে। না করে উপায় কী! বতোর দিনে কাজের অন্ত নেই। মানুষ তো রহিমা আর সে। ধান এলানো মাড়ানো, সিদ্ধ করা, ভানা-কত কাজ।

একদিন উঠানে ধান ছড়াতে ছড়াতে হঠাৎ বহুদিন পর হাসুনির মা তার পুরোনো আর্জি জানায়। রহিমাকে বলে,

– ওনারে কন, খোদায় যানি আমার মওত দেয়।

হঠাৎ রহিমা রুষ্ট স্বরে বলে,

– অমন কথা কইওনা, ঘরে বালা আইসে।

পরদিন মজিদ একটা শাড়ি আনিয়ে দেয়। বেগুনি রঙ, কালো পাড়। খুশি হয়ে হাসুনির মা মুখ গম্ভীর করে। বলে,

– আমার শাড়ির দরকার কী বুবু? হাসুনির একটা জামা দিলে ও পরত খন।

হঠাৎ কী হয়, রহিমা কিছু বলে না। অন্যদিন হলে, কথা না বলুক অন্তত হাসত। আজ হাসেও না।

পৌষের শীত। প্রান্তর থেকে ঠাণ্ডা হাওয়া এসে হাড় কাঁপায়। গভীর রাতে রহিমা আর হাসুনির মা ধান সিদ্ধ করে। খড়কুটো দিয়ে আগুন জ্বালিয়েছে, আলোকিত হয়ে উঠেছে সারা উঠানটা। ওপরে আকাশ অন্ধকার। গনগনে আগুনের শিখা যেন সে কালো আকাশ গিয়ে ছোঁয়। ওধারে ধোঁয়া হয়, শব্দ হয় ভাপের। যেন শতসহস্র সাপ শিস দেয়।

শেষ-রাতের দিকে মজিদ ঘর থেকে একবার বেরিয়ে আসে। খড়ের আগুনের উজ্জ্বল আলো লেপাজোকা সাদা উঠানটায় ঈষৎ লালচে হয়ে প্রতিফলিত হয়ে ঝকঝক করে। সে ঈষৎ লালচে উঠানের পশ্চাতে দেখে হাসুনির মাকে, তার পরনে বেগুনি শাড়িটা। যে-আলো সাদা মসৃণ উঠানটাকে শুভ্রতায় উজ্জ্বল করে তুলেছে, সে আলোই তেমনি তার উন্মুক্ত গলা-কাঁধের খানিকটা অংশ আর বাহু উজ্জ্বল করে তুলেছে।

কিছুক্ষণ পর ঘরে গিয়ে বিছানায় শুয়ে মজিদ আশ-পাশ করে। উঠান থেকে শিসের আওয়াজ এসে বেড়ার গায়ে শিরশির করে। তাই শোনে আর আশ-পাশ করে মজিদ। তারই মধ্যে কখন দ্রুততর, ঘনতর হয়ে ওঠে মুহূর্তগুলো।

এক সময়ে মজিদ আবার বেরিয়ে আসে। এসে কিছুক্ষণ আগে হাসুনির মায়ের উজ্জ্বল বাহু-কাঁধ গলার জন্য যে-রহিমাকে সে লক্ষ্য করেনি, সে-রহিমাকেই ডাকে। ডাকের স্বরে প্রভুত্ব! দুনিয়ায় তার চাইতে এই মুহূর্তে অধিকতর শক্তিশালী, অধিকতর ক্ষমতাবান আর কেউ নেই যেন। খড়কুটোর আলোর জন্য ওপরে আকাশ তেমনি অন্ধকার। সীমাহীন সে-আকাশ এখন কালো আবরণে সীমাবদ্ধ। মানুষের দুনিয়া আর খোদার দুনিয়া আলাদা হয়ে গেছে।

রহিমা ঘরে এলে মজিদ বলে,

– পা-টা একটু টিপা দিবা?

এ-গলার স্বর রহিমা চেনে। অন্ধকার ঘরের মধ্যে মূর্তির মতো কয়েক মুহূর্ত স্তম্ভিতভাবে দাঁড়িয়ে থেকে আস্তে বলে,

ওইধারে এত কাম, ফজরের আগে শেষ করন লাগবো।

থোও তোমার কাজ! মজিদ গর্জে ওঠে। গর্জাবে না কেন। যে-ধান সিদ্ধ হচ্ছে সে-ধান তো তারই। এখানে সে মালিক। যে মালিকানায় এক আনারও অংশীদার নেই কেউ।

রহিমার দেহভরা ধানের গন্ধ। যেন জমি ফসল ধরেছে। ঝুঁকে ঝুঁকে সে পা টেপে। ওকে তাকিয়ে তাকিয়ে দেখে মজিদ, আর ধানের গন্ধ শোকে। শীতের রাতে ভারী হয়ে নাকে লাগে সে-গন্ধ।

অন্ধকারে সাপের মতো চকচক করে তার চোখ। মনের অস্থিরতা কাটে না। কাউকে সে জানাতে চায় কি কোনো কথা? তবে জানানোর পথে বৃহৎ বাধার দেয়াল বলে রাত্রির এই মুহূর্তে অন্ধকার আকাশের তলে অসীম ক্ষমতাশীল প্রভু ও অস্থির-অস্থির করে, দেয়াল ভেদ করার সূক্ষ্ম, ঘোরালো পন্থার সন্ধান করতে গিয়ে অধীর হয়ে পড়ে।

তখন পশ্চিম আকাশে শুকতারা জ্বলজ্বল করছে। উঠানে আগুন নিভে এসেছে, উত্তর থেকে জোর ঠাণ্ডা হাওয়া বইতে শুরু করেছে। রহিমা ফিরে এসে মুখ তুলে চায় না। হাসুনির মা

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

দাঁতে চিবিয়ে দেখছিল, ধান সিদ্ধ হয়েছে কি-না। সেও তাকায় না রহিমার পানে। কথা বলতে গিয়ে মুখে কথা বাধে।

তারপর পুব আকাশ হতে স্বপ্নের মতো ক্ষীণ, শ্লথগতি আলো এসে রাতের অন্ধকার যখন কাটিয়ে দেয় তখন হঠাৎ ওরা দু'জনে চমকে উঠে। মজিদ কখন উঠে গিয়ে ফজরের নামাজ পড়তে শুরু করেছে। হালকা মধুর কণ্ঠ গ্রীষ্ম প্রত্যুষের ঝিরঝির হাওয়ার মতো ভেসে আসে! ওরা তাকায় পরস্পরের পানে। নতুন এক দিন শুরু হয়েছে খোদার নাম নিয়ে। তাঁর নামোচ্চারণে সংকোচ কাটে।

লোকদের যে যাই বলুক, বতোর দিনে মজিদ কিন্তু ভুলে যায় গ্রামের অভিনয়ে তার কোন পালা। মাজারের পাশে গত বছরে ওঠানো টিন আর বেড়ার ঘর মগড়ার পর মগড়া ধানে ভরে উঠে। মাজার জেয়ারত করতে এসে লোকেরা চেয়ে চেয়ে দেখে তার ধান। গভীর বিস্ময়ে তারা ধীরে ধীরে মাথা নাড়ে, মজিদকে অভিনন্দিত করে। শুনে মজিদ মুখ গম্ভীর করে। দাঁড়িতে হাত বুলিয়ে আকাশের পানে তাকায়। বলে, খোদার রহমত। খোদাই রিজিক দেনেওয়ালা। তারপর ইঙ্গিতে মাজারের প্রতি দৃষ্টি আকর্ষণ করে, বলে আর তানার দোয়া।

শুনে কারও কারও চোখ ছলছল করে ওঠে, আর আবেগে রুদ্ধ হয়ে আসে কণ্ঠ। কেন আসবে না। ধান হয়েছে এবার। মজিদের ঘরে যেমন মগড়াগুলো উপচে পড়ছে ধানের প্রাচুর্যে, তেমনি ঘরে ঘরে ধানের বন্যা। তবে জীবনে যারা অনেক দেখেছে, যারা সমঝদার, তারা অহংকার দাবিয়ে রাখে। ধানের প্রাচুর্যে কারও কারও বুকে আশঙ্কাও জাগে।

বস্তুত, মজিদকে দেখে তাদের আসল কথা স্মরণ হয়। খোদার রহমত না হলে মাঠে মাঠে ধান হতে পারে না। তাঁর রহমত যদি শুকিয়ে যায়-বর্ষিত না হয় তবে খামার শূন্য হয়ে খাঁ খাঁ করে। বিশেষ দিনে সে-কথাটা স্মরণ করবার জন্য মজিদের মতো লোকের সাহায্য নেয়। তার কাছেই শোকর গুজার করবার ভাষা শিখতে আসে।

অপূর্ব দীনতায় চোখ তুলে মজিদ বলে, দুনিয়াদারি কি তার কাজ? খোদাতা'লা অবশ্য দুনিয়ার কাজকামকে অবহেলা করতে বলেননি, কিন্তু যার অন্তরে খোদা-রসুলের স্পর্শ লাগে, তার কী আর দুনিয়াদারি ভালো লাগে?

– বলে মজিদ চোখ পিট পিট করে-যেন তার চোখ ছলছল করে উঠেছে।

যে শোনে সে মাথা নাড়ে ঘন ঘন। অস্পষ্ট গলায় সে আবার বলে,

– খোদার রহমত সব।

আরো বলে যে, সে-রহমতের জন্যে সে খোদার কাছে হাজারবার শোকর গুজারি করে। কিন্তু আবার দু-মুঠো ভাত খেতে না পেলেও তার চিন্তা নেই। খোদার ওপর যার প্রাণ-মন-দেহ ন্যস্ত এবং খোদার ওপর যে তোয়াক্কল করে, তার আবার এসব তুচ্ছ কথা নিয়ে ভাবনা! বলতে বলতে এবার একটা বিচিত্র হাসি ফুটে ওঠে মজিদের মুখে, কোটরাগত চোখ ঝাপসা হয়ে ওঠে দিগন্তপ্রসারী দূরত্বে।

তার যে-চোখে দিগন্তে প্রসারী দূরত্ব জেগে ওঠে, সে-চোখ ক্রমশ সূক্ষ্ম ও সূচাগ্র তীক্ষ্ণ হয়ে ওঠে। হঠাৎ সচেতন হয়ে মজিদ প্রশ্ন করে,

– তোমার কেমন ধান হইল মিঞা?

তুমি বলুক আপনি বলুক সকলকে মিঞা বলে সম্বোধন করার অভ্যাস মজিদের। লোকটি ঘাড় চুলকে নিতিবিতি করে বলে, যা-ই হইছে তাই যথেষ্ট। ছেলেপুলে লইয়া দুই বেলা খাইবার পারুম।

আসলে এদের বড়াই করাই অভ্যাস। পঞ্চাশ মণ ধান হলে অন্তত একশো মণ বলা চাই। বতোর দিন উঁচিয়ে-উঁচিয়ে রাখা ধানের প্রতি সবার দৃষ্টি আকর্ষণ করানো চাই। লোকটির ধান ভালোই হয়েছে, বলতে গেলে গত দশ বছরে এমন ফসল হয়নি। কিন্তু মজিদের সামনে বড়াই করা তো দূরের কথা, ন্যায্য কথাটা বলতেই তার মুখে কেমন বাধে। তাছাড়া, খোদার কালাম জানা লোকের সামনে ভাবনা কেমন যেন গুলিয়ে যায়। কী কথা বললে কী হবে বুঝে না ওঠে সতর্কতা অবলম্বন করে।

কথার কথা কয় মজিদ, তাই উত্তরের প্রতি লক্ষ থাকে না। তার অন্তরে ক্রমশ যে-আগুন জ্বলে উঠছে, তারই শিখার উত্তাপ অনুভব করে। সে উত্তাপ ভালোই লাগে।

লোকটি অবশেষে উঠে দাঁড়ায়। তবে যাবার আগে হঠাৎ এমন একটা কথা বলে যে, মজিদ যেখানে দাঁড়িয়েছিল সেখানেই বৃক্ষের মতো দাঁড়িয়ে থাকে অনেকক্ষণ এবং যে-আগুন জ্বলে উঠেছিল অন্তরে, তা মুহূর্তে নির্বাপিত হয়।

সংক্ষেপে ব্যাপারটি হলো এই। গৃহস্থদের গোলায় গোলায় যখন ধান ভরে ওঠে তখন দেশময় আবার পিরদের সফর শুরু হয়। এই সময় খাতির-যত্নটা হয়, মানুষের মেজাজটাও খোলসা থাকে। যেবার আকাল পড়ে সেবার অতি ভক্ত মুরিদের ঘরেও দু'দিন গা ঢেলে থাকতে ভরসা হয় না পির সাহেবদের।

দিন কয়েক হলো, তিন গ্রাম পরে এক পির সাহেব এসেছেন। ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট মতলুব খাঁ তার পুরানো মুরিদ। তিনি সেখানেই উঠেছেন।

পির সাহেবের যথেষ্ট বয়স। লোকে বলে, এক কালে আগুন ছিল তাঁর চোখে, আর কণ্ঠে বজ্রনিনাদ। একদা তাঁর পূর্বপুরুষ মধ্য-প্রাচ্যের কোনো এক স্থান থেকে নাকি খোদার বাণী প্রচার করবার উদ্দেশ্যে প্রচণ্ড পথশ্রম স্বীকার করে এই দূর দেশে আসেন। সে কতদিন আগে

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

তা পির সাহেবও সঠিকভাবে জানেন না। কিন্তু এ-অজ্ঞাত স্বীকার্য নয় বলে কোনো এক স্থান থেকে পাঠান বাদশার মৃত্যুর সঙ্গে হিসাব মিলিয়ে সে- স্মরণীয় আগমনকে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ণীত করা হয়।

যে দেশ ছেড়ে এসেছেন, সে-দেশের সঙ্গে আজ অবশ্য কোনো সম্বন্ধ নেই-কেবল বৃহৎ খড়্গনাসা গৌরবর্ণ চেহারাটি ছাড়া। ময়মনসিংহ জেলার কোনো এক অঞ্চলে বংশানুক্রমে বসবাস করেছেন বলে তাঁদের ভাষাটাও এমন বিশুদ্ধভাবে স্থানীয় রূপ লাভ করেছে যে, মুরিদানির কাজ করবার প্রাক্কালে উত্তর ভারতে কোনো এক স্থানে গিয়ে তাঁকে উর্দু জবান এস্তেমাল করে আসতে হয়েছিল।

পির সাহেবের খ্যাতির শেষ নেই, তাঁর সম্বন্ধে গল্পেরও শেষ নেই। সে-গল্প তাঁর রুহানি তাকত ও কাশফ নিয়ে। মাজারের ছায়ার তলে আছে বলে সমাজে জানাজা-পড়ানো খোনকার মোল্লার চেয়ে মজিদের স্থান অনেক উঁচুতে, কিন্তু রুহানি তা'কত তার নেই বলে অন্তরে অন্তরে দীনতা বোধ করে। কখনো কখনো খোলাখুলিভাবে লোকসমক্ষে সে দীনতা ব্যক্ত করে। কিন্তু এমন ভাষায় ও ভঙ্গিতে যে তা মহৎ ব্যক্তির দীনতা প্রকাশের পর্যায়ে গিয়ে পড়ে এবং প্রতিক্রিয়া লক্ষ্য করে মজিদ নিশ্চিন্ত থাকে।

কিন্তু জাঁদরেল পিররা যখন আশেপাশে এসে আস্তানা গাড়েন তখন কিন্তু মজিদ শঙ্কিত হয়ে ওঠে। ভয় হয়, তার বিস্তৃত প্রভাব কৃষ্ণপক্ষের চাঁদের মতো মিলিয়ে যাবে, অন্য এক ব্যক্তি এসে যে বৃহৎ মায়াজাল বিস্তার করবে তাতে সবাই একে একে জড়িয়ে পড়বে।

অন্যের আত্মার শক্তিতে অবশ্য মজিদের খাঁটি বিশ্বাস নেই। আপন হাতে সৃষ্ট মাজারের পাশে বসে দুনিয়ার অনেক কিছুতেই তার বিশ্বাস হয় না। তবে এসব তার অন্তরের কথা, প্রকাশের কথা নয়। অতএব কিছুমাত্র বিশ্বাস ছাড়াও সে আশ্চর্য ধৈর্য-সহকারে অন্যের ক্ষমতার ভূয়সী প্রশংসা করে। বলে, খোদাতা'লার ভেদ বোঝা কী সহজ কথা? কার মধ্যে তিনি কী বস্তু দিয়েছেন সে কেবল তিনিই বলতে পারেন।

এবার মজিদের মন কিন্তু কদিন ধরে থমথম করে। সব সময়েই হাওয়ায় ভেসে আসে পির সাহেবের কার্যকলাপের কথা। এ-দিকে মাজারে লোকদের আসা-যাওয়াও প্রায় থেমে যায়। বতোর দিনে মানুষের কাজের অন্ত নেই ঠিক। কিন্তু যে-টুকু অবসর পায় তা তারা ব্যয় করতে থাকে পির সাহেবের বাতরস-স্ফীত পদযুগলে একবার চুমু দেবার আশায়। পদচুম্বন অবশ্য সবার ভাগ্যে ঘটে না। দিনের পর দিন ভিড় ঠেলে অতি নিকটে পৌঁছেও অনেক সময় বাসনা চরিতার্থ হয় না। সন্নিকটে গিয়ে তার নূরানি চেহারার দীপ্তি দেখে কারও চোখ ঝলসে যায় কারো এমন চোখ-ভাসানো কান্না পায় যে, তার এগোবার আশা ত্যাগ করতে হয়। ভাগ্যবান যারা, তারা পির সাহেবের হাতের স্পর্শ হতে শুরু করে দু-এক শব্দ আদেশ-উপদেশ বা তামাক-গন্ধ-ভারী বুকের হাওয়াও লাভ করে।

রাত্রে বিছানায় শুয়ে মজিদ গম্ভীর হয়ে থাকে। রহিমা গা টেপে, কিন্তু টেপে যেন আস্ত পাথর। অবশেষে মজিদকে সে প্রশ্ন করে, – আপনার কী হইছে?

মজিদ কিছু বলে না।

উত্তরের জন্যে কতক্ষণ অপেক্ষা করে রহিমা হঠাৎ বলে,

– এক পির সাহেব আইছেন না হেই গেরামে, তানি নাকি মরা মাইনষেরে জিন্দা কইরা দেন?

পাথর এবার হঠাৎ নড়ে। আবছা অন্ধকারে মজিদের চোখ জ্বলে ওঠে। ক্ষণকাল নীরব থেকে হঠাৎ কটমট করে তাকিয়ে সে প্রশ্ন করে, -মরা মানুষ জিন্দা হয় ক্যামনে?

প্রশ্নটা কৌতূহলের নয় দেখে রহিমা দমে গেল। তারপর আর কোনো কথা হয় না। এক সময় রহিমা পাশে শুয়ে আলগোছে ঘুমিয়ে পড়ে।

মজিদ ঘুমোয় না। সে বুঝেছে ব্যাপারটা অনেক দূর এগিয়ে গেছে, এবার কিছু একটা না করলে নয়। আজও অপরাহ্নে সে দেখেছে, মতিগঞ্জের সড়কটা দিয়ে দলে দলে লোক চলছে উত্তর দিকে।

মজিদ ভাবে আর ভাবে। রাত যত গভীর হয় তত আগুন হয়ে ওঠে মাথা। মানুষের নির্বোধ বোকামির জন্য আর তার অকৃতজ্ঞতার জন্য একটা মারাত্মক ক্রোধ ও ঘৃণা উষ্ণ রক্তের মধ্যে টগবগ করতে থাকে। সে ছটফট করে একটা নিষ্ফল ক্রোধে।

একসময় ভাবে, ঝালর-দেয়া সালুকাপড়ে আবৃত নকল মাজারটিই এদের উপযুক্ত শিক্ষা, তাদের নিমকহারামির যথার্থ প্রতিদান। ভাবে, একদিন মাথায় খুন চড়ে গেলে সে তাদের বলে দেবে আসল কথা। বলে দিয়ে হাসবে হা-হা করে গগন বিদীর্ণ করে। শুনে যদি তাদের বুক ভেঙে যায় তবেই তৃপ্ত হবে তার রিক্ত মন। মজিদ তার ঘরবাড়ি বিক্রি করে সরে পড়বে দুনিয়ার অন্য পথে-ঘাটে। এ-বিচিত্র বিশাল দুনিয়ায় কী যাবার জায়গার কোনো অভাব আছে।

অবশ্য এ-ভাবনা গভীর রাতে নিজের বিছানায় শুয়েই সে ভাবে। যখন মাথা শীতল হয়, নিষ্ফল ক্রোধ হতাশায় গলে যায়, তখন সে আবার গুম হয়ে থাকে। তারপর শ্রান্ত, বিক্ষুব্ধ মনে হঠাৎ একটি চিকন বুদ্ধিরশ্মি প্রতিফলিত হয়।

শীঘ্র তার চোখ দুটি চকচক করে ওঠে, শ্বাস দ্রুততর হয়। উত্তেজনায় আধা ওঠে বসে অন্ধকার ভেদ করে রহিমার পানে তাকায়। পাশে যে অঘোর ঘুমে বেচাইন। তাকেই অকারণে কয়েক মুহূর্ত চেয়ে চেয়ে দেখে মজিদ, তারপর আবার চিত হয়ে শুয়ে চোখখোলা মৃতের মতো পড়ে থাকে।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

মজিদ যখন আওয়ালপুর গ্রামে পৌঁছলো তখন সূর্য হেলে পড়েছে। মতলুব মিঞার সামনেকার মাঠে লোকে-লোকারণ্য। তারই মধ্যে কোথায় যে পির সাহেব বসে বোঝা মুশকিল। মজিদ বেঁটে মানুষ। পায়ের আঙুলে দাঁড়িয়ে বকের মতো গলা বাড়িয়ে পির সাহেবকে একবার দেখবার চেষ্টা করে। কিন্তু কালো মাথার সমুদ্রে দৃষ্টি কেবল হয়ে ফিরে আসে।

একজন বললে যে, বটগাছটার তলে তিনি বসে আছেন। তখন মাঘের শেষাশেষি। তবু সমুদ্রের উত্তাপে পির সাহেবের গরম লেগেছে বলে তাঁর গায়ে হাতির কানের মতো মস্ত ঝালর পাখা নিয়ে হাওয়া করছে একটি লোক। কেবল সেই পাখাটা থেকে থেকে নজরে পড়ে।

মুখ তুলে রেখে ভিড় ঠেলে এগিয়ে যেতে লাগল মজিদ। সামনে শত শত লোক সব হয়ে বসে আছে, কেউ কাউকে লক্ষ করবার কথা নয়। মজিদকে চেনে এমন লোক মধ্যে অনেক আছে বটে, কিন্তু তারা কেউ আজ তাকে চেনে না। যেন বিশাল সূর্য হয়েছে, আর সে-আলোয় প্রদীপের আলো নিশ্চিহ্ন হয়ে গেছে। পির সাহেব আজ দফায় ওয়াজ করেছেন। যখন ওয়াজ শেষ করে তিনি বসে পড়েন তখন অনেকক্ষণ বিশাল বপু দ্রুত শ্বসনের তালে তালে ওঠা-নাবা করে, আর শুভ্র চওড়া কপালে জমে বিন্দু-বিন্দু ঘাম খোলা মাঠের উজ্জ্বল আলোয় চকচক করে। পাখা হাতে দাঁড়িয়ে লোকটি জোরে হাত চালায়।

এ-সময় পির সাহেবের প্রধান মুরিদ মতলুব মিঞা হুজুরের গুণাগুণ সহজ ভাষায় করে বলে। এ-কথা সর্বজনবিদিত যে, সে বলে, পির সাহেব সূর্যকে ধরে রাখার রাখেন। উদাহরণ দিয়ে বলে, হয়তো তিনি এমন এক জরুরি কাজে আটকে আছেন ওধারে জোহরের নামাজের সময় গড়িয়ে যাচ্ছে। কিন্তু তা হলে কী হবে, তিনি যতক্ষণ না হুকুম দেবেন ততক্ষণ পর্যন্ত সূর্য এক আঙুল নড়তে পারে না। শুনে কেউ আহা-বলে, কার ও বা আবার ডুকরে কান্না আসে।

কেবল মজিদের চেহারা কঠিন হয়ে ওঠে। সজোরে নড়তে থাকা পাখাটার পানে তাকিয়ে মূর্তিবৎ বসে থাকে। আধ ঘণ্টা পরে শীতল দ্বিপ্রাহরিক আমেজে জনতা ঈষৎ ঝিমি এসেছে, এমনি সময়ে হঠাৎ জমায়েতের নানাস্থানে থেকে রব উঠল। একটা ঘোষণা মুখে সারা ময়দানে ছড়িয়ে পড়ল। পির সাহেব আবার ওয়াজ করবেন।

পির সাহেবের আর সে-গলা নেই। সূক্ষ্ম তারের কম্পনের মতো হাওয়ায় বাজে তাঁর জমায়েতের কেউ প্রতি মুহূর্তে হা-হা করে উঠেছে বলে সে-ক্ষীণ আওয়াজও সব প্রান্তে শোনা না। কিন্তু মজিদ কান খাড়া করে শোনে, এবং শোনবার প্রচেষ্টার ফলে চোখ কুঞ্চিত হয়ে ওঠে পির সাহেবের গলায় কম্পমান সূক্ষ্ম তারের মতো ক্ষীণ আওয়াজই আধ ঘণ্টা ধরে বয়ে তারপর বিচিত্র সুর করে তিনি একটা ফারসি বয়েত বলে ওয়াজ ক্ষান্ত করেন।

বলেন, সোহবতে সো'য়ালে তুরা সো'য়ালে কুনাদ (সুসঙ্গ মানুষকে ভালো করে)। জমায়েতের অর্ধেক লোক কেঁদে ওঠে। তারপর তিনি যখন বাকিটা বলেন- সোহ তো'য়ালে তুরা তো'য়ালে কুনাদ (কুসঙ্গ তেমনি তাকে আবার খারাপ করে)- তখন জমায়েতেরই সমস্ত সংযমের বাঁধ ভেঙে যায়, সকলে হাউ-মাউ করে কেঁদে ওঠে।

বসে পড়ে পির সাহেব পাখাওয়ালার পানে লাল হয়ে ওঠা চোখে তাকিয়ে পাখা-সঞ্চ দ্রুততর করবার জন্য ইশারা করছেন এমন সময়ে সামনের লোকের সব ছুটে গিয়ে সাহেবকে ঘেরাও করে ফেলল। হঠাৎ পাগল হয়ে উঠেছে তারা। যে যা পারল, ধরল পা, কেউ হাত, কেউ আস্তিনের অংশ।

তারপর এক কাণ্ড ঘটল। মানুষের ভাবমত্ততা দেখে পির সাহেব অভ্যস্ত। কিন্তু আজ ক্রন্দনরত জমায়েতের নিকটবর্তী লোকগুলোর সহসা এই আক্রমণ তাঁর বোধ হয় সহ্য না। তিনি হঠাৎ নিজেকে ছাড়িয়ে নিয়ে যুবকের সাবলীল সহজ ভঙ্গিতে মাথার গাছটার ডালে উঠে গেলেন। দেখে হায় হায় করে উঠল পির সাহেবের সাঙ্গ-পাঙ্গরা, শুনে জমায়েতও হায় হায় করে উঠল। সাঙ্গ-পাঙ্গরা তখন সুর করে গীত ধরলে তাদের পির সাহেব তো শূন্যে উঠে গেছেন, এবার কী উপায়?

পির সাহেব অবশ্য ডালে বসে তখন দিব্যি বাতরস-ভারী পা দোলাচ্ছেন। ফাগুনের আগুনে দ্রুত বিস্তারের মতো পির সাহেবের শূন্যে ওঠার কথা দেখতে- না- ছড়িয়ে গেল। যারা তখন ফারসি বয়েতের অর্থ না বুঝে কেবল সুর শুনেই কেঁদে এবার তারা মড়া-কান্না জুড়ে বসল। পির সাহেব কী তাদের ফাঁকি দিয়ে চলে যাচ্ছেন? গেলে, অজ্ঞ-মূর্খ তারা পথ দেখবে কী করে?

জোয়ারি ঢেউয়ের মতো সম্মুখে ভেঙে এল জনস্রোত। অনেক মড়া-কান্না আকুতি-বিকুতির পর পির সাহেব বৃক্ষডাল হতে অবশেষে অবতরণ করলেন। বেলা তখন বেশ গড়িয়ে এসেছে, আর মাঠের ধারে গাছগুলোর ছায়া দীর্ঘতর হয়ে বুক পর্যন্ত পৌঁছেছে, এমন সময় পির সাহেবের নির্দেশে একজন হঠাৎ উঠে দাঁড়িয়ে বলল, – ভাই সকল, আপনার কাতারে দাঁড়াইয়া যান।

কয়েক মুহূর্তের মধ্যে নামাজ শুরু হয়ে গেল।

নামাজ কিছুটা অগ্রসর হয়েছে এমন সময় হঠাৎ মাঠটা যেন কেঁপে উঠল। শতশত রত মানুষের নীরবতার মধ্যে খ্যাপা কুকুরের তীক্ষ্ণতায় নিঃসঙ্গ একটা গলা আর্তনাদ করে সে-কণ্ঠ মজিদের।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

– যতসব শয়তানি, বে'দাতি কাজকারবার। খোদার সঙ্গে মস্করা! নামাজে ভেঙে কেউ কথা কইতে পারে না তাই তা শেষ না হওয়া পর্যন্ত সবাই নীরবে মজিদের অশ্রাব্য গালাগালি শুনলে।

মোনাজাত হয়ে গেলে সাঙ্গ-পাঙ্গদের তিনজন এগিয়ে এল। একজন কঠিন গলায় প্রশ্ন করল,

– চেচামিচি করতা কিছকা ওয়াস্তে?

লোকটি আবার পশ্চিমে এলেম শিখে এসে অবধি বাংলা জবানে কথা কয় না। মজিদ বললে,

– কোন নামাজ হইলো এটা?

– কাহে? জোহরকা নামাজ হুয়া।

উত্তর শুনে আবার চীৎকার করে গালাগাল শুরু করল মজিদ। বললে, এ কেমন বেশরিয়তি কারবার, আছরের সময় জোহরের নামাজ পড়া?

সাঙ্গ-পাঙ্গরা প্রথমে ভালোভাবেই বোঝাতে চেষ্টা করল ব্যাপারটা। তারা বললে যে, মজিদ তো জানেই পির সাহেবের হুকুম ব্যতীত জোহরের নামাজের সময় যেতে পারে না। পশ্চিম থেকে যে এলেম শিখে এসেছে সে বোঝানোর পন্থটা প্রায় বৈজ্ঞানিক করে তোলে। সে বলে যে, যেহেতু ভাদ্রমাস থেকে ছায়া আছলি এক-এক কদম করে বেড়ে যায়, সেহেতু, দু'কদমের ওপর দুই লাঠি হিসেব করে চমৎকার জোহরের নামাজের সময় আছে।

মজিদ বলে, মাপো। এবং পির সাহেবের সাঙ্গ-পাঙ্গরা যতদূর সম্ভব দীর্ঘ দীর্ঘ ছয় কদম ফেলে তার সঙ্গে দুই লাঠি যোগ করেও যখন ছায়ার নাগাল পেল না তখন বললে, তর্ক যখন শুরু হয়েছিল তখন ছায়া ঠিক নাগালের মধ্যেই ছিল।

শুনে মজিদ কুৎসিততমভাবে মুখ বিকৃত করে। সঙ্গে সঙ্গে কয়েকবার মুখ খিস্তি করে বললে,

– কেন, তখন তোগো পির ধইরা রাখবার পারল না সুরুযটারে? তারপর সরে গিয়ে সে বজ্রকণ্ঠে ডাকলে,

মহব্বতনগর যাইবেন কে কে?

– মহব্বতনগর গ্রামের লোকেরা এতক্ষণ বিমূঢ় হয়ে ব্যাপারটা দেখছিল। কারও কারও মনে ভয়ও হয়েছিল-এই বুঝি পির সাহেবের সাঙ্গ-পাঙ্গরা ঠেঙিয়ে দেয় মজিদকে! এবার তার ডাক শুনে একে একে তারা ভিড় থেকে খসে এল।

মতিগঞ্জের সড়কে উঠে ফিরতিমুখো পথ ধরে মজিদ একবার পেছনে ফিরে তাকিয়ে থুথু ফেলে, তওবা কেটে, নিশ্বাসের নীচে শয়তানকে অশ্রাব্য ভাষায় গালাগাল করল, তারপর দ্রুতপায়ে হাঁটতে লাগল। সঙ্গের লোকেরা কিন্তু কিছু বললে না। তারা যদিও মজিদকে অনুসরণ করে বাড়ি ফিরে চলেছে কিন্তু মন তাদের দোটানার দ্বন্দ্বে দোল খায়। চোখে তাদের এখনো অশ্রুর শুষ্ক রেখা।

সে-রাত্রে ব্যাপারীকে নিয়ে এক জরুরি বৈঠক বসল। সবাই এসে জমলে, মজিদ সকলের পানে কয়েকবার তাকাল। তার চোখ জ্বলছে একটা জ্বালাময়ী অথচ পবিত্র ক্রোধে। শয়তানকে ধ্বংস করে মূর্খ, বিপথচালিত মানুষদের রক্ষা করার কল্যাণকর বাসনায় সমস্ত সত্তা সমুজ্জ্বল হয়ে উঠেছে।

মজিদ গুরুগম্ভীর কণ্ঠে সংক্ষেপে তার বক্তব্য পেশ করল- ভাই সকলরা, সকলে অবগত আছেন যে, বে'দাতি কোনো কিছু খোদাতা'লার অপ্রিয়, এবং সেই থেকে সত্যিকার মানুষ যারা তাদেরকে তিনি দূরে থাকতে বলেছেন। এ-কথাও তারা জানে যে, শয়তান মানুষকে প্রলুব্ধ করবার জন্যে মনোমুগ্ধকর রূপ ধারণ করে তাঁর সামনে উপস্থিত হয় এবং অত্যন্ত কৌশল সহকারে তাকে বিপথে চালিত করবার প্রয়াস পায়। শয়তানের সে-রূপ যতই মনোমুগ্ধকর হোক না কেন, খোদার পথে যারা চলাচল করে তাদের পক্ষে সে-মুখোশ চিনে ফেলতে বিন্দুমাত্র দেরি হয় না। তাছাড়া শয়তানের প্রচেষ্টা যতই নিপুণ হোক না কেন, একটি দুর্বলতার জন্যে তার সমস্ত কারসাজি ভণ্ডুল হয়ে যায়। তা হলো বেদাতি কাজকারবারের প্রতি শয়তানের প্রচণ্ড লোভ। এখানে এ-কথা স্পষ্টভাবে বুঝতে হবে যে, শয়তান যদি মানুষকে খোদার পথেই নিয়ে গেলো, তাহলে তার শয়তানি রইল কোথায়।

ভণিতার পর মজিদ আসল কথায় আসে। একটু দম নিয়ে সে আবার তার বক্তব্য শুরু করে। -আওয়ালপুরে তথাকথিত যে-পির সাহেবের আগমন ঘটেছে তার কার্যকলাপ মনোযোগ দিয়ে লক্ষ করলে উক্ত মন্তব্যের যথার্থতা প্রমাণিত হয়। মুখোশ তাঁর ঠিকই আছে-যে মুখোশকে ভুল করে মানুষ তার কবলে গিয়ে পড়বে। কিন্তু তাঁর উদ্দেশ্য মানুষকে বিপথে নেয়া, খোদার পথ থেকে সরিয়ে জাহান্নামের দিকে চালিত করা। সেই উদ্দেশ্যে তথাকথিত পিরটি কৌশলে চরিতার্থ করবার চেষ্টায় আছেন। পাঁচ ওয়াক্ত নামাজের জন্য খোদা সময় নির্দিষ্ট করে দিয়েছেন। কিন্তু একটু ভুয়ো কথা বলে তিনি এতগুলো ভালো মানুষের নামাজ প্রতিদিন মকরুহ্ করে দিচ্ছেন। তাঁর চক্রান্তে পড়ে কত মুসল্লি ঈমানদার মানুষ-যাঁরা জীবনে একটি বার নামাজ কাজা করেননি–তাঁরা খোদার কাছে গুনাহ্ করছেন।

এই পর্যন্ত বলে বিস্ময়াহত স্তব্ধ লোকগুলোর পানে মজিদ কতক্ষণ চেয়ে থাকে। তারপর আরো কয়েক মুহূর্ত নীরবে দাড়িতে হাত বুলায়।

গলা কেশে এবার খালেক ব্যাপারী বৈঠকের পানে তাকিয়ে বাজখাঁই গলায় প্রশ্ন করে, হুনলেন তো ভাই সকল?

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সাব্যস্ত হলো, অন্তত, এ-গ্রামের কোনো মানুষ পির সাহেবের ত্রিসীমানায় ঘেঁষবে না। এরপর মহব্বতনগরের লোক আওয়ালপুরে একেবারে গেল যে না, তা নয়। কিন্তু গেল অন্য মতলবে। পরদিন দুপুরেই একদল যুবক মজিদকে না জানিয়ে একটা জেহাদি জোশে বলীয়ান হয়ে পির সাহেবের সভায় গিয়ে উপস্থিত হলো। এবং পরে তারা বড় সড়কটার উত্তর দিকে না গিয়ে গেল দক্ষিণ দিকে করিমগঞ্জে। করিমগঞ্জে একটি হাসপাতাল আছে।

অপরাহ্নে সংবাদ পেয়ে মজিদ ক্যানভাসের জুতো পরে ছাতা বগলে করিমগঞ্জ গেল। হাসপাতালে আহত ব্যক্তিদের পাশে বসে অনেকক্ষণ ধরে শয়তান ও খোদার কাজের তারতম্য আরো বিশদভাবে বুঝিয়ে বলল, বেহেশত ও দোজখের জলজ্যান্ত বর্ণনাও করল কতক্ষণ।

কালু মিয়া গোঙায়। চোখে তার বেদনার পানি। সে বলে শয়তানের চেলারা তার মাথাটা ফাটিয়ে দু'ফাঁক করে দিয়েছে। মজিদ তাকিয়ে দেখে, মস্ত ব্যান্ডেজ তার মাথায়। দেখে সে মাথা নাড়ে, দাড়িতে হাত বুলায়, তারপর দুনিয়া যে মস্ত বড় পরীক্ষাক্ষেত্র তার মধুর সুললিত কণ্ঠে বুঝিয়ে বলে। কালু মিয়া শোনে কি-না কে জানে, একঘেয়ে সুরে গোঙাতে থাকে।

রাতে এশার নামাজ পড়ে বিদায় নিতে মজিদ হঠাৎ অন্তরে কেমন বিস্ময়কর ভাব বোধ করে। কম্পাউন্ডারকে ডাক্তার মনে করে বলে,- পোলাগুলিরে একটু দেখবেন। ওরা বড় ছোয়াবের কাম করছে! ওদের যত্ন নিলে আপনারও ছোয়াব হইব।

ভাং-গাঁজা খাওয়া রসকসশূন্য হাড়গিলে চেহারা কম্পাউন্ডারের। প্রথমে দুটো পয়সার লোভে তার চোখ চকচক করে উঠেছিল, কিন্তু ছোয়াবের কথা শুনে একবার আপাদমস্তক মজিদকে দেখে নেয়। তারপর নিরুত্তরে হাতের শিশিটা ঝাঁকাতে ঝাঁকাতে অন্যত্র চলে যায়।

গ্রামে ফিরে মজিদ কালু মিয়ার বাপের সঙ্গে দু'চারটা কথা কয়। বুড়ো এক ছিলিম তামাক এনে দেয়। মজিদ নিজে গিয়ে ছেলেকে দেখে এসেছে বলে কৃতজ্ঞতায় তার চোখ ছলছল করে। হুঁকা তুলে নেবার আগে মজিদ বলে,

– কোনো চিন্তা করবানা মিয়া। খোদা ভরসা। তারপরে বলে যে, হাসপাতালের বড় ডাক্তারকে সে নিজেই বলে এসেছে, ওদের যেন আদর যত্ন হয়। ডাক্তারকে অবশ্য কথাটা বলার কোনো প্রয়োজন ছিল না, কারণ, গিয়ে দেখে, এমনিতেই শাহি কাণ্ডকারখানা। ওষুধপত্র বা সেবা শুশ্রূষার শেষ নেই।

খুব জোরে দম কষে একগাল ধোঁয়া ছেড়ে আরও শোনায় যে, তবু তার কথা শুনে ডাক্তার বলেন, তিনি দেখবেন ওদের যেন অযত্ন বা তকলিফ না হয়। তারপর আরেকটা কথার লেজুড় লাগায়। কথাটা অবশ্য মিথ্যে; এবং সজ্ঞানে সুস্থ দেহে মিথ্যে কথা কয় বলে মনে মনে তওবা কাটে। কিন্তু কী করা যায়। দুনিয়াটা বড় বিচিত্র জায়গা। সময়-অসময়ে মিথ্যে কথা না বললে নয়।

বলে, ডাক্তার সাহেব তার মুরিদ কি-না তাই সেখানে মজিদের বড় খাতির।

বাইরে নিরুদ্বিগ্ন ও স্বচ্ছন্দ থাকলেও ভেতরে ভেতরে মজিদের মন ক-দিন ধরে চিন্তায় ঘুরপাক খায়। আওয়ালপুরে যে-পির সাহেব আস্তানা গেড়েছে তিনি সোজা লোক নন। বহু পুরুষ আগে দীর্ঘ পথ শ্রম স্বীকার করে আবক্ষ দাড়ি নিয়ে শানদার জোব্বাজুব্বা পরে যে লোকটি এ-দেশে আসেন, তাঁর রক্ত ভাটির দেশের মেঘ পানিতেও একেবারে আ-নোনা হয়ে যায়নি। পানসা হয়ে গিয়ে থাকলেও পির সাহেবের শরীরে সে ভাগ্যান্বেষী দুঃসাহসী ব্যক্তিরই রক্ত। কাজেই একটা পাল্টা জবাবের অস্বস্তিকর প্রত্যাশায় থাকে মজিদ। মহব্বতনগরের লোকেরা আর ওদিকে যায় না। কাজেই, আক্রমণ যদি একান্ত আসেই আগে-ভাগে তার হদিশ পাবার জো নেই। সে জন্যে মজিদের মনে অস্বস্তিটা রাতদিন আরও খচখচ করে।

মজিদ ও-তরফ থেকে কিছু একটা আশা করলে কী হবে, তিনগ্রাম ডিঙিয়ে মহব্বতনগরে এসে হামলা করার কোনো খেয়াল পির সাহেবের মনে ছিল না। তার প্রধান কারণ তাঁর জইফ অবস্থা। এ বয়সে দাঙ্গাবাজি হৈ হাঙ্গামা আর ভালো লাগে না। সাকরেদদের মধ্যে কেউ কেউ, বিশেষ করে প্রধান মুরিদ মতলুব খাঁ, একটা জঙ্গী ভাব দেখালেও হুজুরের নিস্পৃহতা দেখে শেষ পর্যন্ত তারা ঠাণ্ডা হয়ে যায়। পির সাহেব অপরিসীম উদারতা দেখিয়ে বলেন, কুত্তা তোমাকে কামড়ালে তুমিও কি উলটে তাকে কামড়ে দেবে? যুক্তি উপলব্ধি করে সাকরেদরা নিরস্ত হয়। তবু স্থির করে যে, মজিদ কিংবা তার চেলারা যদি কেউ এধারে আসে তবে একহাত দেখে নেওয়া যাবে। সে-দিন কালুদের কল্লা যে ধড় থেকে আলাদা করতে পারেনি, সে-জন্যে মনে প্রবল আফসোস হয়।

গ্রামের একটি ব্যক্তি কিন্তু ব্যাপারটা ঠিক পছন্দ করে না। সে অন্দরের লোক, আর তার তাগিদটা প্রায় বাঁচা-মরার মতো জোরালো। পির সাহেবের সাহায্যের তার একান্ত প্রয়োজন। না হলে জীবন শেষ পর্যন্ত বিফলে যায়।

সে হলো খালেক ব্যাপারীর প্রথম পক্ষের বিবি আমেনা। নিঃসন্তান মানুষ। তেরো বছর বয়সে বিয়ে করেছিল, আজ তিরিশ পেরিয়ে গেছে। শূন্য কোল নিয়ে হা-হুতাশের সঙ্গে বুক বেঁধে তবু থাকা যেত, কিন্তু চোখের সামনে সতীন তানু বিবিকে ফি বৎসর আস্ত আস্ত সন্তানের জন্ম দিতে দেখে বড় বিবির আর সহ্য হয় না। দেখা সওয়ার একটা সীমা আছে, যা পেরিয়ে গেলে তার একটা বিহিত করা একান্ত প্রয়োজনীয় হয়ে পড়ে। আওয়ালপুরে পির সাহেবের আগমন সংবাদ পাওয়া অবধি আমেনা বিবি মনে একটা আশা পোষণ করছিল যে, এবার হয়তো বা একটা বিহিত করা যাবে। আগামী বছর তানু বিবির কোলে যখন নতুন এক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

আগন্তুক ট্যাঁ-ট্যাঁ করে উঠবে তখন তার জন্যও নানি-বুড়ির ডাক পড়বে। শেষে নানি-বুড়ি মাথা নেড়ে হেসে রসিকতা বলবে, ওস্তাদের মার শেষ কাটালে।

কিন্তু মুশকিল হলো কথাটা পাড়া নিয়ে। প্রথমত, ব্যাপারীকে নিরালে পাওয়া দুষ্কর। দ্বিতীয়ত, চোখের পলকের জন্যে পেলেও তখন আবার জিহ্বা নড়ে না। ফিকিরফন্দি করতে করতে এ-দিকে মজিদ কাণ্ডটা করে বসল। কিন্তু আমেনা বিবি মরিয়া হয়ে উঠেছে। সুযোগটা ছাড়া যায় না। সারা জীবন যে মেয়েলোকের সন্তান হয়নি, পির সাহেবের পানিপড়া খেয়ে সেও কোলে ছেলে পেয়েছে।

একদিন লজ্জা-শরমের বালাই ছেড়ে আমেনা বিবি বলেই বসে, পির সাহেবের থিকা একটু পানিপড়া আইনা দেন না।

শুনে অবাক হয় ব্যাপারী। নিটোল স্বাস্থ্য বিবির, কোনোদিন জ্বরজ্বারি, পেট-কামড়ানি পর্যন্ত হয় না।

– পানিপড়া ক্যান?

আমেনা বিবি লজ্জা পেয়ে আলগোছে ঘোমটা টেনে সেটি আরো দীর্ঘতর করে, আর তার মনের কথা ব্যাপারটা যেন বিনা উত্তরেই বোঝে, তাই দোয়া করে মনে মনে।

উত্তর পায় না বলে ব্যাপারী বোঝে। তারপর বলে, আইচ্ছা। কিন্তু পরক্ষণেই মনে পড়ে যে, পির সাহেবের ত্রিসীমায় আর তো ঘেঁষা যায় না, অবশ্য পির সাহেবকে মজিদ খোদ ইবলিশ শয়তান বলে ঘোষণা করলেও তবু বউ এর খাতিরে পানিপড়ার জন্য তার কাছে যেতে বাধতো না, কারণ পির নামের এমন মাহাত্ম্য যে, শয়তান ডেকেও সে নামকে অন্তরে অন্তরে লেবাস মুক্ত করা যায় না। গাভুর-চাষা-মাঠাইলরা পারলেও অন্তত বিস্তর জমিজমার মালিক খালেক ব্যাপারী তা পারে না। কিন্তু সাধারণ লোকে যেটা স্বচ্ছন্দে করতে পারে সেটা আবার তার দ্বারা সম্ভব নয়। তা হলো শয়তানকে শয়তান ডেকে সমাজের সামনে ভরদুপুরে তাকে আবার পির ডাকা। এবং সমাজের মূল হলো একটি লোক–যার আঙুলের ইশারায় গ্রাম ওঠে–বসে, সাদাকে কালো বলে, আসমানকে জমিন বলে। সে হলো মজিদ। জীবনস্রোতে মজিদ আর খালেক ব্যাপারী কি করে এমন খাপে খাপে মিলে গেছে যে, অজান্তে অনিচ্ছায়ও দু'জনের পক্ষে উলটো পথে যাওয়া সম্ভব নয়। একজনের আছে মাজার, আরেকজনের জমি-জোতের প্রতিপত্তি। সজ্ঞানে না জানলেও তারা একাট্টা, পথ তাদের এক।

সে-জন্যে সে ভাবিত হয়, দু'দিন আমেনা বিবির কান্নাসজল কণ্ঠের আকুতি মিনতি উপেক্ষা। করে অবশেষে বিবির কাতর দৃষ্টি সহ্য করতে না পেরেই হয়তো একটা উপায় ঠাহর করে ব্যাপারী।

ঘরে দ্বিতীয় পক্ষের স্ত্রীর এক ভাই থাকে। নাম ধলা মিয়া। বোকা কিছিমের মানুষ, পরের বাড়াতে নির্বিবাদে খায় দায় ঘুমায়, আর বোন জামাইয়ের ভাত এতই মিঠা লাগে যে, নড়ার নাম করে না বছরান্তেও। আড়ালে আড়ালে থাকে। কৃচিৎ কখনো দেখা হয়ে গেলে দুটি কথা হয় কি হয় না, কোনোদিন মেজাজ ভালো থাকলে ব্যাপারী হয়তো বা শালার সঙ্গে খানিক মস্করাও করে।

তাকে ডেকে ব্যাপারী বললে: একটা কাম করেন ধলা মিয়া?

ব্যাপারীর সামনে বসে কথা কইতে হলে চরম অস্বস্তি বোধ করে সে। কেমন একটা পালাই-পালাই ভাব তাকে অস্থির করে রাখে। কোনোমতে বলে,

– কী কাম দুলামিয়া?

কী তার কাজ ব্যাপারী আগাগোড়া বুঝিয়ে বলে। আগে প্রথমে বিবির দিলের খায়েশের কথা দীর্ঘ ভণিতা সহকারে বর্ণনা করে। তারপর বলে, ব্যাপারটা অত্যন্ত গোপনীয় এবং আওয়ালপুর তাকে রওয়ানা হতে হবে শেষরাতের অন্ধকারে, যাতে কাকপক্ষীও খবর না পায়। আর সেখানে গিয়ে তাকে প্রচুর সাবধানতা অবলম্বন করতে হবে। এ গ্রাম থেকে গেছে এ কথা ঘুণাক্ষরেও বলতে পারবে না। বলবে যে, করিমগঞ্জের ওপারে তার বাড়ি। বড় বিপদে পড়ে এসেছে পির সাহেবের দোয়াপানির জন্য। তার এক নিকটতম নিঃসন্তান আত্মীয়ার একটা ছেলের জন্য বড় সখ হয়েছে। সখের চেয়েও যেটা বড় কথা, সেটা হলো এই যে শেষ, পর্যন্ত কোনো ছেলেপুলে যদি না-ই হয় তবে বংশে বাতি জ্বালাবার আর কেউ থাকবে না। মোট কথা, ব্যাপারটা এমন করুণভাবে তাঁকে বুঝিয়ে বলতে হবে যে, শুনে পির সাহেবের মন গলে যেন পানি হয়ে যায়।

বিবির বড় ভাই, কাজেই রেস্তায় মুরুব্বি। তবু ধমকে-ধামকে কথা বলে ব্যাপারী। পরগাছা মুরুব্বিকে আবার সম্মান, তার সঙ্গে আবার কেতাদুরস্ত কথা।

– কি গো ধলা মিয়া, বুঝলান নি আমার কথাডা?

– জি, বুঝছি। কাঁধ পর্যন্ত ঘাড় কাত করে ধলা মিয়া জবাব দেয়। প্রস্তাব শুনে মনে মনে কিন্তু ভাবিত হয়। ভাবনার মধ্যে এই যে, আওয়ালপুর ও মহব্বতনগরের মাঝপথে একটা মস্ত তেঁতুল গাছ পড়ে এবং সবাই জানে যে, সেটা সাধারণ গাছ নয়, দস্তুরমতো দেবংশি।

কাকপক্ষী যখন ঘুমিয়ে থাকে তখন অনেক রাত। অত রাতে কী একাকী ঐ তেঁতুল গাছের সন্নিকটে ঘেঁষা যায়? ভাবনার মধ্যে এও ছিল যে, যে-সব দাঙ্গা-হাঙ্গামার কথা শুনেছে, তারপর কোন সাহসে পা দেয় মতলুব খাঁর গ্রামে। তেঁতুল গাছের ফাড়াটা কাটলেও ওইখানে গিয়ে পির সাহেবের দজ্জাল সাঙ্গপাঙ্গদের হাত থেকে রেহাই পাওয়া নেহাত সহজ হবে না। নিজের পরিচয় নিশ্চয়ই সে লুকোবার চেষ্টা করবে, কিন্তু ধরা পড়ে যাবে না, বিশ্বাস! কে কখন চিনে ফেলে কিছু ঠিক নেই। যে ঢেঙা লম্বা ধলা মিয়া।

– ভাবেন কী? হুমকি দিয়ে ব্যাপারী প্রশ্ন করে।

– জি, কিছু না!

তবু কয়েক মুহূর্ত তার পানে চেয়ে থেকে ব্যাপারী বলে,

– আরেক কথা। কথাডা জানি আপনার বইনে না হুনে। আপনারে আমি বিশ্বাস করলাম।

– তা করবার পারেন।

সারাদিন ধলামিয়া ভাবে, ভাবে! ভাবতে ভাবতে ধলা মিঞার কালা মিঞা বনে যাওয়ার যোগাড়। বিকেলের দিকে কিন্তু একটা বুদ্ধি গজায়। ব্যাপারীর অনুপস্থিতির সুযোগে বাইরে ঘরে বসে নলের হুঁকায় টান দিচ্ছিল, হঠাৎ সেটা নামিয়ে রেখে সে সরাসরি বাইরে চলে যায়। তারপর দীর্ঘ দীর্ঘ পা ফেলে হাঁটতে থাকে মোদাচ্ছের পীরের মাজারের দিকে। হাঁটু ঢং দেখে পথে দু-চারজন লোক থ হয়ে দাঁড়িয়ে যায়– তার ভ্রূক্ষেপ নেই।

বাইরেই দেখা হয় মজিদের সঙ্গে। গাছতলায় দাঁড়িয়ে কার সঙ্গে কথা কইছে। কাছে গিয়ে গলা নিচু করে সে বললে,

– আপনার লগে একটু কথা আছিল

গলাটা বিনয়ে নম্র হলেও উত্তেজনায় কাঁপছে।

খালেক ব্যাপারী তখন যে দীর্ঘ ভণিতা সহকারে আমেনা বিবির মনে ইচ্ছার কথা প্রকাশ করেছিল, তারই ওপর রং ফুলিয়ে, এখানে সেখানে দরদের ফোঁটা ছিটিয়ে, এ ফেনিয়ে ফুলিয়ে দীর্ঘতর করে ধলা মিয়া কথা পাড়ে। বলে, মেয়েমানুষের মন, বড় অবুঝ নইলে সাক্ষাৎ ইবলিশ শয়তান জেনেও তারই পানিপড়া খাবার সাধ জাগবে কেন আজে বিবির? কিন্তু মেয়েমানুষ যখন পুরুষের গলা জড়িয়ে ধরে তখন আর নিস্তার থাকে না খালেক ব্যাপারী আর কী করে। ধলা মিয়াকে ডেকে বলে দিল, আওয়ালপুরে গিয়ে পি সাহেবটির কাছ থেকে সে যেন পানিপড়া নিয়ে আসে।

মজিদ নীরবে শোনে। হঠাৎ তার মুখে ছায়া পড়ে। কিন্তু ক্ষণকালের জন্যে। তারপ সহজ গলায় প্রশ্ন করে,

– তা কখন যাইবেন, আওয়ালপুর?

ধলা মিয়া হঠাৎ ফিচকি দিয়ে হাসে।

– আওয়ালপুর গেলে কি আর আপনার কাছে আহি? কী কেলা পানি-পড়াডা দিব লোকটা? বেচারীর মনে মনে যখন একটা ইচ্ছা ধরছে তখন ফাঁকির কাম কি ঠিক হইব?

– আমি কই, আপনেই দেন পানিপড়াডা আর কথাডা একদম চাইপা যান। অনেকক্ষণ মজিদ চুপ হয়ে থাকে। এর মধ্যে মুখে ছায়া আসে, যায়। তার পানে চেয়ে আর দীর্ঘ নীরবতা দেখে ধলা মিঞার সব উত্তেজনা শীতল হয়ে আসে। অবশেষে সন্দিগ্ধ কণ্ঠে সে প্রশ্ন করে,

– কী কন?

– কী আর কমু। এইসব কাম কি চাপাচাপি দিয়া হয়। এ কি আইন-আদালত না মামলা মকদ্দমা? দলিল দস্তাবেজ জাল হয়, কিন্তু খোদাতা'লার কালাম জাল হয় না। আপনে আওয়ালপুরেই যান।

মুহূর্তে ধলা মিয়ার মুখ ফ্যাকাশে হয়ে ওঠে ভয়ে। রাতের অন্ধকারে দেবংশি তেঁতুল গাছটা কী যে ভয়াবহ রূপ ধারণ করে, ভাবতেই বুকের রক্ত শীতল হয়ে আসে। তাছাড়া পির সাহেবের ডাণ্ডাবাজ চেলাদের কথা ভাবলেও গলা শুকিয়ে আসে। অনেকক্ষণ চুপ করে থেকে হয়ত ভয়টাকে হজম করে নিয়ে ভগ্নগলায় ধলা মিয়া বলে,

– আপনে না দিলে না দিলেন। কিন্তু হেই পীরের কাছে আমি যামু না।

– যাইবেন না ক্যান? এবার একটু রুষ্ট স্বরে মজিদ বলে, ব্যাপারী মিয়া যখন পাঠাইছে তখন যাইবেন না ক্যান?

উক্তিটা দুইদিকে কাটে। কোনটা নিয়ে কোনটা ফেলে ঠিক করতে না পেরে ধলা মিঞা বিভ্রান্ত হয়ে যায়। অবশেষে কথাটার সঠিক মর্মার্থ উপলব্ধি করার চেষ্টা ছেড়ে সরাসরি বলে,

– হেই কথা আমি বুঝি না। কাইল সকালে এক বোতল পানি দিয়া যামু নে, আপনি পইড়া দিবেন।

ধলা মিয়ার মতলব, শেষ রাতে উঠে গ্রামের বাইরে কোথাও গা ঢাকা দিয়ে থাকবে। দুপুরের দিকে ফিরে এসে মজিদের কাছ থেকে বোতলটা নিয়ে যাবে। আর পির সাহেবের খেদমতে পৌঁছে দেবার জন্যে ব্যাপারী যে টাকা দেবে তার অর্ধেক বেমালুম পকেটস্থ করে বাকিটা মজিদকে দেবে। মজিদ প্রায় ঘরের লোক। ব্যাপারীর কাছে তার দাবি দাওয়া নেই। দিলেও চলে, না দিলেও চলে। তবু কথাটা ধামাচাপা দিয়ে রাখতে হলে মজিদের মুখবন্ধ চাপা দিতে হয়।

– তাইলে পাকাপাকি কথা হইল। ভরদুপুরে আমি আসুম নে পানিপড়া নিবার জন্য।

তারপর তাড়াতাড়ি বলে, ঠগের পিছনে বেহুদা টাকা ঢালন কি বিবেক-বিবেচনার কাম। টাকার ইঙ্গিতটা স্পষ্ট এবং লোভনীয় বটে। কিন্তু তবু মজিদ তার কথায় অটল থাকে। নিমরাজিও হয় না। কঠিন গলায় বলে।

– না, আপনে আওয়ালপুরেই যান।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

এতক্ষণ পর ধলা মিয়া বোঝে যে, মজিদের কথাটা রাগের। খাতিরে ব্যাপারীর মজিদের নির্দেশের বরখেলাফ করে সেই ঠক-পীরের কাছেই লোক পাঠাবে পড়াপানি আনবার জন্যে সেটা তার পছন্দসই নয়। না হবারই কথা। ব্যাপারটা ঘোড়া ডিঙ্গিয়ে ঘাস খাবার মতো।

ধলা মিয়া ভারীমুখ নিয়ে প্রস্থান করে। ঘরে ফিরে আবার ভাবতে শুরু করে। কিন্তু কোনো বুদ্ধি ঠাহর করবার আগেই মজিদ এসে উপস্থিত হয় ব্যাপারীর বৈঠকখানায়।

যতক্ষণ নতুন এক ছিলিম তামাক সাজানো হয় কল্কিতে, ততক্ষণ দু'জনে গরু ছাগলের কথা কয়। দুয়েক বাড়িতে গরুর ব্যারামের কথা শোনা যাচ্ছে। মজিদের ধামড়া গাইটা পেট ফুলে ঢোল হয়ে আছে। রহিমা কত চেষ্টা করছে কিন্তু গাইটা দানা-পানি নিচ্ছে না মুখে। খাচ্ছেও না কিছু, দুধও দিচ্ছে না এক ফোঁটা।

তামাক এলে কতক্ষণ নীরবে ধূমপান করে মজিদ। তারপর একসময় মুখ তুলে প্রশ্ন করে,

– হেই পিরের বাচ্চা পির শয়তানের খবর কী? এহনো ইমানদার মানুষের সর্বনাশ করতাছে না সট্‌কাইছে?

প্রশ্ন শুনে খালেক ব্যাপারী ঈষৎ চমকে ওঠে, তারপর তার চোখের পাতায় নাচুনি ধরে। চোখ অনেক কারণেই নাচে। তাই শুধু নাচলেই ঘাবড়াবার কোনো কারণ নেই। কিন্তু ব্যাপারীর মনে হয়, তামাক-ধোঁয়ার পশ্চাতে মজিদের চোখ হঠাৎ অস্বাভাবিকভাবে তীক্ষ্ণ হয়ে উঠেছে এবং সে চোখ দিয়ে সে তার মনের কথা কেতাবের অক্ষরগুলোর মতো আগাগোড়া অনায়াসে পড়ে ফেলছে।

– কী জানি, কইবার পারি না। অবশেষে ব্যাপারী উত্তর দেয়। কিন্তু আওয়াজ শুনে মনে হয় গলাটা যেন ধসে গেছে হঠাৎ। সজোরে একবার কেশে নিয়ে বলে, হয়ত গেছে গিয়া। মজিদ আস্তে বলে,

– তাইলে আর তানার কাছে লোক পাঠাইয়া কী করবেন?

– লোক পাঠামু তানার কাছে! বিস্ময়ে ব্যাপারী ফেটে পড়ে। কিন্তু মজিদের শীতল চোখ দুটোর পানে তাকিয়ে হঠাৎ সে বোঝে যে, মিথ্যা কথা বলা বৃথা। শুধু বৃথা নয়, চেষ্টা করলে ব্যাপারটা বড় বিসদৃশও দেখাবে। যে করেই হোক, মজিদ খবরটা জেনেছে।

একবার সজোরে কেশে ধসে যাওয়া গলাকে অপেক্ষাকৃত চাঙ্গা করে তুলে ব্যাপারী বলে,

– হেই কথা আমিও ভাবতাছি। আছে কি না আছে-হুদা-হুদি পাঠান। তবু মেয়েমানুষের মন। সতীন আছে ঘরে। ক্যামনে কখন দিলে চোট পায় ডর লাগে। তা যাক। পাইলে পাইল, না পাইলে নাই। আসলে মন বোঝান আর কী। ঠগ পীরের পানি পড়ায় কী কোনো কাম হয়?

ধাক্কাটা সামলে নিয়ে ব্যাপারী ধীরে ধীরে সব বুঝিয়ে বলবার চেষ্টা করে। বলে, মজিদকে সে বলে-বলে করেও বলতে পারেনি। আসল কথা তার সাহস হয়নি, পাছে মজিদ মনে ধরে কিছু।

কথাটা মজিদের যে পছন্দ হয় তা স্পষ্ট বোঝা যায়। সে হুঁকায় জোর টান দিয়ে একগালা ধোঁয়া ছেড়ে চোখ গম্ভীর করে তোলে। ব্যাপারীর মতো বিস্তর জমিজমার মালিক ও প্রতিপত্তিশালী লোক তাকে ভয় পায়-শুনে পুলকিত হবারই কথা। ব্যাপারী আরও বলে যে, ধলা মিয়াকে বিস্তারিত নির্দেশ দিয়েছে ঘুণাক্ষরেও কেউ যেন বুঝতে না পারে সে মহব্বতনগরের লোক। তাছাড়া, এ গ্রামে কেউ যেন তাকে আওয়ালপুর যেতে না দেখে। কারণ, তাহলে মজিদের নির্দেশের বরখেলাপ করা হয় খোলাখুলিভাবে।

ধলা মিয়ারে যতটা বেকুফ ভাবছিলাম, ব্যাপারী বলে, ততটা বেকুফ হে না। হে ভাবছে ছয়া পানি আইনা ফায়দা কী। তানার যখন একটা ছেলের সখ হইছেই...

মজিদ বাধা দেয়। ধলা মিয়ার গুণচর্চায় তার আকর্ষণ নেই। হঠাৎ মধুর হাসি হেসে বলে,

– খালি আমার দুঃখডা এই যে, আপনার বিবি আমারে একবার কইয়াও দেখলেন না। আমার থিকা ঠগ-পির বেশী হইল? আমার মুখে কী জোর নাই?

– আহা-হা, মনে নিবেন না কিছু। মেয়েমানুষের মন। দূর থিকা যা হোনে তাতেই ঢলে।

– কথাডা ঠিক কইছেন। মজিদ মাথা নেড়ে স্বীকার করে। তারপর বলে, তয় কথা কি, তাগো কথা হুনলে পুরুষমানুষ আর পুরুষ থাকে না, মেয়েমানুষেরও অধম হয়। তাগো কথা হুনলে কি দুনিয়া চলে?

ব্যাপারীর মস্ত গোঁফে আর ঘন দাঁড়িতে পাক ধরেছে। মজিদের কথা সে গভীরভাবে লজ্জা পায়। তখনকার মতো মজিদের ভঙ্গিতেই বলে,

– ঠিকই কইছেন কথাডা। কিন্তু কি করি এহন। কাইন্দাকাইটা ধরছে বিবি।

– তানারে কন, পেটে যে বেড়ি পড়ছে হে বেড়ি না খোলন পর্যন্ত পোলাপাইনের আশা নাই। শয়তানের পানিপড়া খাইয়া কি হে বেড়ি খুলবো?

পেটে বেড়ি পড়ার কথা সম্পূর্ণ নতুন শোনায়। শুনে ব্যাপারীর চোখ হঠাৎ কৌতূহলে ভরে ওঠে। সে ভাবে, বেড়ি, কিসের বেড়ি?

মজিদ হাসে। ব্যাপারীর অজ্ঞতা দেখেই তার হাসি পায়। তারপর বলে,-পেটে বেড়ি পড়ে বইলাই তো স্ত্রীলোকের সন্তানাদি হয় না। কারও পড়ে সাত প্যাঁচ, কারও চোদ্দো। একুশ বেড়িও দেখছি একটা। তয় সাতের উপর হইলে ছাড়ান যায় না। আমার বিবির তো চোদ্দো প্যাঁচ।

ব্যাপারী উৎকণ্ঠিত কণ্ঠে প্রশ্ন করে,

– আমার বিবিরডা ছাড়ান যায় না?

– ক্যান যায় না। তয় কথা হইতেছে, আগে দেখন লাগবো কয় প্যাঁচ তানার। কথাটা শুনে ব্যাপারী আবার না ভাবে যে, মজিদ তার স্ত্রীর উদরাঞ্চল নগ্নদৃষ্টি দিয়ে তাকিয়ে দেখবে-তাই তাড়াতাড়ি বলে এর একটা উপায় আছে।

উপায়টা কী, বলে মজিদ। একদিন সেহরি না খেয়ে আমেনা বিবিকে রোজা রাখতে হবে। সেদিন কারও সঙ্গে কথা কইতে পারবে না এবং শুদ্ধচিত্তে সারাদিন কোরান শরিফ পড়তে হবে। সন্ধ্যায় দিকে এফতার না করে মাজার শরীফে আসতে হবে। সেখানে মজিদ বিশেষ ধরনের দোয়া দরুদ পড়ে একটা পড়াপানি তৈরি করে তাকে পান করতে দেবে। তারপর আমেনা বিবিকে মাজারের চারপাশে সাতবার ঘুরতে হবে।

যদি সাত প্যাঁচ হয় তবে সাত পাক দেবার পরই হঠাৎ তার পেট ব্যথায় টনটন করে উঠবে। ব্যথাটা এমন হবে যে, মনে হবে প্রসববেদনা উপস্থিত হয়েছে।

ব্যাপারী উদ্বিগ্ন কণ্ঠে প্রশ্ন করে,

– আর সাত পাকে যদি ব্যথা না উঠে?

– তয় বুঝতে হইবে যে, তানার চোদ্দা প্যাঁচ কি আরও বেশি। সাত প্যাঁচ হইলে দুশ্চিন্তার কারণ নাই।

তারপর মজিদ আবার গরুছাগলের কথা পাড়ে। একসময় আড়চোখে ব্যাপারীর পানে তাকিয়ে দেখে, গৃহপালিত জীবজন্তুর ব্যারামের কথায় তেমন মনোযোগ যেন নেই তার। আরও দু'চারটে অসংলগ্ন কথার পর মজিদ ওঠে পড়ে।

– ফেরবার পথে মোল্লা শেখের কাছে কাঁঠাল গাছের তলে একটা মূর্তি নজরে পড়ে। মূর্তি ওখানেই দাঁড়িয়ে ছিল না, তাকে আসতে দেখে দাঁড়িয়েছে। মগরেবের কিছু দেরি আছে, কিন্তু শীতসন্ধ্যা ধোঁয়াটে বলে দূর থেকে অস্পষ্ট দেখায় সে মূর্তি। তবু তাকে চিনতে মজিদের এক পলক দেরি হয় না। সে হাসুনির মা। মুখটা ওপাশে ঘুরিয়ে আলতোভাবে দাঁড়িয়ে আছে।

নিকটবর্তী হতেই হাসুনির মা কেমন এক কান্নার ভঙ্গিতে মুখ হাতে ঢাকে। আরও কাছে গিয়ে মজিদ থমকে দাঁড়ায়, দাঁড়িতে হাত সঞ্চালন করে কয়েক মুহূর্ত তাকে চেয়ে দেখে। তারপর বলে,

– কী গো হাসুনির মা?

যে-কান্নার ভঙ্গিতে তখন হাতে মুখ ঢেকেছিল সে এবার মজিদের প্রশ্নে আস্তে নাকিসুরে কেঁদে ওঠে। কান্নাটাই মুখ্য উদ্দেশ্য নয়, আসল উদ্দেশ্য এই বলা যে, যা ঘটছে তা হাসবার নয়, কান্নার ব্যাপার।

আকস্মিক উদ্বেগ বোধ করে মজিদ। মেয়েটার চলন-বলন কেমন যেন নম্র। বয়স হলেও আনাড়ি বেঠিকপানা ভাব। হাতে নিলে যেন গলে যাবে। মাসখানেক আগে একদিন শেষরাতে খড়কুটোর উজ্জ্বল আলোয় যার নগ্ন বাহু-পিঠ-কাঁধ দেখেছিল মজিদ, সে যেন ভিন্ন কোনো মানুষ। এখন তাকে দেখে শ্বসন দ্রুততর হয় না।

কণ্ঠে দরদ মাখিয়ে মজিদ প্রশ্ন করে,

– কী হইছে তোমার বিটি?

এবার নাক ফ্যাৎ ফ্যাৎ করে হাসুনির মা অস্পষ্ট বলে,

– মা মরছে!

বজ্জাহত হবার ভান করে মজিদ। আর তার মুখ দিয়ে অভ্যাসবশত সে কথাটাই নিঃসৃত হয়, যা আজ কতশত বছর যাবৎ কোটি কোটি খোদার বান্দারা অন্যের মৃত্যু সংবাদ শুনে উচ্চারণ করে আসছে। তারপর বলে,

– আহা, ক্যামনে মরলো গো বেটি?

– অ্যামনে।

এমনি মারা গেছে কথাটা কেমন যেন শোনায়। পলকের মধ্যে মজিদের স্মরণ হয় তাহেরের বৃদ্ধ ঢেঙা বাপের বিচারের দৃশ্য। তার জন্য অবশ্য অনুতাপ বোধ করে না মজিদ। কেবল মনে হয় কথাটা। থেমে আবার প্রশ্ন করে,

– ছ্যাম রারা কই?

– আছে। ধান বিক্রি কইরা ঠ্যাঙের উপর ঠ্যাঙ তুইলা আছে। ছোটডি কয় কেরায়া নায়ের মাঝি হইব।

– দাফন-কাফনের যোগাড়যন্ত্র করতাছেনি?

– করতাছে। মোল্লা শেখে জানাজা পড়াব।

খেলাল তুলে হঠাৎ দাঁত খোঁচাতে থাকে মজিদ, কপালে ক-টা রেখা ফোটে। তারপর চিন্তিত গলায় বলে,

– মওতের আগে খোদার কাছে মাফ চাইছিলনি তহুর মা?

ধাঁ করে হাসুনির মা মুখ ঘুরিয়ে তাকায় মজিদের পানে। দেখতে না দেখতে চোখে ভয় ঘনিয়ে ওঠে।

– মাফ চাইছিল কি না কইবার পারি না!

কয়েক মুহূর্ত মজিদ নীরব থাকে। এ সময় কপালে আরো কয়েকটি রেখা ফুটে ওঠে। কিছু না বললেও হাসুনির মা বোঝে, মজিদ তার মায়ের কবরের আজাবের কথা ভাবে। মায়ের মৃত্যুতে সে তেমন কিছু শোক পেয়েছে বলা যায় না। বার্ধক্যের শেষ স্তরে কারও মৃত্যু ঘটলে দুঃখটা তেমন জোরালোভাবে বুকে লাগে না। তবে মায়ের কোঁকড়ানো রগ ঝোলা যে মৃত দেহটি এখনো ঘরের কোণে নিস্পন্দভাবে পড়ে আছে সে দেহটিকে নিয়ে যখন পেছনের জঙ্গলের ধারে কদম গাছের তলে কবর দেওয়া হবে, তখন হয়ত দমকা হওয়ার মতো বুকে সহসা হাহাকার জাগবে। তারপর শীঘ্র আবার মিলিয়ে যাবে সে হাহাকার। কিন্তু তার মা নিঃসঙ্গ সে কবরে লোক চোখের অন্তরালে অকথ্য যন্ত্রণাভোগ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

করবে-একথা ভাবতেই মেয়ের মন ভয়ে ও বেদনায় নীল হয়ে ওঠে। কলাপাতার মতো কেঁপে উঠে সে প্রশ্ন করে,

– মায়ের কবরে আজাব হইব?

সরাসরি কথাটার উত্তর দিতে মজিদের মুখে বাঁধে। থেমে বলে,

– খোদা তারে বেহেস্তে-নসিব কর, আহা!

একবার আড়চোখে তাকায় হাসুনির মা-র দিকে। চোখে মরণ-ভীতির মতো গাঢ় ছায়া দেখে হয়ত বা একটু দুঃখও হয়। ভাবে, তার জন্যে লোকটি নিজেই দায়ী। আর যাই হোক, মজিদের কথাকে যে অবহেলা করে খাড়া হয়ে দাঁড়াতে চায় তাকে সে মাফ করতে পারে না।

তারপর দ্রুত পায়ে হাঁটতে শুরু করে মজিদ। বাঁ ধারে মাঠ। দিগন্তের কাছে ধূসর ছায়া দেখে মনে ভয় হয়। নামাজ ক্বাজা হবে না তো?

পরের শুক্রবার আমেনা বিবি রোজা রাখে। পির সাহেবের পানি পড়া পাবে না জেনে প্রথমে নিরাশ হয়েছিল, কিন্তু পেটে বেড়ির কথা শুনে এবং প্যাঁচ যদি সাতটির বেশি না হয় তবে মজিদ তার একটা বিহিত করতে পারবে শুনে শীঘ্র মন থেকে নিরাশা কেটে গিয়ে আশার সঞ্চার হলো। আস্তে আস্তে একটা ভয়ও এল মনে। প্যাঁচ যদি সাতের বেশি হয়, চোদ্দো কিংবা একুশ? মজিদের নিজের বউয়ের তো সাতের বেশি। সে নাকি একুশও দেখেছে।

ব্যাপারটা গোপন রাখবে স্থির করেছিল আমেনা বিবি কিন্তু এ-সব কথা হলে বাতাসে কথা হতে শুরু করে। তানু বিবিই গল্প ছড়ায় এবং শুক্রবার সকাল থেকে নানা মেয়েলোক আসতে থাকে দেখা করতে। আমেনা বিবি কারও সঙ্গে কথা কয় না। ঘরের কোণে আবছায়ার মধ্যে মাদুরে বসে গুনগুনিয়ে কোরান শরীফ পড়ে।

মাথায় ঘোমটা, মুখটা ইতিমধ্যে দুশ্চিন্তায় শুকিয়ে উঠেছে। পাড়াপড়শিরা এসে দেখে-দেখে যায়, তারপর আড়ালে তানু বিবির সঙ্গে নিচু গলায় কথা কয়। তানু বিবি অবিশ্রান্ত পান বানায় আর মেহমানদের খাওয়ায়।

দুপুরের কিছু আগে মজিদের বাড়ি থেকে রহিমা আসে। হাতে ঘষা-মাজা তামার গ্লাসে পানি। এমনি পানি নয়-পড়াপানি। মজিদ বলে পাঠিয়েছে গোসল করার আগে আমেনা বিবি পেটে পানিটা যেন ঘষে। দোয়া-দরুদ পড়া পানি, তার প্রতিটি ফোঁটা পবিত্র। কাজেই মাখবার সময় পুকুরের পানিতে দাঁড়িয়েই যেন মাখে।

রহিমা সঙ্গে সঙ্গে ফিরে যায় না। পান-সাদা খায়, তানু বিবির সঙ্গে সুখ-দুঃখের কথা কয়। একসময় তানু বিবি প্রশ্ন করে,

– বইন, আপনেও তো মাজারের পাশে সাত পাক দিছেন, না?

– আমি দেই নাই।

– দেন নাই? বিস্মিত হয়ে তানু বিবি বলে। – তয় তানি ক্যামনে জানলেন আপনার চোদ্দ প্যাঁচ?

রহিমা লজ্জার হাসি হেসে বলে,

– তানি যে আমার স্বামী। স্বামী হইলে এমনিই বোঝো

তয় তানি বোঝেন না ক্যান? তানু বিবির তানি মানে খালেক ব্যাপারী।

রহিমা মুশকিল পড়ে। দুই তানিতে যে প্রচুর তফাৎ আছে সে কথা কী করে বোঝায়! তানু বিবি একটু বোকা অথচ আবার দেমাকি কিছিমের মানুষ। স্বামী বিস্তর জমিজমার মালিক বলে ভাবে, তার তুলনায় আর কেউ নেই। শেষে রহিমা আস্তে বলে,

– তানি যে খোদার মানুষ।

আমেনা বিবিকে গোসল করিয়ে ফেরে রহিমা। মজিদ উৎকণ্ঠিত স্বরে বলে,

– পড়া পানিডা নাপাক জাগায় পড়ে নাই তো?

– না! যা পড়েছে তালাবের মধ্যেই পড়েছে।

সূর্য যখন দিগন্ত সীমার কাছাকাছি পৌঁছেছে তখন জোয়ান মদ্দ দু'জন বেহারা পালকি এনে লাগাল অন্দর ঘরের বেড়ার পাশে।

এক ঢিলের পথ, কিন্তু ব্যাপারীর বউ হেঁটে যেতে পারে না।

ব্যাপারী হাঁকে, -কই তৈয়ার হইছেননি?

আমেনা বিবি আবছায়ার মধ্যে তখনো গুনগুনিয়ে কোরান শরীফ পড়ছে। দুপুরের দিকে চেহারায় তবু কিছু জৌলুস ছিল, এখন বেলাশেষের ম্লান আলোয় একেবারে ফ্যাকাশে ঠেকে। তার চোখের সামনে আঁকাবাঁকা প্যাঁচানোর অক্ষরগুলো নাচে, আবছা হয়ে গিয়ে আবার স্পষ্ট হয়ে ওঠে, ছোট হয়ে আবার হঠাৎ বড় হয়ে যায়। আর শুষ্ক ঠোঁট দুটো থেকে থেকে থরথরিয়ে কেঁপে ওঠে।

তানু বিবি গিয়ে ডাকে,

– ওঠ বুবু, সময় হইছে।

ডাক শুনে ফাঁসির আসামির মতো আমেনা বিবি চমকে উঠে ভীত-বিহ্বল দৃষ্টিতে একবার তাকায় সতীনের পানে। তারপর ছুরা শেষ করে কোরান শরীফ বন্ধ করে, গেলাফে ভরে, শেষে পালকস্পর্শের মতো আলগোছে তাতে চুমু খায়। সেটা ও রেহেল নিয়ে উঠে দাঁড়াতেই হঠাৎ তার মাথা ঘুরে চোখ অন্ধকার হয়ে যায়, আর শরীরটা টাল খেয়ে প্রায় পড়ে যাবার উপক্রম করে। তানু বিবি ধরে ফেলে তাকে। তারপর একটু আদা-নুন মুখে দিয়ে ঘরের কোণেই মগরেবের নামাজটা আমেনা বিবি সেরে নেয়।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

উঠানের পথটুকু অতিক্রম করতে অত্যন্ত পরিশ্রান্ত বোধ করে আমেনা বিবি। পুরা দিন রোজা রেখেও যে বিন্দুমাত্র কাহিল হয় না সে একদিনের রোজাতেই একেবারে ভেঙে গেছে। গায়ে মাথায় বুটিদার হলুদ রঙের একটা চাদর দিয়েছে। সেটা বুকের চেপে ধরে গুটি গুটি পায়ে হাঁটে। কিসের এত ভয় তাকে পিষে ধরেছে ক-ঘন্টায় যে রোগভোগ করা মানুষের মতো তাকে দুর্বল করে ফেলেছে? এক যুগেরও ওপরে যে নিঃসন্তান থাকতে পারল সে যদি জানে যে, ভবিষ্যতেও সে তেমনি নিঃসন্তান থাকবে, তবে মুষড়ে যাবার কী আছে? এ প্রশ্ন আমেনা বিবি তার নিজের মনকেই জিজ্ঞাসা করে।

তবে কথা হচ্ছে কী, তেরো বছরের কথা একদিনে জানেনি, জেনেছে ধাপে ধাপে, ধীরে, প্রতি বৎসরের শূন্যতা থেকে। সে শূন্যতাও আবার পরবর্তী বছরের আশায় শীষ তেজশূন্য হয়ে গেছে। ভবিষ্যৎ জীবনের শূন্যতার কথা তেমনি বছরে-বছরে যদি জানে আঘাতটা দীর্ঘকালব্যাপী সময়ের মধ্যে ছড়িয়ে গিয়ে তীব্রতায় হ্রাস পাবে, মনে কিছু লাগলেও গায়ে লাগবে না। কিন্তু এক মুহূর্তে সে কথা জানলে বুক ভেঙে যাবে না, থাকবার তাগিদ কি হঠাৎ ফুরিয়ে যাবে না?

সে ভয়েই দু'কদমের পথ ঘাসশূন্য মসৃণ ক্ষুদ্র উঠানটা পেরুতে গিয়ে আমেনা বি পা চলে না; সে ভয়ের জন্যেই জোর পায় না কোমরে, চোখে ঝাপসা দেখে। একবার ফিরে যায় ঘরে। কাজ কী জেনে ভবিষ্যতের কথা। যাই হোক, দয়ালুদের মধ্যে সেরা সে খোদার ইচ্ছাই তো অক্ষরে অক্ষরে প্রতিপালিত হবে।

কিন্তু গুটি গুটি করে চললেও পা এগিয়ে চলে। মনের ইচ্ছায় না হলেও চলে লোক খাতিরে। ঢাকঢোল বাজিয়ে যোগাড়যন্ত্র করিয়ে এখন পিছিয়ে যেতে পারে না। পুরুষ হয়তো বা পারত, মেয়ে-লোক হয়ে পারে না। সমাজ যাকেই ক্ষমা করুক না কেন, ইচ্ছা দ্বারা চালিত, দো-মনা খুশির বশের মানুষের আয়োজন ভঙ্গ করা নারীকে ক্ষমা না। এ সমাজে কোনো মেয়ে আত্মহত্যা করবে বলে একবার ঘোষণা করে, সে মনের আবার বিপরীত কথা বলতে পারে না।

সমাজই আত্মহত্যার মাল-মশলা জুগিয়ে দেবে, সর্বতোভাবে সাহায্যে করবে যাতে নিয়ত হাসিল হয়, কিন্তু ফাঁকি দিয়ে তাকে আবার বাঁচতে দেবে না। মেয়ে লোকের মু মস্করা সহ্য করবে অতটা দুর্বল নয় সমাজ। এখানে তাদের বেহুদাপনার জায়গা নেই।

মজিদ অপেক্ষা করছিল। বেহারারা পালকিটা মাজার ঘরের দরজার কাছে আ নামিয়ে রাখল।

ব্যাপারী মজিদের কাছে গিয়ে দাঁড়ায়। আস্তে বলে, – নাববো?

মজিদ আজ লম্বা কোর্তা পরেছে, মাথায় ছোটখাটো একটা পাগড়িও বেঁধেছে। গম্ভীর। বলে,

– তানারে নামাইয়া মাজার ঘরের ভিতরে নিয়া যান। থেমে বলে, -তানার ওজু আছেনি?

ব্যাপারী ছুটে যায় পালকির কাছে। পর্দা ঈষৎ ফাঁক করে নিচু গলায় প্রশ্ন করে, -আ নি ওজু?

অস্পষ্ট ভঙ্গিতে মাথা নেড়ে আমেনা বিবি জানায়, আছে?

-তয় নামেন।

মজিদ একটু তফাতে দাঁড়িয়ে থাকে। হঠাৎ চিকন সুরে দোয়া দরুদ পড়তে শুরু ক গলায় বিচিত্র সূক্ষ্ম কারুকার্যের খেলা হতে থাকে। কিন্তু তাতে চোখের তীক্ষ্ণতা কাটে চোখ হঠাৎ তার তীক্ষ্ণ হয়ে উঠেছে। পালকির পর্দা ফাঁক করে নামবার জন্যে আমেনা বি যখন এক পা বাড়ায় তখন সূচের তীক্ষ্ণতায় তার দৃষ্টি বিদ্ধ হয় সে পায়ে। সাদা মসৃণ রোদ, পানি বা পথের কাদামাটি যেন কখনো স্পর্শ করেনি। মজিদের গলার কারুকার্য সূক্ষ্ম হয়।

হলুদ রঙের বুটিদার চাদরটা আমেনা বিবি ঘোমটার ওপরে টান করে ধরে রেখে তবু পালকি থেকে নেমে সে যখন মাজার ঘরে গিয়ে দাঁড়ায় তখন আড়চোখে তার পা তাকিয়ে মজিদ কিছুটা বিস্মিত হয়। নতুন বউ এর মতো চোখ তার বোজা। তবে লজ্জায় নয় তা দ্বিতীয়বার তাকালেই বোঝা যায়। লজ্জায় ম্রিয়মাণ নতুন বউ এর আত্মসচে রক্তাভা তাতে নেই। সে-মুখ ফ্যাকাশে, রক্তশূন্য, এবং সে মুখে দুনিয়ার ছায়া নেই।

আমেনা বিবি কয়েক মুহূর্তের জন্যে চোখটা আধাআধি খোলে। ঘরে ইতোমধ্যে অন্ধকার ঘনিয়ে উঠেছে। দুটো মোমবাতি ম্লানভাবে আলো ছড়ায়। সে আলোর সামনে দেখে ঝালরওয়ালা সালু কাপড়ে আবৃত চিরনীরব মাজারটি। সে নীরবতা বিস্ময়করভাবে শক্তিমান। আর সে শক্তি বিদ্যুৎ চমকের মতো শতফলায় বিচ্ছুরিত হয় প্রতি মুহূর্তে। মানুষের রক্তস্রোত যদি থেমেও থাকে তবে তার আঘাতে আশা ও বিশ্বাসের জোর আসে ধমনিতে। তথাপি মহা আকাশের মতোই সে মাজার প্রগাঢ় নীরব, আর মহা আকাশের মতোই বিশাল ও অন্তহীন সে নীরবতা। যে আমেনা বিবি চোখ আধা খুলে তাকায় সেদিকে সে আর পলক ফেলে না।

মজিদ আবার আড়চোখে তাকায় তার পানে। কী দেখে আমেনা বিবি? মাজারের অমন করে কাউকে সে দেখতে দেখেনি। তার ঠোঁট বিড়বিড় করে, গলায় তেমনি সূক্ষ্ম সূক্ষ্ম লহরি খেলে। কিন্তু এবার সে থামে, জিহ্বা দিয়ে ঠোঁট ভিজিয়ে গলা কাশে।

– তানারে বইবার কন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ব্যাপারী বিবিকে বলে,

– বহেন।

মাজারের ধারটিতে আমেনা বিবি আস্তে বসে। তাকায় না কারো পানে। মাজারের নীরবতা যেন তার বুক ভরিয়ে দিয়েছে। সে আবার চোখ বুজে থাকে। মনে হয় তার শান্তি হয়েছে, আর আশা নেই। সন্তানের কামনা এক বৃহৎ সত্যের উপলব্ধির মধ্যে বিলীন হয়ে গেছে, লোভ বাসনার অবসান হয়েছে। তাই হয়ত মজিদের ভয় হয়। সে আর তাকায় না এদিকে। তবু বিড়বিড় করে। নিজের ক্ষুদ্র কোটরাগত চোখে চমক জাগে থেকে থেকে।

ঘরের কোণে একটি পাত্রে পানি ছিল। এবার সেটি তুলে নিয়ে মজিদ অন্য ধারে গিয়ে বসে। পানি পড়বে, যে পড়াপানি খেয়ে আমেনা বিবি পাক দেবে। তার ঠোঁট তেমনি বিড়বিড় করে, হাতে পানির পাত্রটা তুলে নেওয়ায় হয়ত-বা ঈষৎ দ্রুততর হয়। ঘরের মধ্যে প্রগাঢ় নিঃশব্দতা। এ নিঃশব্দতার মধ্যে গলার অস্পষ্ট মিহি আওয়াজ কোনো আদিম সাপের গতির মতো জীবন্ত হয়ে থাকে। তার কণ্ঠে যদি সাপের গতি থাকে তবে তার মনেও এক উদ্যত সাপ ফণা তুলে আছে ছোবল মারবার জন্য। আমেনা বিবির বোজা চোখ মজিদের ভালো লাগে না, কিন্তু পালকি থেকে নামবার সময় তার যে সাদা সুন্দর পা-টা দেখেছিল, সে-পা-ই তার মনের সাপকে জাগিয়ে তুলেছে। সাপ জেগে উঠেছে ছোবল মারবার জন্য। স্নেহ-মমতাই যদি গলগলিয়ে, গদগদ হয়ে জেগে উঠতো তবে মজিদ রূপালি ঝালরওয়ালা চমৎকার সালু কাপড়টাই ছিঁড়ে এখানকার ঘরবাড়ি ভেঙে অনেক আগে প্রাণের ভয়ে পালিয়ে যেত। এবং যেত সেখানেই যেখানে নির্মল আলো হাওয়া রোগ-জীবাণু-ভরা লালাসিক্ত কেতাবের জালির মধ্যে দিয়ে নিঃসৃত হয়ে আসে না, আসে উন্মুক্ত বিশাল আকাশ পথে সেখানে কাদামাটি লাগেনি এমন পা দেখে অন্তরে বিষাক্ত সাপ জেগে উঠে ফণা ধরে না।

থেকে থেকে মজিদ পানিতে ফুঁ দেয়। আর আবছা আলোয় তার ক্ষুদ্র চোখ চক্কর খায়। কখনো তার দৃষ্টি খালেক ব্যাপারীর ওপরও নিবদ্ধ হয়। আজ তার পানে তাকিয়ে মজিদের মনে হয়, ব্যাপারীর মেদবহুল স্ফীত উদরসম্বলিত দেহটি কেমন যেন অসহায়। একটু তফাতে সে যে মাথা নিচু করে বসে আছে, সে বসে থাকার মধ্যে শক্তি নেই। সে কেমন ধসে আছে, বিস্তর জমিজমাও ঠেস দিয়ে ধরে রাখতে পারে নি তার স্থূল দেহটা। চোখ আবার ঘোরে, চক্কর খায়। হলুদ রঙের বুটিদার চাদরে ঢাকা মুখটা এখান থেকে নজরে পড়ে না। তবু থেকে থেকে সেখানেই চক্কর খায় মজিদের ঘূর্ণমান দৃষ্টি।

এক সময় মজিদ উঠে দাঁড়ায়। গলা কেশে আস্তে বলে,

– পানিটা দেন।

ব্যাপারীও তার স্থূল দেহ নিয়ে উঠে দাঁড়ায়। এগিয়ে এসে পানিটা নেয়, তারপর আমেনা বিবির মৃত মানুষের মতো স্তব্ধ মুখের সামনে সেটা ধরে আমেনা বিবি চোখ খুলে তাকায়, আস্তে, পাপড়ি খোলার মতো। তারপর চাদরের তলে একটা হাত নড়ে সে হাতটি ধীরে ধীরে বেরিয়ে পাত্রটি যখন নেয় তখন একবার তার চুড়িতে অতি মৃদু ঝংকার ওঠে।

আমেনা বিবি পাত্রটি কয়েক মুহূর্ত মুখের সামনে ধরে থাকে, তারপর তুলে ঠোঁটের কাছে ধরে। একটু পরে প্রগাঢ় নীরবতায় মজিদের সজাগ কানে সাবধানী বেড়ালের দুধ খাওয়ার মতো চুকচুক আওয়াজ এসে বাজে। পান করায় অধীরতা নেই। খোদার নামছোঁয়া পানি। তালাবের সাধারণ পানি নয়। তাছাড়া তৃষ্ণার পানিও নয় যে, শুষ্ক গলা নিমেষে শুষে নেবে সবটা। ধীরে ধীরে পান করে সে, বুকটা শীতল হয়। তারপর মুখ না ফিরিয়ে আস্তে শূন্য পাত্রটা বাড়িয়ে ধরে। পায়ের মতো সুন্দর হাত। মোমবাতির ম্লান আলোয় মনে হয়, সে-হাত শুধু সাদা নয় অদ্ভুতভাবে কোমল।

হাতটি যখন আবার চাদরের তলে অদৃশ্য হয়ে যায়। তখন মজিদ বলে, -তানারে উঠবার কন। এহন পাক দেওন লাগব।

আমেনা বিবি উঠে দাঁড়ায়। দাঁড়িয়েই মনে হয় বসে পড়বে, কিন্তু সামান্য দুলেই স্থির হয়ে যায়।

– আমি দোয়া-দরুদ পড়তাছি। তানারে পাক দিবার কন। ডাইন দিক থিকা পাক দিবেন, আগে ডাইন পা বাড়াইবেন। বাড়ানের আগে বিসমিল্লাহ কইবেন।

মজিদ কোণে বসে। একবার সামনে দিয়ে যখন আমেনা বিবি ঘুরে যায় তখন তার চোখ চকচক করে ওঠে আবছা অন্ধকারে। কালো রঙের পাড়ের তল থেকে আমেনা বিবির পা নিঃশব্দে বেরিয়ে আসে; একবার ডান পা, আরেকবার বাঁ। শব্দ হয় না। কাছাকাছি যখন আসে তখন মজিদ একবার ঢোক গেলে, তারপর কণ্ঠের সুর আরো মিহি করে তোলে।

একপাক, দুইপাক। আমেনা বিবি স্বপ্নের ঘোরে যেন হাঁটে। যে স্তব্ধতায় তার মুখ জমে আছে, সে স্তব্ধতায় বিন্দুমাত্র প্রাণ নেই। অতীতের স্মৃতির মতো মনে পড়ে কী একটা বাসনার কথা বছরে বছরে যে বাসনা অপূর্ণ থেকে আরও তীব্রতর হয়েছে কী একটা অভাবের কথা, কী একটা শূন্যতার কথা। কিন্তু সে সব অতীতের স্মৃতির মতো অস্পষ্ট। একটি মহাশক্তির সন্নিকটে এসে মানুষ আমেনা বিবির আর সুখ-দুঃখ অভাব অভিযোগ নেই। একটা প্রখর অত্যুজ্জ্বল আলো তার ভেতরটা কানা করে দিয়েছে। সেখানে তার নিজের কথা আর চোখে পড়ে না।

একপাক, দুইপাক, তারপর তিনপাকে অর্ধেক। ক-পা এগুলেই মজিদকে পেরিয়ে যাবে। কিন্তু এমন সময় হঠাৎ বৈশাখী মেঘের আকস্মিক আর্বিভাবের মতো কী একটা বৃহৎ ছায়া এসে আমেনা বিবিকে অন্ধকার করে দিল। অর্থ না বুঝে মুখ ফিরিয়ে স্বামীর পানে তাকাবার চেষ্টা করল, হয়ত-বা-তাকে আলিঝালি দেখলও। কিন্তু তারপর আর কিছু দেখল না, জানল না ক-প্যাঁচ পড়েছে তার পেটে, জানল না মাজারের মধ্যে শায়িত শক্তিশালী লোকটির কী বলবার আছে, ক'পাক দিলে তাঁর অন্তরে দয়া উথলে উঠতো।

ব্যাপারী বিদ্যুৎগতিতে উঠে পড়ে অস্ফুট কণ্ঠে আর্তনাদ করে বলে, -কী হইল?

চোখের সামনে আমেনা বিবি মূর্ছা গেছে। বুটিদার চাদরটা আর হাত দিয়ে আঁকড়ে ধরে রাখতে পারেনি বলে তার মুখটা খোলা। সে মুখে দাঁত লেগে আছে।

বাইরে মাজারে রহিমা আসে না। আজ আমেনা বিবি এসেছে বলে হয়ত আসত যদি না সঙ্গে থাকত ব্যাপারী। মাজার ঘরের বেড়ার ফুটোতে চোখ পেতে সে ব্যাপারটা দেখছিল। সঙ্গে হাসুনির মা-ও ছিল। রহিমা মনে মনে স্থির করেছিল, পাক দেওয়া চুকে গেলে আমেনা বিবিকে ভেতরে নিয়ে যাবে, সখ করে যে ফিরনিটা করেছে তা দেবে খেতে, তারপর দুয়েক খিলি পান চিবোতে চিবোতে দু'দণ্ড সুখ-দুঃখের গল্পও করবে। নিজে সে স্বল্প-ভাষী মানুষ, কিন্তু আমেনা বিবির হৃদয়ের সঙ্গে হৃদয়ের কোথায় যেন সমতা, যা-ই কথা হোক না কেন দেখতে দেখতে আলাপ জমে ওঠে। কিন্তু ফুটো দিয়ে রহিমা যে-দৃশ্য দেখল তারপর গল্পগুজবের আশা তাকে ত্যাগ করতে হলো। ব্যাপারীর লজ্জা কাটিয়ে বাইরে এসে সে আর হাসুনির মা অতিথিকে ভেতরে নিয়ে গেলো। নিয়ে গেলো পাঁজাকোলে করে, মুখে কথা ফোটাবার উদ্দেশ্যে। সখ করে তৈরি করা ফিরনির কথা বা পান খেয়ে দু'দণ্ড গল্প করার কথা ভুলে গেলো।

মজিদ আর ব্যাপারী মাজার ঘরেই চুপ হয়ে বসে রইল, দু'জনের মুখে চিন্তার রেখা। তারপর মজিদ আস্তে উঠে অন্দর ঘরের বেড়ার পাশে বৈঠকখানায় গিয়ে হুঁকা ধরিয়ে আবার ফিরে এসে ব্যাপারীকে ডেকে নিয়ে গেল। দু'জনেই এক এক করে হুঁকা টানে, কথা নেই কারো মুখে।

মজিদ ভাবে এক কথা। যে-আমেনা বিবির পীরের পানিপড়া খাবার সখ হয়েছিল সে আমেনা বিবির ওপর, আকার ইঙ্গিত বা মুখের ভাবে প্রকাশ না করলেও মজিদের মনে একটা নিষ্ঠুর রাগ দেখা দিয়েছিলো। তবে একটা নিষ্ঠুর শাস্তিও সে স্থির করেছিল। আজ সন্ধ্যার আবছা অস্পষ্ট আলোয় আমেনা বিবির সাদা কোমল পা দেখে শাস্তি বিধানের সে প্রবল ইচ্ছা বিন্দুমাত্র প্রশমিত না হয়ে বরঞ্চ আরো নিষ্ঠুরতমভাবে শাণিত হয়ে উঠেছিল। কিন্তু অপ্রত্যাশিতভাবে অসময়ে আমেনা বিবির মূর্ছা যাওয়া সমস্ত কিছু যেন গোলমাল করে দিলো। মুঠোর মধ্যে এসেও সে যেন ফস্কে গেল, যে মজিদের ক্ষমতাকে সে এতদিন উপেক্ষা করেছে তার প্রতি আজও অবজ্ঞা দেখালো, তাকে নিষ্ঠুরভাবে আঘাত করতে সুযোগ দিয়েও দিলো না। দিয়েও দিলো না বলে মেয়েলোকটি যেন চরম বাহাদুরি দেখাল, সমস্ত আস্ফালনের মুখে চুন দিলো।

হুঁকাটা রেখে হঠাৎ এবার ব্যাপারী কথা বলে। বলে,

– দিনভর রোজা রাখনে বড় দুর্বল হইছিল তানি

মজিদ কয়েক মুহূর্ত চুপ থাকে। তারপর গম্ভীর কণ্ঠে বলে, -রোজা রাখনে দুর্বল হইয়াছিল কথাডা ঠিক, কিন্তু আমি যে পানি-পড়াডা দিলাম তা কিসের জন্য? শরীলে তাকত হইবার জন্য না? এমন তাছির হেই পানিপড়ার যে পেটে গেলে একমাসের ভুখা মানুষও লগে লগে চাঙ্গা হইয়া ওঠে। শরীলের দুর্বলতার জন্য তিনি অজ্ঞান হন নাই।

মজিদ থামে। কী একটা কথা বলেও বলে না। ব্যাপারী মুখ ফিরিয়ে তাকায় মজিদের পানে, কতক্ষণ তার চিন্তিত-ব্যথিত চোখ চেয়ে চেয়ে দেখে। তারপর প্রশ্ন করে,

-তয় ক্যান তানি অজ্ঞান হইছেন?

আপনে তানার স্বামী ক্যামনে কই মুখের উপরে?

হঠাৎ ব্যাপারীর চোখ সন্দিগ্ধ হয়ে ওঠে এবং তা একবার কানিয়ে চেয়ে লক্ষ্য করে দেখে মজিদ। ব্যাপারীর চোখে সন্দেহের জোয়ার আসুক, আসুক ক্রোধের অনলকলা। মজিদ আস্তে হুঁকাটা তুলে নেয়। তাকে ভাবতে সময় দিতে হবে। বাইরে কুয়াশাচ্ছন্ন রহস্যময় জ্যোৎস্না। তার আলোয় ঘরের কুপিটার শিখা মনে হয় এক বিন্দু রক্ত টাটকা লাল টকটকে। খোলা দরজা দিয়ে কুয়াশাচ্ছন্ন ম্লান জ্যোৎস্নার পানেই চেয়ে থাকে মজিদ, দৃষ্টিতে মানুষের জীবনের ব্যর্থতার বোঝা। তাতে বিদ্বেষ নেই, পতিতের প্রতি ক্রোধ-ঘৃণা নেই, আছে শুধু অপরিসীম ব্যথাহত প্রশ্নের নিষ্পুপতা।

আচমকা ব্যাপারী মজিদের একটি হাত ধরে বসে। তার বয়স্ক গলায় শিশুর আকুলতা জাগে বলে,

– কন, ক্যান তানি অজ্ঞান হইছেন? ভিতরে কী কোনো কথা আছে?

একবার বলে বলে ভাব করে মজিদ, তারপর হঠাৎ সোজা হয়ে বসে রসনা সংযত করে মাথা নেড়ে বলে,

– না কওন যায় না। থেমে আবার বলে, তয় একটা কথা আমার কওন দরকার। তানারে তালাক দেন।

আমেনা বিবিকে সে তালাক দেবে! তেরো বছর বয়সে ফুটফুটে যে মেয়েটি এসে তার সংসারে ঢোকে এবং যে এত বছর যাবৎ তার ঘরকন্না করছে, তাকে তালাক দেবে সে? সত্যি কথা, বড় বিবির প্রতি তার তেমন মায়া মহব্বত নাই। কিছু থাকলেও তানু বিবি আসার পর

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

থেকে তা ঢাকা পড়ে আছে, কিন্তু তবু বহুদিনের বসবাসের পর একটা সম্বন্ধ আড়ালে-আবডালে গজিয়ে না উঠেছে এমন নয়। তাই হঠাৎ তালাক দেবার কথা শুনে ব্যাপারী হকচকিয়ে ওঠে, তারপর কতক্ষণ সে বজ্রাহতের মতো বসে থাকে।

মজিদ কিছুই বলে না। বাইরের ম্লান জ্যোৎস্নার পানে বেদনাভারী চোখে চেয়ে তেমনি স্থিরভাবে বসে থাকে। আর অপেক্ষা করে অনেকক্ষণ সময় কাটলেও ব্যাপারী যখন কিছু বলে না তখন সে আলগোছে বলে,

– কথাডা কইতাম, কিন্তু এক কারণে এখন না কওনই স্থির করছি। তহুর বাপের কথা মনে আছে নি?

ব্যাপারী ভারী আস্তে বলে,

– আছে

– হে তহুর বাপের কথা মাইনষেরা ভুইলা গেছে। এমন কী তার রক্তের পোলা-মাইয়ারাও ভুইলা গেছে। কিন্তু আমি ভুলবার পারি নাই। ক্যান জানেন? যন্ত্রচালিতের মতো ব্যাপারী প্রশ্ন করে,

– ক্যান?

– কারণ হেই ব্যাপার থিকা একটা সোনার মতো মূল্যবান কথা শিখছি আমি। কথাডা হইল এই: পাক দিল আর গুণাগার দিল এক সুতায় বাঁধা থাকে আর কেউ যদি গুণাগার দিলের শাস্তি দিবার চায় তখন পাক দিলই শাস্তি পায়। তহুর বাপের দিল সাফ আছিল, তার শাস্তি পাইল হেই। এদিকে তারে কষ্ট দিয়া আমি গুণাগার হইলাম।

বর্তমানে মনটা বিক্ষিপ্ত হলেও ব্যাপারী কথাটা বোঝে। তার ও আমেনা বিবির দিল এক সুতায় বাঁধা। আমেনা বিবিকে শাস্তি দিতে হলে আগে সে-বন্ধন ছিন্ন করা চাই। অতএব তাকে তালাক দেওয়া প্রয়োজন। মজিদ একবার ভুল করে একজন নিষ্পাপ লোককে এমন নিদারুণ কষ্ট দিয়েছে যে, সে-কষ্ট থেকে মুক্তি পাবার জন্যে অবশেষে তাকে আত্মহত্যা করতে হয়েছে। তাকে কষ্ট দিয়ে মজিদ নিজেও গুণাগার হয়েছে, পাপীও ভালো মানুষের ওপর দুষ্ট আত্মার মতো ভর করে শাস্তি থেকে বেঁচে গেছে। এমন ভুল মজিদ আর কখনো করবে না।

মজিদের হাত তখনো ব্যাপারী ছাড়েনি। সে-হাতে একটা টান দিয়ে ব্যাপারী অধীর কণ্ঠে প্রশ্ন করলে,

-আপনে কী কিছু সন্দেহ করেন?

সন্দেহের কোনো কথা নাই। পানিপড়াডা খাইয়া তানি যখন সাত পাক দিবার পারলেন না, মূর্ছা গেলেন, তখন তাতে সন্দেহের আর কোনো কথা নাই খোদার কালামের সাহায্যে যে-কথা জানা যায় তা সূর্যের রোশনাইয়ের মতো সাফ। আর বেশি আমি কিছু কমু না তানারে তালাক দেন।

এই সময়ে হাসুনির মা ভেতর থেকে বেরিয়ে এসে ঘোমটা টেনে তেরছাভাবে দাঁড়াল। ব্যাপারী প্রশ্ন করে,

– কী গো বিটি?

– তানার হুস হইছে। বাড়িতে যাইবার চাইতাছেন।

মজিদের হাত ছেড়ে ব্যাপারী উঠে দাঁড়াল। মুখ কঠিন। বেহারাদের ডেকে পালকিটা অন্দরে পাঠিয়ে দিলো।

আমেনা বিবিকে নিয়ে সে পাল্কি যখন কুয়াশাচ্ছন্ন রহস্যময় চাঁদের আলোর মধ্যে দিয়ে চলে কিছুক্ষণ পরে গাছগাছলার আড়ালে অদৃশ্য হয়ে গেল, তখন মজিদ বৈঠকখানা ঘরের সামনে স্থির হয়ে দাঁড়িয়ে। অন্যমনস্কভাবে খেলাল দিয়ে দাঁত খোঁচাচ্ছে, দাঁড়িয়ে থাকার মধ্যে একটা অনিশ্চয়তার ভাব। কোনো কথা না কয়ে হঠাৎ ব্যাপারী চলে গেল। তার মনের কথা জানা গেল না।

হঠাৎ এক সময়ে একটা কথা স্মরণ হয় মজিদের। কথা কিছু না, একটা দৃশ্য- আবছা আলোয় দেখা কালো পাড়ের নিচে একটা সাদা কোমল পা। সে- পা দ্বিতীয়বার দেখল না বলে হঠাৎ বুকের মধ্যে কেমন আফসোস বোধ করে মজিদ। তারপর মনে মনেই সে হাসে। দুনিয়াটা বড় বিচিত্র। যেখানে সাপ জাগে সেখানে আবার কোমলতার ফুল ফোটে। কিন্তু সে ফুল শয়তানের চক্রান্ত। মজিদ শক্ত লোক। সাত জন্মের চেষ্টায়ও শয়তান তাকে কোনো দুর্বল মুহূর্তে আচম্বিতে আক্রমণ করতে পারবে না। সে সদা হুঁশিয়ার।

কণ্ঠে দোয়া-দুরুদের মিহি সুর তুলে মজিদ ভেতরে যায়। এতবড় সমস্যা ব্যাপারীর জীবনে কখনো দেখা দেয়নি। নিজের চোখে কোনো গুরুতর অন্যায় দেখে যদি শরীরে দাউ দাউ করে আগুন জ্বলে উঠত তাহলে ব্যাপারটা সমস্যাই হতো না। আসল কথা জানে না, আবার একটা কিছু গোলযোগ যে আছে এ- বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নেই। মানুষ মজিদের কথা না হয় অবিশ্বাস করা যেত, কিন্তু যে-কথা জেনেছে মজিদ তা তার নিজের বুদ্ধির জোরে জানেনি। খোদার কালামের সাহায্যেই সে-কথা জেনেছে এবং মানুষ মজিদ তার অন্তরের বিবেচনার জন্যই তা খুলে বলতে পারেনি। হাজার হলেও তারা বন্ধু মানুষ। ব্যাপারী কষ্ট পাবে এমন কথা কী করে বলে।

বৈঠকখানা হুঁকার নীলাভ ধোঁয়ায় অন্ধকার হয়ে ওঠে। ব্যাপারীর চোখে ধোঁয়া ভাসে, মগজেও কিছু গলিয়ে ঢুকে তার অন্তরদৃষ্টি আবছা করে দেয়। ব্যাপারী ভাবে আর ভাবে মানুষের সঙ্গে

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

হুঁ-হাঁ করে কথা কয়, দশ প্রশ্নে এক জবাব দেয়। একটা কথাই মনে ঘোরে এক সময়ে সোজা মনে হয়, এক সময়ে কঠিন। একবার মনে হয় ব্যাপারটা হেস্তনেস্ত হয় একটি শব্দের তিনবার উচ্চারণেই, আরেকবার মনে হয় সে শব্দটা উচ্চারণ করাই দুরূহ ব্যাপার জিহ্বা খসে আসবে তবু সেটা বেরিয়ে আসবে না মুখ থেকে।

তেরো বছর বয়স থেকে যে তার ঘরে বসবাস করছে, তার জীবনের অলি-গলির সন্ধান করে। যদি কিছু নজরে পড়ে যায় হঠাৎ। দীর্ঘ বসবাসের সরল ও জানা পথ ছেড়ে ঝোপঝাড় খোঁজে, ডালপালা সরিয়ে অন্ধকার স্থানে থমকে দাঁড়ায়। কিন্তু আপত্তিকর কিছুই নজরে পড়ে না। আমেনা বিবি রূপবতী, কিন্তু কোনোদিন তার রূপের ঠাট ছিল না, সৌন্দর্যের চেতনা ছিল না; চলনে বলনে বেহায়াপনাও ছিল না। ঠাণ্ডা, শীতল, ধর্মভীরু ও স্বামীভীরু মানুষ সে এমন কী অন্যায় করতে পারে?

প্রশ্নটা মনে জাগতেই মজিদের একটা কথা হুঙ্কার দিয়ে যেন তাকে সাবধান করে দেয়। কথাটা মজিদ প্রায়ই বলে মানুষের চেহারা বা স্বভাব দেখে কিছু বিচার করা যায় না। তাকে দিয়ে কিছু বিশ্বাসও নেই। এমন কাজ নেই দুনিয়াতে যা সে না করতে পারে এবং করলে সব সময়ে যে সমাজের কাছে ধরা পড়বে এমন নয়। কিন্তু খোদার কাছে কোনো ফাঁকি নেই। তিনি সব দেখেন, সব জানেন। কথাটা ভাবতেই ব্যাপারীর কান দুটোতে রঙ ধরে। পশুপক্ষীকেও না জানতে দিয়ে কোনো গর্হিত কাজ ব্যাপারী কী কখনো করেনি? ব্যাপারীর মতো লোকও করেছে, যদিও আজ বললে হয়ত অনেকে তা বিশ্বাস করবে না। কিন্তু সে-কথা খোদাতা'লা ঠিক জানেন। তাঁর কাছে ফাঁকি চলে না।

না মজিদের কথায় ভুল নেই। সহসা খালেক ব্যাপারী মনস্থির করে ফেলে। এবং এর তিন দিন পর যে-আমেনা বিবি হঠাৎ সন্তান কামনায় অধীর হয়ে উঠেছিল সে-ই সমস্ত কামনা-বাসনা বিবর্জিত একটা স্তব্ধ, বজ্রাহত মন নিয়ে সে-দিনের পাল্কিতে চড়ে বাপের বাড়ি রওয়ানা হয়। বহুদিন বাপের বাড়ি যায় নি। তবু সেখানে যাচ্ছে বলে মনে কিছু আনন্দ নেই। পাল্কির ক্ষুদ্র সংকীর্ণতায় চোখ মেলে নাক বরাবর তাকিয়ে থাকে বটে কিন্তু তাতে অশ্রুও দেখা দেয় না।

তবে পথে একটা জিনিস দেখলে হয়তো হঠাৎ তার বুক ভাসিয়ে কান্না আসত। সেটা হলো থোতামুখের তালগাছটা। বহুদিনের গাছ, ঝড়েপানিতে আরো লোহা হয়ে উঠেছে যেন। প্রথম যৌবনে নাইয়র থেকে ফিরবার সময় পাল্কির ফাঁক দিয়ে এ-গাছটা দেখেই সে বুঝত যে, স্বামীর বাড়ি পৌঁছেছে। ওটা ছিল নিশানা, আনন্দের আর সুখের।

সেদিন রাতে কে যেন একটা মস্ত মোমবাতি এনে জ্বালিয়ে দিয়েছে মাজারের পাদদেশে। ঘরটা রোশনাই হয়ে উঠেছে। সে-আলোয় রূপালি ঝালরটা আজ অত্যাধিক উজ্জ্বল দেখায়। মজিদ কয়েক মুহূর্ত তাকিয়ে থাকে সেদিকে। কিন্তু হঠাৎ তার নজরে পড়ে একটা জিনিস। ঝালরের একদিকে ঔজ্জ্বল্য যেন কম; উজ্জ্বলতার দীর্ঘ পাতের মধ্যে ওইখানে কেমন একটা অন্ধকার! কাছে গিয়ে হাত তুলে দেখে ঝালরটার রূপালি ঔজ্জ্বল্য সেখানে বিবর্ণ হয়ে গেছে, সুতাগুলো খসে এসেছে। দেখে মুহূর্তে মজিদের মন অন্ধকার হয়ে আসে। তার ভুরু কুঁচকে যায়, ঝালরের বিবর্ণ অংশটা হাতে নিয়ে স্তব্ধ হয়ে থাকে। তার জীবনে শৌখিনতা কিছু যদি থাকে তবে তা এই কয়েক গজ রূপালি চাকচিক্য। এর ঔজ্জ্বল্যই তার মনকে উজ্জ্বল রাখে, এর বিবর্ণতা তার মনকে অন্ধকার করে দেয়।

অবশ্য দু'বছর তিন বছর অন্তর মাজারের গাত্রাবরণ বদলানো হয়, এবং বদলাবার খরচ বহন করে খালেক ব্যাপারীই। খরচ করে তার আফসোস হয় না। বরঞ্চ সুযোগটা পেয়ে নিজেকে শতবার ধন্য মনে করে। এদিকে মজিদও লাভবান হয়, কারণ পুরনো গাত্রাবরণটি কেনবার জন্য এ-গ্রামে সে-গ্রামে অনেক প্রার্থী গজিয়ে ওঠে এবং প্রার্থীদের মধ্যে উপযুক্ততা বিচার করে দেখতে গিয়ে শেষ পর্যন্ত সে বেশ চড়া দামে বিক্রি করে সেটা। কাজেই ঝালরটার কোনোখানে যদি রং চটে যায়, বা সালু-কাপড়ের কোনো স্থানে ফাট ধরে তবে মজিদের চিন্তা করার কারণ নেই। কিন্তু তবু জিনিসটার প্রতি কী যে মায়া-তার সামান্য ক্ষতি নজরে পড়লেও বুকটা কেমন করে ওঠে।

খাওয়া-দাওয়া শেষ হলে মজিদের সামনেই রহিমা একটা দীর্ঘশ্বাস ফেলে। আমেনা বিবির জন্য সারাদিন আজ মনটা ভারী হয়ে আছে। একটা প্রশ্ন কেবল ঘুরে ফিরে মনে আসে। কেউ যদি হঠাৎ কিছু অন্যায় করে ফেলেও, তার কী ক্ষমা নেই? কী অন্যায়ের জন্যে আমেনা বিবির এত বড় শাস্তিটা হলো তা অবশ্য জানে না, তবু সে ভাবতে পারে না আমেনা বিবি কিছু গর্হিত কাজ করতে পারে আবার করেনি এ-কথাও বা ভাবে কী করে? কারণ খোদাই তো জানিয়ে দিয়েছেন মানুষকে সে অন্যায়ের কথা।

দীর্ঘশ্বাস ফেলে রহিমা বিড়বিড় করে বলে,- তুমি এত দয়ালু খোদা, তবু তুমি কী কঠিন।

সে বিড়বিড় করে আর আওয়াজটা এমন শোনায় যেন মাজারের সালু-কাপড়টা ফড়ফড় করে। মুহূর্তের জন্যে চমকে ওঠে মজিদ। মন তার ভারী। রূপালি ঝালরের বিবর্ণ অংশটা কালো করে রেখেছে সে-মন।

হাওয়ায় ক-দিন ধরে একটা কথা ভাসে। মোদাব্বের মিঞার ছেলে আক্কাস নাকি গ্রামে একটি ইস্কুল বসাবে। আক্কাস বিদেশে ছিল বহুদিন। তার আগে করিমগঞ্জের ইস্কুলে নিজে

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

নাকি পড়াশুনা করেছে কিছু। তারপর কোথায় পাটের আড়তে না তামাকের আড়তে চাকরি করে কিছু পয়সা জমিয়ে দেশে ফিরেছে কেমন একটা লাটবেলাটের ভাব নিয়ে। মোদাব্বের মিঞা ছেলের প্রত্যাবর্তনে খুশিই হয়েছিল। ভেবেছিল, এবার ছেলের একটা ভালো দেখে বিয়ে দিলে বাকি জীবনটা নিশ্চিন্ত মনে তসবি টিপতে পারবে। বিয়ে দেবার তাগিদটা এই জন্যে আরো বেশি বোধ করল যে, ছেলেটির রকম-সকম মোটেই তার পছন্দ হচ্ছিল না। ছোটবেলা থেকে আক্কাস কিছুটা উচক্কা ধরনের ছেলে। কিন্তু আজকাল মুরুব্বিদের বুদ্ধি সম্পর্কে পর্যন্ত ঘোরতর সন্দেহ নাকি প্রকাশ করতে শুরু করেছে। তবে তাকে পাঁচ ওক্ত নামাজ পড়তে দেখে মুবুব্বিরা একেবারে নিরাশ হবার কোনো কারণ দেখল না। ভাবলে, বিদেশি হাওয়ায় মাথাটা একটু গরম ধরেছে। তা দু'দিনেই ঠাণ্ডা হয়ে যাবে।

কিন্তু নিজে ঠাণ্ডা হবার লক্ষণ না দেখিয়ে আক্কাস অন্যের মাথা গরম করবার জন্যে উঠে-পড়ে লেগে গেলো। বলে, ইস্কুল দেবে। কোত্থেকে শিখে এসেছে ইস্কুলে না পড়লে নাকি মুসলমানদের পরিত্রাণ নেই। হ্যাঁ, মুরুব্বিরা স্বীকার করে, শিক্ষা ব্যাপারটা অত্যন্ত প্রয়োজনীয় কিন্তু গ্রামে দু-দুটো মক্তব বসানো হয়নি? সে-কি বলতে পারবে এ-কথা যে, গ্রামবাসীদের শিক্ষার কোনোখানে দিয়ে কিছুমাত্র অবহেলা হচ্ছে?

আক্কাস যুক্তি তর্কের ধার ধারে না। সে ঘুরতে লাগল চরকির মতো। ইস্কুলের জন্যে দস্তর মতো চাঁদা তোলার চেষ্টা চলতে লাগল, এবং করিমগঞ্জে গিয়ে কাউকে দিয়ে একটা জোরালো গোছের আবেদন-পত্র লিখিয়ে এনে সেটা সিধা সে সরকারের কাছে পাঠিয়ে দিল। কথা এই যে, ইস্কুলের জন্যে সরকারের সাহায্য চাই।

বাড়াবাড়ির একটা সীমা আছে। কাজেই একদিন মজিদ ব্যাপারীর বাড়িতে গিয়ে উঠল। কোনো প্রকার ভণিতার প্রয়োজন নেই বলে সরাসরি প্রশ্ন করল,

– কী হুনি ব্যাপারী মিঞা,

ব্যাপারী বলে-কথাডা ঠিকই ।

অতএব সন্ধ্যার পর বৈঠক ডাকা হলো। আক্কাস এলো, আক্কাসের বাপ মোদাব্বের এলো। আসল কথা শুরু করার আগে মজিদ আক্কাসকে কতক্ষণ চেয়ে চেয়ে দেখল। দৃষ্টিটা নিরীহ আর তাতে আপন ভাবনায় নিমগ্ন হয়ে থাকার অস্পষ্টতা। সভা নীরব দেখে আক্কাস কী একটা কথা বলবার জন্যে মুখ খুলেছে-এমন সময় মজিদ যেন হঠাৎ চেতনায় ফিরে এল। তারপর মুহূর্তে কঠিন হয়ে উঠল তার মুখ, খাড়া হয়ে উঠল কপালের রগ। ঠাস করে চড় মারার ভঙ্গিতে সে প্রশ্ন করলে,

– তোমার দাড়ি কই মিয়া?

আক্কাস সর্বপ্রকার প্রশ্নের জন্য তৈরি হয়ে এসেছিল, কিন্তু এমন একটা অপ্রত্যাশিত আক্রমণের জন্যে মোটেই প্রস্তুত ছিল না। ইস্কুল হবে কী হবে না- সে আলোচনাই তো হবার কথা। তার সঙ্গে দাড়ির কী সম্বন্ধ?

সভায় উপস্থিত সকলের দিকে তাকাল আক্কাস। দাড়ি নেই এমন একটি লোক নেই। কারও ছাঁটা, কারও স্বভাবত হাল্কা ও ক্ষীণ; কারও বা প্রচুর বৃষ্টি পানিসিঞ্চিত জঙ্গলের মতো একরাশ দাড়ি। মজিদ আসার আগে গ্রামের পথে-ঘাটে দাড়িবিহীন মানুষ নাকি দেখা যেত। কিন্তু সেদিন গেছে।

– পূর্বোক্ত সুরে মজিদ আবার প্রশ্ন করে,

– তুমি না মুসলমানের ছেলে-দাড়ি কই তোমার?

একবার আক্কাস ভাবে যে বলে, দাড়ির কথা তো বলতে আসেনি এখানে। কিন্তু মুরুব্বির সামনে আর যাই হোক, বেয়াদপিটা চলে না। কাজেই মাথা নত করে চুপ করে থাকে সে। দেখে মোদাব্বের মিঞা স্বস্তির নিশ্বাস ফেলে গা ঢিলা করে। এতক্ষণ সে নিশ্বাস রুদ্ধ করে ছিল এই ভয়ে যে, উত্তরে বেয়াড়া ছেলেটা কী না জানি বলে বসে। মোদাব্বের মিঞা বলে,

-আমি কই দাড়ি রাখ ছ্যামড়া দাড়ি রাখ-তা হের কানে দিয়াই যায় না কথা। খালেক ব্যাপারী বলে,

– হে নাকি ইংরাজি পড়ছে। তা পড়লে মাথা কী আর ঠাণ্ডা থাকে।

ইংরেজি শব্দটার সূত্র ধরে এবার মজিদ আসল কথা পাড়ে। বলে যে, সে শুনেছে আক্কাস নাকি একটা ইস্কুল বসাবার চেষ্টা করছে। সে-কথা কী সত্যি?

আক্কাস অম্লান বদনে উত্তর দেয়,

-আপনি যা হুনছেন তা সত্য। মজিদ দাড়িতে হাত বুলাতে শুরু করে তারপর সভার দিকে দৃষ্টি রেখে বলে,

তা এই বদ মতলব কেন হইল?

-বদ মতলব আর কী? দিনকাল আপনারা দেখবেন না? আইজ-কাইল ইংরেজি না পড়লে চলবো ক্যামনে?

শুনে মজিদ হঠাৎ হাসে। হেসে এধার ওধার তাকায়। দেখে আক্কাস ছাড়া সভার সকলে হেসে ওঠে। এমন বেকুবির কথা কেউ কী কখনো শুনেছে। শোনো শোনো, ছেলের কথা শোনো একবার-এই এরকম একটা ভাব নিয়ে ওরা হো-হো করে হাসে।

হাসির পর মজিদ গম্ভীর হয়ে ওঠে। তারপর বলে, আক্কাস মিঞা যে- দিনকালের কথা কইল তা সত্য। দিনকাল বড়ই খারাপ। মাইনষের মতিগতির ঠিক নাই, খোদার প্রতি মন নাই, তবু যাহোক আমি থাকনে লোকদের একটু চেতনা হইছে! সকলে একবাক্যে সে-কথা স্বীকার করে মানুষের আজ যথেষ্ট চেতনা হয়েছে বই কি? সাধারণ চাষাভুষা পর্যন্ত আজ কলমা জানে। তাছাড়া লোকেরা নামাজ পরে পাঁচ-ওক্ত, রোজার দিনে রোজা রাখে। আগে শিলাবৃষ্টির ভয়ে শিরালিকে ডাকত আর শিরালি জপতপ পড়ে নগ্ন হয়ে নাচত; কিন্তু আজ তারা একত্র হয়ে খোদার কাছে দোয়া করে,-মাজারে শিরনি দেয়, মজিদকে দিয়ে খতম পড়ায়। আগে ধান ভানতে ভানতে মেয়েরা সুর করে গান গাইত, বিয়ের আসরে সমস্বরে গীত ধরত-আজকাল তাদের মধ্যে নারীসুলভ লজ্জাশরম দেখা দিয়েছে। আগে ঘরে ঢোকা নিত্যকার ব্যাপার ছিল, কিন্তু মজিদের এক'শ দোরদার ভয়ে তা একেবারে বন্ধ হয়ে গেছে।

কয়েক মুহূর্ত নীরব থেকে মজিদ হাঁক ছাড়ে,-ভাই সকল! পোলা-মাইনষের মাথায় একটা বদ খেয়াল ঢুকছে- তা নিয়া আর কী কমু। দোয়া করি তার হেদায়ত হোক। কিন্তু একটা বড় জরুরী ব্যাপারে আপনাদের আমি আইজ ডাকছি। খোদার ফজলে বড় সমৃদ্ধশালী গেরাম আমাগো। বড় আফসোসের কথা, এমন গেরামে একটা পাকা মসজিদ নাই। খোদার মর্জি এইবার আমাগো ভালো ধান-চাইল হইছে, সকলের হাতেই দুই-চারটা পয়সা হইছে। এমন শুভ কাম আর ফেলাইয়া রাখা ঠিক না।

সভার সকলে প্রথমে বিস্মিত হয়। আক্কাসের বিচার হবে, তার একটা শাস্তি বিধান হবে-এই আশা নিয়েই তো তারা এসেছে। কিন্তু তবু তারা মজিদের নতুন কথায় মুহূর্তে চমৎকৃত হয়ে গেল। ব্যাপারীর নেতৃত্বে কয়েকজন উচ্ছ্বসিত হয়ে উঠে বলে,

– বাহবা, বড় ঠিক কথা কইছেন!

মজিদ খুশিতে গদগদ। দাড়িতে হাত বুলায় পরম পুলকে। আর বলে, আমার খেয়াল, দশ গেরামের মধ্যে নাম হয় এমন একটা মসজিদ করা চাই। আর সে-মসজিদে নামাজ পইড়া মুসল্লিদের বুক জানি শীতল হয়।

শুনে সভার সকলে চেঁচিয়ে ওঠে, বড় ঠিক কথা কইছেন-আমাগো মনের কথাডাই কইছেন।

এই সময় আক্কাস ক্ষীণ গলায় বলে,

– তয় ইস্কুলের কথাডা?

শুনে সকলে এমন চমকে উঠে তার দিকে তাকায় যে, এ-কথা স্পষ্ট বোঝা যায়, সভায় তার উপস্থিতি মোটেই বাঞ্ছনীয় নয়। তার বাপ তো রেগে ওঠে। রাগলে লোকটি কেমন তোতলায়। ধমকে তো তো করে বলে,

-চুপ কর ছ্যামড়া, বেত্তমিজের মতো কথা কইস না। মনে মনে সে খুশি হয় এই ভেবে যে, মসজিদের প্রস্তাবের তলে তার অপরাধের কথাটা যাহোক ঢাকা পড়ে গেছে।

মসজিদের আকৃতি সম্বন্ধে বিস্তারিত আলোচনা হচ্ছে এমন সময়ে আক্কাস আস্তে উঠে ঘর থেকে বেরিয়ে যায়। কেউ দেখে কেউ দেখে না, কিন্তু তার চলে যাওয়াটা কারও মনে প্রশ্ন জাগায় না। যে গুরুতর বিষয় নিয়ে আলাপ-আলোচনা হচ্ছে তাতে আক্কাসের মতো খামখেয়ালী বুদ্ধিহীন যুবকের উপস্থিতি একান্ত নিষ্প্রয়োজনীয়।

মজিদের কথা চলতে থাকে। এক সময়ে খরচের কথা ওঠে। মজিদ প্রস্তাব করে, গ্রামবাসী সকলেরই মসজিদটিতে কিছু যেন দান থাকে, প্রতিটি ইট বড়গা হুড়কায় কারও না কারও যেন যৎকিঞ্চিৎ হাত থাকে। সেটা অবশ্য বাস্তবে সম্ভব নয়। কারণ একটা কানাকড়িও নেই এমন গ্রামবাসীর সংখ্যা কম নয়। কিন্তু তারা অর্থ দিয়ে সাহায্য না করলেও গতর খাটিয়ে সাহায্য করতে পারে। তারা এই ভেবে তৃপ্তি পাবে যে, পয়সা দিয়ে না হলেও শ্রম দিয়ে খোদার ঘরটা নির্মাণ করেছে।

এমন সময় খালেক ব্যাপারী তার এক সকাতর আর্জি পেশ করে। বলে যে, সকলেরই কিছু না কিছু দান থাক মসজিদ নির্মাণের ব্যাপারে, কিন্তু খরচের বারো আনা তাকে যেন বহন করতে দেওয়া হয়। তার জীবন আর-কদিন আর খায়েশ-খোয়াব বা আশাভরসা নেই, এবার দুনিয়ার পাট গুটাতে পারলেই হয়। যা সামান্য টাকা পয়সা আছে তা ধর্মের কাজে ব্যয় করতে পারলে দিলে কিছু শান্তি আসবে।

দিলের শান্তির কথা কেমন যেন শোনায়। আমেনা বিবির ঘটনা সে-দিন মাত্র ঘটল। কানা-ঘুষায় কথাটা এখনো জীবন্ত হয়ে আছে। শুধু জবীন্ত হয়ে নেই, ডালপালা শাখা-প্রশাখায় ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। সেই থেকে যেন একটা নতুন চেতনাও এসেছে। যাদের ঘরে বাঁজা মেয়ে তাদের আর শান্তি নেই। অবশ্য ধর্মের ঘরে গিয়ে কষ্টিপাথরে ঘষলে জানা যায় আসল কথা, কিন্তু সে তো সব সময়ে করা সম্ভব নয়। তাই একটা হিড়িক এসেছে, সংসার থেকে বাঁজা বউদের দূর করার, আর গণ্ডায় গণ্ডায় তারা চালান যাচ্ছে বাপের বাড়ি।

তবু যাহোক, মানুষের দিল বলে একটা বস্তু আছে। দীর্ঘ বসবাসের ফলে মানুষে মানুষে মায়া হয়। তাই পরমাত্মীয়ের কোনো অন্যায় বুকে কঠিনতম আঘাত লাগে। ব্যাপারী আঘাত পেয়েছে। সে আঘাত এখনো শুকায়নি। তাই হয়ত দিলে শান্তি চায়।

মজিদ সভাকে প্রশ্ন করে,

-ভাই সকল, আপনাদের কী মত?

ব্যাপারীকে নিরাশ করবে-এমন কথা কেউ ভাবতে পারে না। কাজেই তার আবেদন মঞ্জুর হয়। মজিদ সুবিচারক। অতএব স্থির হলো, এমনভাবে চাঁদা তোলা হবে যে আধখানা আর আস্তই হোক-একজন লোক অন্তত একটা খরচ যেন বহন করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সভা ক্ষান্ত হবার আগে একবার আক্কাসের বদখেয়ালের কথা ওঠে। কিন্তু মোদাব্বের মিঞার তখন জোশ এসে গেছে। রেগে উঠে সে বলে যে, ছেলে যদি অমন কথা ফের তোলে তবে সে নিজেই তাকে কেটে দু-টুকরো করে দরিয়ায় ভাসিয়ে দেবে।

যতটা সুদৃশ্য করা হবে বলে কল্পনা হয়েছিল ততটা সুদৃশ্য না হলেও একটা পাকা গম্বুজওয়ালা মসজিদ তৈরি হতে থাকে। শহর থেকে মিস্ত্রি কারিগর এসেছে, আর গতর খাটাবার জন্য তৈরি গ্রামের যত দুস্থ লোক। মজিদ সকাল-বিকাল তদারক করে, আর দিন গোনে কবে শেষ হবে।

একদিন সকালে সে মসজিদের দিকে যাচ্ছে এমন সময় হঠাৎ মাঠের ধারে ফাল্গুনের পাগলা হাওয়া ছোটে। এত আকস্মিক তার আবির্ভাব যে, ঝকঝকে রোদভাসা আকাশের তলে সে দমকা হাওয়া কেমন বিচিত্র ঠেকে। তা ছাড়া শীতের হাওয়া শূন্য জমাট ভাবের পরে আচমকা এই দমকা হাওয়া হঠাৎ মনের কোনো এক অতল অঞ্চলকে মথিত করে জাগিয়ে তোলে। ধুলো-ওড়ানো মাঠের দিকে তাকিয়ে মজিদের স্মরণ হয় তার জীবনের অতিক্রান্ত দিনগুলোর কথা। কত বছর ধরে সে বসবাস করছে এ-দেশে? দশ, বারো? ঠিক হিসাব নেই। কিন্তু এ-কথা স্পষ্ট মনে আছে যে, এক নিরাক-পড়া শ্রাবণের দুপুরে সে এসে প্রবেশ করেছিল এই মহব্বতনগর গ্রামে। সে-দিন ছিল ভাগ্যান্বেষী দুস্থ মানুষ, কিন্তু আজ সে জোতজমি সম্মান-প্রতিপত্তির মালিক। বছরগুলো ভালোই কেটেছে এবং হয়ত ভবিষ্যতেও এমনি কাটবে। এখন সে ঝড়ের মুখে উড়ে-চলা পাতা নয়, সচ্ছলতায় শিকড়গাড়া বৃক্ষ।

আজ দমকা হাওয়ার আকস্মিক আগমনে তার মনে ভবিষ্যতের কথাই জাগে এবং তাই সারাদিন মনটা কেমন কেমন করে। লোকদের সঙ্গে আলাপ করে ভাসা-ভাসাভাবে, কইতে কইতে সে সহসা কেমন আনমনা হয়ে যায়।

সারাদিন হাওয়া ছোটে। সন্ধ্যার পরে সে হাওয়া থামে। যেমনি আচমকা তার আবির্ভাব হয়েছিল তেমনি আচমকা থেমে যায়। দোয়া দুরুদ পড়ছিল মজিদ, এবার নিস্তব্ধতার মধ্যে গলাটা চড়া ও কেমন বিসদৃশ শোনাতে থাকে। একবার কেশে নিয়ে গলা নামিয়ে এধারে ওধারে দেখে অকারণে, তারপর মাছের পিঠের মতো মাজারটার দিকে তাকায়। কিন্তু সেদিকে তাকিয়ে হঠাৎ সে চমকে ওঠে।

রুপালি ঝালরওয়ালা সালু-কাপড়টা এক কোণে উল্টে আছে।

সত্যিই সে চমকে ওঠে। ভেতরটা কিসের ঠক্কর খেয়ে নড়ে ওঠে, স্রোতে ভাসমান নৌকার চড়ে ধাক্কা খাওয়ার মতো ভীষণভাবে ঝাঁকুনি খায়। কারণ, ঘরের ম্লান আলোয় কবরে সে-অনাবৃত অংশটা মৃত মানুষের খোলা চোখের মতো দেখায়।

কার কবর এটা? যদিও মজিদের সমৃদ্ধির যশ-মান ও আর্থিক সচ্ছলতার মূল কারণ এই কবরটা; কিন্তু সে জানে না কে চির শায়িত এর তলে। যে-কবরের পাশে আজ তার একযুগ ধরে বসবাস এবং যে-কবরের সত্তা সম্পর্কে সে প্রায় অচেতন হয়ে উঠেছিল, সে কবরই ভীত করে তোলে তার মনকে। কবরের কাপড় উল্টানো নগ্ন অংশই হঠাৎ তাকে স্মরণ করিয়ে দেয় যে, মৃত লোকটিকে সে চেনে না। এবং চেনে না বলে আজ তার পাশে নিজেকে বিস্ময়করভাবে নিঃসঙ্গ বোধ করে। এ-নিঃসঙ্গতা কালের মতো আদিঅন্তহীন -যার কাছে মানুষের জীবনের সুখ-দুঃখ অর্থহীন অপলাপ মাত্র।

সে রাতে রহিমা স্বামীর পা টিপতে টিপতে মজিদের দীর্ঘশ্বাস শোনে। চিরকালের স্বল্পভাষিণী রহিমা কোনো প্রশ্ন করে না, কিন্তু মনে মনে ভাবে।

এক সময়ে মজিদই বলে,

-বিবি, আমাগো যদি পোলাপাইন থাকত!

এমন কথা মজিদ কখনো বলে না তাই সহসা রহিমা কথাটার উত্তর খুঁজে পায় না। তারপর পা টেপা ক্ষণকালের জন্য থামিয়ে ডান হাত দিয়ে ঘোমটাটা কানের ওপর চড়িয়ে সে আস্তে বলে, - আমার বড় সখ হাসুনিরে পুষ্যি রাখি।

কেমন মোটা-তাজা পোলা।

প্রথমে মজিদ কিছুই বলে না। তারপর বলে,

– নিজের রক্তের না হইলে কী মন ভরে? কথাটা বলে আর মনে মনে একটা কথার মহড়া দেয়। মহড়া দেয়া কথাটা শেষে বলেই ফেলে। বলে, তাছাড়া তার মায়ের জন্মের নাই ঠিক! তারপর তারা অনেকক্ষণ নীরব হয়ে থাকে। মজিদের নীরবতা পাথরের মত ভারি। যে-নিঃশব্দতা আজ তার মনে ঘন হয়ে উঠেছে সে-নিঃশব্দতা সত্যিকার, জীবনের মতো তা নিছক বাস্তব এবং বাস্তব কথা হচ্ছে, পুষ্যি ছেলে তো দূরের কথা, রহিমাও সে- নিঃশব্দতাকে দূর করতে পারে না। দূর হবে যদি মনে নেশা ধরে। মজিদের নেশার প্রয়োজন।

ব্যথাবিদীর্ণ কণ্ঠে মজিদ আবার হাহাকার করে ওঠে,

আহা, খোদা যদি আমাগো পোলাপাইন দিত!

মজিদের মনে কিন্তু অন্য কথা ঘোরে। তখন মাজারের অনাবৃত কোণটা মৃত মানুষের চোখের মতো দেখাচ্ছিল। তা দেখে হয়তো তার মৃত্যুর কথা স্মরণ হয়েছিল। সঙ্গে সঙ্গে এ-কথাও স্মরণ হয়েছিল যে, জীবনকে সে উপভোগ করেনি। জীবন উপভোগ না করতে পারলে কিসের ছাই মান-যশ-সম্পত্তি? কার জন্যে শরীরের রক্ত পানি করা, আয়েশ-আরাম থেকে নিজেকে বঞ্চিত রাখা?

পরদিন সকালে মজিদ যখন কোরান শরীফ পড়ে তখন তার অশান্ত আত্মা সূক্ষ্ম হয়ে ওঠে। মিহি চিকণ কণ্ঠের ঢালা সুরে। পড়তে পড়তে তার ঠোঁট পিচ্ছিল ও পাতলা হয়ে ওঠে, চোখে আসে এলোমেলো হাওয়ার মতো অস্থিরতা।

বেলা চড়লে তার কোরান পাঠ খতম হয়। উঠানে সে যখন বেরিয়ে আসে তখনো কিন্তু তার ঠোঁট বিড়বিড় করে-তাতে যেন কোরান পাঠের রেশ লেগে আছে।

উঠানের কোণে আওলাঘরের নিচু চালের ওপর রহিমা কদুর বিচি শুকাবার জন্যে বিছিয়ে দিচ্ছিল। সে পেছন ফিরে আছে বলে মজিদ আড়চোখে চেয়ে তাকে দেখে কতক্ষণ। যেন অপরিচিতা কাউকে দেখে লুকিয়ে লুকিয়ে। কিন্তু চোখে আগুন জ্বলে না।

রাতে মজিদ রহিমাকে বলে,

– বিবি, একটা কথা।

শুনবার জন্যে রহিমা পা টেপা বন্ধ করে। তারপর মুখটা তেরছাভাবে ঘুরিয়ে তাকায় স্বামীর পানে।

– বিবি, আমাগো বাড়িটা বড়ই নিরানন্দ। তোমার একটা সাথী আনুম? সাথী মানে সতীন।

সে-কথা বুঝতে রহিমার এক মুহূর্ত দেরি হয় না এবং পলকের মধ্যে কথাটা বোঝে বলে সহসা কোনো উত্তর আসে না মুখে।

রহিমা কে নিরুত্তর দেখে মজিদ প্রশ্ন করে,

– কী কও?

– আপনে যেমুন বোঝেন।

তারপর আর কথা হয় না। রহিমা আবার পা টিপতে থাকে বটে কিন্তু থেকে থেকে তার হাত থেমে যায়। সমস্ত জীবনের নিস্ফলতা ও অন্তঃসারশূন্যতা এই মুহূর্তে তার কাছে হঠাৎ মস্ত বড় হয়ে ওঠে। কিন্তু বলবার তার কিছুই নেই।

জ্যৈষ্ঠের কড়া রোদে মাঠ ফাটছে আর লোকদের দেহ দানা-দানা হয়ে গেছে ঘামাচিতে, এমন সময় মসজিদের কাজ শেষ হয় এবং তার কিছু দিনের মধ্যেই মজিদের দ্বিতীয় বিয়ে সম্পন্ন হয় অনাড়ম্বর দ্রুততায়। ঢাকঢোল বাজে না, খানাপিনা মেহমান অতিথির হৈহল্লা হয় না, অত্যন্ত সহজে ব্যাপারটা চুকে যায়।

বউ হয়ে যে মেয়েটি ঘরে আসে সে যেন ঠিক বেড়ালছানা। বিয়ের আগে মজিদ ব্যাপারীকে সংগোপনে বলেছিল যে, ঘরে এমন একটি বউ আনবে যে খোদাকে ভয় করবে। কিন্তু তাকে দেখে মনে হয়, সে খোদাকে কেন সব কিছুকেই ভয় করবে, মানুষ হাসিমুখে আদর করতে গেলেও ভয়ে কেঁপে সারা হয়ে যাবে।

নতুন বউ-এর নাম জমিলা। জমিলাকে পেয়ে রহিমার মনে শাশুড়ির ভাব জাগে। স্নেহ কোমল চোখে সারাক্ষণ তাকে চেয়ে দেখে, আর যত দেখে তত ভালো লাগে তাকে। আদর যত্ন করে খাওয়ায় দাওয়ায় তাকে। ওদিকে মজিদ ঘনঘন দাড়িতে হাত বুলায়, আর তার আশপাশ আতরের গন্ধে ভুর ভুর করে।

এক সময় গলায় পুলক জাগিয়ে মজিদ প্রশ্ন করে,

– হে নামাজ জানে নি?

রহিমা জমিলার সঙ্গে একবার গোপনে আলাপ করে নেয়। তারপর গলা চড়িয়ে বলে,

– জানে।

– জানলে পড়ে না ক্যান?

জমিলার সঙ্গে আলাপ না করেই রহিমা সরাসরি উত্তর দেয়,

– পড়বো আর কী ধীরে-সুস্থে।

আড়ালে রহিমাকে মজিদ প্রশ্ন করে,

– তোমারে হে মানসম্মান করে নি?

– করে না? খুব করে। একরত্তি মাইয়া, কিন্তু বড় ভালো। চোখ পর্যন্ত তোলে না।

তারা দু'জনেই কিন্তু ভুল করে। কারণ দিন কয়েকের মধ্যে জমিলার আসল চরিত্র প্রকাশ পেতে থাকে। প্রথমে সে ঘোমটা খোলে তারপর মুখ আড়াল করে হাসতে শুরু করে। অবশেষে ধীরে ধীরে তার মুখে কথা ফুটতে থাকে এবং একবার যখন ফোটে তখন দেখা যায় যে, অনেক কথাই সে জানে ও বলতে পারে -এতদিন কেবল তা ঘোমটার তলে ঢেকে রেখেছিল।

একদিন বাইরের ঘর থেকে মজিদ হঠাৎ শোনে সোনালি মিহি সুন্দর হাসির ঝংকার। শুনে মজিদ চমকিত হয়। দীর্ঘ জীবনের মধ্যে এমন হাসি সে কখনো শোনেনি। রহিমা জোরে হাসে না। সালু-আবৃত মাজারের আশেপাশে যারা আসে তারাও কোনো দিন হাসে না। অনেক সময় কান্নার রোল ওঠে, কত জীবনের দুঃখ বেদনা বরফ-গলা নদীর মতো হু হু করে ভেসে আসে আর বুকফাটা দীর্ঘশ্বাসের দমকা হাওয়া জাগে, কিন্তু এখানে হাসির ঝংকার ওঠে না কখনো। গোয়ালঘরের মতো মক্তবে খিটখিটে মেজাজের মৌলবীর সামনে প্রাণহীন তারস্বরে আমসিপারা পড়া হতে শুরু করে অন্ন সংস্থানের জন্য তিক্ততম সংগ্রামের দিনগুলির মধ্যে কোথাও হাসির লেশমাত্র আভাস নেই। তাই কয়েক মুহূর্ত বিমুগ্ধ মানুষের মতো মজিদ স্তব্ধ হয়ে থাকে। তারপর সামনের লোকটির পানে তাকিয়ে হঠাৎ সে শক্ত হয়ে যায়। মুখের পেশি টান হয়ে ওঠে, আর কুঁচকে যায় ভুরু

পরে ভেতরে এসে মজিদ বলে,

– কে হাসে অমন কইরা?

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জমিলা আসার পর আজ প্রথম মজিদের কণ্ঠে রুষ্টতা শোনা যায়। তাই যে-জমিলা মজিদকে ভেতরে আসতে দেখে ওপারে মুখ ঘুরিয়ে ফেলেছিল লজ্জায়, সে আড়ষ্ট হয়ে যায় ভয়ে। কেউ উত্তর দেয় না।

মজিদ আবার বলে,

– মুসলমানের মাইয়ার হাসি কেউ কখনো হুনে না। তোমার হাসিও যানি কেউ হুনে না।

রহিমা এবার ফিসফিস করে বলে, হুনলা নি? আওয়াজ কইরা হাসন নাই।

জমিলা আস্তে মাথা নাড়ে। সে শুনেছে।

একদিন দুপুরে জমিলাকে নিয়ে রহিমা পাটি বুনতে বসে। বাইরে আকাশে শঙ্খচিল ওড়ে, আর অদূরে বেড়ার ওপরে বসে দুটো কাক ডাকাডাকি করে অবিশ্রান্তভাবে।

বুনতে বুনতে জমিলা হঠাৎ হাসতে শুরু করে। মজিদ বাড়িতে নেই, পাশের গ্রামে গেছে এক মরণাপন্ন গৃহস্থকে ঝাড়তে। তবু সভয়ে চমকে উঠে রহিমা বলে,

– জোরে হাইস না বইন, মাইনষে হুনবো।

ওর হাসি কিন্তু থামে না। বরঞ্চ হাসতে হাসতে লুটিয়ে পড়ে মাটিতে। বিচিত্রভাবে জীবন্ত সে হাসি, ঝরনার অনাবিল গতির মতো ছন্দময় দীর্ঘ সমাপ্তিহীন ধারা।

আপনা থেকে হাসি যখন থামে তখন জমিলা বলে,

– একটা মজার কথা মনে পড়ল বইলাই হাসলাম বুবু।

হাসি থেমেছে দেখে রহিমা নিশ্চিন্ত হয়। তাই এবার সহজ গলায় প্রশ্ন করে,

– কী কথা বইন?

– কমু? বলে চোখ তুলে তাকায় জমিলা। সে- চোখ কৌতুকে নাচে।

– কও না।

বলবার আগে দাঁত দিয়ে ঠোঁট কামড়ে সে কী যেন ভাবে। তারপর বলে,

– তানি যখন আমারে বিয়া করবার যায় তখন খোদেজা বুবু বেড়ার ফাঁক দিয়া তানারে দেখাইছিল।

– কারে দেখাইছিল?

– আমারে। তয় দেইখা আমি কই, দ্যুত, তুমি আমার লগে মস্করা কর খোদেজা বুবু। কারণ কী আমি ভাবলাম, তানি বুঝি দুলার বাপ। আর-হঠাৎ আবার হাসির একটা গমক আসে, তবু নিজেকে সংযত করে সে বলে-আর, এইখানে তোমারে দেইখা ভাবলাম তুমি বুঝি শাশুড়ি।

কথা শেষ করেছে কী অমনি জমিলা আবার হাসিতে ফেটে পড়ল। কিন্তু সে-হাসি থামতে দেরি হলো না। রহিমার হঠাৎ কেমন গম্ভীর হয়ে ওঠা মুখের দিকে তাকিয়ে সে আচমকা থেমে গেলো।

সারা দুপুর পাটি বোনে, কেউ কোনো কথা কয় না। নীরবতার মধ্যে এক সময়ে জমিলার চোখ ছলছল করে ওঠে, কিসের একটা নিদারুণ অভিমান গলা পর্যন্ত ওঠে ভারী হয়ে থাকে। রহিমার অলক্ষ্যে ছাপিয়ে ওঠা অশ্রুর সঙ্গে কতক্ষণ লড়াই করে জমিলা তারপর কেঁদে ফেলে।

হাসি শুনে রহিমা যেন চমকে উঠেছিল তেমনি চমকে ওঠে তার কান্না শুনে। বিস্মিত হয়ে কতক্ষণ তাকিয়ে থাকে জমিলার পানে। জমিলা কাঁদে আর পাটি বোনে, থেকে থেকে মাথা বেঁকে চোখ-নাক মোছে।

রহিমা আস্তে বলে,

– কাঁদো ক্যান বইন?

জমিলা কিছুই বলে না। পশলাটি কেটে গেলে সে চোখ তুলে তাকায় রহিমার পানে, তারপর হাসে। হেসে সে একটি মিথ্যা কথা বলে।

বলে যে, বাড়ির জন্যে তার প্রাণ জ্বলে। সেখানে একটা নুলা ভাইকে ফেলে এসেছে, তার জন্যে মনটা কাঁদে। বলে না যে, রহিমাকে হঠাৎ গম্ভীর হতে দেখে বুকে অভিমান ঠেলে এসেছিল এবং একবার অভিমান ঠেলে এলে কান্নাটা কী করে আসে সব সময়ে বোঝা যায় না। রহিমা উত্তরে হঠাৎ তাকে বুকে টেনে নেয়, কপালে আস্তে চুমা খায়।

জমিলাই কিন্তু দু'দিনের মধ্যে ভাবিয়ে তোলে মজিদকে। মেয়েটি যেন কেমন! তার মনের হদিশ পাওয়া যায় না। কখন তাতে মেঘ আসে, কখন উজ্জ্বল আলোয় ঝলমল করে-পূর্বাহ্নে তার কোনো ইঙ্গিত পাওয়া দুষ্কর। তার মুখ খুলেছে বটে কিন্তু তা রহিমার কাছেই। মজিদের সঙ্গে এখনো সে দুটি কথা মুখ তুলে কয় না। কাজেই তাকে ভালোভাবে জানবারও উপায় নেই।

একদিন সকালে কোত্থেকে মাথায় শনের মতো চুলওয়ালা খ্যাংটা বুড়ী মাজারে এসে তীক্ষ্ণ আর্তনাদ শুরু করে দিল। কী তার বিলাপ, কী ধারাল তার অভিযোগ। তার সাতকুলে কেউ নেই, এখন নাকি তার চোখের মণি একমাত্র ছেলে জাদুও মরেছে। তাই সে মাজারে এসেছে খোদার অন্যায়ের বিরুদ্ধে নালিশ করতে।

তার তীক্ষ্ণ বিলাপে সকালটা যেন কাঁচের মতো ভেঙে খানখান হয়ে গেলো মজিদ তাকে অনেক বোঝাবার চেষ্টা করে, কিন্তু ওর বিলাপ শেষ হয় না, গলার তীক্ষ্ণতা কিছুমাত্র কোমল হয় না। উত্তরে এবার সে কোমরে গোঁজা আনা পাঁচেক পয়সা বের করে মজিদের দিকে ছুঁড়ে দিয়ে বলে, -সব দিলাম আমি, সব দিলাম। পোলাটার এইবার জান ফিরাইয়া দেন।

মজিদ আরো বোঝায় তাকে। ছেলে মরেছে, তার জন্য শোক করা উচিত নয়। খোদার যে বেশি পেয়ারের হয় সে আরো জলদি দুনিয়া থেকে প্রস্থান করে। এবার তার উচিত মৃত ছেলের রূহ-এর জন্যে দোয়া করা; সে যেন বেহেশতে স্থান পায়, তার গুনাহ যেন মাফ হয়ে যায় তার জন্যে দোয়া করা।

কিন্তু এ-সব ভালো নছিহতে কান নেই বুড়ির; শোক আগুন হয়ে জড়িয়ে ধরেছে তাকে, তাতে দাউ-দাউ করে পুড়ে মরছে। মজিদ আর কী করে। পয়সাটা কুড়িয়ে নিয়ে চলে আসে। অন্দরে আসতে দেখে বেড়ার কাছে দাঁড়িয়ে আছে জমিলা, পাথরের মতো মুখ-চোখ। মজিদ থমকে দাঁড়িয়ে কতক্ষণ তার পানে চেয়ে থাকে, কিন্তু তার হুঁস নেই।

সেই থেকে মেয়েটির কী যেন হয়ে গেলো। দুপুরের আগে মজিদকে নিকটে কোনো এক স্থানে যেতে হয়েছিল, ফিরে এসে দেখে দরজার চৌকাঠে হেলান দিয়ে গালে হাত চেপে জমিলা মূর্তির মতো বসে আছে, ঝুরে আসা চোখে আশপাশের দিশা নাই।

রহিমা বদনা করে পানি আনে, খড়ম জোড়া রাখে পায়ের কাছে। মুখ ধুতে-ধুতে সজোরে গলা সাফ করে মজিদ তারপর আবার আড়চোখে চেয়ে দেখে জমিলাকে। জমিলার নড়চড় নেই। তার চোখ যেন পৃথিবীর দুঃখ বেদনার অর্থহীনতায় হারিয়ে গেছে।

খাওয়া-দাওয়া শেষ হলে মজিদ দরজার কাছাকাছি একটা পিঁড়িতে এসে বসে। রহিমার হাত থেকে হুঁকাটা নিয়ে প্রশ্ন করে,

– ওইটার হইছে কী?

রহিমা একবার তাকায় জমিলার পানে। তারপর আঁচল দিয়ে গালের ঘাম মুছে আস্তে বলে,

– মন খারাপ করছে।

ঘন ঘন বার কয়েক হুঁকায় টান দিয়ে মজিদ আবার প্রশ্ন করে,

– কিন্তু... ক্যান খারাপ করছে?

রহিমা সে-কথার জবাব দেয় না। হঠাৎ জমিলার দিকে তাকিয়ে ধমকে ওঠে,

– ওঠ ছেমড়ি, চৌকাঠে ঐ রকম কইরা বসে না।

মজিদ হুঁকা টানে আর নীলাভ ধোঁয়ার হাল্কা পর্দা ভেদ করে তাকায় জমিলার পানে। জমিলা যখন নড়বার কোনো লক্ষণ দেখায় না তখন মজিদের মাথায় ধীরে ধীরে একটা চিনচিনে রাগ চড়তে থাকে। মন খারাপ হয়েছে? সে যদি হতো নানারকম দায়িত্ব ও জ্বালা-যন্ত্রণার মধ্যে দিয়ে দিন কাটানো মস্ত সংসারের কর্ত্রী-তবে না হয় বুঝত মন খারাপের অর্থ। কিন্তু বিবাহিতা একরত্তি মেয়ের আবার ওটা কী ঢং? তাছাড়া মানুষের মন খারাপ হয় এবং তাই নিয়ে ঘর সংসারের কাজ করে, কথা কয়, হাঁটে-চলে। জমিলা যেন ঠাটাপড়া মানুষের মতো হয়ে গেছে।

হঠাৎ মজিদ গর্জন করে ওঠে। বলে, আমার দরজার থিকা উঠবার কও তারে। ও কী ঘরে বালা আনবার চায় নাকি? চায় নাকি আমার সংসার উচ্ছন্নে যাক, মড়ক লাগুক ঘরে?

গর্জন শুনে রহিমার বুক পর্যন্ত কেঁপে ওঠে। জমিলাও এবার নড়ে। হঠাৎ কেমন অবসন্ন দৃষ্টিতে তাকায় এদিকে, তারপর হঠাৎ উঠে সিঁড়ি দিয়ে নেমে গোয়াল ঘরের দিকে চলে যায়।

সে-রাতে দূরে ডোমপাড়ায় কিসের উৎসব। সেই সন্ধ্যা থেকে একটানা ভোঁতা উত্তেজনায় ঢোলক বেজে চলেছে। বিছানায় শুয়ে জমিলা এমন আলগোছে নিঃশব্দ হয়ে থাকে, যেন সে বিচিত্র ঢোলকের আওয়াজ শোনে কান পেতে। মজিদও অনেকক্ষণ নিঃশব্দ হয়ে পড়ে থাকে। একবার ভাবে, তাকে জিজ্ঞাসা করে কী হয়েছে তার, কিন্তু একটু কূল-কিনারাহীন অর্থই প্রশ্নের মধ্যে নিমজ্জিত মনের আভাস পেয়ে মজিদের ভেতরটা এখনো খিটখিটে হয়ে আছে। প্রশ্ন করলে কী একটা অতলতার প্রমাণ পাবে-এই ভয় মনে। মাজারের সান্নিধ্যে বসবাস করার ফলে মজিদ এই দীর্ঘ এক যুগকাল সময়ের মধ্যে বহু ভগ্ন, নির্মমভাবে আঘাত-পাওয়া হৃদয়ের পরিচয় পেয়েছে। তাই আজ সকালে ঐ সাতকুল খাওয়া শনের মতো চুল মাথায় বুড়িটার ছুরির মতো ধারাল তীক্ষ্ণ বিলাপ মজিদের মনকে বিন্দুমাত্র বিচলিত করতে পারেনি। কিন্তু সে-বিলাপ শোনার পর থেকেই জমিলা যেন কেমন হয়ে গেছে। কেন?

মনে মনে ক্রোধে বিড়বিড় করে মজিদ বলে, যেন তার ভাতার মরছে।

ডোমপাড়ায় অবিশ্রান্ত ঢোলক বেজে চলে; পৃথিবীর মাটিতে অন্ধকারের তলানি গাঢ় হতে গাঢ়তর হয়। মজিদের ঘুম আসে না। ঘুমের আগে জমিলার গায়ে-পিঠে হাত বুলিয়ে খানিক আদর করা প্রায় তার অভ্যাস হয়ে দাঁড়ালেও আজ তার দিকে তাকায় না পর্যন্ত। হয়ত এই মুহূর্তে দুনিয়ার নির্মমতার মধ্যে হঠাৎ নিঃসঙ্গ হয়ে ওঠা জমিলার অন্তর একটু আদরের জন্য, একটু স্নেহ-কোমল সান্ত্বনার জন্য বা মিষ্টি-মধুর আশার কথার জন্য খাঁ-খাঁ করে, কিন্তু মজিদের আজ আদর শুকিয়ে আছে। তার সে-শুষ্ক হৃদয় ঢোলকের একটানা আওয়াজের নিরন্তর খোঁচায় ধিকি ধিকি করে জ্বলে, মানে অন্ধকারে স্ফুলিঙ্গের ছটা জাগে। সে ভাবে, নেশার লোভে কাকে সে ঘরে আনল? যার কচি-কোমল লতার মতো হাল্কা দেহ দেখে আর এক ফালি চাঁদের মতো ছোট মুখ দেখে তার এত ভালো লেগেছিল-তার এ কী পরিচয় পাচ্ছে ধীরে ধীরে?

তারপর কখন মজিদ ঘুমিয়ে পড়েছিল। মধ্যরাতে ঢোলকের আওয়াজ থামলে হঠাৎ নিরবচ্ছিন্ন নীরবতা ভারী হয়ে এল। তারই ভারিত্বে হয়ত চিন্তাক্ষত মজিদের অস্পষ্ট ঘুম ছুটে গেল। ঘুম ভাঙলেই তার একবার আল্লাহু আকবর বলার অভ্যাস। তাই অভ্যাসবশত সে শব্দ দুটো উচ্চারণ করে পাশে ফিরে তাকিয়ে দেখে জমিলা নেই। কয়েক মুহূর্ত সে কিছু বুঝল না, তারপর ধাঁ করে ওঠে বসল। তারপর নিজেকে অপেক্ষাকৃত সংযত করে অকম্পিত হাতে দেশলাই জ্বালিয়ে কুপিটা ধরালো।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
Download More Book From www.admissionwar.com

পাশের বারান্দার মতো ঘরটায় রহিমা শোয়। সেখানেই রহিমার প্রশস্ত বুকে মুখ গুঁজে জমিলা অঘোরে ঘুমাচ্ছে।

পরদিন জমিলার মুখের অন্ধকারটা কেটে যায়। কিন্তু মজিদের কাটে না। সে সারাদিন ভাবে। রাতে রহিমা যখন গোয়াল ঘরে গামলাতে হাত ডুবিয়ে নুনপানি মেশানো ভুষি গোলায় তখন বাইরের ঘর থেকে ফিরবার মুখে মজিদ সেখানে এসে দাঁড়ায়। রহিমার মুখ ঘামে চকচক করে আর ভনভন করে মশায় কাটে তার সারা দেহ। পায়ের আওয়াজে চমকে ওঠে রহিমা দেখে, মজিদ। তারপর আবার মুখ নিচু করে ভুসি গোলায়।

মজিদ একবার কাশে। তারপর বলে,

– জমিলা কই?

ঘুমাইছে বোধ হয়।

জমিলার সন্ধ্যা হতে না হতেই ঘুমোবার অভ্যাস। মজিদ বলা-কওয়াতে সে নামাজ পড়তে শুরু করেছে, কিন্তু প্রায়ই এশার নামাজ পড়া তার হয়ে ওঠে না, এই নিদারুণ ঘুমের জন্য। নামাজ তো দূরের কথা, খাওয়াই হয়ে ওঠে না। যে-রাতে অভুক্ত থাকে তার পরদিন অতি ভোরে ওঠে ঢাকাঢোকা যা বাসি খাবার পায় তাই খায় গবগব করে।

মজিদ এবার চাপা গলায় গর্জে ওঠে,

-ঘুমাইছে? তুমি কাম করবা, হে লাটবিবির মতো খাটে চইড়া ঘুমাইব বুঝি? ক্যান, এত ক্যান? থেমে আবার বলে, নামাজ পড়ছেনি?

নামাজ সে আজ পড়েছে। মগরেবের নামাজের পরেই ঢুলতে শুরু করেছিল, তবু টান হয়ে বসেছিল আধ ঘণ্টার মতো। তারপর কোনো প্রকারে এশার নামাজ সেরেই সোজা বিছানায় গিয়ে ঘুম দিয়েছে। কিন্তু তখন রহিমা পেছনে ছাপড়া দেওয়া ঘরটিতে বসে রান্না করছিল বলে সে-কথা সে জানে না।

-কী জানি, বোধ হয় পড়েছে।

-বোধ হয় বুধ হয় জানি না। খোদার কামে ওইসব ফাইজলামি চলে না।

যাও, গিয়া তারে ঘুম থিকা তোল, তারপর নামাজ পড়বার কও।

রহিমা নিরুত্তরে ভুসি গোলানো শেষ করে। গাইটা নাসারন্ধ্র ডুবিয়ে সোঁ-সোঁ আওয়াজ করে। ভুসি খেতে শুরু করে। কুপির আলোয় চকচক করে তার মস্ত কালো চোখজোড়া। সে-চোখের পানে কয়েক মুহূর্ত তাকিয়ে থেকে রহিমা ঘর থেকে বেরিয়ে যায়, পেছনে পেছনে যায় মজিদ।

হাত ধুয়ে এসে ঠাণ্ডা সে-হাত দিয়ে জমিলার দেহ স্পর্শ করে। রহিমা যখন ধীরে ধীরে ডাকে তখনো মজিদ পেছনে দাঁড়িয়ে থাকে, একটা অধীরতায় তার চোখ চকচক করে। কিন্তু সে অধীর হলে কী হবে, জমিলার ঘুম কাঠের মতো। সে-ঘুম ভাঙে না। রহিমার গলা চলে, ধাক্কানি জোরালো হয়, কিন্তু সে যেন মরে আছে। এই সময়ে এক কাণ্ড করে মজিদ। হঠাৎ এগিয়ে এসে একহাত দিয়ে রহিমাকে সরিয়ে একটানে জমিলাকে উঠিয়ে বসিয়ে দেয়। তার শক্ত মুঠির পেষণে মেয়েটির কব্জার কচি হাড় হয়ত মড়মড় করে ওঠে।

আচমকা ঘুম থেকে জেগে উঠে ঘরে ডাকাত পড়েছে ভেবে জমিলার চোখ ভীতবিহ্বল হয়ে ওঠে প্রথমে। কিন্তু ক্রমশ শ্রবণশক্তি পরিষ্কার হতে [illegible] এবং সঙ্গে সঙ্গে মজিদের রুষ্ট কথাগুলোর অর্থও পরিষ্কার হতে থাকে কেন তাকে উঠিয়েছে সে-কথা এখন বুঝলেও জমিলা বসেই থাকে, ওঠার নামটি করে না।

সে ল্যাট মেরে বসেই থাকে। হঠাৎ তার মনে বিদ্রোহ জেগেছে। সে উঠবেও না, কিছু বলবেও না। কোনো কথাই সে বলে না। নামাজ যে পড়েছে, এ-কথাও না।

ক্ষণকালের জন্য মজিদ বুঝতে পারে না কী করবে। মহব্বতনগরে তার দীর্ঘ রাজত্বকালে আপন হোক পর হোক কেউ তার হুকুম এমনভাবে অমান্য করেনি কোনোদিন। আজ তার ঘরের এক রত্তি বউ-যাকে সে সেদিনমাত্র ঘরে এনেছে একটু নেশার ঝোঁক জেগেছিল বলে-সে কিনা তার কথায় কান না দিয়ে অমন নির্বিকারভাবে বসে আছে।

সত্যিই সে হতবুদ্ধি হয়ে যায়। অন্তরে সে-ক্রোধ দাউদাউ করে জ্বলে ওঠে সে-ক্রোধ ফেটে পড়বার পথ না পেয়ে অন্ধ সাপের মতো ঘুরতে থাকে, ফুঁসতে থাকে। তার চেহারা দেখে রহিমার বুক কেঁপে ওঠে ভয়ে। দীর্ঘ বারো বছরের মধ্যে স্বামীকে সে অনেকবার রাগতে দেখেছে, কিন্তু তার এমন চেহারা সে কখনো দেখেনি। কারণ সচরাচর সে যখন রাগে তখন তার রাগান্বিত মুখে কেমন একটা সমবেদনার, সমাজ ও ধর্ম-সংস্কারের সদিচ্ছার কোমল আভা ছড়িয়ে থাকে। আজ সেখানে নির্ভেজাল নিষ্ঠুর হিংস্রতা।

– ওঠ বইন ওঠ, বহুত হইছে। নামাজ লইয়া কি রাগ করা যায়?

– রাগ? কিসের রাগ? মজিদ আবার গর্জে ওঠে। এই বাড়িতে আহ্লাদের জায়গা নেই। এই বাড়ি তার বাপের বাড়ি না।

তবু জমিলা ঠায় বসে থাকে। সে যেন মূর্তি।

অবশেষে আগ্নেয়গিরির মুখে ছিপি দিয়ে মজিদ সরে যায়। আসলে সে বুঝতে পারে না এরপর কী করবে। হঠাৎ এমন এক প্রতিদ্বন্দ্বীর সম্মুখীন হয় যে, সে বুঝে উঠতে পারে না তাকে কীভাবে দমন করতে হবে। এই ক্ষেত্রে, দীর্ঘকাল অন্দরে-বাইরে রাজত্ব করেও যে-সতর্কতার গুণটা হারায়নি, সে-সতর্কতাও সে অবলম্বন করে। ব্যাপারটা আদ্যোপান্ত সে ভেবে দেখতে চায়।

যাবার সময় একটি কথা বলে মজিদ,

– ওই দিলে খোদার ভয় নেই। এইটা বড়ই আফসোসের কথা।

অর্থাৎ তার মনে পর্বতপ্রমাণ খোদার ভীতি জাগাতে হবে। ব্যাপারটা আদ্যোপান্ত ভে দেখবার সময় সে-লাইনেই মজিদ ভাববে।

পরদিন সকালে কোরান পাঠ খতম করে মজিদ অন্দরে এসে দেখে, দরজার চৌকাঠের ওপর ক্ষুদ্র ঘোলাটে আয়নাটি বসিয়ে জমিলা অত্যন্ত মনোযোগ সহকারে সিঁথি কাটছে তেল-জবজবে পাট করা মাথাটি বাইরের কড়া রোদের ঝলক লেগে জ্বলজ্বল করে। মজি যখন পাশ কাটিয়ে ঘরে ঢোকে তখন জমিলা পিঠটা কেবল টান করে যাবার পথ করে দে তাকায় না তার দিকে।

এ-সময় মজিদ নিমের ডাল দিয়ে দাঁত মেছোয়াক করে। মেছোয়াক করতে করতে ঘরময় ঘোরে, উঠানে পায়চারি করে, পেছনে গাছগাছলার দিকে চেয়ে কী দেখে। দীর্ঘ সম নিয়ে সযত্নে মেছোয়াক করে-দাঁতের আশে-পাশে, ওপরে-নীচে। ঘষতে ঘষতে ঠো পাশে ফেনার মতো থুথু জমে ওঠে। মেছোয়াকের পালা শেষ হলে গামছাটা নিয়ে পুকু গিয়ে দেহ রগড়ে গোসল করে আসে।

একটু পরে একটা নিমের ডাল দাঁতে কামড়ে ধরে জমিলার দেহ ঘেঁষে আবার বেরি আসে মজিদ। আড়চোখে একবার তাকায় বউ-এর পানে। মনে হয়, ঘোলাটে আয়ন নিজেরই প্রতিচ্ছবি দেখে চকচক করে মেয়েটির চোখ। সে-চোখে বিন্দুমাত্র খোদার ভ নেই-মানুষের ভয় তো দূরের কথা।

মেছোয়াক করতে করতে উঠানে চক্কর খায় মজিদ। একসময়ে সশব্দে থুথু ফেলে দ দরজার কাছে এসে দাঁড়ায়। দরজায় পাকা সিঁড়ি নেই। পুকুরঘাটের যেমন থাক থাক ক কাটা নারকেল গাছের গুঁড়ি থাকে, তেমনি একটা গুঁড়ি বসানো। তারই নিচের ধাপে পা রে মজিদ আবার থুথু ফেলে, তারপর বলে,

– রূপ দিয়া কী হইব? মাইনাষের রূপ ক-দিনের? ক-দিনেরই বা জীবন তার?

ক্ষীপ্রগতিতে জমিলা স্বামীর পানে তাকায়। শত্রুর আভাস পাওয়া হরিণের চোখে মতোই সতর্ক হয়ে ওঠে তার চোখ।

মজিদ বলে চলে,

– তোমার বাপ-মা দেখি বড় জাহেল কিছিমের মানুষ। তোমারে কিছু শিক্ষা দেয় নাই অবশ্য তার জন্যে হাশরের দিনে তারাই জবাবদিহি দিব। তোমার দোষ কী?

জমিলা শোনে, কিছু বলে না। মজিদ কয়েক মুহূর্ত অপেক্ষা করে বলে, কাইল কামটি করছ, তা কী শক্ত গুনার কাম জানোনি, ক্যামনে করলা কামটা? খোদারে কি ড না, দোজখের আগুনরে কী ডরাও না?

জমিলা পূর্ববৎ নীরব। কেবল ধীরে-ধীরে কাঠের মতো শক্ত হয়ে ওঠে তার মুখটা।

– তাছাড়া, এই কথা সর্বদা খেয়াল রাখিও যে, যার-তার ঘরে আসো নাই তুমি! এই মাজারপাকের ছায়ায় শীতল, এইখানে তাঁনার রুহের দোয়া মানুষের শান্তি দেয়, সুখ দে তাঁনার দিলে গোসা আসে এমন কাম কোনো দিন করিও না।

তারপর আরেকবার সশব্দে থুথু ফেলে মজিদ পুকুর ঘাটের দিকে রওনা হয়।

জমিলা তেমনি বসে থাকে। ভঙ্গিতে তেমনি সতর্ক, কান খাড়া করে রাখা সশঙ্ক হরিণের মতো। তারপর হঠাৎ একটা কথা সে বোঝে। কাঁচা গোস্তে মুখ দিতে গিয়ে খট করে একটা আওয়াজ শুনে ইঁদুর যা বোঝে, হয়ত তেমনি কিছু একটা বোঝে সে। সে যে খাঁচায় ধরা পড়েছে।

তারপর এক অদ্ভুত কাণ্ড ঘটে। দপ করে জমিলার চোখ জ্বলে ওঠে। সঙ্গে সঙ্গে তা ঠোঁট কেঁপে ওঠে, নাসারন্ধ্র বিস্ফারিত হয়, দাউ দাউ করা শিখার মতো সে দীর্ঘ হয়ে ওঠে।

কিন্তু পরমুহূর্তেই শান্ত হয়ে অধিকতর মনোযোগ সহকারে জমিলা সিঁথি কাটতে থাকে।

সেদিন বাদ-মগরেব শিরনি চড়ানো হবে। যে-দিন শিরনি চড়ানো হবে বলে মজিদ ঘোষণা করে সে-দিন সকাল থেকে লোকেরা চাল-ডাল-মসলা পাঠাতে শুরু করে। সে চা ডাল মজিদ ছুঁয়ে দিলে রহিমা তা দিয়ে খিচুড়ি রাঁধে। অন্দরের উঠানে সে-দিন কাটা চুলা ব্যাপারীর বড় বড় ডেকচিতে রান্না হতে থাকে। ওদিকে বাইরে জিকির হয়। জিকিরের প খাওয়া-দাওয়া।

মজিদ পুকুরঘাট থেকে ফিরে এলে প্রথম চাল-ডাল-মসলা এল ব্যাপারীর বাড়ি থেকে সেই শুরু। তারপর একসের-আধাসের করে নানা বাড়ি থেকে তেমনি চাল-ডাল-মসলা আসতে থাকে। অপরাহ্নের দিকে অন্দরে উঠানে চুলা কাটা হলো। শীঘ্র সে-চুলা গনগনে উঠবে আগুনে।

মগরেবের পর লোকেরা এসে বাইরের ঘরে জমতে লাগল। কে একজন মোমবাতি এনেছে কটা, তাছাড়া আগরবাতিও এনেছে এক গোছা। বিছানো সাদা চাদরের ওপর মজিদ বসলে তার দু'পাশে রাখা হলো দুটো দীর্ঘ মোমবাতি, আর সামনে এক গোছা আগরবাতির জ্বলন্ত কাঠি। কাঠিগুলো এক ভাণ্ড চালের মধ্যে বসানো।

মজিদ আজ লম্বা সাদা আলখেল্লা পরেছে। পিঠ টান করে হাঁটু গেড়ে বসে সেটা গুঁজে দিয়েছে পায়ের নিচে পর্যন্ত। আর মাথায় পড়েছে আধা পাগড়ি, পেছন দিকটায় তার বিঘত খানেক লেজ।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

যথেষ্ট দোয়া-দরুদ পাঠের পর জিকির শুরু হয়। প্রথমে অতি ধীরে ধীরে প্রশান্ত সমুদ্রের বিলম্বিত ঢেউয়ের মতো। কারণ লোকেরা তখন পরস্পরের নিকট হতে দূরে-দূরে ছড়িয়ে আছে যোগশূন্য হয়ে। কিন্তু এই যোগশূন্যতার মধ্যে এ-কথা স্পষ্ট হয়ে ওঠে যে, পরস্পরের সঙ্গে মিলিত হবার জন্যই তারা ভাসতে শুরু করেছে, উঠতে-নামতে শুরু করেছে।

ঢিমেতেতালা ঢেউয়ের মতো ভাসতে-ভাসতে তারা ক্রমশ এগিয়ে আসতে থাকে পরস্পরের সন্নিকটে। এ-ধীরগতিশীল অগ্রসর হবার মধ্যে চাঞ্চল্য নেই এখনো, আশা-নিরাশার দ্বন্দ্বও নেই। খোদার অস্তিত্বের মতো তাদের লক্ষ্যের অবস্থান সম্পর্কে একটা নিরুদ্বিগ্ন বিশ্বাস।

সন্ধ্যাটি হাওয়াশূন্য। মোমবাতির শিখা স্থির ও নিষ্কম্প। অদূরে সালুকাপড়ে আবৃত মাছের পিঠের মতো মাজারটি মহাসত্যের প্রতীক স্বরূপ অটুট জমাট পাথরে নীরব, নিশ্চল।

কিন্তু ধীরে-ধীরে এদের গলা চড়তে থাকে। ক্রমে ক্রমে দুনে চলে জিকির। প্রত্যেকে পরস্পরের সন্নিকটে আসতে থাকে, এবং যে-মহাঅগ্নিকুণ্ডের সৃষ্টি হবে শীঘ্র তারই ছিটেফোঁটা স্ফুলিঙ্গ জ্বলে ওঠে ঘনিষ্ঠতার সংঘর্ষণে।

মজিদের চোখ ঝিমিয়ে আসে। সঙ্গে সঙ্গে বারবার দেহ ঝুঁকে আসে। মুখের কথা আধা বুকে বিঁধে যায় আর তার অন্তরখনন গভীরতর হতে থাকে। ভেতর থেকে ক্রমশ বলকে-বলকে একটা অস্পষ্ট বিচিত্র আওয়াজ বেরোয় শুধু। আর কতক্ষণ? পরস্পরের দাহ্য-চেতনা এবার মিলিত হবে-হচ্ছে করছে। একবার হলে মুহূর্তে সমস্ত কিছু মুছে নিশ্চিহ্ন হয়ে যাবে, দুনিয়ার মোহ আর ঘরবসতির মায়া-মমতা জ্বলে ছারখার হয়ে যাবে।

আওয়াজ বিচিত্রতর হতে থাকে। হু হু হু। আবার: হু হু হু। আবার–

অন্দরে উঠানে মজিদ নিজের হাতে যে-শিরনি চড়িয়ে এসেছে, তার তদারক করার ভার রহিমা-জমিলার ওপর। চাঁদহীন রাতে ঘন অন্ধকারের গায়ে বিরাট চুলা গনগন করে, আর কালো হাওয়া ভালো চালের মিহি-মিষ্টি গন্ধে ভুরভুর করে।

কাজের মধ্যে জমিলা উবু হয়ে বসে হাঁটুতে থুতনি রেখে বড় ডেকচিটাতে বলক-ওঠা চেয়ে চেয়ে দেখে। সাহায্য করতে পাড়ার মেয়েরা যারা এসেছে তারা অশরীরীর মতো নিঃশব্দে ঘুরে-ঘুরে কাজ করে। ধোয়া-পাকলা করে, লাকড়ি ফাড়ে, কিন্তু কথা কয় না কেউ।

বাইরে থেকে ঢেউ আসে জিকিরের। ডেকচিতে বলক-আসা দেখে জমিলা, আর সে-ঢেউয়ের গর্জন কান পেতে শোনে। সে-ঢেউ যখন ক্রমশ একটা অবক্তব্য উত্তাল ঝড়ে পরিণত হয় তখন একসময়ে হঠাৎ কেমন বিচলিত হয়ে পড়ে জমিলা। সে-ঢেউ তাকে আচম্বিতে এবং অত্যন্ত রূঢ়ভাবে আঘাত করে। তারপর আঘাতের পর আঘাত আসতে থাকে। একটা সামলিয়ে উঠতে না উঠতে আরেকটা। সে আর কত সহ্য করবে। বালু তীরে যুগযুগ আঘাত পাওয়া শক্ত-কঠিন পাথর তো সে নয়। হঠাৎ দিশেহারা হয়ে সে পিঠ সোজা করে বসে, তারপর বিভ্রান্ত দৃষ্টিতে এধার-ওধার চেয়ে শেষে রহিমার পানে তাকায়। গনগনে আগুনের পাশে কেমন চওড়া দেখায় তাকে কিন্তু কানের পাশে গোঁজা ঘোমটায় আবৃত মাথাটি নিশ্চল; চোখ তার বাষ্পের মতো ভাসে।

পানিতে ডুবতে থাকা মানুষের মতো মুখ তুলে আবার শরীর দীর্ঘ করে জমিলা থই পায় না কোথাও। শেষে সে রহিমাকে ডাকে,

-বুবু!

রহিমা শোনে কি শোনে না। সে ফিরে তাকায়ও না, উত্তরও দেয় না। এ-দিকে ঢেউয়ের পর আরও ঢেউ আসে, উত্তাল উত্তুঙ্গ ঢেউ। হু হু হু। আবার: হু হু হু। দুনিয়া যেন নিঃশ্বাস রুদ্ধ করে আছে, আকাশে যেন তারা নেই।

তারপর একটু পরে চিৎকার ওঠে। সঙ্গে সঙ্গে বিস্ময়কর দ্রুততায় আসতে থাকা পর্বতপ্রমাণ অজস্র ঢেউ ভেঙে ছত্রখান হয়ে যায়। মুহূর্তে কী যেন লণ্ডভণ্ড হয়ে যায়, মারাত্মক বন্যাকে যেন অবশেষে কারা রুখতে পারে না। এবার ভেসে যাবে জনমানব-ঘরবসতি, মানুষের আশা-ভরসা।

বিদ্যুৎগতিতে জমিলা উঠে দাঁড়ায়। ক্ষীণদেহে বৃদ্ধ বৃক্ষের মতো কঠিনভাবে দাঁড়িয়ে সে স্পষ্ট কণ্ঠে আবার ডাকে।

– বুবু!

এবার রহিমা মুখ তুলে তাকায়। তার চওড়া দেহটি শান্ত দিনের নদীর মতো বিস্তৃত আর নিস্তরঙ্গ। উজ্জ্বল চোখ ঝলমল করছে বটে কিন্তু তাও শান্ত, স্পষ্ট। সে-চোখের দিকে জমিলা তাকিয়ে থাকে কয়েক মুহূর্ত, কিন্তু অবশেষে কিছু বলে না। তারপর সে দ্রুতপায়ে হাঁটতে থাকে উঠান পেরিয়ে বাইরের দিকে।

জিকির করতে করতে মজিদ অজ্ঞান হয়ে পড়েছে। এ হয়েই থাকে। তবু লোকেরা তাকে নিয়ে ব্যস্ত হয়ে পড়ে। কেউ হাওয়া করে, কেউ বুকফাটা আওয়াজে হা-হা করে আফসোস করে, কেউ-বা এ-হট্টগোলের সুযোগে মজিদের অবশ পদযুগল মত্ত চুম্বনে-চুম্বনে সিক্ত করে দেয়। কেবল ক্ষয়ে-আসা মোমবাতি দুটো তখনো নিষ্কম্প স্থিরতায় উজ্জ্বল হয়ে থাকে।

হঠাৎ একটি লোকের নজর বাইরের দিকে যায়। কেন যায় কে জানে, কিন্তু বাইরে গাছতলার দিকে তাকিয়ে সে মুহূর্তে স্থির হয়ে যায়। কে ওখানে? আলিঝালি দেখা যায়, পাতলা একটি মেয়ে, মাথায় ঘোমটা নেই। সে আর দৃষ্টি ফেরায় না। তারপর একে একে অনেকেই দেখে। তবু মেয়েটি নড়ে না। অস্পষ্ট অন্ধকারে ঘোমটাশূন্য তার মুখটা ঢাকা চাঁদের মতো রহস্যময় মনে হয়।

শীঘ্র মজিদের জ্ঞান হয়। ধীরে ধীরে সে উঠে বসে তারপর চোখে অর্থহীন অবসাদ নিয়ে ঘুরে ঘুরে সবার দিকে তাকায়। একসময়ে সেও দেখে মেয়েটিকে। সে তাকায়, তারপর বিমূঢ় হয়ে যায়। বিমূঢ়তা কাটলে দপ্ করে জ্বলে ওঠে চোখ।

অবশেষে কী করে যেন সরল কণ্ঠে হাসে। সকল দিকে চেয়ে বলে,

– পাগলি ঝিটা। একটু থেমে আবার বলে, নতুন বিবির বাড়ির লোক, তার সঙ্গে আসছে।

তারপর হাততালি দিয়ে উঁচু গলায় মজিদ হাঁকে, এই বিটি ভাগ! ঠোঁটে তখনো হাসির রেখা, কিন্তু সে-দিকে তাকিয়ে চোখ তার দপদপ করে জ্বলে।

হয়ত তার চোখের আগুনের হল্কা লেগেই ঘোর ভাঙে জমিলার। হঠাৎ সে ভেতরের দিকে চলতে থাকে, তারপর শীঘ্র বেড়ার আড়ালে অদৃশ্য হয়ে যায়।

আবার জিকির শুরু হয়। কিন্তু কোথায় যেন ভাঙন ধরেছে, জিকির আর জমে না। লোকেরা মাথা দোলায় বটে কিন্তু থেকে থেকে তাদের দৃষ্টি বিদ্যুৎ-ক্ষিপ্রতায় নিক্ষিপ্ত হয় গাছতলার দিকে। কাঙালের মতো তাদের দৃষ্টি কী যেন হাতড়ায়। মহাসমুদ্রের ডাককে অবহেলা করে বালুতীরে কী যেন খোঁজে।

অবশেষে মজিদ মুখ তুলে তাকায়। জিকিরের ধ্বনিও সেই সঙ্গে থামে। ক্ষয়িষ্ণু মোমবাতি দুটো নিষ্কম্পভাবে জ্বলে কিন্তু আগরবাতির কাঠিগুলো চালের মধ্যে কখন গুঁড়িয়ে ভস্ম হয়ে আছে।

কিছু বলার আগে মজিদ একবার কাশে। কেশে একে একে সকলের পানে তাকায়। তারপর বলে,

– ভাই সকল, আমার মালুম হইতেছে কোনো কারণে আপনারা বেচইন আছেন। কী তার কারণ?

কেউ উত্তর দেয় না। কেবল উত্তর শোনার জন্য তারা পরস্পরের মুখের দিকে চাওয়া-চাওয়ি করে। কতক্ষণ অপেক্ষা করে মজিদ তারপর বলে,

– আইজ জিকির ক্ষান্ত হইল।

খাওয়া দাওয়া শুরু হয়। অন্যান্য দিন জিকিরের পর লোকেরা প্রচণ্ড ক্ষিধে নিয়ে গোগ্রাসে খিচুড়ি গেলে, আজ কিন্তু তেমন হাত চলে না তাদের। কিসের লজ্জায় সবাই মাথা নিচু করে রেখেছে, আর কেমন বিসদৃশভাবে চুপচাপ।

নিবন্ত চুলার পাশে রহিমা তখনো বসে আছে, পাশে নামিয়ে রাখা খিচুড়ির ডেকচি। বুড়ো আওলাদ আন্দরে-বাইরে আসা-যাওয়া করে। এবার খালি বর্তন নিয়ে আসে ভেতরে।

একটু পরে মজিদও আসে। রহিমা আলগোছে ঘোমটা টেনে সিধা হয়ে বসে। ভাবে, রান্না ভালো হলো কী খারাপ হলো এইবার মতামত জানাবে মজিদ। কাছে এসে মজিদ কিন্তু রান্না সম্পর্কে কোনো কথাই বলে না। কেমন চাপা কর্কশ গলায় প্রশ্ন করে,

– হে কই?

রহিমা চারধারে তাকায়। কোথাও জমিলা নেই। মনে পড়ে, তখন সে যে হঠাৎ ওঠে চলে গেল তারপর আর সে এ-দিকে আসেনি। আস্তে রহিমা বলে,-বোধ হয় ঘুমাইছে।

দাঁত কিড়মিড় করে এবার মজিদ বলে,

– ও যে একদম বাইরে চইলা গেলো, দেখলা না তুমি?

মুহূর্তে ভয়ে স্তব্ধ হয়ে যায় রহিমা। জমিলা বাইরে গিয়েছিল? কতক্ষণ অবিশ্বাসের দৃষ্টিতে স্বামীর দিকে তাকিয়ে থেকে গালে হাত দিয়ে প্রশ্ন করে,

– হে বাইরে গেছিল?

তখনো দাঁত কিড়মিড় করে মজিদের। উত্তরে শুধু বলে,

– হ!

তারপর হনহনিয়ে ভেতরে চলে যায়।

রহিমা অনেকক্ষণ চুপ হয়ে বসে থাকে। তার হাত-পা কেমন যেন অসাড় হয়ে আসে।

পরে সেদিনকার মতো জমিলাকে ডাকতে সাহস হয় না। নিয়ন্ত হুঁকাটা পাশে নামিয়ে রেখে সিঁড়ির কাছাকাছি গুম হয়ে বসে ছিল মজিদ। তার দিকে চেয়ে ভয় হয় যে, ডাকার আওয়াজে সহসা সে জেগে উঠবে, চাপা ক্রোধে হঠাৎ ফেটে পড়বে, নিঃশ্বাসরুদ্ধ করা আশঙ্কার মধ্যে তবু যে-নীরবতা এখনো অক্ষুণ্ণ আছে তা ভেঙে টুকরো টুকরো হয়ে যাবে। তাই উঠানটা পেরুতে গিয়ে সতর্কভাবে হাঁটে রহিমা, নিঃশব্দে আর আলগোছে। কিন্তু এদিকে তার মাথা ঝিমঝিম করে। জমিলার বাইরে যাওয়ার কথা যখনই ভাবে তখনই তার মাথা ঝিমঝিম করে ওঠে। মনে মনে কেমন ভীতিও বোধ করে। লতার মতো মেয়েটি যেন এ-সংসারে ফাটল ধরিয়ে দিতে এসেছে। ঘরে সে যেন বালা ডেকে আনবে আর মাজার-পাকের দোয়ায় যে-সংসার গড়ে উঠেছে সে-সংসার ধূলিসাৎ হয়ে যাবে।

ওদিক থেকে ফিরে রহিমা সিঁড়ির দিকে এলে মজিদ হঠাৎ ডাকে- বিবি শোনো। তোমার লগে কথা আছে।

সে নিরুত্তর পাশে এসে দাঁড়ালে মজিদ মুখ তুলে তাকায় তার পানে। সংকীর্ণ দাওয়ার ওপর একটি কুপি বসানো। তার আবছা আলো কয়েক হাত দূরে দাঁড়িয়ে থাকা রহিমার মুখকে অস্পষ্ট করে তোলে। সে-দিকে তাকিয়ে মজিদের ঠোঁট যেন কেমন থর থর করে কেঁপে ওঠে।

– বিবি, কারে বিয়া করলাম? তুমি কী বদদোয়া দিছিলানি?

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

শেষোক্ত কথাটা তড়িৎবেগে আহত করে রহিমাকে। তৎক্ষণাৎ সে ক্ষুণ্ন কণ্ঠে উত্তর দেয়,

– তওবা-তওবা, কী যে কন। কিন্তু তারপর তার কথা গুলিয়ে যায়। মুখ তুলে তাকিয়েই থাকে মজিদ। অস্পষ্ট আলোর মধ্যে স্থির হয়ে দাঁড়িয়ে আছে রহিমা। মুখের একপাশে গাঢ় ছায়া, চোখ দুটো ভেজা মাটির মতো নরম। মুহূর্তের মধ্যে মজিদ উপলব্ধি করে যে, চওড়া ও রঙ-শূন্য নিস্পৃহ মানুষ রহিমা মনে নেশা না জাগালেও তারই ওপর সে নির্ভর করতে পারে। তার আনুগত্য ধ্রুবতারার মতো অনড়, তার বিশ্বাস পর্বতের মতো অটল। সে তার ঘরের খুঁটি।

হঠাৎ দমকা হাওয়ার মতো নিঃশ্বাস ফেলে জীবনে প্রথম হয়ত কোমল হয়ে এবং নিজের সত্তার কথা ভুলে গিয়ে সে রহিমাকে বলে,

– কও বিবি কী করলাম? আমার বুদ্ধিতে জানি কুলায় না। তোমারে জিগাই, তুমি কও।

কখনো এমন সহজ সরল পরমাত্মীয়ের মতো কথা মজিদ বলে না। তাই ঝট্ করে রহিমা তার অর্থ বোঝে না। অকারণে মাথায় ঘোমটা টানে, তারপর ঈষৎ চমকে উঠে তাকায় স্বামীর পানে। তাকিয়ে নতুন এক মজিদকে দেখে। তার শীর্ণ মুখের একটি পেশিও এখন সচেতনভাবে টান হয়ে নেই। এতদিনের ঘনিষ্ঠতার ফলেও যে-চোখের সঙ্গে তার পরিচয় ঘটেনি সে-চোখ এই মুহূর্তে কেমন অস্ত্রশস্ত্র ছেড়ে নির্ভেজাল হৃদয় নিয়ে যেন তাকিয়ে আছে। দেখে একটা অভূতপূর্ব ব্যথাবিদীর্ণ আনন্দভাব ছেয়ে আসে রহিমার মনে, তারপর পুলক শিহরণে পরিণত হয়ে ধীরে ধীরে ছড়িয়ে পড়ে সারা দেহে। সে পুলক শিহরণের অজস্র ঢেউয়ের মধ্যে জমিলার মুখ তলিয়ে যায়, তারপর ডুবে যায় চোখের আড়ালে।

হঠাৎ ঝাপটা দিয়ে রহিমা বলে,

– কী কমু? মাইয়াডা জানি কেমুন। পাগলি। তা আপনে এলেমদার মানুষ। দোয়াপানি দিলে ঠিক হইয়া যাইবনি সব।

পরদিন থেকে শিক্ষা শুরু হয় জমিলার। ঘুম থেকে উঠে বাসি খিচুড়ি গোগ্রাসে গিলে খেয়ে সে উঠানে নেমেছে এমন সময় মজিদ ফিরে আসে বাইরে থেকে। এ-সময়ে সে বাইরেই থাকে। ফজরের নামাজ পড়েই সোজা ভেতরে চলে এসেছে।

মজিদের মুখ গম্ভীর। ততোধিক গম্ভীর কণ্ঠে জমিলাকে ডেকে বলে, কাইল তুমি আমার বে-ইজ্জত করছ! খালি তা না, তুমি তাঁনারে নারাজ করছ। আমার দিলে বড় ডর উপস্থিত হইছে। আমার উপর তাঁনার এৎবার না থাকলে আমার সর্বনাশ হইব। একটু থেমে মজিদ আবার বলে, -আমার দয়ার শরীল। অন্য কেউ হইলে তোমারে দুই লাথি দিয়ে বাপের বাড়িত পাঠাইয়া দিত। আমি দেখলাম, তোমার শিক্ষা হয় নাই, তোমারে শিক্ষা দেওন দরকার। তুমি আমার বিবি হইলে কী হইবো, তুমি নাজুক শিশু।

জমিলা আগাগোড়া মাথা নিচু করে শোনে। তাঁর চোখের পাতাটি পর্যন্ত একবার নড়ে না। তার দিকে কয়েক মুহূর্ত চেয়ে থেকে মজিদ একটু রুক্ষ গলায় প্রশ্ন করে,

-হুনছ নি কী কইলাম?

কোনো উত্তর আসে না জমিলার কাছ থেকে। তাঁর নির্বাক মুখের পানে কতক্ষণ চেয়ে থেকে মজিদের মাথায় সেই চিনচিনে রাগটা চড়তে থাকে। কণ্ঠস্বর আরও রুক্ষ করে সে বলে,

-দেখ বিবি, আমারে রাগাইও না। কাইল যে কামটা করছ তার পরেও আমি চুপচাপ আছি এই কারণে যে, আমার শরীলটা বড়ই দয়ার। কিন্তু বাড়াবাড়ি করিও না কইয়া দিলাম।

কোনো উত্তর পাবে না জেনেও আবার কতক্ষণ চুপ করে থাকে মজিদ। তারপর ক্রোধ সংযত করে বলে,

-তুমি আইজ রাইতে তারাবি নামাজ পড়বা। তারপর মাজারে গিয়া তানার কাছে মাফ চাইবা। তানার নাম মোদাচ্ছের। কাপড়ে ঢাকা মানুষেরে কোরানের ভাষায় কয় মোদাচ্ছের। সালুকাপড়ে ঢাকা মাজারের তলে কিন্তু তানি ঘুমাইয়া নাই। তিনি সব জানেন, সব দেখেন।

তারপর মজিদ একটা গল্প বলে। বলে যে, একবার রাতে এশার নামাজের পর সে গেছে মাজার-ঘরে। কখন তার অজু ভেঙে গিয়েছিল খেয়াল করেনি। মাজার-ঘরে পা দিতেই হঠাৎ কেমন একটি আওয়াজ কানে এল তার, যেন দূর জঙ্গলে শত-সহস্র সিংহ একযোগে গর্জন করছে। বাইরে কী একটা আওয়াজ হচ্ছে ভেবে সে ঘর ছেড়ে সে বেরুতেই মুহূর্তে সে-আওয়াজ থেমে গেল। বড় বিস্মিত হলো সে, ব্যাপারটার আগামাথা না বুঝে কতক্ষণ হতভম্বের মতো বাইরে দাঁড়িয়ে থাকলো। একটু পরে সে যখন ফের প্রবেশ করল মাজার-ঘরে তখন শোনে আবার সেই শত-সহস্র সিংহের ভয়াবহ গর্জন। কী গর্জন, শুনে রক্ত তার পানি হয়ে গেল ভয়ে। আবার বাইরে গেল, আবার এল ভেতরে। প্রত্যেকবারই একই ব্যাপার। শেষে কী করে খেয়াল হলো যে, অজু নেই তার, নাপাক শরীরে পাক মাজার-ঘরে সে ঢুকেছে। ছুটে গিয়ে মজিদ তালাবে অজু বানিয়ে এল। এবার যখন সে মাজার-ঘরে এল তখন আর কোনো আওয়াজ নেই। সে-রাতে দরগার কোলে বসে অনেক অশ্রু বিসর্জন করল মজিদ।

গল্পটা মিথ্যা। এবং সজ্ঞানে ও সুস্থদেহে মিথ্যা কথা বলেছে বলে মনে-মনে তওবা কাটে মজিদ। যা-হোক, জমিলার মুখের দিকে চেয়ে মজিদের মনের আফসোস ঘোচে। যে অত কথাতেও একবার মুখ তুলে তাকায়নি সে মাজার-পাকের গল্পটা শুনে চোখ তুলে তাকিয়ে আছে তার পানে। চোখে কেমন ভীতির ছায়া। বাইরে অটুট গাম্ভীর্য বজায় রাখলেও মনে মনে মজিদ কিছুটা খুশি না হয়ে পারে না। সে বোঝে, তার শ্রম সার্থক হবে, তার ... ব্যর্থ হবে না।

– তয় তুমি আইজ রাইতে নামাজ পড়বা তারাবির, আর পরে তানার কাছে মাফ চাইবা।

জমিলা ততক্ষণে চোখ নামিয়ে ফেলেছে। কথার কোনো উত্তর দেয় না।

তারাবিই হোক আর যাই হোক, সে-রাতে দীর্ঘকাল সময় জমিলা জায়নামাজে ... বসা করে। ঘরসংসারের কাজ শেষ করে রহিমা যখন ভেতরে আসে তখনো তার না... শেষ হয়নি দেখে মন তার খুশিতে ভরে ওঠে। ওঘরে মজিদ হুঁকায় দম দেয়। আওয়াজ ... মনে হয় তার ভেতরটাও কেমন তৃপ্তিতে ভরে উঠেছে। রহিমা অজু বানিয়ে এসেছে, ... এবার নামাজটা সেরে নেয়। তারপর পা টিপতে হবে কিনা এ-কথা জানার অজুহাতে মজিদের কাছে গিয়ে আভাসে-ইঙ্গিতে মনের খুশির কথা প্রকাশ করে। উত্তরে মজিদ ঘন ঘন হুঁকায় টান মারে আর চোখটা পিটপিট করে আত্মসচেতনতায়।

রহিমা কিছুক্ষণের জন্য স্বতঃপ্রবৃত্ত হয়ে স্বামীর পা টেপে। হাড়সম্বল কালো কঠিন পা... মৃতের মতো শীতল শুষ্ক তার চামড়া। কিন্তু গভীর ভক্তিভরে সে-পা টেপে রহিমা, ... হাড়ের মধ্যে যে-ব্যথার রস টনটন করে, তার আরাম করে।

সুখভোগ নীরবেই করে মজিদ। হুঁকায় তেজ কমে এসেছে, তবু টেনে চলে। ... ওধারে। নীরবতার মধ্যে ওঘর হতে থেকে থেকে কাঁচের চুড়ির মৃদু ঝঙ্কার ভেসে আসে। ... কান পেতে শোনে সে ঝংকার।

সময় কাটে। রাত গভীর হয়ে ওঠে বাঁশঝাড়ে, গাছের পাতায় আর মাঠে-ঘাটে। একসময়ে রহিমা আস্তে উঠে চলে যায়। মজিদের চোখেও একটু তন্দ্রার মতো ভাব নামে। একটু পরে সহসা জেগে উঠে সে কান খাড়া করে। ওধারে পরিপূর্ণ নীরবতা : সে-নীরবতার গায়ে আর চুড়ির চিকন আওয়াজ নেই।

ধীরে ধীরে মজিদ ওঠে। ওঘরে গিয়ে দেখে, জায়নামাজের ওপর জমিলা সেজদা দি... আছে। এখুনি উঠবে-এই অপেক্ষায় কয়েক মুহূর্ত দাঁড়িয়ে থাকে মজিদ। জমিলা কিন্তু ওঠে না।

ব্যাপারটা বুঝতে এক মুহূর্ত বিলম্ব হয় না মজিদের। নামাজ পড়তে পড়তে সেজদা... গিয়ে হঠাৎ সে ঘুমিয়ে পড়েছে। দস্যুর মতো আচমকা এসেছে সে-ঘুম, এক পলকের মধ্যে কাবু করে ফেলেছে তাকে।

কয়েক মুহূর্ত চুপচাপ দাঁড়িয়ে থাকে মজিদ, বোঝে না কী করবে। তারপর সহসা আবার সে-চিনচিনে ক্রোধ তার মাথাকে উত্তপ্ত করতে থাকে। নামাজ পড়তে পড়তে যার ঘু... এসেছে তার মনে ভয় নেই এ-কথা স্পষ্ট। মনে নিদারুণ ভয় থাকলে মানুষের ঘুম আসতে পারে... কখনো। এবং এত করেও যার মনে ভয় হয় নাই, তাকেই এবার ভয় হয় মজিদের।

হঠাৎ দ্রুতপদে এগিয়ে গিয়ে সেদিনকার মতো এক হাত ধরে হ্যাঁচকা টান মে... বসিয়ে দেয় জমিলাকে। জমিলা চমকে উঠে তাকায় মজিদের পানে। প্রথমে চোখে ... ভীতি, তারপর সে-চোখ কালো হয়ে আসে।

মজিদ গোঁ গোঁ করে ক্রোধে। রাতের নীরবতা এত ভারী যে, গলা ছেড়ে চিৎকার করতে সাহস হয় না, কিন্তু একটা চাপা গর্জন নিঃসৃত হয় তার মুখ দিয়ে। যেন দূর আকা... মেঘ গর্জন করে গড়ায়, গড়ায়।

– তোমার এত দুঃসাহস? তুমি জায়নামাজে ঘুমাইছ? তোমার দিলে একটু ভয়ডর হইব না?

জমিলা হঠাৎ থরথর করে কাঁপতে শুরু করে। ভয়ে নয়, ক্রোধে। গোলমাল ... রহিমা পাশের বিছানা থেকে উঠে এসেছিল, সে জমিলার কাঁপুনি দেখে ভাবলে দুরন্ত ... বুঝি পেয়েছে মেয়েটার। কিন্তু গর্জন করছে মজিদ, গর্জন করছে খোদা তা'লার ন্যায়... তার নাখোশ দিল। মজিদের ক্রোধ তো তাঁরই বিদ্যুৎছটা, তাঁরই ক্রোধের ইঙ্গিত। কী ... বলবে রহিমা। নিদারুণ ভয়ে সেও অসাড় হয়ে যায়। তবে জমিলার মতো কাঁপে না।

বাক্যবাণ নিষ্ফল দেখে আরেকটা হ্যাঁচকা টান দেয় মজিদ। শোয়া থেকে আচম... একটা টানে যে উঠে বসেছিল, তাকে তেমনি একটা টান দিয়ে দাঁড় করাতে বেগ পেতে হ... না। বরঞ্চ কিছু বুঝে উঠবার আগেই জমিলা সুস্থির হয়ে দাঁড়াল, এবং কাঁপতে থাকা ঠোঁট... উপেক্ষা করে শান্ত দৃষ্টিতে একবার নিজের ডান হাতের কব্জির পানে তাকাল। হয়ত ব্য... পেয়েছে। কিন্তু ব্যথার স্থান শুধু দেখল। তাতে হাত বুলাল না। বুলাবার ইচ্ছে থাকলে... অবসর পেল না। কারণ আরেকটা হ্যাঁচকা টান দিয়ে মজিদ তাকে নিয়ে চললে বাইরের দিকে।

উঠানটা তখনো পেরোয়নি, বিভ্রান্ত জমিলা হঠাৎ বুঝলে, কোথায় সে যাচ্ছে। মজি... তাকে মাজারে নিয়ে যাচ্ছে। তারাবির নামাজ পড়ে মাজারে গিয়ে মাফ চাইতে হবে সে-কথা মজিদ আগেই বলেছিল, এবং সেই থেকে একটা ভয়ও উঠেছিল জমিলার মনে। মাজারের ত্রিসীমানায় আজ পর্যন্ত ঘেঁষেনি সে। সকালে আজ মজিদ যে-গল্পটা বলেছিল, তারপর থেকে মাজারের প্রতি ভয়টা আরো ঘনীভূত হয়ে উঠেছে।

মাঝ-উঠানে হঠাৎ বেঁকে বসল জমিলা। মজিদের টানে স্রোতে-ভাসা তৃণখণ্ডের মতো ভেসে যাচ্ছিল, এখন সে সমস্ত শক্তি সংযোগ করে মজিদের বজ্রমুষ্টি হতে নিজের হাত ছাড়িয়ে নেবার চেষ্টা করতে লাগল। অনেক চেষ্টা করেও হাত যখন ছাড়াতে পারল না তখন সে অদ্ভুত একটা কাণ্ড করে বসলো। হঠাৎ সিধা হয়ে মজিদের বুকের কাছে এসে পিচ করে তার মুখে থুথু নিক্ষেপ করল।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পেছনে পেছনে রহিমা আসছিল কম্পিত বুক নিয়ে। আবছা অন্ধকারে ব্যাপারটা ঠিক ধরতে পারল না; এও বুঝল না মজিদ অমন বজ্রাহত মানুষের মতো ঠাঁয় দাঁড়িয়ে রয়েছে কেন। কিছু না বুঝে সে বুকের কাছে আঁচল শক্ত করে ধরে থ হয়ে দাঁড়িয়ে রইল।

মজিদ সত্যি বজ্রাহত হয়েছে। জমিলা এমন একটি কাজ করেছে যা কখনো স্বপ্নেও ভাবতে পারেনি কেউ করতে পারে। যার কথায় গ্রাম ওঠে-বসে, যার নির্দেশে খালেক ব্যাপারীর মতো প্রতিপত্তিশালী লোকও বউ তালাক দেয় দ্বিরুক্তি মাত্র না করে, যার পা খোদাভাবমত্ত লোকেরা চুম্বনে-চুম্বনে সিক্ত করে দেয়, তার প্রতি এমন চরম অশ্রদ্ধা কেউ দেখাতে পারে সে-কথা ভাবতে না পারাই স্বাভাবিক।

হঠাৎ অন্ধকার ভেদ করে মজিদ রহিমার পানে তাকাল। তাকিয়ে অদ্ভুত গলায় বলল,

– হে আমার মুখে থুথু দিল!

একটু পরে অন্ধকার থেকে তীক্ষ্ণকণ্ঠে আর্তনাদ করে উঠল রহিমা,

– কী করলা বইন তুমি, কী করলা!

তার আর্তনাদে কী ছিল কে জানে, কিন্তু ক্রোধে থরথর করে কাঁপতে থাকা জমিলা হঠাৎ স্তব্ধ হয়ে গেলো মনে-প্রাণে। কী একটা গভীর অন্যায়ের তীব্রতায় খোদার আরশ পর্যন্ত যেন কেঁপে উঠেছে।

মজিদ রহিমার চিৎকার শুনলো কী শুনলো না, কিন্তু ওধারে তাকালো না, কোনো কথাও বলল না। আরও কিছুক্ষণ সে স্তম্ভিতভাবে দাঁড়িয়ে থেকে হঠাৎ হাতকাটা ফতুয়ার নিম্নাংশ দিয়ে মুখটা মুছে ফেলল। ইতিমধ্যে তার ডান হাতের বজ্রকঠিন মুঠোর মধ্যে জমিলার হাতটি ঢিলা হয়ে গেছে; সে-হাত ছাড়িয়ে নেবার আর চেষ্টা নেই, বন্দি হয়ে আছে বলে প্রতিবাদ নেই। তার হাতের লইট্টা মাছের মতো হাড়গোড়হীন তুলতুলে নরম ভাব দেখে মজিদ অসতর্ক হবার কোনো কারণ দেখলে না; সে নিজের বজ্রমুষ্টিকে আরও কঠিনতর করে তুলল। তারপর হঠাৎ দু-পা এগিয়ে এসে এক নিমেষে তাকে পাঁজাকোল করে শূন্যে তুলে আবার দ্রুতপায়ে হাঁটতে লাগল বাইরের দিকে। ভেবেছিল, হাত-পা ছোঁড়াছুড়ি করবে জমিলা, কিন্তু তার ক্ষুদ্র অপরিণত দেহটা নেতিয়ে পড়ে থাকল মজিদের অর্ধচক্রাকারে প্রসারিত দুই বাহুতে। এত নরম তার দেহের ঘনিষ্ঠতা যে তারার ঝলকানির মতো এক মুহূর্তের জন্য মজিদের মনে ঝলকে ওঠে একটা আকুলতা; তা তাকে তার বুকের মধ্যে ফুলের মতো নিষ্পেষিত করে ফেলবার। কিন্তু সে-ক্ষুদ্র লতার মতো মেয়েটির প্রতিই ভয়টা দুর্দান্ত হয়ে উঠল। এবারেও সে অসতর্ক হলো না। এখন গা-ঢেলে নিস্তেজ হয়ে থাকলে কী হবে বিষাক্ত সাপকে দিয়ে কিছু বিশ্বাস নেই।

জমিলাকে সোজা মাজার-ঘরে নিয়ে ধপাস করে তার পাদপ্রান্তে বসিয়ে দিলো মজিদ। ঘর অন্ধকার। বাইরে থেকে আকাশের যে অতি ম্লান আলো আসে তা মাজার-ঘরের দরজাটিকেই কেবল রেখায়িত করে রাখে, এখানে সে আলো পৌঁছায় না। এখানে যেন মৃত্যুর আর ভিন্ন অপরিচিত দুনিয়ার অন্ধকার; সে-অন্ধকারে সূর্য নেই, চাঁদ-তারা নেই, মানুষের কুপি-লণ্ঠন বা চকমকির পাথর নেই। খুন হওয়া মানুষের তীক্ষ্ণ আর্তনাদ শুনে অন্ধের চোখে দৃষ্টির জন্য যে-তীব্র ব্যাকুলতা জাগে তেমনি একটা ব্যাকুলতা জাগে অন্ধকারের গ্রাসে জ্যোতিহীন জমিলার চোখে। কিন্তু সে দেখে না কিছু। কেবল মনে হয়, চোখের সামনে অন্ধকারই যেন অধিকতর গাঢ় হয়ে রয়েছে।

তারপর হঠাৎ যেন ঝড় ওঠে। অদ্ভুত ক্ষিপ্রতায় ও দুরন্ত বাতাসের মতো বিভিন্ন সুরে মজিদ দোয়া-দরুদ পড়তে শুরু করে। বাইরে আকাশ নীরব, কিন্তু ওর কণ্ঠে জেগে ওঠে দুনিয়ার যত অশান্তি আর মরণভীতি, সর্বনাশা ধ্বংস থেকে বাঁচবার তীব্র ব্যাকুলতা।

মজিদের কণ্ঠের ঝড় থামে না। জমিলা স্তব্ধ হয়ে বসে তাকিয়ে থাকে সামনের দিকে, মাছের পিঠের মতো একটা ঘনবর্ণ স্তূপ রেখায়িত হয়ে ওঠে সামনে। মাজারের অস্পষ্ট চেহারার দিকে তাকিয়ে-তাকিয়ে জমিলার ভীত-চঞ্চল মনটা কিছু স্থির হয়ে এসেছে– এমনি সময়ে বুক ফাটা কণ্ঠে মজিদ হো হো করে উঠল। তার দুঃখের তীক্ষ্ণতার সে কী ধার। অন্ধকারকে যেন চিড়চিড় করে দুফাঁক করে দিল। সভয়ে চমকে উঠে জমিলা তাকাল স্বামীর পানে। মজিদের কণ্ঠে তখন আবার দোয়া-দরুদের ঝড় জেগেছে, আর ঝড়ের মুখে পড়া ক্ষুদ্রপল্লবের মতো ঘূর্ণায়মান, তার অশান্ত উদ্ভ্রান্ত চোখ।

একটু পরে হঠাৎ জমিলা আর্তনাদ করে উঠল। আওয়াজটা জোরাল নয়, কারণ একটা প্রচণ্ড ভীতি তার গলা দিয়ে যেন আস্ত হাত ঢুকিয়ে দিয়েছে। তারপর সে চুপ করে গেলো। কিন্তু ঝড়ের শেষ নেই। ওঠা-নামা আছে, দিক পরিবর্তন আছে, শেষ নেই। এবং শেষ নেই বলে মানুষের আশ্বাসের ভরসা নেই।

ধাঁ করে জমিলা উঠে দাঁড়াল। কিন্তু মজিদও ক্ষিপ্রভাবে উঠে দাঁড়াল। জমিলা দেখল পথ বন্ধ। যে-ঝড়ের উদ্দামতার জন্য নিঃশ্বাস ফেলবার যো নেই; সে-ঝড়ের আঘাতেই ডালপালা ভেঙে পথ বন্ধ হয়ে গেছে। একটু দূরে খোলা দরজা, তারপর অন্ধকার আর তারাময় আকাশের অসীমতা। এইটুকুন পথ পেরোবার উপায় নেই।

জমিলাকে বসিয়ে কিছুক্ষণের জন্য দোয়া-দরুদ পড়া বন্ধ করে মজিদ। এই সময় সে বলে,

– দেখ আমি যেইভাবে বলি সেইভাবে কর। আমার হাত হইতে দুষ্ট আত্মা, ভূত-প্রেতও রক্ষা পায় নাই। এই দুনিয়ার মানুষরা যেমন আমারে ভয় করে শ্রদ্ধা করে, তেমনি ভয় করে, শ্রদ্ধা করে অন্য দুনিয়ার জিন-পরীরা। আমার মনে হইতেছে, তোমার ওপর কারও আছর আছে। না নইলে মাজারপাকের কোলে বইসাও তোমার চোখে এখনো পানি আইল না কেন, কেন তোমার দিলে একটু পাশোনির ভাব জাগল না? কেনই-বা মাজারপাক তোমার কাছে আগুনের মতো অসহ্য লাগতাছে?

এই বলে সে একটা দড়ি দিয়ে কাছাকাছি একটা খুঁটির সঙ্গে জমিলার কোমড় বাঁধল। মাঝখানের দড়িটা ঢিলা রাখল, যাতে সে মাজারের পাশেই বসে থাকতে পারে। তারপর ভয়ে অসাড় হয়ে যাওয়া জমিলার দিকে শান্ত দৃষ্টিতে তাকিয়ে বলল,

– তোমার জন্য আমার মায়া হয়। তোমারে কষ্ট দিতেছি তার জন্য দিলে কষ্ট হইতেছে। কিন্তু মানুষের ফোঁড়া হইলে সে-ফোঁড়া ধারাল ছুরি দিয়া কাটতে হয়, জিনের আছর হইলে বেত দিয়া চাবকাইতে হয়, চোখে মরিচ দিতে হয়। কিন্তু তোমারে আমি এই সব করুম না। কারণ মাজারপাকের কাছে রাতের এক প্রহর থাকলে যতই নাছোড়বান্দা দুষ্ট আত্মা হোক না কেন, বাপ-বাপ ডাক ছাড়ি পালাইব। কাইল তুমি দেখবা দিলে তোমার খোদার ভয় আইছে, স্বামীর প্রতি ভক্তি আইছে, মনে আর শয়তানি নাই।

মনে মনে মজিদ আশঙ্কা করেছিল, জমিলা হঠাৎ তারস্বরে কাঁদতে শুরু করবে। কিন্তু আশ্চর্য, জমিলা কাঁদলও না, কিছু বললও না, দরজার পানে তাকিয়ে মূর্তির মতো বসে রইল। কয়েক মুহূর্ত তার দিকে সন্ধানী দৃষ্টিতে তাকিয়ে থেকে সে গলা উঁচিয়ে বলল,

– ঝাঁপটা দিয়া গেলাম। কিন্তু তুমি চুপ কইরা থাইক না। দোয়া-দরুদ পড়, খোদার কাছে আর তানার কাছে মাফ চাও।

তারপর সে ঝাঁপ দিয়ে চলে গেল।

ভেতরে বেড়ার কাছে তখনো দাঁড়িয়ে রহিমা। মজিদকে দেখে সে অস্ফুট কণ্ঠে প্রশ্ন করলে,

– হে কই?

– মাজারে। ওর ওপর আছর আছে। মাজারে কিছুক্ষণ থাকলে বাপ-বাপ ডাক ছাড়ি পালাইবো হে-জিন।

– ও ভয় পাইবো না?

হঠাৎ থমকে দাঁড়ালো মজিদ। বিস্মিত হয়ে বললে,

– কি যে কও তুমি বিবি? মাজারপাকের কাছে থাকলে কিসের ভয়? ভয় যদি কেউ পায় তা ওই দুষ্ট জিনটাই পাইব, যে আমার মুখে পর্যন্ত থুথু দিছে।

কথাটা মনে হতেই দাঁত কড়মড় করে উঠল মজিদের। দম খিঁচে ক্রোধ সংবরণ করে সে আবার বললে,

– তুমি ঘরে গিয়া শোও বিবি।

রহিমা ঘরে চলে গেলো। গিয়ে ঘুমাল কী জেগে রইল তার সন্ধান নেবার প্রয়োজন বোধ করল না মজিদ। মধ্যরাতের স্তব্ধতার মধ্যে সে ভেতরের ঘরের দাওয়ার ওপর চুপচাপ বসে রইল। যে-কোনো মুহূর্তে বাইরে থেকে একটা তীক্ষ্ণ আর্তনাদ শোনা যাবে -এই আশায় সে নিজের শ্বসনকে নিঃশব্দ-প্রায় করে তুলল। কিন্তু ওধারে কোনো আওয়াজ নেই। থেকে থেকে দূরে প্যাঁচা ডেকে উঠছে, আরও দূরে কোথাও একটা দীর্ঘ গাছের আশ্রয়ে শকুনের বাচ্চা নবজাত মানবশিশুর মতো অবিশ্রান্ত কেঁদে চলেছে, অন্ধকারের মধ্যে একটা বাদুর থেকে থেকে পাক খেয়ে যাচ্ছে। রাতটা গুমোট মেরে আছে, গাছের পাতার নড়চড় নেই। বাইরে বসেও মজিদের কপালে ঘাম জমছে বিন্দু বিন্দু।

সময় কাটে, ওধারে তবু কোনো আওয়াজ নেই। মুমূর্ষু রোগীর পাশে শেষ নিঃশ্বাস ত্যাগের অপেক্ষায় অনাত্মীয় সুহৃদ লোক যেমন নিশ্চল হয়ে বসে থাকে, তেমনি বসে থাকে মজিদ, গাছের পাতার মতো তারও নড়চড় নাই।

আরও সময় কাটে। এক সময় মজিদ বয়সের দোষে বসে থেকেই একটু আলগোছে ঝিমিয়ে নেয়, তারপর দূর আকাশে মেঘগর্জন শুনে চমকে উঠে চোখ মেলে তাকায় দিগন্তের দিকে। যে-রাত সেখানে এখন অপেক্ষাকৃত তরল হয়ে আসার কথা সেখানে ঘনীভূত মেঘস্তূপ। থেকে থেকে বিজলি চমকায়, আর শীঘ্র ঝিরঝিরে শীতল হাওয়া বয়ে আসতে থাকে দক্ষিণ-পশ্চিম কোণ থেকে। দেহের আড়মোড়া ভেঙে সোজা হয়ে বসে মজিদ, মুখে পালকস্পর্শের মতো সে-শিরশিরে শীতল হাওয়া বেশ লাগে এবং সেই আরামে কয়েক মুহূর্ত চোখও বোজে সে। কিন্তু কান খাড়া হয়ে ওঠার সাথে সাথে চোখটাও তার খুলে যায়। সে দেখে না কিছু, শোনেও না কিছু। মেঘ দেখা সারা, এবার সে শুনতে চায়। কিন্তু ওধারে এখনো প্রগাঢ় নীরবতা।

আর কতক্ষণ! নড়েচড়ে ভাবে মজিদ, তারপর নিরলস দৃষ্টি দিয়ে দক্ষিণ-পশ্চিম কোণ হতে দ্রুতগতিতে এগিয়ে আসতে থাকা ঘনকালো মেঘের পানে তাকিয়ে থাকে। ইতিমধ্যে রহিমা একবার ছায়ার মতো এসে ঘুরে যায়। ওর দিকে মজিদ তাকায়ও না একবার, না ঘুমিয়ে অত রাতে সে কেন ঘুরছে-ফিরছে এ-কথা জিজ্ঞাসা করবারও কোনো তাগিদ বোধ করে না। তার মনে যেন কোনো প্রশ্ন নেই, নেই অস্থিরতা, অপেক্ষা থাকলেও এবং সে অপেক্ষা যুগ ব্যাপী দীর্ঘ হলেও কোনো উদ্বেগ আসবে না। কিছু দেখবার নেই বলেই যেন সে বসে বসে মেঘ দেখে।

মেঘগর্জন নিকটতর হয়। এবার যখন বিদ্যুৎ চমকায় তখন সারা দুনিয়া ঝলসে উঠে সাদা হয়ে যায়। কয়েক মুহূর্তের জন্য উদ্ভাসিত অত্যুজ্জ্বল আলোর মধ্যে নিজেকে উলঙ্গ বোধ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

হলেও মজিদ চিরে দু'ফাঁক হয়ে যাওয়া আকাশ দেখে এ-মাথা থেকে সে-মাথা, তারপর প্যাঁচার মতো মুখ গোমড়া করে তাকিয়ে থাকে অন্ধকারের পানে। সে অন্ধকারেও তবু চোখ পিটপিট করে, আশায় আর আকাঙ্ক্ষায়। সে-আশা-আকাঙ্ক্ষা অবসর উপভোগীর অলস বিলাস মাত্র। চোখ তার পিটপিট করে আর পুনর্বার বিদ্যুৎ চমকানোর অপেক্ষায় থাকে। খোদার কুদরত, প্রকৃতির লীলা দেখবার জন্যই যেন সে বসে আছে ঘুম না গিয়ে, আরাম না করে। হয়-ত-বা সে এবাদত করে। এবাদতের রকমের শেষ নেই। প্রকৃতির লীলা চেয়ে চেয়ে দেখাও একরকম এবাদত।

আসন্ন ঝড়ের আশঙ্কায় আকাশ অনেকক্ষণ থমথম করে। রাতও কাটি-কাটি করে কাটে না, পাড়াগাঁয়ের থিয়েটারের যবনিকার মতো সময় পেরিয়ে গেলেও রাত্রির যবনিকা ওঠে না। প্রকৃতি-অবলোকনের এবাদতই যদি করে থাকে মজিদ তবে ঈষৎ বিরক্তি ধরে যেন, কারণ ভ্রূর কাছটা একটু কুঁচকে যায়।

তারপর হঠাৎ ঝড় আসে। দেখতে না দেখতে সারা আকাশ ছেয়ে যায় ঘনকালো মেঘে, তীব্র হাওয়ার ঝাঁপটায় গাছপালা গোঙায়, থরথর করে কাঁপে মানুষের বাড়িঘর। মজিদ ওঠে আসে ভেতরে। ভাবে, ঝড় থামুক। কারণ আর দেরি নয়, ওধারে মেঘের আড়ালে প্রভাত হয়েছে। সুবেহ্ সাদেক। নির্মল, অতি পবিত্র তার বিকাশ। যে রাতে অসংখ্য দুষ্ট আত্মারা ঘুরে বেড়ায় সে-রাতের শেষ; নতুন দিনের শুরু। মজিদের কণ্ঠে গানের মতো গুনগুনিয়ে ওঠে পাঁচ পদের ছুরা আল-ফালাক। সন্ধ্যার আকাশে অস্তগামী সূর্য দ্বারা ছড়ানো লাল আভাকে যে কুৎসিত ভয়াবহ অন্ধকার মুছে নিশ্চিহ্ন করে দেয়, সে-অন্ধকারের শয়তানি থেকে আমি আশ্রয় চাই, চাই তোমারই কাছে হে খোদা, হে প্রভাতের মালিক। আমি বাঁচতে চাই যত অন্যায় থেকে, শয়তানের মায়াজাল থেকে আর যত দুর্বলতা থেকে, হে দিনাদির অধিকারী।

এদিকে প্রভাতের বাহ্যিক লক্ষণ দেখা যায় না। ঝড়ের পরে আসে জোরালো বৃষ্টি। অসংখ্য তীরের ফলার মতো সে–বৃষ্টি বিদ্ধ করে মাটিকে। তারপর অপ্রত্যাশিতভাবে আসে শিলাবৃষ্টি। মজিদের ঢেউ-তোলা টিনের ছাদে যখন পথভ্রষ্ট উল্কার মতো প্রথম শিলাটি এসে পড়ে তখন হঠাৎ মজিদ সোজা হয়ে উঠে বসে, কান তার খাড়া হয়ে ওঠে বিপদসঙ্কেত শুনে। শীঘ্র অজস্র শিলাবৃষ্টি পড়তে শুরু করে।

তড়িৎবেগে মজিদ উঠে দাঁড়ায়। ভয়ে তার মুখটা কেমন কালো হয়ে গেছে। দু'পা এগিয়ে ওধারে তাকিয়ে সে বলে, বিবি, শিলা বৃষ্টি শুরু হইছে!

পরিষ্কার প্রভাতের অপেক্ষায় রহিমা গালে হাত দিয়ে চুপচাপ বসে ছিল। সে কোনো উত্তর দেয় না। মজিদ আরেকটু এগিয়ে যায়, তারপর আবার উৎকণ্ঠিত গলায় বলে,

– বিবি, শিলাবৃষ্টি শুরু হইছে!

রহিমা এবারও উত্তর দেয় না। তার আবছা চোখের পানে চেয়ে মনে হয়, সে-চোখ যেন জমিলার সে-দিনকার চোখের মতো হয়ে উঠেছে-যে-দিন সাতকুল খাওয়া খ্যাংটা বুড়ি এসে আর্তনাদ করেছিল।

এদিকে আকাশ থেকে ঝরতে থাকে পাথরের মতো খণ্ডখণ্ড বরফের অজস্র টুকরো, হয় জমা বৃষ্টিপাত। দিনের বেলা হলে বাছুরগুলো দিশেহারা হয়ে ছুটত, এক-আধটা হয়ত আঘাত খেয়ে শুয়েও পড়ত, কাদের মিঞার পেটওয়ালা ছাগলটা ডাকতে ডাকতে হয়রান হতো। বউরা আসত বেরিয়ে, ছেলেরা ছুটত বাইরে, লুফে লুফে খেত খোদার ঢিল। কারণ শয়তানকে তাড়াবার জন্যই তো শিলা ছোঁড়ে খোদা।

ছেলে-ছোকরারা আনন্দ করলেও বয়স্ক মানুষের মুখ কালো হয়ে আসে- তা দিন-রাতের যখনই শিলাবৃষ্টি হোক না কেন। কারণ মাঠে–মাঠে নধর–কচি ধান ধ্বংস হয়ে যায়, শিলার আঘাতে তার শিষ ঝরে–ঝরে পড়ে মাটিতে। যারা দোয়া-দরুদ জানে তারা তখন ঝড়ের মুখে পড়া নৌকোর যাত্রীদের মতো আকুলকণ্ঠে খোদাকে ডাকে; যারা জানে না তারা পাথর হয়ে বসে থাকে।

রহিমার কাছে উত্তর না পেয়ে এলেমদার মানুষ মজিদ খোদাকে ডাকতে শুরু করে। একবার ছুটে দরজার কাছে যায়, সর্ষের মতো উঠানে ছেয়ে যাওয়া শিলা দেখে, তারপর আবার দোয়া-দরুদ পড়ে পায়চারি করে দ্রুতপদে। এক সময়ে রহিমার সামনে গিয়ে থমকে দাঁড়ায়। বলে,

– কী হইল তোমার? দেখো না শিলাবৃষ্টি পড়ে!

একবার নড়বার ভঙ্গি করে রহিমা, কিন্তু তবু কিছু বলে না। পোষা জীবজন্তু একদিন আহার মুখে না দিলে যে-রহিমা অস্থির হয়ে ওঠে দুশ্চিন্তায়, দুটো ভাত অযথা নষ্ট হলে যে আফসোস করে বাঁচে না, সে-ই মাঠে কচি-নধর ধান নষ্ট হচ্ছে জেনেও চুপ করে থাকে এবং যে-রহিমার বিশ্বাস পর্বতের মতো অটল, যার আনুগত্য ধ্রুবতারার মতো অনড়, সে-ই যেন হঠাৎ মজিদের আড়ালে চলে যায়, তার কথা বোঝে না।

মজিদ আবার ওর সামনে গিয়ে ধমকে দাঁড়ায়। বিস্মিত কণ্ঠে বলে,

– কী হইল তোমার বিবি?

রহিমা হঠাৎ গা ঝাড়া দিয়ে সোজা হয়ে বসে। তারপর স্বামীর পানে তাকিয়ে পরিষ্কার গলায় বলে,

– ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে? আপনে ওরে নিয়া আসেন ভিতরে।

কী একটা কথা বলতে গিয়েও মজিদ বলে না। তারপর শিলাবৃষ্টি থামলে সে যায়। গুঁড়ি গুঁড়ি বৃষ্টি পড়ছে তখনো, আকাশ এ-মাথা থেকে সে-মাথা পর্যন্ত মেঘাবৃত। তা ভেদ করে একটা ধূসর আলো ছড়িয়ে পড়েছে চারধারে।

ঝাঁপটা খুলে মজিদ দেখলো লাল কাপড়ে আবৃত কবরের পাশে হাত-পা ছড়িয়ে চি পড়ে আছে জমিলা, চোখ বোজা, বুকে কাপড় নেই। চিৎ হয়ে শুয়ে আছে বলে সে বালকের বুকের মতো সমান মনে হয়। আর মেহেদি দেয়া তার একটা পা কবরের গায়ে লেগে আছে। পায়ের দুঃসাহস দেখে মজিদ মোটেই ক্রুদ্ধ হয় না। এমনকি তার মুখের পেশিও স্থানান্তরিত হয় না। সে নত হয়ে ধীরে ধীরে দড়িটা খোলে, তারপর তাকে করে ভেতরে নিয়ে আসে। বিছানায় শুইয়ে দিতেই রহিমা স্পষ্ট কণ্ঠে প্রশ্ন করে,

– মরছে নাকি?

প্রশ্নটি এই রকম যে, মজিদের ইচ্ছে হয় একটা হুঙ্কার ছাড়ে। কিন্তু কেন কে জানে কোনো উত্তর দিতে পারে না! শেষে কেবল সংক্ষিপ্তভাবে বলে,

– না। একটু থেমে আস্তে বলে, ওর ঘোর এখনো কাটে নাই। আছর ছাড়লে এই রকমটা হয়।

সে-কথায় কান না দিয়ে জমিলার কাছে দাঁড়িয়ে রহিমা তাকে চেয়ে চেয়ে দে তারপর কী একটা প্রবল আবেগের বশে সে তার দেহে ঘনঘন হাত বুলাতে শুরু করে। যেন ছলছল করে জেগে উঠে হঠাৎ বন্যার মতো দুর্বার হয়ে ওঠে, তার কম্পমান আঙুলে বন্যার উচ্ছ্বাস জাগে; তারই আবেগে বার বার বুজে আসে চোখ।

মজিদ অদূরে বিমূঢ় হয়েই দাঁড়িয়ে থাকে। মুহূর্তের মধ্যে কেয়ামত হবে।

মুহূর্তের মধ্যে মজিদের ভেতরেও কী যেন একটা ওলট-পালট হয়ে যাবার উপ করে, একটা বিচিত্র জীবন আদিগন্ত উন্মুক্ত হয়ে ক্ষণকালের জন্য প্রকাশ পায় তার চো সামনে, আর একটা সত্যের সীমানায় পৌঁছে জন্মবেদনার তীক্ষ্ণ যন্ত্রণা অনুভব করে মনে। কিন্তু শেষ পর্যন্ত টাল খেয়ে সে সামলে নেয় নিজেকে।

গলা কেশে মজিদ বলে,

– দুনিয়াটা বিবি বড় কঠিন পরীক্ষাক্ষেত্র। দয়া-মায়া সকলেরই আছে। কিন্তু তা তোমারে আঁধা না করে।

তারপর সে বেরিয়ে যায়। বেরিয়ে মাঠের দিকে হাঁটতে শুরু করে। ইতিমধ্যে ক্ষে প্রান্তে লোক জমা হয়েছে অনেক। কারও মুখে কথা নেই। মজিদকে দেখে কে এক হাহাকার করে উঠে বলে-সব তো গেল! এইবার নিজেই বা খামু কী, পোলাপানদেরই বা কী?

মজিদের বিনিদ্র মুখটা বৃষ্টিঝরা প্রভাতের ম্লান আলোয় বিবর্ণ কাঠের মতো দেখায়। সে কঠিনভাবে বলে,

– নাফারমানি করিও না। খোদার উপর তোয়াক্কল রাখ।

– এরপর আর কারও মুখে কথা জোগায় না। সামনে ক্ষেতে ক্ষেতে ব্যাপ্ত হয়ে আছে ব পড়া ধানের ধ্বংসস্তূপ। তাই দেখে চেয়ে চেয়ে। চোখে ভাব নেই। বিশ্বাসের পাথরে খোদাই সে-চোখ।

সমাপ্ত

শব্দার্থ ও টীকা

নলি	জাহাজে চড়ার অনুমতিপত্র।
হা শূন্য	অভাবগ্রস্ত। দারিদ্র্য।
ঝিমধরা	অবসন্ন। স্থির।
জানপছানের লোক	আত্মীয়স্বজন। প্রিয়জন।
সরভাঙা পাড়	প্রবল স্রোতে ভেঙে যাওয়া নদীর পাড়।
হেফজ	মুখস্থ। কণ্ঠস্থ।
সরগলা কেরাত	চিকন সুরে কোরান পাঠ।
ফিকে দাড়ি	পাতলা বা হালকা দাড়ি।
বাহে মুলুকে	উত্তরবঙ্গ এলাকায়।
নিরাক পড়া	বাতাসহীন নিস্তব্ধ গুমোট আবহাওয়া। ভাদ্র মাসের মাঝামাঝি সময়ে এ অবস্থার সৃষ্টি হয়।
গলুই	নৌকার সামনের বা পেছনের শক্ত ও সরু অংশ।
চোখে ধারালো দৃষ্টি চোখে তার তেমনি	চোখের সূক্ষ্ম, কৌতূহলী ও অন্তর্ভেদী দৃষ্টি।
শিকারির সূচাগ্র একাগ্রতা	তাহের-কাদের মাছ ধরছে। কাদের সন্তর্পণে নৌকা চালাচ্ছে। তাহের নৌকার সম্মুখভাগে-তার দৃষ্টি যেন সূচের অগ্রভাগের মতো তীক্ষ্ণতাসম্পন্ন। যেখানেই মাছ থাকুক না কেন-দৃষ্টির সূক্ষ্মতায় তা চোখে ধরা পড়বেই।
কোঁচ	মাছ ধরার জন্য নিক্ষেপণযোগ্য অস্ত্র। মাথায় তীক্ষ্ণ শলাকাগুচ্ছ যুক্ত বর্শা বিশেষ।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

জাহেল	অজ্ঞ। মূর্খ। নির্বোধ।
বেএলেম	বিদ্যাহীন। লেখাপড়া জানে না এমন লোক।
আনপাড়হ্	যাদের পড়াশোনা জ্ঞান নেই এমন লোক।
বেচাইন	অস্থির। উতলা।
চিকনাই	উজ্জ্বল। লাবণ্যময় চেহারা।
বতোর দিনে	জমিতে বীজ বপন বা ফসল বোনার এবং ফসল কাটার উপযুক্ত সময়।
মগরা মগরা ধান	প্রচুর ধান। গোলা বা মোড়া ভর্তি ধান।
বেওয়া	বিধবা।
বেগানা	অনাত্মীয়।
গলা সীসার মতো অবশেষে লজ্জা আসে রহিমার সারা দেহে	সীসা একটি কঠিন ধাতব পদার্থ। আগুনে পোড়ালে তা গলে যায় এবং যে পাত্রে রাখা যায় তাতে ছড়িয়ে পড়ে সমান্তরালভাবে। মজিদের উপদেশ বাণী শোনার পর লজ্জা রহিমার সমস্ত শরীরে ওই রূপ ছড়িয়ে পড়ে। এটি একটি উপমা।
গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ	রহিমা মজিদের স্ত্রী। তার অনুগত ও বাধ্য। মজিদের ভয়ে সে ভীতও। মজিদের চোখের ভাষা বোঝে সে। তাছাড়া সে ধর্মভীরু। গ্রামের মানুষগুলোও তারই মতো একই রকম ধর্মভীরু ও মজিদের প্রতি অনুগত।
রুঠাজমি	অনুর্বর ভূমি, নিষ্ফলা জমি।
শূন্য আকাশ বিশাল নগ্নতায় নীল হয়ে জ্বলেপুড়ে মরে	মেঘ বৃষ্টিবিহীন নীল আকাশকে কেমন উন্মুক্ত– ন্যাংটো মনে হয়। রোদের তাপদাহে মাঠ-প্রান্তরের মাটি ফেটে চৌচির। বৃষ্টি আর মেঘ শূন্যতায় আকাশকেই মনে হয় শূন্য। তার নীলের ভেতর মৃত্যু যন্ত্রণা ছাড়া আর কিছু নেই যেন।
নধর নধর	কমনীয়, সরস ও নবীন।
দ্বিতীয়ার চাঁদের মতো কাস্তে	অমাবস্যার দুইদিন পরের চাঁদ– দ্বিতীয়ার চাঁদ। নতুন ওঠা এই চাঁদের আকৃতি বাঁকা কাস্তের মতো। যে কাস্তে হাতে কৃষক মাঠের ধান কাটে আর মনের আনন্দে গান ধরে।
তাগড়া	বলিষ্ঠ লম্বা-চওড়া।
গাঁট্টাগোট্টা	খর্ব ও স্থূল অথচ বলিষ্ঠ দৃঢ় অস্থি গ্রন্থিযুক্ত; আঁটসাঁট দেহবিশিষ্ট।
শ্যেন দৃষ্টি	বাজপাখি বা শিকারি পাখির মতো দৃষ্টি।
বুত পূজারী	যারা মূর্তি পূজা করে।
নছিহত	উপদেশ। পরামর্শ।
আমসিপারা	আরবি বর্ণমালার উচ্চারণসহ সুরা সংকলন। পবিত্র কোরান শিক্ষার প্রাথমিক পাঠ।
তারস্বর	অতি উচ্চ শব্দের চিৎকার।
ধামড়া	বয়স্ক। পাকা।
মারুফ	মহান পুরুষ। মহাপুরুষ।
রুহ	আত্মা। অন্তরাত্মা।
মহা তমিস্রা	গভীর অন্ধকার। ঘোর অমানিশা।
মওত	মৃত্যু। মরণ।
ঢেঙ্গা	লম্বা। পাতলা শরীর।
শয়তানের খাম্বা	খাম্বা অর্থ খুঁটি বা স্তম্ভ। এখানে হাসুনির মার বাপ তথা তাহের কাদেরের বাপকে মজিদের দৃষ্টিতে শয়তানের খুঁটি বলা হয়েছে। তাহেরের বাপ বুড়ো, তার সঙ্গে স্ত্রীর সর্বদা ঝগড়া লেগে থাকে। এ দিকে বুড়োর মেয়ে হাসুনির মা মজিদের কাছে এসে বাপের বিরুদ্ধে নালিশ জানায়। তাহেরের বাপ কিছুটা বোকা ও একরোখা। এটি মজিদের মোটেই পছন্দ নয়। মজিদ ভাবে এই বুড়োই শয়তানের খাম্বা।
বাজখাঁই গলায়	গম্ভীর ও কর্কশ স্বরে।
ঢোল-সোহরত	কোনো বিষয় ঢাক-ঢোল বাজিয়ে প্রচার করা, প্রচারের ব্যাপকতা অর্থে।
নেকবন্দ	পুণ্যবান। মহাপুরুষ।
ছুরায়ে আল-নূর	পবিত্র কোরান-শরিফের একটি সুরা– যেখানে মানব জাতিকে আলোর পথ দেখানো হয়েছে। পাশাপাশি মূলত নারীদের বিভিন্ন বিধান বর্ণিত হয়েছে।
কেরাত	পবিত্র কোরান-শরিফের বিশুদ্ধ পাঠ।
হলফ	সত্য কথা বলার জন্য যে শপথ করা হয়। শপথ। প্রতিজ্ঞা।
রদ্দি	পচা। বাসি।
আমসিপানা মুখ	শুকিয়ে যাওয়া মুখ।
বালা	আপদ-বিপদ।
শোকর গুজার	কৃতজ্ঞতা। প্রশংসা। তৃপ্তি বা তুষ্টি প্রকাশ।
তোয়াক্কল	ভরসা। নির্ভর।
রুহানি তাকত ও কাশফ	আত্মিক শক্তি উন্মোচন করা।
বয়েত	কবিতাংশ; আরবি, ফারসি বা উর্দু কবিতার শ্লোক।
বেদাতি	ইসলাম ধর্মের প্রচলিত রীতির বাইরের কিছু।
জঈফ	অতি বৃদ্ধ।
কেরায়া নায়ের মাঝি	ভাড়াখাটা নৌকার মাঝি।
রেহেল	কোরান শরিফ রাখার জন্য কাঠের কাঠামো।
উচক্কা	অবাধ্য। ডানপিঠে। দুরন্ত।
শিরালি	শিলাবৃষ্টি থেকে রক্ষা পাওয়ার জন্য যারা মন্ত্র বা দোয়া পড়ে।
বরগা	ছাদের ভর ধরে রাখার কাঠ বা লোহা।
হুড়কা	দরজার খিল।
বাজা মেয়ে	বন্ধ্যা নারী। যে নারীর সন্তান হয় না।
খোদার ঢিল	শয়তানকে তাড়ানোর জন্য বৃষ্টিরূপী শিলা।
নফরমানি	অবাধ্য।
বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ	চোখের মধ্যে আস্থা ও বিশ্বাসের দৃঢ়তা বোঝাতে উৎপ্রেক্ষা হিসেবে ব্যবহৃত।
শস্যের চেয়ে টুপি বেশি	ঔপন্যাসিক যে এলাকার বর্ণনা দিয়েছেন, সেখানে প্রচণ্ড অভাবের পাশাপাশি মানুষগুলো ধর্মভীরু। খাদ্য না থাকলেও মানুষের মধ্যে ধর্মচর্চার কার্পণ্য নেই –এটাই বোঝানো হয়েছে।
লেলিহান শিখা	দাউদাউ করা আগুনের শিখা।
ঠাটাপড়া	অকস্মাৎ বজ্রপাত হওয়া।
নিতিবিতি করা	সংকোচে ইতস্তত করা।
তোয়াক্কল	বিশ্বাস/আস্থা।
রেস্তায়	সম্পর্কে। আত্মীয়তার।

লেখক পরিচিতি

লেখক	সৈয়দ ওয়ালীউল্লাহ্
জন্ম পরিচয়	জন্ম : ১৫ আগস্ট ১৯২২ খ্রিস্টাব্দ; ষোলশহর, চট্টগ্রাম। আদি নিবাস : নোয়াখালী। পিতা : সৈয়দ আহমদউল্লাহ (অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ছিলেন)। মাতা : নাসিম আরা খাতুন।
শিক্ষাজীবন	মাধ্যমিক : ম্যাট্রিকুলেশন (এসএসসি), ১৯৩৯, কুড়িগ্রাম হাই স্কুল। উচ্চ মাধ্যমিক : আই এ (এইচ এসসি), ১৯৪১, ঢাকা ইন্টারমিডিয়েট কলেজ। উচ্চতর শিক্ষা : বিএ (১৯৪৩), আনন্দমোহন কলেজ; এম.এ (অসমাপ্ত), কলকাতা বিশ্ববিদ্যালয়।
কর্মজীবন/ পেশা	সহ-সম্পাদক : দি স্টেটস্‌ম্যান; সম্পাদক-; সহকারী বার্তা সম্পাদক, বার্তা সম্পাদক- রেডিও পাকিস্তান; প্রেস-অ্যাটাসে-পাকিস্তান দূতাবাস; তথ্য অফিসার- ঢাকা আঞ্চলিক তথ্য অফিস; দক্ষিণ-পূর্ব এশিয়ার তথ্য পরিচালক; ইউনেস্কোর প্রোগ্রাম স্পেশালিস্ট- প্যারিস।
খেতাব ও সম্মাননা	বাংলা একাডেমি পুরস্কার (১৯৬১); আদমজী পুরস্কার (১৯৬৫) একুশে পদক (১৯৮৩)।
জীবনাবসান	১০ অক্টোবর ১৯৭১ খ্রিস্টাব্দ; প্যারিস, ফ্রান্স।
সাহিত্যকর্ম	
ছোটগল্প	নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প।
উপন্যাস	লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো, দি আগলি এশিয়ান (ইংরেজি ভাষায়; রচনা ১৯৬৩)।
নাটক	বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু।

ছন্দে ছন্দে সৈয়দ ওয়ালীউল্লাহ্'র রচনাসমূহ

- ☐ উপন্যাস : চাঁদের অমাবস্যায় কাঁদো (নদী) কাঁদো লালসালু ফুলে উঠল।
- ☐ নাটক : তরঙ্গভঙ্গ করে সুড়ঙ্গ করায় উজানে মৃত্যু হয় বহিপীরের।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- 'কাঁদো নদী কাঁদো' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?– **১৯৬৮ সালে।**
- 'নয়নচারা' গল্পগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?– **১৯৪৬ সালে।**
- সৈয়দ ওয়ালীউল্লাহ্ কী হিসেবে পরিচিত?– **কথাসাহিত্যিক।**
- হাতে লেখা কোন পত্রিকা তিনি সম্পাদনা করেন, কখন?– **ফেনী স্কুলের ছাত্রাবস্থায় (১৯৩৬) 'ভোরের আলো' নামের পত্রিকা।**
- তাঁর প্রকাশিত প্রথম গল্পের নাম কী? কোথা থেকে বের হয়?– **'হঠাৎ আলোর ঝলকানি'। ঢাকা কলেজ ম্যাগাজিনে।**
- ১৯৪৫ থেকে ১৯৪৭ পর্যন্ত তিনি কোন ইংরেজি পত্রিকায় কর্মরত ছিলেন– **কলকাতার দৈনিক স্টেটস্‌ম্যান; সহকারী সম্পাদক পদে।**
- মুক্তিযুদ্ধকালে প্রবাসে ইউনেস্কোতে কর্মরত থাকার সময় তিনি– **স্বাধীনতা সংগ্রামের পক্ষে বিশ্ব জনমত গড়ার কাজ করেন।**
- তাঁর স্ত্রীর নাম– **ফরাসি নাগরিক এ্যান মেরি (বিয়ে: ১৯৫৬)।**
- ওয়ালীউল্লাহ্‌র বড় মামী ছিলেন নওয়াব আবদুল লতিফ পরিবারের মেয়ে, উর্দু ভাষার লেখিকা ও রবীন্দ্রনাথের গল্প-নাটকের উর্দু অনুবাদক।
- ১৯৭০সালের ৩১ ডিসেম্বর ইউনেস্কোয় তাঁর চাকরির মেয়াদ শেষ হয়েছিল।
- পি. ই. এন. পুরস্কার পান– **'বহিপীর' নাটকের জন্য।**
- ১৯৬৫-তে আদমজী পুরস্কার লাভ করেন– **'দুই তীর ও অন্যান্য গল্প' গ্রন্থের জন্য।**
- সৈয়দ ওয়ালীউল্লাহ্ কী হিসেবে কর্মজীবন শুরু করেন?- সাংবাদিক।
- বাংলাদেশের কথাসাহিত্যকে আন্তর্জাতিক মানে উন্নীত করার পথিকৃৎ কে?– **সৈয়দ ওয়ালীউল্লাহ্।**

'লালসালু' উপন্যাস সম্পর্কিত তথ্যাবলি

- 'লালসালু' উপন্যাস রচনায় হাত দিলেন নিমতলির বাসায়। পরের বছরই (১৯৪৮) উপন্যাসটি গ্রন্থাকারে প্রকাশ করে– **কমরেড পাবলিশার্স।**
- 'লালসালু' উপন্যাসের উর্দু অনুবাদ (Lal Shalu) করেন– **কলিমুল্লাহ।**
- 'লালসালু'র উর্দু অনুবাদ প্রকাশিত হয়– **করাচি থেকে (১৯৬০ খ্রি.)।**
- 'লালসালু'র ফরাসি অনুবাদের নাম– **L'arbre sans racines (১৯৬১, অনুবাদক– ওয়ালীউল্লাহ্‌র পত্নী অ্যান মেরি)।**
- 'লালসালু'র ইংরেজি অনুবাদের নাম– **Tree without Roots (১৯৬৭, অনুবাদক নিজেই)।**

গুরুত্বপূর্ণ লাইন

- শস্যহীন জনবহুল এ অঞ্চলের বাসিন্দাদের বেরিয়ে পড়বার ব্যাকুলতা ধোঁয়াটে আকাশকে পর্যন্ত যেন সদাসন্ত্রস্ত করে রাখে।
- জ্বালাময়ী আশা; ঘরে হা-শূন্য মুখ-থোবড়ানো নিরাশা বলে তাতে মাত্রাতিরিক্ত প্রখরতা।
- যখন ঝিমধরা রেলগাড়ি সর্পিল গতিতে এসে পৌছায় এ-দেশে তখন হঠাৎ আগাগোড়া তার দীর্ঘ দেহে ঝাঁকুনি লাগে, ঝনঝন করে ওঠে লোহালক্কড়।
- কোথায় যাবে তারা? কিসের এত উন্মত্ততা, কিসের এত অধীরতা?
- অজগরের মতো দীর্ঘ রেলগাড়ির কিন্তু ধৈর্যের সীমা নেই।
- শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি।
- কিন্তু দেশটা কেমন মরার দেশ। শস্যশূন্য। শস্য যা বা হয় তা জনবহুলতার তুলনায় যৎসামান্য।
- ক্ষুধার্ত চোখের তলে চামড়াটে চোয়ালের দীনতা ঘোচে না।
- আসলে সে ঠাণ্ডা, ভীতু মানুষ। দশ কথায় রা নেই, রক্তে রাগ নেই।
- অমন করে হাঁটতে নাই বিবি, মাটি-এ গোস্বা করে।
- শক্তিমত্তা নারীর উজ্জ্বল পরিষ্কার চোখে ঘনায়মান ভয়ের ছায়া দেখে মজিদ খুশি হয়।
- গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ।
- মানুষরাও পরিশ্রম করে, জমিও সে শ্রমের সম্মান দেয়।
- মাটির তৃষ্ণায় তাদেরও অন্তর খাঁ খাঁ করে। রাত নেই দিন নেই, কোঁদে করে পানি তোলে-মন-কে -মন।
- কাতারে কাতারে সারবন্দী হয়ে দ্বিতীয়ার চাঁদের মতো কাস্তে নিয়ে মজুররা যখন ধান কাটে আর বুক ফাটিয়ে গীত গায় তখনো মজিদ দূরে দাঁড়িয়ে দেখে আর ভাবে।
- ওদের গান আকাশে ভাসে, ঝিলমিল করতে থাকা ধানের শীষে এদের আকর্ণ হাসির ঝলক লাগে।
- শ্যেন দৃষ্টিতে চেয়ে চেয়ে দেখে ধানকাটা; কিন্তু তাদের মতো লোম-জাগানো পুলক লাগে না তার অন্তরে।
- নীরবতার মধ্যে মধ্যে হঠাৎ মজিদ একটা শক্তি বোধ করে অন্তরে।
- মজিদের শক্তি ওপর থেকে আসে, আসে ঐ সালুকাপড়ে আবৃত মাজার থেকে। মাজারটি তার শক্তির মূল।
- জীবনে তার আর সখ নেই। তবে গাঁয়ের আর মানুষের রক্ত তারও দেহে বয় বলে ...
ভরে ধান ফললে অন্তরে তার রঙ ধরে।
- তেল– চকচকে জোয়ান কালো ছেলে। গলা ছেড়ে যখন গান ধরে তখন ধানের ক্ষে...
যেন ঢেউ ওঠে।
- ক্রন্দনরতা মেয়ে তার ভালোই লাগে। কথায় কথায় ঠোঁট ফুলাবে, লুটিয়ে পড়ে কাঁদ...
–এমন একটা বউ-এর স্বপ্ন দেখে প্রথম যৌবনে।
- ভেতরে তার ক্রোধের আগুন জ্বলছে- বাইরে যত ঠাণ্ডা থাকুক না কেন?
- প্রক্ষিপ্ত সে-রসনা তার বিষে পরিবারকে-পরিবার ধ্বংস করে দিতে পারে, নিমেষে আ...
ধরিয়ে দিতে পারে সমগ্র পৃথিবীতে।
- তার বউ যখন চড়ুই পাখীর মতো নাচত, হাসিখুশি উজ্জ্বলতায় চারিদিকে আ...
ছড়াতো, তখন যে– জনরব উঠেছিল সে কথাই তার স্মরণ হয়।
- আমার দিলের কথা আমি জানি না। ক্যামনে কমু দিলের কথা?
- পাপের জ্বালায় এখন ছট্‌ফট্ করছে। দোজখের লেলিহান শিখা যেন স্পর্শ করেছে তারে...
- খেলোয়াড় চলে গেছে, খেলবে কার সাথে।
- শান্তির ঝরনার মতো বেয়ে বেয়ে আসে, ঝরে ঝরে পড়ে অবিশ্রান্ত করুণায়!
- এত বড় একটা অন্যায়ের কথা দোষিণীর আপন মুখ থেকে শুনেও চুপ করে আছে কা...
তার মেরুদণ্ড নেই।
- মহব্বতনগরের সর্বোচ্চ তালগাছটি বন্দী পাখীর মতো আছড়াতে থাকে।
- তবে ঘরের অন্ধকার আর বৃষ্টির পানিতে ভেজা মুখের মধ্যে সে-অশ্রু ধরা পড়বার কথা নয়...
- মতিগঞ্জের সড়ক ধরে ত্রিশ ক্রোশ দূরে গঞ্জে গিয়েও অনেক তালাশ করে।
- সালুতে ঢাকা মাছের পিঠের মতো চির নীরব মাজারটি একটি দুর্ভেদ্য, দুর্লঙ্ঘনীয় রহস্যে আবৃত।
- যার অন্তরে খোদা-রসুলের স্পর্শ লাগে, তার কী আর দুনিয়াদারি ভালো লাগে?
- কোটরাগত চোখ ঝাপসা হয়ে ওঠে দিগন্তপ্রসারী দূরত্বে।
- ভয় হয়, তার বিস্তৃত প্রভাব কৃষ্ণপক্ষের চাঁদের মতো মিলিয়ে যাবে, অন্য এক ব্যি...
এসে যে বৃহৎ মায়াজাল বিস্তার করবে তাতে সবাই একে একে জড়িয়ে পড়বে।
- এক পির সাহেব আইছেন না হেই গেরামে, তানি নাকি মরা মাইনষেরে জিন্দা কইরা দেন...
- রাত যত গভীর হয় তত আগুন হয়ে ওঠে মাথা। মানুষের নির্বোধ বোকামির জন্য অ...
তার অকৃতজ্ঞতার জন্য একটা মারাত্মক ক্রোধ ও ঘৃণা উষ্ণ রক্তের মধ্যে টগবগ করে...
থাকে সে ছটফট করে একটা নিষ্ফল ক্রোধে।
- এ-বিচিত্র বিশাল দুনিয়ায় কী যাবার জায়গার কোনো অভাব আছে।
- মজিদ যখন আওয়ালপুর গ্রামে পৌছলো তখন সূর্য হেলে পড়েছে। মতলুব মিঞার...
বাড়ির সামনেকার মাঠে লোকে-লোকারণ্য।
- তিনি হঠাৎ নিজেকে ছাড়িয়ে নিয়ে যুবকের সাবলীল সহজ ভঙ্গিতে মাথার ওপর...
গাছটার ডালে উঠে গেলেন।
- একজনের আছে মাজার, আরেকজনের জমি-জোতের প্রতিপত্তি। সজ্ঞানে না জানলেও...
তারা একাট্টা, পথ তাদের এক।
- আওয়ালপুর ও মহব্বতনগরের মাঝপথে একটা মস্ত তেঁতুল গাছ পড়ে এবং সবাই জানে...
যে, সেটা সাধারণ গাছ নয়, দস্তুরমতো দেবংশি।
- ভরদুপুরে আমি আসুম নে পানিপড়া নিবার জন্য।
- যতক্ষণ নতুন এক ছিলিম তামাক সাজানো হয় কল্কিতে, ততক্ষণ দু'জনে গরু ছাগলের কথা ক...
- তাগো কথা হুনলে পুরুষমানুষ আর পুরুষ থাকে না, মেয়েমানুষেরও অধম হয়।
- তানারে কন, পেটে যে বেড়ি পড়ছে হে বেড়ি না খোলন পর্যন্ত পোলাপাইনের আশা নাই।
- কারও পড়ে সাত প্যাঁচ, কারও চোদ্দো। একুশ বেড়িও দেখেছি একটা। তয় সাতের...
উপর হইলে ছাড়ান যায় না। আমার বিবির তো চোদ্দো প্যাঁচ।
- যদি সাত প্যাঁচ হয় তবে সাত পাক দেবার পরই হঠাৎ তার পেট ব্যথায় টনটন ক...
উঠবে। ব্যথাটা এমন যে, মনে হবে প্রসববেদনা উপস্থিত হয়েছে।
- আছে? ধান বিক্রি কইরা ঠ্যাঙের উপর ঠ্যাঙ তুইলা আছে। ছোটডি কয় কেরায়া নায়ের...
মাঝি হইবো।
- পরের শুক্রবার আমেনা বিবি রোজা রাখে।
- প্যাঁচ যদি সাতের বেশি হয়, চোদ্দো কিংবা একুশ? মজিদের নিজের বউয়ের তো...
সাতের বেশি। সে নাকি একুশও দেখেছে।
- তানু বিবি একটু বোকা অথচ আবার দেমাকি কিছিমের মানুষ।
- সূর্য যখন দিগন্ত সীমার কাছাকাছি পৌঁছেছে তখন জোয়ান মদ্দ দু'জন বেহারা পা...
এনে লাগাল অন্দর ঘরের বেড়ার পাশে।

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

ডাক শুনে ফাঁসির আসামির মতো আমেনা বিবি চমকে উঠে ভীত-বিহ্বল দৃষ্টিতে একবার তাকায় সতীনের পানে। উঠানের পথটুকু অতিক্রম করতে অত্যন্ত পরিশ্রান্ত বোধ করে আমেনা বিবি পুরা ত্রিশ দিন রোজা রেখেও যে বিন্দুমাত্র কাহিল হয় না সে একদিনের রোজাতেই একেবারে যেন ভেঙে গেছে।

তেরো বছরের কথা একদিনে জানেনি, জেনেছে ধাপে ধাপে, ধীরে ধীরে, প্রতি বৎসরের শূন্যতা থেকে। এ সমাজে কোনো মেয়ে আত্মহত্যা করবে বলে একবার ঘোষণা করে, সে মনের ভয়ে আবার বিপরীত কথা বলতে পারে না।

মেয়ে লোকের মনের মস্করা সহ্য করবে অতটা দুর্বল নয় সমাজ।

পালকির পর্দা ফাঁক করে নামবার জন্যে আমেনা বিবি যখন এক পা বাড়ায় তখন সূচের তীক্ষ্ণতায় তার দৃষ্টি বিদ্ধ হয় সে পায়ে। সাদা মসৃণ পা, রোদ-পানি বা পথের কাদামাটি যেন কখনো স্পর্শ করেনি।

হলুদ রঙের বুটিদার চাদরটা আমেনা বিবি ঘোমটার ওপরে টান করে ধরে রেখেছে।

সে মুখ ফ্যাকাশে, রক্তশূন্য এবং সে মুখে দুনিয়ার ছায়া নেই।

মহা আকাশের মতোই বিশাল ও অন্তহীন সে নীরবতা।

তার কণ্ঠে যদি সাপের গতি থাকে তবে তার মনেও এক উদ্যত সাপ ফণা তুলে আছে ছোবল মারবার জন্য।

সাপ জেগে উঠেছে ছোবল মারবার জন্য।

আজ সন্ধ্যার আবছা অস্পষ্ট আলোয় আমেনা বিবির সাদা কোমল পা দেখে শাস্তি বিধানের সে প্রবল ইচ্ছা বিন্দুমাত্র প্রশমিত না হয়ে বরঞ্চ আরো নিষ্ঠুরতমভাবে শাণিত হয়ে উঠেছিল।

তার আলোয় ঘরের কুপিটার শিখা মনে হয় এক বিন্দু রক্ত টাটকা লাল টকটকে।

পাক দিল আর গুনাগার দিল এক সুতায় বাঁধা থাকে।

সে- পা দ্বিতীয়বার দেখল না বলে হঠাৎ বুকের মধ্যে কেমন আফসোস বোধ করে মজিদ।

আমেনা বিবি রূপবতী, কিন্তু কোনোদিন তার রূপের ঠাট ছিল না, সৌন্দর্যের চেতনা ছিল না; চলনে বলনে বেহায়াপনাও ছিল না। ঠাণ্ডা, শীতল, ধর্মভীরু ও স্বামীভীরু মানুষ।

মোদাব্বের মিঞার ছেলে আক্কাস নাকি গ্রামে একটি ইস্কুল বসাবে। আক্কাস বিদেশে ছিল বহুদিন তার আগে করিমগঞ্জের ইস্কুলে নিজে নাকি পড়াশুনা করেছে কিছু।

করিমগঞ্জে গিয়ে কাউকে দিয়ে একটা জোরালো গোছের আবেদন-পত্র লিখিয়ে এনে সেটা সিধা সে সরকারের কাছে পাঠিয়ে দিল। কথা এই যে ইস্কুলের জন্যে সরকারের সাহায্য চাই।

হে নাকি ইংরাজি পড়ছে। তা পড়লে মাথা কী আর ঠাণ্ডা থাকে।

কিন্তু মজিদের এক'শ দোররার ভয়ে তা একেবারে বন্ধ হয়ে গেছে।

এমন শুভ কাম আর ফেলাইয়া রাখা ঠিক না।

আমার খেয়াল, দশ গেরামের মধ্যে নাম হয় এমন একটা মসজিদ করা চাই।

তারা এই ভেবে তৃপ্তি পাবে যে, পয়সা দিয়ে না হলেও শ্রম দিয়ে খোদার ঘরটা নির্মাণ করেছে।

সেই থেকে মানুষের মনে যেন একটা নতুন চেতনাও এসেছে। যাদের ঘরে বাঁজা মেয়ে তাদের আর শান্তি নেই।

তাই একটা হিড়িক এসেছে, সংসার থেকে বাঁজা বউদের দূর করার, আর গণ্ডায় গণ্ডায় তারা চালান যাচ্ছে বাপের বাড়ি।

এখন সে ঝড়ের মুখে উড়ে-চলা পাতা নয়, সচ্ছলতায় শিকড়গাড়া বৃক্ষ।

ঘরের ম্লান আলোয় কবরে সে-অনাবৃত অংশটা মৃত মানুষের খোলা চোখের মতো দেখায়।

সে জানে না কে চির শায়িত এর তলে। যে-কবরের পাশে আজ তার একযুগ ধরে বসবাস এবং যে-কবরে সত্তা সম্পর্কে সে প্রায় অচেতন হয়ে উঠেছিল,

এ-নিসঙ্গতা কালের মতো আদিঅন্তহীন -যার কাছে মানুষের জীবনের সুখ-দুঃখ অর্থহীন অপলাপ মাত্র।

আমার বড় সখ হাসুনিরে পুষ্যি রাখি।

যে- নিঃশব্দতা আজ তার মনে ঘন হয়ে উঠেছে সে-নিঃশব্দতা সত্যিকার, জীবনের মতো তা নিছক বাস্তব এবং বাস্তব কথা হচ্ছে, পুষ্যি ছেলে তো দূরের কথা, রহিমাও সে-নিঃশব্দতাকে দূর করতে পারে না।

সমস্ত জীবনের নিস্ফলতা ও অন্তসারশূন্যতা এই মুহূর্তে তার কাছে হঠাৎ মস্ত বড় হয়ে ওঠে। কিন্তু বলবার তার কিছুই নেই।

জ্যৈষ্ঠের কড়া রোদে মাঠ কাটছে আর লোকদের দেহ দানা-দানা হয়ে গেছে ঘামাচিতে, এমন সময় মসজিদের কাজ শেষ হয় এবং তার কিছু দিনের মধ্যেই মজিদের দ্বিতীয় বিয়েও সম্পন্ন হয় অনাড়ম্বর দ্রুততায়।

স্নেহ-কোমল চোখে সারাক্ষণ তাকে চেয়ে দেখে, আর যত দেখে তত ভালো লাগে তাকে।

তানি বুঝি দুলার বাপ।

নীরবতার মধ্যে এক সময়ে জমিলার চোখ ছলছল করে ওঠে, কিসের একটা নিদারুণ অভিমান গলা পর্যন্ত ওঠে ভারী হয়ে থাকে।

মাথায় শনের মতো চুলওয়ালা খ্যাংটা বুড়ী মাজারে এসে তীক্ষ্ণ আর্তনাদ শুরু করে দিল।

ওঠ ছেমড়ি, চৌকাঠে ঐ রকম কইরা বসে না।

যার কচি-কোমল লতার মতো হাল্কা দেহ দেখে আর এক ফালি চাঁদের মতো ছোট মুখ দেখে তার এত ভালো লেগেছিল-তার এ কী পরিচয় পাচ্ছে ধীরে ধীরে?

ঘুম ভাঙলেই তার একবার আল্লাহু আকবর বলার অভ্যাস।

জমিলার সন্ধ্যা হতে না হতেই ঘুমোবার অভ্যাস।

কুপির আলোয় চকচক করে তার মস্ত কালো চোখজোড়া।

জমিলার ঘুম কাঠের মতো।

অন্তরে সে-ক্রোধ দাউদাউ করে জ্বলে ওঠে সে-ক্রোধ ফেটে পড়বার পথ না পেয়ে অন্ধ সাপের মতো ঘুরতে থাকে, ফুঁসতে থাকে।

হঠাৎ এমন এক প্রতিদ্বন্দ্বীর সম্মুখীন হয় যে, সে বুঝে উঠতে পারে না তাকে কীভাবে দমন করতে হবে।

তেল-জবজবে পাট করা মাথাটি বাইরের কড়া রোদের ঝলক লেগে জ্বলজ্বল করে। সে-চোখে বিন্দুমাত্র খোদার ভয় নেই-মানুষের ভয় তো দূরের কথা।

শত্রুর আভাস পাওয়া হরিণের চোখের মতোই সতর্ক হয়ে ওঠে তার চোখ।

সজ্ঞানে ও সুস্থদেহে মিথ্যা কথা বলেছে বলে মনে-মনে তওবা কাটে মজিদ। সে বোঝে, তার শ্রম সার্থক হবে, তার শিক্ষা ব্যর্থ হবে না।

দস্যুর মতো আচমকা এসেছে সে- ঘুম, এক পলকের মধ্যে কাবু করে ফেলেছে তাকে।

সুস্থির হয়ে দাঁড়াল এবং কাঁপতে থাকা ঠোঁটকে উপেক্ষা করে শান্ত দৃষ্টিতে একবার নিজের ডান হাতের কব্জির পানে তাকাল।

হঠাৎ সিধা হয়ে মজিদের বুকের কাছে এসে পিচ করে তার মুখে থুথু নিক্ষেপ করল।

কিছু না বুঝে সে বুকের কাছে আঁচল শক্ত করে ধরে থ হয়ে দাঁড়িয়ে রইল।

তার হাতের লইট্টা মাছের মতো হাড়গোড়হীন তুলতুলে নরম ভাব দেখে মজিদ অসতর্ক হবার কোনো কারণ দেখল না; সে নিজের বজ্রমুষ্টিকে আরও কঠিনতর করে তুলল।

এখানে যেন মৃত্যুর আর ভিন্ন অপরিচিত দুনিয়ার অন্ধকার; সে-অন্ধকারে সূর্য নেই, চাঁদ-তারা নেই, মানুষের কুপি-লণ্ঠন বা চকমকির পাথর নেই।

খুন হওয়া মানুষের তীক্ষ্ণ আর্তনাদ শুনে অন্ধের চোখে দৃষ্টির জন্য যে-তীব্র ব্যাকুলতা জাগে তেমনি ব্যাকুলতা জাগে অন্ধকারের গ্রাসে জ্যোতিহীন জমিলার চোখে। কিন্তু সে দেখে না কিছু।

কেবল মনে হয়, চোখের সামনে অন্ধকারই যেন অধিকতর গাঢ় হয়ে রয়েছে। বাইরে আকাশ নীরব, কিন্তু ওর কণ্ঠে জেগে ওঠে দুনিয়ার যত অশান্তি আর মরণভীতি, সর্বনাশা ধ্বংস থেকে বাঁচবার তীব্র ব্যাকুলতা।

কিন্তু মানুষের ফোঁড়া হইলে সে-ফোঁড়া ধারাল ছুরি দিয়া কাটতে হয়, জিনের আছর হইলে বেত দিয়া চাবকাইতে হয়, চোখে মরিচ দিতে হয়।

কিন্তু তোমারে আমি এই সব করুম না। কারণ মাজার পাকের কাছে রাতের এক প্রহর থাকলে যতই নাছোড়বান্দা দুষ্ট আত্মা হোক না কেন, বাপ-বাপ ডাক ছাড়ি পালাইব।

গাছের পাতার মতো তারও নড়চড় নেই।

মেঘ দেখা সারা, এবার সে শুনতে চায়। কিন্তু ওধারে এখনো প্রগাঢ় নীরবতা। মেঘগর্জন নিকটতর হয়।

এবার যখন বিদ্যুৎ চমকায় তখন সারা দুনিয়া ঝলসে উঠে সাদা হয়ে যায়।

অসংখ্য তীরের ফলার মতো সে-বৃষ্টি বিদ্ধ করে মাটিকে।

একবার ছুটে দরজার কাছে যায়, সর্ষের মতো উঠানে ছেয়ে যাওয়া শিলা দেখে, তারপর আবার দোয়া-দরুদ পড়ে পায়চারি করে দ্রুতপদে।

ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে? আপনে ওরে নিয়া আসেন ভিতরে।

আর মেহেদি দেওয়া তার একটা পা কবরের গায়ের সঙ্গে লেগে আছে।

দুনিয়াটা বিবি বড় কঠিন পরীক্ষাক্ষেত্র। দয়া-মায়া সকলেরই আছে। কিন্তু তা যেন তোমারে আঁধা না করে।

তাই দেখে চেয়ে চেয়ে। চোখে ভাব নেই। বিশ্বাসের পাথরে যেন খোদাই সে-চোখ।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

গুরুত্বপূর্ণ কিছু সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : 'লালসালু' উপন্যাস অনুযায়ী কী না হলে বিদেশে এক পাও চলে না?– বদনা।
প্র : নোয়াখালি অঞ্চলে শস্যের চেয়ে কী বেশি?- টুপি।
প্র : 'কিন্তু দেশটা কেমন মরার দেশ'- কেন?– শস্যহীন বলে।
প্র : মজিদের শারীরিক গড়ন কেমন?– শীর্ণকায়।
প্র : মোদাচ্ছের পীরের কবর আবিষ্কার করায় মজিদ চরিত্রের কোন দিকটি উন্মোচিত হয়েছে?– মিথ্যাচার।
প্র : বিভিন্ন গ্রাম থেকে মহব্বতনগরে মানুষ আসতে লাগে কেন?– মাজারে মানত করতে।
প্র : মজিদ কার চোখে ভয় দেখেছে?– রহিমার।
প্র : দুদু মিঞার মুখে লজ্জার হাসি আসে কেন?– কলমা জানে না তাই।
প্র : মজিদের শক্তির মূল উৎস কী?– মাজার।
প্র : মজিদের সঙ্গে গ্রামবাসীর যোগসূত্রকারী চরিত্র হিসেবে নিচের কোন চরিত্রটি সাদৃশ্যপূর্ণ?– রহিমার।
প্র : ঢেঙা বুড়োর হাতে মার খেয়ে হাসুনির মা কার বাড়িতে গিয়েছিল?– মজিদের।
প্র : ঝড় এলে হাসুনির মায়ের কী করার অভ্যাস?– হৈ চৈ করা।
প্র : মজিদ হাসুনির মার কাছ থেকে কী চেয়েছিল?– তামাক।
প্র : মজিদ হাসুনির মাকে কী রঙের শাড়ি কিনে দিয়েছিল?– বেগুনি।
প্র : মজিদের গড়া মাজারে লোকজনের আসা কমে যায় কেন?– অন্য পিরদের আধিপত্যে।
প্র : 'পাথর এবার হঠাৎ নড়ে'।– এখানে পাথর বলতে কাকে বোঝানো হয়েছে?- মজিদ।
প্র : আমেনা বিবি তার স্বামীকে পানিপড়া আনতে বলেছিল কেন?– মা হওয়ার আশায়।
প্র : জমিলা আমাদের সমাজ ব্যবস্থার কোন অসংগতির শিকার?– বাল্যবিবাহ।
প্র : রহিমা জমিলাকে কী বলে সম্বোধন করে?– বোন।
প্র : জামিলা পাটি বুনতে বুনতে কেঁদে উঠেছিল কেন?– রহিমার গম্ভীর স্বর শুনে।
প্র : খোদার অন্যায়ের বিরুদ্ধে মাজারে খ্যাংটা বুড়ি নালিশ করেছিল কেন?– ছেলের মৃত্যুতে।
প্র : 'লালসালু' উপন্যাসে কোন পাড়ার উৎসবের কথা বর্ণিত আছে?– ডোমপাড়া।
প্র : কার বিলাপ শুনে জমিলার মন খারাপ হয়েছিল?– খ্যাংটা বুড়ির।
প্র : 'লালসালু' উপন্যাসে জমিলার কোন পরিচয় পাওয়া যায়?– স্বাধীনচেতা।
প্র : মজিদের বাড়িতে জিকিরের জন্য যে শিরনি রান্না চলছিল তার তদারকির দায়িত্ব ছিল কার?– রহিমা ও জমিলার।
প্র : জিকির করতে করতে কে জ্ঞান হারিয়ে ফেলেছিল?– মজিদ।
প্র : এশার নামাজ পড়ে মজিদ মাজারে কিসের আওয়াজ শুনেছিল বলে প্রকাশ করে– সিংহের।
প্র : মজিদের মুখে থুথু ফেলেছিল কে?– জমিলা।
প্র : 'লালসালু' উপন্যাসে চৌকাঠে বসলে ঘরে কী আসে বলে উল্লেখ রয়েছে?– বালা।
প্র : কার পা দেখে মজিদের মনে সাপ জেগে উঠেছে ছোবল মারবার জন্য?– আমেনা বিবির।
প্র : সমাজ কার মনের মস্করা সহ্য করার মতো দুর্বল নয়?– মেয়েলোকের।
প্র : আমেনা বিবি কত বছর বয়সে খালেক ব্যাপারীর সংসারে এসেছিল?– ১৩ বছর বয়সে।
প্র : 'ওটা ছিল নিশানা', আনন্দের আর সুখের।' ওটা কী?– থোতামুখের তালগাছ।
প্র : কী দেখে মজিদের মন অন্ধকার হয়ে আসে?– ঝালরের বিবর্ণ অংশ।
প্র : 'লালসালু' উপন্যাসে কে বহুদিন বিদেশে ছিল?– মোদাব্বের মিঞার ছেলে আক্কাস।
প্র : ব্যথাবিদীর্ণ কণ্ঠে মজিদ হাহাকার করে ওঠে কেন?– নিঃসন্তান বলে।
প্র : খ্যাংটা বুড়ি মাজারে এসে মজিদের দিকে কত পয়সা ছুঁড়ে দিয়েছিল?– পাঁচ আনা পয়সা
প্র : 'তার চোখ যেন পৃথিবীর দুঃখ বেদনার অর্থহীনতায় হারিয়ে গেছে'- কার সম্পর্কে একথা বলা হয়েছে?– জমিলা।
প্র : 'হঠাৎ এমন এক প্রতিদ্বন্দ্বীর সম্মুখীন হয় যে, সে বুঝে উঠতে পারে না তাকে কীভাবে দমন করতে হবে।' মজিদের এই প্রতিদ্বন্দ্বীটি কে?– জমিলা
প্র : 'তোমার বাপ-মা দেখি বড় জাহেল কিছিমের মানুষ এখানে 'জাহেল' শব্দের অর্থ কী?– মূর্খ বা নির্বোধ
প্র : কার আনুগত্য ধ্রুবতারার মতো অনড়– রহিমার।
প্র : মজিদের মতে মাজারে শুয়ে থাকা ব্যক্তির নাম কী?– মোদাচ্ছের।
প্র : 'মোদাচ্ছের' শব্দের অর্থ কী?– কাপড়ে ঢাকা মানুষ, অজ্ঞাত নামা।
প্র : জমিলা হঠাৎ থরথর করে কাঁপতে শুরু করে কেন?– ক্রোধে।
প্র : 'মজিদ সত্যি বজ্রাহত হয়েছে।' কেন?– জমিলার থুথু নিক্ষেপের ঘটনায়।
প্র : ঝড়ের রাতে সুবেহে সাদেকের সময় মজিদের কণ্ঠে কোন ছুরা গানের মতো গুনগুনিয়ে ওঠে– সূরা আল-ফালাক।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

প্র : 'ছেলেরা ছুটত বাইরে, লুফে লুফে খেত খোদার ঢিল।' এখানে 'খোদার ঢিল' বলতে কী বুঝানো হয়েছে?– শিলাবৃষ্টিকে।
প্র : 'প্রশ্নটি এই রকম যে মজিদের ইচ্ছা হয় একটা হুঙ্কার ছাড়ে।' কার প্রশ্ন শুনে মজিদের হুঙ্কার ছাড়ার ইচ্ছা হয়?– রহিমার
প্র : জমিলাকে দেখে রহিমার মধ্যে কী জেগে ওঠেছিল?– মাতৃস্নেহ।
প্র : রহিমার পেটে কত প্যাঁচের বেড়ি রয়েছে?– চৌদ্দ।
প্র : আমেনাকে তালাক দেওয়ার পরামর্শ দেয় কে?– মজিদ।
প্র : আক্কাস কোথায় কাজ করত?– পাটের আড়তে।
প্র : 'নিরাক' শব্দের অর্থ হচ্ছে– স্তব্ধতা।
প্র : কোন মাসের রাতে রহিমা ধান সিদ্ধ করছিল?– পৌষ।
প্র : বয়স হলেও কার মধ্যে আনাড়িপনা ভাব রয়েছে?– হাসুনির মা।
প্র : তানু বিবির ডাক শুনে ফাঁসির আসামির মতো চমকে ওঠে কে?– আমেনা।
প্র : মজিদের প্রতিহিংসার আগুনে দগ্ধ হয়েছে কে?– আমেনা বিবি।
প্র : 'আমার দয়ার শীল' এখানে কার কথা বলা হয়েছে?– মজিদের।
প্র : সহজ প্রাণধর্মের উজ্জ্বল প্রতীক কে?– জমিলা।
প্র : রেলগাড়ির কিসের কাঁটা নড়ে না?– ধৈর্যের কাঁটা।
প্র : গ্রামবাসীর অন্তর কিসে জর্জরিত হয়ে ওঠে?– অনুশোচনায়।
প্র : কাদের আর তাহের কীভাবে লোকটিকে চেয়ে দেখে?– অবাক দৃষ্টিতে।
প্র : 'পুলক' শব্দের অর্থ কী?– আনন্দ।
প্র : মহব্বতনগর গ্রামে মসজিদ নির্মাণে তদারকিতে কে ছিল?– মজিদ।
প্র : সচ্ছলতায় শিকড়গাড়া বৃক্ষ কে?– মজিদ।
প্র : মজিদের যশ, খ্যাতির উৎস কী?– পুরনো কবরটি।
প্র : মজিদের নিঃসঙ্গবোধের কারণ কী?– নিঃসন্তান হওয়ায়।
প্র : রহিমা কাকে পোষ্য রাখতে চায়?– হাসুনিকে।
প্র : 'তোমার একটা সাথী আনুম?' এখানে 'সাথি' বলতে কী বোঝানো হয়েছে?– সতিন।
প্র : মসজিদ নির্মাণের কাজ শেষ হয়েছিল কোন মাসে?– জ্যৈষ্ঠ।
প্র : রহিমা জমিলাকে হাসি থামাতে বলে কেন?– মজিদের ভয়ে।
প্র : 'আমি ভাবলাম, তানি বুঝি দুলার বাপ'-এখানে 'তানি' কে?– মজিদ।
প্র : পশ্চিম আকাশে শুকতারা কখন জ্বলে?– শেষরাতে।
প্র : হাসপাতাল কোথায়?– করিমগঞ্জ।
প্র : 'ভেতরে তার ক্রোধের আগুন জ্বলছে, বাইরে যত ঠাণ্ডা থাকুক না কেন?'- কার ভেতরে ক্রোধের আগুন জ্বলছে?– মজিদের।
প্র : মজিদের বাড়িতে প্রথম এসে জমিলা–রহিমাকে কী ভেবেছিল?– শাশুড়ি।
প্র : 'নামহীন জনবহুল এ অঞ্চল' কোন অঞ্চল?– নোয়াখালী।
প্র : মজিদ জমিলাকে কোথায় বেঁধে রেখেছিল? – মাজারে।
প্র : মজিদের মতে দুনিয়ার মানুষের মতো কারা তাকে ভয় পায়?– জিন-পরীরা।
প্র : 'ও যেন ঘোর পাপী।' এখানে কার কথা বলা হয়েছে?– তাহেরের বাপ।
প্র : মহব্বতনগর গ্রামে কে শিকড় গেড়েছে?– মজিদ।
প্র : আওয়ালপুরের পির কোথায় বাস করে?– ময়মনসিংহে।
প্র : গ্রামের লোকেরা কী চেনে?– জমি আর ধান।
প্র : আমেনা বিবি কী বারে রোজা রাখে?– শুক্র।
প্র : এককালে উড়নি মেয়ে ছিল কে?– বুড়ি।
প্র : ধলা মিয়া মজিদের কাছে গিয়েছিল কেন?– পানিপড়া আনতে।
প্র : মজিদ কখন মহব্বতনগর গ্রামে প্রবেশ করে?– শ্রাবণের দুপুরে।
প্র : মাজারের অনাবৃত কোণটা দেখে মজিদের কোন কথা স্মরণ হয়?– মৃত্যুর।
প্র : গ্রামবাসীর অন্তর খাঁ খাঁ করে কেন?– মাটির তৃষ্ণায়।
প্র : দুদু মিঞার কয় ছেলে?– সাত।
প্র : ষোলশহর কোথায় অবস্থিত?– চট্টগ্রাম।
প্র : 'লালসালু' কোন ধরনের উপন্যাস?– সামাজিক।
প্র : 'কলমা জানস না ব্যাটা?' কার উক্তি?– খালেক ব্যাপারীর।
প্র : মতলুব খাঁ কে?– ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট।
প্র : কার দেহ ভরা ধানের গন্ধ?– রহিমার।
প্র : বুড়ি কেমনভাবে আল্লা, আল্লা বলে?– শিশুর মতো।

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

১. 'প্রশ্নটি এই রকম যে মজিদের ইচ্ছা হয় একটা হুঙ্কার ছাড়ে।' মজিদের এই ক্ষোভ যার আচরণের প্রতিক্রিয়ায়– [খ ১৭-১৮]
ক. জমিলা খ. পির সাহেব গ. ধলা মিয়া ঘ. ব্যাপারী

২. 'তরঙ্গভঙ্গ' সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র একটি - [গ-১৩-১৪]
ক. গল্পগ্রন্থ খ. উপন্যাস গ. প্রবন্ধগ্রন্থ ঘ. নাটক ঙ. প্রহসন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

৩. চলিত রীতিতে লেখা রচনা- [গ ০৯-১০]
ক. অর্ধাঙ্গী খ. একটি তুলসী গাছের কাহিনী গ. যৌবনের গান ঘ. বিলাসী

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

৪. 'লালসালু' উপন্যাসে গ্রামে স্কুল স্থাপনের জন্য কে চেষ্টা করেছিল? [C, ১৭-১৮; D ১৭-১৮]
ক. মোদাব্বের খ. তাহের গ. ধলা ঘ. আক্কাস

৫. 'তুমি কী মনে করো মিয়া? তুমি কী মনে করো তোমার বিবি মিছা বদনাম করে? তুমি হলফ কইরা বলতে পারো তোমার দিলে ময়লা নাই?' উক্তিটি কার? [C, ১৭-১৮]
ক. খালেক খ. মজিদ গ. তাহেরের বাপ ঘ. রহিমা

৬. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র রচনা নয় —— [C, ১৭-১৮]
ক. কাঁদো নদী কাঁদো খ. উজানে মৃত্যু
গ. চাঁদের অমাবস্যা ঘ. চার অধ্যায়

রাজশাহী বিশ্ববিদ্যালয়

৭. 'লালসালু' উপন্যাস কত সালে প্রকাশিত হয়? [C ১৭-১৮; হামুদাবিপ্রবি G ১৫-১৬]
ক. ১৯৪৭ খ. ১৯৪৮ গ. ১৯৪৯ ঘ. ১৯৫০

৮. কোনটি সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র রচনা নয়? [I ১৭-১৮]
ক. লালসালু খ. চাঁদের অমাবস্যা গ. বরফ গলা নদী ঘ. কাঁদো নদী কাঁদো

৯. 'চাঁদের অমাবস্যা' উপন্যাসটি কার রচনা? [K ১৭-১৮; E ১৫-১৬]
ক. সৈয়দ ওয়ালীউল্লাহ খ. সৈয়দ মুজতবা আলী
গ. আখতারুজ্জামান ইলিয়াস ঘ. শওকত ওসমান

১০. সহজ প্রাণ ধর্মের উজ্জ্বল প্রতীক কে? [B ১৭-১৮]
ক. রহিমা খ. জমিলা গ. তানুবিবি ঘ. আমেনা

১১. 'সাপ জেগে উঠেছে ছোবল মারার জন্য' বলতে কী বোঝানো হয়েছে? [B ১৭-১৮]
ক. মজিদের ক্ষোভ খ. মজিদের হিংসা
গ. মজিদের লালসা ঘ. মজিদের প্রতিশোধের নেশা

১২. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌ বিরচিত 'সুড়ঙ্গ' একটি- [০৮-০৯]
ক. নাটক খ. উপন্যাস গ. প্রবন্ধ ঘ. কাব্যগ্রন্থ

১৩. কোনটি সৈয়দ ওয়ালীউল্লাহ্‌ রচিত উপন্যাস? [A, Even, সেট A: ১৪-১৫; G ১৬-১৭]
ক. পদ্মা মেঘনা যমুনা খ. কাঁদো নদী কাঁদো
গ. ঢোঁড়াই চরিত মানস ঘ. পুতুল নাচের ইতিকথা

১৪. 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পটি- [B, Even, সেট ৪: ১৪-১৫]
ক. মুক্তিযুদ্ধ বিষয়ক খ. ভাষা আন্দোলন বিষয়ক
গ. দুর্ভিক্ষ বিষয়ক ঘ. দেশভাগ পরবর্তী মানবিক বিপর্যয় বিষয়ক

১৫. 'একটি তুলসী গাছের কাহিনী'র মূল বিষয়বস্তু- [D, অবাণিজ্য, সেট ২: ১৪-১৫]
ক. দরিদ্রতা খ. সংখ্যালঘু সমস্যা গ. বৃক্ষবন্দনা ঘ. প্রতিবাদ

১৬. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র জন্মমৃত্যু সাল কোনটি? [A-১৫-১৬]
ক. ১৯২২-১৯৭১ খ. ১৯২১-১৯৭০ গ. ১৯২০-১৯৭২ ঘ. ১৯২২- ১৯৭২

১৭. মাজারের পাশে দাঁড়িয়ে রহিমা কার জন্য শক্তি প্রার্থনা করে? [A ১৬-১৭]
ক. ছলুর বাপের জন্য খ. হাসুনির মার জন্য
গ. দুদু মিঞার জন্য ঘ. খালেক বেপারীর জন্য

১৮. 'ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে।' উক্তিটি কার? [B ১৬-১৭]
ক. মজিদ খ. রহিমা গ. জামিলা ঘ. হাসুনির মা

১৯. মজিদের মহব্বতনগর গ্রামে প্রবেশটা কেমন ছিল? [B ১৬-১৭]
ক. অবধারিত খ. নাটকীয় গ. কাব্যিক ঘ. স্বাভাবিক

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

২০. 'চাঁদের অমাবস্যা' কোন ধরনের রচনা? [ঙ ০৩-০৪]
ক. কাব্যগ্রন্থ খ. প্রবন্ধগ্রন্থ গ. ছোটগল্প ঘ. উপন্যাস

২১. 'একটি তুলসী গাছের কাহিনী'র মূল সুর কী? [খ ০৯-১০]
ক. মানবিকতা খ. রাজনীতি গ. ধর্মপ্রাণতা ঘ. চরিত্র-প্রাধান্য ঙ. সমাজ-সংস্কার

২২. সৈয়দ ওয়ালীউল্লাহ কোথায় জন্মগ্রহণ করেন? [E -১৩-১৪; H ১৬-১৭]
ক. চট্টগ্রাম খ. নোয়াখালী গ. কুমিল্লা ঘ. ঢাকা ঙ. রাজশাহী

২৩. 'বহিপীর' কার রচনা? [B -১৩-১৪; ইবি ছ ০৪-০৫]
ক. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌ খ. কাজী আবদুল ওদুদ
গ. সৈয়দ শামসুল হক ঘ. শওকত ওসমান

২৪. কোন ঔপন্যাসিক ফ্রান্সে অবস্থাকালীন বাংলা ভাষায় উপন্যাস রচনা করেছিলেন? [C-১৫-১৬]
ক. হ্যানা ক্যাথারিন মলেন্স খ. বরীন্দ্রনাথ ঠাকুর গ. নীরদ মজুমদার
ঘ. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌ ঙ. সৈয়দ শামসুল হক

২৫. 'দুই তীর ও অন্যান্য গল্প' গ্রন্থের রচয়িতা কে? [D-১৫-১৬]
ক. সৈয়দ ওয়ালীউল্লাহ খ. হুমায়ূন আহমেদ
গ. জহির রায়হান ঘ. আবু জাফর শামসুদ্দীন

২৬. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌ কত বছর বেঁচেছিলেন? [B, B2,B3 ১৬-১৭]
ক. ৭১ বছর খ. ৪৯ বছর গ. ২২ বছর ঘ. ৪৭ বছর

২৭. 'লালসালু' উপন্যাসের চরিত্র কোন্‌টি? [D1 ১৬-১৭]
ক. জাহেদা খ. রাহেলা গ. কালু মিয়া ঘ. ধলা মিয়া

খুলনা বিশ্ববিদ্যালয়

২৮. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌ রচিত কোন সাহিত্যকর্মটি অন্য তিনটি থেকে আলাদা? [ক. মা. ১০-১১]
ক. লালসালু খ. চাঁদের অমাবস্যা গ. কাঁদো নদী কাঁদো ঘ. দুই তীর

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

২৯. কোনটি সৈয়দ ওয়ালীউল্লাহ্‌'র নাটক? [AL ১৭-১৮]
ক. নয়নচারা খ. কাঁদো নদী কাঁদো
গ. উজানে মৃত্যু ঘ. কালবেলা

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

৩০. 'তোমার দাড়ি কই মিঞা?'– উক্তিটি কার? [A ১৭-১৮]
ক. মোদাব্বেরের খ. মজিদের গ. খালেক ব্যাপারীর ঘ. আক্কাসের

৩১. মজিদ কার চোখে ভয় দেখেছে? [A ১৭-১৮]
ক. আমেনার খ. হাসুনির মা গ. রহিমার ঘ. জমিলার

৩২. 'লালসালু' উপন্যাসে 'নিরাক পড়া' অর্থে কি বোঝানো হয়েছে? [A ১৭-১৮]
ক. গ্রীষ্মের গরম আবহাওয়া খ. অস্পষ্ট বিবর্ণ দিন
গ. নিস্তব্ধ গুমোট আবহাওয়া ঘ. ঝিমধরা দুপুর

৩৩. 'লালসালু' উপন্যাসে প্রতিবাদের প্রতীক কে? [C ১৭-১৮]
ক. মজিদ খ. জমিলা গ. রহিমা ঘ. মাতব্বর

৩৪. মহব্বতনগর গ্রামে মজিদকে প্রথম দেখেছিল কে? [C ১৬-১৭]
ক. তাহের ও কাদের খ. খালেক ও আক্কাস
গ. রহিমা ও জমিলা ঘ. খালেক ও আমেনা

৩৫. আক্কাসের বাবার নাম কী? [A ১৬-১৭]
ক. তাহের খ. কাদের গ. মোদাব্বের ঘ. খালেদ

৩৬. 'বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ'– কার? [A ১৬-১৭]
ক. জমিলা খ. আমেনা গ. মজিদ ঘ. আক্কাস

ইসলামী বিশ্ববিদ্যালয়

৩৭. 'ওনারে কন, আমার মওতের জন্য জানি দোয়া করে' উক্তিটি কার? [B ১৭-১৮]
ক. রহিমা খ. জমিলা গ. আমেনা ঘ. হাসুনির মা

৩৮. 'ঢেঙা বুড়া' কার কথায় বিভ্রান্ত হয়? [B ১৭-১৮]
ক. মজিদ খ. খালেক ব্যাপারী গ. বুড়ি ঘ. হাসুনির মা

০১.ক	০২.ঘ	০৩.খ	০৪.ঘ	০৫.খ	০৬.ঘ	০৭.খ	০৮.গ	০৯.ক	১০.খ
১১.গ	১২.ক	১৩.খ	১৪.ঘ	১৫.খ	১৬.ক	১৭.খ	১৮.খ	১৯.খ	২০.ঘ
২১.ক	২২.ক	২৩.ক	২৪.ঘ	২৫.ক	২৬.খ	২৭.ঘ	২৮.ঘ	২৯.গ	৩০.খ
৩১.গ	৩২.গ	৩৩.খ	৩৪.ক	৩৫.গ	৩৬.গ	৩৭.ঘ	৩৮.ক		

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

৩৯. 'সে যেন খাঁচায় ধরা পড়েছে' - লালসালু উপন্যাসে কার ধরা পড়ার কথা বলা হয়েছে? [B ১৭-১৮]
ক. রহিমা খ. হাসুনির মা গ. জমিলা ঘ. আমেনা বিবি

৪০. সৈয়দ ওয়ালীউল্লাহ্ কর্মসূত্রে মুক্তিযুদ্ধে সক্রিয় ভূমিকা পালন করেন- [B -১৩-১৪]
ক. কলকাতা খ. প্যারিস গ. কাঠমুণ্ডু ঘ. জাকার্তা

৪১. করাচির বেতার কেন্দ্রের বার্তা বিভাগে চাকরি করেন- [C -১৩-১৪]
ক. সৈয়দ আলী আহ্সান খ. জহির রায়হান গ. সৈয়দ ওয়ালীউল্লাহ ঘ. আবু জাফর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

৪২. সৈয়দ ওয়ালীউল্লাহ কোন পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন? [G ১৭-১৮]
ক. দৈনিক খাদেম খ. স্টেটসম্যান গ. ইত্তেফাক ঘ. নবদূত

৪৩. 'লালসালু' উপন্যাসের ইংরেজি অনুবাদ 'Tree without Roots'- নামক গ্রন্থটি প্রকাশিত হয়েছিল কোন প্রকাশনী কর্তৃক? [G ১৭-১৮]
ক. Editions du Seuil খ. Lynne Rienner Publishers
গ. Pluto Press ঘ. Chatto and Windus Ltd.

৪৪. 'লালসালু' কোন ধরনের উপন্যাস? [D ১৬-১৭]
ক. সামাজিক খ. ঐতিহাসিক গ. আধ্যাত্মমূলক ঘ. আঞ্চলিক

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

৪৫. 'নয়নচারা' গল্প গ্রন্থটির কার রচনা? [D -১৩-১৪]
ক. বিভূতিভূষণ বন্দোপাধ্যায় খ. সৈয়দ ওয়ালীউল্লাহ্
গ. আবু জাফর শামসুদ্দীন ঘ. মানিক বন্দ্যোপাধ্যায়

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

৪৬. সৈয়দ ওয়ালীউল্লাহর অবিস্মরণীয় সৃষ্টি কোনটি? [C-১৫-১৬; চবি D ১২-১৩]
ক. লালসালু খ. দুইতীর গ. কাঁদো নদী কাঁদো ঘ. তরঙ্গভঙ্গ

ঢাবি অধিভুক্ত ৭টি কলেজ

৪৭. 'ও যখন হাঁটে তখন মজিদ চেয়ে দেখে।' এখানে 'ও' হলো– [বেরোবি A ১৭-১৮]
ক. জমিলা খ. হাসুনির মা গ. রহিমা ঘ. আমেনা বিবি

৪৮. 'এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়' ... কে?
ক. রহিমা খ. আমেনা গ. মজিদ ঘ. খালেক

৪৯. 'লালসালু' উপন্যাসে বর্ণিত গ্রামটির নাম কী?
ক. শিমুলতলি খ. কেতুপুর গ. মহব্বতনগর ঘ. দামপাড়া

৩৯.খ	৪০.খ	৪১.গ	৪২.খ	৪৩.ঘ	৪৪.ক	৪৫.খ	৪৬.ক	৪৭.গ	৪৮.গ	৪৯.গ

অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নাবলি

০১. 'লালসালু' উপন্যাসে মজিদের মুখে জমিলার থুথু নিক্ষেপে কী প্রকাশ পেয়েছে?
ক. ক্ষোভ খ. ক্রোধ গ. গর্ব ঘ. হিংসা

০২. মজিদ পূর্বে কোথায় বাস করত?
ক. গারো পাহাড়ে খ. মধুপুর গড়ে গ. পাহাড়পুরে ঘ. সোনারগাঁয়ে

০৩. মজিদের দুদু মিয়াকে শাসনের মধ্যে কোন বিষয়টি নিহিত?
ক. ধর্মরক্ষা খ. আধিপত্য বিস্তার
গ. নির্বিঘ্নে বিয়ে করতে পারা ঘ. কল্যাণের পথে আনা

০৪. রহিমার কাছে নিজের মৃত্যু কামনা করে কে?
ক. আমেনা খ. হাসুনির মা গ. জমিলা ঘ. বুড়ি

০৫. প্রথম যৌবনে মজিদ কেমন বৌ-এর স্বপ্ন দেখত?
ক. রহিমার মতো খ. হাসুনির মায়ের মতো
গ. জমিলার মতো ঘ. আমেনার মতো

০৬. 'আমার বুদ্ধিতে জানি কুলায় না' মজিদের এই উক্তিতে তার চরিত্রের কোন দিকটি উন্মোচিত হয়েছে?
ক. অস্তিত্ববোধ খ. অসহায়ত্ব গ. ভীরুতা ঘ. ধর্মবোধ

০৭. গ্রামের মহিলারা কার মাধ্যমে মজিদের কাছে আর্জি পাঠায়?
ক. রহিমার খ. হাসুনির মার গ. হাসিনার ঘ. খালেক ব্যাপারীর

০৮. মজিদ মানুষের রসনাকে কিসের সঙ্গে তুলনা করেছে?
ক. ভয়ংকর সাপের রসনার খ. হিংস্র বাঘের থাবার
গ. সিংহের গর্জনের ঘ. কুমিরের শিকারের

০৯. মজিদ হাসুনির মার জন্য কী রঙের শাড়ি এনে দেয়?
ক. বেগুনি রং, কালো পাড় খ. বেগুনি রং, লাল পাড়
গ. কালো রং, বেগুনি পাড় ঘ. লাল রং, বেগুনি পাড়

১০. 'সোহবতে সোয়ালে তুরা সোয়ালে কুনাদ' এর অর্থ কী?
ক. অসৎসঙ্গ মানুষকে খারাপ করে খ. সৎসঙ্গ মানুষকে সরল করে
গ. অসৎসঙ্গ মানুষকে ভালো করে ঘ. সৎসঙ্গ মানুষকে ভালো করে

১১. আওয়ালপুরে পীরের চেলারা কার মাথা ফাটিয়ে দিয়েছে?
ক. মজিদের খ. কালুর গ. তাহেরের ঘ. কাদেরের

১২. 'তোমার দাড়ি কই মিঞা' মজিদ কার উদ্দেশ্য উক্তিটি করেছে?
ক. মোদাব্বের মিঞার খ. তাহেরের গ. খালেদ ব্যাপারী ঘ. আক্কাসের

১৩. আওয়ালপুরের পিরের ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য?
ক. মৌসুমি পির খ. ভ্রাম্যমাণ পির গ. স্থায়ী পির ঘ. ভণ্ডপির

১৪. 'তোমার দিলে কি ময়লা আছে?' 'লালসালু' উপন্যাসে কার দিলের কথা বলা হয়েছে?
ক. দুদু মিঞা খ. তাহেরের বাপ গ. কাদেরের চাচা ঘ. মতলুব খাঁ

১৫. মজিদ সূরা আল ফালাকের কয় আয়াত তেলাওয়াত করে?
ক. পাঁচ খ. নয় গ. সাত ঘ. তিন

১৬. মহব্বতনগর গ্রামের ক্ষমতাধর ব্যক্তির নাম কী?
ক. দুদু মিঞা খ. আক্কাস গ. মোদাব্বের মিঞা ঘ. খালেক ব্যাপারী

১৭. মজিদের সামাজিক প্রতিষ্ঠায় সহায়ক ভূমিকা পালন করে কে?
ক. রহিমা খ. জমিলা গ. হাসুনির মা ঘ. আমেনা

১৮. 'ঢেঙা বদমেজাজি বৃদ্ধ লোকটি'- কে?
ক. মজিদ খ. খালেক ব্যাপারী গ. ধলা মিয়া ঘ. হাসুনির মায়ের

১৯. মজিদ গ্রামবাসীদের কী বলে গালি দেয়?
ক. বেইমান খ. নাস্তিক গ. জাহেল ঘ. অধার্মিক

২০. মজিদের বয়স নিয়ে কটাক্ষ করে কে?
ক. আমেনা খ. জমিলা গ. ফাতেমা ঘ. রহিমা

২১. রহিমার কয়টি বিয়ে হয়েছে?
ক. একটি খ. তিনটি গ. চারটি ঘ. দুটি

২২. 'লালসালু' উপন্যাসে বর্ণিত সকল ঘটনার নিয়ন্ত্রক কে?
ক. খালেক ব্যাপারী খ. আমেনা গ. আক্কাস ঘ. মজিদ

২৩. 'লালসালু' উপন্যাসে উল্লিখিত 'খোদার এলমে বুক ভরে না' কেন?
ক. তলায় পেট শূন্য বলে খ. কুসংস্কারের জন্য
গ. স্বার্থপরতার জন্য ঘ. শিক্ষাহীনতার ফলে

২৪. 'খেলোয়াড় চলে গেছে, খেলবে কার সাথে' এখানে খেলোয়াড় কে?
ক. আওয়ালপুরের পির খ. দুদু মিঞা
গ. জমিলা ঘ. তাহেরের বাপ

২৫. মজিদের শক্তি প্রতিফলিত হয় কার ওপর?
ক. গ্রামবাসীর ওপর খ. রহিমার ওপর গ. আমেনার ওপর ঘ. জমিলার ওপর

২৬. বুড়ো, হাসুনির মাকে বেধড়ক প্রহার করে কেন?
ক. বুড়োর আদেশ অমান্য করায় খ. মজিদকে অপমান করায়
গ. ঘরের কথা মজিদকে বলায় ঘ. ঘরের বাইরে যাওয়ায়

২৭. মজিদ সমাজে শিকড় গাড়তে কোনটিকে হাতিয়ার হিসেবে ব্যবহার করেছে?
ক. মিথ্যাচার খ. লোভ গ. ধর্ম ঘ. প্রতিপত্তি

২৮. মজিদ কোন সড়কের উপর মোনাজাতের ভঙ্গিতে দাঁড়িয়ে ছিল?
ক. মহব্বতনগরের খ. মতিগঞ্জের গ. আওয়ালপুরের ঘ. গারো পাহাড়ের

২৯. আমেনা বিবির প্রতি মজিদের কোন দৃষ্টিভঙ্গির প্রকাশ পেয়েছে?
ক. দয়া খ. স্নেহ গ. লালসা ঘ. ভালোবাসা

৩০. খালেক ব্যাপারীর সামনে বসে কথা বলতে অস্বস্তি বোধ করে কে?
ক. মজিদ খ. ধলা মিয়া গ. জমিলা ঘ. আমেনা

৩১. 'শত্রুর আভাস পাওয়া হরিণের চোখের মতোই সতর্ক হয়ে ওঠে তার চোখ।' কার চোখ?
ক. আমেনার খ. জমিলার গ. মজিদের ঘ. রহিমার

৩২. ঢেঙা বুড়োর বিচারে মজিদ কোন সূরা পাঠ করেছিলেন?
ক. আল ইমরান খ. আল বাকারা গ. আন-নহর ঘ. আন-নূর

৩৩. 'ওনারে কইবেন, আমার যেন মওত হয়' এই আর্জি কার?
ক. আমেনা বিবি খ. হাসুনির মায়ের গ. রহিমার ঘ. জমিলার

৩৪. মাঠের ধান নষ্ট হয়ে যায় কেন?
ক. ঝড়ো বৃষ্টি হলে খ. ঘন বৃষ্টি হলে গ. শিলা বৃষ্টি হলে ঘ. কালবৈশাখীতে

০১.খ	০২.ক	০৩.খ	০৪.খ	০৫.খ	০৬.খ	০৭.ক	০৮.ক	০৯.গ
১০.ঘ	১১.খ	১২.ঘ	১৩.ক	১৪.খ	১৫.ক	১৬.ঘ	১৭.ক	১৮.গ
১৯.গ	২০.খ	২১.ঘ	২২.ঘ	২৩.ক	২৪.ঘ	২৫.ক	২৬.গ	২৭.গ
২৮.খ	২৯.গ	৩০.খ	৩১.খ	৩২.ঘ	৩৩.খ	৩৪.গ		

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৫. উপন্যাস মূলত কী নির্ভর?
ক. কাহিনি খ. সংলাপ গ. বর্ণনা ঘ. চরিত্র

৩৬. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র 'লালসালু' উপন্যাসের বিস্তৃত ধানখেতের এক প্রান্তে কারা ছিল?
ক. মজিদ, রহিমা খ. রহিমা, জমিলা
গ. তাহের, কাদের ঘ. মজিদ, খালেক ব্যাপারী

৩৭. মোনাজাত শেষে মজিদ কোন দিকে পা ফেলেছিল?
ক. পূর্ব খ. উত্তর গ. পশ্চিম ঘ. দক্ষিণ

৩৮. আমেনা বিবি ও রহিমার মধ্যে কোন বিষয়টিতে মিল রয়েছে?
ক. শারীরিক সৌন্দর্যে খ. চালচলনে গ. মানসিকতায় ঘ. নিঃসন্তান হওয়ার

৩৯. আমেনাকে কিভাবে মাজার ঘরে আনা হয়?
ক. ঘোড়ার গাড়িতে খ. মহিষের গাড়িতে গ. গরুর গাড়িতে ঘ. পালকিতে

৪০. কে দেশান্তর হয়?
ক. মজিদ খ. খালেক ব্যাপারী গ. মোদাব্বের মিয়া ঘ. তাহেরের বাপ

৪১. ঘুমকাতুরে কে?
ক. জমিলা খ. রহিমা গ. আমেনা ঘ. তানু বিবি

৪২. কে হাঁটলে মাটিতে আওয়াজ হয়?
ক. জমিলা খ. রহিমা গ. হাসুনির মা ঘ. আমেনা বিবি

৪৩. খালেক ব্যাপারীর মতে আক্কাস দাড়ি রাখেনি কেন?
ক. ধর্মবিদ্বেষী বলে খ. ইংরেজি পড়েছে বলে
গ. আধুনিক বলে ঘ. বিদেশে ছিল বলে

৪৪. একদিন মাজারে এসে তীক্ষ্ণ আর্তনাদ করেছিল কে?
ক. হাসুনির মা খ. তানু বিবি গ. খ্যাংটা বুড়ি ঘ. জমিলা

৪৫. নামাজের সময় সিজদায় গিয়ে কে আর উঠেনি?
ক. রহিমা খ. আমেনা গ. জমিলা ঘ. হাসুনির মা

৪৬. 'পাক দিল আর গুনাগার দিল, যদি এক সুতায় বাঁধা থাকে আর কেউ যদি গুনাগার দিলের শাস্তি দিবার চায়, তখন পাক দিলই শাস্তি পায়।' কার সম্পর্কে এ উক্তিটি করা হয়েছে?
ক. তাহেরের বাপ খ. খালেক ব্যাপারী গ. আক্কাসের বাবা ঘ. মতলুব খাঁ

৪৭. গ্রামে কিসের হিড়িক পড়েছে?
ক. মসজিদ স্থাপনের খ. স্কুল তৈরির গ. মাজার নির্মাণের ঘ. কবর বাঁধাইয়ের

৪৮. তাদের দিল সাচ্চা, খাঁটি সোনার মতো- কাদের?
ক. মতিগঞ্জের মানুষদের খ. গারো পাহাড়ের লোকদের
গ. মহব্বতনগরের লোকদের ঘ. মধুপুরের অধিবাসীদের

৪৯. আমেনা বিবির আনন্দ আর সুখের নিশানা কী?
ক. থোতা মুখের তালগাছ খ. তেঁতুলগাছ গ. মাজার ঘ. বড় নদী

৫০. 'তাছির' শব্দের অর্থ কী?
ক. তোয়াজ করা খ. পরিচর্যা করা গ. প্রতিবাদ করা ঘ. প্রভাব

৫১. আক্কাসের ক্ষেত্রে কোনটি প্রযোজ্য?
ক. ধর্মান্ধ খ. প্রগতিশীল গ. মানবতাবাদী ঘ. জনসেবক

৫২. 'শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি' উক্তিটির তাৎপর্য কী?
ক. মানুষের মনে ধর্মীয় কুসংস্কার বেশি খ. ধর্মব্যবসায়ীরা মানুষকে বোকা বানায়
গ. ফসলের চেয়ে আগাছা বেশি ঘ. ধর্মের প্রতি মানুষের বিশ্বাস

৫৩. 'মাজারটি তার শক্তির মূল' বলতে কী বোঝানো হয়েছে?
ক. বিশ্বাস খ. আনুগত্য গ. ভীতি ঘ. অনুরাগ

৫৪. কার বাড়ির উঠান লোকে-লোকারণ্যে ছিল?
ক. খালেক ব্যাপারীর খ. মজিদের গ. মতলুব মিয়ার ঘ. ঢেঙা বুড়োর

৫৫. আওয়ালপুরের পীরের মধ্যে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে?
ক. হিংসা খ. ধর্মান্ধতা গ. ধর্মব্যবসা ঘ. সাধুতা

৫৬. আওয়ালপুরের পির আছরের সময় কোন নামাজ পড়েছিল?
ক. ফজর খ. জোহর গ. মাগরিব ঘ. এশা

৫৭. মজিদ হাসপাতালে গিয়েছিল কেন?
ক. সমবেদনা প্রকাশ করতে খ. রোগীর সেবা দিতে
গ. ডাক্তার দেখাতে ঘ. রোগীর সঙ্গে আলাপ করতে

৫৮. আওয়ালপুরের পিরের প্রতি আমেনার কী প্রকাশ পেয়েছে?
ক. ক্রোধ খ. অবিশ্বাস গ. ক্ষোভ ঘ. অন্ধবিশ্বাস

৫৯. খালেক ব্যাপারীর সঙ্গে ধলা মিয়ার কী সম্পর্ক?
ক. শ্যালক খ. ভাই গ. চাচা ঘ. মামা

৬০. ধলা মিয়াকে ব্যাপারী আওয়ালপুরে যেতে বলেছিল কেন?
ক. আত্মীয় বাড়ি বেড়াতে খ. পীরের সাথে দেখা করতে
গ. ব্যবসায়ের কাজে ঘ. পানিপড়া আনতে

৬১. ধলা মিয়ার দেবংশি তেঁতুল গাছকে ভয় পাওয়ার মধ্যে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে?
ক. কুসংস্কারে বিশ্বাস খ. সংস্কারে বিশ্বাস গ. পুরনো ধ্যানধারণা ঘ. অসতর্ক অবস্থান

৬২. মজিদ বার বার ধলা মিয়াকে আওয়ালপুরে যেতে বলায় কোন দিকটি প্রকাশ পেয়েছে?
ক. দৃঢ়তা খ. কঠোরতা গ. হিংসা ঘ. ক্ষোভ

৬৩. আওয়ালপুরের পিরকে মজিদ কী হিসেবে আখ্যা দিয়েছে?
ক. ঠগবাজ খ. মিথ্যাবাদী গ. ইবলিশ ঘ. ভণ্ড

৬৪. খালেক ব্যাপারী মজিদকে ভয় পায় কেন?
ক. মাজারের কারণে খ. ধর্মভীতির কারণে গ. টাকা-পয়সা বেশি ঘ. ক্ষমতাধর বলে

৬৫. 'আমেনা'র ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য?
ক. সুখী খ. নিঃসন্তান গ. দরিদ্র ঘ. কুৎসিত

৬৬. ঢেঙা বুড়োর স্ত্রীর জানাজা পড়ানোর কথা ছিল কার?
ক. মজিদের খ. মতলুব খাঁর গ. মোল্লা শেখের ঘ. আওয়ালপুরের পীরের

৬৭. 'তানি যে খোদার মানুষ' কে?
ক. মজিদ খ. খালেক ব্যাপারী গ. মতলুব খাঁ ঘ. আওয়ালপুরে পির

৬৮. উঠানের পথটুকু পাড়ি দিতে আমেনা বিবি পরিশ্রান্ত বোধ করে কেন?
ক. শারীরিক দুর্বলতায় খ. অসুস্থতায় গ. মাজারের ভয়ে ঘ. তানুবিবির কারণে

৬৯. আমেনা বিবি কিসে চড়ে মজিদের কাছে গিয়েছিল?
ক. পালকি খ. ভ্যান গ. রিকশা ঘ. ঘোড়ার গাড়ি

৭০. আমেনা বিবিকে পালকি থেকে নামিয়ে মজিদ কোথায় নিতে বলেছিলেন?
ক. ঘরে খ. উঠানে গ. বারান্দায় ঘ. মাজারে

৭১. মজিদ বার বার আমেনা বিবির দিকে আড়চোখে তাকাচ্ছিল কেন?
ক. মনোভাব বুঝতে খ. কড়া শাসনে রাখতে গ. ভীতি সৃষ্টিতে ঘ. রূপের মোহে

৭২. মজিদের সামনে খালেক ব্যাপারী অসহায় কেন?
ক. ক্ষমতার দুর্বলতায় খ. ভক্তি-শ্রদ্ধায় গ. ধর্মভীতির কারণে ঘ. অভিশাপের ভয়ে

৭৩. আমেনা বিবি মাজারে পাক কোন দিক থেকে শুরু করেছিল?
ক. ডান দিকে খ. বাঁ দিক গ. পূর্ব দিক ঘ. উত্তর দিক

৭৪. আমেনা বিবিকে তালাক দেওয়ানোর মূল কারণ কী ছিল?
ক. মজিদের আত্মঅহমিকায় আঘাত খ. খালেক ব্যাপরীরর মানসিক যন্ত্রণা
গ. আমেনার চারিত্রিক ত্রুটি ঘ. সন্তান দানে অক্ষমতা

৭৫. 'খোদাই রিজিক দেনেওয়ালা' উক্তিটি কার?
ক. কাদেরের খ. মজিদের গ. তাহেরের ঘ. মোদাচ্ছের পীরের

৭৬. 'কলমা জানো মিঞা?' 'লালসালু' উপন্যাসে প্রশ্নটি কাকে করা হয়েছে?
ক. আক্কাসকে খ. দুদু মিঞাকে গ. সোলেমানকে ঘ. মোদাব্বের মিঞাকে

৭৭. রহিমা মাজারে আমেনা বিবির দৃশ্যগুলো কীভাবে দেখেছিল?
ক. অপলক দৃষ্টিতে খ. ঘরের কোনায় দাঁড়িয়ে
গ. বেড়ার ফুটো দিয়ে ঘ. জানালা দিয়ে

৭৮. আমেনা বিবি মাজারের মধ্যে মূর্ছা গিয়েছিল কেন?
ক. ভয়ে খ. মজিদের অলৌকিক ক্ষমতায়
গ. মাজারের ক্ষমতায় ঘ. শারীরিক দুর্বলতায়

৭৯. খালেক ব্যাপারীর গলায় শিশুর ভাব আসে কেন?
ক. ভয়ে খ. ক্রোধে গ. সন্দেহে ঘ. বিশ্বাসে

৮০. আমেনা বিবির ক্ষেত্রে কোনটি প্রযোজ্য?
ক. অশান্ত খ. স্বামীভীরু গ. শক্তিশালী ঘ. সমাজ-বিদ্বেষী

৮১. মজিদ আক্কাসকে দমাতে চাওয়ায় তার চরিত্রের কোন বিষয়টি উন্মোচিত হয়েছে?
ক. হিংসা খ. অজ্ঞতা গ. শোষণ ঘ. বিদ্বেষ

৮২. 'বেত্তমিজের মতো কথা কইস না' উক্তিটি কার সম্পর্কে করা হয়েছিল?
ক. আক্কাস খ. তাহের গ. কাদের ঘ. ধলা মিঞা

৮৩. মহব্বতনগর গ্রামের বড় মসজিদ নির্মাণে বারো আনা ব্যয় বহন করতে চেয়েছিল–
ক. মজিদ খ. খালেক ব্যাপারী গ. মোদাব্বের আলী ঘ. মতলুব খাঁ

৮৪. 'মজিদের মনে কিন্তু অন্য কথা ঘোরে' এখানে অন্য কথা বলতে কী বোঝানো হয়েছে?
ক. দ্বিতীয় বিয়ে খ. সম্পত্তির লোভ গ. বদ মতলব ঘ. হীনস্বার্থ

৮৫. একদিন বাইরের ঘর থেকে মজিদ সোনালি মিহির সুন্দর কিসের ঝংকার শুনতে পায়?
ক. নূপুরের খ. হাসির গ. সুরের ঘ. গানের

৮৬. মতিগঞ্জের সড়কটা দিয়ে দলে-দলে লোক চলেছে কোন দিকে?
ক. পূর্ব দিকে খ. পশ্চিম দিকে গ. উত্তর দিকে ঘ. দক্ষিণ দিকে

৮৭. মহব্বতনগর গ্রামের কয় গ্রাম পরে নতুন পির সাহেব এসেছে?
ক. তিন গ্রাম খ. চার গ্রাম গ. পাঁচ গ্রাম ঘ. ছয় গ্রাম

৩৫.ক	৩৬.গ	৩৭.খ	৩৮.ঘ	৩৯.ঘ	৪০.ঘ	৪১.ক	৪২.খ	৪৩.খ
৪৪.গ	৪৫.গ	৪৬.খ	৪৭.ক	৪৮.খ	৪৯.ক	৫০.ঘ	৫১.খ	৫২.ক
৫৩.ক	৫৪.গ	৫৫.গ	৫৬.খ	৫৭.ক	৫৮.ঘ	৫৯.ক	৬০.ঘ	৬১.ক
৬২.ক	৬৩.গ	৬৪.খ	৬৫.খ	৬৬.গ	৬৭.ক	৬৮.ক	৬৯.ক	৭০.ঘ
৭১.ঘ	৭২.গ	৭৩.ক	৭৪.ক	৭৫.খ	৭৬.খ	৭৭.গ	৭৮.ঘ	৭৯.গ
৮০.খ	৮১.গ	৮২.ক	৮৩.খ	৮৪.ক	৮৫.খ	৮৬.গ	৮৭.ক	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

৮৮. ঝড়ের সময় ঢেঙা বুড়ো কী খেতে চেয়েছিল?
ক. গুড় খ. চিনি গ. মুড়ি ঘ. চিড়া

৮৯. আওয়ালপুরের পীরের পূর্বপুরুষেরা কোন এলাকা থেকে এসেছেন?
ক. এশিয়া খ. মধ্যপ্রাচ্য গ. দক্ষিণ আমেরিকা ঘ. আফ্রিকা

৯০. 'লালসালু' উপন্যাসের প্রথম প্রকাশক কে?
ক. সৈয়দ ওয়ালীউল্লাহ্ খ. সৈয়দ হাবিবুল্লাহ
গ. মুহাম্মদ আতাউল্লাহ ঘ. নওরোজ কিতাবিস্তান

৯১. 'লালসালু' উপন্যাসে মেয়েলোকের মস্করা বলতে বোঝানো হয়েছে-
ক. নারীর অধিকার চেতনা খ. নারী স্বাধীনতা
গ. নারীর ইচ্ছা-অনিচ্ছা ঘ. নারীর হাসি-তামাশা

৯২. আমেনা বিবির সতিন কে?
ক. রহিমা বিবি খ. জমিলা গ. তানু বিবি ঘ. হাসুনির মা

৯৩. মজিদের জমি-জায়গার সাথে সাথে আরও কী বাড়ে?
ক. অর্থ খ. পরিচিতি গ. খ্যাতি ঘ. সম্মান

৯৪. আগত পির সাহেব সম্পর্কে লোকে কী বলে?
ক. তার অলৌকিক ক্ষমতা ছিল খ. মরা মানুষ জিন্দা করতে পারত
গ. এককালে তার চোখে আগুন ছিল ঘ. সহি পীরের খাঁটি ক্ষমতা ছিল

৯৫. 'কী মিয়া, তোমার দিলে কি ময়লা আছে? এখানে 'ময়লা' শব্দটি কী অর্থে প্রয়োগ ঘটেছে?
ক. কুমতলব খ. সন্দেহ গ. অপবিশ্বাস ঘ. শয়তানি

৯৬. 'আপনারা জাহেল, বে-এলেম, আনপাড়হ' কারা?
ক. নোয়াখালিবাসী খ. আওয়ালপুরবাসী গ. মতিগঞ্জবাসী ঘ. মহব্বতনগরবাসী

৯৭. মজিদ যখন জমিলাকে বিয়ে করতে যায়, তখন জমিলা তাকে দেখে কী ভেবেছিল?
ক. দুলার বাপ খ. দুলার বড় ভাই গ. দুলার চাচা ঘ. দুলার দাদা

৯৮. 'তাই তারা ছোটে, ছোটে'- কেন?
ক. ধর্মের জন্য খ. জীবিকার জন্য গ. কল্যাণের জন্য ঘ. সুবিধার জন্য

৯৯. কাদের স্থান বেহেস্তে সুনির্দিষ্ট?
ক. আলেম খ. মৌলবি গ. মাওলানা ঘ. হাফেজ

১০০. 'লালসালু' উপন্যাসে কোন অঞ্চলের জীবনের চিত্র প্রতিফলিত হয়েছে?
ক. নোয়াখালী খ. সিলেট গ. চট্টগ্রাম ঘ. বান্দরবান

১০১. 'অন্ধকারে সাপের মতো চকচক করে তার চোখ' এখানে 'সাপের মতো' বলতে কী বোঝানো হয়েছে?
ক. নীরবতা খ. হিংস্রতা গ. বিষাক্ততা ঘ. উপকারিতা

১০২. আক্কাস স্কুল প্রতিষ্ঠা করতে চায় কেন?
ক. মজিদকে গ্রামছাড়া করতে খ. কর্মসংস্থান সৃষ্টি করতে
গ. গোঁড়ামি দূর করতে ঘ. গ্রামবাসীকে শিক্ষিত করতে

১০৩. 'শীতের রাতে ভারি হয়ে নাকে লাগে যে গন্ধ'- এখানে কোন গন্ধের কথা বলা হয়েছে?
ক. ধোঁয়ার গন্ধ খ. আবর্জনার গন্ধ গ. ধানের গন্ধ ঘ. পিঠার গন্ধ

১০৪. রেলগাড়ির খুপরিতে অনেকের দেহে শেষ পর্যন্ত কী থাকে না?
ক. কাপড় খ. বল গ. চেতনা ঘ. তাবিজ

১০৫. দশ কথায় রাও নেই কার?
ক. রহিমার খ. বুড়ির গ. হাসুনির মার ঘ. তাহেরের বাপের

১০৬. পীরের মাজারকে কিসের সাথে তুলনা করা হয়েছে?
ক. লালসালুর খ. মাঠের সঙ্গে গ. মাছের পিঠের সঙ্গে ঘ. উটের পিঠের সঙ্গে

১০৭. 'এককালে বুড়ো বুদ্ধিমান লোক ছিল।' 'লালসালু' উপন্যাসে উল্লিখিত বুড়ো কে?
ক. মজিদ খ. খালেক ব্যাপারী গ. আওয়ালপুরের পির ঘ. ঢেঙা বুড়ো

১০৮. মানুষের রসনা কার রসনার চেয়েও ভয়ঙ্কর বলে মজিদ মনে করে?
ক. আগুনের খ. সাপের গ. বাঘের ঘ. জন্তু-জানোয়ারের

১০৯. মাজারে রহিমা কাদের জন্য দোয়া করে থাকে?
ক. মহব্বতনগরবাসীর জন্য খ. মানবজাতির জন্য
গ. বাপের বাড়ির মানুষের জন্য ঘ. শ্বশুরবাড়ির জন্য

১১০. 'লালসালু' উপন্যাসে নবাগত লোকটির কোটরাগত চোখে কী ছিল?
ক. রাগ খ. ক্ষোভ গ. প্রতিহিংসা ঘ. আগুন

১১১. 'তাকিয়ে থাকতে ঘোর লাগে, চোখ অবশ হয়ে আসে' কোথায়?
ক. জমিতে খ. মাজারে গ. হাট-বাজার ঘ. সড়কে

১১২. মজিদ আমেনা বিবির চিকিৎসার ভার নিয়েছিল কেন?
ক. স্ত্রীর ক্ষমতা বোঝাতে খ. ব্যাপারীর অনুরোধে
গ. প্রতিশোধের মোহে ঘ. রহিমার অনুরোধে

১১৩. আওয়ালপুরের পির কোন ভাষায় বয়ান করেন?
ক. আরবি খ. ফারসি গ. উর্দু ঘ. হিন্দি

১১৪. 'অগো কথা হুনলে পুরুষ মানুষ আর পুরুষ থাকে না, মেয়ে মানুষের অধম হ...' উক্তিটি কার?
ক. মজিদের খ. খালেক ব্যাপারীর
গ. আওয়ালপুরের পির সাহেবের ঘ. মোদাচ্ছের পীরের

১১৫. উপন্যাসের কোন চরিত্রটি মজিদকে ভীত, উত্তেজিত ও ক্ষিপ্ত করেছে?
ক. রহিমা খ. জমিলা গ. আমেনা ঘ. হাসুনির মা

১১৬. সারিবদ্ধ হয়ে মজুররা কিসের মতো কাস্তে নিয়ে ধান কাটে?
ক. দ্বিতীয়ার তারার মতো খ. দ্বিতীয়ার চাঁদের মতো
গ. ধনুকের মতো ঘ. তীরের মতো

১১৭. মহব্বতনগর গ্রামের লোকগুলো ইদানীং কেমন হয়ে উঠেছে?
ক. পরহেজগার খ. দরিদ্র গ. অবস্থাপন্ন ঘ. কবর ব্যবসায়ী

১১৮. ছোটবেলায় নাকে নোলক পরে হলদে শাড়ি পেঁচিয়ে ছোটাছুটি করত কে?
ক. জমিলা খ. রহিমা গ. হাসুনির মা ঘ. আমেনা

১১৯. মজিদ বুড়োকে মাজারে পাঁচ পয়সার শিরনি দিতে বলে কেন?
ক. দান হিসেবে খ. মানত হিসেবে গ. শাস্তি হিসেবে ঘ. মনোবাসনা পূর্ণ হওয়ায়

১২০. 'হা-শূন্য' কথাটির অর্থ কী?
ক. ঋণগ্রস্ত খ. রোগগ্রস্ত গ. অভাবগ্রস্ত ঘ. মানসিক বিকারগ্রস্ত

১২১. সৈয়দ ওয়ালীউল্লাহর সর্বশেষ কর্মস্থল ছিল কোনটি?
ক. ঢাকা খ. কলকাতা গ. প্যারিস ঘ. করাচি

১২২. মজিদ কীভাবে তার ক্ষমতা ও প্রভাবকে প্রতিষ্ঠিত করে?
ক. মানুষকে অন্ধবিশ্বাসে আচ্ছন্ন করে খ. মানুষের সঙ্গে ভালো ব্যবহার করে
গ. নিজের অঢেল অর্থের জোরে ঘ. অলৌকিক ক্ষমতা বলে

১২৩. মজিদ কাকে ভয় পায়?
ক. জমিলাকে খ. আওয়ালপুরের পিরকে গ. আক্কাসকে ঘ. ব্যাপারীকে

১২৪. হাসুনির মা মজিদের কাছে যায় কেন?
ক. নালিশ করতে খ. সাহায্য চাইতে
গ. কাজ চাইতে ঘ. বাবার জন্য ক্ষমা চাইতে

১২৫. 'থাক কইবার দাও। খোদাই তার শাস্তি করিবে।' উক্তিটি কার?
ক. তাহেরের খ. কাদেরের গ. রতনের ঘ. হাসুনির মার

১২৬. 'হুকায় এক ছিলিম তামাক ভইরা দেওগো বিটি' মজিদ এ কথা কাকে বলে?
ক. রহিমাকে খ. জমিলাকে গ. হাসুনির মাকে ঘ. হাসুনিকে

১২৭. 'লালসালু' উপন্যাসে 'বাহে মুলুক' বলতে কোন অঞ্চলকে বোঝানো হয়েছে?
ক. পূর্ববঙ্গ খ. পশ্চিমবঙ্গ গ. উত্তরবঙ্গ ঘ. দক্ষিণবঙ্গ

১২৮. 'লালসালু' উপন্যাসে গ্রামের মানুষ জাঁদরেল পিরের কাছে যায় কেন?
ক. ধর্ম শিক্ষার জন্য খ. ঝাড়ফুঁকের জন্য
গ. জান্নাত লাভের জন্য ঘ. মনোবাসনা পূরণের জন্য

১২৯. 'কথাডা জানি আপনার বইনে না হুনে' 'লালসালু' উপন্যাসে উক্তিটি কার?
ক. মজিদের খ. রহিমার গ. খালেক ব্যাপারীর ঘ. জমিলার

১৩০. 'গরিব মানুষ, খাইবার পাই না।' উক্তিটির মর্মকথা কী?
ক. ক্ষুধা-তৃষ্ণার কাছে সব ম্লান খ. নির্যাতিতদের আর্তনাদ
গ. প্রতিবাদী চেতনা ঘ. ক্ষুধা দারিদ্র্যপীড়িত জীবন

১৩১. এক সময় মজিদ কার সামনে গিয়ে থমকে দাঁড়ায়?
ক. মাজারের খ. রহিমার গ. জমিলার ঘ. খালেক ব্যাপারী

১৩২. 'মেয়েটাকে তার ভালোই লাগে'- 'মেয়েটাকে' বলতে বোঝানো হয়েছে-
ক. রহিমাকে খ. জমিলাকে গ. হাসুনির মাকে ঘ. হাসুনিকে

১৩৩. সৈয়দ ওয়ালীউল্লাহ্ বিশ্ববিদ্যালয়ে কোন বিষয়ে এম.এ ভর্তি হন?
ক. দর্শন খ. সাহিত্য গ. ইতিহাস ঘ. অর্থনীতি

১৩৪. 'লালসালু' উপন্যাসের শেষ বাক্য কোনটি?
ক. বিশ্বাসের পাথরে যেন খোদাই সে- চোখ খ. নাফরমানি করিও না
গ. ধান দিয়ে কী হইবো, মানুষের জান যদি না থাকে? ঘ. দেখো না শিলাবৃষ্টি পড়ে

১৩৫. পৌরুষের ধর্ম ধূলিসাৎ হয়ে গেছে। 'লালসালু' উপন্যাসে এই মনোভাবটি কার?
ক. তাহেরের খ. খালেক ব্যাপারীর গ. মজিদের ঘ. ঢেঙা বুড়োর

১৩৬. পানিপড়ায় বিশ্বাস স্থাপন আধুনিক বিজ্ঞানে কী হিসেবে বিবেচ্য?
ক. সংস্কার খ. কুসংস্কার গ. নেক কাজ ঘ. পবিত্র কাজ

১৩৭. নিদারুণ ভয়ে কে অসাড় হয়ে যায়?
ক. রহিমা খ. জমিলা গ. আমেনা বিবি ঘ. ধলা মিঞা

৮৮.ঘ	৮৯.খ	৯০.গ	৯১.ঘ	৯২.গ	৯৩.ঘ	৯৪.খ	৯৫.ক	৯৬.[illegible]
৯৭.ক	৯৮.খ	৯৯.ঘ	১০০.ক	১০১.খ	১০২.ঘ	১০৩.গ	১০৪.ক	১০৫.[illegible]
১০৬.গ	১০৭.ঘ	১০৮.খ	১০৯.খ	১১০.ঘ	১১১.খ	১১২.গ	১১৩.গ	১১৪.[illegible]
১১৫.খ	১১৬.খ	১১৭.গ	১১৮.খ	১১৯.ক	১২০.গ	১২১.গ	১২২.ক	১২৩.[illegible]
১২৪.ক	১২৫.খ	১২৬.গ	১২৭.গ	১২৮.ঘ	১২৯.গ	১৩০.ক	১৩১.খ	১৩২.[illegible]
১৩৩.ঘ	১৩৪.ক	১৩৫.ঘ	১৩৬.খ	১৩৭.গ				

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

SELF TEST

০১. মজিদ কোন দৃষ্টিতে ধানকাটা দেখে?
ক. সাবধানী দৃষ্টিতে খ. শ্যেন দৃষ্টিতে
গ. কৌতূহলী দৃষ্টিতে ঘ. প্রসন্ন দৃষ্টিতে

০২. 'লালসালু' উপন্যাসে বুড়ি চুপ থাকে কেন?
ক. সবাই তাকে দোষ দেয় বলে খ. স্বামীর বিরুদ্ধে মিথ্যা বলায়
গ. খেলোয়াড় না থাকায় খেলা জমে না বলে ঘ. কথা বলার দোসর নেই বলে

০৩. 'লালসালু' উপন্যাসে মানুষের দুনিয়া আর খোদার দুনিয়া আলাদা হয়ে গেছে কীভাবে?
ক. সীমাহীন আকাশ কালো আবরণে সীমাবদ্ধ বলে
খ. মাজারে আলো জ্বলে কিন্তু গ্রামে অন্ধকার বলে
গ. খড়কুটোর আলোয় প্রাঙ্গণ আলোকিত হলেও আকাশ অন্ধকার তাই
ঘ. মানুষ দুনিয়াকে আলোকিত করে আর খোদা আকাশ আলোকিত করে

০৪. 'একটি তুলসী গাছের কাহিনী' (১৯৬৫) গল্পটি লেখকের কোন গ্রন্থ থেকে সংকলিত?
ক. দুই তীর ও অন্যান্য গল্প খ. নয়নচারা
গ. চাঁদের অমাবস্যা ঘ. তরঙ্গভঙ্গ

০৫. মজিদ শঙ্কিত হয়ে ওঠে কেন?
ক. পাশের গ্রামের পীরের কথা শুনে
খ. ঝালর দেওয়া সালু কাপড়ে আবৃত নকল মাজারটি দেখে
গ. মতলুব মিয়ার বাড়ির সামনের নকল মাজারটি দেখে
ঘ. জাঁদরেল পিররা যখন আশেপাশে এসে আস্তানা গাড়েন

০৬. দেশে দেশে পিরদের সফর শুরু হয় কখন?
ক. যখন গোলায় গোলায় ধান ওঠে খ. যখন দুর্ভিক্ষ হয়
গ. যখন গ্রামে উৎসব হয় ঘ. যখন রোগের প্রকোপ হয়

০৭. বেপারীর অসহায়ত্বের মধ্যে কী প্রকাশ পেয়েছে?
ক. অলৌকিক শক্তির কাছে দীন খ. প্রতারণার ফাঁদে নিরুপায়
গ. কূটকৌশলের কাছে কিংকর্তব্যবিমূঢ় ঘ. অন্ধবিশ্বাসে বলীয়ান

০৮. সৈয়দ ওয়ালীউল্লাহ্ পাকিস্তান সরকারের কোন বিভাগে কর্মরত ছিলেন?
ক. শিক্ষা বিভাগ খ. বৈদেশিক বিভাগ
গ. সংস্কৃতি বিভাগ ঘ. অর্থনৈতিক বিভাগ

০৯. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র অবিস্মরণীয় সৃষ্টি কোনটি?
ক. দুই তীর খ. কাঁদো নদী কাঁদো
গ. লালসালু ঘ. তরঙ্গভঙ্গ

১০. 'লালসালু' উপন্যাসের মূল বক্তব্য হলো–
ক. সামাজিক অনাচার রোধ খ. সামাজিক কুসংস্কার
গ. ধর্মীয় গোঁড়ামির নিঃশেষ ঘ. অর্থনৈতিক প্রতিষ্ঠা লাভ

১১. 'লালসালু' উপন্যাসে কার অন্তরে কুটিলতা আর অবিশ্বাস?
ক. মজিদের খ. খালেক ব্যাপারীর
গ. তাহের-কাদেরের বাপের ঘ. রহিমার

১২. 'সজ্ঞানে না জানলেও তারা একাট্টা, পথ তাদের এক।' উক্তিটির তারা হলো–
ক. নতুন পির ও মজিদ খ. খালেক ব্যাপারী ও মজিদ
গ. নতুন পির ও খালেক ব্যাপারী ঘ. খালেক ব্যাপারী ও ধলা মিয়া

১৩. 'তার বিস্তৃত প্রভাব কৃষ্ণপক্ষের চাঁদের মতো মিলিয়ে যাবে।' উক্তিটিতে প্রকাশ পেয়েছে মজিদের–
ক. মনের সংশয় খ. মনের ভয় গ. মনের ক্রোধ ঘ. মনের হতাশা

১৪. 'তোমার দাড়ি কই মিঞা?' এ কথার উদ্দেশ্য–
ক. ধর্মপরায়ণতা খ. প্রতিদ্বন্দ্বীকে ঘায়েল করা
গ. ধর্মে অনুপ্রাণিত করা ঘ. বাৎসল্য

১৫. রহিমা ও হাসুনির মা ধান সিদ্ধ করার সময় মজিদ বারবার ঘরের বাইরে আসছিল কারণ–
ক. অসুস্থতা খ. সমবেদনা
গ. সাহায্য করা ঘ. আদিম লালসা

১৬. 'শয়তানকে তাড়াবার জন্যই শিলা ছোড়ে খোদা' কথাটি–
ক. আংশিক সত্য খ. আংশিক মিথ্যা গ. অসত্য ঘ. সামান্য সত্য

১৭. মাজারে তাহেরের বাপকে মজিদ কয় পয়সার শিরনি দিতে বলে?
ক. চার খ. পাঁচ গ. ছয় ঘ. সাত

১৮. হাসি কাদের প্রাণ?
ক. শিশুদের খ. গাঁয়ের মানুষদের গ. মজিদের ভক্তদের ঘ. মজুরদের

১৯. আওয়ালপুর ও মহব্বতনগরের মাঝপথে কী গাছ পড়ে?
ক. তেঁতুলগাছ খ. অশ্বত্থগাছ গ. বটগাছ ঘ. ছাতিমগাছ

২০. মজিদের চোখ ছোট হয়ে আসে কেন?
ক. প্রখর রোদে খ. প্রচণ্ড রাগে
গ. মজুরদের গীত শুনে ঘ. প্রতিহিংসার কারণে

২১. ধূর্ত, প্রতারক, ধর্মব্যবসায়ী-এ বৈশিষ্ট্যগুলো 'লালসালু' উপন্যাসে কার ক্ষেত্রে প্রযোজ্য?
ক. মজিদ খ. তাহের গ. কাদের ঘ. ব্যাপারী

২২. 'লালসালু' উপন্যাসের মূল বিষয়বস্তু কোনটি?
ক. প্রগতিশীলতা খ. গ্রামীণ জীবন
গ. নিম্নশ্রেণির মানুষের জীবন ঘ. কুসংস্কার ও গোঁড়ামি

২৩. কবরের গায়ে কী লেগে ছিল?
ক. জমিলার হাত খ. জমিলার পা
গ. জমিলার মাথা ঘ. জমিলার মুখ

২৪. কার আনুগত্য ধ্রুবতারার মতো অনড়?
ক. ব্যাপারীর খ. মজিদের গ. আক্কাসের ঘ. রহিমার

২৫. হাসুনির মা প্রথম প্রথম মজিদের বাড়ি আসত না কেন?
ক. অভিমান ছিল বলে খ. রাগ ছিল বলে
গ. লজ্জার কারণে ঘ. ঘৃণা লাগত বলে

২৬. ঘরের ম্লান আলোয় কবরের অনাবৃত অংশটা কিসের সাথে তুলনীয়?
ক. মৃত মানুষের খোলা চোখের খ. উজ্জ্বল রূপালি
গ. মাছের পিঠের মতো ঘ. ঘোড়ার চোখের মতো

২৭. সভায় স্কুল প্রতিষ্ঠার বিষয়টি ঢাকা পড়ে যাওয়ার কারণ হিসেবে নিচের কোনটি সমর্থনযোগ্য?
ক. হাসপাতাল প্রতিষ্ঠার কথা খ. মসজিদ নির্মাণের কথা
গ. রাস্তা নির্মাণের কথা ঘ. গ্রামোন্নয়নের কথা

২৮. 'লালসালু' উপন্যাসের মজিদ কোন সময় আওয়ালপুর গ্রামে গিয়েছিল?
ক. ভোরে খ. দুপুরের পূর্বে গ. সূর্য হেলে পড়লে ঘ. বিকালে

২৯. কোঁচ কী?
ক. হরিণ শিকারের যন্ত্রবিশেষ খ. কুমির শিকারের যন্ত্রবিশেষ
গ. মাছ ধরার যন্ত্রবিশেষ ঘ. পাখি শিকারের যন্ত্রবিশেষ

৩০. 'লালসালু' উপন্যাসের মজিদ গ্রামের সভায় কী নির্মাণের কথা বলেছে?
ক. মাদ্রাসা খ. মসজিদ গ. সরাইখানা ঘ. মাজার

৩১. 'ও কি ঘরে বালা আনবার চায়? কাকে উদ্দেশ্য করে মজিদ একথা বলেছে?
ক. রহিমাকে খ. জমিলাকে গ. আক্কাসকে ঘ. চুলওয়ালা বুড়িকে

৩২. 'কথাটা মিথ্যা জেনেও প্রচণ্ড ক্রোধে জ্বলে ওঠে অন্তরটা'-
ক. খালেক ব্যাপারীর খ. আমেনার গ. তাহেরের বাপের ঘ. আক্কাসের

৩৩. মজিদের পাগড়ির পেছনটাই কতখানি লেজ ছিল?
ক. হাত খানেক খ. বিঘত খানেক
গ. দেড় হাত ঘ. চার আঙুল

৩৪. মজিদের কী খাওয়া অভ্যাস ছিল?
ক. পান খ. তামাক গ. বিড়ি ঘ. হুঁকা

৩৫. 'সাপ জেগে উঠেছে ছোবল মারার জন্য' বলতে কী বোঝানো হয়েছে?
ক. মজিদের ক্ষোভ খ. মজিদের হিংসা
গ. মজিদের লালসা ঘ. মজিদের প্রতিশোধের নেশা

OMR

৩৫. ক খ গ ঘ	৩৪. ক খ গ ঘ	৩৩. ক খ গ ঘ	৩২. ক খ গ ঘ
৩১. ক খ গ ঘ	৩০. ক খ গ ঘ	২৯. ক খ গ ঘ	২৮. ক খ গ ঘ
২৭. ক খ গ ঘ	২৬. ক খ গ ঘ	২৫. ক খ গ ঘ	২৪. ক খ গ ঘ
২৩. ক খ গ ঘ	২২. ক খ গ ঘ	২১. ক খ গ ঘ	২০. ক খ গ ঘ
১৯. ক খ গ ঘ	১৮. ক খ গ ঘ	১৭. ক খ গ ঘ	১৬. ক খ গ ঘ
১৫. ক খ গ ঘ	১৪. ক খ গ ঘ	১৩. ক খ গ ঘ	১২. ক খ গ ঘ
১১. ক খ গ ঘ	১০. ক খ গ ঘ	০৯. ক খ গ ঘ	০৮. ক খ গ ঘ
০৭. ক খ গ ঘ	০৬. ক খ গ ঘ	০৫. ক খ গ ঘ	০৪. ক খ গ ঘ
০৩. ক খ গ ঘ	০২. ক খ গ ঘ	০১. ক খ গ ঘ	

Correct Answer

৩৫.ঘ	৩৪.ঘ	৩৩.খ	৩২.গ	৩১.খ	৩০.খ	২৯.গ	২৮.গ	২৭.খ
২৬.ক	২৫.গ	২৪.ঘ	২৩.খ	২২.ঘ	২১.ক	২০.গ	১৯.ক	১৮.খ
১৭.খ	১৬.গ	১৫.ঘ	১৪.খ	১৩.গ	১২.খ	১১.গ	১০.খ	০৯.গ
০৮.খ	০৭.গ	০৬.ক	০৫.ঘ	০৪.ক	০৩.ঘ	০২.গ	০১.খ	

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সিরাজউদ্দৌলা

সিকান্দার আবু জাফর

প্রথম অঙ্ক

যবনিকা উত্তোলনের অব্যবহিত পূর্বে আবহ সংগীতের পটভূমিতে নেপথ্যে ঘোষণা :

ঘোষণা : এক স্বাধীন বাংলা থেকে আর এক স্বাধীন বাংলায় আসতে বহু দুর্যোগের পথ আমরা পাড়ি দিয়েছি; বহু লাঞ্ছনা বহু পীড়নের গ্লানি আমরা সহ্য করেছি। দুই স্বাধীন বাংলার ভেতরে আমাদের সম্পর্ক তাই অত্যন্ত গভীর। আজ এই নতুন দিনের প্রান্তে দাঁড়িয়ে বিস্মৃত অতীতের পানে দৃষ্টি ফেরালে বাংলার শেষ সূর্যালোকিত দিনের সীমান্ত রেখায় আমরা দেখতে পাই নবাব সিরাজউদ্দৌলাকে।

নবাব সিরাজের দুর্বহ জীবনের মর্মন্তুদ কাহিনি আমরা স্মরণ করি গভীর বেদনায়, গভীর সহানুভূতিতে। সে কাহিনি আমাদের ঐতিহ্য। আজ তাই অতীতের সঙ্গে একাত্ম হবার জন্য আমরা বিস্মৃতির যবনিকা উত্তোলন করছি।

১৭৫৬ সাল : ১৯এ জুন।

প্রথম দৃশ্য

সময় : ১৭৫৬ সাল, ১৯এ জুন। স্থান : ফোর্ট উইলিয়ম দুর্গ।

[শিল্পীবৃন্দ : মঞ্চে প্রবেশের পর্যায় অনুসারে-ক্যাপ্টেন ক্লেটন, ওয়ালি খান, জর্জ, হলওয়েল, উমিচাঁদ, মিরমর্দান, মানিকচাঁদ, সিরাজ, রায়দুর্লভ, ওয়াটস]

(নবাব সৈন্য দুর্গ আক্রমণ করছে। দুর্গের ভেতরে ইংরেজদের অবস্থা শোচনীয়। তবু যুদ্ধ না করে উপায় নেই। তাই ক্যাপ্টেন ক্লেটন দুর্গ প্রাচীরের এক অংশ থেকে মুষ্টিমেয় গোলন্দাজ নিয়ে কামান চালাচ্ছেন। ইংরেজ সৈন্যের মনে কোনো উৎসাহ নেই, তারা আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছে।)

ক্লেটন : প্রাণপণে যুদ্ধ করো সাহসী ব্রিটিশ সৈনিক। যুদ্ধে জয়লাভ অথবা মৃত্যুবরণ, এই আমাদের প্রতিজ্ঞা। ভিক্টরি অর ডেথ, ভিক্টরি অর ডেথ।

(গোলাগুলির শব্দ প্রবল হয়ে উঠল। ক্যাপ্টেন ক্লেটন একজন বাঙালি গোলন্দাজের দিকে এগিয়ে গেলেন)

ক্লেটন : তোমরা, তোমরাও প্রাণপণে যুদ্ধ করো বাঙালি বীর। বিপদ আসন্ন দেখে কাপুরুষের মতো হাল ছেড়ে দিও না। যুদ্ধ করো, প্রাণপণে যুদ্ধ করো। ভিক্টরি অর ডেথ।

(একজন প্রহরীর প্রবেশ)

ওয়ালি খান : যুদ্ধ বন্ধ করবার আদেশ দিন, ক্যাপ্টেন ক্লেটন। নবাব সৈন্য দুর্গের কাছাকাছি এসে পড়েছে।

ক্লেটন : না, না।

ওয়ালি খান : এখুনি যুদ্ধ বন্ধ করুন। নবাব সৈন্যের কাছে আত্মসমর্পণ না করলে দুর্গের একটি প্রাণীকেও তারা রেহাই দেবে না।

ক্লেটন : চুপ বেইমান। কাপুরুষ বাঙালির কাছে যুদ্ধ বন্ধ হবে না।

ওয়ালি খান : ও সব কথা বলবেন না সাহেব। ইংরেজের হয়ে যুদ্ধ করছি কোম্পানির টাকার জন্যে। তা বলে বাঙালি কাপুরুষ নয়। যুদ্ধ বন্ধ না করলে নবাব সৈন্য এখুনি তার প্রাণ নেবে।

ক্লেটন : হোয়াট? যত বড় মুখ নয় তত বড় কথা?

(ওয়ালি খানকে চড় মারার জন্যে এগিয়ে গেল। অপর একজন রক্ষীর দ্রুত প্রবেশ)

জর্জ : ক্যাপ্টেন ক্লেটন, অধিনায়ক এনসাইন পিকার্ডের পতন হয়েছে। পেরিন্স পয়েন্টের সমস্ত ছাউনি ছারখার করে দিয়ে ভারী ভারী কামান নিয়ে নবাব সৈন্য দুর্গের দিকে এগিয়ে আসছে।

ক্লেটন : কী করে তারা এখানে আসবার রাস্তা খুঁজে পেলো?

জর্জ : উমিচাঁদের গুপ্তচর নবাব ছাউনিতে খবর পাঠিয়েছে। নবাবের পদাতিক বাহিনী দমদমের সরু রাস্তা দিয়ে চলে এসেছে, আর গোলন্দাজ বাহিনী শিয়ালদহের মারাঠা খাল পেরিয়ে বন্যাস্রোতের মতো ছুটে আসছে।

ক্লেটন : বাধা দেবার কেউ নেই। (ক্ষিপ্তস্বরে) ক্যাপ্টেন মিনচিন দমদমের রাস্তাটা উড়িয়ে দিতে পারেননি?

জর্জ : ক্যাপ্টেন মিনচিন, কাউন্সিলার ফকল্যান্ড আর ম্যানিংহাম নৌকোয় করে দুর্গ থেকে পালিয়ে গেছেন।

ক্লেটন : কাপুরুষ, বেইমান। জলন্ত আগুনের মুখে বন্ধুদের ফেলে পালিয়ে চালাও, গুলি চালাও। নবাব সৈন্যদের দেখিয়ে দাও যে, বিপদে ইংল্যান্ডের বীর সন্তান কতখানি দুর্জয় হয়ে ওঠে।

(জন হলওয়েলের প্রবেশ এবং জর্জের

হলওয়েল : এখন গুলি চালিয়ে বিশেষ ফল হবে কি, ক্যাপ্টেন ক্লেটন?

ক্লেটন : যুদ্ধ করতে করতে প্রাণ দেওয়া ছাড়া আর উপায় কি, সার্জন হলওয়েল?

হলওয়েল : আমার মনে হয় গভর্নর রজার ড্রেকের সঙ্গে একবার পরামর্শ করে কাছে আত্মসমর্পণ করাই এখন যুক্তিসঙ্গত।

ক্লেটন : তাতে কি নবাবের অত্যাচারের হাত থেকে আমরা রেহাই পাবো ভেবে

হলওয়েল : তবু কিছুটা আশা থাকবে। কিন্তু যুদ্ধ করে টিকে থাকবার কোনো নেই। গোলাগুলি যা আছে তা দিয়ে আজ সন্ধে পর্যন্তও যুদ্ধ করা যা ডাচদের কাছে, ফরাসিদের কাছে, সবার কাছে আমরা সাহায্য চেয়েছি কিন্তু সৈন্য তো দূরের কথা এক ছটাক বারুদ পাঠিয়েও কেউ সাহায্য করল না।

(বাইরে গোলার আওয়াজ প্রবলতর হয়ে

ক্লেটন : তা হলে আপনি এখানে অপেক্ষা করুন। আমি গভর্নর ড্রেকের সঙ্গে আলাপ করে আসি।

(ক্লেটনের প্রস্থান। বাইরে থেকে যথারীতি গোলাগুলির আওয়াজ হলওয়েল চিন্তিতভাবে এদিক-ওদিক পায়চারি

হলওয়েল : (পায়চারি থামিয়ে হঠাৎ চিৎকার করে) এই কে আছ?

(রক্ষীর

জর্জ : ইয়েস, স্যার।

হলওয়েল : উমিচাঁদকে বন্দি করে কোথায় রাখা হয়েছে?

জর্জ : পাশেই একটা ঘরে।

হলওয়েল : তাঁকে এখানে নিয়ে এসো।

জর্জ : রাইট, স্যার।

(জর্জ দ্রুত বেরিয়ে চলে যায় এবং প্রায় পর মুহূর্তেই উমিচাঁদকে নিয়ে প্রবে

উমিচাঁদ : (প্রবেশ করতে করতে) সুপ্রভাত, সার্জন হলওয়েল।

হলওয়েল : সুপ্রভাত। তাই না উমিচাঁদ? (গোলাগুলির আওয়াজ হঠাৎ বন্ধ হয়ে হলওয়েল বিস্মিতভাবে এদিক ওদিক তাকিয়ে বলেন) নবাব গোলাগুলি হঠাৎ বন্ধ হয়ে গেল কেন বলুন তো?

উমিচাঁদ : (কান পেতে শুনল) বোধহয় দুপুরের আহারের জন্যে সাময়িক বিরতি হয়েছে।

হলওয়েল : এই সুযোগের সদ্ব্যবহার করতে হবে উমিচাঁদ। আপনি নবাবের রাজা মানিকচাঁদের কাছে একখানা পত্র লিখে পাঠান। তাঁকে অনুরো নবাব সৈন্য যেন আর যুদ্ধ না করে।

উমিচাঁদ : বন্দির কাছে এ প্রার্থনা কেন সার্জন হলওয়েল? (কঠিন স্বরে) আমি ড্রেকের ধ্বংস দেখতে চাই।

(জর্জের

জর্জ : সার্জন হলওয়েল, গভর্নর রজার ড্রেক আর ক্যাপ্টেন ক্লেটন নৌকা পালিয়ে গেছেন।

হলওয়েল : দুর্গ থেকে পালিয়ে গেছেন?

জর্জ : গভর্নরকে পালাতে দেখে একজন রক্ষী তাঁর দিকে গুলি ছুড়েছিল, কি আহত হননি।

উমিচাঁদ : দুর্ভাগ্য, পরম দুর্ভাগ্য।

হলওয়েল : যুদ্ধ করতে করতে প্রাণ দেবেন বলে আধ ঘন্টা আগেও প্রতিজ্ঞা ক ক্যাপ্টেন ক্লেটন। শেষে তিনিও পালিয়ে গেলেন।

উমিচাঁদ : ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।

হলওয়েল : উমিচাঁদ, এখন উপায়?

উমিচাঁদ : আবার কি? ক্যাপ্টেন কর্নেলরা সব পালিয়ে গেছেন, এখন ফর্টন গাইস হাসপাতালের হাতুড়ে সার্জন জন জেফানিয়া হলওয়েল সর্বাধি আপনিই এখন কমান্ডার-ইন-চিফ।

(আবার প্রচণ্ড গোলার আওয়াজ

হলওয়েল : (হতাশার স্বরে) উমিচাঁদ।

উমিচাঁদ : আচ্ছা, আমি রাজা মানিকচাঁদের কাছে চিঠি পাঠাচ্ছি। আপনি দুর্গ সাদা নিশান উড়িয়ে দিন।

(উমিচাঁদের প্রস্থান। হঠাৎ বাইরে গোলমালের শব্দ শোনা গেল। জর্জের প্রবেশ)

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জর্জ : সর্বনাশ হয়েছে। একদল ডাচ সৈন্য গঙ্গার দিককার ফটক ভেঙে পালিয়ে গেছে। সেই পথ দিয়ে নবাবের সশস্ত্র পদাতিক বাহিনী হুড় হুড় করে কেল্লার ভেতরে ঢুকে পড়েছে।

হলওয়েল : সাদা নিশান ওড়াও। দুর্গ তোরণে সাদা নিশান উড়িয়ে দাও।

(জর্জ ছুটে গিয়ে একটি নিশান উড়িয়ে দিল। প্রায় সঙ্গে সঙ্গে নবাব সৈন্যের অধিনায়ক রাজা মানিকচাঁদ ও মিরমর্দানের প্রবেশ)

মিরমর্দান : এই যে দুশমনরা এখানে থেকেই গুলি চালাচ্ছে।

হলওয়েল : আমরা সন্ধির সাদা নিশান উড়িয়ে দিয়েছি। যুদ্ধের নিয়ম অনুসারে-

মিরমর্দান : সন্ধি না আত্মসমর্পণ?

মানিকচাঁদ : সবাই অস্ত্র ত্যাগ কর।

মিরমর্দান : মাথার ওপর হাত তুলে দাঁড়াও।

মানিকচাঁদ : তুমিও হলওয়েল, তুমিও মাথার ওপর দুহাত তুলে দাঁড়াও। কেউ একচুল নড়লে প্রাণ যাবে।

(দ্রুতগতিতে নবাব সিরাজের প্রবেশ। সঙ্গে সসৈন্যে সেনাপতি রায়দুর্লভ। বন্দিরা কুর্নিশ করে এক পাশে সরে দাঁড়াল। সিরাজ চারদিকে একবারে ভালো করে দেখে নিয়ে ধীরে ধীরে হলওয়েলের দিকে এগিয়ে গেলেন।)

সিরাজ : কোম্পানির ঘুষখোর ডাক্তার রাতারাতি সেনাধ্যক্ষ হয়ে বসেছ। তোমার কৃতকার্যের উপযুক্ত প্রতিফল নেবার জন্যে তৈরি হও হলওয়েল।

হলওয়েল : আশা করি নবাব আমাদের ওপরে অন্যায় জুলুম করবেন না।

সিরাজ : জুলুম? এ পর্যন্ত তোমরা যে আচরণ করে এসেছ তাতে তোমাদের ওপর সত্যিকার জুলুম করতে পারলে আমি খুশি হতুম। গভর্নর ড্রেক কোথায়?

হলওয়েল : তিনি কলকাতার বাইরে গেছেন।

সিরাজ : কলকাতার বাইরে গেছেন, না প্রাণ নিয়ে পালিয়েছেন? আমি সব খবর রাখি, হলওয়েল। নবাব সৈন্য কলকাতা আক্রমণ করবার সঙ্গে সঙ্গে রজার ড্রেক প্রাণভয়ে কুকুরের মতো ল্যাজ গুটিয়ে পালিয়েছে। কিন্তু কৈফিয়ত তবু কাউকে দিতেই হবে? বাংলার বুকে দাঁড়িয়ে বাঙালির বিরুদ্ধে অস্ত্র ধরবার স্পর্ধা ইংরেজ পেলো কোথা থেকে আমি তার কৈফিয়ত চাই।

হলওয়েল : আমরা নবাবের বিরুদ্ধে যুদ্ধ করতে চাইনি। শুধু আত্মরক্ষার জন্য-

সিরাজ : শুধু আত্মরক্ষার জন্যেই কাশিমবাজার কুঠিতে তোমরা গোপনে অস্ত্র আমদানি করছিলে, তাই না? খবর পেয়ে আমার হুকুমে কাশিমবাজার কুঠি জ্বালিয়ে দেওয়া হয়েছে। বন্দি করা হয়েছে ওয়াটস আর কলেটকে। রায়দুর্লভ।

রায়দুর্লভ : জাঁহাপনা।

সিরাজ : বন্দি ওয়াটসকে এখানে হাজির করুন।

(কুর্নিশ করে রায়দুর্লভের প্রস্থান)

সিরাজ : তোমরা ভেবেছ তোমাদের অপকীর্তির কোনো খবর আমি রাখি না।

(ওয়াটসসহ রায়দুর্লভের প্রবেশ)

ওয়াটস : ইওর এক্সিলেন্সি!

সিরাজ : আমি জানতে চাই তোমাদের অশিষ্ট আচরণের জবাবদিহি কে করবে? কাশিমবাজারে তোমরা গোলাগুলি আমদানি করছ, কলকাতার আশেপাশে গ্রামের পর গ্রাম তোমরা নিজেদের দখলে আনছ, দুর্গ সংস্কার করে তোমরা সামরিক শক্তি বৃদ্ধি করছ, আমার নিষেধ অগ্রাহ্য করে কৃষ্ণবল্লভকে তোমরা আশ্রয় দিয়েছ, বাংলার মসনদে বসবার পর আমাকে তোমরা নজরানা পর্যন্ত পাঠাওনি। তোমরা কি ভেবেছ এইসব অনাচার আমি সহ্য করব?

ওয়াটস : আমরা আপনার অভিযোগের কথা কাউন্সিলের কাছে পেশ করব।

সিরাজ : তোমাদের ধৃষ্টতার জবাবদিহি না হওয়া পর্যন্ত বাংলাদেশে তোমাদের বাণিজ্য করবার অধিকার আমি প্রত্যাহার করছি।

ওয়াটস : কিন্তু বাংলাদেশে বাণিজ্য করবার অনুমতি দিল্লির বাদশাহ আমাদের দিয়েছেন।

সিরাজ : বাদশাকে তোমরা ঘুষের টাকায় বশীভূত করেছ। তিনি তোমাদের অনাচার দেখতে আসেন না।

হলওয়েল : ইওর এক্সিলেন্সি নবাব আলিবর্দি আমাদের বাণিজ্য করবার অনুমতি দিয়েছেন।

সিরাজ : আর আমাকে তিনি যে অনুমতি দান করে গেছেন তা তোমাদের অজানা থাকবার কথা নয়। সে খবর অ্যাডমিরাল ওয়াটসন কিলপ্যাট্রিক, ক্লাইভ সকলেরই জানা আছে। মাদ্রাজে বসে ক্লাইভ লন্ডনের সিক্রেট কমিটির সঙ্গে যে পত্রালাপ করে তা আমার জানা নেই ভেবেছ? আমি সব জানি। তবু তোমাদের অবাধ বাণিজ্যে এ পর্যন্ত কোনো বিঘ্ন ঘটাইনি। কিন্তু সদ্ব্যবহার তো দূরের কথা তোমাদের জন্যে করুণা প্রকাশ করাও অন্যায়।

ওয়াটস : ইওর এক্সিলেন্সি আমাদের সম্বন্ধে ভুল খবর শুনেছেন। আমরা এ দেশে বাণিজ্য করতে এসেছি। উই হ্যাভ কাম টু আর্ন মানি অ্যান্ড নট টু গেট ইনটু পলিটিক্স। রাজনীতি আমরা কেন করব।

সিরাজ : তোমরা বাণিজ্য কর? তোমরা কর লুট। আর তাতে বাধা দিতে গেলেই তোমরা শাসন ব্যবস্থায় ওলটপালট আনতে চাও। কর্ণাটকে, দাক্ষিণাত্যে তোমরা কী করেছ? শাসন ক্ষমতা করায়ত্ত করে অবাধ লুটতরাজের পথ পরিষ্কার করে নিয়েছ। বাংলাতেও তোমরা সেই ব্যবস্থাই করতে চাও। তা না হলে আমার নিষেধ সত্ত্বেও কলকাতার দুর্গ-সংস্কার তোমরা বন্ধ করনি। কেন?

হলওয়েল : ফরাসি ডাকাতদের হাত থেকে আমরা আত্মরক্ষা করতে চাই।

সিরাজ : ফরাসিরা ডাকাত আর ইংরেজরা অতিশয় সজ্জন ব্যক্তি, কেমন?

ওয়াটস : আমরা অশান্তি চাই না, ইওর এক্সিলেন্সি

সিরাজ : চাও কি না চাও সে বিচার পরে হবে। রায়দুর্লভ।

রায়দুর্লভ : জাঁহাপনা!

সিরাজ : গভর্নর ড্রেকের বাড়িটা কামানের গোলায় উড়িয়ে নিশ্চিহ্ন করে দিন। গোটা ফিরিঙ্গি পাড়ায় আগুন ধরিয়ে ঘোষণা করে দিন সমস্ত ইংরেজ যেন অবিলম্বে কলকাতা ছেড়ে চলে যায়। আশপাশের গ্রামবাসীদের জানিয়ে দিন তারা যেন কোনো ইংরেজের কাছে কোনো প্রকারের সওদা না বেচে। এই নিষেধ কেউ অগ্রাহ্য করলে তাকে গুরুতর শাস্তি ভোগ করতে হবে।

রায়দুর্লভ : হুকুম, জাঁহাপনা।

সিরাজ : আজ থেকে কলকাতার নাম হলো আলিনগর। রাজা মানিকচাঁদ, আপনাকে আমি আলিনগরের দেওয়ান নিযুক্ত করলাম।

মানিকচাঁদ : জাঁহাপনার অনুগ্রহ।

সিরাজ : আপনি অবিলম্বে কোম্পানির যাবতীয় সম্পত্তি আর প্রত্যেকটি ইংরেজের ব্যক্তিগত সম্পত্তি নবাব তহবিলে বাজেয়াপ্ত করুন। কলকাতা অভিযানের সমস্ত খরচ বহন করবে কোম্পানির প্রতিনিধিরা আর কোম্পানির সঙ্গে সংশ্লিষ্ট এখানকার প্রত্যেকটি ইংরেজ।

মানিকচাঁদ : হুকুম, জাঁহাপনা।

সিরাজ : (উমিচাঁদের কাছে এসে তার কাঁধে হাত রেখে) আপনাকে মুক্তি দেওয়া হলো, উমিচাঁদ (উমিচাঁদ কৃতজ্ঞতায় নতশির) আর (মীরমর্দানকে) হ্যাঁ, রাজা রাজবল্লভের সঙ্গে আমার একটা মিটমাট হয়ে গেছে। কাজেই কৃষ্ণবল্লভকেও মুক্তি দেবার ব্যবস্থা করুন।

মিরমর্দান : হুকুম, জাঁহাপনা।

সিরাজ : হলওয়েল।

হলওয়েল : ইওর এক্সিলেন্সি।

সিরাজ : তোমার সৈন্যদের মুক্তি দিচ্ছি, কিন্তু তুমি আমার বন্দি। (রায়দুর্লভকে) কয়েদি হলওয়েল, ওয়াটস আর কলেটকে আমার সঙ্গে পাঠাবার ব্যবস্থা করুন। মুর্শিদাবাদে ফিরে গিয়ে আমি তাদের বিচার করব।

রায়দুর্লভ : জাঁহাপনা!

(সিরাজ বেরিয়ে যাবার জন্যে দাঁড়াবার সঙ্গে সঙ্গে উপস্থিত সবাই মাথা নুইয়ে তাঁকে কুর্নিশ করল)

[দৃশ্যান্তর]

দ্বিতীয় দৃশ্য

সময় : ১৭৫৬ সাল, তেসরা জুলাই। স্থান : কলকাতার ভাগীরথী নদীতে ফোর্ট উইলিয়াম জাহাজ।

[শিল্পীবৃন্দ : মঞ্চে প্রবেশের পর্যায় অনুসারে ড্রেক, হ্যারি, মার্টিন, কিলপ্যাট্রিক, ইংরেজ মহিলা, সৈনিক, হলওয়েল, ওয়াটস, আর্দালি।]

(কলকাতা থেকে তাড়া খেয়ে ড্রেক, কিলপ্যাট্রিক এবং তাদের দলবল এই জাহাজে আশ্রয় নিয়েছে। সকলের চরম দুরাবস্থা। আহার্য দ্রব্য প্রায়ই পাওয়া যায় না। অত্যন্ত গোপনে যৎ-সামান্য চোরাচালান আসে। পরিধেয় বস্ত্র প্রায় নেই বললেই চলে। সকলেরই এক কাপড় সম্বল। এর ভেতরেও নিয়মিত পরামর্শ চলছে কী করে উদ্ধার পাওয়া যায়। জাহাজ থেকে নদীর একদিক দেখা যাবে ঘন জঙ্গলে আকীর্ণ। জাহাজের ডেকে পরামর্শরত ড্রেক, কিলপ্যাট্রিক এবং আরও দুজন তরুণ ইংরেজ।)

ড্রেক : এই তো কিলপ্যাট্রিক ফিরে এসছেন মাদ্রাজ থেকে। ওঁর কাছেই শোন, প্রয়োজনীয় সাহায্য-

হ্যারি : এসে পড়ল বলে, এই তো বলতে চাইছেন? কিন্তু সে সাহায্য এসে পৌঁছোবার আগেই আমাদের দফা শেষ হবে মি. ড্রেক।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

মার্টিন : কিলপ্যাট্রিক সাহেবের সুখবর নিয়ে আসাটা আপাতত আমাদের কাছে মোটেই সুখবর নয়। তিনি মাত্র শ-আড়াই সৈন্য নিয়ে হাজির হয়েছেন। এই ভরসায় একটা দাঙ্গাও করা যাবে না। যুদ্ধ করে কলকাতা জয় তো দূরের কথা।

ড্রেক : তবুও তো লোকবল কিছুটা বাড়ল।

হ্যারি : লোকবল বাড়ুক আর না বাড়ুক আমাদের অংশীদার বাড়ল তা অবশ্য ঠিক।

ড্রেক : আহার্য কোনো রকমে জোগাড় হবেই।

মার্টিন : কী করে হবে তাই বলুন না.মি. ড্রেক। আমরা আমাদের ভবিষ্যৎটাই তো জানতে চাইছি। এ পর্যন্ত দুবেলা আহার্যের বন্দোবস্ত হয়েছে? ধারেকাছে হাটবাজার নেই। নবাবের হুকুমে প্রকাশ্যে কেউ কোনো জিনিস আমাদের কাছে বেচেও না। চারগুণ দাম দিয়ে কতদিন গোপনে সওদাপাতি কিনতে হয়। এই অবস্থা কতদিন চলবে সেটা আমাদের জানা দরকার।

কিলপ্যাট্রিক : এত অল্পে অধৈর্য হলে চলবে কেন?

হ্যারি : ধৈর্য ধরব আমরা কীসের আশায় সেটাও তো জানতে হবে।

ড্রেক : যা হয়েছে তা নিয়ে বিবাদ করে কোনো লাভ নেই। দোষ কারো একার নয়।

মার্টিন : যারা এ পর্যন্ত হুকুম দেবার মালিক তাদের দোষেই আজ আমরা কলকাতা থেকে বিতাড়িত। বিশেষ করে আপনার হঠকারিতার জন্যেই আজ আমাদের এই দুর্ভোগ।

ড্রেক : আমার হঠকারিতা?

মার্টিন : তা নয়ত কি? অমন উদ্ধত ভাষায় নবাবকে চিঠি দেবার কী প্রয়োজন ছিল? তা ছাড়া নবাবের আদেশ অমান্য করে কৃষ্ণবল্লভকে আশ্রয় দেবারই বা কী কারণ?

ড্রেক : সব ব্যাপারে সকলের মাথা গলানো সাজে না।

হ্যারি : তা তো বটেই। কৃষ্ণবল্লভের কাছ থেকে কী পরিমাণ টাকা উৎকোচ নেবেন মি. ড্রেক, তা নিয়ে আমরা মাথা ঘামাবো কেন? কিন্তু এটা বলতে আমাদের কোনো বাধা নেই যে, ঘুষের অঙ্ক বড় বেশি মোটা হবার ফলেই নবাবের ধমকানি সত্ত্বেও কৃষ্ণবল্লভকে ত্যাগ করতে পারেননি মি. ড্রেক।

ড্রেক : আমার রিপোর্ট আমি কাউন্সিলের কাছে দাখিল করেছি।

মার্টিন : রিপোর্টের কথা রেখে দিন। তাতে আর যাই থাক সত্যি কথা বলা হয়নি। (টেবিলের ওপর এক বান্ডিল কাগজ দেখিয়ে) ওইতো রিপোর্ট তৈরি করেছেন কলকাতা যে ডুবিয়ে দিয়ে এসেছেন তার। ওর ভেতরে একটি বর্ণ সত্যি কথা খুঁজে পাওয়া যাবে?

ড্রেক : (টেবিলে ঘুষি মেরে) দ্যাটস নান অব ইওর বিজনেস।

মার্টিন : অব কোর্স ইট ইজ।

কিলপ্যাট্রিক : তোমরাই বা হঠাৎ এমন সাধুত্বের দাবিদার হলে কীসে?

ড্রেক : তোমাদের দুজনের ব্যাংক ব্যালানস বিশ হাজারের কম নয় কারোরই। অথচ তোমরা কোম্পানির সত্তর টাকা বেতনের কর্মচারী।

হ্যারি : ব্যক্তিগত উপার্জনের ছাড়পত্র কোম্পানি সকলকেই দিয়েছে। সবাই উপার্জন করছে, আমরাও করছি। কিন্তু আমরা ঘুষ খাইনি।

ড্রেক : আমিও ঘুষ খাইনে।

মার্টিন : অর্থাৎ ঘুষ খেয়ে খেয়ে ঘুষ কথাটার অর্থই বদলে গেছে আপনার কাছে।

ড্রেক : তোমরা বেশি বাড়াবাড়ি করছ। ভুলে যেও না এখনো ফোর্ট উইলিয়ামের কর্তৃত্ব আমার হাতে।

হ্যারি : ফোর্ট উইলিয়াম?

ড্রেক : ইংরেজের আধিপত্য অত সহজেই মুছে যাবে নাকি? এই জাহাজটাই এখন আমাদের কলকাতার দুর্গ। আর দুর্গ শাসনের ক্ষমতা এখনো আমার অধিকারে। বিপদের সময়ে সকলে একযোগে কাজ করার জন্যেই মন্ত্রণা সভায় তোমাদের ডেকেছিলাম। কিন্তু দেখছি তোমরা এই মর্যাদার উপযুক্ত নও।

মার্টিন : বড়াই করে কোনো লাভ হবে না, মি. ড্রেক। আমরা আপনার কর্তৃত্ব মানব না।

ড্রেক : এত বড় স্পর্ধা? উইথড্র। হোয়াট ইউ হ্যাভ সেইড, মাফ চাও দ্বিতীয় কথা না বলে। নাথিং শর্ট অফ অ্যান আনকন্ডিশনাল অ্যাপোলজি উইল সেইভ ইউ। মাফ চাও তা না হলে এই মুহূর্তে তোমাদের কয়েদ করবার হুকুম দিয়ে দেব।

(জনৈক ইংরেজ মহিলা দড়ির ওপর একটা ছেঁড়া গাউন মেলতে আসছিলেন। তিনি হঠাৎ ড্রেকের কথায় রুখে উঠলেন। ছুটে গেলেন বচসারত পুরুষদের কাছে।)

ইংরেজ মহিলা : তবু যদি মেয়েদের নৌকোয় করে কলকাতা থেকে না পালাতেন তা হলেও না হয় এই দম্ভ সহ্য করা যেত।

ড্রেক : উই আর ইন দ্যা কাউন্সিল সেশন, ম্যাডাম, এখানে মহিলাদের কোনো কাজ নেই।

ইংরেজ মহিলা : ড্যাম ইওর কাউন্সিল, প্রাণ বাঁচাবে কী করে তার ব্যবস্থা নেই, কাউন্সিল ফলাচ্ছেন সব।

ড্রেক : সেই ব্যবস্থাই তো হচ্ছে।

ইংরেজ মহিলা : ছাই হচ্ছে। রোজই শুনছি কিছু একটা হচ্ছে। যা হচ্ছে সে তো নিজেদের ভেতরে ঝগড়া। এদিকে দিনের পর দিন এক বেলা খেয়ে, প্রায়ই না খেয়ে, অহোরাত্র এক কাপড় পড়ে মানুষের মনুষ্যত্ব ঘুচে যাবার জোগাড়।

ড্রেক : বাট ইউ সি-

ইংরেজ মহিলা : আই ডু নট সি অ্যালোন, ইউ ক্যান অলসো সি এভরি নাইট। এক প্রস্থ জামা-কাপড় সম্বল। ছেলে-বুড়ো সকলকেই তা খুলে রেখে রাত্রে ঘুমোতে হয়। কোনো আড়াল নেই আব্রু নেই। এনিবডি ক্যান সি দ্যাট পিটিফুল অ্যানাটমিক এক্সিবিশন। এর চেয়ে বেশি আর কী দেখতে চান?

(হাতের ভিজে গাউনটা ড্রেকের মুখে ছুড়ে দিতে যাচ্ছিলেন মহিলাটি, এমন সময় জনৈক গোরা সৈনিকের দ্রুত প্রবেশ।)

সৈনিক : মি. হলওয়েল আর মি. ওয়াটস।

(প্রায়ই সঙ্গে সঙ্গে হলওয়েল আর ওয়াটস ঢুকলেন।)

কিলপ্যাট্রিক : গড গ্র্যাসিয়াস

হলওয়েল : (সকলের উদ্দেশে) গুড মর্নিং টু ইউ।

(সকলের সঙ্গে করমর্দন। ওয়াটস কোনো কথা না বলে সকলের সঙ্গে করমর্দন করল। মহিলাটি একটু ইতস্তত করে অন্য দিকে চলে গেলেন)

ড্রেক : বল, খবর বল হলওয়েল। উৎকণ্ঠায় নিশ্বাস বন্ধ হয়ে এল যে।

হলওয়েল : মুর্শিদাবাদে ফিরেই নবাব আমাদের মুক্তি দিয়েছেন। অবশ্য নানা রকম ওয়াদা করতে হয়েছে, নাকে-কানে খৎ দিতে হয়েছে এই যা।

ড্রেক : কলকাতায় ফেরা যাবে?

হলওয়েল : না।

ওয়াটস : আপাতত নয়, কিন্তু ধীরে ধীরে হয়ত একটা ব্যবস্থা হয়ে যাবে।

কিলপ্যাট্রিক : কী রকম ব্যবস্থা?

ওয়াটস : অর্থাৎ মেজাজ বুঝে যথাসময়ে কিছু উপঢৌকনসহ হাজির হয়ে আবার একটা সম্পর্ক গড়ে তোলা সম্ভব হবে।

ড্রেক : তার জন্যে কতকাল অপেক্ষা করতে হবে কে জানে?

হলওয়েল : একটা ব্যাপার স্পষ্ট বোঝা যাচ্ছে, নবাব ইংরেজের ব্যবসা সমূলে উচ্ছেদ করতে চান না। তা চাইলে এভাবে আপনারা নিশ্চিত থাকতে পারতেন না।

ড্রেক : তাহলে নবাবের সঙ্গে যোগাযোগের ব্যবস্থাটা করে ফেলতে হয়।

হলওয়েল : কিছুটা করেই এসেছি। তা ছাড়া উমিচাঁদ নিজের থেকেই আমাদের সাহায্য করার প্রস্তাব পাঠিয়েছে।

ড্রেক : হুররে।

ওয়াটস : মিরজাফর, জগৎশেঠ, রাজবল্লভ এঁরাও আস্তে আস্তে নবাবের কানে কথাটা তুলবেন।

ড্রেক : (হ্যারি ও মার্টিনকে) আশা করি তোমাদের মেজাজ এখন কিছুটা ঠান্ডা হয়েছে। আমাদের মিলেমিশে থাকতে হবে, একযোগে কাজ করতে হবে।

হ্যারি : আমরা তো ঝগড়া করতে চাইনে। আমরা আমাদের ভবিষ্যৎ জানতে চাই।

মার্টিন : যেমন হোক একটা নিশ্চিত ফল দেখতে চাই।

(উভয়ের প্রস্থান)

ড্রেক : (উচ্চকণ্ঠে) পেশেন্স ইজ দ্যা কি ওয়ার্ল্ড, ইয়াংম্যান।

হলওয়েল : (পায়ে চাপড় মেরে) উঃ, কী মশা। সিরাজউদ্দৌলা মসকিউটো ব্রিগেড মবিলাইজ করে দিয়েছে নাকি?

ড্রেক : যা বলছ ম্যালেরিয়া আর ডিসেন্ট্রিতে ভুগে কয়েকজন এর ভেতরে মারাও গেছে।

ওয়াটস : বড় ভয়ানক জায়গায় আস্তানা গেড়েছেন আপনারা।

ড্রেক : বাট ইট ইজ ইমপরট্যান্ট ফ্রম মিলিটারি পয়েন্ট অব ভিউ। সমুদ্র কাছেই, কলকাতাও চল্লিশ মাইলের ভেতরে। প্রয়োজন হলে যে কোনো দিকে ধাওয়া করা যাবে।

কিলপ্যাট্রিক : দ্যাটস ট্রু। কলকাতায় ফেরার আশায় বসে থাকতে হলে এই জায়গাটাই সবচেয়ে নিরাপদ। নদীর দুপাশে ঘন জঙ্গল। সেদিক দিয়ে বিপদের কোনো আশঙ্কা নেই। বিপদ যদি আসেই তাহলে তা আসবে কলকাতার দিক থেকে গঙ্গার স্রোতে ভেসে। কাজেই সতর্ক হবার যথেষ্ট সময় পাওয়া যাবে।

হলওয়েল : কলকাতার দিক থেকে আপাতত কোনো বিপদের সম্ভাবনা নেই। উমিচাঁদ কলকাতার দেওয়ান মানিকচাঁদকে হাত করেছে। তার অনুমতি পেলেই জঙ্গল কেটে আমরা এখানে হাট-বাজার বসিয়ে দেব।

ড্রেক : অফকোর্স নেটিভরা আমাদের সঙ্গে ব্যবসা করতে চায়। কিন্তু ফৌজদারের ভয়েই তা পারছে না।

(প্রহরী সৈনিকের প্রবেশ। সে ড্রেকের হাতে এক টুকরো কাগজ দিল। ড্রেক কাগজ পড়ে চেঁচিয়ে উঠল) উমিচাঁদের লোক এই চিঠি এনেছে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সকলে : হোয়াট? এত তাড়াতাড়ি। (চরসহ প্রহরীর প্রবেশ। অভিবাদনান্তে ড্রেকের হাতে পত্র দিল আগন্তুক। ড্রেক ইঙ্গিত করতেই তারা আবার বেরিয়ে গেল।)

ড্রেক : (মাঝে মাঝে উচ্চৈঃস্বরে পত্র পড়তে লাগল)- আমি চিরকালই ইংরেজের বন্ধু। মৃত্যু পর্যন্ত এই বন্ধুত্ব আমি বজায় রাখিব। -মানিকচাঁদকে অনেক কষ্টে রাজি করানো হইয়াছে, সে কলকাতায় ইংরেজদের ব্যবসা করিবার অনুমতি দিয়াছে। এর জন্যে তাহাকে বারো হাজার টাকা নজরানা দিতে হইয়াছে। টাকাটা নিজের তহবিল হইতে দিয়া দেওয়ানের স্বাক্ষরিত হুকুমনামা হাতে হাতে সংগ্রহ করিয়া পত্রবাহক মারফত পাঠাইলাম। এই টাকা এবং আমার পারিশ্রমিক ও অন্যান্য ব্যয় বাবদ যাহা ন্যায্য বিবেচিত হয় তাহা পত্রবাহকের হাতে পাঠাইলেই আমি চিরকৃতজ্ঞ থাকিব। বলা বাহুল্য, পারিশ্রমিক বাবদ আমি পাঁচ হাজার টাকা পাইবার আশা করি। অবশ্য ড্রেক সাহেবের বিবেচনায় তাহা গ্রাহ্য না হইলে দুই চারি শত টাকা কম লইতেও আমার আপত্তি নাই। কোম্পানি আমার উপর ষোলো আনা বিশ্বাস রাখিতে পারেন। সুদূর লাহোর হইতে আমি বাংলাদেশে আসিয়াছি অর্থ উপার্জনের জন্য, যেমন আসিয়াছেন কোম্পানির লোকেরা। কাজেই উদ্দেশ্যের দিক দিয়া বিচার করিলে আমি আপনাদেরই সমগোত্রীয়।'

(চিঠি ভাঁজ করতে করতে)

এ পারফেক্ট স্কাউন্ড্রেল ইজ দিস ওঁমিচাদ।

হলওয়েল : কিন্তু উর্মিচাঁদের সাহায্য তো হাতছাড়া করা যাচ্ছে না।

ওয়াটস : ইভেন হোয়েন ইট ইজ টু কস্টলি।

ড্রেক : সেই তো মুস্কিল। ওর লোভের অন্ত নেই। মানিকচাঁদের হুকুমনামার জন্যে সতেরো হাজার টাকা দাবি করেছে। আমি হলপ করে বলতে পারি দুইহাজারের বেশি মানিকচাঁদের পকেটে যাবে না। বাকিটা যাবে উমিচাঁদের তহবিলে।

হলওয়েল : কিন্তু কিছুই করবার নেই। উপযুক্ত অবস্থার সুযোগ পেয়ে সে ছাড়বে কেন?

ড্রেক : দেখি, টাকাটা দিয়ে ওর লোকটাকে বিদায় করি।

(বেরিয়ে গেল)

ওয়াটস : শুধু উমিচাঁদের দোষ দিয়ে কী লাভ? মিরজাফর, জগৎশেঠ, রাজবল্লভ, মানিকচাঁদ কে হাত পেতে নেই?

কিলপ্যাট্রিক : দশদিকের দশটি খালি হাত ভর্তি করতে হিমশিম খেয়ে যাচ্ছে ইংরেজ, ডাচ আর ফরাসিরা।

হলওয়েল : কিছু না, কিছু না। হাজার হাতে হাজার হাজার হাত থেকে নিয়ে দশ হাত বোঝাই করতে আর কতটুকু সময় লাগে? বিপদ সেখানে নয়। বিপদ হলো বখরা নিয়ে মতান্তর ঘটলে।

(ড্রেকের প্রবেশ)

ড্রেক : (উমিচাঁদের চিঠি বার করে) আর একটা জরুরি খবর আছে উমিচাঁদের চিঠিতে। শওকতজঙ্গের সঙ্গে সিরাজউদ্দৌলার লেগে গেল বলে। এই সুযোগ নেবে মিরজাফর, রাজবল্লভ, জগৎশেঠের দল। তারা শওকত জঙ্গকে সমর্থন করবে।

ওয়াটস : খুব স্বাভাবিক। শওকতজঙ্গ নবাব হলে সকলের উদ্দেশ্যই হাসিল হবে। ভাং খেয়ে নাচওয়ালিদের নিয়ে সারাক্ষণ সে পড়ে থাকবে আর উজির ফৌজদাররা যার যা খুশি তাই করতে পারবে।

ড্রেক : আগেভাগেই তার কাছে আমাদের ভেট পাঠানো উচিত বলে আমার মনে হয়।

কিলপ্যাট্রিক : আই সেকেন্ড ইউ।

ওয়াটস : তা পাঠান। কিন্তু সন্ধে হয়ে গেল যে। এখানে একটা বাতি দেবে না?

ড্রেক : অর্ডারলি, বাত্তি লে আও।

হলওয়েল : নবাবের কয়েদখানায় থেকে এ দুদিনে শুকিয়ে মরুভূমি হয়ে গেছি। আপনাদের অবস্থা কি ততটাই খারাপ?

ড্রেক : নট সো ব্যাড আই হোপ।

(আর্দালি একটা বাতি রাখল)

ড্রেক : পেগ লাগাও।

(দূরে থেকে কণ্ঠস্বর)

নেপথ্যে : জাহাজ-জাহাজ আসছে।

চারজনে

সমস্বরে : কোথায়? ফ্রম হুইচ সাইড?

নেপথ্যে : সমুদ্রের দিক থেকে জাহাজ আসছে। দুখানা, তিনখানা, চারখানা, পাঁচখানা। পাঁচখানা জাহাজ। কোম্পানির জাহাজ!

(আর্দালি বোতল আর গ্লাস রাখল টেবিলে)

ড্রেক : কোম্পানির জাহাজ? মাস্ট বি ফ্রম ম্যাড্রাস। লেট আস সেলিব্রেট। হিপ হিপ হুররে।

সমস্বরে : হুররে।

(সবাই গ্লাসে মদ ঢেলে নিল) [দৃশ্যান্তর]

তৃতীয় দৃশ্য

সময় : ১৭৫৬ সাল, ১০ই অক্টোবর। স্থান : ঘসেটি বেগমের বাড়ি।

[শিল্পীবৃন্দ : মঞ্চে প্রবেশের পর্যায় অনুসারে- ঘসেটি বেগম, উমিচাঁদ, রাজবল্লভ, জগৎশেঠ, রাইসুল জুহালা, রায়দুর্লভ, প্রহরী, সিরাজ, মোহনলাল, নর্তকী, বাদকগণ।]

(প্রৌঢ়া বেগম জাঁকজমকপূর্ণ জলসার সাজে সজ্জিতা। আসরে উপস্থিত রাজবল্লভ, জগৎশেঠ, রায়দুর্লভ, বাদক এবং নর্তকী। সুসজ্জিত খানসামা তাম্বুল এবং তাম্রকূট পরিবেশন করছে। একজন বিচিত্রবেশি অতিথির সঙ্গে আসরে প্রবেশ করল উমিচাঁদ। প্রায় সঙ্গে সঙ্গে এক পর্যায়ের নাচ শেষ হলো। সকলের হাততালি।)

ঘসেটি : বসুন, উমিচাঁদজি। সঙ্গের মেহমানটি আমাদের অচেনা বলেই মনে হচ্ছে।

উমিচাঁদ : (যথাযোগ্য সম্মান দেখিয়ে) মাফ করবেন বেগম সাহেবা, ইনি একজন জবরদস্ত শিল্পী। আমার সঙ্গে অল্পদিনের পরিচয় কিন্তু তাতেই আমি এঁর কেরামতিতে একেবারে মুগ্ধ। আজকের জলসা সরগরম করে তুলতে পারবেন আশা করে এঁকে আমি সঙ্গে নিয়ে এসেছি।

রাজবল্লভ : তাহলেও এখানে একজন অপরিচিত মেহমান-

উমিচাঁদ : না, না, সে সব কিছু ভাবতে হবে না। দরিদ্র শিল্পী, পেটের ধান্দায় আসরে জলসায় কেরামতি দেখিয়ে বেড়ান।

জগৎশেঠ : তাহলে আরম্ভ করুন ওস্তাদজি। দেখি নাচওয়ালিদের ঘুঙুর এবং ঘাগরা বাদ দিয়ে আপনার কাজের তারিফ করা যায় কিনা।

(ঘসেটি রাজবল্লভের দৃষ্টি বিনিময়। আগন্তুক আসরের মাঝখানে গিয়ে দাঁড়াল)

রাজবল্লভ : ওস্তাদজির নামটা-

আগন্তুক : রাইসুল জুহালা।

(সকলের উচ্চহাসি)

রায়দুর্লভ : জাহেলদের রইস। এই নামের গৌরবেই আপনি উমিচাঁদজিকে পথ দেখিয়ে নিয়ে এলেন নাকি?

(আবার সকলের হাসি)

উমিচাঁদ : (ঈষৎ রুষ্ট) আমি তো বেশক জাহেল। তা না হলে আপনারা সরশুদ্ধ দুধ খেয়েও গোঁফ শুকনো রাখেন, আর আমি দুধের হাড়ির কাছে যেতে না যেতেই কালি মেখে গুলবাঘা বনে যাই।

ঘসেটি : আপনারা বড় বেশি কথা কাটাকাটি করেন। শুরু করুন, ওস্তাদজি।

রাইসুল জুহালা : য়্যায়সা হুকুম। আমি নানা রকমের জন্তু জানোয়ারের আদবকায়দা সম্বন্ধে ওয়াকিফহাল। আপাতত আমি আপনাদের একটা নাচ দেখাব। পক্ষীকুলের একটি বিশেষ শ্রেণী, ধার্মিক হিসেবে যার জবরদস্ত নাম, সেই পাখির নৃত্যকলা আপনারা দেখবেন। দেশের বর্তমান অবস্থা বিবেচনা করে এই বিশেষ নৃত্যটি আমি জনপ্রিয় করতে চাই। (তবলচিকে) একটু ঠেকা দিয়ে দিন। (তাল বলে দিল। নৃত্য চলাকালে ঘসেটি এবং রাজবল্লভ নিচুস্বরে পরামর্শ করলেন। পরে উমিচাঁদ এবং রাজবল্লভও কিছু আলোচনা করলেন। নাচ শেষ হলে সকলের হর্ষ প্রকাশ।)

রাজবল্লভ : ওস্তাদজি জবরদস্ত লোক মনে হচ্ছে। ওঁকে আরও কিছু কেরামতি দেখাবার দায়িত্ব দিলে কেমন হয়?

(উমিচাঁদ রাইসুল জুহালাকে একপাশে ডেকে নিয়ে কিছু বলল। তারপর নিজের আসনে ফিরে এল)

উমিচাঁদ : উনি রাজি আছেন। উপযুক্ত পারিশ্রমিক পেলে কলাকৌশল দেখাবার ফাঁকে ফাঁকে দু-চারখানা চিঠিপত্রের আদান-প্রদান করতে ওঁর আপত্তি নেই।

রাজবল্লভ : তাহলে এখন ওঁকে বিদায় দিন। পরে দরকার মতো কাজে লাগানো হবে।

রাইসুল জুহালা : বহোত আচ্ছা, হুজুর।

(সবাইকে সালাম করে কালোয়াতি করতে করতে বেরিয়ে গেল)

ঘসেটি : তাহলে আবার নাচ শুরু হোক?

রাজবল্লভ : আমার মনে হয় নাচওয়ালিদের কিছুক্ষণ বিশ্রাম দিয়ে কাজের কথা সেরে নেওয়াই ভালো।

ঘসেটি : তাই হোক।

(ইঙ্গিত করতেই দলবলসহ নাচওয়ালিদের প্রস্থান)

রায়দুর্লভ : বেগম সাহেবাই আরম্ভ করুন।

ঘসেটি : আপনারা তো সব জানেন। এখন খোলাখুলিভাবে যার যা বলার আছে বলুন।

জগৎশেঠ : সিরাজউদ্দৌলার বিরুদ্ধে শওকতজঙ্গকে আমরা পরোক্ষ সমর্থন দিয়েই দিয়েছি। কিন্তু শওকতজঙ্গ নবাব হলে আমি কি পাব তা আমাকে পরিষ্কার করে বলুন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ঘসেটি : শওকতজঙ্গ আপনাদেরই ছেলে। সে নবাবি পেলে প্রকারান্তরে আপনারাই তো দেশের মালিক হয়ে বসবেন।

রায়দুর্লভ : এটা কোনো কথা হলো না । যিনি নবাব হবেন-

জগৎশেঠ : আমার কথা আগে শেষ হোক দুর্লভরাম।

রায়দুর্লভ : বেশ, আপনার কথাই শেষ করুন। কিন্তু মনে রাখবেন কথা শেষ হবার পর আর কোনো কথা উঠবে না।

জগৎশেঠ : সে আবার কী কথা?

রাজবল্লভ : আপনারা তর্কের ভেতর যাচ্ছেন আলোচনা শুরু করার আগেই। খুব সংক্ষেপে কথা শেষ করা দরকার। বর্তমান অবস্থায় এই ধরনের আলোচনা দীর্ঘ করা বিপজ্জনক।

জগৎশেঠ : কথা ঠিক। কিন্তু নিজের স্বার্থ সম্বন্ধে নিশ্চিত না হয়ে একটা বিপদের ঝুঁকি নিতে যাওয়াটাও তো বুদ্ধিমানের কাজ নয়। মাফ করবেন বেগম সাহেবা, আমি খোলাখুলি বলছি। অঙ্গীকার করে লাভ নেই যে, শওকতজঙ্গ নিতান্তই অকর্মণ্য। ভাংয়ের গেলাস এবং নাচওয়ালি ছাড়া সে আর কিছুই জানে না। কাজেই শওকতজঙ্গ নবাব হবে নামমাত্র। আসল কর্তৃত্ব থাকবে বেগম সাহেবার এবং পরোক্ষে তাঁর নামে দেশ শাসন করবেন রাজবল্লভ।

রায়দুর্লভ : ঠিক এই ধরনের একটা সম্ভাবনার উল্লেখ করার ফলেই হোসেন কুলি খাঁকে প্রাণ দিতে হয়েছে।

জগৎশেঠ : আমি তা বলছিনে। তা ছাড়া এখানে সে কথা অবান্তর। আমি বলতে চাইছি যে, শওকতজঙ্গ নবাবি পেলে বেগম সাহেবা এবং রাজা রাজবল্লভের স্বার্থ যেমন নির্বিঘ্ন হবে আমাদের তেমন আশা নেই। কাজেই আমাদের পক্ষে নগদ কারবারই ভালো।

ঘসেটি : ধনকুবের জগৎশেঠকে নগদ অর্থ দিতে হলে শওকতজঙ্গের যুদ্ধের খরচ চলবে কী করে?

জগৎশেঠ : না, না, আমি নগদ টাকা চাইছিনে। যুদ্ধের খরচ বাবদ টাকা আমি দেব, অবশ্য আমার যা সাধ্য। কিন্তু আসল এবং লাভ মিলিয়ে আমাকে একটা কর্জনামা সই করে দিলেই আমি নিশ্চিত হতে পারি।

রায়দুর্লভ : আমাকেও পদাধিকারের একটা একরারনামা সই করে দিতে হবে।

(প্রহরীর প্রবেশে। ঘসেটি বেগমের হাতে পত্র দান)

ঘসেটি : (চিঠি খুলতে খুলতে) সিপাহসালার মিরজাফরের পত্র। (পড়তে পড়তে) তিনি শওকতজঙ্গকে পূর্ণসমর্থন জানিয়েছেন এবং অবিলম্বে সিরাজের বিরুদ্ধে যুদ্ধযাত্রার পরামর্শ দিয়েছেন।

রাজবল্লভ : বহোত খুব।

উমিচাঁদ : আমার তো কোনো বিষয়ে কোনো দাবি দাওয়া নেই, আমি সকলের খাদেম। খুশি হয়ে যে যা দেয় তাই নিই। কাজেই এতক্ষণ আমি চুপ করেই আছি।

ঘসেটি : আপনারও যদি কিছু বলার থাকে এখুনি বলে ফেলুন।

উমিচাঁদ : নিজের সম্বন্ধে কিছু নয়। তবে সিপাহসালারের প্রস্তুতি আমার পছন্দ হয়েছে তাই বলছি। ইংরেজরা আবার সংঘবদ্ধ হয়ে উঠেছে। সিরাজউদ্দৌলার পতনই তাদের কাম্য। শওকতজঙ্গ এখুনি যদি আঘাত হানতে পারেন, তিনি ইংরেজদের প্রত্যক্ষ সহযোগিতা পাবেন। ফলে জয় তাঁর অবধারিত।

ঘসেটি : সিরাজের পতন কে না চায়?

উমিচাঁদ : অন্তত আমরা চাই। কারণ সিরাজউদ্দৌলা নবাবিতে নির্বিঘ্ন হতে পারলে আমাদের সকলের স্বার্থই রাহুগ্রস্ত হবে।

ঘসেটি : সিরাজ সম্বন্ধে উর্মিচাঁদের বড় বেশি আশঙ্কা।

উমিচাঁদ : কিছুমাত্র নয় বেগম সাহেবা। দওলত আমার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়। আমি দওলতের পূজারী। তা না হলে সিরাজউদ্দৌলাকে বাতিল করে শওকতজঙ্গকে চাইব কেন? আমি কাজ কতদূর এগিয়ে এসেছি এই দেখুন তার প্রমাণ।

(পকেট থেকে চিঠি বার করে ঘসেটি বেগমের হাতে দিল)

ঘসেটি : (চিঠির নিচে স্বাক্ষর দেখে উল্লসিত হয়ে) এ যে ড্রেক সাহেবের চিঠি!

উমিচাঁদ : আমার প্রস্তাব অনুমোদন করে তিনি জবাব দিয়েছেন।

ঘসেটি : (পত্র পড়তে পড়তে) লিখেছেন শওকতজঙ্গ যুদ্ধ ঘোষণার সঙ্গে সঙ্গে সিরাজের সেনাপতিদের অধীনস্থ ফৌজ যেন রাজধানী আক্রমণ করে। তাহলে সিরাজউদ্দৌলার পরাজয় অবশ্যম্ভাবী হয়ে উঠবে।

রাজবল্লভ : আমাদের বন্ধু সিপাহসালার মিরজাফর, রায়দুর্লভ, ইয়ার লুৎফ খান ইচ্ছে করলেই এ সুযোগের সদ্ব্যবহার করতে পারেন।

(হঠাৎ বাইরে তুমুল কোলাহল। সকলেই সচকিত। ঘসেটি বেগম কোলাহলের কারণ জানবার জন্যে যেতেই রাজবল্লভ তাঁকে থামিয়ে দিয়ে নাচওয়ালিদের ডেকে পাঠালেন। প্রায় সঙ্গে সঙ্গে তারা সদলবলে কামরায় এল।)

রাজবল্লভ : আরম্ভ কর জলদি। (ঘুঙুরের আওয়াজ উঠবার পর পরই সবেগে কা... ঢুকলেন নবাব সিরাজউদ্দৌলা। পেছনে মোহনলাল। সবাই তড়িৎ-... দাঁড়ালো। নাচওয়ালিদের নাচ থেমে গেল।)

ঘসেটি : (ভীতিরুদ্ধ কণ্ঠে) নবাব!

সিরাজ : কী ব্যাপার খালাআম্মা, বড়ো ভারী জলসা বসিয়েছেন?

ঘসেটি : (আত্মস্থ হয়ে) এ রকম জলসা এই নতুন নয়।

সিরাজ : তা নয়, তবে বাংলাদেশের সেরা লোকেরাই শুধু শামিল হয়েছেন ... জলসার রোশনাই আমার চোখ ধাঁধিয়ে দিয়েছে।

ঘসেটি : নবাব কি নাচগানের মজলিস মানা করে দিয়েছেন?

সিরাজ : নাচগানের মহফিলের জন্যে দেউড়িতে কড়া পাহারা বসিয়ে রেখে... খালাআম্মা। তারা তো আমার ওপরে গুলিই চালিয়ে দিয়েছিল প্রায়। ... ফৌজ সঙ্গে না থাকলে এই জলসায় এতক্ষণে মর্সিয়া শুরু করতে হতো।

(হঠাৎ কণ্ঠস্বরে অবিচল তীব্রতা ...)

রাজবল্লভ, জগৎশেঠ, রায় দুর্লভ, আপনারা এখন যেতে পারেন। মতিঝি... জলসা আমি চিরকালের মতো ভেঙে দিলাম। (ঘসেটি বেগমকে) তৈরি হ... নিন, খালাআম্মার পক্ষে প্রাসাদের বাইরে থাকা নিরাপদ নয়।

ঘসেটি : (রোষে চিৎকার করে) তুমি আমাকে বন্দি করে নিয়ে যেতে এসেছ? তো... এতখানি স্পর্ধা?

সিরাজ : এতে ক্রুদ্ধ হবার কি আছে? আম্মা আছেন, আপনিও তাঁর সঙ্গেই প্রা... থাকবেন।

ঘসেটি : মতিঝিল ছেড়ে আমি এক পা নড়ব না। তোমার প্রাসাদে যাব? তো... প্রাসাদ বাজ পড়ে খান খান হয়ে যাবে। (সহসা কাঁদতে আরম্ভ করলেন)

সিরাজ : (অবিচলিত) তৈরি হয়ে নিন, খালাআম্মা। আপনাকে আমি নিয়ে যাব।

ঘসেটি : (মাতম করতে করতে) রাজা রাজবল্লভ, জগৎশেঠ, বিধবার ওপরে ... অত্যাচারের বিরুদ্ধে আপনারা কিছুই করতে পারছেন না?

রাজবল্লভ : (একটু ইতস্তত করে) জাঁহাপনা কি সত্যিই-

সিরাজ : (উত্তপ্ত) আপনাদের চলে যেতে বলেছি রাজা রাজবল্লভ। নবাবের হু... অমান্য করা রাজদ্রোহিতার শামিল। আশা করি অপ্রিয় ঘটনার ভেতর দি... তা আপনাদের স্মরণ করিয়ে দিতে হবে না।

(রাজবল্লভ প্রভৃতি প্রস্থানোদ্যত) হ্যাঁ, শুনুন রায়দুর্লভ, শওকতজঙ্গকে আ... বিদ্রোহী ঘোষণা করেছি। তাকে উপযুক্ত শিক্ষা দেবার জন্যে মোহনলা... অধীনে সেনাবাহিনী পাঠাবার ব্যবস্থা করেছি। আপনি তৈরি থাক... প্রয়োজন হলে আপনাকেও মোহনলালের অনুগামী হতে হবে।

রায়দুর্লভ : হুকুম, জাঁহাপনা। (তারা নিষ্ক্রান্ত হলো)। ঘসেটি বেগম হাহাকার করে কেঁ... উঠলেন।)

সিরাজ : মোহনলাল আপনাকে নিয়ে আসবে, খালাআম্মা। আপনার কোনো র... অমর্যাদা হবে না। (বেরিয়ে যাবার জন্যে পা বাড়ালেন)

ঘসেটি : তোমার ক্ষমতা ধ্বংস হবে, সিরাজ। নবাবি? নবাবি করতে হবে ... বেশিদিন। কেয়ামত নাজেল হবে। আমি তা দেখব-দেখব।

[দৃশ্যা...

দ্বিতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

সময় : ১৭৫৭ সাল, ১০ই মার্চ। স্থান : নবাবের দরবার।

[শিল্পীবৃন্দ : মঞ্চে প্রবেশের পর্যায় অনুসারে-নকিব, সিরাজ, রাজবল্লভ, মিরজাফর, জগৎশেঠ, রায়দুর্লভ, উৎপীড়িত ব্যক্তি, প্রহরী, ওয়াটস, মোহনলাল]

(দরবারে উপস্থিত- মিরজাফর, রাজবল্লভ, জগৎশেঠ, রায়দুর্লভ, উমিচাঁদ এবং ইং... কোম্পানির প্রতিনিধি ওয়াটস। মোহনলাল, মিরমর্দান, সাঁফ্রে অস্ত্রসজ্জিত বেশে দণ্ডায়... নকিবের কণ্ঠে দরবারে নবাবের আগমন ঘোষিত হলো।)

নকিব : নবাব মনসুর-উল-মুলুক সিরাজউদ্দৌলা শাহকুলি খাঁ মির্জা মুহ... হায়বতজঙ্গ বাহাদুর। বা- আদাব আগাহ বাশেদ।

(সবাই আসন ত্যাগ করে উঠে দাঁড়াল দৃঢ় পদক্ষেপে নবাব ঢুকলেন। স... নতশিরে শ্রদ্ধা জানালো।)

সিরাজ : (সিংহাসনে আসীন হয়ে) আজকের এই দরবারে আপনাদের বিশেষ... আমন্ত্রণ করা হয়েছে কয়েকটি জরুরি বিষয়ের মীমাংসার জন্যে।

রাজবল্লভ : বে-আদবি মাফ করবেন জাঁহাপনা। দরবারে এ পর্যন্ত তেমন কোনো জ... বিষয়ের মীমাংসা হয়নি। তাই আমরা তেমন-

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

সিরাজ : গুরুতর কোনো বিষয়ের মীমাংসা হয়নি এই জন্যে যে, গুরুতর কোনো সমস্যার মুখোমুখি হতে হবে এমন আশঙ্কা আমার ছিল না। আমার বিশ্বাস ছিল যে, সিপাহসালার মিরজাফর, রাজা রাজবল্লভ, জগৎশেঠ, রায়দুর্লভ, তাঁদের দায়িত্ব সম্বন্ধে সজাগ থাকবেন। আমার পথ বিঘ্নসঙ্কুল হয়ে উঠবে না। অন্তত নবাব আলিবর্দির অনুরাগভাজনদের কাছ থেকে আমি তাই আশা করেছিলাম।

মিরজাফর : জাঁহাপনা কি আমাদের আচরণে সন্দেহ প্রকাশ করছেন?

সিরাজ : আপনাদের বিরুদ্ধে অভিযোগ জানাবার বাসনা আমার নেই। আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে। বিচারক আপনারা। বাংলার প্রজা সাধারণের সুখ-স্বাচ্ছন্দ্য বিধান করতে পারিনি বলে আমি তাদের কাছে অপরাধী। আজ সেই অপরাধের জন্যে আপনাদের কাছে আমি বিচারপ্রার্থী।

জগৎশেঠ : আপনার অপরাধ!

সিরাজ : পরিহাস বলে মনে হচ্ছে শেঠজি? চেয়ে দেখুন এই লোকটার দিকে (ইঙ্গিত করার সঙ্গে সঙ্গে প্রহরী একজন হতশ্রী ব্যক্তিকে দরবারে হাজির করল। সে ডুকরে কেঁদে উঠল।)

রায়দুর্লভ : একি! এর এই অবস্থা কে করলে? (তরবারি নিষ্কাশন)

সিরাজ : তরবারি কোষাবদ্ধ করুন রায়দুর্লভ! এর এই অবস্থার জন্যে দায়ী সিরাজের দুর্বল শাসন।

উৎপীড়িত ব্যক্তি : আমাকে শেষ করে দিয়েছে হুজুর।

মিরজাফর : আমরা যে কিছুই বুঝতে পারছি না, জাঁহাপনা।

উৎপীড়িত ব্যক্তি : লবণ বিক্রি করিনি বলে কুঠির সাহেবদের লোকজন আমার বাড়িঘর জ্বালিয়ে দিয়েছে।

(ক্রন্দন)

নারান : (মৃত্যুভিমিত কণ্ঠে) এ দেশে থেকে এ দেশকে ভালোবেসেছি। গুপ্তচরে... কাজ করেছি দেশের স্বাধীনতার খাতিরে। সে কি বেইমানির চেয়ে খারাপ... মোনাফেকির চেয়ে খারাপ? ঝিমিয়ে যেতে লাগল। হঠাৎ একটু সতেজ হ... তবু ভয় নেই; সিরাজউদ্দৌলা বেঁচে আছে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ক্লাইভ : (গোরা সৈন্য দুটিকে) হাউ ডু ইউ কিল? ইডিয়টস। যখন মারবে শুট স্ট্রেইট ইনটু হার্ট, এমন করে মারবে যেন সঙ্গে সঙ্গে মরে।

(পিস্তল বার করল)

নারান : ভগবান সিরাজউদ্দৌলাকে রক্ষা-

(ক্লাইভ নিজে গুলি করার সঙ্গে সঙ্গে নারান সিংয়ের মৃত্যু হলো)

[দৃশ্যান্তর]

চতুর্থ দৃশ্য

সময় : ১৭৫৭ সাল, ২৫এ জুন। স্থান : মুর্শিদাবাদ নবাব দরবার।

[শিল্পীবৃন্দ : মঞ্চে প্রবেশের পর্যায় অনুসারে- সিরাজ, জনৈক ব্যক্তি, সৈনিক, অপর সৈনিক, বার্তাবাহক, দ্বিতীয় বার্তা বাহক, জনতা ও লুৎফা।]

(দরবারে গণ্যমান্য লোকের সংখ্যা কম। বিভিন্ন শ্রেণির সাধারণ মানুষের সংখ্যাই বেশি। স্তিমিত আলোয় সিরাজ বক্তৃতা করছেন। ধীরে ধীরে আলো উজ্জ্বল হবে।)

সিরাজ : পলাশির যুদ্ধে পরাজিত হয়ে আমাকে পালিয়ে আসতে হয়েছে, সে-কথা গোপন করে এখন আর কোনো লাভ নেই। কিন্তু-

ব্যক্তি : প্রাণের ভয়ে কে না পালায় হুজুর?

সিরাজ : আপনাদের কি তাই বিশ্বাস যে প্রাণের ভয়ে আমি পালিয়ে এসেছি?

(জনতা নীরব)

সিরাজ : না, প্রাণের ভয়ে আমি পালাইনি। সেনাপতিদের পরামর্শে যুদ্ধের বিধি অনুসারেই আমি হাল ছেড়ে দিয়ে বিজয়ী শত্রুর কাছে আত্মসমর্পণ করিনি। ফিরে এসেছি রাজধানীতে স্বাধীনতা বজায় রাখবার শেষ চেষ্টা করব বলে।

ব্যক্তি : কিন্তু রাজধানী খালি করে তো সবাই পালাচ্ছে জাঁহাপনা।

সিরাজ : আমি অনুরোধ করছি, কেউ যেন তা না করেন। এখনো আশা আছে। এখনো আমরা একত্রে রুখে দাঁড়াতে পারলে শত্রু মুর্শিদাবাদে ঢুকতে পারবে না।

ব্যক্তি : তা কী করে হবে হুজুর? অত বড় সেনাবাহিনী যখন ছারখার হয়ে গেল।

সিরাজ : তারা যুদ্ধ করেনি। তারা দেশবাসীর সঙ্গে, দেশের মাটির সঙ্গে প্রতারণা করেছে। কিন্তু যারা নিজের স্বার্থের চেয়ে দেশের স্বার্থ বড় করে দেখতে শিখেছিল, মুষ্টিমেয় সেই কজনই শুধু যুদ্ধ করে প্রাণ দিয়ে গেছে। এই প্রাণদান আমরা ব্যর্থ হতে দেব না।

ব্যক্তি : পরাজয়ের খবর বাতাসের বেগে সর্বত্র ছড়িয়ে পড়েছে, জাঁহাপনা। ঘরে ঘরে কান্নার রোল উঠেছে। বিজয়ী সৈন্যের অত্যাচার এবং লুটতরাজের ভয়ে নগরের অধিকাংশ লোকজন তাদের দামি জিনিসপত্রগুলো সঙ্গে নিয়ে যে কোনো দিকে পালিয়ে যাচ্ছে।

সিরাজ : আপনারা ওদের বাধা দিন। ওদের অভয় দিন। শত্রুসৈন্যদের হাতে পড়বার আগেই সাধারণ চোর-ডাকাত ওদের সর্বস্ব কেড়ে নেবে।

ব্যক্তি : কেউ শোনে না, হুজুর। সবাই প্রাণের ভয়ে পালাচ্ছে।

সিরাজ : কোথায় পালাবে? পেছন থেকে আক্রমণ করবার সুযোগ দিলে মৃত্যুর হাত থেকে পালানো যায় না। আপনারা কেউ অধৈর্য হবেন না। সবাইকে শক্ত হয়ে দাঁড়াতে বলুন। এই আমাদের শেষ সুযোগ, এ কথা বারবার করে বলছি। ক্লাইভের হাতে রাজধানীর পতন হলে এ দেশের স্বাধীনতা চিরকালের মতো লুপ্ত হয়ে যাবে।

ব্যক্তি : জাঁহাপনা, কোথায় বা পাওয়া যাবে তত বেশি সৈন্য আর কোথায় বা তার ব্যয়-ব্যবস্থা।

সিরাজ : দু-এক দিনের ভেতরেই বিভিন্ন জমিদারের কাছ থেকে যথেষ্ট সৈন্য সাহায্য আসবে। অর্থের অভাব নেই। সেনাবাহিনীর খরচের জন্যে রাজকোষ উন্মুক্ত করে দেওয়া হয়েছে। আপনারা বলুন কার কী প্রয়োজন।

সৈনিক : ইয়ার লুৎফ খাঁর সৈন্যদলে রোজ বেতনে আমি জমাদারের কাজ করি জাঁহাপনা। আমার অধীনে ২০০ সিপাই। আমরা হুজুরের জন্যে প্রাণপণে লড়তে প্রস্তুত।

সিরাজ : বেশ, খাজাঞ্চির কাছ থেকে টাকা নিয়ে যান। আপনার সিপাইদের তৈরি হতে আদেশ দিন। মুর্শিদাবাদে এই মুহূর্তে অন্তত দশ হাজার সৈন্য সংগ্রহ হবে। জমিদারের কাছ থেকে সাহায্য আসবার আগে এই বাহিনী নিয়েই আমরা শত্রুর মোকাবিলা করতে পারব।

অপর সৈনিক : আমি রাজা রাজবল্লভের অশ্বারোহী বাহিনীতে ঠিকা হারে কাজ করি। আমার মতো এমন আরও শতাধিক লোক রাজবল্লভের বাহিনীতে কাজ করে। জাঁহাপনার হুকুম হলে আমরা একটা ফৌজ অল্প সময়ের ভেতরেই খাড়া করতে পারি।

সিরাজ : এখুনি চলে যান। খাজাঞ্চির কাছ থেকে টাকা নিয়ে নিন যত দরকার।

(বার্তাবাহকের প্রবেশ)

বার্তাবাহক : শহরে আরও বিশৃঙ্খলা দেখা দিয়েছে, জাঁহাপনা। মুহম্মদ ইরিচ খাঁ সাহেব এই মাত্র সপরিবারে শহর ছেড়ে চলে গেলেন।

সিরাজ : (বিস্ময়ের বিমূঢ়) ইরিচ খাঁ পালিয়ে গেলেন! সিরাজউদ্দৌলার শ্বশুর ইরিচ খাঁ?

বার্তাবাহক : জাঁহাপনা!

সিরাজ : আশ্চর্য! এই কিছুক্ষণ আগে তিনি আমার কাছ থেকে অজস্র টাকা নিয়ে গেলেন সেনাবাহিনী সংগঠনের জন্যে।

ব্যক্তি : তাহলে আর আশা কোথায়?

সিরাজ : তাহলেও আশা আছে।

(দ্বিতীয় বার্তাবাহকের প্রবেশ)

দ্বিতীয় বার্তা : জাঁহাপনার কাছ থেকে সৈন্য সংগ্রহের জন্যে যারা টাকা নিয়েছে তাদের অনেকেই নিজেদের লোকজন নিয়ে শহর থেকে পালিয়ে যাচ্ছে।

সিরাজ : তাহলেও আশা! ভীরু প্রতারকের দল চিরকালই পালায়। কিন্তু তাতে বীরের মনোবল ক্ষুণ্ণ হয় না। এমনি করে পালাতে পারতেন মিরমর্দান, মোহনলাল, বদ্রিআলি, নৌবে সিং। তার বদলে তাঁরা পেতেন শত্রুর অনুগ্রহ, প্রভূত সম্পদ এবং সম্মান। কিন্তু তা তাঁরা করেননি। দেশের স্বাধীনতার জন্যে, দেশবাসীর মর্যাদার জন্যে, তাঁরা জীবন দিয়ে গেছেন। স্বার্থান্ধ প্রতারকের কাপুরুষতা বীরের সংকল্প টলাতে পারেনি। এই আদর্শ যেন লাঞ্ছিত না হয়। দেশপ্রেমিকের রক্ত যেন আবর্জনার স্তূপে চাপা না পড়ে।

(জনতা নীরব। সিরাজের অস্থির পদচারণা)

সিরাজ : সমস্ত দুর্বলতা ঝেড়ে ফেলে আপনারা ভেবে দেখুন, কে বেশি শক্তিমান? একদিকে দেশের সমস্ত সাধারণ মানুষ-অন্যদিকে মুষ্টিমেয় কয়েকজন বিদ্রোহী। তাদের হাতে অস্ত্র আছে, আর আছে ছলনা এবং শাঠ্য। অস্ত্র আমাদেরও আছে, কিন্তু তার চেয়ে যা বড়, সবচেয়ে যা বড় আমাদের আছে সেই দেশপ্রেম এবং স্বাধীনতা রক্ষার সংকল্প। এই অস্ত্র নিয়ে আমরা কাপুরুষ দেশদ্রোহীদের অবশ্যই দমন করতে পারব।

ব্যক্তি : সাধারণ মানুষ তো যুদ্ধ কৌশল জানে না, হুজুর।

সিরাজ : তবু তাদের সংঘবদ্ধ হতে হবে। হাজার হাজার মানুষ একযোগে রুখে দাঁড়াতে পারলে কৌশলের প্রয়োজন হবে না। বিক্রম দিয়েই আমরা শত্রুকে হতবল করতে পারব। তা না হলে, ভবিষ্যতে বছরের পর বছর, দেশের সাধারণ মানুষ দেশদ্রোহী এবং বিদেশি দস্যুর হাতে যে ভাবে উৎপীড়িত হবে তা অনুমান করাও কষ্টকর। আপনারা ভেবে দেখুন, কেন এই যুদ্ধ? মুসলমান মিরজাফর, ব্রাহ্মণ রাজবল্লভ, কায়স্থ রায়দুর্লভ, জৈন মহাতাব চাঁদ শেঠ, শিখ উমিচাঁদ, ফিরিঙ্গি খ্রিষ্টান ওয়াটস ক্লাইভ আজ একজোট হয়েছে কিসের জন্যে? সিরাজউদ্দৌলাকে ধ্বংস করবার প্রয়োজন তাদের কেন এত বেশি? তারা চায় মসনদের অধিকার। কারণ, তা না হলে তাদের ব্যক্তিগত স্বার্থ রক্ষা হয় না। দেশের উপরে অবাধ লুণ্ঠতরাজের একচেটিয়া অধিকার তারা পেতে পারে না সিরাজউদ্দৌলা বর্তমান থাকতে। একবার সে সুযোগ পেলে তাদের আসল চেহারা আপনারা দেখতে পাবেন। বাংলার ঘরে ঘরে হাহাকারের বন্যা বইয়ে দেবে মিরজাফর-ক্লাইভের লুণ্ঠন অত্যাচার। কিন্তু তখন আর কোনো উপায় থাকবে না। তাই সময় থাকতে একযোগে মাথা তুলে দাঁড়ান। আপনারা অবশ্যই জয়লাভ করবেন।

ব্যক্তি : কিন্তু জাঁহাপনা, সৈন্য পরিচালনার যোগ্য সেনাপতিও তো আমাদের নেই।

সিরাজ : আছে। সেনাপতি মোহনলাল বন্দি হননি। তিনি অবিলম্বে আমাদের সঙ্গে যোগ দেবেন। তাছাড়া আমি আছি। মরহুম আলিবর্দীর আমল থেকে এ পর্যন্ত কোন যুদ্ধে আমি শরিক হইনি? পরাজিত হয়েছি একমাত্র পলাশিতে। কারণ সেখানে যুদ্ধ হয়নি, হয়েছে যুদ্ধের অভিনয়। আবার যুদ্ধ হবে, আর সৈন্য পরিচালনা করব আমি নিজে। আমাদের সঙ্গে যোগ দেবেন বিহার থেকে রামনারায়ণ, পাটনা থেকে ফরাসি বীর মসিয়ে ল।

(বার্তাবাহকের প্রবেশ)

বার্তা : সেনাপতি মোহনলাল বন্দি হয়েছেন, জাঁহাপনা।

সিরাজ : (কিছুটা হতাশ) মোহনলাল বন্দি হয়েছে?

জনতা : তাহলে আর কোনো আশা নেই। কোনো আশা নেই।

(জনতা দরবার কক্ষ ত্যাগ করতে লাগল)

সিরাজ : মোহনলাল বন্দি? (কতকটা যেন আত্ম-সংবরণ করে) তাহলেও কোনো ভয় নেই। আপনারা হাল ছেড়ে দেবেন না।

(সিরাজ হাত তুলে পলায়নপর জনতাকে আশ্বাস দেবার চেষ্টা করতে লাগলেন। জনতা তাতে কান না দিয়ে পালাতেই লাগল।)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

সিরাজ : আমার পাশে এসে দাঁড়ান। আমরা শত্রুকে অবশ্যই রুখব।
(সবাই বেরিয়ে গেল। অবসন্ন সিরাজ আসনে বসে পড়লেন। দুহাতে মুখ ঢাকলেন। ধীরে ধীরে সন্ধ্যার আঁধার ঘনিয়ে এল। লুৎফার প্রবেশ। মাথায় হাত রেখে ডাকলেন)

লুৎফা : নবাব।

সিরাজ : (চমকে উঠে) লুৎফা! তুমি এই প্রকাশ্য দরবারে কেন, লুৎফা?

লুৎফা : অন্ধকারের ফাঁকা দরবারে বসে থেকে কোনো লাভ নেই নবাব।

সিরাজ : (রুদ্ধ কণ্ঠে)। কেউ নেই, কেউ আমার সঙ্গে দাঁড়াল না, লুৎফা। দরবার ফাঁকা হয়ে গেল।

লুৎফা : (কাঁধে হাত রেখে) তবু ভেঙে পড়া চলবে না, জাঁহাপনা। এখান থেকে যখন হলো না তখন যেখানে আপনার বন্ধুরা আছেন, সেখানে থেকেই বিদ্রোহীদের শাস্তি দেবার আয়োজন করতে হবে।

সিরাজ : যেখানে আমার বন্ধুরা আছেন? হ্যাঁ আপাতত পাটনায় যেতে পারলে একটা কিছু করা যাবে।

লুৎফা : তাহলে আর বিলম্ব নয়, জাঁহাপনা। এখুনি প্রাসাদ ত্যাগ করা দরকার।

সিরাজ : হ্যাঁ, তাই যাই।

লুৎফা : আমি তার আয়োজন করে ফেলেছি।

সিরাজ : কী আর আয়োজন লুৎফা। দু তিন জন বিশ্বাসী খাদেম সঙ্গে থাকলেই যথেষ্ট। তোমরা প্রাসাদেই থাক। আবার যদি ফিরি, দেখা হবে।

লুৎফা : না, আমি যাব আপনার সঙ্গে।

সিরাজ : মানুষের দৃষ্টি থেকে চোরের মতো পালিয়ে পালিয়ে আমাকে পথ চলতে হবে। সে-কষ্ট তুমি সইতে পারবে না লুৎফা।

লুৎফা : পারব। আমাকে পারতেই হবে। বাংলার নবাব যখন পরের সাহায্যের আশায় লালায়িত তখন আমার কিসের অহংকার? মৃত্যু যখন আমার স্বামীকে কুকুরের মতো তাড়া করে ফিরছে তখন আমার কিসের কষ্ট? আমি যাব আমি সঙ্গে যাব।

(কান্নায় ভেঙে পড়লেন। সিরাজ তাঁকে দুহাতে গ্রহণ করলেন।)

[দৃশ্যান্তর]

চতুর্থ অঙ্ক

প্রথম দৃশ্য

সময় : ১৭৫৭ সাল, ২৯এ জুন। স্থান : মিরজাফরের দরবার।

[শিল্পীবৃন্দ : মঞ্চে প্রবেশের পর্যায় অনুসারে- রাজবল্লভ, জগৎশেঠ, নকিব, মিরজাফর, ক্লাইভ, ওয়াটস, কিলপ্যাট্রিক, উমিচাঁদ, প্রহরী, মিরন, মোহাম্মদি বেগ।]

(রাজবল্লভ, জগৎশেঠ, রায়দুর্লভসহ অন্যান্য আমির ওমরাহরা দরবারে আসীন। দরবার কক্ষ এমন আনন্দ-কোলাহলে মুখর যে সেটাকে রাজদরবারের পরিবর্তে নাচ-গানের মজলিস বলেও ভেবে নেওয়া যেতে পারে।)

রাজবল্লভ : কই আসর জুড়িয়ে গেল যে। নতুন নবাব সাহেবের দরবারে আসতে এত দেরি হচ্ছে কেন?

জগৎশেঠ : ঢাল-তলোয়ার ছেড়ে নবাবি লেবাস নিচ্ছেন খাঁ সাহেব, একটু দেরি তো হবেই। তাছাড়া চুলের নতুন খেজাব, চোখে সুর্মা, দাড়িতে আতর এ সব তাড়াহুড়ার কাজ নয়।

রাজবল্লভ : দর্জি নতুন পোশাকটা নিয়ে ঠিক সময়ে পৌঁছেছে কি না কে জানে।

জগৎশেঠ : না না, সে ভাবনা নেই। নবাব আলিবর্দী ইন্তেকাল করার আগের দিন থেকেই পোশাকটি তৈরি। আমি ভাবছি সিংহাসনে বসবার আগেই খাঁ সাহেব সিরাজউদ্দৌলার হারেমে ঢুকে পড়লেন কি না।

রাজবল্লভ : তবেই হয়েছে। বে-শুমার হুর-গেলমানদের বিচিত্র ওড়নার গোলকধাঁধা এড়িয়ে বার হয়ে আসতে খাঁ সাহেবের বাকি জীবনটাই না খতম হয়ে যায়।

(নকিবের ঘোষণা)

নকীব : সুবে বাংলার নবাব, দেশবাসীর ধন-দৌলত, জান-সালামতের জিম্মাদার মির মুহম্মদ জাফর আলি খান দরবারে তসরিফ আনছেন। হুঁশিয়ার...
(মিরজাফরের প্রবেশ, সঙ্গে মিরন। সবাই সসম্ভ্রমে উঠে দাঁড়াল। মিরজাফর ধীরে ধীরে সিংহাসনের কাছে গেলেন। একবার আড়াআড়িভাবে সিংহাসনটা প্রদক্ষিণ করলেন। তারপর একপাশে গিয়ে একটা হাতল ধরে দাঁড়ালেন। দরবারের সবাই কিছুটা বিস্মিত।)

রাজবল্লভ : (সিংহাসনের দিকে ইঙ্গিত করে) আসন গ্রহণ করুন সুবে বাংলার নবাব। দরবার আপনাকে কুর্নিশ করবার জন্যে অধৈর্য হয়ে অপেক্ষা করছে।

মিরজাফর : (চারিদিক তাকিয়ে) কর্নেল সাহেব এসে পড়লেন বলে।

জগৎশেঠ : কর্নেল সাহেব এসে কোম্পানির পক্ষ থেকে নজরানা দেবে দরবারের নিয়ম।

মিরজাফর : হ্যাঁ, উনি এখুনি আসবেন।

রাজবল্লভ : (ঈষৎ অসহিষ্ণু) কর্নেল ক্লাইভ আসা অবধি দেশের নবাব সিংহাসন ধরে দাঁড়িয়ে থাকবেন নাকি?

(নকিবের

নকীব : মহামান্য কোম্পানির প্রতিনিধি কর্নেল রবার্ট ক্লাইভ বাহাদুর, হুঁশিয়ার...
(ক্লাইভের প্রবেশ। সঙ্গে ওয়াটস কিলপ্যাট্রিক। গোটা দরবার মিরজাফরের মুখ আনন্দে ভরে উঠল।)

ক্লাইভ : লং লিভ জাফর আলি খান। বাট হোয়াট ইজ দিস? নবাব মসনদে দাঁড়িয়ে আছেন। ইনি কি নবাব না ফকির?

মিরজাফর : (বিনয়ের সঙ্গে) কর্নেল সাহেব হাত ধরে তুলে না দিলে আমি মসনদে না।

ক্লাইভ : (প্রচণ্ড বিস্ময়ে) হোয়াট? দিস ইজ ফ্যান্টাসটিক আই মাস্ট সে। নবাব, এ মসনদ আপনার। আমি তো আপনার রাইয়াৎ আপনাকে দেব।

মিরজাফর : মিরজাফর বেইমান নয়, কর্নেল ক্লাইভ। বাংলার মসনদের জন্য আপনার কাছে ঋণী। সে মসনদে বসতে হলে আপনার হাত ধরেই তা না হলে নয়।

ক্লাইভ : (ওয়াটসকে নিচু স্বরে) নো ক্লাউন উইল এভার বিট হিম। (দর উদ্দেশে) আমাকে লজ্জায় ফেলেছেন নবাব জাফর আলি খান। আই কমপ্লিটলি ওভারহোয়েলমড। বুঝতে পারছিনে কী করা দরকার। (গিয়ে মিরজাফরের হাত ধরল। তাকে সিংহাসনে বসিয়ে দিতে দি জেন্টেলমেন, আই প্রেজেন্ট ইউ দ্যা নিউ নবাব, হিজ এক্সিলেন্সি জা আলি খান। আপনাদের নতুন নবাব জাফর আলি খানকে আমি মস বসিয়ে দিলাম। মে গড হেল্প হিম অ্যান্ড হেল্প ইউ অ্যান্ড ওয়েল।

ওয়াটস ও কিলপ্যাট্রিক : হিপ হিপ হুররে।
(মিরজাফর মসনদে বসলেন। দরবারের সবাই কুর্নিশ করল।)

ক্লাইভ : আপনাদের দেশে আবার শান্তি আসল।
(কিলপ্যাট্রিকের কাছ থেকে একটি সুদৃশ্য তোড়া নিয়ে নবাবের পায়ের কা রাখল)

ক্লাইভ : কোম্পানির তরফ থেকে আমি নবাবের নজরানা দিলাম।

ওয়াটস ও কিলপ্যাট্রিক : লং লিভ জাফর আলি খান।
(একে একে অন্যেরা নজরানা দিয়ে কুর্নিশ করতে লাগল। হঠাৎ পাগলের ম চিৎকার করতে করতে উমিচাঁদের প্রবেশ। দৌড়ে ক্লাইভের কাছে গিয়ে)

উমিচাঁদ : আমাকে খুন করে ফেলো- আমাকে খুন করে ফেল। (ক্লাইভের তলোয় খাপ টেনে নিয়ে নিজের বুকে ঠুকতে ঠুকতে) খুন কর, আমাকে খুন কর।

মিরজাফর : কী হয়েছে? ব্যাপার কী?

উমিচাঁদ : ওহ সব বেইমান-বেইমান! না, আমি আত্মহত্যা করব। (নিজের গলা সজো চেপে ধরল। গলা দিয়ে ঘড়ঘড় আওয়াজ বেরুতে লাগল। ক্লাইভ সজো তার হাত ছাড়িয়ে ঝাঁকুনি দিতে দিতে)

ক্লাইভ : হাউ ইউ গন ম্যাড?

উমিচাঁদ : ম্যাড বানিয়েছ। এখন খুন করে ফেল। দয়া করে খুন কর কর্নেল সাহেব

ক্লাইভ : ডোন্ট বি সিলি। কী হয়েছে তা তো বলবে?

উমিচাঁদ : আমার টাকা কোথায়?

ক্লাইভ : কিসের টাকা?

উমিচাঁদ : দলিলে সই করে দিয়েছিলে, সিরাজউদ্দৌলা হেরে গেলে আমাকে বিশ টাকা দেওয়া হবে।

ক্লাইভ : কোথায় সে দলিল?

উমিচাঁদ : তোমরা জাল করেছ। (দৌড়ে সিংহাসনের কাছে গিয়ে) আপনি বিচার করুন। আপনি নবাব, সুবিচার করুন।

ক্লাইভ : আমি এর কিছুই জানিনে।

উমিচাঁদ : তা জানবে কেন সাহেব। নবাবের রাজকোষ বাঁটোয়ারা করে তোমার ভা পড়েছে একুশ লাখ টাকা। সকলের ভাগেই অংশ মতো কিছু না কিছু পড়েছে। শুধু আমার বেলাতে .... (ক্রন্দন)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

: (সবলে উমিচাঁদের বাহু আকর্ষণ করে) ইউ আর ড্রিমিং ওমিচান্দ, তুমি খোয়াব দেখছ।

: খোয়াব দেখছি? দলিলে পরিষ্কার লেখা বিশ লক্ষ টাকা পাব। তুমি নিজে সই করেছ।

: আমি সই করলে আমার মনে থাকত। তোমার বয়স হয়েছে-মাথায় গোলমাল দেখা দিয়েছে। এখন তুমি কিছুদিন তীর্থ কর-ঈশ্বরকে ডাক। মন ভালো হবে। (উমিচাঁদকে কিলপ্যাট্রিকের হাতে দিয়ে দিল। সে তাকে বাইরে টেনে নিয়ে গেল। উমিচাঁদ চিৎকার করতে লাগল : আমার টাকা, আমার টাকা।)

: উমিচাঁদের মাথা খারাপ হয়েছে। ইওর এক্সিলেন্সি, মে ফরগিভ আস।

: এমন শুভ দিনটা থমথমে করে দিয়ে গেল।

: ভুলে যান ও কিছু নয়। (নবাবের দিকে ফিরে) আমার মনে হয় আজ প্রথম দরবারে নবাবের কিছু বলা উচিত।

: নিশ্চয়ই। প্রজাসাধারণ আশ্বাসে আবার নতুন করে বুক বাঁধবে। রাজকার্য পরিচালনায় কাকে কি দায়িত্ব দেওয়া হবে তা-ও মোটামুটি তাদেরকে জানানো দরকার।

: (ধীরে ধীরে উঠে দাঁড়িয়ে-পাগড়ি ঠিক করে) আজকের এই দরবারে আমরা সরকারি কাজ আরম্ভ করার আগে কর্নেল ক্লাইভকে শুকরিয়া জানাচ্ছি তাঁর আন্তরিক সহায়তার জন্যে। বিনিময়ে আমি তাকে ইনাম দিচ্ছি বার্ষিক চার লক্ষ টাকা আয়ের জমিদারি চব্বিশ পরগণার স্থায়ী মালিকানা।
(ওয়াটস ও কিলপ্যাট্রিক এক সঙ্গে : হুররে। ক্লাইভ হাসিমুখে মাথা নোয়ালো।)

: দেশবাসীকে আমি আশ্বাস দিচ্ছি যে, তাঁদের দুর্ভোগের অবসান হয়েছে। সিরাজউদ্দৌলার অত্যাচারের হাত থেকে তাঁরা নিষ্কৃতি পেয়েছেন। এখন থেকে কারও শান্তিতে আর কোনো রকম বিঘ্ন ঘটবে না।

(প্রহরীর প্রবেশ)

: সেনাপতি মিরকাশেমের দূত।

: হাজির কর।

(বসলেন। দূতের প্রবেশ। মিরন দ্রুত তার কাছে এগিয়ে এল। মিরনের হাতে পত্র প্রদান। মিরন পত্র খুলেই উল্লসিত হয়ে উঠল।)

: পলাতক সিরাজউদ্দৌলা মিরকাশেমের সৈন্যদের হাতে ভগবানগোলায় বন্দি হয়েছে। তাকে রাজধানীতে নিয়ে আসা হচ্ছে।

(মিরজাফরের হাতে পত্র প্রদান)

: ভালো খবর। ইউ ক্যান রিয়েলি সেফ নাও।

: কিন্তু তাকে রাজধানীতে নিয়ে আসবার কী দরকার? বাইরে যে কোনো জায়গায় আটকে রাখলেই তো চলত।

: (রুখে উঠল) নো, ইওর অনার। এখন আপনাকে শক্ত হতে হবে। শাসন চালাতে হলে মনে দুর্বলতা রাখলে চলবে না। আপনি যে শাসন করতে পারেন, শাস্তি দিতে পারেন, দেশের লোকের মনে সে কথা জাগিয়ে রাখতে হবে এভরি মোমেন্ট। কাজেই সিরাজউদ্দৌলা শিকল-বাঁধা অবস্থায় পায়ে হেঁটে সবার চোখের সামনে দিয়ে আসবে জাফরগঞ্জের কয়েদখানায়। কোনো লোক তার জন্যে এতটুকু দয়া দেখালে তার গর্দান যাবে। এখন মসনদের মালিক নবাব জাফর আলি খান। সিরাজউদ্দৌলা এখন কয়েদি, ওয়ার ক্রিমিন্যাল। তার জন্যে যে সিমপ্যাথি দেখাবে সে ট্রেটার। আর আইনে ট্রেটারের শাস্তি মৃত্যু। অ্যান্ড দ্যাট ইজ হাউ ইউ মাস্ট রুল।

: আপনারা সবাই শুনেছেন আশা করি। সিরাজকে বন্দি করা হয়েছে। যথাসময়ে তার বিচার হবে। আমি আশা করি কেউ তার জন্যে সহানুভূতি দেখিয়ে নিজের বিপদ টেনে আনবেন না।

: ইয়েস। তাছাড়া মুর্শিদাবাদের রাজপথ দিয়ে যখন তাকে সোলজাররা টানতে টানতে নিয়ে যাবে তখন রাস্তার দুধার থেকে অর্ডিনারি পাবলিক তার মুখে থুতু দেবে - দে মাস্ট স্পিট অন হিজ ফেস।

: অতটা কেন?

: আমি জানি হি ইজ এ ডেড্ হর্স। কিন্তু এটা না করলে লোকে আপনার ক্ষমতা দেখে ভয় পাবে কেন? পাবলিকের মনে টেরর জাগিয়ে রাখতে পারাটাই শাসন ক্ষমতার গ্রানাইট ফাউন্ডেশন।

(মিরজাফর মসনদ থেকে নেমে দাঁড়াতেই দরবারে কাজ শেষ হলো। নবাব দরবার থেকে বেরিয়ে গেলেন, সঙ্গে সঙ্গে প্রধান অমাত্যরা এবং তার পেছনে অন্য সকলে। মঞ্চের আলো আস্তে আস্তে ক্ষীণ হয়ে গেল; কিন্তু প্রেক্ষাগৃহ অন্ধকার। ধীরে ধীরে মঞ্চে অনুজ্জ্বল আলো জ্বলে উঠল। কথা বলতে বলতে ক্লাইভ এবং মিরনের প্রবেশ।)

ক্লাইভ : আজ রাত্রেই কাজ সারতে হবে। এসব ব্যাপারে চান্স নেওয়া চলে না।

মিরন : কিন্তু হুকুম দেবে কে? আব্বা রাজি হলেন না।

ক্লাইভ : রাজবল্লভকে বল।

মিরন : তিনি নাকি অসুস্থ। তাঁর সঙ্গে দেখাই করা গেল না।

ক্লাইভ : দেন?

মিরন : রায়দুর্লভ, ইয়ার লুৎফ খাঁ-ওঁরাও রাজি হলেন না।

ক্লাইভ : তাহলে তোমাকে সেটা করতে হবে।

মিরন : প্রহরীরা আমার হুকুম শুনবে কেন?

ক্লাইভ : তোমার নিজের হাতেই সিরাজউদ্দৌলাকে মারতে হবে ইন ইওর ওন ইনটারেস্ট। সে বেঁচে থাকতে তোমার কোনো আশা নেই। নবাবি মসনদ তো পরের কথা, আপাতত হোয়াট অ্যাবাউট দ্যা লাভলি প্রিন্সেস? লুৎফুন্নিসা তোমার কাছে ধরা দেবে কেন সিরাউদ্দৌলা জীবিত থাকতে?

মিরন : আমি একজন লোক ব্যবস্থা করেছি। সে কাজ করবে, কিন্তু তোমার হুকুম চাই।

ক্লাইভ : হোয়াট এ পিটি, হায়ার্ড কিলাররা পর্যন্ত তোমার কথায় বিশ্বাস করে না। এনি ওয়ে, ডাক তাকে।

(মিরন বেরিয়ে গেল এবং মোহাম্মদি বেগকে নিয়ে ফিরে এল।)

মিরন : মোহাম্মদি বেগ।

ক্লাইভ : তুমি রাজি আছ?

মোহাম্মদি বেগ : দশ হাজার টাকা দিতে হবে। পাঁচ হাজার অগ্রিম।

ক্লাইভ : এগ্রিড (মিরনকে) ওকে টাকাটা এখুনি দিয়ে দাও।

(মিরন এবং মোহাম্মদি বেগ বেরুবার উপক্রম করল)

ক্লাইভ : দেয়ার মে বি ট্রাবল, অবস্থা বুঝে কাজ কর, বি কেয়ারফুল। কাজ ফতে হলেই আমাকে খবর দেবে, যাও।

(ওরা বেরিয়ে গেল। ক্লাইভের মুখটা কঠিন হয়ে উঠল। বাঁ হাতের তালুতে ডান হাতের মুঠো দিয়ে আঘাত করে বললো)

ইট ইজ এ মাস্ট।

[দৃশ্যান্তর]

দ্বিতীয় দৃশ্য

সময় : দোসরা জুলাই। স্থান : জাফরাগঞ্জের কয়েদখানা।

[শিল্পীবৃন্দ : মঞ্চে প্রবেশের পর্যায় অনুসারে-কারা-প্রহরী, সিরাজ, মিরন, মোহাম্মদি বেগ]

(প্রায়-অন্ধকার কারা কক্ষে সিরাজউদ্দৌলা। এক কোণে একটি নিরাবরণ দড়ির খাটিয়া, অন্য প্রান্তে একটি সোরাহি এবং পাত্র। সিরাজ অস্থিরভাবে পায়চারি করছেন আর বসছেন। কারাকক্ষের বাইরে প্রহরারত শান্ত্রী। মিরন এবং তার পেছনে মোহাম্মদি বেগের প্রবেশ। তার দুহাত বুকে বাঁধা। ডান হাতে নাতিদীর্ঘ মোটা লাঠি। প্রহরী দরজা খুলতেই কামরায় একটুখানি আলো প্রতিফলিত হলো।)

সিরাজ : (খাটিয়ার উপবিষ্ট-আলো দেখে চমকে উঠে) কোথা থেকে আলো আসছে। বুঝি প্রভাত হয়ে এল।

(খাটিয়া থেকে উঠে মঞ্চের সামনে এগিয়ে এল। মঞ্চের মাঝামাঝি এসে দাঁড়াল মিরন এবং তার পেছনে মোহাম্মদি বেগ।)

সিরাজ : (মোনাজাতের ভঙ্গিতে হাত তুলে) এ প্রভাত শুভ হোক তোমার জন্যে, লুৎফা। শুভ হোক আমার বাংলার জন্যে। নিশ্চিত হোক বাংলার প্রত্যেকটি নরনারী। আলহামদুলিল্লাহ।

মিরন : আল্লাহর কাছে মাফ চেয়ে নাও শয়তান।

সিরাজ : (চমকে উঠে) মিরন! তুমি এ সময়ে এখানে? আমাকে অনুগ্রহ দেখাতে এসেছ, না পীড়ন করতে?

মিরন : তোমার অপরাধের জন্য নবাবের দণ্ডাজ্ঞা শোনাতে এসেছি।

সিরাজ : নবাবের দণ্ডাজ্ঞা?

মিরন : বাংলার প্রজাসাধারণকে পীড়নের জন্যে, দরবারের পদস্থ আমির ওমরাহদের মর্যাদাহানির জন্যে, বাংলাদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানির আইনসঙ্গত বাণিজ্যের অধিকার ক্ষুণ্ন করবার জন্যে, অশান্তি এবং বিপ্লব সৃষ্টির জন্যে তুমি অপরাধী। নবাব জাফর আলি খান এই অপরাধের জন্যে তোমাকে মৃত্যুদণ্ড দিয়েছেন।

সিরাজ : মৃত্যুদণ্ড? জাফর আলি খান স্বাক্ষর করেছেন? কই দেখি।

মিরন : আসামির সে অধিকার থাকে নাকি? (পেছনে ফিরে) মোহাম্মদি বেগ।

মোহাম্মদি

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

বেগ : জনাব।

মিরন : নবাবের হুকুম তামিল কর।
(সঙ্গে সঙ্গে বেরিয়ে গেল। মোহাম্মদি বেগ লাঠিটা মুঠো করে ধরে সিরাজের দিকে এগোতে লাগল)

সিরাজ : প্রথমে মিরন, তারপর মোহাম্মদি বেগ। মিরন তবু মিরজাফরের পুত্র, কিন্তু তুমি মোহাম্মদি বেগ, তুমি আসছ আমাকে খুন করতে?
(মোহাম্মদি বেগ তেমনি এগোতে লাগল। সিরাজ হঠাৎ ভয় পেয়ে পিছিয়ে যেতে যেতে।)

সিরাজ : আমি মৃত্যুর জন্যে তৈরি। কিন্তু তুমি এ কাজ করো না মোহাম্মদি বেগ।
(মোহাম্মদি বেগ তবু এগোচ্ছে। সিরাজ আরও ভীত)

সিরাজ : তুমি এ কাজ করো না মোহাম্মদি বেগ। অতীতের দিকে চেয়ে দেখ, চেয়ে দেখ। আমার আব্বা-আম্মা পুত্রস্নেহে তোমাকে পালন করেছেন। তাঁদেরই সন্তানের রক্তে সে স্নেহের ঋণ-আঃ ...
(লাঠি দিয়ে মাথায় প্রচণ্ড আঘাত করল। সিরাজ লুটিয়ে পড়ল। মোহাম্মদি বেগ স্থির দৃষ্টিতে দেখতে লাগল মাথা ফেটে ফিনকি দিয়ে রক্ত বার হচ্ছে। ডান হাতের কনুই এবং বাঁ হাতের তালুতে ভর দিয়ে সিরাজ কিছুটা মাথা তুললেন।)

সিরাজ : (স্খলিত কণ্ঠে) লুৎফা, খোদার কাছে শুকরিয়া, এ পীড়ন তুমি দেখলে না।
(মোহাম্মদি বেগ লাঠি ফেলে খাপ থেকে ছোরা খুলে সিরাজের লুণ্ঠিত দেহের ওপরে ঝাঁপিয়ে পড়ল এবং তার পিঠে পর পর কয়েকবার ছোরার আঘাত করল। সিরাজের দেহে মৃত্যুর আকুঞ্চন। মোহাম্মদি বেগ উঠে দাঁড়াল)

সিরাজ : (ঈষৎ মাথা নাড়বার চেষ্টা করতে করতে মৃত্যু-নিস্তেজ কণ্ঠে) লা ইলাহা ইল্লাল্লাহ...
(মোহাম্মদি বেগ লাথি মারল। সঙ্গে সঙ্গে সিরাজের জীবন শেষ হলো। শুধু মৃত্যুর আক্ষেপে তার হাত দুটো মাটি আঁকড়ে ধরবার চেষ্টায় মুষ্টিবদ্ধ হয়ে কাঁপতে কাঁপতে চিরকালের মতো নিস্পন্দ হয়ে গেল।)

মোহাম্মদি বেগ : (উল্লাসের সঙ্গে) হা হা হা.

<u>সমাপ্ত</u>

লেখক পরিচিতি

নাম	সিকান্দার আবু জাফর
জন্ম পরিচয়	জন্ম : ১৯ মার্চ ১৯১৯ খ্রিস্টাব্দ; তেঁতুলিয়া, তালা, সাতক্ষীরা। পিতা : সৈয়দ মঈনুদ্দীন হাশেমী। পিতৃব্য : সৈয়দ জালালুদ্দীন হাশেমী (কলকাতা কর্পোরেশনের মেয়র ও অবিভক্ত বঙ্গের লেজিসলেটিভ অ্যাসেম্বলির ডেপুটি স্পিকার)।
শিক্ষাজীবন	মাধ্যমিক : ম্যাট্রিক (১৯৩৬), তালা বি. দে ইন্সটিটিউশন, খুলনা। উচ্চ মাধ্যমিক : রিপন কলেজ, কলকাতা।
কর্মজীবন/পেশা	চাকরি : রেডিও পাকিস্তান। সাংবাদিক : 'দৈনিক নবযুগ', সহযোগী সম্পাদক 'দৈনিক ইত্তেফাক'; প্রধান সম্পাদক 'দৈনিক মিল্লাত'; প্রতিষ্ঠাতা সম্পাদক 'মাসিক সমকাল'।
পুরস্কার	বাংলা একাডেমি পুরস্কার (১৯৬৬)।
জীবনাবসান	৫ আগস্ট ১৯৭৫ খ্রিস্টাব্দ।
সাহিত্যকর্ম	
কাব্যগ্রন্থ	প্রসন্ন প্রহর (১৯৬৫), বৈরী বৃষ্টিতে (১৯৬৫), তিমিরান্তিক (১৯৬৫), কবিতা ১৩৭২ (১৯৬৮), বৃশ্চিক লগ্ন (১৯৭১)।
নাটক	শকুন্ত উপাখ্যান (১৯৫৮), সিরাজউদ্দৌলা (১৯৬৫), মহাকবি আলাওল (১৯৬৫), নতুন সকাল (১৯৪৫)।
উপন্যাস	মাটি আর অশ্রু (১৯৪২), পূরবী (১৯৪৪)।
গল্পগ্রন্থ	মতি আর অশু (১৯৪১)।
কিশোর উপন্যাস	জয়ের পথে (১৯৪২), নবী কাহিনী (১৯৫১)।
অনুবাদ	রুবাইয়াৎ ওমর খৈয়াম (১৯৬৬), সেন্ট লুইয়ের সেতু (১৯৬১), বারনাড মালামুডের যাদুর কলস (১৯৫৯)।
গান	মালব কৌশিক (১৯৬৬)।
আত্মজীবনী	তৃণাঙ্কুর।

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সিকান্দার আবু জাফর ১৯১৯ সালে সাতক্ষীরা জেলার তালা উপজেলার তেঁ... গ্রামে জন্মগ্রহণ করেন।
- প্রগতিশীল সাংস্কৃতিক আন্দোলনে তিনি বরাবরই অগ্রবর্তী ছিলেন।
- তাঁর সম্পাদনায় দীর্ঘকাল ধরে প্রকাশিত মাসিক সাহিত্য পত্রিকা 'সমকাল' হয়ে উঠ... তরুণ সাহিত্যিকদের মিলনক্ষেত্র; পাকিস্তানি অপশাসনের বিরুদ্ধে বুদ্ধিবৃত্তিক প্র... ও প্রতিরোধের এক বলিষ্ঠ প্লাটফর্ম।
- দেশভাগের পর তিনি পূর্ব বাংলায় চলে আসেন এবং ১৯৫৩ সাল পর্যন্ত রে... পাকিস্তানের স্টাফ আর্টিস্ট হিসেবে দায়িত্ব পালন করেন।
- তিনি ছিলেন মুখ্যত একজন সাংবাদিক।
- কাজী নজরুল ইসলাম সম্পাদিত 'নবযুগ' পত্রিকায় কাজ করার অভিজ্ঞতাও তাঁর ছি...
- মুক্তিযুদ্ধের সময় কলকাতা থেকে 'সাপ্তাহিক অভিযান' পত্রিকা সম্পাদনা ও প্রকাশে... গুরুদায়িত্ব পালন করেন তিনি।
- 'সিরাজউদ্দৌলা' ছাড়াও তাঁর আরও যেসব বিখ্যাত নাটক রয়েছে তাদের ম... 'মাকড়সা' (১৯৬০), 'শকুন্ত উপাখ্যান' (১৯৬২) এবং 'মহাকবি আলাওল' (১৯... বিশেষভাবে উল্লেখযোগ্য।
- 'আমাদের সংগ্রাম চলবেই', 'বাংলা ছাড়ো' প্রভৃতি বিখ্যাত রচনার স্রষ্টা সিকান্দার আ... জাফর নাট্যকার হিসেবেও বিশেষভাবে সমাদৃত ছিলেন।
- ১৯৭৫ সালের ৫ই আগস্ট তিনি ঢাকায় মৃত্যুবরণ করেন।

বাংলা নাটকের উদ্ভব ও বিকাশ সম্পর্কিত তথ্যাবলি

- এখন পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুসারে প্রথম বাংলা নাটকের অভিনয় হয় ১৭৯৫ সালের ২৭ে নভেম্বর তারিখে। হেরাসিম লেবেদেফ, তার ভাষা-শিক্ষক গোলকনাথ দাসের সাহায্যে 'ছদ্মবেশ' (The disguise) নামক ইংরেজি থেকে অনূদিত নাটকের পাশ্চাত্য ধাঁচে মঞ্চায়ন করেন।
- ১৮৫৭ সালে জানুয়ারি মাসে অনুবাদ নাটকের পরিবর্তে নন্দকুমার রায়ের 'অভিজ্ঞান শকুন্তলা' প্রথম বাংলা নাটক হিসাবে অভিনীত হয়।
- বাংলা নাটকের ইতিহাসে অভূতপূর্ব ঘটনা ঘটে পাইকপাড়ার রাজা ঈশ্বরচন্দ্র সিংহ ও রাজা প্রতাপচন্দ্র সিংহের বেলগাছিয়া বাগান বাড়িতে স্থাপিত নাট্যশালায়। ১৮৫৮ সা... 'রত্নাবলী' নাটক দেখতে এসে সদ্য মাদ্রাজফেরত মাইকেল মধুসূদন দত্ত এর মান দে... অত্যন্ত ব্যথিত হন এবং তার ফলস্বরূপ বাংলা সাহিত্য তাঁর হাত থেকে পেয়ে যায় প্রথম সার্থক বাংলা নাটক 'শর্মিষ্ঠা'।
- এরই ধারাবাহিকতায় গিরিশচন্দ্র ঘোষ, দ্বিজেন্দ্রলাল রায় প্রমুখ নাট্যকারের আবির্ভাব ঘটে বাংলা নাটকের অঙ্গনে; বিকশিত হতে থাকে বাংলা নাট্যধারা। মধুসূদন, দীনবন্ধু এই নব নাটককে করে তুললেন অনেক বেশি রুচিসম্মত ও নান্দনিক।
- এরপর রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর নিজস্ব তত্ত্ব ও আঙ্গিককে-নিরীক্ষার প্রয়োগ ঘটিয়ে বাংলা নাটকে যোগ করেন বিশ্বমানের স্বাতন্ত্র্য।
- বিজন ভট্টাচার্য, উৎপল দত্ত প্রমুখ নাট্যকার এই নতুন ধারার নাটক নিয়ে জনমানুষের কাছে পৌঁছাতে দৃঢ়প্রতিজ্ঞ হন।
- উল্লেখযোগ্য কয়েকটি বাংলা নাটকের নাম নিম্নরূপ : রামনারায়ণ তর্করত্নের 'কুলীনকুলসর্বস্ব', মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী', 'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ', দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ', 'সধবার একাদশী', মীর মশাররফ হোসেনের 'জমীদার-দর্পণ', গিরিশচন্দ্র ঘোষের 'প্রফুল্ল', রবীন্দ্রনাথ ঠাকুরের 'বিসর্জন', দ্বিজেন্দ্রলাল রায়ের 'সাজাহান', বিজন ভট্টাচার্যের 'নবান্ন', তুলসী লাহিড়ীর 'ছেঁড়াতার', উৎপল দত্তের 'টিনের তলোয়ার' প্রভৃতি।
- বাংলা নাটকের এই সমৃদ্ধ উত্তরাধিকার বহন করে বাংলাদেশেরও একটি নিজস্ব নাট্যধারা ধীরে ধীরে গড়ে ওঠে। এ প্রসঙ্গে বাংলাদেশের কয়েকটি উল্লেখযোগ্য নাটকের কথা স্মরণ করা যেতে পারে। যেমন : নুরুল মোমেনের 'নেমেসিস', সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র 'বহিপীর', মুনীর চৌধুরীর 'চিঠি', আনিস চৌধুরীর 'মানচিত্র', সাঈদ আহ্‌মদের 'কালবেলা', মমতাজ উদ্দীন আহমদের 'কি চাহ শঙ্খচিল', সৈয়দ শামসুল হকের 'পায়ের আওয়াজ পাওয়া যায়', 'নূরলদীনের সারাজীবন', জিয়া হায়দারের 'শুভ্র সুন্দর কল্যাণী আনন্দ', আবদুল্লাহ আল মামুনের 'সুবচন নির্বাসনে', মামুনুর রশীদের 'ওরা কদম আলী', সেলিম আল দীনের 'কীত্তনখোলা' প্রভৃতি।

পলাশির যুদ্ধের পটভূমি সম্পর্কিত তথ্যাবলি

- বাণিজ্যের আকর্ষণেই ইউরোপীয়রা দীর্ঘকাল পূর্বে ভারতে আসে এবং ক্রমশ এদেশের রাজনীতিতে তারা তাদের আধিপত্য বিস্তারে সচেষ্ট হয়।
- কলম্বাস এদেশ আবিষ্কারের উদ্দেশ্যেই এককালে সমুদ্রযাত্রা করেছিলেন, যদিও শেষ পর্যন্ত তিনি আবিষ্কার করে ফেলেন আমেরিকা।
- ইতিহাস থেকে আরও জানা যায় যে, পর্তুগিজ নাবিক ও বেনিয়া ভাস্কো দা গামা ভারতে পৌঁছেছিলেন ১৪৯৮ সালে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

১ এই পর্তুগিজদের সূত্র ধরেই একের পর এক বাণিজ্য কুঠি পূর্ব ভারতসহ ভারতের বিভিন্ন অংশে স্থাপিত হতে থাকে। এরা দস্যুবৃত্তিতেও লিপ্ত ছিল।

১ ১৬৩২ সালে বাংলার সুবাদার যুবরাজ শাহ সুজার সম্মতি পেয়ে ইংরেজরা হুগলিতে কারখানা স্থাপনের অনুমতি পায়।

১ এর ধারাবাহিকতায় ১৬৯৮ সালে ইংরেজরা সুতানটি, গোবিন্দপুর ও কলিকাতা গ্রাম ক্রয় করে এবং উল্লিখিত এই তিনটি গ্রাম নিয়েই পরে কলকাতা নগরী গড়ে ওঠে।

১ মরণাপন্ন মোগল সম্রাট ফররুখ শিয়রকে শল্য চিকিৎসার মাধ্যমে সুস্থ করে তোলেন ইংরেজ ডাক্তার হ্যামিলটন। আর এরই পুরস্কার হিসেবে ডাক্তারের অনুরোধে ইংরেজদের এদেশে অবাধ বাণিজ্যের ফরমান প্রদান করেন সম্রাট; যা ইংরেজদের বিনা শুল্কে বাণিজ্য, জমিদারি লাভ, নিজস্ব টাকশাল স্থাপন এমনকি দেশীয় কর্মচারীদের বিচার করবার ক্ষমতাও প্রদান করে।

১ দিল্লি থেকে এমন ফরমান জারি হলেও বাংলার শাসনকর্তা মুর্শিদকুলি খাঁ, সুজাউদ্দিন খাঁ, সরফরাজ খাঁ এবং আলিবর্দি খাঁ তাদের নিজ নিজ এলাকায় এতটাই শক্তিশালী ছিলেন যে, তাঁরা কেউই বাদশার এই অন্যায় ফরমান মানেননি। আর এ থেকেই ইংরেজদের সঙ্গে বাংলার নবাবদের ঘনঘন সংঘর্ষ, লড়াই চলতে থাকে। এই সকল লড়াইয়ে ইংরেজরা বারংবার পরাভূত হয়েছে।

১ পরিস্থিতির প্রয়োজনে অতি অল্প বয়সে সিরাজউদ্দৌলা সিংহাসনে আরোহণের পর থেকেই ইংরেজরা সিরাজের বিরুদ্ধে ব্যাপকভাবে একের পর এক লড়াই ও ষড়যন্ত্রে লিপ্ত হয়।

১ এরই ধারাবাহিকতায় ১৭৫৭ খ্রিস্টাব্দের ২৩এ জুন পলাশির প্রান্তরে ইংরেজদের বিরুদ্ধে নবাব যুদ্ধে অবতীর্ণ হন। ইংরেজদের তুলনায় নবাবের অস্ত্র, গোলা-বারুদ, সৈন্য সবই বেশি ছিল। ইতিহাস থেকে জানা যায় যে, ইংরেজ পক্ষে ছিল তিন হাজার সৈন্য এবং দশটি কামান; এর বিপরীতে নবাব পক্ষের সৈন্যসংখ্যা ছিল পঞ্চাশ হাজার এবং কামানের সংখ্যা ছিল পঞ্চাশটি। এত বিপুল সমর-সামর্থ্য থাকা সত্ত্বেও নবাবের পরাজয় হলো, কেননা তাঁর অধিকাংশ সেনাপতি যুদ্ধে অংশগ্রহণ না করে নিষ্ক্রিয় হয়ে রইল। এভাবে এক অন্যায় যুদ্ধে বাংলা ইংরেজদের অধীন হলো। ব্যক্তি ও গোষ্ঠীস্বার্থ রক্ষা করতে গিয়ে বিশ্বাসঘাতক পুঁজিপতি আর সেনাপতিরা বাংলার স্বাধীনতা বিসর্জন দিল।

টীকা ও চরিত্র পরিচিতি

আলিবর্দি (মির্জা মুহম্মদ আলিবর্দি খাঁ) : (১৬৭৬-১০.০৪.১৭৫৬ খ্রি.)। প্রকৃত নাম মির্জা মুহম্মদ আলি। তিনি ১৭৪০ সাল থেকে ১৭৫৬ সাল পর্যন্ত বাংলা, বিহার ও উড়িষ্যার নবাব ছিলেন। আলিবর্দি খাঁর বাবা ছিলেন আরব দেশীয় এবং মা তুর্কি। ইরানের (পারস্য) এই সামান্য সৈনিক ভাগ্যান্বেষণে ভারতবর্ষে এসেছিলেন। চাকরির উদ্দেশে দিল্লিতে এসে সুবিধা করতে না পেরে তিনি বাংলার নবাব মুর্শিদকুলি খাঁর জামাতা সুজাউদ্দিনের দরবারের পারিষদ ও পরে একটি জেলার ফৌজদার নিযুক্ত হন। আলিবর্দি খাঁর কোনো পুত্রসন্তান ছিল না। তিন কন্যা ঘসেটি বেগম (মেহেরউননেসা), শাহ বেগম ও আমিনা বেগমকে তিনি তাঁর ভাই হাজি মুহম্মদের তিন পুত্রের সঙ্গে বিয়ে দেন। আশি বছর বয়সে বৃদ্ধ নবাব আলিবর্দি ১০ই এপ্রিল ১৭৫৬ সালে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুর পর ছোট মেয়ে আমিনা বেগমের পুত্র সিরাজউদ্দৌলা বাংলা, বিহার, উড়িষ্যার নবাব নিযুক্ত হন। সিরাজ ছিলেন আলিবর্দির অত্যন্ত প্রিয়পাত্র। আলিবর্দির ইচ্ছা অনুযায়ী সিরাজ নবাব হিসেবে অধিষ্ঠিত হন।

মিরজাফর : মিরজাফর আলি খাঁন পারস্য (ইরান) থেকে নিঃস্ব অবস্থায় ভারতবর্ষে আসেন। উচ্চ বংশীয় যুবক হওয়ায় নবাব আলিবর্দি খাঁন তাকে স্নেহ করতেন এবং বৈমাত্রেয় ভগ্নী শাহ খানমের সঙ্গে মিরজাফরের বিয়ে দেন। আলিবর্দি তাকে সরকারের উচ্চ পদে নিযুক্ত করেন। তিনি কূটকৌশল ও চাতুর্যের মাধ্যমে নবাবের অত্যন্ত প্রিয়পাত্র হয়েছিলেন এবং সেনাপতি ও বকশির পদে অধিষ্ঠিত হয়েছিলেন। কিন্তু তার মেধা, বুদ্ধি ও কৌশলের মূলে ছিল ক্ষমতালিপ্সা। ফলে আলিবর্দিকে হত্যা করার ষড়যন্ত্র থেকে শুরু করে দুর্নীতির অভিযোগে তাকে একাধিক বার ক্ষমতাচ্যুত করেছিলেন নবাব। বার বার ক্ষমা পাওয়া সত্ত্বেও তার চরিত্রের বিশ্বাসঘাতকতার কোনো পরিবর্তন হয়নি।

পলাশির যুদ্ধে নবাব সিরাজের পতনের পর ক্লাইভের গাধা বলে পরিচিত মিরজাফর ১৭৫৭ সালের ২৯এ জুন ক্লাইভের হাত ধরে বাংলার মসনদে আরোহণ করেন। কিন্তু ইংরেজদের স্বার্থের পরিপন্থী বিবেচনায় তাকে গদিচ্যুত করে তার জামাতা মিরকাসিমকে বাংলার মসনদে বসান। ১৭৬৪ সালে পুনরায় তাকে সিংহাসনে বসানো হয়। ইংরেজদের কাছে বাংলার স্বাধীনতা বিকিয়ে দেওয়া এই বিশ্বাসঘাতক মানুষটি কুষ্ঠরোগে আক্রান্ত হয়ে ৫ই ফেব্রুয়ারি ১৭৬৫ সালে মারা যান। বাংলার ইতিহাসে মিরজাফর বিশ্বাসঘাতকতার প্রতীক, নিকৃষ্ট মানুষের প্রতীক।

ক্লাইভ : পিতা-মাতার অত্যন্ত উচ্ছৃঙ্খল সন্তান ছিলেন রবার্ট ক্লাইভ। তার দৌরাত্ম্যে অস্থির হয়ে বাবা মা তাকে ইস্ট ইন্ডিয়া কোম্পানির চাকরি দিয়ে ইংল্যান্ড থেকে ভারতবর্ষে পাঠিয়ে দেন।

ফরাসিরা এদেশে বাণিজ্য বিস্তার ও রাজ্যজয়ের জন্য প্রস্তুত হচ্ছিল। বাজার দখল ও রাজ্য জয়কে কেন্দ্র করে তখন ফরাসিদের বিরুদ্ধে চলছিল ইংরেজ বণিকদের যুদ্ধ। সেইসব ছোটখাটো যুদ্ধে সৈনিক ক্লাইভ একটার পর একটা কৃতিত্ব প্রদর্শন করেন। বোম্বাই এর মারাঠা জলদস্যুদের বিরুদ্ধে জয়লাভ করে কর্নেল পদবি লাভ করেন এবং মাদ্রাজের ডেপুটি গভর্নর পদে অধিষ্ঠিত হন।

সে সময় সিরাজউদ্দৌলা কলকাতা আক্রমণ করে ইংরেজদের ফোর্ট উইলিয়ম দুর্গ দখল করে নেন। ইংরেজ পক্ষের গভর্নর ড্রেক পালিয়ে যান। কিন্তু কর্নেল ক্লাইভ অধিক সংখ্যক সৈন্যসামন্ত নিয়ে মাদ্রাজ থেকে কলকাতায় এসে দুর্গ দখল করে নেন।

তারপর চলল মুর্শিদাবাদে নবাবের সঙ্গে দরকষাকষি। ক্লাইভ ছিলেন যেমন ধূর্ত তেমনি সাহসী; আবার যেমন মিথ্যাবাদী তেমনি কৌশলী। চারদিক থেকে ষড়যন্ত্রের জাল বিস্তার করে তিনি তরুণ নবাবকে বিভ্রান্ত ও বিব্রত করার চেষ্টা করেন। নবাবের অধিকাংশ লোভী, স্বার্থপর, শঠ বিশ্বাসঘাতক অমাত্য ও সেনাপতিদের উৎকোচ ও প্রলোভন দিয়ে নিজের দলে ভিড়িয়ে নেন। অবশেষে তার নেতৃত্বে চন্দননগরে ফরাসি কুঠি আক্রমণ করা হয়। ফরাসিরা পালিয়ে যান। এবার ক্লাইভ নবাবের বিরুদ্ধে সরাসরি যুদ্ধ ঘোষণা করেন। ১৭৫৭ সালের ২৩এ জুন পলাশি প্রান্তরে ক্লাইভের নেতৃত্বে যুদ্ধ হয়। এ যুদ্ধ শঠতার ও বিশ্বাসঘাতকতার। সিরাজউদ্দৌলার অধিকাংশ সেনাপতি যুদ্ধে অংশগ্রহণ করেননি। ফলে খুব সহজেই ক্লাইভের সৈন্য জয়লাভ করে।

উমিচাঁদ : উমিচাঁদ লাহোরের অধিবাসী শিখ সম্প্রদায়ের লোক ছিলেন। কলকাতায় এসে প্রথমে তিনি গোমস্তার কাজ করতেন। পরে ইংরেজদের ব্যবসার দালালি করতে শুরু করেন। দালালি ব্যবসা করে উমিচাঁদ কোটি টাকার মালিক হয়েছিলেন। কখনো কখনো নবাবের প্রয়োজনে উচ্চ সুদে টাকা ধার দিয়ে নবাবের দরবারে যথেষ্ট প্রভাবশালী হয়ে উঠেছিলেন। প্রচুর টাকার অধিকারী হয়ে উমিচাঁদ দেশের রাজনীতিতে অনুপ্রবেশ শুরু করেন। উমিচাঁদ বড় ধুরন্ধর ব্যক্তি ছিলেন। ইংরেজদের কথা নবাবের কাছে এবং নবাবের কথা ইংরেজদের কাছে বলে দু পক্ষের সঙ্গে সুসম্পর্ক রাখতেন।

ওয়াটস : ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাশিম বাজার কুঠির পরিচালক ছিলেন উইলিয়াম ওয়াটসন। ইংরেজদের সঙ্গে চুক্তি অনুসারে নবাবের দরবারে ইংরেজ প্রতিনিধি হিসেবে প্রবেশাধিকার ছিল তার।

ওয়াটসন (অ্যাডমিরাল চার্লস ওয়াটসন) : ইংরেজ পক্ষের নৌবাহিনীর প্রধান ছিলেন অ্যাডমিরাল ওয়াটসন। ওয়াটসন ছিলেন ব্রিটিশ রাজের কমিশন পাওয়া অ্যাডমিরাল। ১৭৫৬ সালের অক্টোবর মাসের ১৬ তারিখে মাদ্রাজ থেকে সৈন্যসামন্তসহ পাঁচখানি যুদ্ধ জাহাজ নিয়ে তিনি কলকাতার দিকে রওনা হন। কলকাতা তখন ছিল নবাব সিরাজউদ্দৌলার দখলে।

হলওয়েল : লন্ডনের গাইস হাসপাতাল থেকে ডাক্তারি পাস করে হলওয়েল কোম্পানির চাকরি নিয়ে ভারতবর্ষে চলে আসেন। পাটনা ও ঢাকার অফিসে কিছুকাল চাকরি করে ১৭৩২ সালে তিনি সার্জন হয়ে কলকাতায় আসেন। তখন তার মাইনে ছিল পঞ্চাশ টাকা মাত্র। সুতরাং অবৈধভাবে বিপুল অর্থ-ঐশ্বর্য লাভের আশায় তিনি সিভিল সার্ভিসে চাকরি নেন। ১৭৫২ সালে তিনি চব্বিশ পরগনার জমিদারের দায়িত্ব পালন করেন। যুদ্ধের সময় তিনি ফোর্টের অস্থায়ী গভর্নর নিযুক্ত হন।

মিথ্যা বলে অতিরঞ্জিত করে অসত্য ও অন্যায়ের আশ্রয় নিয়ে নবাব সিরাজউদ্দৌলাকে এবং তাঁর শাসনামলকে কলঙ্কিত করা ছিল হলওয়েলের উদ্দেশ্য। সেই উদ্দেশ্যেই তিনি অন্ধকূপ হত্যা কাহিনি (Black Hole Tragedy) বানিয়েছিলেন। তার বানানো গল্পটি হলো : নবাব দুর্গ জয় করে ১৮ ফুট লম্বা এবং ১৫ ফুট চওড়া একটি ঘরে ১৪৬ জন ইংরেজকে বন্দি করে রাখেন-যে ঘরের চারদিক ছিল বন্ধ। সকালে দেখা গেল ১২৩ জন ইংরেজ মারা গেছেন। অথচ দুর্গে তখন ১৪৬ জন ইংরেজ ছিলেনই না। আর এমন ছোট একটি ঘরে ১৪৬ জন মানুষ কিছুতেই সংকুলান হওয়া সম্ভব নয়। অথচ তার হিসাব-নিকাশ বোধ সম্পূর্ণ লুপ্ত হয়েছিল। আর এই মিথ্যাকে চিরস্থায়ী রূপ দেওয়ার জন্য তিনি কলকাতায় ব্লাক হোল মনুমেন্ট নির্মাণ করেছিলেন। পরে গর্ভনর ওয়ারেন হেস্টিংস এই মনুমেন্ট সরিয়ে দেন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS JOYKOLY

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ঘসেটি বেগম : নবাব আলিবর্দি খানের জ্যেষ্ঠ কন্যা ঘসেটি বেগম তথা মেহেরুন্নেসা। আলিবর্দি খানের বড় ভাই হাজি আহমদের বড় ছেলে নওয়াজিস মোহাম্মদ শাহমৎ জঙ্গের সঙ্গে তাঁর বিয়ে হয়। তাদের কোনো সন্তান ছিল না। তাই তিনি ছোট বোন আমিনা বেগমের ছেলে অর্থাৎ সিরাজউদ্দৌলার ভাই একরামউদ্দৌলাকে পোষ্যপুত্র হিসেবে গ্রহণ করেছিলেন। তার প্রত্যাশা ছিল যে, একরামউদ্দৌলা নবাব হলে নবাব মাতা হিসেবে রাজকার্য পরিচালনা করার সুযোগ পাবেন। কিন্তু একরামউদ্দৌলা বসন্ত রোগে আক্রান্ত হয়ে অকালে মৃত্যুবরণ করলে ঘসেটি বেগম নৈরাশ্যে আক্রান্ত হন।
ঘসেটি বেগমের স্বামী নওয়াজিস মোহাম্মদ ছিলেন ভগ্ন-স্বাস্থ্য ও দুর্বল চিত্তের অধিকারী। তিনি নিজে শাসনকার্য পরিচালনা করতে পারতেন না। শাসনকার্য পরিচালনা করতেন তার সেনাপতি হোসেন কুলি খাঁ। এই হোসেন কুলি খাঁয়ের সঙ্গে ঘসেটি বেগমের অনৈতিক সম্পর্ক ছিল বলে অনুমান করা হয়। ফলে আলিবর্দি খানের নির্দেশে সিরাজউদ্দৌলা হোসেন কুলী খাঁকে হত্যা করেন। ঘসেটি বেগম এই হত্যাকে কখনই মেনে নিতে পারেননি। তাই তিনি সিরাজউদ্দৌলার প্রতি সর্বদাই ছিলেন প্রতিশোধ-পরায়ণ।
তিনি নানা কৌশলে নবাব সিরাজের বিশ্বাসঘাতক অমাত্য ও ইংরেজদের সঙ্গে সম্পর্ক রেখে চলেছিলেন। ১৭৫৭ সালে পলাশির যুদ্ধে ঘসেটি বেগম ও তার দলবলের বিজয় হলেও আর দশজন বিশ্বাসঘাতকের মতো তার পরিণতিও ছিল বেদনাবহ। প্রথমে তাকে ঢাকায় অন্তরীণ করা হয়। পরে মিরনের চক্রান্তে বুড়িগঙ্গা ও শীতলক্ষার সন্ধিস্থলে ফেলে দিয়ে তাঁকে হত্যা করা হয়।

ড্রেক : রোজার ড্রেক ছিলেন ইস্ট ইন্ডিয়া কোম্পানির কলকাতার গভর্নর। ১৭৫৬ সালে সিরাজউদ্দৌলা কলকাতা আক্রমণ করেন। নবাবের আক্রমণের মুখে টিকতে না পেরে প্রাণভয়ে সঙ্গী-সাথিদের ফোর্ট উইলিয়ম দুর্গে ফেলে তিনি নৌকায় চড়ে কলকাতা ছেড়ে ফলতায় পালিয়ে যান।
পুনরায় ক্লাইভ কলকাতা অধিকার করলে ড্রেক গভর্নর হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। কিন্তু পলাশির যুদ্ধের পর কোম্পানি ড্রেকের পরিবর্তে রবার্ট ক্লাইভকে কলকাতার গভর্নর নিযুক্ত করে। পলাশির যুদ্ধে জয়লাভের পর গভর্নর ড্রেককে মিরজাফর তার রাজকোষ থেকে দুই লক্ষ আশি হাজার টাকা দিয়েছিলেন।

মানিকচাঁদ : রাজা মানিকচাঁদ ছিলেন নবাবের অন্যতম সেনাপতি। তিনি বাঙালি কায়স্থ, ঘোষ বংশে তার জন্ম। নবাবের গোমস্তা হিসেবে তার কর্মজীবন শুরু হয়। পরে আলিবর্দির সুনজরে পড়ে মুর্শিদাবাদের সেরেস্তাদারি পেয়েছিলেন। ১৭৫৬ সালে জুন মাসে কলকাতা দখল করে নবাব কলকাতা শহরের নতুন নামকরণ করেন আলি নগর। আর মানিকচাঁদকে করেন কলকাতার গভর্নর। কিন্তু বিশ্বাসঘাতক মানিকচাঁদ ইংরেজদের সঙ্গে সর্বদাই যোগাযোগ রক্ষা করে চলতেন।

জগৎশেঠ : জগৎশেঠ জৈন সম্প্রদায়ের মানুষ ছিলেন এবং তাঁর পেশা ছিল ব্যবসা। বহুকাল ধরে হিন্দু সমাজভুক্ত হয়ে এই সমাজেরই অংশ হয়ে উঠেছিলেন তিনি। তার প্রকৃত নাম ফতেহ চাঁদ। জগৎশেঠ তার উপাধি। এর অর্থ হলো জগতের টাকা আমদানিকারী বা বিপুল অর্থের অধিকারী কিংবা অর্থ লগ্নির ব্যবসায়ী। নবাব সরফরাজ খাঁকে হটিয়ে আলিবর্দিকে সিংহাসনে আরোহণের ব্যাপারে তাঁর ভূমিকা ছিল। সুতরাং তিনি খুব স্বাভাবিকভাবেই মনে করেছিলেন যে, নবাব আলিবর্দির মৃত্যুর পর নবাব সিরাজউদ্দৌলা তাদের বশীভূত থাকবেন এবং ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে অবৈধ সুযোগ-সুবিধা দিবেন। কিন্তু সিরাজউদ্দৌলা সততা ও নিষ্ঠায় ভিন্ন প্রকৃতির এক যুবক। তিনি কিছুতেই এদের অন্যায়ের কাছে মাথা নত করেননি। বরং জগৎশেঠকে তার ষড়যন্ত্রের জন্য বিভিন্নভাবে লাঞ্ছিত করেছেন। জগৎশেঠও অন্যান্য বিশ্বাসঘাতকদের সঙ্গে সিরাজউদ্দৌলার পতনে নিষ্ঠুর ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন।

আমিনা বেগম : নবাব আলিবর্দির কনিষ্ঠ কন্যা আমিনা বেগম। আলিবর্দির বড় ভাই হাজি আহমদের পুত্র জয়েন উদ্দিনের সঙ্গে তাঁর বিয়ে হয়। তাঁর তিন সন্তান। এরা হলেন মির্জা মুহাম্মদ সিরাজউদ্দৌলা, একরামউদ্দৌলা ও মির্জা হামদি। স্বামী জয়েনউদ্দিন ও পুত্র সিরাজউদ্দৌলার জীবনের চরম দুর্ভাগ্যের সঙ্গে তাঁর জীবনও আষ্টেপৃষ্ঠে জড়িয়েছিল। স্বামী জয়েনউদ্দিন প্রথমে উড়িষ্যার ও পরে বিহারের সুবেদার ছিলেন। ১৭৪৮ সালে আফগান অধিপতি আহমদ শাহ দুররানি পাঞ্জাব আক্রমণ করলে নবাব আলিবর্দির আফগান সৈন্যবাহিনী বিদ্রোহী হয়ে ওঠেন এবং পাটনা অধিকার করেন। বিদ্রোহীরা নবাবের বড় ভাই হাজি আহম্মদ ও জামাতা জয়েনউদ্দিনকে হত্যা করেন। অতি অল্প বয়সে বিধবা আমিনা বেগম পুত্র নবাব সিরাজউদ্দৌলার মাতা হিসেবেও শান্তি লাভ করতে পারেননি। দেশি-বিদেশি বিশ্বাসঘাতকদের চক্রান্তে নবাব পরাজিত ও নিহত হলে এবং একটি হাতির পৃষ্ঠে তাঁর মরদেহ নিয়ে এলে মা আমিনা বেগম দিকবিদিক জ্ঞানশূন্য হয়ে আর্তনাদ করতে করতে ছেলেকে শেষবারের মতো দেখতে ছুটে আসেন। এ সময় মিরজাফরের রক্ষীরা তাঁর উপর চড়াও হয় এবং তাঁকে নির্যাতন করে আন্দর মহলে পাঠিয়ে দেয়। আমিনার এক পুত্র একরামউদ্দৌলা পূর্বেই বসন্ত রোগে মারা যান। পলাশির যুদ্ধে সিরাজউদ্দৌলা মিরজাফর ও অন্যান্য অমাত্যের বিশ্বাসঘাতকতায় পরাজিত ও নিহত হন। কনিষ্ঠ পুত্র মির্জা হামদিকেও মিরনের আদেশে নির্মমভাবে হত্যা করা হয় আর আমিনা বেগমকে হাত-পা বেঁধে নদীতে ফেলে দিয়ে নির্মমভাবে হত্যা করা হয়।

মিরন : বিশ্বাসঘাতক মিরজাফরের তিন পুত্র। তারা হলেন : জ্যেষ্ঠ মিরন, মেজো নাজমুদ্দৌলা এবং কনিষ্ঠ সাইফুদ্দৌলা। মিরন পিতার মতই দুশ্চরিত্র, ব্যাভিচারী, নিষ্ঠুর ষড়যন্ত্রকারী। মিরজাফরের সঙ্গে অন্যান্য বিশ্বাসঘাতক রাজ-অমাত্যদের যোগাযোগের কাজ করতেন মিরন। তারই ষড়যন্ত্রে এবং ব্যবস্থায় মোহাম্মদি বেগ হতভাগ্য নবাব সিরাজউদ্দৌলাকে নিষ্ঠুরভাবে হত্যা করেন।

মিরমর্দান : মিরমর্দান নবাব সিরাজউদ্দৌলার অত্যন্ত বিশ্বাসী সেনাপতি ছিলেন। পলাশির যুদ্ধে তিনি অসাধারণ বীরত্বের পরিচয় দিয়েছিলেন। এই অকুতোভয় বীর যোদ্ধা যুদ্ধ করতে করতে ইংরেজ শিবিরের দিকে এগিয়ে যাওয়ার সময় তার উরুতে গোলার আঘাত লাগে। মৃত্যুর কোলে ঢলে পড়ার পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি যুদ্ধ করেছেন।

মোহনলাল : মোহনলাল কাশ্মিরি সিরাজউদ্দৌলার অন্যতম বিশ্বস্ত সেনাপতি ছিলেন। শওকত জঙ্গের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য নবাব সিরাজউদ্দৌলা মোহনলালকে সেনাপতির দায়িত্ব দিয়ে প্রেরণ করেছিলেন। সেই যুদ্ধে তিনি জয়ী হয়েছিলেন। একসময় তিনি নবাবের প্রধানমন্ত্রীর পদে অধিষ্ঠিত হন। পলাশির যুদ্ধে মিরমর্দান গোলার আঘাতে মৃত্যুবরণ করলে মোহনলাল ফরাসি যোদ্ধা সাঁফ্রেকে সঙ্গে নিয়ে বীরদর্পে ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যান। কিন্তু মিরজাফর ও রায়দুর্লভের পরামর্শে সিরাজ মোহনলালকে যুদ্ধ বন্ধ করার নির্দেশ দেন। মোহনলাল পুত্রসহ ইংরেজদের হাতে বন্দি হন এবং ক্লাইভের নির্দেশে গুলি করে তাঁকে হত্যা করা হয়।

মোহাম্মদি বেগ : মোহাম্মদি বেগ একজন নীচাশয় কৃতঘ্ন ব্যক্তি ও খুনি। পলাশির যুদ্ধে শোচনীয় পরাজয়ের পর সিরাজ স্ত্রী-কন্যাসহ পাটনার উদ্দেশে যখন পালিয়ে যাচ্ছিলেন, তখন মিরজাফরের ভাই মিরদাউদ সপরিবারে নবাবকে বন্দি করে রাজধানীতে নিয়ে আসে। গণবিক্ষোভের আশঙ্কায় ক্লাইভ দ্রুত সিরাজকে হত্যা করতে চান। তখন মিরনের আহ্বানে মোহাম্মদি বেগ সিরাজকে হত্যা করতে রাজি হয়। অথচ সিরাজের পিতা মির্জা জয়নুদ্দিন অনাথ বালক মোহাম্মদি বেগকে আদর-যত্নে মানুষ করেছিলেন। অথচ সেই মোহাম্মদি বেগ অর্থের লোভে অত্যন্ত নিষ্ঠুরভাবে পিটিয়ে ও ছুরিকাঘাতে হত্যা করে নবাব সিরাজউদ্দৌলাকে। ২রা জুলাই, ১৭৫৭ সালে বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলা শহিদ হন।

রাজবল্লভ : রাজা রাজবল্লভ বিক্রমপুরের বাঙালি বৈদ্য সম্প্রদায়ের লোক ছিলেন। সিরাজউদ্দৌলার স্বার্থপর, অর্থলোলুপ, বিশ্বাসঘাতক অমাত্যদের তিনি একজন। রাজবল্লভ ঢাকায় নৌবাহিনীর কেরানির কাজ করতেন। পরে ঢাকার গভর্নর ঘসেটি বেগমের স্বামী নোয়াজিশ খাঁর পেশকারের দায়িত্ব পালন করেন। ফলে খুব স্বাভাবিকভাবেই ঘসেটি বেগমের সঙ্গে তাঁর সখ্য গড়ে ওঠে এবং তিনি নবাব সিরাজের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হন।

লুৎফুন্নেসা : নবাব সিরাজউদ্দৌলার স্ত্রী লুৎফুন্নেসা। তিনি মির্জা ইরাজ খানের কন্যা। ১৭৪৬ সালে নবাব সিরাজউদ্দৌলার সঙ্গে মহা ধুমধামে লুৎফুন্নেসার বিয়ে সম্পন্ন হয়। কিন্তু তার জীবন কুসুমাস্তীর্ণ ছিল না। প্রাসাদ রাজনীতির সঙ্গে তার কোনো সম্পর্ক না থাকলেও তাঁকে বিসর্জন দিতে হয়েছে সব কিছু। ১৭৫৭ সালে পলাশির যুদ্ধে সিরাজের পরাজয়ে তিনি স্বামীর হাত ধরে অজানা গন্তব্যে পাড়ি জমিয়েছিলেন।

'সিরাজউদ্দৌলা' নাটক সম্পর্কিত তথ্যাবলি

➤ 'সিরাজউদ্দৌলা' নাটকে অঙ্ক রয়েছে– **৪টি**।
➤ 'সিরাজউদ্দৌলা' নাটকের মোট দৃশ্যসংখ্যা– **১২টি**।
➤ 'সিরাজউদ্দৌলা' নাটকে সিরাজউদ্দৌলা স্বয়ং উপস্থিত রয়েছেন– **৮টি দৃশ্যে**।
➤ 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ অঙ্কের দৃশ্যসংখ্যা যথাক্রমে– **৩, ৩, ৪ ও ২টি**।
➤ 'সিরাজউদ্দৌলা' নাটকে সর্বনিম্ন দুটি দৃশ্য রয়েছে– **চতুর্থ অঙ্কে**।
➤ রস বিচারে 'সিরাজউদ্দৌলা' নাটকটি– **ট্র্যাজেডিধর্মী (শেক্সপিয়রীয় ট্র্যাজেডি)**।
➤ 'সিরাজউদ্দৌলা' নাটকে চরিত্রের সমাবেশ ঘটেছে– **প্রায় চল্লিশটি**।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com

গুরুত্বপূর্ণ লাইন

- যুদ্ধে জয়লাভ অথবা মৃত্যুবরণ, এই আমাদের প্রতিজ্ঞা।
- ভিক্টরি অর ডেথ, ভিক্টরি অর ডেথ।
- বিপদ আসন্ন দেখে কাপুরুষের মতো হাল ছেড়ে দিও না।
- যুদ্ধ করো, প্রাণপণে যুদ্ধ করো। ভিক্টরি অর ডেথ।
- ইংরেজের হয়ে যুদ্ধ করছি কোম্পানির টাকার জন্যে। তা বলে বাঙালি কাপুরুষ নয়।
- যত বড় মুখ নয় তত বড় কথা?
- সৈন্য তো দূরের কথা এক ছটাক বারুদ পাঠিয়েও কেউ আমাদের সাহায্য করল না।
- ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।
- কোম্পানির ঘুষখোর ডাক্তার রাতারাতি সেনাধ্যক্ষ হয়ে বসেছে।
- এ পর্যন্ত তোমরা যে আচরণ করে এসেছ তাতে তোমাদের ওপর সত্যিকার জুলুম করতে পারলে আমি খুশি হতুম।
- বাংলার বুকে দাঁড়িয়ে বাঙালির বিরুদ্ধে অস্ত্র ধরবার স্পর্ধা ইংরেজ পেলো কোথা থেকে আমি তার কৈফিয়ত চাই।
- বাংলাদেশে বাণিজ্য করবার অনুমতি দিল্লির বাদশাহ আমাদের দিয়েছেন।
- ফরাসিরা ডাকাত আর ইংরেজরা অতিশয় সজ্জন ব্যক্তি, কেমন?
- ঘুষের অঙ্ক বড় বেশি মোটা হবার ফলেই নবাবের ধমকানি সত্ত্বেও কৃষ্ণবল্লভকে ত্যাগ করতে পারেননি মি. ড্রেক।
- তবু যদি মেয়েদের নৌকোয় করে কলকাতা থেকে না পালাতেন তা হলেও না হয় এই দম্ভ সহ্য করা যেত।
- অর্থাৎ ঘুষ খেয়ে খেয়ে ঘুষ কথাটার অর্থই বদলে গেছে আপনার কাছে।
- প্রাণ বাঁচাবে কী করে তার ব্যবস্থা নেই, কর্তৃত্ব ফলাচ্ছেন সব।
- আমি চিরকালই ইংরেজের বন্ধু। মৃত্যু পর্যন্ত এই বন্ধুত্ব আমি বজায় রাখিব।
- সুদূর লাহোর হইতে আমি বাংলাদেশে আসিয়াছি অর্থ উপার্জনের জন্য, যেমন আসিয়াছেন কোম্পানির লোকেরা।
- আমি দুধের হাড়ির কাছে যেতে না যেতেই কালি মেখে গুলবাঘা বনে যাই।
- রাজা রাজবল্লভের স্বার্থ যেমন নির্বিঘ্ন হবে আমাদের তেমন আশা নেই। কাজেই আমাদের পক্ষে নগদ কারবারই ভালো।
- দওলত আমার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়। আমি দওলতের পূজারী।
- গুরুতর কোনো সমস্যার মুখোমুখি হতে হবে এমন আশঙ্কা আমার ছিল না।
- আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে। বিচারক আপনারা।
- বাংলার প্রজা সাধারণের সুখ-স্বাচ্ছন্দ্য বিধান করতে পারিনি বলে আমি তাদের কাছে অপরাধী।
- আমার বউকে ওরা খুন করে ফেলেছে হুজুর।
- ট্যাক্স দিয়ে বাণিজ্য কর বলে আমার নিরীহ প্রজার ওপরে অত্যাচার করবার অধিকার তোমরা পাওনি।
- আপনাদের কাছে আজ আমি আমার অপরাধের বিচারপ্রার্থী।
- বাংলার নবাবকে ভয় দেখাচ্ছেন সিপাহসালার?
- অসংখ্য ভুল বোঝাবুঝি, অসংখ্য ছলনা এবং শাঠ্যের ওপর আমাদের মৌলিক সম্প্রীতির ভিত্তি প্রতিষ্ঠিত।
- বোঝা যতই দুর্বহ হোক একাই তা বইবার চেষ্টা করব।
- দেশের স্বার্থের জন্যে নিজেদের স্বার্থ তুচ্ছ করে আমরা নবাবের আজ্ঞাবহ হয়েই থাকব।
- গঙ্গাজল ছুঁয়ে ঈশ্বরের নামে শপথ করছি, আমার জীবন নবাবের কল্যাণে উৎসর্গীকৃত।
- ঈশ্বরের নামে প্রতিজ্ঞা করছি, সর্বশক্তি নিয়ে চিরকালের জন্যে আমি নবাবের অনুগামী।
- রামজিকি কসম, ম্যায় কোরবান হুঁ নওয়াবকে লিয়ে।
- আমি নিস্তব্ধ হয়েছি অগ্নিগিরির মতো প্রচণ্ড গর্জনে ফেটে পরবার জন্যে তৈরি হচ্ছি।
- বুকের ভেতর আকাঙ্ক্ষার আর অধিকারের লাভা টগবগ করে ফুটে উঠছে ঘৃণা আর বিদ্বেষের অসহ্য উত্তাপে।
- শেষ পর্যন্ত দশ লক্ষ টাকা খেসারত দিয়ে তবে তার মুক্তি।
- আমাদের কারও অদৃষ্ট মেঘমুক্ত থাকবে না শেঠজি।
- মানিকচাঁদের মুক্তিমূল্য পঞ্চাশ কোটি টাকার কম হবে না।
- আমার যাবতীয় সম্পত্তি বিক্রি করলেও এক কোটি টাকা হবে না।
- একটু নুন জোগাড় হলেই কাঁচা খাব বলে মুলোটা হাতে নিয়েই ঘুরছিলাম।
- রাত-বেরাতে চলাফেরা করি ভূত পেত্নীর সঙ্গেও যোগ রাখতে হয় হুজুর।
- উদ্ধত সিরাজের আমলে মসনদের পাশে অবনত মস্তকে দাঁড়িয়ে আমি এই কথাই শুধু ভেবেছি, একটা দিন, মাত্র একটা দিনও যদি ওই মসনদে মাথা উঁচু করে আমি বসতে পারতাম।
- চারিদিকে শুধু অবিশ্বাস আর ষড়যন্ত্র। এর ভেতর কর্তব্য স্থির করাই দায় হয়ে উঠেছে।
- সবাই উচ্চভিলাষী। সবাই সুযোগ খুঁজছে।
- তোমাকে ধরে বস্তাবন্দি হুলো-বেড়ালের মতো পানাপুকুরে দুইচারটে চুবুনি দিতে বাদশাহের ফরমান জোগাড় করতে হবে নাকি?
- যার প্রধান সেনাপতি বিশ্বাসঘাতক, যার খাজাঞ্চি, দেওয়ান, আমির, ওমরাহ সবাই প্রতারক তার কোনো ক্ষমতা থাকতে পারে না।
- উমিচাঁদ এ যুগের সেরা বিশ্বাসঘাতক।
- নকল দলিলে লেখা থাকবে যে নবাব হেরে গেলে কোম্পানি উমিচাঁদকে ত্রিশ লক্ষ টাকা দেবে।
- ওয়াটসনের সই জাল করে দিয়েছে লুসিংটন।
- যুদ্ধে সিরাজউদ্দৌলার পতন হলে কোম্পানি পাবেন এক কোটি টাকা, কলকাতার বাসিন্দারা ক্ষতিপূরণ বাবদ পাবেন সত্তর লক্ষ টাকা, ক্লাইভ সাহেব পাবেন দশ লক্ষ টাকা।
- নবাবের তহবিল দুবার করে লুট করলেও তিন কোটি টাকা পাওয়া যাবে কিনা ভাবছি।
- আমরা শুধু ব্যবসা-বাণিজ্য করবার প্রিভিলেজটুকু সিকিউরড করে নিচ্ছি।
- শুভকাজে অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়।
- নানা প্রকারের দুশ্চিন্তায় আপনার শরীর মন দুর্বল হয়ে পড়ছে।
- আমি জানতাম কাউয়ার্ডদের ওপর কোনো কাজের জন্যেই ভরসা করা যায় না।
- অদৃষ্টের পরিহাস-তাই ভুল করেছিলাম।
- আমরা এমন কিছু করলাম যা ইতিহাস হবে।
- প্রয়োজন মতো যে কোন জায়গায় যাবার অনুমতি আমার আছে।
- আমার গুপ্তচর ভুল সংবাদ দেয় না।
- সুখী এবং সৌভাগ্যবতী হও এমন দোয়া করলে সেটা আমার পক্ষে অভিশাপ হয়ে দাঁড়াবে।
- ইউ আর স্যাক্রিফাইসিং দ্যা নবাব অ্যান্ড নট দ্যা কান্ট্রি, দেশের জন্যে দেশের নবাবকে আপনারা সরিয়ে দিচ্ছেন।
- অদৃষ্টের পরিহাস-তাই ভুল করেছিলাম।
- তোমার মুখে বড় বড় বুলি শুনলে গায়ে যেন জ্বালা ধরে যায়।
- বাংলার ভাগ্য নিয়ে গুরুত্বপূর্ণ রাজনৈতিক আলোচনার সমস্ত খবরই আপনি রাখেন।
- অন্তত আমি আপনাকে সে দুর্নামের হাত থেকে রক্ষা করতে চাই।
- রাষ্ট্রের অভ্যন্তরীণ গোলাযোগের সময়ে কোনো ক্ষমতাভিলাষী, স্বার্থপরায়ণ নারীর পক্ষে রাজনীতির সঙ্গে যোগাযোগ রাখা দেশের পক্ষে অকল্যাণকর।
- শুধু অপমান নয় আমাকে ধ্বংস করবার আয়োজনে সবাই কী রকম মেতে উঠেছে।
- শুধু ঘুম নেই শেয়াল আর সিরাজউদ্দৌলার চোখে।
- আমার একমাত্র ভরসা আগামীকাল যুদ্ধক্ষেত্রে বাংলার স্বাধীনতা মুছে যাবার সূচনা দেখে মিরজাফর, রায়দুর্লভ, ইয়ার লুৎফদের মনে যদি দেশপ্রীতি জেগে ওঠে সেই সম্ভাবনাটুকু।
- পাবলিকের মনে টেরর জাগিয়ে রাখতে পারাটাই শাসন ক্ষমতার গ্রানাইট ফাউন্ডেশন।
- আমি আশা করি কেউ তার জন্যে সহানুভূতি দেখিয়ে নিজের বিপদ টেনে আনবেন না।
- পলাতক সিরাজউদ্দৌলা মিরকাশেমের সৈন্যদের হাতে ভগবানগোলায় বন্দি হয়েছে।
- আমি তাকে ইনাম দিচ্ছি বার্ষিক চার লক্ষ টাকা আয়ের জমিদারি চব্বিশ পরগণার স্থায়ী মালিকানা।
- পরাজিত হয়েছি একমাত্র পলাশিতে। কারণ সেখানে যুদ্ধ হয়নি, হয়েছে যুদ্ধের অভিনয়।
- কোথা থেকে আলো আসছে। বুঝি প্রভাত হয়ে এল।

গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্র : 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের দ্বিতীয় দৃশ্যের স্থান কোনটি?– **ফোর্ট উইলিয়াম জাহাজ**।

প্র : কলকাতার নাম আলিনগর ঘোষণা করেন কে?– **সিরাজউদ্দৌলা**।

প্র : 'সিরাজউদ্দৌলা' নাটকে প্রথম কোন চরিত্রের উপস্থিতি পরিলক্ষিত হয়?– **ক্লেটন**।

প্র : কাকে আলিনগরের দেওয়ান নিযুক্ত করা হয়?– **রাজা মানিকচাঁদকে**।

প্র : 'প্রাণপণে যুদ্ধ করো, সাহসী ব্রিটিশ সৈনিক' এ কথাটি কার?– **ক্যাপ্টেন ক্লেটনের**।

প্র : নবাবের রাজধানী ছিল কোথায়?– **মুর্শিদাবাদে**।

প্র : মোহাম্মদি বেগ কত টাকার বিনিময়ে সিরাজকে হত্যা করতে রাজি হয়েছিল?– **দশ হাজার**

প্র : 'স্বার্থান্ধ প্রতারকের কাপুরুষতা বীরের সংকল্প টলাতে পারেনি' বলতে বোঝা হয়েছে– **সাহসিকতা**।

প্র : 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যের সময়কাল কোনটি?– **১৭৫৬ সাল ১৯ জু**

প্র : 'ডাচ' শব্দটি দ্বারা কোন জাতিকে নির্দেশ করা হয়?– **ওলন্দাজ বা হল্যান্ডের অধিবাসীদের**

প্র : 'সিরাজউদ্দৌলা' নাটকে 'কোম্পানি' শব্দটি দ্বারা কোন কোম্পানিকে নির্দেশ কর **ইস্ট ইন্ডিয়ান কোম্পানিকে**।

প্র : 'যুদ্ধে জয়লাভ অথবা মৃত্যুবরণ, এই আমাদের প্রতিজ্ঞা।' এই সংলাপটি কার?– **ক্লেটনের**

প্র : নবাবের পদাতিক বাহিনী কোথাকার রাস্তা দিয়ে চলে এসেছে?– **দমদমের সরু রাস্তা দিয়ে**

Download More Book From www.admissionwar.com

Download More Book From www.admissionwar.com
• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্র : নবাবের গোলন্দাজ বাহিনী কোন খাল পেরিয়ে ইংরেজ দুর্গের দিকে এগিয়ে আসে?– **শিয়ালদহের মারাঠা খাল।**

প্র : 'কাপুরুষ বেইমান, জ্বলন্ত আগুনের মুখে বন্ধুদের ফেলে পালিয়ে যায়।' কাদের উদ্দেশ করে ক্লেটন এই উক্তিটি করেন?– **মিনচিন, ফ্রাঙ্কল্যান্ড, ম্যানিংহাম।**

প্র : ইংল্যান্ডের বীর সন্তান বলে কে নিজেকে পরিচয় দেয়?– **ক্লেটন।**

প্র : উইলিয়াম ওয়াটস ইস্ট ইন্ডিয়া কোম্পানির কোন এলাকার কুঠির পরিচালক ছিল?– **কাশিমবাজার।**

প্র : পেশায় চিকিৎসক হলওয়েল কোন কল্পিত ঘটনা প্রচার করে?– **অন্ধকূপ হত্যা।**

প্র : 'আপনি নবাবের সেনাধ্যক্ষ রাজা মানিকচাঁদের কাছে একখানা পত্র লিখে পাঠান।' সংলাপটি কাকে উদ্দেশ করে কে করেছে?– **উমিচাঁদকে হলওয়েল।**

প্র : হলওয়েলের উপাধি সার্জন হলে রোজার ড্রেক ও ক্লেটনের উপাধি যথাক্রমে কী কী?– **গভর্নর ও ক্যাপ্টেন।**

প্র : 'আপনিই এখন কমান্ডার-ইন-চিফ।' উমিচাঁদ কাকে উদ্দেশ করে এই সংলাপটি করেছেন?– **হলওয়েল।**

প্র : 'কোম্পানির ঘুষখোর ডাক্তার রাতারাতি সেনাধ্যক্ষ হয়ে বসেছেন।' হলওয়েলকে উদ্দেশ করে উক্ত সংলাপটি কে করেছেন?– **নবাব সিরাজউদ্দৌলা।**

প্র : 'নবাবসৈন্য কলকাতা আক্রমণ করার সঙ্গে সঙ্গে রোজার ড্রেক প্রাণভয়ে কুকুরের মতো ল্যাজ গুটিয়ে পালিয়েছে।' সংলাপটি কার?– **সিরাজউদ্দৌলার।**

প্র : ইংরেজরা আত্মরক্ষার নামে কোথায় গোপনে অস্ত্র আমদানি করছিল?– **কাশিমবাজারে।**

প্র : 'নবাব আলিবর্দি আমাদের বাণিজ্য করার অনুমতি দিয়েছেন।' সিরাজকে উদ্দেশ করে কে এই সংলাপটি করেন?– **হলওয়েল।**

প্র : 'ফরাসিরা ডাকাত! আর ইংরেজরা অতিশয় সজ্জন ব্যক্তি, কেমন?' হলওয়েলকে উদ্দেশ্য করে কে এই সংলাপটি করেন?– **নবাব সিরাজ।**

প্র : 'নাসারার দুর্গ এই ফোর্ট উইলিয়ামের ভেতরে একটি মসজিদ তৈরি হবে।' কাকে এই আয়োজন করতে বলা হয়?– **মিরমর্দানকে।**

প্র : ক্লেটন, জর্জ, হলওয়েল এরা সম্মিলিতভাবে নবাবের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয় কোথায়?– **ফোর্ট উইলিয়াম দুর্গে।**

প্র : মিরজাফরের প্রকৃত নাম কী?– **মিরজাফর আলি খান।**

প্র : মিরজাফর ভারতবর্ষে আসেন কোথা থেকে?– **পারস্য থেকে।**

